THE ABRIDGMENT

OF

DR. GOLDSMITH'S

HISTORY OF GREECE;

Translated into Bengalee

FOR

THE USE OF SCHOOLS AND PRIVATE STUDENTS.

BY

KHETTRO MOHUN MOOKERJEA.

গ্রীক দেশের ইতিহাস।

কলিকাতা স্কুলবুক সোসাইটির দ্বারা মুদ্রিত হইল।

PUBLISHED UNDER THE PATRONAGE OF THE CALCUTTA SCHOOL-BOOK SOCIETY, AND OF THE COM[illegible] OF PUBLIC INSTRUCTION.

Calcutta:

PRINTED AT THE CALCUTTA SCHOOL-BOOK SOCIETY'S PRESS, AND SOLD AT ITS DEPOSITORY, CIRCULAR ROAD.

1833.

To DAVID HARE, Esq.

Secretary to the Calcutta School Society,

&c *&c.*

My dear Sir,

To none can I dedicate the following translation with more propriety than to you, to whom I, in common with many of my countrymen, am indebted for the benefits of Education, and whose exertions in enlightening the Natives have been at once the most active, persevering, and disinterested

It is universally known in this country, that you have not been content merely with fulfilling the duties of your Secretaryship, but that, as a true philanthropist, you have devoted your own private purse, your ease and comfort—that ease and comfort, which a man in your circumstances seldom feels willing to part with—to the good of India I mean, to the moral and intellectual improvement of this country.

You, Sir, if I am rightly informed, were the originator of the Hindoo College, which has done so much good It was you, who by displaying the advantages to be derived from such an institution, persuaded the Natives, then blind to their own interests, to contribute their assistance to it And it was you, who, though not the projector and author of the Calcutta School Society, had a principal hand in its establishment Who would take so much trouble for the good of a foreign land as you have done? Ordinary patience is apt to be exhausted even in such a laudable cause But your exertions to ameliorate the condition of the Natives have been indefatigable The advantages our country has derived from you are too numerous to be detailed within the limits of a Dedication They would fill up a whole volume, and would be a more proper work for a history than for an address of this nature

You have forsaken the land of your birth, and in your concern for the welfare of the sons of India, you have almost forgotten

your friends and relations at home. To what can we attribute this almost stoical spirit in you, but to an unexampled and devoted zeal to spread Education, and thereby to promote the welfare of India?

As to my individual obligations to you, Sir, besides the benefits I have received in common with others, they are great and many, of which I take this opportunity to express my respectful acknowledgment.

My prefixing a Dedication, expressed in English, to a Bengalee work, might appear objectionable; but it should be considered, that an English Dedication of a Bengalee work is less awkward than a Bengalee one addressed to an English Gentleman; and further, that a person desirous of publicly expressing his gratitude to his benefactor should not be prevented from doing it, because his work appears in a Bengalee dress. I have obtained an opportunity, and will not let it pass.

I shall not detain you any longer by this Address; and beg therefore to conclude with offering this sincere prayer to Heaven. May you be blessed with a long life of comfort and happiness.—May you long continue to possess the power of prolonging your glorious career in India.—May you soon witness in abundance the happy fruits of the seeds you have sown in the land of your adoption.—May your country-men copy your example; and may your zeal for the good of India live in them, after your departure from this world! And may you, while yet you live, continue to have the same intense love for our country, and be a friend to her sons.

Forgive me, Sir, for taking this occasion of telling all the world that I am, with the utmost gratitude for all your favours,

My dear Sir,

Your most obedient Servant,

KHETTRO MOHUN MOOKERJEA

Calcutta, July, 1833

ভূমিকা।

এতদ্দেশে যে২ প্রাচীন ইতিহাস গ্রন্থ আছে তাহাতে গ্রন্থকর্ত্তারা অনেক অসম্ভব বর্ণনা করিয়াছেন, তন্নিমিত্ত সমূলক ইতিহাস প্রায় পাওয়া যায় না; সুতরাং সত্য ইতিহাস পাঠে লোকদের যে অশেষ উপকার হইতে পারে তাহা এতদ্দেশীয়দের হয় না। ইউরোপস্থ প্রাচীন বা ইদানীন্তন তাবৎ দেশের ইতিহাস প্রায় প্রথমাবধি প্রাপ্তব্য, তাহা গৌড়ীয় ভাষায় ভাষান্তর করণ ভিন্ন এতদ্দেশীয়দের কর্তৃক ইতিহাস পাঠের উপকার প্রাপ্তির অন্য উপায় নাই। অতএব ইংরাজী বিদ্যাভ্যাসে নিযুক্ত বালকদিগের প্রাচীন ইতিহাস জ্ঞান সুগমের নিমিত্ত, এবং যাঁহারা ইংরাজী ভাষা জ্ঞাত নহেন তাঁহাদিগেরও এই ইতিহাস অবগত হইবার কারণ আমি ডাকটর গুলস্মিথের গ্রীক দেশের সংক্ষেপ ইতিহাস নামক প্রসিদ্ধ ইংরাজী গ্রন্থ বাঙ্গালা ভাষায় প্রস্তুত করিলাম। অন্যান্য প্রাচীন দেশের ইতিহাস পরিত্যাগ করিয়া আমার গ্রীক ইতিহাস ভাষান্তর করণের কারণ এই, যে গ্রীকদের ইতিহাসে তৎপূর্ব্বগত অন্য জাতীয় সকলের ইতিহাসাপেক্ষা অধিক উপদেশ পাওয়া যায়। বাঙ্গালা ভাষার জ্ঞানেচ্ছুক ইউরোপীয়দেরও ইহাতে কিঞ্চিৎ উপকার দর্শিতে পারিবে।

অপর যাহাতে ইংরাজী ভাবের অন্যথা না হয় অথচ বাঙ্গালার রীত্যনুসারে সাধু ভাষা হয়, আর যে রূপ সুলভ হইলে প্রথম পাঠক বর্গের অনায়াসে বোধগম্য হইতে পারে, এমত ভাষান্তর করিতে সাধ্যানুসারে যত্ন করিয়াছি। আর পাঠক বর্গ ব্যক্তিবোধক নাম হইতে দেশ ইত্যাদি বোধক নাম অনায়াসে প্রভেদ করিতে পারিবেন, একারণ আমি ব্যক্তিবোধক নামের পর এই চিহ্ন "*" ও দেশ ইত্যাদি বোধক শব্দের পর এই চিহ্ন "†" দিয়াছি।

এগ্রন্থের ভাষায় অনেক দোষ হইয়া থাকিবে, কিন্তু ইংরাজী হইতে বাঙ্গালায় ভাষান্তর করণে আমার এই প্রথম উদ্যম ইহা বিবেচনা করিয়া পাঠক বর্গ অনুগ্রহ পূর্ব্বক সে সকল দোষ মার্জনা করিবেন।

(Olympiad) অলিম্পিয়ড্ শব্দ গ্রন্থের অনেক স্থানে উপস্থিত হইয়াছে, তাহার অর্থ গ্রন্থে প্রকাশ করা যায় নাই, তাহা এই যথা।

অলিম্পিয়ড্ গ্রীক শক বিশেষ। অলিম্পিয়া। নগরে চারি২ বৎসর অন্তর জুপিটর* দেবের পূজোপলক্ষে মল্লযুদ্ধাদি নানা প্রকার ক্রীড়া হইত, এবং যে রূপ হিন্দুরা শাক ধরিয়া বৎসর গণনা করেন সেই রূপ গ্রীকেরা ঐ ক্রীড়ানুসারে অলিম্পিয়ড্ ধরিয়া বর্ষ গণনা করিতেন। সুতরাং অলিম্পিয়ড্ শব্দে চারি বৎসর বুঝায়।

নির্ঘণ্ট।

গ্রীক দেশের বিবরণ।

১ অধ্যায়।

গ্রীক দেশের নব্যাবস্থার বিবরণ।

গ্রীকা দেশের যে প্রাচীন বিবরণ তাহা কোন প্রধান রাজ্যের বিবরণ নহে, কিন্তু ইদানীন্তন জর্মণা দেশের বিবরণের ন্যায় হয়; যেহেতুক তদ্দেশে যে রূপ অনেক ক্ষুদ্র২ স্বাধীন প্রদেশ আছে, ও ঐ সকলের মধ্যে যেরূপ পরস্পর কখন যুদ্ধ কখন বা মিলন হয়, গ্রীকা দেশেও পূর্ব্বে সেই রূপ ছিল। তাহার নানা প্রদেশের বিবরণ সংক্ষেপ অথচ স্পষ্ট ও বোধগম্য হয় এমত করিয়া লিখিব, এবং যে সময়াবধির যথার্থ ও অকল্পিত বিবরণ পাওয়া যায়, সেই অবধিই আরম্ভ করিব, কারণ ঐ সময়ের পূর্ব্বে কল্পিত দেবাদির ইতিহাস মাত্র ছিল, এবং তাহা শুদ্ধ বিবরণের সহিত মিশ্রিত করা যাইতে পারে না।

সিশিয়না নাম রাজ্য গ্রীকা দেশে প্রথম সংস্থাপিত হইয়াছিল। উপাখ্যানবেত্তারা কহেন যে পৃথিবী সৃষ্টি হইবার এক সহস্র নয়শত পঞ্চদশ বৎসর পরে, ও খ্রীষ্ট জন্মের দুই সহস্র ঊননব্বই বৎসর পূর্ব্বে, এবং প্রথম অলিম্পিয়ড়েরা এক সহস্র তিনশত ত্রয়োদশ বৎসর পূর্ব্বে, ঐ রাজ্য স্থাপিত

হইয়াছিল। প্রথমতঃ ইজিএলিয়* নামক এক ব্যক্তি ঐ দেশের রাজা হইয়াছিলেন; ঐ রাজ্য এক সহস্র বৎসর পর্য্যন্ত ছিল।

অনন্তর পৃথিবীর সৃষ্টির দুই সহস্র একশত আটচল্লিশ বৎসর পরে এবং প্রথম অলিম্পিয়েডের* এক সহস্র অশীতি বৎসর পূর্ব্বে, এবং ইব্রাহিমের* সময়ে, পিলোপনিস† দেশে আর্গ† রাজ্য স্থাপিত হইয়াছিল। ইনেক* নামক এক ব্যক্তি তাহার প্রথম রাজা হইয়াছিলেন।

তৎপরে মাইসিনি† রাজ্য সংস্থাপিত হইলে একৃসিয়* নামক আর্গ† দেশের রাজার পৌত্র পর্সিয়* আর্গের বিচারাসন সেইখানে আনিয়াছিলেন, এবং তাঁহাদ্বারা একৃসিয়* রাজা হত হইয়াছিলেন। হিরাক্লিডি অর্থাৎ হর্কিউলির* বংশীয়েরা পর্সিয়ের* পর তৃতীয় রাজা ইউরিসথিয়কে* দেশচ্যুত করিয়া পিলোপনিস। দেশ অধিকার করিল।

পৃথিবী সৃষ্টির দুই সহস্র চারিশত আটচল্লিশ বৎসর পরে মিসর† দেশস্থ সিক্রপ্স* নামক ব্যক্তিদ্বারা আথীনী† প্রদেশ* নিয়মিত রাজ্য হইল। এই রাজা মিসর। দেশ পরিত্যাগ করিয়া ফিনিকিয়া† ও অন্য২ দেশ ভ্রমণদ্বারা কিয়ৎকাল ক্ষেপণ করিয়া আটিকা† দেশে আইলেন, এবং একটিয়* নামক তথাকার রাজার কন্যাকে বিবাহ করিলেন। পরে তাঁহার শ্বশুরের মৃত্যু হওয়াতে তিনি ঐ দেশের রাজসিংহাসন পাইলেন, ঐ দেশবাসি প্রজারা পূর্ব্বে পর্য্যটন পূর্ব্বক কালক্ষেপণ করিত, তাহাদের বাসের স্থৈর্য্য ছিল না। পরে তিনি রাজা হইয়া তাহাদিগকে স্থির বাসে স্থাপিত করিলেন, এবং এক২ স্ত্রীতে সন্তুষ্ট থাকিতে আজ্ঞা করিয়া তাহাদের লম্পটতা দূর করিলেন, এবং সূক্ষ্ম বিচারের কারণ এরিয়পেগ† নামে বিখ্যাত বিচারস্থান সংস্থা-

পিত করিলেন। আম্‌ফিকটিয়ান * নামক আথিনী † দেশের তৃতীয় রাজা আম্‌ফিক্‌টিয়নিক্‌* নামে পরামর্শের সভা স্থাপিতা করিলেন। তাহা গ্রীক† দেশের ইতিহাসের মধ্যে উত্তম রূপে বিখ্যাতা আছে; এবং কোড্রু* নামক ঐ বংশের শেষ রাজা আপন দেশের মঙ্গলের কারণ নিতান্ত চেষ্টিত ছিলেন। কারণ আথীনীয়নদের* সহিত হিরেক্লিডিদের * যুদ্ধের সময়ে হিরেক্লিডিরা আথীনীর* নগরদ্বার পর্য্যন্ত প্রবেশ করিয়াছিল, সেই কালে এই দৈববাণী হইল, যে রণে যে জাতির রাজার প্রথম মৃত্যু হইবে তাহারাই জয়ী হইবে; এই রূপ শ্রবণানন্তর কোড্রু* আপনি কৃষকের ন্যায় ছদ্মবেশে শত্রুগণের শিবিরমধ্যে প্রবিষ্ট হইয়া এক জন সামান্য সৈনাকে বিরক্ত করিলেন, তাহাতে সে তাঁহাকে তৎক্ষণাৎ হত্যা করিল। হিরেক্লিডিরা* এই সংবাদ জ্ঞাত হইয়া মনে স্থির করিল, যে পরমেশ্বর আমাদিগের প্রতি নিতান্ত বিরূপ হইয়াছেন; তন্নিমিত্তে তাহারা যুদ্ধের কিছু মাত্র উদ্যোগ না করিয়া স্বদেশে প্রস্থান করিল। কোড্রের* মৃত্যুর পর আথীনীর† রাজপদ একেবারে লুপ্ত হইল, এবং তৎপরিবর্ত্তে আর্কন* অর্থাৎ প্রধান শাসনকর্ত্তার পদ স্থাপিত হইল। এই কর্ম্মের ভার প্রথমে এক২ জনের জীবনাবধি নিরূপিত হইয়াছিল, পরে দশ২ বৎসর করিয়া হইত, এবং সর্ব্বশেষে তাহা এক বৎসরের অধিক রহিল না।

পৃথিবীসৃষ্টির দুই সহস্র পাঁচশত ঊনপঞ্চাশৎ বৎসর পরে কাডম* নামক এক ব্যক্তি থিবি† রাজ্য সংস্থাপিত করিলেন; কেহ২ কহিয়া থাকেন যে তিনি গ্রীক বর্ণমালার মধ্যে ষোড়শ অক্ষরের সৃষ্টি করিয়াছিলেন, কিন্তু এই কথা বড় সম্ভবনীয় নহে, বরং এমত হইতে পারে যে তিনি ঐ

সকলকে ফিনিসিয়ন্* বর্ণমালাহইতে সংগ্রহ করিয়াছেন। লেইয়্* ও জকাষ্টা* ও ইডিপ* ইটিওক্লি* এবং পালি-নাইসি* নামক তাঁহার অভাগ্যবান্ সন্তানগণ যেং দুর্দশা গ্রস্ত হইয়াছিল তাহা উত্তম রূপে বিদিত আছে।

অনুমান হয় স্পার্টা† অথবা লাসিডিমন† রাজ্য প্রথমে লিলেক্সা* রাজার দ্বারা স্থাপিত হইয়াছিল, এই রাজার পর দশমাধিকারিণী হেলেনা* নাম্নী রাণী নিজ সৌন্দর্য্যে ও অসতীত্বে অতিশয় বিখ্যাতা ছিলেন, তিনি আপন স্বামি মিনিলায়ের* সহিত তিন বৎসরের অধিক বাস করেন নাই; তৎকালে ট্রয়† দেশের প্রায়ম্* রাজার পুত্র পারি* তাঁহাকে হরণ করিয়া লইলে তাহার প্রতিফল দিবার কারণ গ্রীকেরা ট্রয়† নগর আক্রমণ করিয়া দশ বৎসরের পর ঐ নগর জয় করিল. সেই সময়ে জেপ্থা* নামক এক ব্যক্তি ইশরাএল্† দেশের বিচার-কর্ত্তা ছিলেন।

পৃথিবী সৃষ্টি হইবার দুই সহস্র আটশত বিংশতি বৎসর পরে কোরিন্থ† নামে রাজ্য স্থাপিত হইয়াছিল; ইওলসের* পুত্র সিসিফ* ঐ দেশের প্রথম রাজা হইয়াছিলেন; এবং তাঁহার বংশ দেশচ্যুত হইলে পর বেকি* ঐ রাজ্য অধিকার করিয়া লইলেন। তৎপরে ঐ রাজ্য কুলীন প্রভুত্বাধিকার হইয়াছিল, তাহাতে একং জন প্রিটেনি* নামে প্রধান বিচারকর্ত্তা বৎসরং মনোনীত হইতেন। পরে সিপ-সিল* রাজ্যাক্রমণ করিলেন, এবং আপনি কিছু কাল ভোগ করিয়া নিজ পুত্র পিরিএণ্ডরকে* অর্পণ করিলেন। পিরিএণ্ডর গ্রীক† দেশের সাত জন জ্ঞানির মধ্যে এক জন গণিত ছিলেন।

হর্কিউলির* বংশজ কারেন* নামক এক ব্যক্তি মাসিডন† রাজ্যের প্রথম রাজা হইয়াছিলেন, এই রাজার

শাসনাবধি রুমীয়দের কর্ত্তৃক পর্সিয়ের* পরাস্ত হওন পর্য্যন্ত অর্থাৎ ছয় শত ষড়্বিংশতি বৎসর পর্য্যন্ত ঐ রাজ্য বর্ত্তমান ছিল।

গ্রীক্ দেশের নব্য ইতিহাসের মধ্যে এই ২ রূপ রাজনীতি পাওয়া যায়, এবং তত্রস্থ পূর্ব্বোক্ত দেশ সকলের মধ্যে রাজাধিকার ছিল, কিন্তু ইহা শীঘ্র পরিবর্ত্ত হইয়া মেসিডোনিয়া ভিন্ন সর্ব্বত্র সাধারণাধিকার হইল; কিন্তু ঐ সকল প্রদেশে এক প্রকার ব্যবস্থা ছিল না, কেননা প্রত্যেক নগরে প্রত্যেক জাতির রীত্যনুসারে নানাবিধ নিয়ম স্থাপিত ছিল।

তথাচ ঐ সকল প্রদেশ পরস্পর স্বাধীন ছিল, এবং তাহাদের মধ্যে কখন২ যুদ্ধও হইত, কিন্তু সকলেরি এক ভাষা ও এক ধর্ম্ম ছিল, এতদ্ভিন্ন মধ্যে২ সাধারণ ক্রীড়া হইত, তাহাতে তাহারা সকলেই সহকারিতা করিত, বিশেষতঃ "আম্ফিক্টিওনিক" নামে বিখ্যাতা পরামর্শের সভা তাহাদের ঐক্যের প্রধান হেতু ছিল, বৎসরের মধ্যে দুইবার থর্মাপিলি নামক নগরে ঐ সভা হইত, এবং যে২ রাজ্যহইতে প্রতিনিধিরা ঐ সভাতে আসিত তাহারা সেই সকল রাজ্যের উপকারার্থে পরামর্শ করিত, তাহাতে যে দ্বাদশ জাতি আপন২ প্রতিনিধিকে প্রেরণকরিত তাহাদিগের নাম এই ২ থেসেলিয়ন* ও থিবন্* ও ডোরিয়ন্* ও আইওনিয়ন্* ও পর্হিবিয়ন্* ও মেগ্নিটি* ও লোক্রয়ন্* ও ওইটন্* ও টিওটি* ও মেলিয়ন* ও ফোসিয়ন্* এবং ডলোপিয়ন্* এই সকল জাতিরা দুই ২ জন প্রতিনিধি পাঠাইত: তাহার এক জনের নাম হাইরাম্নিমন্*। তিনি ধর্ম্ম রক্ষা করিতেন; এবং অন্য জনের নাম পিলেগোর*, তিনি রাজ্য সম্পর্কীয় বিষয়ে মনোযোগ করিতেন। ঐ প্রতিনিধিরা যাত্রা কালে এপালো* ও ডাইআনা* ও লেটোনা*

এবং মিনর্ব্বা* এই দেবতাদিগকে বলি প্রদান করিয়া এই রূপ শপথ করিতেন, যে আমরা মন্ত্রণা করিয়া কখনও আম্‌ফিকটিয়নদের কোন নগর ধ্বংস করিব না, ও যুদ্ধের অথবা সন্ধির সময় কখন জলের গতি রোধ করিব না, এবং যদি কেহ কখনও সাধারণের পূজ্য দেবগণের গৌরব কিম্বা শক্তি ন্যূন করিতে চেষ্টা করেন, তবে তাহাতে অবশ্যই বাধা জন্মাইব।

গ্রীকেরা * এই২ রূপ সম্প্রীতিদ্বারা কিয়ৎকাল পর্য্যন্ত অতিশয় পরাক্রান্ত ও খ্যাত্যাপন্ন হইয়াছিল, ইহাতে তাহাদের এমত শক্তিবৃদ্ধি হইয়াছিল যে গ্রীক† দেশাপেক্ষায় ইংলণ্ড† দেশ যদ্যপি দ্বিগুণাধিক, তথাপি গ্রীকেরা পৃথিবীর মহা২ রাজদিগের সহিত বিতণ্ডা করিতে পারিত। পূর্ব্বোক্ত সম্প্রীতিদ্বারা তাহারা পার্শী† দেশের অসংখ্য সৈন্যকে কেবল বাধা দিতে সমর্থ ছিল এমত নহে; কিন্তু তাহাদিগকে পরাজয় করিয়া ছিন্নভিন্নও করিয়াছিল, এবং পার্শী† দেশের শক্তি এমত হ্রাস করিয়াছিল যে তাহারা যে২ রূপে সন্ধি করিতে নিয়ম করিয়াছিল তাহাতেই পার্শীদের সম্মত হইতে হইয়াছিল। গ্রীক† দেশের তাবৎ রাজ্যের মধ্যে লাসিডিমন্† ও আথীনী† রাজ্য অতিশয় প্রসিদ্ধ, এ নিমিত্তে এই ক্ষুদ্র পুস্তকে অন্য২ রাজ্যের বিষয় যে রূপ লিখা যাইতে পারে তাহা অপেক্ষায় ঐ দুই রাজ্যের বৃত্তান্ত বিশেষ করিয়া লিখা যাইবে।

২ অধ্যায়।

স্পার্টা† রাজ্যের এবং লাইকর্গের* ব্যবস্থাদির বিষয়।

লাসিডিমন্† প্রদেশে প্রথমে রাজাধিকার ছিল, তাহা পূর্ব্বে কথিত হইয়াছে; তাহাদের মধ্যে পিলোপিডির বংশ

জাত ত্রয়োদশ জন ক্রমে রাজা হইয়াছিলেন, তৎপরে হিরাক্লিডিদের * অধিকার হওনাবধি লোকেরা এক রাজার পরিবর্ত্তে দুই জন রাজাকে অঙ্গীকার করিয়াছিল, ঐ দুই রাজা সমান প্রভুত্বে শাসন করিতেন। এই রূপ পরিবর্ত্তের কারণ এই, যে আরিষ্টাডিম * নামক এক রাজার মৃত্যু হওয়াতে ইউরিসথিনি * ও প্রোক্লি * নামক তাঁহার দুই যমজ পুত্র উত্তরাধিকারী হইল; উহাদিগের আকৃতি এমত সমান ছিল, যে কেহ তাঁহাদিগকে প্রভেদ করিতে পারিত না; এবং তাঁহাদিগের মাতা তাঁহাদিগের প্রতি তুল্য স্নেহ করণ প্রযুক্ত উভয়কেই সিংহাসনস্থ করিবার মানসে এই প্রকাশ করিলেন, যে কে জ্যেষ্ঠ কে কনিষ্ঠ তাহা আমি নিশ্চয় রূপে কহিতে পারি না, এই প্রযুক্ত প্রজারা উভয়কেই রাজ্যাধিপতি করিল, এই রূপ রাজ্যরীতি অদ্ভুত হইয়াও অনেক শত বৎসর পর্য্যন্ত রহিয়াছিল।

এই সময়ে হিলোটেরা * অর্থাৎ স্পার্টার কৃষকেরা দাসত্ব পাইয়াছিল, যেহেতুক তাহারা প্রথম দুই রাজার অনুমতিতে ঐ দেশের অন্য২ প্রজাগণের তুল্য ব্যবহার করিতে পারিত, কিন্তু এজি * রাজা তাহা অন্যথা করিলেন, তাহাতে তাহারা তৎপ্রতীকারার্থে অস্ত্রধারী হইয়া প্রথমে অতি সাহস পূর্ব্বক যুদ্ধ করিলেও তাহারা পরাজিত হইল। তাহাদিগের এই বিরুদ্ধাচরণ ও উপদ্রবের দণ্ড করিবার কারণ রাজ সম্পর্কীয়েরা তাহাদিগকে ও তাহাদিগের পুত্র পৌত্রাদিকে চিরকালের নিমিত্তে দাস করিলেন; এবং ইহাতে তাহারা যে রূপ দুর্দ্দশাপন্ন হইয়াছিল, ততোধিক আরও বিশেষাপমান করিবার কারণ তাহাদিগের জাতি ভিন্ন অন্য দাসদিগের নামও হিলোট্ * রাখিয়াছিলেন।

ঐ ক্ষুদ্র প্রদেশে এইং রূপ অত্যাচার সর্ব্বদাই ঘটিত, তাহার নিবারণার্থে লাইকর্গ* আত্মকৃত ব্যবস্থা সকল প্রকাশ করিলেন, তাহা গ্রীক† দেশের ইতিহাসমধ্যে অতিশয় প্রসিদ্ধ আছে। এবং ঐ ব্যবস্থাদ্বারা লাসিডিমন্† রাজ্য তাহার নিকটবর্ত্তি রাজ্য সকলের বিবাদনিষ্পাদক এবং সর্ব্বাপেক্ষায় প্রধান হইয়াছিল; কিন্তু লাইকর্গের* এতাদৃশ স্বদেশপ্রীতি এবং ব্যবস্থা সৃষ্টি করিবার ক্ষমতা প্রকাশ করণের পূর্ব্বে নিজ নিরাকাঙ্ক্ষিতার এবং বিচারার্থ প্রেমের এক আশ্চর্য্য প্রমাণ দেখাইয়াছিলেন! যথা তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতা পালিডেক্টির* মৃত্যু হওয়াতে এবং তাঁহার কোন সন্তান না থাকাতে তিনি তদুত্তরাধিকারী হইয়া সিংহাসন প্রাপ্ত হইলেন, কিন্তু তাহার কিছু দিন পরেই তাঁহার ভ্রাতৃপত্নী গর্ব্ভবতী এমত প্রচার হওয়াতে, ঐ রাণী লাইকর্গকে* কহিলেন, যে যদ্যপি তুমি আমাকে বিবাহ করিয়া রাজ্যাংশিনী কর, তবে আমি আপন গর্ব্ভস্থ সন্তানকে নষ্ট করি; এই উক্তিতে লাইকর্গ অতিশয় কুপিত হইয়াও সম্বরণ করিলেন, কিন্তু পাছে রাণী তাহাই করেন এই শঙ্কা প্রযুক্ত তাহাকে আশ্বাস দিয়া কহিলেন, যে সন্তান প্রসব হওনের সমাচার পাইলে তাহাকে আমি নষ্ট করিব। পরে প্রসবকাল সম্পূর্ণ হইলে রাণী এক পুত্র সন্তান প্রসবিলেন, লাইকর্গ* ইহা শুনিয়া বালককে আপন নিকটে আনয়ন করিতে আজ্ঞা দিলেন, এবং তাহাকে রাজ্যস্থ লোকদের সম্মুখে লইয়া কহিলেন, যে তোমাদিগের রাজা এই বালক, ইহার নাম কারিল* হইল। লাইকর্গ* তৎকালাবধি রাজপ্রতিনিধি স্বরূপ রাজকর্ম্ম করিতে লাগিলেন।

ব্যবস্থাদায়ক কর্ম্মে উত্তম রূপ পারগ হইবার কারণ লাইকর্গ* ক্রীট† উপদ্বীপে পর্য্যটন করিতে গেলেন, এবং সে স্থানহইতে আশিয়াতে† আগমন করিয়া তথায় হোমর* কৃত গ্রন্থ সকল পাইয়াছিলেন। পরে আশিয়া† হইতে মিসর† দেশে যাত্রা করিলেন, এবং এই প্রকারে নানা দেশের ও নানা জাতির রীতি ব্যবস্থাদি জ্ঞাত হইয়া তিনি স্বদেশে পুনর্গমন করিয়া রাজ্যস্থ প্রধান ২ লোকদিগের সাহায্যদ্বারা বিখ্যাত রাজনীতি শাস্ত্র অর্থাৎ ব্যবস্থাগ্রন্থ প্রকাশ করিলেন। তাঁহার এই ২ রূপ নিয়ম স্থির হইয়াছিল। যথা রাজবংশীয়েরা পূর্ব্বমত ক্রমানুসারে রাজা হইবেন; কিন্তু সেনেট† নামক এক মহাসভা স্থাপিতা হওয়াতে তাঁহাদিগের শক্তি অতিশয় হ্রাস হইল। প্রধান ২ নগরস্থ অষ্টাবিংশতি জন মনোনীত হইয়া এই মহাসভা স্থাপিতা হইত, কিন্তু তাঁহারা ষষ্টি বৎসরের ন্যূন বয়স্ক হইলে সে কর্ম্মোপযুক্ত হইতেন না। ইহা হইয়াও রাজাদিগের সম্ভ্রম ও মর্য্যাদার তাবৎ চিহ্ন রহিল, যেহেতুক সকল সাধারণ সমাজে তাঁহারা শ্রেষ্ঠাসন পাইতেন, অন্য কোন কার্য্যোপলক্ষে তাঁহারা প্রথমে সম্মতি দিতেন, ও অন্য কোন দেশহইতে দূত অথবা মান্য লোক আইলে তাঁহাদিগের নিকটেই যাইত, এবং যুদ্ধ কালে তাঁহারা সৈন্যাধ্যক্ষ হইতেন; কিন্তু এই সকল বিষয়ে তাঁহাদিকে সেনেটের† মতাধীন থাকিতে হইত; সেটেন† সভ্যেরা ইচ্ছা করিলে তাঁহাদিগকে শত্রু-প্রতিকূলে প্রেরণ কিম্বা স্বদেশে আনয়ন করিতে পারিতেন।

ঐ মহাসভ্যেরা আরও অধিক সম্ভ্রান্ত ছিলেন, কারণ তাঁহাদিগের সেই পদ জীবনাবধি থাকিত, এতদ্ভিন্ন তাঁহাদিগের অনেক রাজকর্ম্মের ভার থাকাতে তাঁহাদিগের উপরেই বিচার করিবার বিশেষ ভার ছিল। এই কর্ম্ম তাঁহারা এমত উত্তম রূপে নিষ্পন্ন

করিতেন যে তথাচ তাঁহাদিগের বিচারের পর সাধারণ লোক-দিগের নিকটে পুনর্বিচারাকাঙ্ক্ষা করিবার অনুমতি ছিল, কিন্তু তাঁহাদিগের আজ্ঞা প্রায় অন্যথা হইত না। যাহা হউক প্রায় একশত বৎসর পরে ইহা অপেক্ষায় ও ইফোরী † নামক এক প্রকৃষ্টা সভা স্থাপিতা হওয়াতে ঐ সেনেট সভ্যদের শক্তির অনেক লাঘব হইয়াছিল। ঐ নূতন সভাতে পাঁচজন সভ্য ছিলেন, তাঁহাদিগকেও ঐ রূপ প্রজা লোকদিগের মধ্যহইতে মনোনীত করা যাইত, কিন্তু বিশেষ এই যে এই পদ একবৎসরের অধিক থাকিত না, এবং ইহাদিগের এতাদৃশ শক্তি ছিল যে রাজগণের কোন অপরাধ দেখিলে তাঁহাদিগকে কারাগারে বদ্ধ করিতে পারিতেন।

লোকদিগের এই নূতন রাজনীতিতে কেবল নাম মাত্র কর্তৃত্ব অর্থাৎ যথার্থ কর্তৃত্ব না থাকাতে ও তাহাদিগকে নূতন রাজনীতির বশীভূত করবার কারণ লাইকর্গ * দুই উপায় করিলেন। যথা তিনি রাজ্যের তাবৎ ভূমি প্রজাদিগকে সমান রূপে বিভাগ করিয়া দিলেন, এবং মুদ্রার ব্যবহার উঠাইয়া দিলেন। লেকোনিয়া † দেশের ভূমি সকল ত্রিংশৎ সহস্রাংশ, এবং স্পার্টার † ভূমি সকল নব সহস্রাংশ করিয়া তদ্দেশবাসির প্রত্যেককে বণ্টন করিয়া দিলেন। মুদ্রা ব্যবহার উঠাইবার জন্য ধনি লোকদিগের স্বর্ণ রূপ্যাদি হরণ না করিয়া তিনি ঐ ধাতুদ্বয়ের মূল্য হীন করিলেই কার্য্য সিদ্ধি হইতে পারে এমত বুঝিয়া আজ্ঞা করিলেন যে কোন দ্রব্য ক্রয় বিক্রয়ার্থ লৌহমুদ্রা ব্যতিরিক্ত অন্য কিছু চলিত হইবে না। তিনি তাহা এমত ভারী ও অল্পমূল্য লভ্য করিয়াছিলেন যে দশমাইনি অর্থাৎ একশত ষষ্টি সিক্কা তুল্য ঐ লৌহমুদ্রা লইয়া যাইতে হইলে এক শকট ও দুই বলদের আবশ্যক হইত। এই মুদ্রা স্পার্টা † ব্যতিরেকে গ্রীক্ † দেশের

অন্যং প্রদেশে চলিত ছিল না, এই প্রযুক্ত স্পার্টাতে † ও তাহা শীঘ্র অব্যবহার্য্য হইল। তত্রস্থ লোকেরা তাহা এমত ঘৃণা করিত যে তাহারা অন্য কোন বিষয়ে তাহা স্পর্শ না করিয়া কেবল নিত্য ব্যয়ের নিমিত্তে যৎ কিঞ্চিৎ ব্যবহার করিত।

লোকদিগকে পরিমিতভুক্ ও সাবধান করিবার কারণ লাইকর্গ* আজ্ঞা করিলেন যে স্পার্টার† তাবৎ লোককে এক সাধারণ গৃহে আহার করিতে হইবে। প্রত্যেক ব্যক্তি আপনং আহারের কারণ এক বুসল পরিমিত ময়দা ও অষ্ট মেজর পরিমিত মদিরা ও আড়াই সের পনির এবং সওয়া সের ডুমুর মাসে২ তথায় প্রেরণ করিত। এই ব্যবস্থা লোকেরা এমত দুরূহ রূপে মান্য করিত যে এজি* রাজা বহুকালের পর যুদ্ধে জয়ী হইয়া স্বদেশে পুনরাগমন পূর্ব্বক আপন রাণীর সহিত স্বগৃহে গোপনে আহার করিয়াছিলেন এই প্রযুক্ত রাজপদাভিষিক্ত লোকেরা তাঁহাকে বিস্তর তিরস্কার করিয়াছিলেন। ব্লাকবুথ্ নামক এক প্রকার যূষ তাহাদের সুখাদ্য ছিল; কিন্তু কোন্ দ্রব্যের দ্বারা তাহা প্রস্তুত হইত ইহা আমরা কহিতে পারি না। তাহারা কখনও মাংস ভোজন করিত না, এই প্রযুক্ত অনুমান হয় যে ইউরোপের † লোকেরা যে রূপ ইদানীন্তন লেণ্টন্‌সূপ নামক এক প্রকার লঘুপাক যূষ ব্যবহার করে তাহাও সেই রূপ ছিল। এই ভক্ষ্য দ্রব্যে ডাইওনিসিয় * নামক এক অতিক্রমি রাজার অত্যন্ত অরুচি হইয়াছিল, তাহাতে তাঁহার পাচক এই কহিয়াছিল, যে ক্ষুধার উদ্রেক না হইলে ইহা সুস্বাদু হয় না।

শিশুকালাবধি বালকদিগকে ব্যবস্থা প্রতিপালক ও বাধ্য করিবার কারণ লাইকর্গ* তাহাদিগের শিক্ষার ভার তাহাদের পিতা মাতার হস্তহইতে লইয়া আপনি রাজ সম্পর্কীয় শিক্ষক সকলকে নিযুক্ত করিলেন। প্রজালোকেরা দুর্জ্জেয় ও বলবান্ হয় এই

বাঞ্ছাতে গর্ব্বিণীর গর্ব্ভধারাণাবধি তিনি চেষ্টিত থাকিতেন, এবং যে রূপ পথ্য ও পরিশ্রম করিলে গর্ব্বিণীর সবল সন্তান জন্মে তাহাই করিতে আজ্ঞা দিতেন। অধিকন্তু অঙ্গ বিকল কোন সন্তান জন্মিলে তাহাকে টৈজিট† পর্ব্বতের গহ্বরমধ্যে নিঃক্ষেপ করিয়া নষ্ট করাইতেন; এবং যে২ সন্তানকে দেখিয়া লোকেরা অরোগী ও সবল কহিত তাহাদিগকে রাজ্যোপযুক্ত বলিয়া কাঠিন্য প্রতিপালনার্থ স্বস্ব পিতা মাতার হস্তে সমর্পণ করিতেন। শিশুকালাবধি তাহাদিগকে এই২ বিষয় অভ্যাস করাণ যাইত। যথা খাদ্যদ্রব্যের উত্তমাধম বিচার করিতে না পাওন, ও অন্ধকারে অথবা একাকী থাকিলে ভীত না হওন, ও ছিঁচ্নী ও ক্ষণ২ রাগী না হওন, ও পাদুকা ব্যতিরেকে চলন, ও রাত্রিতে সামান্য শয্যায় এবং কখন বা মৃত্তিকায় শয়ন করণ, ও গ্রীষ্ম এবং শীতকালে এক বস্ত্র পরিধান করণ, এবং সমবয়স্ক বালকদিগকে ত্রাস না করণ। সপ্তম বৎসর বয়স্ক হইলে তাহাদিগকে পিতামাতার নিকটহইতে লইয়া সাধারণ বিদ্যালয়ে শ্রেণীর মধ্যে শিক্ষার কারণ নিযুক্ত করা যাইত। তথায় পূর্ব্বাপেক্ষায় তাহাদিগকে অধিক কঠিন রীত্যনুসারে চলিতে হইত। যথা তাহারা পাদুকা ব্যতিরেকে চলিত, ও মস্তক মুণ্ডন করিত, এবং সর্ব্বাঙ্গ নগ্ন হইয়া পরস্পর যুদ্ধ করিত।

তাহাদিগকে এই প্রকার শারীরিক ব্যথা সহিষ্ণু করিবার কারণ প্রতি বৎসর ডাইয়ানার* মন্দিরে লইয়া যাইয়া কশাঘাত করা যাইত, এবং তন্মধ্যে যে বালক এই শাস্তি সাহস পূর্ব্বক ও অনায়াসে সহ্য করিতে পারিত সেই জয়ী হইত। প্লুটার্ক* কহেন যে এই২ রূপ নিষ্ঠুর যন্ত্রণাদ্বারা তিনি অনেক বালকের প্রাণ বিয়োগ হইতে দেখিয়াছেন, এবং

তাহার মধ্যে তিনি একটা প্রমাণও ব্যক্ত করিয়াছেন, যে এক বালক একটা শৃগাল চোরি করিয়া আপন গাত্রবস্ত্রমধ্যে লুকাইয়া রাখিয়াছিল, তাহাতে পাছে চৌর্য্য প্রকাশ হয় এই শঙ্কায় শৃগালের নখদ্বারা আপনার অন্তর্বিদারণ-দুঃখ সহ্য করিল, তথাপি তাহাকে ত্যাগ করিল না। যুদ্ধের কৌশলাদি তাহাদিগকে জ্ঞাত করাইবার কারণ পরস্পরের দ্রব্য চোরি করিবার বারণ ছিল না, কিন্তু তৎকালে ধরা পড়িলে অচতুরতা প্রযুক্ত তাহাদিগকে বিস্তর নিগ্রহ করা যাইত। দ্বাদশ বৎসর বয়ঃক্রম হইলে পর তাহাদিগকে পূর্ব্ব শ্রেণীহইতে লইয়া তদপেক্ষায় অন্য এক প্রধান শ্রেণীতে প্রেরণ করা যাইত, তথায় তাহাদিগের শ্রম ও ব্যবস্থাদি বৎসর২ অধিক বৃদ্ধি হইত। এই শ্রেণীবদ্ধ পূর্ব্বক আপনারা দুই দল হইয়া পরস্পর লঘু যুদ্ধ করিত, এবং অধিক দলস্থ প্রতিবাদিদের সহিতও মিথ্যা রণে প্রবৃত্ত হইত, তাহাতে তাহারা কখন২ এমত সাহস প্রকাশ করিত, যে কখন চক্ষুঃ হীন এবং কখন বা প্রাণ বিয়োগ হইত, তথাপি সংগ্রাম ত্যাগ করিত না। তাহাদের বাল্যাবস্থার এই২ রূপ নীতি ত্রিংশত্ বৎসর বয়ঃক্রম পর্য্যন্ত থাকিত; ইহার পূর্ব্বে তাহারা বিবাহ করিতে পারিত না, এবং সৈন্য অথবা রাজ্য সম্পর্কীয় কোন কর্ম্ম প্রাপ্ত হইতে পারিত না।

স্ত্রীলোকদেরও তদ্রূপ কঠিন রীত্যনুসারে চলিতে হইত, তাহারা দুরূহ কর্ম্মাদিতে বিংশতি বৎসর পর্য্যন্ত বহু পরিশ্রম করিয়া তৎপরে বিবাহোপযুক্তা হইত। তাহাদিগকেও নানা বিধ অভ্যাস করিতে হইত, তাহারা দৌড়িত, ও পরস্পর মল্ল যুদ্ধ করিত, ও ধাতুডাণ্ডা নিঃক্ষেপ করিত; এবং এই সকল ক্রীড়া তাহাদিগকে তাবতের সম্মুখে উলঙ্গ হইয়া করিতে

হইত; তত্রাপি ইহাতে কেহ তাহাদিগের নির্লজ্জতা ভাবিত ন',
কারণ অনুমান হয় যে লোকদের অন্তঃকরণে ইহা সর্ব্বদা
দর্শনদ্বারা কোন মন্দ অভিলাষ না হইয়া বরং তদ্দারা
তাহারা ঐ মন্দাভিলাষহইতে সর্ব্বদা নিবারিত থাকিত। এই২
রূপ পূর্ব্বোক্ত শিক্ষাদ্বারা স্পার্টার † স্ত্রীলোকদেরও পুরুষতুল্য
শরীরের ও মনের বল ছিল। তাহারা সাহসিকা ও শক্তি-
মতী ও স্বদেশকেও সম্মানকে প্রিয় জ্ঞান করিত, এবং মহা২
বীরের সমান রণগৌরবাকাঙ্ক্ষিণী ছিল। কোন সময় কএক অন্য
দেশীয় স্ত্রীলোক লিয়নিডের * স্ত্রীর সহিত কথোপকথন করিতে২
কহিল যে স্পার্টার † স্ত্রীলোকেরাই কেবল পুরুষদিগকে বশী-
ভূত করিয়া রাখিতে পারে, তাহাতে তিনি তৎক্ষণাৎ
উত্তর করিলেন, যে তাহারাই কেবল কার্য্যোপযুক্ত মনুষ্য
প্রসব করে। অন্য এক সময় যখন এক ব্যক্তি শত্রুবিপ-
রীতে যুদ্ধে যাইতেছিল, তখন তাহার মাতা তাহাকে তাহার
ঢাল দিয়া এই কহিলেন, যে যুদ্ধে জয়ী হইয়া এই ঢাল
সহিত আসিবা, অথবা সংগ্রামে তোমার প্রাণ বিয়োগ
হইলে তোমার মৃত শরীর এই ঢালের উপরে লইয়া আনা
যাইবে, কিন্তু কদাপি রণে পরাভূত হইলে ঢাল ফেলিয়া
প্রাণ রক্ষার্থে পলায়ন করিও না। অন্য এক স্ত্রীলোকের
পুত্র আপন দেশরক্ষার্থে সংগ্রামে নষ্ট হইয়াছে এই
সংবাদ পাইয়া সে কিছুমাত্র শোক ও মনস্তাপ না করিয়া
উত্তর করিল, যে তাহাকে আমার গর্ব্ভে ধারণ করা সার্থক
হইল। লিউক্‌ট্রার † যুদ্ধের পর যাহারা২ রণে হত হইয়া-
ছিল তাহাদের পিতা মাতা সকলে নিকটস্থ দেবালয়ে গিয়া
পূজাদি করিয়াছিল, কেননা তাহাদের সন্তানেরা আপন২
কর্ত্তব্য ক্রিয়া করিয়াছে; কিন্তু যাহাদের সন্তানেরা ঐ

ভয়ঙ্কর দিবসের পর জীবিত ছিল, তাহারা অত্যন্ত শোকে ব্যাকুল হইল।

এই সকল সাধারণ ব্যবস্থা ব্যতিরেকে অনেক ক্ষুদ্র২ নিয়মও ছিল, তাহা বহুকালাবধি মান্য থাকিয়া পূর্ব্বোক্ত ব্যবস্থাদির তুল্য শক্তি প্রাপ্ত হইয়াছিল। কোন শিল্প বিদ্যাভ্যাস করণে স্পার্টানদের* সম্পূর্ণ রূপে নিষেধ ছিল, যুদ্ধই কেবল তাহাদের প্রধান কর্ম্ম; এবং অযুদ্ধসময়ে তাহারা সকলে সর্ব্বদা মৃগয়া ও শারীরিক পরিশ্রম করিতে প্রবৃত্ত থাকিত। তাহাদের হিলট* দাসেরা তাহাদের তাবৎ ভূমি কর্ষণ করিত, এবং তজ্জন্য তাহারা কেবল আহার পাইত। এই দুর্ভাগ্যগ্রস্ত লোকদিগকে কেবল এই যন্ত্রণা মাত্র সহ্য করিতে হইত এমত নহে, কিন্তু তাহাদিগকে যাবজ্জীবন স্পার্টা† দেশে থাকিতে হইত, স্থানান্তর গমনের অনুমতি ছিল না। এবং অন্য কোন দেশীয়ের নিকট বিক্রীত কিম্বা দাসত্বহইতে কখন মুক্ত হইতে পারিত না; বিশেষতঃ তজ্জাতির অধিক বংশবৃদ্ধি হইলে তাহারা পাছে রাজ্যমধ্যে কোন উপদ্রব করে এই শঙ্কাপ্রযুক্ত তাহাদিগকে বধ করিবার এক গুপ্ত আজ্ঞা হইত। থুসিডিডি* কহেন যে ঐ দাস জাতিদের দুই সহস্র লোক একেবারের অনুদ্দিষ্ট হইয়াছিল, এবং তাহাদের কি হইয়াছিল, ইহাও শুনা যায় নাই। তাহাদিগকে কেবল এতাদৃশ নির্দ্দয় রূপে হত্যা করা যাইত এমত নহে, কিন্তু জীবদ্দশায়ও তাহাদিগকে পশ্চাত্ লিখিতব্য প্রকারে বিদ্রূপ করা যাইত। যথা তাহাদের প্রভুরা তাহাদিগকে সর্ব্বদা মদ্যপান করাইয়া বালকদের সম্মুখে লইয়া যাইত, তাহার কারণ এই যে তাহাদের মত্তাবস্থার দুর্দশা দর্শনে বালকেরা মদ্যপানে চিরকাল ত্রাসিত থাকিবে।

দেশস্থেরা আপন ২ গৃহদ্বারা সর্ব্বমতে নিশ্চিন্ত থাকিয়া প্রায় সর্ব্বদাই রাজ্য সম্বর্কীয় সাধারণ গৃহে একত্র হইয়া পরস্পর কথোপকথন করিত। তাহাদিগের স্বদেশ প্রতি অতিশয় প্রেম ছিল, এবং কিছু মাত্র আত্ম কল্যাণার্থী না হইয়া নিয়ত রাজ্যের মঙ্গল চেষ্টা করিত। তাহার প্রমাণ এই। যথা নগরমধ্যে এমত এক বিশেষ পদ ছিল, যে তাহাতে তিন শত লোক অভিষিক্ত হইত, এবং পিডারিট * নামক এক ব্যক্তি ঐ কর্ম্মাভিলাষী হইয়াছিলেন, কিন্তু তাহাতে তিনি মনোনীত না হওয়াতে দুঃখী না হইয়া বরং আনন্দিত মনে কহিলেন, যে স্পার্টা † নগরে আমার অপেক্ষায় তিন শত অধিক যোগ্য লোক আছে, এই আমার পরমাহ্লাদের বিষয়।

স্পার্টার † লোকদিগের এক জাতির সহিত পুনঃ ২ যুদ্ধ করিবার নিষেধ ছিল, কারণ এই যে পাছে তাহারা পুনঃ ২ সংগ্রাম দ্বারা দেখিয়া তাহাদের যুদ্ধনীতি জ্ঞাত হয়। তাহারা শত্রুগণকে পরাভূত করিলে তাহাদের পশ্চদ্গামী হইত বটে, কিন্তু আপনাদের সম্পূর্ণ রূপে জয় নিশ্চয় জানিলে তৎক্ষণাৎ প্রত্যাগমন করিত। ইহাতে তাহাদের উত্তম ফল দর্শিত, কারণ শত্রুরা জ্ঞান করিত যে তাহাদের প্রতিবাদী হইলেই নষ্ট হইতে হয়, এবং পলায়ন করিলে রক্ষা পাওয়া যায়, এই রূপ নিতান্ত ভাবিয়া সর্ব্বদা পলায়নই করিত; কিন্তু স্পার্টানেরা ইহার বিপরীতাচরণ করিত, কারণ তাহাদের এই একটা নিশ্চয় রীতি ছিল, যে তাহারা পরাভূত হইয়া কখনও পলায়ন করিত না, কিম্বা জীবন থাকিতে অধীনত্ব স্বীকার পূর্ব্বক আপনাদিগের অস্ত্র সকল শত্রুহস্তে সমর্পণ করিত না, বরং ঐ মত চেষ্টাও তাহারা কখন মনে ভাবিত না, এবং মুখেও ব্যক্ত করিতে পারিত না, কারণ

আর্কিলোক* নামক এক জন কবি স্পার্টায় † আগমন করিয়া এতদর্থক এক শ্লোক করিয়াছিলেন, যে মনুষ্যের অস্ত্র অপেক্ষায় প্রাণ রক্ষা করা উচিত; এই অপরাধে তিনি নগরহইতে বহিষ্কৃত হইলেন। তাহাদিগকে কেবল সাহসে নির্ভর করাইয়া ব্যবস্থাদায়ক প্রাচীরদ্বারা নগর বেষ্টিত করিবার অনুমতি দেন নাই, তিনি জ্ঞান করিতেন যে ইষ্টকাদির প্রাচীরহইতে মনুষ্যের প্রাচীর উত্তম, এবং দুর্গমধ্যে যে বীরের আশ্রয় লইতে আবশ্যক হয় সে ভীরুহইতে কিঞ্চিৎ উত্তম।

লাইকর্গের* এই২ রূপ ব্যবস্থার উত্তমতা প্রযুক্ত চতুর্দিকস্থ সকল রাজ্যের লোকেরা তাঁহাকে প্রশংসা করিত। কিন্তু এই সকল বিধি যে রূপ শ্রেষ্ঠ হইয়াছিল তাহা বহুকালস্থায়ী করিবার কারণ লাইকর্গ* ছল করিয়া কহিলেন, যে ব্যবস্থা সকল অদ্যাপি সম্পূর্ণ হয় নাই, তৎপ্রযুক্ত আমাকে ডেল্‌ফের† দেবাজ্ঞার কারণ তথায় যাইতে হইবে। পরে স্পার্টানেরা তাঁহার প্রত্যাগমন পর্য্যন্ত তৎকৃত ব্যবস্থা সকল পালন ও মান্য করে, এই প্রযুক্ত তাহাদিগকে শপথদ্বারা বদ্ধ করিয়া তিনি যাবজ্জীবন পর্য্যন্ত স্পার্টা দেশ পরিত্যাগ করিয়া গেলেন। ডেল্‌ফে† গিয়া তিনি পাণ্ডার নিকট প্রশ্ন করিলেন, যে সকল ব্যবস্থা আমি সৃষ্টি করিয়াছি তদ্দ্বারা স্পার্টানেরা সুখী হইবে কি না? তাহাতে তিনি আপন মনোমত উত্তর পাইয়া স্বদেশীয়দিগকে জ্ঞাত করাইবার কারণ সমাচার প্রেরণ করিলেন। পরে আপনি আহার পরিত্যাগ করিয়া স্বেচ্ছা পূর্ব্বক প্রাণ ত্যাগ করিলেন। কেহ২ কহিয়া থাকে যে আপন শরীর দগ্ধ করিতে ও তাহার ভস্ম সমুদ্রমধ্যে নিঃক্ষেপ করিতে আজ্ঞা করিয়া পরে ক্রীটা উপদ্বীপে মরিয়াছিলেন। যে প্রকার হউক তাঁহার স্বদেশীয়েরা

যে ঐ সকল নিয়ম পালন করে, ইহাতে তিনি তাহাদিগকে শপথ-দ্বারা উত্তম রূপে বদ্ধ করিয়াছিলেন; কিন্তু ইহার বড় আবশ্যক ছিল না, কারণ ব্যবস্থা সকলের উত্তমতা প্রযুক্ত তাহারা শপথ ব্যতিরিক্তও তাহা মান্য করিতে ইচ্ছুক ছিল।

মেসিনিয়দের * সহিত যুদ্ধের সময়ে স্পার্টনেরা * নিকটস্থ সকল প্রদেশে আপনাদের প্রভুত্ব প্রকাশ করিবার এক উপযুক্ত অবকাশ পাইয়াছিল। এই যুদ্ধ ক্রমিক বিংশতি বৎসর পর্য্যন্ত ছিল, তন্মধ্যে দুইটা প্রধান ঘটনাজন্য সে অতিশয় প্রসিদ্ধ হয়। ঐ উভয়ের বৃত্তান্ত লিখা আবশ্যক।

প্রথম ঘটনা এই, যথা স্পার্টানেরা শত্রুপরাভব না করিলে দেশে পুনরাগমন করিবে না, এই রূপ প্রতিজ্ঞায় শপথ-দ্বারা বদ্ধ হইয়া সকলেই যুদ্ধসজ্জা করিল, তাহাতে তাহাদের নগর একেবারে পুরুষহীন হওয়াতে তাহাদের স্ত্রীলোকেরা কহিল, যে তাহারা বহুকাল অবর্ত্তমান থাকিলে তাহাদের বংশলোপ হইবে। স্পার্টানেরা * ইহার প্রতীকারার্থে সৈন্যদলহইতে পঞ্চাশত যুবাকে স্পার্টায় † প্রেরণ করিলেন, যে তাহারা তথায় গিয়া তাবৎ যুবতী স্ত্রীর সহিত কোন প্রভেদ ব্যতিরিক্ত সম্ভোগ করিলে ঐ সকল স্ত্রীর গর্ব্ভজাত সন্তান সকল পার্থিনী * নামে খ্যাত হইল। পরে স্পার্টানেরা * স্বদেশে পুনরাগমন করিয়া তাহাদিগকে বিজন্ম বংশ বলিয়া ঘৃণা করাতে তাহারা হিলোটদের * সহিত একবাক্য হইয়া স্পার্টার † বিপক্ষে কলহ করিতে লাগিল, কিন্তু তাহাদের দমন শীঘ্র হইল। পরে তাহারা ঐ প্রদেশহইতে বহিষ্কৃত হইয়া আপনাদের অধিপ ফালান্টের * সহিত ইটালি † দেশের টারেন্ট † নগরে † বসতি করিল।

দ্বিতীয় ঘটনা এই। যথা মেসিনিয়েরা* এই যুদ্ধবিষয়ের পরামর্শকারণ ডেল্‌ফের† দেবতার নিকট লোক প্রেরণ করাতে তাঁহার এই উত্তর পাইল, যে এপিটের* বংশের এক কুমারীকে বলিদান করিলে তাহাদিগের ইষ্টসিদ্ধি হইবে। ইহা প্রথমে লাইসিস্কের* কন্যার ভাগ্যে পড়িল, কিন্তু তাহাকে বিজন্মা অনুমান করাতে এরিষ্টডিম* আপন কন্যাকে দিতে চাহিলেন ও তাহাকে সকলেই তাঁহার অম্বিত কহিল। যাহা হউক তাঁহার এতাদৃশ মৃত্যু নিবারণ করিবার কারণ তাঁহার এক জন প্রিয় ব্যক্তি কহিল, যে আমার দ্বারা ঐ স্ত্রীর গর্ভ হইয়াছে। এই রূপ অপবাদে তাঁহার পিতা অতিশয় কুপিত হইয়া আপন কন্যার নির্দোষিতা প্রামাণ্য করিবার কারণ সকলের সম্মুখে তাহার উদর স্বহস্তে বিদীর্ণ করিলেন। এই বলিদানের পর মেসিনিয়দের* অনর্থক প্রত্যাশায় কিঞ্চিৎকাল পর্য্যন্ত ফল দর্শিতে লাগিল; কিন্তু পরে পরাভূত হইয়া এবং আইথোম্† নগরমধ্যে তাহারা শত্রুদ্বারা বেষ্টিত হইয়া স্পার্টানদের* অধীনত্ব স্বীকার করিল; এই প্রযুক্ত এরিষ্টডিম* আপন কন্যার সমাধির উপরে আত্মঘাতী হইলেন।

মেসিনিয়েরা* ঊনচত্বারিংশৎ বৎসর পর্য্যন্ত অতিশয় কঠোর অধীনতাতে থাকিয়া আপনাদের স্বাধীনত্ব পুনরুদ্ধার করিবার জন্য, আরিষ্টমিনকে* অধ্যক্ষ করিয়া পুনর্ব্বার যুদ্ধে প্রবৃত্ত হইল। ঐ ব্যক্তি স্পার্টানদের* সৈন্যদলকে তিন বার পরাভূত করিয়াছিলেন, ও তিন বার হিকেটমফোনিয়া নামক পুরস্কারের যোগ্য হইয়াছিলেন; কারণ যে সকল ব্যক্তি এক শত শত্রুকে ক্রমে ২ স্বহস্তে বধ করিতে পারিত, তাহারাই তৎপুরস্কারের উপযুক্ত পাত্র হইত। কিন্তু টুর্টিয়*

নামক এক জন খ্যাত আথীনিয় * কবি ও অধ্যাপক স্পার্টান-দের * অধিপ হইয়াছিলেন, তাঁহার বক্তৃতাতে তাহাদের এতাদৃশ সাহসবৃদ্ধি হইল, যে পৃথিবী সৃষ্টির ৩৩৪০ বৎসর পরে মেসিনিয়দের * দেশ পরিত্যাগ করিয়া যাইতে হইল; এবং তাহাতে তাহাদের রাজ্য স্পার্টায় † মিলিত হইলে গ্রীক † দেশের মধ্যে সকল রাজ্য অপেক্ষায় স্পার্টার অতিশয় শক্তি বৃদ্ধি হইল।

৩ অধ্যায়।

সোলনের * সময়াবধি পার্সিদের সহিত যুদ্ধারম্ভ পর্য্যন্তেরও আথীনী † দেশের ও তাহার রাজ্যশাসনের বিবরণ এবং সোলনের * ব্যবস্থাদির কথা।

লাইকর্গের * কৃত ব্যবস্থাদ্বারা স্পার্টা † দেশে বিস্তর সুখ ও মঙ্গল জন্মিবাতে, আথীনিয়দের * বাঞ্ছা হইল যে তাহাদের দেশও ঐ রূপ লিখিত ব্যবস্থাদ্বারা শাসিত হয়; এবং পৃথিবী সৃষ্টির ৩৩৮০ বৎসর পরে তাহারা প্রথমে ড্রেকো * নামক এক ব্যক্তিকে আপনাদিগের ব্যবস্থাদায়ক করিল; তিনি লাইকর্গের * তুল্য জ্ঞানী ও সল্লোক ছিলেন, কিন্তু দোষের মধ্যে এই যে তাঁহার ব্যবস্থা সকল অতিশয় কঠিন ও নিষ্ঠুর ছিল। ড্রেকো * তাবৎ অপরাধেই প্রাণ দণ্ডের ব্যবস্থা করিয়াছিলেন, এবং তাঁহাকে ইহার কারণ জিজ্ঞাসা করিলে তিনি এই উত্তর করিতেন, যে ক্ষুদ্র অপরাধই প্রাণ দণ্ডের যোগ্য, অতএব প্রধান দোষের মৃত্যু ভিন্ন আর কি অধিক দণ্ড আছে? তাঁহার ব্যবস্থা এমত কঠিন দেখিয়া লোকেরা কহিত যে তিনি ঐ সকল ব্যবস্থা কালীর দ্বারা না লিখিয়া কেবল রক্তের দ্বারা লিখিয়াছিলেন। যাহা হউক ঐ ব্যবস্থার কাঠিনতাপ্রযুক্ত তাহা চলিত না হওয়াতে আথীনিয়দের * মনস্কামনা সিদ্ধি

হইল না, বরং ড্রেকোর ব্যবস্থায় আথীনিয়দের * অবজ্ঞা ও ঘৃণা হওয়াতে তাহারা তৎস্থাপনের পূর্ব্বাপেক্ষায় অধিক লম্পট ও অবাধ্য হইয়া উঠিল। আথীনী † দেশ এই রূপ দুর্দ্দশা গ্রস্ত হওয়াতে সোলন * নামক এক ব্যক্তি ঐ দেশের পুনর্ব্বার ব্যবস্থা স্থাপন করিবার কারণ মনোনীত হইলেন।

সোলন * ব্যবস্থাদায়কের কর্ম্ম প্রাপ্ত হইবার পূর্ব্বে আপন জ্ঞান ও বিজ্ঞতার যে সকল প্রমাণ দিয়াছিলেন, তাহা তাবৎ কহিতে হইলে এই গ্রন্থের যে অভিপ্রায় তাহার বৈপরীত্য হয়; কেবল ইহা কহিলেই সিদ্ধি হয়, যে গ্রীক † দেশে সাত জন গণ্য পণ্ডিতের মধ্যে তিনিও এক জন; অন্য ছয় জনের নাম এই ২ যথা· মিলিসিয়া † দেশীয় থেলি * লেসিডিমন্ † দেশীয় কাইলো * ও মাইটিলিনি † দেশীয় পিটেক * ও কোরিন্থ † দেশীয় পিরিআণ্ডর্ * এবং বাইয় * ও ক্লিওবুল * এই দুই জনের জন্মস্থানের নিশ্চয় নাই। এক দিন পিরিআণ্ডরের * সভাতে এই রূপ একটা প্রশ্ন হইয়াছিল, যে রাজ্য কি রূপ হইলে উত্তম ও সর্ব্বপ্রিয় হইতে পারে; তাহাতে বাইয় * কহিলেন যেস্থানে ব্যবস্থাহইতে অন্য বিষয় প্রধান না হয় তথাকার রাজ্যই উত্তম, থেলি * কহিলেন যেস্থানে লোকেরা বড় ধনী অথবা নির্ধন না হয় সেই রাজ্য উত্তম, শিথিয়া † দেশীয় আনাকার্সি * নামক এক জন পণ্ডিত কহিলেন যথায় সকলে অধর্ম্মকে ঘৃণা এবং ধর্ম্মকে মর্য্যাদা করে সেই রাজ্যই উত্তম, পিটেক * কহিলেন যেস্থানে কেবল ধার্ম্মিক লোকেরাই সম্ভ্রম প্রাপ্ত হয় সেই রাজ্যই উত্তম, ক্লিওবুল * কহিলেন যেস্থানের লোকেরা দণ্ডাপেক্ষায় দুর্নামকে অধিক ভয় করে সেই রাজ্যই উত্তম,

কাইলো* কহিলেন যথায় সদ্বক্তাদিগের কথা অপেক্ষায় ব্যবস্থার অধিক সম্মান হয় সেই রাজ্যই উত্তম, কিন্তু ইহাদিগের সর্ব্বাপেক্ষায় সোলনের * মত অতিশয় গ্রাহ্য হইল, কারণ তিনি কহিয়াছিলেন, যে সেই রাজ্যই সুখী যেস্থানে এক জন নীচ প্রজার অপমান করিলেও তথাকার তাবতেই আপনাদিগকে সেই রূপ অপমানিত বোধ করে।

ক্রীস * নামক লিডিয়ার † রাজার সহিত সোলনের সন্দর্শনের কথাও আমাদিগের লিখা আবশ্যক। ঐ রাজা সে কালে অতিশয় ধনী ছিলেন, তিনি সোলনের * সম্মুখে আপনার অসীম ধন ও ঐশ্বর্য্য প্রকাশ করিয়া জিজ্ঞাসা করিলেন যে তুমি আমাকে মনুষ্যজাতির মধ্যে পরম সুখী ও ভাগ্যবান্ বোধ কর কি না? তাহাতে সোলন * উত্তর করিলেন না, গ্রীক † দেশস্থ এক জন কৃষক অপেক্ষায় তোমাকে আমি অধিক সুখী জ্ঞান করি না, কেননা সে বড় ধনী কিম্বা বড় দরিদ্র নহে বটে, কিন্তু কোন অপ্রতুল হইলে তাহা আপন পরিশ্রমদ্বারা পূর্ণ করে। ইহাতে সেই আত্মশ্লাঘি সম্রাট্ পুনর্ব্বার জিজ্ঞাসা করিলেন, সে যাহা হউক আমাকে তুমি সুখী বোধ কর কি না? তাহাতে সোলন * উচ্চৈঃস্বরে কহিলেন, যে হায় ২ মৃত্যুর পূর্ব্বে কাহাকে সুখী বলা যাইতে পারে? সোলনের * এতাদৃশ বাক্যের তাৎপর্য্য শেষে প্রকাশ হইল। সাইর * নামক এক রাজা লিডিয়া † রাজ্য আক্রমণ করিয়া তাহার একেবারেই ধ্বংস করিলেন, এবং ক্রীসকে * বদ্ধ করিয়া লইয়া গেলেন; পরে সেই কালের নিষ্ঠুর রীত্যনুসারে যখন তাঁহাকে বধ করিবার কারণ বধমঞ্চে উঠান গেল, তখন তিনি সোলনের * বাক্য স্মরণ করিয়া তাঁহার নাম করিয়া উচ্চৈঃস্বরে ডাকিতে লাগিলেন। সাইর * ইহা শুনিয়া তাঁহার কারণ জা-

নিতে বাঞ্ছা করিলেন; এবং ক্রীস* দ্বারা ঐ সোলন* পণ্ডিতের জ্ঞানজনক কথা জ্ঞাত হইয়া এবং আপনার অবস্থার তদ্রূপ বিষয়ে ভীত হইয়া ক্রীসকে* ক্ষমা করিলেন, ও সেই পর্য্যন্ত তাঁহার সহিত বন্ধুর ন্যায় ব্যবহার করিতে লাগিলেন। এই রূপে সোলনের* কথাদ্বারা এক রাজার প্রাণ রক্ষা হইল, এবং অন্য রাজা সদুপদেশ পাইলেন।

সোলনের* এই রূপ পারগতাতে আথীনিয়েরা উচ্চ ও সম্ভ্রান্ত যে আর্কনের পদ তাহাতে তাঁহাকে নিযুক্ত করিল, ও রাজ্যের নূতন ব্যবস্থা করিবার সম্পূর্ণ শক্তি প্রদান করিল। পরে সোলন* দেখিলেন, যে রাজ্যমধ্যে কতক গুলিন কুনীতি আছে, তাহার প্রতীকার করা কোন মতে সাধ্য নহে এই প্রযুক্ত তাহার প্রতীকারার্থে প্রবৃত্ত হইলেন না। সংক্ষেপে কহি যে তিনি স্বসাধ্যে শ্রেষ্ঠ ব্যবস্থা করেন নাই, কিন্তু যে রূপ ব্যবস্থা লোকেরা গ্রহণ ও সহ্য করিতে পারিবে সেই রূপ করিয়াছিলেন। প্রথমে তিনি দরিদ্রের প্রতি অনুকূল হইয়া তাহাদিগকে একেবারে অঋণী করিলেন। ধনিরা তাহাদিগের নিকটহইতে অধিক লভ্য গ্রহণ করাতে তাহারা নিতান্ত দুঃখী হইত; কিন্তু তাহাতে মহাজনদের ও কোন ক্ষতি বোধ না হয় এমত করিবার জন্য তিনি মুদ্রা সকলের মূল্য কিঞ্চিৎ বৃদ্ধি করিলেন, এবং তাহাতে ধনিদের ধনও তদনুসারে নাম মাত্র বৃদ্ধি হইল। তৎপরে তিনি ড্রেকোর* কৃত তাবৎ ব্যবস্থা অন্যথা করিলেন, কেবল হত্যার বিষয়ে যাহা ছিল তাহাই রহিল। ইহার পর তিনি বিচারাধ্যক্ষতা ও রাজ্যের অন্যান্য কর্ম্ম সকলের নিয়ম করিয়া প্রায় ধনিদের উপরেই সে সকল ভার দিলেন। তিনি নগরবাসি ধনিদিগের তিনটা শ্রেণী করিলেন, ইহাতে যাঁহার যে রূপ ধন প্রাপ্তি অথবা আয় হ-

ইত তিনি তদুপযুক্ত শ্রেণীমধ্যে গণিত হইতেন। যাঁহাদের এমন বিষয় ছিল, যে তাহাহইতে তাহারা প্রতি বৎসর পাঁচ শত মেজের পরিমিত শস্য অথবা কোন দ্রবদ্রব্য পাইতেন, তাঁহারা প্রথম বর্গে গণিত হইতেন; যাঁহারা তিনশত মেজের পরিমিত দ্রব্য পাইতেন, তাঁহারা দ্বিতীয় বর্গস্থ হইতেন; ও যাঁহাদিগের দুই শত মেজর পরিমিত দ্রব্য প্রাপ্তি হইত, তাঁহাদিগকে তৃতীয় বর্গীয় কহা যাইত। পরে যে সকল নগরবাসিদের প্রাপ্তি ইহা অপেক্ষায়ও ন্যূন ছিল, তাঁহারা চতুর্থ শ্রেণীতে রহিতেন; এবং তাঁহাদিগকে কোন কর্ম্মে নিয়োগ করা যাইত না; কিন্তু তাঁহাদের তুষ্ট্যর্থে তিনি প্রত্যেককে এতাদৃশ শক্তি দিলেন, যে তাহারা লোকদের মহা সভায় সকল বিষয়ে আপন২ সম্মতি দিতে পারিতেন। ইহাতে তাঁহাদের শক্তি অতিশয় বৃদ্ধি পাইল, কেননা আথীনি† দেশে এই নিয়ম ছিল, যে বিচারকর্ত্তারা কোন বিষয় নিষ্পত্তি করিলে পরও তাহা লোকদের সাধারণ সভায় পুনর্ব্বিচার করা যাইতে পারিত; অতএব সকল ভারি বিষয় অবশেষে তাঁহাদিগের সভায় আসিত।

কিন্তু ইহাতে লোকদের শক্তি অতিশয় বৃদ্ধি না পাইতে পারে এই অভিপ্রায়ে সোলন* এরিওপেগ† নামক বিচারসভার উপর অধিক কর্ত্তৃত্ব ভার দিলেন,। এবং এতভিন্ন তিনি অন্য একটা পরামর্শসভা সংস্থাপন করিলেন, তাহাতে চারিশত সভ্য ছিল। সোলনের* কর্ত্তৃত্বসময়ের পূর্ব্বে যে সকল নগরবাসিরা আপনাদের বিশ্বস্ততা ও জ্ঞানের কারণ প্রশংসা পাইতেন তাঁহারাই ঐ এরিওপেগের* সভ্য হইতেন, কিন্তু সোলনের কর্ত্তৃত্বসময়ে এই নিয়ম হইল, যে যাঁহারা আর্কনী কর্ম্ম করিয়াছিলেন, তদ্ভিন্ন আর কাহাকেও

ঐ সভায় নিয়োগ করা যাইবে না; ইহাতে ঐ বিচার-সভার সম্ভ্রম ও শক্তি অতিশয় বৃদ্ধি হইল। তথায় যথার্থ ও সূক্ষ্ম বিচার হয় এ কারণ এমত প্রতিষ্ঠা হইয়াছিল, যে রোমাণেরা যে সকল বিষয়ের অস্পষ্টতা প্রযুক্ত নির্ণয় করিতে পারিত না, তাহা নিষ্পত্তি করিবার জন্য ঐ মহা বিচারস্থানে প্রেরণ করিত। পূর্ব্বোক্ত চারি শত লোকের এই কর্ম্ম ছিল, যথা আরিওপেগ † বিচারস্থানহইতে যে সকল বিষয় পুনর্ব্বিচারার্থে তাঁহাদের নিকট উপস্থিত হইত তাহা সাধারণ লোকের সভায় আসিবার পূর্ব্বে তাঁহারা সূক্ষ্ম রূপে বিচার করিতেন।

সোলন* আথীনীতে † এই ২ রূপ নূতন ব্যবস্থা স্থাপন করিয়া রাজ্যের কুনীতি দূর করিয়া সুবিচার করণের কারণ নানা-বিধ উত্তম ২ নিয়মও করিয়াছিলেন। লোকেরা স্বার্থপর না হইয়া স্বদেশহিতৈষী হয় এই অভিপ্রায়ে তিনি আজ্ঞা করিলেন, যে ব্যক্তি রাজ্যের মধ্যে কোন বিরোধের বিষয়ে এক পক্ষে সহায়তা না করিবেন, তাঁহাকে অকীর্ত্তিমন্ত কহিয়া যাবজ্জীবন দেশবহির্ভূত করিয়া তাঁহার সকল ধন ও অধিকার দণ্ড করা যাইবে। এই অভিপ্রায়ে তাঁহার এমত সম্মতিও ছিল, যে কোন ব্যক্তির ক্ষতি অথবা অপমান হইলে সকলেই তাহার পক্ষ হইয়া ঐ বিষয়ে বিরোধী হইতে পারিবেন। পূর্ব্বে কন্যার বিবাহকালে পণপ্রদানের যে রীতি ছিল তাহা তিনি রহিত করিলেন, কিন্তু নিতান্ত বালিকা হইলে পণ পাইত; তাঁহার ইহা করণের তাৎপর্য্য এই, পূর্ব্ব কালে ও ইদানীন্তন বিবাহ যে রূপ ব্যবসায়ের ন্যায় সেই রূপ না হইয়া সৎকর্ম্ম স্বরূপ হয়। তাঁহার আর এক ব্যবস্থানুসারে নিঃসন্তান ব্যক্তিরা স্বেচ্ছাতে আপন ২ ঐশ্বর্য্য দা-

ও বিক্রয় করিতে পারিত, অর্থাৎ নিকট জাতির কারণ তাহা রাখনের কোন দৃঢ় ব্যবস্থা ছিল না। ঐ ব্যবস্থাদ্বারা এই কার্য্য দর্শিল যে অল্প বয়স্কেরা প্রাচীনদের অধিক বশীভূত হইতে লাগিল। অলিম্পিক † ও ইস্থ্মিয়ন্ † ক্রীড়ায় জয়িদের পুরস্কারের নিমিত্ত যে অর্থ নির্দ্ধারিত ছিল তিনি তাহার বিস্তর ন্যূন করিলেন, যেহেতুক ঐ দুই ক্রীড়াকে অকর্ম্মণ্য ও শঙ্কাজনক জ্ঞান করিতেন, এবং সেই সঞ্চিত ধনদ্বারা স্বদেশরক্ষার্থ যুদ্ধে মৃত ব্যক্তিদের পরিবার গণের উপকার করিতে নিশ্চয় করিলেন।

সকলে পরিশ্রমী ও কর্ম্মিষ্ঠ হয় এই আশয়ে তিনি আরিওপেগের † সভ্যদের উপর এই শক্তি দিলেন, যে তদ্দেশস্থ কোন্ ব্যক্তি কি রূপে আপন উপজীবিকার্থ উপার্জ্জন করে তাহা তাঁহারা অনুসন্ধান করিবেন, এবং তজ্জন্য যাহার কোন দৃশ্য উপায় না থাকিবে তাহার সমুচিত দণ্ড করিবেন, এই অভিপ্রায়ে তিনি অন্য এক নিয়ম করিয়াছিলেন। যদ্যপি পিতা আপন পুত্রকে কোন বাণিজ্যে নিয়োগ না করেন, তবে পুত্র তাঁহাকে বৃদ্ধাবস্থায় প্রতিপালন করণে ব্যবস্থাদ্বারা বাধিত হইবে না; এবং জারজ সন্তানদেরও ঐ কর্ত্তব্য কর্ম্ম করিতে হইত না, কেননা তাহাদিগের পিতা মাতারা তাহাদের জন্মের কেবল কলঙ্কজনক হয়েন। কেহ কাহাকেও প্রকাশ রূপে গ্লানি ও তিরস্কার করিতে পারিত না। বিচারকর্ত্তাদিগের আপন ২ আচরণের প্রতি বিশেষ রূপে সাবধান থাকিতে হইত; এবং কোন আর্কন * অর্থাৎ প্রধান বিচারকর্ত্তা মদ্যপানে মত্ত হএন ইহা প্রকাশ হইলে তাঁহার প্রাণ দণ্ড হইত। পিতৃহত্যার প্রতি তিনি কোন ব্যবস্থা করেন নাই,

কারণ তিনি অনুমান করিতেন, কোন ব্যক্তিহইতেই এমত দুষ্কর্ম্ম হয় না। স্ত্রীলোকদের সতীত্ব ধর্ম্মরক্ষার্থে তাঁহার এমত অনুমতি ছিল, কেহ ব্যভিচারককে তৎকর্ম্মে ধরিতে পারিলে তাহার প্রাণ হত্যা করিবে। তিনি বেশ্যালয়ের প্রতি কোন আপত্তি করেন নাই বটে, কিন্তু তথায় সর্ব্বদা গমনাগমন করিলে, তাহাদের লজ্জা ও কলঙ্কের কারণ তিনি পুরুষ ও স্ত্রীর উভয়েরি গাত্রোপরি অত্যজ্য চিহ্ন করাইয়া দিতেন।

সোলন* এই সকল ব্যবস্থা স্থাপন করিয়া আথীনিয়-দিগকে* এই দিব্য করাইলেন, যেন তাহারা ঐ ব্যবস্থা ন্যূন সংখ্যায় একশত বৎসর পর্য্যন্ত প্রতিপালন করে; এবং তিনি এই রূপে ব্যবস্থাদায়কের কার্য্য সংপূর্ণ করিয়া পর্য্যটনার্থ গেলেন, ও তাঁহার স্বদেশীয়েরা রাজ্যের নূতন রীতি সকল অভ্যাস করিতে লাগিল। কিন্তু যে জাতি বহুকালাবধি পরস্পর বিবাদদ্বারা নষ্ট হয়, তাহারা নূতন ব্যবস্থা অতি উৎকৃষ্ট হইলেও সহজে তাহার বশীভূত হইতে পারে না; অতএব আথীনিয়েরা* যাঁহার আজ্ঞানুবর্ত্তী ছিল, তাঁহার স্থানান্তর গমন মাত্রেই তাহাদের পরস্পরের প্রতি দ্বেষ ও হিংসার পুনর্ব্বার আরম্ভ হইল। রাজ্যবিষয়ে পিসিষ্ট্রাট* ও মিগাক্লি* ও লাইকর্গ* এই তিন জন প্রধান বিরোধী হইয়াছিলেন; কিন্তু এঁহাদের মধ্যে সর্ব্বাপেক্ষায় পিসিষ্ট্রাট* ক্ষমতাপন্ন ও চতুর ছিলেন,— এবং সর্ব্বাপেক্ষায় তাঁহারই অভীষ্টসিদ্ধি হইয়াছিল। তাঁহার বিস্তর গুণ কেবল দোষ এই যে অত্যন্ত আকাঙ্খী। তিনি জ্ঞানবান্ এবং অন্যের বিদ্যার জন্যে চেষ্টিত ছিলেন। শিশিরো* কহেন তিনিই প্রথমে হোমরের* গ্রন্থ

সকল আথীনিয়দিগকে * জানাইয়াছিলেন; ও ঐ গুহ্য যে রূপ রচনা করিয়াছিলেন, সেই রূপই অদ্যাবধি আছে, এবং পানাথিনিয়া † নামক মহোৎসবের সময় তাহা পাঠ করিবার নিয়ম তিনিই করিয়াছিলেন।

লোকদিগকে আশ্বাস করাতে ও দাতৃতা ও সদাচরণ এবং চতুরতাজন্য স্বদেশীয়েরা তাঁহাকে এতাদৃশ প্রেম করিতে লাগিল যে তিনি অনায়াসে রাজ্যস্বামী হয়েন, এতত্ কালে সোলন * তাঁহার ধূর্ত্ততা ও দুষ্ট মনস্কামনা সকল উত্তম রূপে জানিয়া তৎসিদ্ধির ব্যাঘাত করিবার প্রতিজ্ঞায় দশ বৎসর পরে স্বদেশে পুনরাগমন করিলেন; কিন্তু তিনি সেই ব্যাঘাত বহুকাল করিতে পারেন নাই, কারণ পিসিষ্ট্রাট * আপন মানস সকল সম্পূর্ণ হইবার যোগ্য হইয়াছে বুঝিয়া আপন শরীরের নানা স্থানে ক্ষত করিয়া ছলক্রমে কহিলেন, যে সাধারণ হিতার্থে আমি এই সকল আঘাত পাইয়াছি, এবং এই রূপে রক্তযুক্ত হইয়া রথারোহণে হাটের মধ্যে উপস্থিত হইলেন; ও তথায় গেলে তাঁহার বিচার প্রার্থনা করণ ও বক্তৃতাদ্বারা লোকদের মনে এমত ক্রোধ উপস্থিত হইল যে তাহারা তাঁহার শরীররক্ষার্থে পঞ্চাশৎ জন রক্ষক নিযুক্ত করিয়া দিল। ইহাতে তাঁহার অভিমত সিদ্ধি হইল, কারণ এই রূপে সৈন্যের উপক্রম হওয়াতে তিনি তাহা এমত বৃদ্ধি করিলেন, যে সকল বিপক্ষের প্রতি নিয়োগ করিতে সমর্থ হইলেন। অতএব তিনি অল্প কালের পরেই দুর্গ আক্রমণ করিয়া রাজ্যের কর্তৃত্ব পাইলেন। দেশের স্বাধীনত্ব এই রূপে নষ্ট হইলে পর সোলন * বহুকাল জীবিত ছিলেন না; প্রায় দুই বৎসর পরেই অশীতি বৎসর বয়সে অনুরাগপাত্র

হইয়া ইহলোক ত্যাগ করিলেন; ইহাতে গ্রীক্ দেশের সকলেই বিস্তর বিলাপ করিয়াছিল, কেননা তিনি অতি শ্রেষ্ঠ ব্যবস্থা-দায়ক এবং হোমর * ভিন্ন তৎকালের প্রধান কবি ছিলেন।

পিসিষ্ট্রাট * যে উপায়দ্বারা ঐ শক্তি পাইয়াছিলেন, সেই উপায় অবলম্বনে তাঁহার অধিকার মৃত্যুকাল পর্য্যন্ত রহিল; এবং তাঁহার মরণানন্তর হিপিয় * ও হিপার্ক * নামক তাঁহার দুই পুত্র পিতৃপদ পাইলেন। তাঁহারা পিতার পথগামী হইয়া তাঁহার ন্যায় বিদ্যার ও বিদ্বান্-দের সমাদর করিতে লাগিলেন। তাঁহারা আনাক্রিয়ন্ * ও সাইমনিডি * এবং অন্যান্য কবিদিগকে আপনাদের সভায় নিমন্ত্রণ করিয়া নানা সমাদর ও সম্মান করিয়া বিস্তর পারিতোষিক দিয়াছিলেন; ও বালকদের শিক্ষার কারণ অনেক বিদ্যালয় স্থাপন করিয়াছিলেন; এবং নীচ লোকদের জ্ঞানের জন্যে সকল রাজপথে মূর্ত্তি নি-র্ম্মাণ করাইয়া তাহার উপর নানা প্রকার হিতোপদেশ লিখিয়া দিয়াছিলেন। যাহা হউক ঐ উভয়ের শাসন বহুকাল ছিল না, কেননা পশ্চাৎ লিখিত ঘটনাজন্য তাহা দের অধিকার অষ্টাদশ বৎসর পর্য্যন্ত থাকিয়া শেষ হইয়াছিল।

হার্ম্মোডিয় * ও আরিষ্টজিটন্ * নামক আথীনা † নগর-বাসি দুই জন পরস্পর অকপটে অভেদ্য বন্ধুতা পূর্ব্বক প্রতিজ্ঞা করিয়াছিলেন, যে আমাদের এক জনের কোন অপমান হইলে উভয়েই অপমানিত বোধ করিব। হিপার্ক * কামি-স্বভাব প্রযুক্ত হার্ম্মোডিয়ের * ভগিনীর সতীত্ব নষ্ট করিয়া ছিলেন; পরে যখন ঐ স্ত্রী কোন ধর্ম্ম সম্পর্কীয় কর্ম্মেতে যাইতেছিল, তখন তিনি তাহার কুৎসা প্রকাশ করিয়া

কহিলেন, সে কোন মতে ঐ ক্রিয়ার যোগ্য নহে। ইহাতে ঐ বন্ধুদ্বয় মর্ম্মান্তিক অপমানিত হইয়া ঐ দুরাচারিকে হত করিতে প্রতিজ্ঞা করিলেন; পরে বিস্তর উদ্যোগের পর ইষ্টসিদ্ধি করিলেন, কিন্তু তাহাতে আপনারাও নষ্ট হইয়াছিলেন। হিপার্কের* মরণার্থক মন্ত্রণায় যে২ লোক ছিল তাহাদের সকলেরই প্রতি হিপিয়* হিংসা করিয়াছিলেন; সেই মন্ত্রণায় লিওনা* নাম্নী এক বেশ্যার সাহস ও প্রতিজ্ঞার বিবরণ কিঞ্চিৎ লিখা আবশ্যক। যখন ঐ স্ত্রীকে হিপিয়* যন্ত্রণা দেওয়াইয়াছিলেন, তখন লিওনা* অত্যন্ত সাহস পূর্ব্বক ঘাতকদের কঠোর ব্যবহার সহ্য করিয়াছিল; এবং পাছে যন্ত্রণাভোগদ্বারা ঐ মন্ত্রণাস্থ লোক সকলের নাম প্রকাশ করিতে হয় এই ভয়ে দন্তদ্বারা আপন জিহ্বা কাটিয়া হিপিয়ের* মুখে নিঃক্ষেপ করিল। ঐ স্ত্রীর বীরত্বের চির স্মরণার্থে আথীনিয়েরা* একটা জিহ্বা কাটা সিংহীর প্রতিমা নির্ম্মাণ করিয়া রাখিল।

হিপিয়* পাছে আপন সহোদরের ন্যায় দুর্দ্দশা প্রাপ্ত হয়েন এই ভয়ে বিদেশীয়দের সহিত বিশেষতঃ লাসিডিমনিয়দের* সহিত সন্ধি করিয়া আত্মরক্ষার চেষ্টা করিতে মনস্থ করিলেন; কিন্তু ইহাতে আল্মিয়নিডীয়* বংশীয়েরা ব্যাঘাত জন্মাইল, যেহেতুক যখন পিসিষ্ট্রাট* আথীনা† রাজ্যাপহরণ করিয়াছিলেন, সেই কালে ঐ বংশীয়েরা ঐ নগরবহির্ভূত হইয়া ডেল্‌ফের† মন্দির সুন্দর মতে পুনর্নির্ম্মাণ করিয়া সেই দেবযাজিকাকে আপনাদের স্বপক্ষ করিয়াছিলেন। তাহাতে স্পার্টীয়েরা* ঐ দেবালয়ে আসিয়া কোন প্রশ্ন করিলে তাহারা এই উত্তর পাইত, যে আথীনা† রাজ্য স্বাধীন না করিলে তাহাদের মঙ্গল

হইবে না। এই প্রযুক্ত তাহারা তদাজ্ঞাপালনে প্রবৃত্ত হইল, এবং তাহারা তৎসিদ্ধিতে প্রথমে অক্ষম হয় বটে, কিন্তু শেষে পৃথিবী সৃষ্টির ৩৪১৬ বৎসর পরে হিপিয়কে* সিংহাসনচ্যুত করিয়াছিল। সেই বৎসরে রুম† দেশ রাজশাসনরহিত হইয়াছিল। ঐ আল্মিয়ন* গোষ্ঠীকে ঐ শুভ ঘটনার সম্পাদক কহিতে হয়; কিন্তু তদ্দেশীয়েরা কহিত যে পূর্ব্বোক্ত ঐ বন্ধুদ্বয় হইতেই তাহা হইয়াছে, যেহেতুক তাহারাই ইহার প্রথম চেষ্টা করে। তদনন্তর হার্মোডিয়ের* ও আরিষ্টজিটনের* নামের বিস্তর গৌরব বৃদ্ধি হইয়াছিল, এবং তাঁহাদিগের প্রতিমা নির্ম্মাণ করিয়া হাটের মধ্যে রাখা গিয়াছিল; এতাদৃশ সম্মান ইহার পূর্ব্বে কখন কাহারও হয় নাই।

৪ অধ্যায়।

হিপিয়ের* বহিষ্কৃত হওনাবধি মিল্টাইএডির* মরণ পর্য্যন্তের বিবরণ।

হিপিয়* সিংহাসনচ্যুত ও স্বদেশবহির্ভূত হইয়াও পুনঃ পদার্পিত হইবার প্রত্যাশায় প্রথমে লাসিডিমনিয়দের* উপাসনা করিলে তাহারা ইহার ভার লইয়াছিল। লাসিডিমনিয়েরা* মনে করিয়াছিল যে তাঁহাকে পুনর্ব্বার স্থাপন করা অনায়াসে হইতে পারিবে, কেননা আথীনীর† মধ্যে ব্যক্তি বিশেষকে দোষী করণের নিমিত্ত সম্মতি দিবার অষ্ট্রাসিসম্* নামক এক নূতন নিয়ম হওয়াতে বিস্তর বিরোধ উপস্থিত হইয়াছিল। ঐ নিয়মের মূল এই, যে সকল নগরবাসি লোক ধনী ও সর্ব্বপ্রিয় হইয়া রাজ্যের

নানাবিধ বিপদ ঘটায়, তাঁহাদিগকে দশ বৎসরের কারণ দেশান্তর করিবার জন্যে যাইট বৎসর বয়স্ক লোক সকল তাঁহাদিগকে রাজ্যাপহারক বলিয়া টালি ইটের অথবা কস্তুরার খোলার উপরে তাঁহাদিগের নাম লিখিয়া দিত। সে যাহাহউক হিপিয়কে* পুনর্ব্বার পদার্পিত করিবার পূর্ব্বে লাসিডিমনিয়েরা ভাবিল যে গ্রীকের † অন্যান্য রাজ্যস্থ দিগকে এ বিষয় জিজ্ঞাসা করা উচিত; কিন্তু কাহারও এ বিষয়ে সম্মতি না হওয়াতে তাহারা হিপিয়কে* একেবারে ত্যাগ করিল।

হিপিয়* লাসিডিমনিয়দের* আশ্রয় পাওনে নিরাশ হইয়া আর্টফির্নকে* তদপেক্ষায় অধিক পরাক্রান্ত জ্ঞান করিয়া তাঁহার নিকট আশ্রয় যাচ্ঞা করিলেন। তিনি পার্শী † দেশের রাজার পক্ষীয় সার্ডি † নগরের শাসনকর্ত্তা ছিলেন। হিপিয়* তাঁহার নিকটে গিয়া নিবেদন করিলেন, যে আথীনী † রাজ্য অতি সহজে সম্পূর্ণ রূপে জয় করা যাইতে পারে। ইহাতে বিস্তর রাজ্য, বিশেষতঃ সমুদ্র তটের অধিকার বৃদ্ধি হইবে, এই অভিপ্রায়ে পার্শীরাজা তাঁহার নিবেদন গ্রাহ্য করিলেন। পরে যখন আথীনিয়েরা* দূতদ্বারা হিপিয়ের* পূর্ব্বোক্ত ব্যবহারের বিষয় ঐ রাজার নিকট কহিয়া পাঠাইল, তখন তিনি তাহাদিগকে এই উত্তর করিলেন, যদ্যপি তোমরা নিরাপদে থাকিতে বাঞ্ছা কর তবে হিপিয়কে* অবশ্যই রাজা করিতে হইবে। কিন্তু ঐ সকল প্রজা প্রভৃত্ব মতাবলম্বিরা এতাদৃশ স্বাধীনতেচ্ছুক ছিল, ও দাসত্বে এমত ঘৃণা করিত, যে তাহারা ঐ গর্ব্বিত বাক্য সহ্য করিতে পারিল না, এই প্রযুক্ত তাহারা তত্তুল্য প্রত্যুত্তর

কহিয়া পাঠাইল, তাহাতে সেই সময়াবধি আথীনীয়েরা* ও পার্শীরা* পরস্পর যুদ্ধ করিবার উদ্যোগ করিতে আরম্ভ করিল।

এ বিষয়ে আথীনীয়বর্গের* বীরত্বের বিস্তর প্রশংসা করিতে হয়, যেহেতুক তাহাদের সৈন্যসংখ্যা তদ্বিরোধি রাজার সৈন্যসংখ্যার তুল্য কোন মতে ছিল না। সে সময়ে পার্শী ভূপতি জগতের মধ্যে অতিশয় পরাক্রান্ত ছিলেন; কিন্তু ক্ষুদ্র প্রদেশ যে আথীনী† তাহাতে বিশ সহস্র নগরবাসী ও দশ সহস্র বিদেশী এবং প্রায় পঞ্চাশ কিম্বা বাইট সহস্র দাসের অধিক লোক ছিল না; এবং স্পার্টা† প্রদেশে তদপেক্ষায়ও অল্প সেনা ছিল, তথাপি স্পার্টীয়েরা* শেষে এই যুদ্ধে আথীনীয়দের* সহিত সংযোগ করিয়া অতিশয় যশঃ পাইয়াছিল, ইহাদের প্রায় নয় সহস্র নগরবাসী ও ত্রিশ সহস্র কৃষকের অধিক ছিল না। এই রাজ্যদ্বয় একত্র হইয়া গ্রীক† দেশের অন্যান্য ক্ষুদ্র প্রদেশের সহায়তার অধিক অপেক্ষা না করিয়া পার্শিয়ার† রাজাকে কেবল বাধা দিতে সমর্থ হইল এমত নহে, কিন্তু তাঁহার সকল উদ্যোগ বিফল করিল; ইহা এক চিরস্মরণযোগ্য প্রমাণ হইয়াছে, যে স্বাধীনতেচ্ছুক এবং সংগ্রামগৌরবাকাঙ্ক্ষী হইলে মনুষ্যেরা কি রূপ বীরত্ব কর্ম্ম না করিতে পারে।

হিপিয়কে* সিংহাসনে পুনঃস্থাপন করণই কেবল পার্শীদের* ও আথীনীয়দের* পরস্পর যুদ্ধের মূল এমত নহে, কিন্তু আর এক কারণও ছিল, যথা গ্রীক* দেশস্থ ইওনিয়া† ও ইওলিয়া† এবং কারিয়া† প্রদেশহইতে যাইয়া যে সকল লোক ম্যাইনর আশিয়াতে† পাঁচ শত বৎসর বাস করিয়াছিল তাহারা ক্রীস* নামক লিডিয়ার† সম্রাট্দ্বারা

পরাজিত হইয়া তাঁহার অধীন হইয়াছিল, এবং শেষে ঐ রাজা সাইরের* অধীন হওয়াতে, তাঁহার স্বরাজ্য ও পরাজিত দেশ সকল সাইরের* হস্তগত হইল। কিন্তু ঐ দেশান্তরবাসি গ্রীকেরা পূর্ব্বে যে স্বাধীনতা ভোগ করিত তাহা নিতান্ত বিস্মৃত হয় নাই, এই প্রযুক্ত পার্শি-দের* অনধীন হইতে সম্পূর্ণ রূপে চেষ্টিত ছিল, ইহাতে তাহারা হিষ্টিয়*নামক মাইলিট† প্রদেশের শাসন-কর্ত্তা অথবা উপদ্রবীহইতে বিস্তর ভরসা পাইয়াছিল। ঐ শাসনকর্ত্তাকে উপদ্রবী কহিবার কারণ এই, যে তত্রস্থ পার্শী† শাসনকর্ত্তাগণকে গ্রীকেরা* সে সময়ে উপদ্রবী কহিত। ঐ ব্যক্তি পার্শিয়ার† রাজার নিকটে অবিশ্বস্ত হইয়া ইও-নিয়দিগকে* রাজপ্রতিকূলে উত্থাপন করা ব্যতিরিক্ত নিজ রক্ষার অন্য কোন উপায় দেখিতে পাইলেন না, অতএব তাঁহার আজ্ঞানুসারে তাঁহার প্রতিনিধি এরিষ্টাগোরা* প্রথমে লাসিডিমনিয়দের* নিকটে আশ্রয় যাচ্ঞা করিল, কিন্তু সে বিষয়ে তাহাদিগের অমনোযোগ প্রযুক্ত তিনি আথীনিয়দের* উপাসনা করিলেন, এবং তাহারা তদ্বি-ষয়ে মনোযোগ করিতে স্বীকার করিল। হিপিয়কে* পুনঃপদার্পিত করণের নিমিত্ত পারশ্ রাজা গর্ব্বদ্বারা আজ্ঞা করাতে আথীনীয়েরা* তাঁহার প্রতি সে সময়ে অতিশয় ক্রোধান্বিত থাকাতে তাহারা ইওনিয়দিগকে* বিংশতি খান্ ডিঙ্গা দিয়া সাহায্য করিল, এবং ইরিট্রী-য়েরা* ও ইউবীয়েরা* পাঁচ খান ডিঙ্গা দিল।

এই রূপে আশ্রিত হইয়া আরিষ্টাগোরা* পার্শী অধি-কারস্থ লিডিয়ার† মধ্যে প্রবেশ করিয়া সার্ডি† নামক রাজধানী নগর দগ্ধ করিলেন; কিন্তু ইহার কিছু কাল পরেই তাঁহার কোন

অমঙ্গল দর্শনে আথীনীয়েরা* তাঁহাকে পরিত্যাগ করাতে তিনি দেখিলেন, যে পার্শীদের সহিত যুদ্ধ করা অসাধ্য; এবং তিনি ক্রমিক ছয় বৎসর পর্য্যন্ত যুদ্ধ করিয়াছিলেন বটে, কিন্তু শেষে থ্রেস্‌† দেশে পলায়ন করিলে পর তাবৎ সঙ্গির সহিত হত হইলেন। পরে হিস্তিয়* ধৃত হইয়া আর্টাফর্নের* নিকট আনীত হওয়াতে তিনি তাঁহাকে ক্রুশে হত করিয়া তাঁহার মস্তক ডারিয়ের* নিকট পাঠাইতে আজ্ঞা করিলেন।

এই যুদ্ধের আরম্ভে আথীনীয়ের* ও পার্শীদের* পরস্পর বিচ্ছেদ বৃদ্ধি হইল; এবং তৎপরে পার্শীদের যেমত দর্পবৃদ্ধি হইয়াছিল, সেই মত সমুদয় গ্রীক† দেশ জয় করিবার আকাঙ্খাও হইয়াছিল। এই অভিপ্রায়ে ডারিয়* নিজাধিকার কালের অষ্টাবিংশতি বৎসরে আপনার সেনাপতিগণকে পদচ্যুত করিয়া মার্ডোনিয়* নামক নিজ জামাতাকে আশিয়ার† সমুদ্রতটবর্ত্তি অংশ সকলের শাসন করণার্থে এবং বিশেষতঃ সার্ডি† নগর দগ্ধ করার প্রতিফল দেওনের নিমিত্ত পাঠাইলেন, এই অপরাধ তিনি কখন ক্ষমা করিতে কিম্বা বিস্মৃত হইতে পারেন নাই। কিন্তু আথ† নামক পর্ব্বতের অন্তরীপ বেষ্টন কালে মার্ডোনিয়ের* ডিঙ্গা সমূহ ঝড়দ্বারা ভগ্ন হওয়াতেও থ্রাসীয়েরা* রাত্রিযোগে হঠাৎ আক্রমণ করিয়া তাঁহার সৈন্য পরাভূত করত তাঁহাকে আঘাত করাতে তিনি পার্শী† রাজসভায় লজ্জিত ও অপ্রস্তুত হইয়া প্রত্যাগমন করিলেন; কেননা তাঁহার জল ও স্থলপথের যাত্রা অসিদ্ধি হইল। এই প্রযুক্ত ডারিয়* তাঁহাকে অপদস্থ করিয়া মীডজাতীয় ডাটি* ও সার্ডির† পূর্ব্বোক্ত শাসনকর্ত্তার পুত্র আর্টাফর্ন* এই দুই বিজ্ঞ সৈন্যাধ্যক্ষকে তাঁহার পরিবর্ত্তে

নিযুক্ত করিলেন, এবং আপনারও অবিশ্রান্ত পরিশ্রমে ডিঙ্গা ও সৈন্যদ্বারা তাঁহাদের সাহায্য করাতে জয় হইবার নিশ্চয় বোধ হইয়াছিল।

যাহাহউক তিনি ভাবিলেন, যে গ্রীক্‌ দেশ আক্রমণ করিবার পূর্ব্বে তাঁহার সম্ভ্রম ও দয়া প্রকাশ করণার্থে প্রথমে দূতদ্বারা কহিয়া পাঠান উচিত, যদ্যপি তোমরা স্বেচ্ছাতে অধীনতা স্বীকার কর তবে ভালই, নতুবা আমার কোপে পড়িবা। ইহাতে ক্ষুদ্র প্রদেশস্থ লোক সকল তাঁহার শক্তিতে ভীত হইয়া তৎক্ষণাৎ অধীন হইল; কিন্তু আথীনীয়েরা* এবং স্পার্টীয়েরা* পৃথিবীস্থিত কোন রাজার অধীনত্ব স্বীকার করিতে রত ছিল না; অতএব যখন দুই জন দূত আসিয়া ক্ষুদ্র প্রদেশস্থ লোক সকলকে অধীনহইতে কহিবার রীত্যনুসারে মৃত্তিকা ও জল চাহিল, তখন ঐ জাতিদ্বয়ের এক জনকে কূপমধ্যে ও অন্য জনকে এক গর্ত্তমধ্যে নিঃক্ষেপ করিয়া কহিল, যে তোমরা ঐ স্থানহইতে মৃত্তিকা ও জল লইয়া যাও। অধিকন্তু ইজিনিটীয়েরা* নীচত্ব স্বীকারে পার্শীদের* অধীন হইয়া গ্রীক্‌ দেশের অপমান করিয়াছিল বলিয়া ঐ জাতিদ্বয় তাহাদিগকে শাস্তি দিবার প্রতিজ্ঞা করিল। ইজিনিটীয়েরা* কিছু কাল উহাদিগকে বাধা দিয়া আথীনীয়দিগের* সহিত সমুদ্রে যুদ্ধও করিয়াছিল, কিন্তু শেষে পরাভূত হওয়াতে আথীনীয়দের* ডিঙ্গা সমূহ এমত বর্দ্ধিষ্ণু হইল যে সে বিষয়ে তাহারা প্রায় পার্শীদের তুল্য হইল।

এই অবকাশে ডারিয়ের* সৈন্য সংগ্রহ করা সম্পূর্ণ হইল। পরে তিনি ডাটি* ও আটাফর্নকে* ছয় শত যুদ্ধডিঙ্গা ও এক লক্ষ বিংশতি সহস্র সেনা দিয়া জয়ের

নিশ্চয় জানে আথীনি † এবং ইরিট্রীয়া † লুট করিতে ও তত্রস্থ বাটী ও দেবালয় সকল দগ্ধ করিতে এবং দেশ নিবাসিদিগকে বদ্ধ করিয়া আনিতে আজ্ঞা করিলেন; এবং যুদ্ধলব্ধ ব্যক্তিদিগের কারণ প্রচুর বেড়ীও পাঠাইয়াছিলেন।

এরূপ ভয়জনক আক্রমণের বাধা দিতে আথীনীয়দের* কেবল দশ সহস্র সেনা ছিল বটে, কিন্তু তাহারা সকলেই স্বাধীনতেচ্ছায় দুর্জ্জয় সাহসিক ছিল। ইহাদিগের এমত তিন জন উপযুক্ত ও রাজনীতিজ্ঞ সৈন্যাধ্যক্ষ ছিলেন, যে তাঁহাদের তুল্য কোন দেশে কখন জন্মে নাই; এই তিন জনের নাম মিল্টায়ডি* ও থিমিষ্টক্লি* এবং আরিষ্টাইডি*। মিল্টায়ডি* সেনাপতির কর্ম্মে অতিশয় পারগ ছিলেন; থিমিষ্টক্লি* সর্ব্ব প্রিয় রাজ্যেচ্ছুক ছিলেন, এবং স্বীয় লোকদের স্নেহপাত্র হইবার বাঞ্ছাতে সপক্ষপাত বিচারের কারণ অনেকে সর্ব্বদা তাঁহার অখ্যাতি করিত; কিন্তু তিনি এই দুর্নামে বরং গৌরব করিতেন, কারণ এক দিবস কোন ব্যক্তি তাঁহার সহিত তদ্বিষয়ে আলাপ করিয়া কহিল, যে পক্ষপাত না থাকিলে, তুমি অতি যোগ্য বিচারকর্ত্তা হইতা; তাহাতে তিনি এই উত্তর করিলেন, যে যদ্যপি আমার মিত্রেরা অন্যাপেক্ষায় বিশেষ অনুগ্রহ না পায় তবে আমি পরমেশ্বরের নিকট এই প্রার্থনা করি, যেন আমাকে কখন তিনি বিচারাসনে বসিতে না দেন। আরিষ্টাইডি* এমত সূক্ষ্ম বিচারক ছিলেন, যে অদ্যাবধি বিচারার্থে তাঁহার নাম প্রয়োগ হইয়া থাকে।

যুদ্ধের প্রথম ঝোঁক ইরিট্রীয়দের* উপর পড়িয়াছিল, ইহারা যুদ্ধক্ষেত্রে শত্রুপক্ষীয় অগণ্য সেনার বাধা দেওনে

অশক্ত হইয়া নগরমধ্যে বদ্ধ হইয়া রহিল; এবং তথাচ তাহারা ইহা বীরের ন্যায় রক্ষা করিয়াছিল, কিন্তু সাত দিবস অবরোধের পরে শত্রুকর্ত্তৃক দগ্ধ হইয়া ভস্মরাশি হইল। পার্শীরা* ঐ দেশনিবাসিদিগের পায়ে নিগড় দিয়া জয়ের প্রথম ফল স্বরূপ তাহাদিগকে রাজার নিকট প্রেরণ করিল; কিন্তু তিনি তাহাদিগের অনুমানের বিপরীতে তাহাদিগকে অতিশয় কৃপা করিয়া শিষা† দেশের মধ্যে বাসার্থ একখান গ্রাম দিলেন; তথায় ছয় শত বৎসর পরে আপলোনিয় টানিয়* তাহাদিগের বংশ দর্শন করিয়াছিলেন।

এই জয়ংহওয়াতে পার্শীরা* গর্ব্বিত হইয়া দেশমধ্যে গমন করিয়া আথীনীর† তাড়িত রাজ্যাপহারক হিপিয়ের* সহিত নগরের পাঁচ ক্রোশ অন্তরে মেরাথান† নামক যুদ্ধক্ষেত্রে উপস্থিত হইল। আথীনীয়েরা* ও তাহাদিগকে সেখানে বাধা দিতে প্রতিজ্ঞা করিয়াছিল, কিন্তু এই রূপ বৃহৎ কর্ম্ম কেবল আপনাদেরহইতে সম্পন্ন হইতে পারিবে না ইহা জানিয়া তাহারা প্রথমে স্পার্টীয়দের* আশ্রয়ের কারণ দূত পাঠাইয়াছিল, এবং উহারাও তদর্থে প্রস্তুত ছিল, কিন্তু অবৈধ বিশ্বাস প্রযুক্ত তাহারা পূর্ণিমার মধ্যে আসিতে পারিল না; অতএব আথীনীয়েরা* তৎ পরে গ্রীকের অন্যান্য প্রদেশে দূত পাঠাইল কিন্তু ইহারা পারসের† শক্তিতে ভীত হইয়া নিজরক্ষার্থে কোন চেষ্টা করিতে সাহসিক হইতে পারিল না।

এই প্রযুক্ত আপনাদের সাহস মাত্রেই নির্ভর করিতে বাধিত হইয়া তাহারা দশ সহস্র সেনা সংগ্রহ করিয়া দশ জন সৈন্যাধ্যক্ষ নিযুক্ত করিল; তাহাদিগের মধ্যে মিল্টাইএডি* প্রধানছিলেন, এবং এইরূপ একটা নিয়ম হইল, যে ঐ দশ জনে ক্রমশ

•একং দিবস সৈন্যের অধ্যক্ষতা করিবেন, কিন্তু এই নিয়ম শীঘ্র অনুপযুক্ত বোধে আরিষ্টাইডির * পরামর্শানুসারে মিল্টায়ডির * উপর প্রধান ভার রহিল, কেননা তিনি সর্ব্বাপেক্ষায় অধিক বিজ্ঞ ও পারগ ছিলেন। পরে যুদ্ধমন্ত্রণা সভায় কেবল এক জনের মতাধিক্য হওয়াতে এই নির্দ্ধার্য্য হইল যে নগর-প্রাচীরের মধ্যে বদ্ধ না থাকিয়া যুদ্ধ ক্ষেত্রে যাইয়া শত্রুদিগের প্রতিযোগী হওয়া কর্ত্তব্য।

মিল্টায়ডি * আপন সৈন্যের ন্যূনতা দেখিয়া তৎ প্রতীকারার্থে কোন উপযুক্ত স্থানাশ্রয় করণে চেষ্টিত হইয়া আপন সৈন্য এক পর্ব্বতের নিকট শ্রেণীবদ্ধ করিলেন, যেন শত্রুরা তাঁহার পশ্চাদ্দল আক্রমণ করিতে না পারে; পরন্তু আপন সৈন্যের দুই পার্শ্ব ভাগ সবল করণার্থে বৃহৎ২ বৃক্ষ কাটিয়া দুই পার্শ্বে পুঁতিয়া দিলেন। আথীনীয়দের * এমত উপযুক্ত স্থানে থাকাতে যে উপকার দর্শিবে তাহা ডাটি * বুঝিতে পারিলেন বটে, কিন্তু আপন সৈন্যের আধিক্যে ভরসা করিয়া বিপক্ষদের প্রতি স্পার্টীয়দের * সহায়তা না হইতেই যুদ্ধারম্ভ করিবার প্রতিজ্ঞা করিলেন; কিন্তু যুদ্ধ করণ সঙ্কেত হইবামাত্রেই শত্রুরা আক্রমণ করিতে না করিতে আথীনীয়েরা * অনিবার্য্যতা ও উন্মত্ততা পূর্ব্বক ঐ শত্রুগণের উপরে ঝাঁপিয়া পড়িল ইহাতে আথীনীয়েরা * আপনাদের পূর্ব্বরীতির অন্যথা করিয়াছিল, যেহেতুক শত্রুরা প্রথমে আক্রমণ না করিলে তাহারা পূর্ব্বে কখন যুদ্ধে প্রবৃত্ত হইত না। পার্শীরা প্রথমে জ্ঞান করিল যে আথীনীয়েরা * নিরাশ হইয়া উন্মত্ততা প্রযুক্ত এতাদৃশ ব্যবহার করিতেছে; কিন্তু তাহাদিগের প্রথমাবধি সমান সাহস দেখাতে সে ভ্রান্তি দূর হইল। মিল্টায়ডি * বিবেচনা পূর্ব্বক থিমিষ্টক্লি * ও আরিষ্টাইডিকে * সৈন্যপার্শ্বদ্বয়ের অধ্যক্ষ করিয়া তাহা মধ্যভাগহইতে অধিক

শক্ত করিয়াছিলেন; অতএব পার্শীরা সৈন্যের মধ্য ভাগ ক্ষীণ দেখিয়া অতিশয় সাহস পূর্ব্বক আক্রমণ করিল, এবং ঐ ভাগ প্রায় পরাভূত হয় এতৎকালে দুই পার্শ্বের যোদ্ধাগণ জয়ী হইয়া হঠাৎ ঘুরিয়া শত্রুগণের উপর আক্রমণ করাতে তাহারা একেবারে ছিন্ন ভিন্ন হইল; ইহাতে সার্ব্বত্রিক পরাজিত সৈন্যের গোল উপস্থিত হওয়াতে তাহারা শীঘ্র আপনাদের ডিঙ্গায় উঠিয়া পলাইল। আথীনীয়েরা* সমুদ্রতীর পর্য্যন্ত তাহাদিগের পশ্চাৎ দৌড়িয়া কতক গুলা ডিঙ্গা দগ্ধ করিল। যখন শত্রুরা তীরহইতে ডিঙ্গা সকল ঠেলিতে ছিল তখন ইস্কাইল* নামক কবির ভ্রাতা সাইনিজির* একখান ডিঙ্গা ধরিয়াছিলেন; তাহাতে তাহারা তাঁহার দক্ষিণ হস্ত কাটিলে তিনি তাহা বাম হস্তে ধরিলেন, এবং ঐ হস্তও কাটাতে দন্তদ্বারা ধরিলেন, এইরূপে তিনি প্রাণ ত্যাগ করিলেন_

শত্রুদের সাতখান ডিঙ্গা গ্রীকদের হস্তগত হইল, এবং পলায়ন কালে যে সকল লোক জলমগ্ন ও ডিঙ্গামধ্যে দগ্ধ হইয়াছিল তদ্ভিন্ন শত্রুগণের ছয় সহস্র সেনারও অধিক যুদ্ধক্ষেত্রে হত হয়। কিন্তু গ্রীকদের দুইশত লোকের অধিক নষ্ট হয় নাই, ইহাদের মধ্যে কালিমাক* নামক এক জনেরই মতাধিক্যানুসারে যুদ্ধক্ষেত্রে সংগ্রাম হইয়াছিল। অনুমান হয় যে এই যুদ্ধের কারণ যে হিপিয়* তিনি সংগ্রামকালে হত হইয়াছিলেন, ইহা পৃথিবী সৃষ্টির ৩৫১৪ বৎসর পরে ঘটে। কিন্তু কেহ২ কহিয়া থাকেন যে তিনি সেখানহইতে পলায়ন করণানন্তর লিম্ন† উপদ্বীপে যাইয়া অতিকষ্টে মরিয়াছিলেন।

মারাথনের† এই প্রসিদ্ধ সংগ্রাম ইতিহাসের মধ্যে অতিশয় প্রধান বলিয়া গণনা করা যায়, কারণ ইহাহইতেই

গ্রীকেরা পারশ্য রাজার শক্তিকে ঘৃণা করিতে ও তদ্বিপক্ষে সাহস পূর্ব্বক আপনাদের স্বাধীনতা রক্ষা করিতে শিখিল; এবং তদবধি শিল্পবিদ্যাদি বিদ্যার বীজ রোপণ করত তাহারা ক্রমে সুনীতি ও সভ্যতা পাইয়াছিল, পরে ঐ সকল বিদ্যা বৃদ্ধি হইয়া ইউরূপের † সর্ব্বত্রই হিত হইয়াছে।

পার্শীয়েরা * স্বকীয় জয়ের অবধারণ করিয়া তৎস্মরণার্থে স্তম্ভনির্ম্মাণ করিতে যে সংমর্ম্মর প্রস্তর আনিয়াছিল তাহা এই ক্ষণে আথীনীয়েরা * লইয়া পার্শীয়দের * পরাভবের স্মরণার্থ ফিডিয় * নামক প্রসিদ্ধ তাক্ষরদ্বারা একটা মূর্ত্তি নির্ম্মাণ করাইয়া নিমিসি* দেবীর নামে প্রতিষ্ঠিতা করিল, যেখানে ঐ দেবীর একটা মন্দির ছিল। ইহা ভিন্ন আপনাদের যে সকল সেনা সংগ্রামে মরিয়াছিল তাহাদের সমাধির উপর স্তম্ভ নির্ম্মাণ করিয়া তাহার উপরে তাহাদের নাম ও জাতি লিখিয়া দিল। এই সকল সমাধি তিন প্রকার, এক প্রকার আথীনীয়দের * কারণ, দ্বিতীয় প্রকার প্লাটীয়দের * কারণ, এবং অন্য প্রকার দাসদের জন্য হইয়াছিল; দাসেরাও এই অত্যাবশ্যক সময়ে সেনাগণ মধ্যেগণ্য হইয়াছিল। মিল্টায়ডির* প্রতি কৃতজ্ঞতা প্রকাশার্থে আথীনীয়েরা * পলিগ্‌নোট * নামক এক খ্যাত চিত্রকরদ্বারা এক খান পট চিত্র করাইল, তাহাতে ঐ মহাবীর অন্য ২ সেনাপতিদের অগ্রে সেনাগণকে সাহস প্রদান করিতেছেন এই রূপ চিত্রিত ছিল।

এই মহা যোদ্ধার প্রতি তাঁহাদিগের যথার্থ কৃতজ্ঞতা ছিল বটে, কিন্তু তাহা বহুকাল রহিল না। আথীনীয়দের * সকল গুণ থাকিতেও তাহারা স্বাভাবিক চঞ্চলপ্রযুক্ত যে সকল লোক গুণবিশিষ্ট ও শক্তিমান্ কিম্বা সর্ব্বপ্রিয় হইত তাহাদিগকে রাজ্যের মন্দকারী জ্ঞান করিয়া দ্বেষ করিত। ইহার

প্রাণ মিল্টায়ডির * উপরে দর্শিল; কারণ যে সময়ে তিনি পারিয়দের * সহিত যুদ্ধে অস্ত্রাঘাতে পীড়িত হইয়াছিলেন, সেই সময় সান্থিপ * নামক এক ব্যক্তি তাঁহাকে ঘুষ গ্রহণের অপবাদ দিয়াছিল, তাহাতে সকলের সম্মুখে উপস্থিত হইয়া প্রত্যুত্তর করিতে অক্ষম হওয়াতে তাঁহার প্রাণ দণ্ডের আজ্ঞা হইল। কিন্তু আথীনীয়েরা * তাঁহার কার্য্য সকল স্মরণ পূর্ব্বক ঐ নিষ্ঠুর আজ্ঞার পরিবর্ত্ত করিয়া পঞ্চাশ টেলেণ্ট † মুদ্রা দণ্ড করিবার আজ্ঞা করিল। কিন্তু মিল্টায়ডি * ঐ মুদ্রা দিতে অশক্ত হওয়াতে তাহারা তাঁহাকে কারাগারে বদ্ধ করিলে তথায় তিনি কিছু কাল পরেই মরিলেন; কিন্তু যাবৎ ঐ মুদ্রার পরিশোধ না হয় তাবৎ তাঁহার শরীর কবরস্থ করিবার অনুমতি না করাতে তাঁহার পুত্র সাইমন * সকল আত্মীয় অন্তরঙ্গের নিকট যাচ্ঞা করিয়া ঐ মুদ্রার পরিশোধ পূর্ব্বক আপন পিতার সৎকার্য্য সুন্দর রূপে করিলেন।

৫ অধ্যায়।

মিল্টায়ডির * মৃত্যু অবধি সর্ক্সির * গ্রীক্ † দেশহইতে পলায়ন পর্য্যন্তের বিবরণ।

মেরাথনের † যুদ্ধে পরাভব হওয়াতে ডারাইয়ের * যে ক্ষতি হইয়াছিল তাহাতে ভীত হওয়া দূরে থাকুক বরং ক্রোধান্বিত হইয়া গ্রীক্ † দেশকে স্বয়ং আক্রমণ করিবার উদ্যোগ করিতে লাগিলেন। এই কালে গ্রীক্ † দেশের ভাগ্যক্রমে তাঁহার মৃত্যু হওয়াতে সে উদ্যোগের ব্যাঘাত হইল। সে যাহা হউক, তাঁহার পুত্র সর্ক্সি * রাজা হইয়া পিতার ইষ্টসিদ্ধি করিবার প্রতিজ্ঞা করিলেন। ইজিপ্ট † দেশে

এক যুদ্ধে জয়ী হইয়া তিনি জ্ঞান করিলেন, যে তদ্রূপ ইউরুপেও হইবে; এই আশাতে কহিলেন, ভবিষ্যৎ কালের কারণ আটিকার † ডুমুর ফল কিনিবার আবশ্যক নাই, কারণ ঐ দেশে অধিকার হইলে তথাকার তাবৎ ডুমুরই আমার হইবে। কিন্তু তিনি ভাবিলেন, যে এতাদৃশ প্রধান যুদ্ধে প্রবৃত্ত হওয়ার পূর্ব্বে আপন রাজসভায় প্রধানং লোকদের মন্ত্রণা লওয়া আবশ্যক। মার্ডোনিয় * নামক তাঁহার ভগিনীপতি তাঁহার প্রস্তাভিপ্রায় জানিয়া ঐ প্রতিজ্ঞার বিস্তর প্রশংসা করিয়াছিলেন; কিন্তু আর্টাবেন * নামক তাঁহার পিতৃব্য বয়োধিক প্রযুক্ত বহুদর্শী ও বিজ্ঞ ছিলেন, তিনি তাঁহাকে এতদ্রূপ অবিবেকি মনস্থহইতে পরাঙ্মুখ করাইবার জন্যে বিস্তর বিতণ্ডা পূর্ব্বক পশ্চাত্ কথা কহিলেন।

হে মহাশয়, আমার বয়োধিক প্রযুক্ত বিবেচনা অধিক ও আমি তোমার মঙ্গলার্থী, অতএব আমাকে অনুমতি কর যে এই আবশ্যক বিষয়ে আপন মত ব্যক্ত করি। যখন তোমার পিতা ও আমার ভ্রাতা ডেরাইয় * সাইথিয়নদের * সহিত যুদ্ধ করিতে মনস্থ করিয়াছিলেন, তখন আমি তাঁহাকে তাহাহইতে ক্ষান্ত করিতে বিস্তর চেষ্টা করিয়াছিলাম। যাহাদিগকে তুমি আক্রমণ করিবার বাঞ্ছা করিতেছ তাহারা উহাদের অপেক্ষায় অতিশয় পরাক্রান্ত; যদ্যপি আমাদের অগণ্য সেনা এবং ডাটি * ও আটাফর্ন * সেনাপতি দ্বয় কেবল আথীনীয়দের * দ্বারাই পরাভূত হইয়াছে, তবে গ্রীকের † তাবৎ প্রদেশ একত্র হইয়া বিপক্ষ হইলে আমাদিগের কি হইতে পারিবে? তুমি স্থির করিয়াছ, সমুদ্রোপরি সেতু নির্ম্মাণ করিয়া আশিয়া † হইতে ইউরপে † যাইবা; কিন্তু যদ্যপি আথীনীয়েরা * আসিয়া তাহা উচ্ছিন্ন করিয়া আমাদিগের পুন-

রাণঘরের ব্যাঘাত করে তবে কি হইবে? পরন্তু এতাদৃশ বিপদ্যুক্ত হওনের প্রয়োজন কি! এবং যদ্যপি নিতান্তই করিতে হয়, তথাপি কিঞ্চিৎকাল বিবেচনা করা উচিত; বিবেচনাদ্বারা এক বিষয় স্থির করণের পর মন্দ হই-লেও তজ্জন্য খেদের বিষয় হয় না। কোন বিষয়ে চঞ্চল হওয়া স্বীয় অবিজ্ঞতা প্রকাশ করা মাত্র, এবং তাহাতে কখন কার্য্য সিদ্ধ হয় না। এবং হে রাজন্, মিথ্যা গৌর-বের প্রত্যাশায় মোহিত হইও না, অতি উচ্চ বৃক্ষেই বজ্রা-ঘাতের শঙ্কা হয়। কিন্তু হে মার্ভোনিয়* যদ্যপি এই যুদ্ধ করিতে তোমার নিতান্ত ইচ্ছা থাকে তবে তুমিই যাও; কিন্তু রাজা পার্শিয়াতে† থাকুন, কারণ তাঁহার প্রাণ আমাদের সকলের প্রিয়, এবং যুদ্ধের জয় পরাজয়ের কারণ তোমার ও আমার সন্তানেরা বন্ধক থাকুক; যদ্যপি জয়ী হও তবে আমার সন্তানদিগকে বধ করিব, কিন্তু আমার নিশ্চয় বোধ হইতেছে যে পরাভূত হইবা, তাহা হইলে তোমাকে ও তোমার সন্তানদিগকে বধ করা যাইবে।

পার্শীয়† রাজা এমত অহঙ্কারী ছিলেন, যে তাঁহার পিতৃব্যের এই সকল যথার্থ বাক্য কোন মতে সহ্য করিতে না পারিয়া তাঁহাকে কটু বাক্যদ্বারা উত্তর করিলেন, ভাগ্যে তুমি আমার পিতৃসহোদর, নতুবা এইক্ষণেই তোমার এই নির্ভয় কথার উপযুক্ত প্রতিফল দিতাম, কিন্তু তাহা না দিয়া কিঞ্চিৎ শাস্তি দিব, এই নিমিত্ত তোমাকে স্ত্রীলোক-দের মধ্যে থাকিতে হইবে; কারণ তুমি ভীরু, তদ্বি-মিত্ত তাহাদিগের সদৃশ হইয়াছ; এবং আমি আপন কর্ত্তব্য কর্ম্মের অনুবর্ত্তী হইয়া সৈন্যের সহিত যুদ্ধার্থে যাই।

সর্কি * গ্রীক † যুদ্ধযাত্রায় এই রূপ প্রতিজ্ঞা করিয়া আড়ম্বর পূর্ব্বক উদ্যোগ করিতে লাগিলেন, তাহাতেই বোধ হয় যে শত্রুগণের বীরত্ব আছে, ইহা তাঁহার মনে নিশ্চয় উদয় হইয়াছিল। সার্ডি† নগরে নিজ স্থলস্থ সেনাগণকে একত্র হইতে এবং ক্ষুদ্র সকল মাইনর আশিয়ার † নিকট দিয়া হেলেস্পান্টের দিকে পাঠাইতে আজ্ঞা করিলেন। তথায় শীঘ্র গমনার্থে এথ † পর্ব্বত ও মহাদ্বীপের মধ্যে যে সুঁড়ী পথ ছিল তাহাতে একটা খাল কাটাইলেন; এবং সেই কালে পূর্ব্বদেশীয় রাজাদের গর্ব্বিত রীত্যনুসারে ঐ পর্ব্বতকে এই কহিয়াছিলেন, রে অহঙ্কৃত আথ † পর্ব্বত, তোমার এত সাহাস আমার গমনের ব্যাঘাত কর! যদি তাহা কর, তবে তোমার মস্তকচ্ছেদন করিয়া সমুদ্রমধ্যে নিঃক্ষেপ করিয়া সমভূমি করিব।

আবশ্যক হইলে তিনি কি পর্য্যন্ত নিষ্ঠুর কর্ম্ম করিতে পারিতেন তাহার এক প্রমাণ সার্ডিতে † গমনকালে প্রকাশ করিয়াছিলেন, যথা লিডিয়া † দেশের পিথিয় * রাজার জ্যেষ্ঠকুমারকে আপন সঙ্গে যাইতে কহিলে তাঁহার পিতা তাঁহার গমনে অনুমতি না দিয়া সর্কিকে* চল্লিশ লক্ষ ইংগ্লণ্ডীয় মুদ্রা দিতে চাহিয়াছিলেন; এবং ঐ যুবরাজ স্বদেশে থাকিবার ইচ্ছা করাতে, সর্কি * তাঁহার পিতার সম্মুখে তাঁহাকে বধ করিয়া ঐ মৃত শরীর দুই খণ্ড করিয়া এক খণ্ড দক্ষিণ পার্শ্বে এবং অন্য খণ্ড বাম পার্শ্বে রাখিয়া সকল সৈন্য তন্মধ্য দিয়া চালাইলেন। ইহার তাৎপর্য্য এই, তাহা দেখিয়া সকলেরই ভয় হইবে, যে তাঁহার আজ্ঞা অন্যথা করিলে ঐ দুর্দ্দশা হয়।

তাঁহার কেবল পার্শী* সৈন্য ছিল এমত নহে, কিন্তু মীডিয়* ও লিডিয়* ও বেক্‌ট্রীয়া* ও আসিরীয়* ও হির্কেনীয়ি* এবং যে২ জাতি তাঁহার অধীন ছিল, অথবা তাঁহার শক্তিদর্শনে ভীত ছিল বা তাঁহার সহিত সন্ধি করিতে বাঞ্ছিত ছিল এমত সকলেই তাঁহার সৈন্যান্তর্গত হইল, সকলে প্রায় বিশ লক্ষ সেনা হইবে। খাদ্য দ্রব্য লইয়া গমনার্থ এক সহস্র ক্ষুদ্র ডিঙ্গা আর তদ্ভিন্ন চৌদ্দ শত সাতাইস্ খান যুদ্ধডিঙ্গা গিয়াছিল, এই সকল ডিঙ্গার উপর ছয় লক্ষ লোক ছিল, ইহাদের সকলকে গণনা করিলে পঁচিশ লক্ষ সেনারও অধিক হয়; এবং যে সকল স্ত্রীলোক ও দাস ও ভক্ষ্য দ্রব্যব্যবসায়িগণ পার্শীয় শিবিরের সহিত প্রায় গিয়া থাকে, এই সকলে পঞ্চাশ লক্ষ প্রাণী গিয়াছিল। এই রূপ সৈন্য ধারামতে চালাইলে পৃথিবী জয় করিতে পারিত, কিন্তু অজ্ঞানতায় গর্ব্বের দ্বারা চালানতে গ্রীকের† ক্ষুদ্র অথচ সাহসিক প্রদেশস্থদের দ্বারা তাড়িত হইয়া শেষে পরাভূত হইল।

মারাথনের† যুদ্ধের দশ বৎসর পরে সর্ক্সি* এই বৃহৎ সৈন্যের সহিত পৃথিবী সৃষ্টির ৩৫২৩ বৎসর পরে গ্রীক† দেশে যাত্রা করিলেন। তিনি এই সৈন্যগণের প্রতি দৃষ্টি করিয়া পরাক্রান্ত জ্ঞান করিয়া অতি আনন্দিত হইলেন, কিন্তু কিঞ্চিৎকাল পরেই দয়া উপস্থিত হইল, এবং ঐ লক্ষ২ লোকের মধ্যে এক প্রাণীও এক শত বৎসর পরে জীবিত থাকিবে না ইহা ভাবিয়া রোদন করিতে লাগিলেন। আশিয়া† ও ইউরপের† মধ্যে অর্দ্ধ ক্রোশ প্রশস্ত হেলেস্পান্ট† নামক যে খাঁড়ি আছে, ও যাহাকে এইক্ষণে ডার্ডানিলি† কহা যায়, তিনি

তাহার উপর নৌকাদ্বারা এক সেতু প্রস্তুত করিতে আজ্ঞা দিয়াছিলেন; কিন্তু ঐ সেতু স্রোতোদ্বারা ভগ্ন হওয়াতে তিনি নিষ্ঠুর রূপে তন্নির্ম্মাণকারিদিগের মস্তক ছেদন করাইয়াছিলেন, এবং উন্মত্তের ন্যায় সমুদ্রের প্রতি ক্রোধ প্রকাশ করিয়া সমুদ্রের শান্তিজন্য কোড়া মারিতে ও তন্মধ্যে শৃঙ্খল নিঃক্ষেপ করিতে আজ্ঞা দিলেন, যেন সমুদ্র তাঁহার ইচ্ছার বিপরীতাচরণ কখন না করে। ইহাতে বোধ হয়, একাধিপত্য শক্তিতে কেবল অন্তঃকরণ নষ্ট করে এমত নহে, কিন্তু বুদ্ধিকেও ক্ষীণ করে। তাহার পর শীঘ্র অন্য একটা সেতু নির্ম্মাণ করাইয়া তাহার উপর দিয়া সৈন্যেরা অনায়াসে গমন করিল, কিন্তু তাহাদের এমত অসংখ্য সৈন্য যে সাত দিনের পূর্ব্বে তদ্দ্বারা পার হইতে পারে নাই।

সর্কিস* এই রূপে ইউরপে† উত্তীর্ণ হইয়া অবিলম্বে গ্রীক† দেশের প্রতি যাত্রা করিলেন, তাহাতে যে২ দেশের মধ্য দিয়া গিয়াছিলেন, তাহারা সকলেই তাঁহার অধীনত্ব স্বীকার করিতে লাগিল; গ্রীকের† ক্ষুদ্রপ্রদেশস্থেরাও তাঁহার শক্তিতে ভীত হইয়া তাঁহার প্রথম আজ্ঞাতেই অধীন হইল; কেবল আথীনীয়েরা* ও স্পার্টীয়েরা* এতাদৃশ ভীরুতায় ঘৃণা করিয়া আপনাদের আক্রমণকারিকে বাধা দিবার মত স্থির করিয়া, দেশের স্বাধীনতা রক্ষা করিব নতুবা মরিব এই রূপ প্রতিজ্ঞা করিয়াছিল। সর্কিসের* যুদ্ধোদ্যোগের আরম্ভাবধি তাহারা তাঁহার মনস্থের সংবাদ পাইয়া তাহা নষ্ট করিবার উদ্যোগ করিতে ছিল। শত্রুদিগের কত ও কি রূপ সৈন্য ইহা জানিবার জন্য তাহারা সার্ডিতে† কএক অনুসন্ধানি দূত পাঠাইয়াছিল, কিন্তু তাহারা ধৃত হইলে সর্কিস* তাহাদিগকে কোন শাস্তি না দিয়া

বা বস্ত্র না রাখিয়া বরং শিবিরের তাবৎ ব্যাপার দেখাইতে আজ্ঞা করিলেন; পরে বিদায় করিয়া কহিলেন, যে তোমরা দেশে যাইয়া সকল যথার্থ রূপে কহিবা। কিন্তু আথীনীয়েরা* ও প্লার্টীয়েরা* ঐ পরাক্রান্ত বিপক্ষ সৈন্যের সমাচার শুনিয়া কিম্বা ক্ষুদ্র২ প্রদেশের অধীনত্ব স্বীকারেতেও ভীত না হইয়া একত্র হইয়া শত্রুদিগকে নিবারণ করিবার প্রতিজ্ঞা করিল। তাহাদের সৈন্য একাদশ সহস্র দুই শতের অধিক ছিল না, এবং তাহারা এতাদৃশ অল্প লোক লইয়া সর্ক্সির* অসংখ্য সৈন্যের প্রতিরোধ করিতে নিশ্চয় করিল।

তাহারা সর্ব্বাগ্রে বিবেচনা পূর্ব্বক থেমিষ্টক্লিকে* সেনাপতিত্বে নিযুক্ত করিল, তাঁহার তুল্য উপযুক্ত লোক মিল্টায়ডির* মৃত্যুর পর অন্য কেহ জন্মে নাই; আর তাহারা আরিষ্টাইডিকে* পুনর্ব্বার ডাকিল, যিনি পূর্ব্বে স্বদেশীয় বিরোধিদের দ্বারা দেশবহির্ভূত হইয়াছিলেন। থেমিষ্টক্লি* সেই বিরোধিদের মধ্যে প্রধান ছিলেন, অতএব প্রধান লোকেরা স্বদেশের ভদ্রের কারণ তুল্য মনোযোগী হইলেও তাহার মধ্যে কখন২ এমত দ্বেষ জন্মে। আরিষ্টাইডির* দেশ বহিষ্কৃত হওনের পূর্ব্বে এক জন প্রজা আপনার নাম লিখিতে অযোগ্য প্রযুক্ত আরিষ্টাইডিকে* না জানিয়া তাঁহার নিকটে যাইয়া তাঁহারই বিপক্ষে আপনার নাম খোলার উপর লিখিয়া দিতে কহিলে আরিষ্টাইডি* তাহাকে জিজ্ঞাসা করিলেন, তিনি তোমার কি ক্ষতি করিয়াছেন, যে তুমি তাঁহাকে এই রূপে দোষী করিবার সম্মতি দিবা? তাহাতে সে উত্তর করিল, তিনি আমার কোন মন্দ করেন নাই, কিন্তু সূক্ষ্ম বিচার জন্য তাঁহার

প্রশংসা প্রশংসা শুনিতে আমি ঘৃণা করি; ইহা শুনিয়া আরিষ্টাইডি* তাঁহার নাম লিখিয়া দিয়া সন্তোষ মনে দেশান্তরে গমন করিলেন। সে যাহা হউক তাঁহার অসাধারণ গুণ আছে জানিয়া তাঁহার সৎপরামর্শ গ্রহণাকাঙ্ক্ষী হইয়া থেমিষ্টক্লি* তাঁহাকে পুনরাহ্বানকরণবিষয়ে সেই রূপ ব্যগ্র হইলেন, যে রূপ তাঁহাকে দেশান্তর করণার্থে হইয়াছিলেন। এবং এই দুই প্রধান ব্যক্তি পরস্পর গুপ্ত বিসংবাদ ও দ্বেষ ক্ষমা করিয়া দেশের উপকারার্থে প্রবৃত্ত হইলেন।

থেমিষ্টক্লি* শত্রুদিগকে সমুদ্রে ও স্থলে প্রতিরোধ করিবার আবশ্যক বুঝিয়া পূর্ব্বে একশত খান ডিঙ্গা নির্ম্মাণ করাইয়াছিলেন; এবং যাহাতে সমুদ্রীয় বল বৃদ্ধির সম্ভাবনা হয় এমত সকল বিষয়েই চেষ্টিত ছিলেন। ইহার কিছু কাল পূর্ব্বে এই দৈববাণীর প্রকাশ হইয়াছিল, যে আথীনী† নগর কেবল কাষ্ঠের প্রাচীরদ্বারা রক্ষা পাইবে। তিনি এই অস্পষ্ট বাক্য স্বদেশীয়দিগকে এই রূপে বুঝাইয়াছিলেন, এতাদৃশ প্রাচীরে ডিঙ্গাভিন্ন অন্য কিছু বুঝায় না। লাসিডিমোনীয়েরা* ও আপনাদিগের সমুদ্রীয় বলবৃদ্ধি করণার্থ পরিশ্রম করিতে ত্রুটি করে নাই। অতএব সর্ক্সির* আগমন কালে ঐ মিলিত জাতিদ্বয়ের যে দুইশত অশীতি খান ডিঙ্গা ছিল, তাহার অধ্যক্ষতার ভার স্পার্টান্* জাতীয় ইউরিবাইয়েডির* উপরে অর্পিত হইল।

তৎপরে কোন্ স্থানে থাকিয়া শত্রুগণকে প্রথমে বাধা দেওয়া যাইবে তাহা স্থির করিবার নিমিত্তে বিস্তর বিবেচনার পর থর্ম্মপিলি†০ নামক মোহানায় থাকার নিশ্চয় হইল। ঐ মোহানা থেসেলি† ও ফোসি† দেশের মধ্যভাগে

আছে, এবং তাহা প্রস্থে ষোল হাত মাত্র, তাহার আপয়ার্থ কএক- তার যুক্ত একটা প্রাচীন ভগ্ন প্রাচীর ছিল। ঐ স্থানে কিছু উষ্ণ স্নানাগার থাকাতেই সে স্থান বড় প্রসিদ্ধ, এবং তাহাতেই থর্ম- পিলি † নাম পাইয়াছে। লিয়নিড* নামক স্পার্টার এক রাজা ঐ স্থানের রক্ষক হইয়া ছয় সহস্র সেনার সহিত তথায় গিয়াছিলেন। ইতোমধ্যে কেবল তিন শত স্পার্টান,* অবশিষ্ট থিওশিয়ন* ও কোরিন্থিয়ন* ও ফোশিয়ন* এবং অন্যান্য জাতীয়েরা ছিল। ঐ উৎকৃষ্ট দলস্থেরা আপনাদের জীবনাশা পরিত্যাগ পূর্ব্বক প্রথমাবধি এই রূপ স্থির করিয়াছিল, আমরা এই স্থানে মৃত্যুস্বীকার করিয়াও শত্রুগণের আগমনে বাধা জন্মাইব, ও গ্রীকের কি পর্য্যন্ত সাহস তাহা তাহাদিগকে জানাইব। ঐ দলস্থদিগকে অসম সাহস দেওনের নিমিত্ত অনেক দৈববাণীরও প্রকাশ হইয়া এই রূপ ব্যক্ত হইয়াছিল যে হর্কিউলিস* বংশজ এক জন রাজা হত হইলেই গ্রীক † দেশ রক্ষা পাইবে; অতএব ঐ বংশজ লিয়নিড* প্রফুল্লান্তঃকরণে মৃত্যুস্বীকার করিয়া লেসিডিমন † হইতে গিয়া এই রূপ ভাবিলেন যে আপনিই ইচ্ছা পূর্ব্বক স্বদেশোপকারার্থে হত হইতে যাইতেছি।

এমন সময় সর্ক্সি* আপন অগণ্য সৈন্যের সহিত অগ্রসর হইয়া এই ভাবিলেন, গ্রীকেরা ইহা দেখিলেই ভীত হইয়া কোন বাধা না দিয়া একেবারে অধীন হইবে, কিন্তু কতক গুলিন নির্ভয় লোক থর্মপিলির † মোহানা দিয়া তাঁহার গমনের বাধা দিতে প্রতিজ্ঞা করিয়াছে দেখিয়া তিনি অত্যন্ত চমৎকৃত হইলেন। প্রথমে এমত ভাবেন নাই যে তাহারা ঐ প্রতিজ্ঞায় বহুকাল সুদৃঢ় থাকিবে; অতএব তাহাদিগকে তদ্বিষয়ে চারিদিন পর্য্যন্ত বিবেচনা করিতে আজ্ঞা দিলেন, এবং তাহাদের ভ্রান্তি নাশ হইলেই প্রস্থান করিবে ইহা নিশ্চয় করিলেন।

কিন্তু তাহারা সে স্থানহইতে গমন করিল না দেখিয়া তাহাদিগকে আজ্ঞা করিয়া পাঠাইলেন, তোমরা যুদ্ধাস্ত্র সকল পরিত্যাগ কর। ইহাতে লিয়নিড * স্পার্টীয় স্বাভাবিক স্পর্দ্ধা পূর্ব্বক উত্তর করিলেন যদি তোমার সাধ্য হয় তবে আসিয়া অস্ত্র লইয়া যাও। এবং পার্শীয়ন সৈন্য এত ছিল যে তাহাদিগের শূলেতে সূর্য্য আচ্ছন্ন হইতে পারে এইরূপ কোন২ লোকের কহাতে ডায়নিসি * নামক একজন স্পার্টান উত্তর করিলেন, ভালই আমরা তৎছায়াতে যুদ্ধ করিব।

সর্ক্সি * এই রূপ বিদ্রূপেতে ক্রোধী হইয়া শীঘ্র আক্রমণ করিতে প্রতিজ্ঞা করিলেন। প্রথমে মিড* জাতীয় একদল সৈন্য সংগ্রামে প্রবৃত্ত হইয়া ত্বরায় পরাভূত হইল, তাহাতে তাহাদিগের বিস্তর লোক হত হইয়াছিল; তৎপরে অমর দল নামক পার্শীদের * দশ সহস্র সংখ্যক এক দল সৈন্য গ্রীকদিগকে * উৎখাত করিতে উদ্যোগ করিলে তাহাদিগেরও ঐ রূপ দুর্দ্দশা ঘটিল। সংক্ষেপে কহি, গ্রীকেরা পার্শীদের তাবৎ সৈন্যের প্রতিযোগ করিয়া পূর্ব্বোক্ত পদে দুই দিবস পর্য্যন্ত দৃঢ় ছিল; এবং তথায় বহু কাল থাকিতে পারিত, কিন্তু ট্রেচিনিয়ন্* জাতীয় ইপিএল্টি* নামক একব্যক্তি বিশ্বাসঘাতকতা পূর্ব্বক পার্শীদের * সহিত মিলিয়া তাহাদের বিংশতি সহস্র সৈন্য এক গুপ্ত পথ দিয়া পূর্ব্বোক্ত মোহানার উপরিস্থ একটা পর্ব্বতের উপরে লইয়া যাওয়াতে গ্রীকদের বিপদ ঘটিল।

শত্রুদিগকে এমত স্থানে দেখিয়া লিয়নিড * নিশ্চয় ভাবিলেন, যে আমার এই স্থান রক্ষা করা ভার। এই হেতুক তিনি অন্য জাতীয় বন্ধু গণকে প্রস্থান করিতে কহিলেন, কেননা তাহারা গ্রীকের ভবিষ্যৎ রক্ষার নিমিত্ত প্রস্তুত হইতে পারিবে,

কিন্তু আমারও স্বজাতীয়দের দেশব্যবস্থায় পলায়ন করা নিষেধ আছে, অতএব স্বদেশরক্ষার্থে আমার মৃত্যু স্বীকার করিতে হইবে। এই রূপে তিনশত স্পার্টান ও থেস্পিয়ন্ * এবং থিবন্ * জাতীয় কতক লোক সমুদয়ে এক সহস্র হইবে না, তাহা ভিন্ন সকলকে বিদায় করিয়া আপন সহবাসিদিগকে মৃত্যুর কারণ সসজ্জ হইতে কহিলেন, হে সেনা গণ, আইস, আমরা এই স্থানে হৃষ্ট মনে আহার করি, কারণ রজনীতে আমাদিগের যমের সহিত আহার করিতে হইবে, ইহা শুনিয়া তাঁহার সেনারা এমত চীৎকার করিয়া উঠিল যেন তাহাদিগের কোন বৃহৎ ভোজের নিমন্ত্রণ হইল। এবং সকলে আপন ২ জীবন অতি দুর্ম্মূল্য রূপে বিক্রয় করিতে প্রতিজ্ঞা করিয়া নিশাতে শত্রুগণের শিবিরে যাইয়া প্রাণ দেওনের অবধারণ করিল। অন্ধকারে তাহাদের সেনার অল্পতার অপ্রকাশ হওয়াতে পার্শীয়দের মনে ভয় হইবে, এইরূপ ভাবিয়া তাহারা পার্শীয় শিবিরে গিয়া অধিক রাত্রিতে রাজাকে আক্রমণের মনস্থ করিয়া তাঁহার আবাস পর্য্যন্ত প্রবেশ করিয়াছিল। অন্ধকার জন্য পার্শীদের অতিশয় শঙ্কা হইল এবং শত্রুমিত্রের প্রভেদ করিতে না পারাতে পরস্পর হত্যা করিতে লাগিল, ইহাতে গ্রীকদের অপকার না হইয়া বরং এইরূপ দুঃসাহসের লাভ দর্শিতে লাগিল। পরে প্রভাত সময়ে তাহাদের অল্পসেনার ক্রমে প্রকাশ হওয়াতে পার্শীয়েরা * তাহাদিগকে ত্বরায় বেষ্টন করিল, কিন্তু তাহাদের নিকটে যাইতে না পারিয়া অন্তর হইতে শূলপী নিক্ষেপ করিতে লাগিল। পরে গ্রীকেরা পরাভূত না হইয়া বরং পরাজয় করিতে ২ ক্লান্ত হইয়া শত্রুশবোপরি পতিত হইয়া হত হইল। ইহাদের সাহসের তুল্য প্রমাণ ইতিহাসের মধ্যে পাওয়া

রাজা বা। ঐ প্রথম মৃতব্যক্তিদিগের মধ্যে লিয়নিড * এক জন, তাঁহার শব লইতে লেসিডিমোনিয়েরা বিস্তর উদ্যোগ করিয়াছিল। সংগ্রামের শেষ হইলে তাঁহার শরীর ঐ শব রাশির মধ্যে পাওয়া গেলে তাঁহার অপমান করণার্থে সর্ক্সিস * তাহা ক্রুশে বিদ্ধ করিয়া রাখিয়া ছিলেন। গ্রীকদের সকল সৈন্যের মধ্যে আরিষ্টডিম * ও পেনিটি * নামক দুই ব্যক্তি কেবল পলায়ন করিয়াছিল। পেনিটি * স্পার্টায় † প্রত্যাগমন করিলে তাঁহাকে সকলে এমত অবজ্ঞা করিতে লাগিল যে তিনি মনোদুঃখে আত্মহত্যা করিয়াছিলেন। কিন্তু আরিষ্টডিম * প্লেটিয়ার † যুদ্ধে সাহসপ্রকাশদ্বারা আপন সম্মান পুনর্ব্বার পাইয়াছিলেন। অনুমান হয় এই যুদ্ধে পার্শীদের * বিংশতি সহস্র সৈন্য হত হইয়াছিল, তাহাদের রাজার দুই ভ্রাতাও মরিয়াছিলেন।

থর্মপিলির † যুদ্ধদিবসে গ্রীকের † ও পার্শীয়ার † ডিঙ্গায় পরস্পর সমুদ্রযুদ্ধও হইয়াছিল; তাহাতে গ্রীকেরা শত্রুদের ত্রিশখান ডিঙ্গা হরণ বা জলমগ্ন করিয়াছিল, এবং এক শত সত্তরিখান গভীর জলে ভাসাইয়া দিলে তাহা তথায় বায়ু বেগে ডুবিয়াছিল বা চড়ায় লাগিয়া খণ্ডং হইয়াছিল।

সে যাহা হউক, সর্ক্সিস * পূর্ব্বোক্ত মোহানা পার হইয়া দেখিলেন, যে তাঁহার দেশমধ্যে প্রবেশ করণে কেহ প্রতিবন্ধক নহে, এই প্রযুক্ত তিনি একেবারে আথীনীর প্রতি যাত্রা করিলেন, কারণ তৎ প্রতিহিংসা করিতে তাঁহার বিশেষ প্রতিজ্ঞা ছিল। থেমিষ্টক্লি * আপন দেশ রক্ষার কোন উপায় না দেখিয়া স্বদেশীয়দিগকে কিয়ৎ কাল আথীনী † নগর পরিত্যাগ করাইতে বিস্তর বক্তৃতা ও বিনতি করিয়াছিলেন, এবং বহুকষ্টে তাহাদি-

গাকে তদ্বিষয়ে প্রবৃত্তি লওয়াইতে সমর্থ হইলেন। এই প্রযুক্ত এতদ্রূপ এক আজ্ঞাপ্রকাশ হইল যে আথীনী † কিছু কালের নি- মিত্তে দেবতাদিগের হস্তে বিশ্বাস করিয়া স্বাধীন নগরবাসী বা দাসদিগকে ডিঙ্গায় আরোহণ করিতে হইবে। যাহারা যুবা এবং সাহসী তাহারা সকলে সেলামিনা উপদ্বীপে ডিঙ্গা লইয়া গেল; এবং প্রাচীনেরা ও স্ত্রীগণ এবং শিশুসকলে ট্রিজিনিতে † আশ্রয় লইল, তথাকার নিবাসিরা তাহাদিগকে অনুগ্রহ পূর্ব্বক স্থান দিল; কিন্তু খেদের বিষয় এই, যে অশক্ত প্রযুক্ত অনেক বৃদ্ধ লোককে পরিত্যাগ করিয়া যাইতে হইয়াছিল। এতদ্ভিন্ন অনেকেই দৈব- বাণীমতে আথীনীনগরে কাষ্ঠ বেষ্টিত দুর্গ করিয়া সে স্থান নির্ভয় জানিয়া ইচ্ছাপূর্ব্বক রহিয়াছিল। অধিকন্তু প্রাচীন স্ত্রী লোকেরা যেং স্থানে বহুকাল বাস করিয়াছিল সেইং স্থা- নকে অতিশয় স্নেহ পূর্ব্বক আলিঙ্গন কবিতে লাগিল; স্ত্রীলোকেরা পথেং অতিশয় বিলাপ ও ক্রন্দন করিয়া- ছিল; এবং প্রতিপালিত পশু সকলও ঐ দুঃখে দুঃখী হইয়াছিল। ঐ সকল পশু আপনং প্রভুদিগকে অধিক খেদ ব্যতিরেকে ডিঙ্গায় আরোহণার্থে যাইতে দেখিয়া যে- রূপ ক্রন্দন করতঃ তাঁহাদিগের পশ্চাৎ গমন করিয়াছিল, তাহা দেখা অসাধ্য। সকল অপেক্ষায় একটা কুক্কুরের কৃত- জ্ঞতা লিখিত আছে, সে আপন প্রভুর পশ্চাৎ সমুদ্র মধ্যে ঝম্প দিয়া ডিঙ্গার নিকটেং সন্তরণদ্বারা সেলামিতে † উত্তীর্ণ হইল, কিন্তু কূল পাইলেই তাহার প্রাণ বিয়োগ হইল।

যে সকল লোকেরা আথীনীতে † রহিয়াছিল, তাহারা দুর্গ- মধ্যে প্রবেশ করিল, এবং দৈবদাণীর সামান্য অর্থ বুঝিয়া তাহাই সাধ্য মত দৃঢ়তর করিয়া আক্রমণকারির আগম-

জের অপেক্ষায় রহিল। ইহার কিছু কাল পরেই মর্ক্সি* দুর্গদ্বারে উপস্থিত হইয়া তাঁহাদিগকে অধীন হইতে কহিলে তাহারা তাহা মানিল না, এবং যে সকল সন্ধিকরণের প্রস্তাব করিলেন তাহাও অস্বীকার করিল; এই প্রযুক্ত তিনি ঐ দুর্গ আক্রমণদ্বারা স্বায়ত্ত করিলেন এবং তন্মধ্যস্থ লোকদিগকে বধ করিয়া অগ্নিদ্বারা দুর্গ দগ্ধ করিলেন।

ঐ সম্মিলিত জাতিরা আথীনী † নগরকে শত্রুহস্তে সমর্পিত করিয়া গেল বটে, কিন্তু তাহারা তাবৎ দেশ নষ্ট করিতে না পারে এমত সুযোগ করিয়াছিল। যথা ঐ জাতিরা পিলোপনিস † অধিকার করিয়া যে সুঁড়ি পথদ্বারা ঐ পিলোপনিস † ও মহাদ্বীপ একত্র হয়, তাহার উপরে একটা প্রাচীর নির্ম্মাণ করিয়া তাহার রক্ষার ভার ক্লিয়ম্ব্রোট* নামক লিয়নিডের* ভ্রাতাকে দিল; ইহাতে সকলেরই সম্মতি হইল, কিন্তু ডিঙ্গার বিষয়ে এমত ঐক্য হয় নাই, কারণ ইউরিবাএডি* কহিলেন, যে ডিঙ্গা সকল ঐ সুঁড়ি পথের নিকটে রাখা সুপরামর্শ, কেননা তাহাতে স্থলস্থ ও জলস্থেরাও একত্র যুদ্ধ করিতে পারিবে; ইহাতে থেমিষ্টক্লির* কোন প্রকারে মত হইল না, তিনি কহিলেন সেলামির † এমত উপযুক্ত স্থান পরিত্যাগ করিলে অতিশয় অজ্ঞানতা প্রকাশ হইবে, কারণ তথাকার সমুদ্র অপ্রশস্ত এবং শত্রুগণের অধিক ডিঙ্গা প্রযুক্ত তাহাতে তাহাদিগের কথন উপকার দর্শিবে না, বিশেষতঃ আমাদিগের ডিঙ্গা মাত্র ভরসা, তাহা অপ্রস্তুতায় হারাণ অনুচিত। এই কথা ইউরিবাএডি* তিরস্কার জ্ঞান করিয়া ক্রোধ সহ্য করিতে না পারিয়া থেমিষ্টক্লিকে* আঘাত করিতে উদ্যত

হইলেন, তাহাতে থেমিষ্টক্লি* উত্তর করিলেন, আমাকে প্রহার কর তাহাতে ক্ষতি নাই, কিন্তু আমার বাক্য শুবণ কর। লোকেরা তাঁহার ধৈর্য্য ও বিবেচনা দেখিয়া সেলামিতে† থাকিয়া শত্রুদের ভিঙ্গার আগমনাপেক্ষায় রহিল। সে যাহা হউক, পাছে বন্ধু জাতিরা প্রতিজ্ঞা ভঙ্গ করে, এই ভয়ে তিনি চতুরতা পূর্ব্বক এক উপায় স্থির করিলেন, অর্থাৎ ছলক্রমে সর্ক্সিকে* গোপনে জ্ঞাত করাইলেন, যে বন্ধু জাতিরা সেলামিতে† একত্র হইয়াছে বটে, কিন্তু এইক্ষণে পলায়ন করিবার উদ্যোগ করিতেছে, এই সময়ে তিনি তাহাদিগকে আক্রমণ করিলেই, অনায়াসে নষ্ট করিতে পারিবেন। তাহাতেই থেমিষ্টক্লির ইষ্টসিদ্ধ হইল, কারণ সর্ক্সি* তাহা গ্রাহ্য করিয়া তাহাদের পলায়ন বারণার্থ রাত্রিতে ডিঙ্গা সমূহদ্বারা সেলামির† পথ রুদ্ধ করিলেন।

তাঁহার এই ছলে ইষ্টসিদ্ধ হইয়াছে, এবং হঠাৎ দৃশ্য বিপদবস্থা হইয়াছে, তাহা থেমিষ্টক্লি* ও কিছু কাল অজ্ঞাত ছিলেন। তৎ কালে আরিষ্টাইডি* ইজাইনা† উপদ্বীপে একদল সৈন্যের অধ্যক্ষ ছিলেন, কিন্তু তাহা শুনিবা মাত্র তাহার যথার্থ কারণ না জানিয়া এবং থেমিষ্টক্লিকে* যথার্থ বিপদাপন্ন জ্ঞান করিয়া তিনি এক খান ক্ষুদ্র নৌকাদ্বারা শত্রুগণের ডিঙ্গা সকলের মধ্য দিয়া রাত্রিযোগে গমন করিলেন। পরে সেলামিতে† উত্তীর্ণ হইয়া আরিষ্টাইডি* থেমিষ্টক্লির* শিবিরমধ্যে প্রবেশ করিয়া তাঁহাকে নিবেদন করিলেন, যে ওহে থেমিষ্টক্লি* আইস আমরা সদ্বিবেচনায় পূর্ব্বের তুচ্ছ বিবাদ সকল দূর করি, কিন্তু একটা ঈর্ষার প্রধান বিষয় মাত্র এই আছে, যে আমাদিগের উভয়ের মধ্যে কাহাহইতে

[illegible] অধিক উপকার নাই। তুমি সেনাপতি আপন, প্রভুৎ [illegible] আজ্ঞা করিবা, এবং আমি অধীন তাহা মান্য করিব, কিন্তু আমার পরামর্শ যদি দেশের গৌরববর্দ্ধক হয় তবে তাহাতে আমি পরমাহ্লাদিত হইব। তিনি তৎপক্ষে ডিঙ্গা সকলের বিপদবস্থা জ্ঞাত করিয়া, শীঘ্র যুদ্ধারম্ভ করণার্থে তাঁহার নিকট প্রার্থনা করিলেন। এতাদৃশ সদ্ব্যবহারজন্য থেমিষ্টক্লি* আপন কৃতজ্ঞতায় তৎক্ষণাৎ তাঁহাকে মনের কথা বিশেষতঃ শত্রুদের দ্বারা বদ্ধ হইবার তাবৎ কারণ বিস্তারিত করিয়া জ্ঞাত করিলেন। পরে তাঁহারা একত্র অন্যান্য অধ্যক্ষদিগকে যুদ্ধে প্রবৃত্ত করাইতে চেষ্টা করিতে লাগিলেন, ও তদনুসারে উভয়পক্ষীয় ডিঙ্গা সকল যুদ্ধোদ্যোগ করিল।

গ্রীকদের* তিন শত অশীতি খান ডিঙ্গা ছিল, এবং পার্শীয়দের* তদপেক্ষায় বিস্তর অধিক ছিল। পার্শীয়দের* অধিক ও বৃহৎ২ ডিঙ্গা ছিল বটে, কিন্তু তাহারা গ্রীকদের* অপেক্ষায় নাবিক বিদ্যায় ন্যূন ছিল; বিশেষতঃ গ্রীকেরা ঐ সকল সমুদ্র পথ সুন্দর রূপে জ্ঞাত ছিল, এবং নিজ সেনাপতিগণের পারকতায়ও বিশেষ ভরসা করিয়াছিল। ইউরিবিয়াডি* নামমাত্র ডিঙ্গাপতি ছিলেন, সকল বিষয় থেমিষ্টক্লির* মতেই হইত, তিনি জানিতেন যে কালোচিত নিয়মিত বায়ু ক্রমিক বহিতে আরম্ভ হইবে, তাহা তাঁহাদের পক্ষে উপকারী হইবে, এই প্রযুক্ত তিনি তৎকালপর্য্যন্ত বিলম্ব করিয়া রহিলেন। কিন্তু ঐবায়ু উঠিবামাত্রেই তিনি যুদ্ধ করণের ইঙ্গিত করিলেন, এবং গ্রীকীয় ডিঙ্গা সকল বায়ু সহযোগে অগ্রসর হইতে লাগিল।

পার্শীরাজা নিকটস্থ এক অন্তরীপহইতে এই যুদ্ধ দেখিতে-ছিলেন, ইহাতে পার্শীয়েরা* কিয়ৎকাল অতি সাহস পূর্ব্বক যুদ্ধ করিয়াছিল, কিন্তু তুমুল যুদ্ধ হওয়াতে সে সাহস ক্রমে হ্রাস হইতে লাগিল, এবং সকল বিষয়ই তাহাদের অমঙ্গলদায়ক হইল। তাহাদের অভিমুখে বায়ু বহিতে লাগিল, এবং ডিঙ্গা সকলের উচ্চতা ও গুরুতা প্রযুক্ত কেবল অচল ও অব্যবহার্য্য হইল; এবং অপ্রশস্ত সমুদ্রে অধিক ডিঙ্গা ছিল, তাহাতেও বিস্তর বিভ্রাট ঘটিল। প্রথমে আইওনিয়েরা* পলায়ন করিল, তৎপরে ফিনিশীয়* ও সাইপ্রীয়দের* ডিঙ্গা সকল তাড়িত হইয়া তটে বদ্ধ হইল; এবং অল্পকালের মধ্যেই সকলে একেবারে উত্সৃত হইল। এই যুদ্ধোপলক্ষে আর্টিমিসিয়া* নামিকা হেলিকার্ণেসের † রাণী পাঁচ খান ডিঙ্গাসহ সর্ক্সির* সহায়তা করিতে আসিয়াছিলেন, তিনি এই ভয়ঙ্কর সময়ে বিস্তর পরিশ্রম করিয়া সাহসপ্রকাশ করিয়াছিলেন, তাহাতে সর্ক্সি* কহিলেন, যে আমার সেনাগণ সংগ্রামে স্ত্রীলোকের ন্যায়, ও স্ত্রীলোক যোদ্ধার ন্যায় ব্যবহার করিতেছে। সে যাহা হউক পার্শীয়দের মধ্যে যে দুর্দশা ঘটিয়াছিল তাহার কোনমতে প্রতিকার হইতে পারিল না, কেননা ক্রমে সকল ডিঙ্গা পলায়ন করিতে লাগিল, কতক জলমগ্ন হইল, ও কতক বা অপহৃত হইল, আর দুই শতেরও অধিক দগ্ধ হইল, এবং অবশিষ্ট ছিন্ন ভিন্ন হইল।

সালামির † যুদ্ধ এই রূপে শেষ হইলে পার্শীয়দের* পূর্ব্বাপেক্ষায়ও অধিক ক্ষতি হইয়াছিল। থেমিষ্টক্লি* এই জয়েতে এমত গর্ব্বিত হইয়াছিলেন, যে তিনি হেলিস্পন্টের † সেতু ভাঙ্গিয়া শত্রুগণের পলায়ন বারণ করিতে চাহিয়াছিলেন,

• কিন্তু এতাদৃশ পরাক্রমি সৈন্যকে নিরাশ করিলে বিভ্রাট ঘটিবে এই মত কহিয়া আরিষ্টাইডি* তাঁহাকে তদ্বিষয়হইতে নিবৃত্ত করিলেন। সে যাহা হউক পাছে ঐ রূপ দুর্দশা ঘটে এই আশঙ্কায় সর্ক্সি* মার্ডোনিয়ের* অধীনে তিনলক্ষ উৎকৃষ্ট সৈন্য রাখিয়া গেলেন; তাহাতে এমত মানস করেন নাই যে গ্রীক দেশ জয় করিতে পারিবেন, কিন্তু তাহার দ্বারা কেবল শত্রুগণ তাঁহার পশ্চাৎ যাইতে পারিবে না; এই রূপ ব্যবস্থা করিয়া অবশিষ্ট সৈন্যসহিত হেলেস্পান্টে† প্রস্থান করিলেন, কিন্তু তথায় তরঙ্গের প্রচণ্ডতায় সেতুভগ্ন হইয়াছে দেখিয়া তিনি এক খান ক্ষুদ্র নৌকার দ্বারা পার হইতে বাধিত হইয়াছিলেন। সর্ক্সির* শ্লাঘাতে ইউ-রূপে† প্রবেশ করণ ও তথাহইতে লজ্জিত রূপে প্রস্থান করণ এই দুয়ের তুলনা করিলে তাঁহার অপমান কিরূপ পীড়া ও দুঃখ-জনক হইয়াছিল তাহা বর্ণনা করা অসাধ্য।

৬ ষষ্ঠ অধ্যায়।

গ্রীক দেশহইতে সর্ক্সির* প্রস্থান করণাবধি মাইকেলের† যুদ্ধ পর্য্যন্তের বিবরণ।

পৃথিবী সৃষ্টির ৩৫২৪ বৎসর পরে গ্রীকেরা সেলামির† যুদ্ধে জয়ী হইয়া যেরূপ আহ্লাদিত হইয়াছিল সেরূপ পূর্ব্বে আর কখন হয় নাই। যুদ্ধ সমাপনের পর তাহাদিগের এই একটা রীতি ছিল, যে যেসকল ব্যক্তি প্রথম ও দ্বিতীয় পুরস্কারের যোগ্য হইত তাহাদিগের নাম লিখিয়া সেনাপতিরা প্রকাশ করিত। এই রীত্যনুসারে তাবৎ সেনাপতি আপন ২ নাম প্রথমে লিখিয়া-ছিল, কিন্তু সকলেই থেমিষ্টক্লিকে* দ্বিতীয় কহিল, তাহাতেই প্রকারান্তরে তাঁহাকে প্রধান স্বীকার করা হইল। লাসিডি-মোনিয়েরা* ও তাঁহার প্রধানত্ব নিশ্চয় করিল, যথা তাহারা

তাঁহাকে জয়োল্লাসে স্পার্টায় † লইয়া গিয়াছিল, এবং বদেশীয় ইউরিবিয়াডিকে * সাহসের পুরস্কার দিয়া থেমিষ্টক্লিকে * জ্ঞানের পুরস্কারযোগ্য কহিল। পরে তাঁহাকে জলপাই কলদ্বারা ভূষিত করিয়া এক খান বহুমূল্য রথের উপর আরূঢ় করাইয়া তিন শত অশ্বারূঢ় সৈন্যের সহিত আপনাদের প্রদেশের সীমা পর্য্যন্ত লইয়া গিয়াছিল। কিন্তু পশ্চাল্লিখিত সম্মানজন্য তাঁহার দর্প আরও বৃদ্ধি হইয়াছিল; এক বার অলিম্পিয় † ক্রীড়াতে রীত্যনুসারে গ্রীকের তাবৎ প্রদেশের লোক একত্র হইলে, সেই স্থানে থেমিষ্টক্লি * উপস্থিত হইবা মাত্র দর্শকেরা অত্যন্ত ধন্যবাদ পূর্ব্বক সকলে গাত্রোত্থান করিয়া তাঁহাকে আহ্বান করিল, পরে তাবতেই ক্রীড়া বা ক্রীড়কদিগের প্রতি দৃষ্টিপাত না করিয়া থেমিষ্টক্লিকে * অবলোকন করিতে লাগিল। এতাদৃশ সম্মানে মত্ত হইয়া তিনি কহিলেন, যে আপন পরিশ্রমের ফল অদ্য প্রাপ্ত হইলাম।

মার্ডোনিয় * থেসিলি † প্রদেশে শীতকাল যাপন করিয়া বসন্ত কালারম্ভে সৈন্যের সহিত বিওশিয়া † প্রদেশে গেলেন, এবং সেখানহইতে আলেক্সাণ্ডর * নামক মাসিডোনিয়ার † রাজাকে পশ্চাল্লিখিত কতক গুলিন প্রবৃত্তিজনক বাক্য কহিতে আথীনীয়দের * নিকটে পাঠাইলেন, এবং এই জ্ঞান করিলেন যে তদ্দ্বারা তাহারা গ্রীকের সাধারণ মঙ্গল চেষ্টায় ক্ষান্ত হইয়া আমার সহিত যোগ করিবে। তিনি তাঁহাদিগকে নগর পুনর্নির্ম্মাণ করিয়া দিতে ও বিস্তর ধন দিতে চাহিলেন, এবং তাঁহাদিগকে তাবৎ গ্রীকের অধিকারী করিতে স্বীকার করিলেন, তাহাতে আপনাদের ব্যবস্থা ও স্বাধীনতা নিঃশঙ্কে ভোগ করিতে পারিবে! স্পার্টানেরা ইহা জ্ঞাত হইয়া ভীত হইল, যে পাছে তাহারা ইহা স্বীকার করে, এই প্রযুক্ত তাহাদিগকে

• জিবৃত্ত করিতে আথীনীতে† দূত পাঠাইল। যে সময় আরিষ্টাইডি* আথীনীর* প্রধান আর্কন্* অর্থাৎ বিচারকর্ত্তা ছিলেন, তিনি আপন বিবেচনা ভিন্ন অন্য পরামর্শের আবশ্যক রাখিতেন না। আলেকজাণ্ডর* এবং স্পার্টার† দূতেরা এককালে আথীনীতে উপস্থিত হওয়াতে আরিষ্টাইডি* তাহাদিগকে এই কথা কহিলেন, যেসকল লোক সুখে ও অজ্ঞানতায় কালযাপন করিয়াছে তাহারা যে পুরস্কারদ্বারা ধর্ম্ম নষ্ট করিবার প্রত্যাশা করে, এবং যে সকল অসভ্যেরা স্বর্ণও রূপ্যকে প্রধান জ্ঞানে সমাদর করে, তাহারা যে স্বাধীন জাতিদের বিশ্বস্ততা ভঙ্গ করিতে ইচ্ছা করে সে আশ্চর্য্য নহে; কিন্তু তাহারা যে ইহা করিতে ক্ষমতাপন্ন হইবে এমত লাসিডিমোনিয়দের* অনুমান ও তদর্থে আমাদিগকে নিষেধ করিতে আগমন ইহা বড় আশ্চর্য্য! গ্রীক† দেশের স্বাধীনতা রক্ষার ভার আথীনীয়দের* উপর আছে, এবং পর্ব্বত সমান স্বর্ণ পাইলেও সে বিশ্বস্ততার অন্যথা হইবে না। পার্শীয়েরা* যে সূর্য্য পূজা করিয়া থাকে সেই সূর্য্য যাবৎ গগণমণ্ডলে থাকিবেন তাবৎ আথীনীয়েরা* পার্শীয়দিগের* প্রতি শত্রুবৎ ব্যবহার করিবে, এবং পার্শীয়েরা আমাদের ভূমি উচ্ছিন্নও গৃহদগ্ধ ও দেবালয় অপবিত্র করিয়াছে, এ নিমিত্ত তাহাদিগের, প্রতিহিংসার চেষ্টায় আমরা নিরন্তর থাকিব। পার্শীয়দের* প্রস্তাবের এই রূপ প্রত্যুত্তর দিয়া তিনি আলেকসাণ্ডরের* প্রতি পুনশ্চ কহিলেন, যদ্যপিও তুমি পার্শীয়দের* বন্ধু হও কিন্তু এমন সংবাদ এই স্থানে আনিও না, তাহাতে তোমার সম্মানের বা প্রাণের উপর ব্যাঘাত ঘটিবে।

ইহাতে মার্ডোনিয়* অতিশয় ক্রোধী হইয়া আটিকা† প্রদেশ আক্রমণ করিলেন, এবং আথীনীয়েরা তাঁহাকে বাধা দিতে অশক্ত হইয়া পূর্ব্ববৎ ঐ স্থান পরিত্যাগ করিয়া যাইতে বাধিত হইল, তথাপি তাহারা সন্ধি করিতে ইচ্ছুক ছিল না। অতএব লাইসিড* নামক এক জন মন্ত্রী অধীন হইবার মত করিয়াছিলেন, এই নিমিত্ত তাহারা তাঁহাকে প্রস্তর নিক্ষেপদ্বারা বধ করিয়াছিল, এবং তাঁহার স্ত্রী ও সন্তানেরাও স্ত্রীগণদ্বারা তদ্রূপ দুর্দশা পাইল। ঐ সময়ে স্পার্টানেরা তাবৎ গ্রীকের† হিতাভিলাষ পরিত্যাগ করিয়া কেবল আপনাদের মঙ্গলান্বেষণ পূর্ব্বক পিলপনিসের† সুঁড়ি পথ প্রাচীরদ্বারা বেষ্টিত করিতে ইচ্ছা করিয়াছিল, কিন্তু আথীনীয়দের নিষেধে তাহারা ক্ষান্ত হইল।

এই যুদ্ধোপলক্ষে গ্রীকদের* সত্তরি সহস্র সৈন্য একত্র হইল, তাহার মধ্যে স্পার্টীয়দের পঞ্চ সহস্র সৈন্য এবং পঁয়ত্রিশ সহস্র হিলোট* অর্থাৎ দাস ছিল, আথীনীয়দের আট সহস্র সৈন্য ছিল, এবং বন্ধুগণ বাইশ সহস্র ছিল। মার্ডোনিয়ের তিন লক্ষ সেনা ছিল, তথাচ গ্রীকেরা পূর্ব্বোক্ত অল্প সৈন্যের সহিত তাঁহার প্রতিযোগিতা করিবার প্রতিজ্ঞা করিল। কিন্তু পাছে গ্রীকেরা পার্শীয়দিগকে আটিকার† পর্ব্বতীয় দেশের মধ্যে আক্রম করে এই ভয়ে মার্ডোনিয়* বিওশিয়া† প্রদেশে প্রত্যাগমন করিয়া আসোপ† নদীতীরে সৈন্যগণকে রাখিলেন, তৎপর্য্যন্তও গ্রীকেরা তাঁহার পশ্চাৎগামী হইল। যাহারা প্রথমে যুদ্ধারম্ভ করিবে তাহাদেরই অমঙ্গল ঘটিবে, এই শঙ্কাতে

উভয় পক্ষীয় সেনাগণ বিনা যুদ্ধে পরস্পর সম্মুখাসম্মুখিভাবে ক্রমিক দশ দিবস ছিল।

এই সময়ে গ্রীকদের* পরস্পর মর্য্যাদান্বিত পদবিষয়ক একটা বিবাদ উপস্থিত হইয়াছিল, যথা স্পার্টীয়দিগকে* সৈন্যের দক্ষিণ পার্শ্বের পদ দিতে সকলে স্বীকার করিয়াছিল, কিন্তু টিজীয়েরা* কহিল, আমরা পূর্ব্ব কীর্ত্তির বিবেচনায় আথীনীয়দের* অপেক্ষায় বামপার্শ্ব পাইতে পারি। এই বিবাদদ্বারা অতিশয় বিভ্রাট ঘটিতে পারিত, তাহাতে কেবল আথীনীয়দের* অধ্যক্ষ আরিষ্টাইডির* ধৈর্য্য ও বিবেচনাদ্বারা তাহা নিবারণ হইল। তিনি স্পার্টান* প্রভৃতি বন্ধু জাতিকে এই নিবেদন করিলেন, যে হে বন্ধু সকল, এইক্ষণে পূর্ব্ব ক্রিয়ার নিমিত্ত বিবাদ করিবার সময় নহে, কারণ বিপদকালে গর্ব্ব করণ অতি অন্যায্য, এবং যাহারা যথার্থ সাহসিক তাহারা এমত জ্ঞান করে না, যে পদ বিশেষে সাহস জন্মে বা তাহার হানি হয়, আমি আথীনীয়দের* অধ্যক্ষ তাহাতে তোমরা আমাদিগের কারণ যে পদস্থির করিবা আমরা তাহাই স্বীকার করিব, এবং ঐ পদের প্রশংসা বৃদ্ধি করিব; আমরা এ স্থলে বন্ধুসহ কলহ করিতে আসি নাই, কিন্তু শত্রুদের সহিত যুদ্ধ করিতে আসিয়াছি, এবং পূর্ব্বপুরুষের কীর্ত্তির গর্ব্ব করিতে আসি নাই, বরং তাঁহাদিগের ন্যায় ব্যবহার করণে চেষ্টা করিতে আসিয়াছি; এই যুদ্ধে প্রত্যেক নগরের গৌরব প্রকাশ হইবেক এবং প্রত্যেক সেনাপতি ও সামান্য সেনা মর্য্যাদা পাইবে। এই কথা শুনিয়া সকলেই টিজীয়দের* আপত্তি অগ্রাহ্য করিয়া আথীনীয়দিগকে* বামপার্শ্বের পদ দিল।

এতৎকালে সে স্থানে জলাভাবে গ্রীকদের * অতিশয়-
ক্লেশ হওয়াতে যে স্থলে জলের অধিক সঙ্গতি ছিল
এমত এক স্থানে যাইতে প্রতিজ্ঞা করিল, কিন্তু রাত্রি-
কালে গমনজন্যে তাহাদিগের মধ্যে অতিশয় গোলযোগ
উপস্থিত হইয়াছিল; এবং তাহারা পলাইয়াছে এই রূপ
মার্ডোনিয় * প্রভাতে নিশ্চয় করিয়া তৎক্ষণাৎ তাহাদিগের
পশ্চাৎ ধাবমান হইলেন, এবং প্লাটিয়া † নামক ক্ষুদ্র নগ-
রের নিকট তাহাদের সন্দর্শন পাইয়া ক্রোধ পূর্ব্বক তাহা-
দিগকে আক্রমণ করিলেন; কিন্তু স্পার্টানদের * দ্বারা ঐ আক্রমণ
শীঘ্র নিবারিত হইল, কেননা তাহারা গ্রীক * সৈন্যের পশ্চাৎ
ভাগে ছিল এবং মার্ডোন্নিয়ের * আগমনে তাহারা ব্যূহা-
কৃতি হইয়া তাঁহার আক্রমণের প্রতিরোধ করিল; এই সময়ে
ঐ আক্রমণের বিষয় অগ্রগামি আথীনীয়েরা জ্ঞাত হইয়া পার্শী-
য়ার † বেতনভোগী এক দল গ্রীকদিগকে পরাস্ত করিয়া স্পার্টীয়-
দের * সহায়তার কারণ ত্বরায় ফিরিয়া আইল, কিন্তু সে সময়ে
শত্রুরা স্পার্টীয়দের কর্ত্তৃক পরাভূত হইয়াছিল। মার্ডোনিয় *
আপন সৈন্যের পরাভব দেখিয়া অতি ক্রোধী হইয়া পুন-
র্ব্বার যুদ্ধারম্ভ করণার্থ বিপক্ষদের মধ্যে প্রবেশ করিলেন,
কিন্তু তিনি এম্‌নেষ্ট * কর্ত্তৃক হত হইলেন। তাঁহার মরণেই
সকল সৈন্য পলাইল। আর্টবাসি * নামক তাঁহার এক জন
পারস্যঅধ্যক্ষ চল্লিশ সহস্র সেনাসহ হেলেস্পণ্টের † দিকে
পলায়ন করিলেন, এবং অবশিষ্ট যোদ্ধারা আপনাদের
শিবিরমধ্যে গমন করিয়া কাষ্ঠনির্ম্মিত প্রাচীরদ্বারা আত্ম-
রক্ষা করিতে চেষ্টা করিয়াছিল; কিন্তু বন্ধু জাতিরা তাহা ভগ্ন
করিয়া তাহাদিগের উপর অনিবার্য্য বেগে পড়িল; এতাদৃশ

উর্দ্দুবি আক্রমকদিগহইতে আপনাদের দেশ সম্পূর্ণ মতে উদ্ধার করিবার কারণ তাহারা কাহাকেও ক্ষমা না করিয়া খড়্গদ্বারা এক লক্ষেরও অধিক প্রাণী নষ্ট করিল। এই রূপে গ্রীক † দেশে পার্শীয়দের আক্রমণ সমাপ্ত হইল, এবং ইহার পর অবধি পার্শীয় সেনাগণ কখন হেলেস্পান্ট † পার হয় নাই। এই যুদ্ধে আরিষ্টাইডি * আথীনীয়দের * সেনাপতি ছিলেন তাহা পূর্ব্বে কহাগিয়াছে, ক্লিয়ম্ব্রোট* স্পার্টীয়দের সৈন্যাধ্যক্ষ ছি- লেন, এবং পাসেনিয় * নামক এক জন লাসিডিমোনিয়ন সর্ব্বাধ্যক্ষ ছিলেন।

গ্রীকেরা † এই যুদ্ধ সমাপ্ত হইবামাত্রই পরমেশ্বরের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করিতে সাধারণ ব্যয়ে জুপিটর * দেবের এক প্রতিমা নির্ম্মাণ করিল, এবং আলিম্পিয়া † দেশে তাঁ- হার মন্দির ছিল, তাহাতে তাহা স্থাপন করিল; এবং ঐ যুদ্ধস্থিত তাবৎ গ্রীক জাতীয়দের নাম ঐ প্রতিমার বেদীর দক্ষিণ পার্শ্বে খোদিল; সর্ব্বাগ্রে স্পার্টীয়দের * নাম, তৎপরে আথীনীয়দের *, এবং অন্যান্য জাতীয়দের নাম ক্রমশঃ ছিল।

গ্রীকদের * এতাদৃশ প্রধান২ জয় ক্রমিক হইতে লা- গিল, কারণ যে দিবসে তাহারা প্লাটিয়াতে † জয়ী হয় সেই দিবসের বৈকালেই আইয়োনিয়ার † সমুদ্র তটস্থ মাইকেল † নগরে তাহারা তদ্রূপ সগৌর জয় পাইয়াছিল। পার্শীয়েরা * সালামিতে † পরাভূত হইলে তাহাদিগের অব- শিষ্ট ডিঙ্গা সকল সেম † উপদ্বীপে পলায়ন করাতে গ্রীকেরা * অবিলম্বে তাহাদের পশ্চাৎ ধাবমান হইয়াছিল; ঐ সময়ে লিয়াটিচিডি * নামক এক জন স্পার্টীয় ও সান্থিপ * নামক আথীনীয় এই দুই ব্যক্তি গ্রীকদের পক্ষীয় অধ্যক্ষ

ছিলেন। পার্শীয়েরা* তাহাদের আগমনবার্ত্তা শুনিবামা- ত্রই নাবিকীয় বিষয়ে আপনাদের অপ্রস্তুতাজন্য ডিঙ্গা সকল মাইকালের† শুষ্ক ভূমির উপর তুলিয়া সে সক- লকে একটা প্রাচীর ও পরিখাদ্বারা বেষ্টিত করিল। ঐ সময়ে তাহাদের ষষ্টি সহস্র সেনা ও টাইগ্রানি* নামক সেনাপতি ছিল। কিন্তু গ্রীকদের* কোপহইতে তাহারা কোন মতে রক্ষা পাইল না, কারণ গ্রীকেরা* তৎক্ষণাৎ ডিঙ্গাহইতে তীরে নামিয়া দুই দল হইল, আথীনীয়েরা* ও করিন্থি- য়েরা* এক দল হইয়া রণক্ষেত্রে গমন করিল, এবং অপর দলস্থ লাসিডিমোনিয়েরা* পর্ব্বতাদি উচ্চস্থান সকল ঘেরিয়া- রহিল, কিন্তু লাসিডিমোনিয়েরা* উপস্থিত হইতে না হইতেই প্রথম দলস্থ আথীনীয়েরা* ও করিন্থিয়েরা* শত্রুদের পরাভব করিয়াছিল; পরে সকলে একত্র হইয়া পার্শীয়দের* প্রাচীর ভগ্ন করিতে২ গিয়া তাহাদের ডিঙ্গা সকল দগ্ধ করিল। এই রূপে গ্রীকেরা* সম্পূর্ণ ভাবে পার্শীয়দের* পরাজয় করিল। পার্শীয়দের* সেনাপতি টাইগ্রানি* চল্লিশ সহস্র সেনার সহিত যুদ্ধে হত হইলেন, তাহাদের ডিঙ্গা সকলও নষ্ট হইল; অতএব সর্ক্সি* যে অগণ্য সৈন্য ইউরোপে† আনিয়াছিলেন, তাহার মধ্যে তাঁহার নিকট পরাভবের সমাচার লইয়া যাইতে এক প্রাণীও জীবিত রহিল না।

৭ অধ্যায়।

মাইকেলের† জয় অবধি গ্রীকদের* ও পার্শীয়দের* মধ্যে সন্ধি হওন পর্য্যন্তের বিবরণ।

গ্রীকেরা* পৃথিবী সৃষ্টির ৩৫২৬ তিন সহস্র পাঁচ শত ছাব্বিশ বৎসর পরে ভিন্নদেশীয় শত্রুর ভয়হইতে মুক্ত

হইবামাত্রই পরস্পর দ্বেষ করিতে আরম্ভ করিল; এবং এই দুর্ব্বুদ্ধির চিহ্ন আথীনীয়দের * ও স্পার্টীয়দের * মধ্যে প্রথমে প্রকাশ পাইল। আথীনীয়েরা * সপরিবারে স্বদেশে পুনরাগমন করিয়া, আথীনীনগর † পুনর্নির্ম্মাণ করণের নিমিত্ত ভাবিতে লাগিল, যেহেতুক ঐ নগরের পূর্ব্ব দুর্ব্বলাবস্থা নিমিত্ত পার্শীয়েরা * তাহা অনায়াসে নষ্ট করিতে পারিয়াছিল, এই কারণ তাহারা তাহার প্রাচীর পূর্ব্বাপেক্ষায় বিস্তার ও শক্ত করিবার মত স্থির করিল, যাহাতে শত্রুকর্তৃক তাহা তদ্রূপ সহজে নষ্ট না হইতে পারে। ইহাতে লাসিডিমোনিয়দের * দ্বেষ হইল, কারণ গ্রীকের অন্য কোন প্রদেশ তাহাদের তুল্য পরাক্রমী হয় এমত তাহারা সহিতে পারিত না, অতএব আথীনীয়দিগকে * ঐ মতহইতে নিবৃত্ত করিতে তাহারা তাহাদের দেশে দূত পাঠাইল, কিন্তু মনের হিংসা স্পষ্ট রূপে প্রকাশ করিতে লজ্জিত হইয়া কহিল, যে যদ্যপি পরে কখন গ্রীক † দেশ শত্রুহস্তে পতিত হয়, তবে ঐ প্রাচীরের নিমিত্ত তাবৎ গ্রীকের পক্ষে বিস্তর ক্ষতি হইবে। ঐ সময়ে থেমিষ্টক্লি * আথীনীর † তাবৎ মন্ত্রণার কর্ত্তা ছিলেন, তিনি তাহাদের প্রকৃত অভিপ্রায় জানিতে পারিয়া তাহাদিগকে তত্তুল্য কপটাচরণের দ্বারা প্রবঞ্চনা করিতে প্রতিজ্ঞা করিলেন; সেই নিমিত্তে তিনি স্পার্টীয দূতদিগকে কহিলেন, যে আথীনীয়েরা * আপনাদের দূতদ্বারা তাহাদিগের সকল দ্বৈধ শীঘ্র ভঞ্জন করিবেন। পরে আপনিই দৌত্য কর্ম্ম স্বীকার করিয়া স্পার্টায় † গেলেন, কিন্তু যাবৎ ঐ পূর্ব্বোক্ত প্রাচীর সমাপ্ত না হইয়াছিল, তাবৎ তিনি স্পার্টীয়দিগকে * স্পষ্ট উত্তর দেন নাই; পরে তাহা সাঙ্গ হইলে তিনি নির্ভয় রূপে

প্রকাশ করিলেন, যে এইক্ষণে আথীনীর † এমত অবস্থা হই- য়াছে যে স্বদেশীয় বা বিদেশীয় শত্রুদের প্রতিরোধ করণে সমর্থ হইয়াছে; এবং আথীনীয়েরা * যাহা করিয়াছে তাহা তাবৎ গ্রীকের পক্ষে মঙ্গলদায়ক, এবং কোন প্রকারেই অসঙ্গত নয়। তিনি পুনশ্চ কহিলেন যদ্যপি আমার উপর স্পার্টীয়েরা * কোন অত্যাচার করে, তবে আথীনীয়েরাও স্পার্টীয় * দূতদিগকে প্রতিফল দিবেন। এই প্রযুক্ত উভয় পক্ষীয় দূতেরা স্ব স্ব দেশে গমন করিতে পাইল, এবং থেমিষ্টাক্লি * আথীনীতে † ফিরিয়া আইলে লোকেরা তাঁহাকে এমত সম্ভ্রম পূর্ব্বক আনিল, যেন তিনি কোন জয়হইতে ফিরিয়া আইলেন।

এই কর্ম্মের সিদ্ধি হওয়াতে ভরসা পাইয়া থেমিষ্টক্লি * আপন দেশের শক্তি ও গৌরব বৃদ্ধি করণার্থে অন্য এক উপায় স্থির করিলেন, কিন্তু তাহা অতিশয় অন্যায়। তিনি লোকদের সম্পূর্ণ সভার মধ্যে কহিলেন, সে মনস্থ সকলের সম্মুখে প্রকাশ করা অনুচিত, যে হেতুক তাহা নিষ্পন্ন করিতে ত্বরা ও গোপ- নের আবশ্যক; এই প্রযুক্ত তিনি নিবেদন করিলেন, যে এমত কোন যোগ্য ব্যক্তি নিরূপিত হয়েন যে তিনি তাহা শুনিবা মা- ত্রেই কর্ত্তব্যাকর্ত্তব্য বিবেচনা করিতে পারেন। ইহাতে সকলে আরিষ্টাইডিকে * তদুপযুক্ত পাত্র কহিল। থেমিষ্টক্লি * তাঁহাকে গোপনে জানাইলেন, যে সকল গ্রীক প্রদেশের ডিঙ্গা এইক্ষণে এক নিকটস্থ ঘাটে আছে, তাহা দগ্ধ করিলে সমুদ্রে আথনীয়েরা * একাধিপত্য করিতে পারে। আরিষ্টাইডি * এতাদৃশ অধম বাক্য শুনাতে চমৎকৃত হইয়া কোন উত্তর করিলেন না, কিন্তু তৎক্ষণাৎ সভাতে পুনর্ব্বার আসিয়া কহিলেন, থেমিষ্টক্লি * যে যুক্তি করিয়াছেন তাহাতে আথীনীয়দের * অত্যন্ত উপকার হইতে পারে বটে, কিন্তু সে অতিশয় অন্যায়। লোকেরা তাহাদের

বিচারকর্ত্তার মতেই মত করিয়া ঐ যুক্তির মূল জ্ঞাত না হইয়াও সকলে একমত হইয়া তাহা অগ্রাহ্য করিল, এবং আরিষ্টাইডিকে * সাধু বা যাথার্থিক উপাধি দিল।

এই রূপে গ্রীকেরা * বিদেশীয় শত্রুদের বিপক্ষে যুদ্ধ করিতে অবকাশ পাইয়া পরস্পর প্রতিকূলাচরণ না করিয়া বৃহৎ ডিঙ্গা সমূহ প্রস্তুত করিল। তৎকালে পাসেনিয় * স্পার্টীয়দের * সেনাপতি হইলেন। এবং আরিষ্টাইডি * ও মিল্টাএডির * পুত্র সাইমন * এই উভয়ে আথীনীয়দের * সৈন্যাধ্যক্ষ হইলেন। পরে সকলে একত্র হইয়া প্রথমতঃ সাইপ্র † নামে উপদ্বীপে গমন করিয়া তত্রস্থ নগর সকল স্বাধীন করিলেন; তদনন্তর হেলেস্পান্টের † দিকে ডিঙ্গা চালাইয়া বাইসান্‌সীয়ম † নামে নগর অধিকার করিলেন; এবং তথায় তাঁহারা যে সম্পত্তি লুঠিয়াছিলেন তদ্ভিন্ন পার্শীয়ের † ধনী ও প্রধান২ বংশজ ব্যক্তিদিগকে বদ্ধ করিয়া আনিলেন।

ইহাতে গ্রীকদের * সুখ্যাতি ও পরাক্রম বৃদ্ধি হইয়াছিল বটে, কিন্তু তাহাদের তাবৎ আচরণ ভ্রষ্ট হইতে লাগিল, যেহেতুক ঐ পূর্ব্বোক্ত স্থানহইতে তাহারা বিস্তর ধন সংগ্রহ করিয়া আনাতে তাহাদিগের মনের বৈলক্ষণ্য ক্রমে হইল; এবং সেই সময়াবধি তাহাদের বিচারকর্ত্তারা বা সামান্য লোকেরা পূর্ব্ববৎ গুণের প্রশংসা না করিয়া কেবল ধন ও সম্পত্তির গৌরব করিতে লাগিল। আথীনীয়েরা * শিষ্ট স্বভাব ছিল, এই প্রযুক্ত তাহাদের মধ্যে ঐ রীতি পরিবর্ত্তন শীঘ্র হয় নাই, কিন্তু স্পার্টীয়দের মধ্যে ঐ আচরণ অবিলম্বে পরিবর্ত্ত হইল। অনুমান হয় প্রথমে পাসেনিয় * হইতেই তাহা আরম্ভ হইল। তিনি স্বভাবত অহঙ্কৃ . এবং তাঁহার যে পদ হইয়াছিল তদপেক্ষায় ও উচ্চপদ পাবার আকাঙ্ক্ষায় তিনি অন্যান্য সকল গ্রীক † প্রদেশে এবং

স্পার্টাতেও অবিশ্বস্ত হইয়াছিলেন। যথা তিনি সর্ক্সির * নি-কটে এই স্বীকার করিলেন যে যদ্যপি তুমি আপন কন্যার সহিত আমার বিবাহ দেও তবে স্পার্টা রাজ্য এবং তাবৎ গ্রীক † তোমার হস্তে সমর্পিত করিব। কিন্তু এই যুক্তি কত দিন অবধি হইয়াছিল তাহা নিশ্চয় রূপে কহা যায় না। ঐ দুষ্ট যুক্তির কারণ পাসেনিয়কে * দুইবার পরীক্ষা করা গিয়াছিল, কিন্তু দুইবারই প্রচুর প্রমাণাভাবে তিনি মুক্ত হইয়াছিলেন। যাহা হউক সে অপরাধ শেষে স্পষ্টরূপে ব্যক্ত হইল; কিন্তু তাঁহাকে ধরিতে ইফোরাই † বিচার স্থানহইতে আজ্ঞা নির্গত হইবামাত্রেই, তিনি মিনবার * মন্দিরে আশ্রয় লইলেন, এবং ঐ স্থানের মাহাত্ম্য প্রযুক্ত তাঁহাকে বাহির করিতে না পারিয়া লোকেরা তাহার দ্বার প্রস্তরদ্বারা রুদ্ধ করিল, এবং তাহার ছাত তুলিয়া ফেলিল, ইহার কিছু কাল পরেই তিনি আহারাভাবে ও শীতে মরিলেন, অতএব যে ব্যক্তির দ্বারা গ্রীকেরা * প্লাটিয়ার † যুদ্ধে জয়ী হইয়াছিল, তাঁহার এই রূপ দুর্দ্দশায় প্রাণ বিয়োগ হইল।

ইহার পরেই থেমিস্টাক্লি * ঐ রূপ দুর্দ্দশা গ্রস্ত হইলেন, তিনি ইহার কিছু কাল পূর্ব্বে দেশান্তর হইয়া আগে † সম্থানে বাস করিয়াছিলেন। তাহার দেশান্তর হওনের কারণ এই, যে তিনি নিজ বাটীর নিকট ডাইয়ানার * এক মন্দির নির্ম্মাণ করিয়া তাহাতে এই লিখিয়া ছিলেন, যে ডাইয়ানা * দেবী সৎপরামর্শের কর্ত্রী; ইহার ভাবার্থ এই, যে আমার পরামর্শে দেশের বিস্তর উপকার হইয়াছে, কিন্তু লোকেরা আমার প্রতি তত্তুল্য কৃতজ্ঞতা প্রকাশ করে নাই। অপর তাঁহাকে এই অপবাদ দেওয়া গিয়াছিল, যে তিনি পাসেনিয়ের * যুক্তি জ্ঞাত থাকিয়াও প্রকাশ করেন নাই, কিন্তু কেবল ইহাই নহে,

অধিকন্তু অপবাদ এই, যে তিনি ঐ যুক্তিতে সহায়তা করিয়া ছিলেন। অনুমান হয় ঐ প্রথম অপবাদ সত্য, কিন্তু শেষ বিষয়ে তিনি নিরপরাধ ছিলেন। সে যাহা হউক স্পার্টীয়েরা শত্রুতা ক্রমে আথীনীয়া সভার মধ্যে তাঁহার বিরুদ্ধে কহিল, এবং স্বদেশীয়দের মধ্যে যে সকল লোক তাঁহার শক্তিতে ভয় অথবা দ্বেষ করিত, তাহারাও এই বিষয়ে তাঁহার প্রতিকূলাচরণ করিল। সংক্ষেপে কহি লোকেরা তাঁহার প্রতি এতাদৃশ ক্রুদ্ধ ছিল, যে তাহারা তাঁহাকে হত করিতে স্ব স্ব মত প্রকাশ করিয়াছিল, এবং তাঁহাকে গ্রীকের সাধারণ সভার সম্মুখে ধরিয়া আনিতে লোকও পাঠাইয়াছিল। কিন্তু ভাগ্যক্রমে তিনি ইহার সংবাদ প্রাপ্তেই পলাইয়া প্রাণ রক্ষা করিলেন। তিনি প্রথমে কার্সাইরা † নামে উপদ্বীপে গমন করিলেন ; এবং তথাহইতে এড্মিট * নামক মলোশিয়দের * রাজার সভায় উপস্থিত হইলেন, কিন্তু ঐ রাজা তাঁহাকে আশ্রয় দেওনে অশক্ত হওয়াতে তিনি সর্ব্ব শেষে সার্ডিতো প্রস্থান করিলেন ; সে স্থানে গিয়া পার্শী ভূপতির পদতলে পড়িয়া আপন নাম ও দেশ এবং দুর্দ্দশা সকল এই রূপে কহিলেন ; যথা, আমি আমার কৃতঘ্নদেশের বিস্তর উপকার করিয়াছি, এইক্ষণে তোমার সেইরূপ উপকার করিব মনে করিয়া আসিয়াছি, আমার প্রাণ এই ক্ষণে তোমার হস্তে দিলাম, তুমি দয়া ও রাগ দুই প্রকাশ করিতে পার ; কিন্তু দয়া করিলে একজন কৃতজ্ঞ অধীনের প্রাণ রক্ষা হয়, এবং কোপ করিলে গ্রীক দেশের অতিশয় শত্রু নষ্ট হয়, কেননা এইক্ষণে আমি গ্রীকদেশের অতিশয় শত্রু হইয়াছি। রাজা ইহা শুনিয়া প্রথমে কোন উত্তর করিলেন না, তথাচ এতাদৃশ বক্তৃতা ও নির্ভয়তায় চমৎকৃত হইলেন ; কিন্তু শীঘ্র এই বিষয়ে আহ্লাদ প্রকাশ করিয়া সভাসদদিগকে কহিলেন,' যে থেমিষ্টাক্লির * আমার নিকট আগমন

আমাদিগের পক্ষে অতিশয় মঙ্গলের বিষয়, এবং আমি এই প্রার্থনা করি যে আমার শত্রুরা ঐ রূপ সকল জ্ঞানী ও সৎ-লোকদিগকে ক্রমেং দেশান্তর করে। তাঁহার এই প্রকার আহ্লাদ স্বপ্নেও হইয়াছিল, যেহেতুক রাত্রিকালে নিদ্রাভঙ্গ হইয়া তিনি তিনবার এই কহিয়াছিলেন যে আমি আথীনীয় থেমিস্টা-ক্লিকে* পাইয়াছি। অপর তাঁহার প্রতিপালনার্থে তিনি তাঁহা-কে তিন খান গ্রাম দিয়াছিলেন, এবং তাঁহাকে অতি উত্তম মতে ভরণ পোষণ করিতে লাগিলেন। পার্শীয়ারা রাজসভায় তাঁহার এতাদৃশ প্রতিপত্তি হইয়াছিল, এবং তত্রস্থ লোকেরা তাঁহাকে এমত মান্য করিত, যে এক দিন ভোজন কাল তিনি আপন স্ত্রী ও সন্তানদিগকে কহিয়াছিলেন, যে আমরা স্বদেশ ভ্রষ্ট না হইলে, এই স্থানে এতাদৃশ সৌভাগ্য পাইতাম না।

কিন্তু থেমিস্টাক্লির* চিত্তহইতে স্বদেশ হিতার্থ বাঞ্ছা কোন মতেই বিমোচিত হয় নাই, কারণ গ্রীকদের তুল্য স্বদেশ প্রেম-কারী অন্য কোন জাতি ছিল না, ইহার কারণ এই, যে তাহা-দিগকে দেশরক্ষার্থে বিস্তর যুদ্ধ করিতে হইয়াছিল। কোন বস্তু পাইতে বা রক্ষা করিতে যেমত পরিশ্রম হয় সে বস্তু তদনুসারে মূল্যবান্ হয়। অতএব যখন সর্ক্সি* আথীনীর বিপক্ষে পুনর্ব্বার যুদ্ধার্থ উদ্যোগ করিবার সূচনা করিয়া অধ্যক্ষতার ভার থেমিস্টক্লিকে* দিতে চাহিলেন, তখন ঐ স্বদেশ-প্রেমী আপন জন্ম ভূমির প্রতিকূলে যুদ্ধ করিতে না পারিয়া বিষপানে প্রাণত্যাগ করিলেন।

আরিস্টাইডি* লোভ ও আত্মম্ভরিত্ব দোষবর্জ্জিত ছিলেন, এই প্রযুক্ত তিনি স্বদেশীয়দের দ্বেষ প্রাপ্ত না হইয়া বরং প্রতি দিন বিচার ও সাধুতার কারণ তাহাদের প্রেম ও সম্মান পাইতে লাগিলেন। এই বিষয়ে তাঁহার এতাদৃশ সম্ভ্রম হই-

'য়াছিল, যে যখন গ্রীকদেশ সমূহের মধ্যে এই বিবাদ উপস্থিত হইয়াছিল যে যুদ্ধার্থ সাধারণ ধন কাহার হস্তে দিয়া বিশ্বাস করা যাইতে পারে? তাহাতে সকলেই আরিষ্টাইডিকে* উপযুক্ত পাত্র কহিল, কারণ তাঁহার তুল্য যাথার্থিক তাঁহাদিগের দেশের মধ্যে অন্য কেহ ছিল না; এবং তাঁহার ঐ ধনরক্ষার কর্ম্ম সম্পন্ন করাতে তাহাদের সেই জ্ঞান নিশ্চয় হইল। ইহাতে অধিক প্রশংসার বিষয় এই, যে তিনি নির্ধন ছিলেন; কিন্তু পশ্চাৎ বক্তব্য বাক্যে বোধ হয় স্বেচ্ছাতে দরিদ্রাবস্থা স্বীকার করিয়াছিলেন, কারণ তিনি ইচ্ছা করিলেই ধনী হইতে পারিতেন। তাহার প্রমাণ এই, যথা কালিয় * নামক তাঁহার এক আত্মীয় বন্ধু ও জ্ঞাতি কোন অপরাধে বিচারকর্ত্তাদের নিকটে আনীত হইয়াছিলেন, বিশেষতঃ তিনি ঐশ্বর্য্যবিশিষ্ট হইলেও আপন বন্ধু ও জ্ঞাতি আরিষ্টাইডির* অপ্রতুল দূর করেন নাই। কিন্তু কালিয় * আরিষ্টাইডিকে* ইহার উত্তর করিবার ভার দেওয়াতে প্রকাশ হইল, যে কালিয় * তাঁহাকে আপন ধনের অংশ দিতে প্রার্থনা করিলে তিনি তাহা গ্রহণ না করিয়া এই রূপ কহিয়াছিলেন, যে ব্যক্তি আপন আয়াধিক ব্যয় করে তাহার ধনাভাব হয়, এবং যিনি পরিমিত ব্যয়ী তিনি প্রায় দেবতার তুল্য, কেননা দেবতাদিগের কিছুরই আবশ্যক ও অভাব নাই।

এই রূপে আরিষ্টাইডি* রাজ্যবিষয়ে যাথার্থিক ও সাংসারিক বিষয়ে স্বাধীন ছিলেন, এবং যাহাদের সহিত তাঁহার পরিচয় ছিল তাহারা সকলেই তাঁহাকে মান্য ও প্রেম করিত। তাঁহার কোন্ সময়ে বা কোন্ স্থানে মৃত্যু হইয়াছিল তাহার বিষয় ইতিহাসে কিছু বিস্তারিত পাওয়া যায় না; কিন্তু তাঁহার সৎস্বভাব ও ব্যবহারের কথা সুন্দরমতে লিখিত আছে, তদ্দ্বারা আমরা

জ্ঞাত হইতেছি যে তাঁহার হস্তে সাধারণের তাবৎ ধন থাকিয়াও দরিদ্রাবস্থায় পরলোকগামী হইলেন। এমতও ব্যক্ত আছে যে তাঁহার মৃত্যুর পর অন্ত্যেষ্টি ক্রিয়াদি করিবার যোগ্য অর্থ ছিল না; এ প্রযুক্ত রাজ্যাধ্যক্ষেরা তাহা সম্পন্ন করিয়া তাঁহার পরিবারের ভরণ পোষণের ভার লইল। আর তাঁহার কন্যাদিগকে যৌতুক স্বরূপ ধন দিয়া সংস্থান করিয়া দিল, ও রাজ্যের ব্যয়হইতে পুত্রের প্রতিপালন হইতে লাগিল, এবং কোন২ পৌত্রদিগের ভরণ পোষণার্থে আলিম্পিক † ক্রীডার জয়িদের তুল্য বৃত্তি স্থির করিয়া দিল।

থেমিষ্টক্লির * ও আরিষ্টাইডির * মৃত্যুর পর অবধি মিল্টাইডির * পুত্র সাইমন্ * আথীনী † প্রদেশে ক্রমে কীর্ত্তিমান্ ও প্রতিপন্ন হইতে লাগিলেন। তিনি নব্যাবস্থায় নিতান্ত স্বেচ্ছাচারী ও অবাধ্য ছিলেন; কিন্তু আরিষ্টাইডি * তাঁহার তাবৎ মন্দ স্বভাবের মধ্যে বিস্তর সদ্গুণের বীজ দেখিতে পাইয়া তাঁহাকে নীচ আমোদ সকল পরিত্যাগ করিতে ও তৎপরিবর্ত্তে রাজ্যবিষয়ে মনঃসংযোগ করিতে পরামর্শ দিলে তিনি তাহাই স্বীকার করিলেন, এবং অত্যল্প কালে সাহসে আপন পিতার তুল্য, ও জ্ঞানে থেমিষ্টক্লির * তুল্য, এবং সাধুতায় প্রায় আপন উপদেশক আরিষ্টাইডির * তুল্য হইলেন। তাঁহার সংগ্রামীয় বুদ্ধি ও শক্তির প্রথম প্রমাণ এই, যে আশিয়াস্থ † তাবৎ সমুদ্র পর্য্যটন করিয়া মাইনরআশিয়ার † সমুদ্র তটস্থ যে সকল গ্রীক নগর পার্শী রাজার অধীন হইয়া ছিল, সেই ২ নগর উদ্ধার করিয়া গ্রীক্দের অন্তর্গত করিলেন; অতএব এইরূপে তাহারা তাঁহার বিপক্ষ হইল। কিন্তু ঐ সকলের মধ্যে যে ২ নগরে পার্শীয়ের * পক্ষীয় রক্ষক সেনা ছিল, তাহারা দুর্জ্জয় সাহস পূর্ব্বক প্রতিযোগ করিয়াছিল। সকল হইতে ইয়ন † নামক নগরের বিষয়

বিশেষ রূপে কহা উচিত। বোজি * নামক তথাকার প্রধানাধ্যক্ষ তাহা রক্ষা করিতে বা সেই উদ্যমে প্রাণ ত্যাগ করিতে প্রতিজ্ঞা করিয়া এমত সাহস পূর্ব্বক প্রতিরোধ করিয়াছিলেন, যে তাহা অবিশ্বসনীয়; কিন্তু শেষে নিতান্ত নিরুপায় হইয়া আপন ভার্য্যা ও সন্তানদিগকে হত্যা করিয়া তাহাদের শব একটা চিতার উপর রাখিয়া তাহাতে অগ্নি সংযোগ করিলেন, পরে আপনিও অগ্নিপ্রবেশে প্রাণত্যাগ করিলেন।

পার্শীয়দের * ডিঙ্গা সকল ইউরিমিডন্ † নামক নদীর মুখে নঙ্গর করিয়াছিল, সাইমন্ * এই সংবাদ পাইয়া আপন ডিঙ্গা সমূহ তথায় লইয়া গিয়া শত্রুদের তাবৎ ডিঙ্গা নষ্ট করিলেন, এবং তাঁহার সেনাগণ ঝম্প দিয়া তীরে উত্তীর্ণ হইয়া শত্রুপক্ষীয় পলায়িত নাবিকদিগের পশ্চাদ্গমন পূর্ব্বক সকলকে পরাভূত করাতে গ্রীকেরা * একেবারে সমুদ্র ও স্থলসংগ্রামে জয়ী হইল। এই দুর্দ্দশার পর পার্শীয়েরা * সন্ধি করিতে বাধিত হয়, তদ্বিষয়ক নিয়মে পার্শীয়দের * যেমত অপমান সেই মত গ্রীকদের মর্য্যাদা হইয়াছিল। সেই নিয়ম সকল এইং যে আশিয়াস্থ † গ্রীকদের † নগর সকল স্বাধীন থাকিবে, এবং পার্শীয়ের † সমুদ্র বা স্থলস্থ সৈন্য গ্রীকের সমুদ্র তটের এমত নিকটে আসিতে পারিবে না যাহাতে কোন দ্বেষ বা ভয় জন্মে।

এই যুদ্ধে যে অপহৃত ধন পাওয়া গিয়াছিল, তদ্দারা সাইমন্ * আথীনী † নগরের সৌন্দর্য্য করিয়াছিলেন, তাহাতে আথীনীয়েরা * গৃহনির্ম্মাণবিদ্যায় এমত দক্ষতা প্রকাশ করিয়াছিল যে তাহা অদ্যাবধি প্রশংসা করিতে হয়। ঐ সময়ে বর্ত্তমান সাইমনিডি * নামক এক জন প্রধান কবির কতক গুহ্ অদ্যা-

বধিও আছে, কিন্তু খেদের বিষয় এই যে ঐ রূপ অনেক গ্রন্থ বহু কালাবধি বিনষ্ট হইয়াছে।

---

৮ অষ্টম অধ্যায়।

পার্শীয়ের † সহিত সন্ধি হওনাবধি নিসিয়ার * সন্ধি পর্য্যন্তের বিবরণ।

তদ্বাচ সাইমন্ * আরিষ্টাইডির * মৃত্যুর পর আথীনীরা মধ্যে কিছু কাল পর্য্যন্ত সর্ব্ব প্রধান ছিলেন, কিন্তু শীঘ্রই পেরিক্লি * নামক এক ব্যক্তি তাঁহার প্রতিযোগী হইয়া উঠিলেন। তিনি তাঁহার অপেক্ষায় অতিশয় বয়োন্যূন এবং প্রধান বংশ-জাত ছিলেন, তাঁহার পিতা সান্থিপ * মাইকেলে † পার্শী-য়দিগকে * পরাভূত করিয়াছিলেন, এবং তাঁহার মাতা আগেরিষ্টা * কালিম্থিনির * ভ্রাতৃকন্যা; ঐ কালিম্থিনি * আথীনী † রাজ্যোপদ্রবিদিগকে দূর করিয়া তৎপ্রদেশে সর্ব্ব প্রিয় রাজ্য সংস্থাপন করিয়াছিলেন। নব্যাবস্থায় পেরিক্লি * বিদ্যাব্যবসায়ে মনোযোগ করিয়া জ্ঞানবান্ হইয়াছিলেন, কিন্তু সদ্বক্তৃতা অভ্যাস করিতে তাঁহার বিশেষ মনোযোগ ছিল, এবং ঐ বিষয়ে তাঁহার সকল সমবয়স্কদিগহইতে তিনি অধিক প্রসিদ্ধ হইয়াছিলেন; তাঁহার প্রধান প্রতিবাদী থুসিডিডি * ও কহিয়াছেন যে আমি তাঁহাকে পুনঃ২ পরাভূত করিয়াছি, কিন্তু তাঁহার এমত সদ্বক্তৃতা শক্তি, যে শ্রোতার। তাঁহার বক্তৃতায় কখন বিচলিত শুনিতে পান নাই। তাঁহার মধুর স্বর ও মুখশ্রী এবং সর্ব্বাকৃতি প্রায় পিসিস্ট্রাট * নামক উপদ্রবির ন্যায় ছিল। এই সকল স্বাভাবিক ও

স্বোপার্জ্জিত গুণ ভিন্ন তিনি ভাগ্যবান্ ছিলেন, এবং রাজ্যস্থ প্রধানং গোষ্ঠীর সহিত তাঁহার নৈকট্য সম্পর্ক ছিল।

সে যাহাহউক সাইমনের * অতি সুখ্যাতি প্রযুক্ত পেরিক্লির* সুখ্যাতি কিয়ৎকাল অপ্রচার ছিল, কিন্তু সাইমন্* ডিঙ্গা বা সৈন্যের সহিত প্রায় বিদেশে থাকিতেন, এবং পেরিক্লি* সর্ব্বদা দেশে থাকিয়া বক্তৃতাদ্বারা এমত প্রতিপন্ন হইলেন, যে সাইমন্* জন্য বাধা ক্রমে নষ্ট হইয়াছিল। তাঁহার প্রতি লোকদের যে প্রেম ছিল তদ্দারা তিনি প্রথমে আরিওপাগ* নামক বিচারসভার শক্তি ও সম্ভ্রম হ্রাস- করিলেন ; এ উদ্যমে ইফিএল্টি* নামক সর্ব্বপ্রিয় অন্য এক জন বিশেষ সহকারিতা করিয়াছিলেন। তিনি কৌশলক্রমে ঐ বিখ্যাত বিচারস্থানে প্রায় সকল বিষয় নিষ্পত্তি হওন অন্যথা করিয়া সাধারণ সভার উপর সে শক্তি দিলেন। সে যাহাহউক ইহার পরও সাইমনের* এমত প্রতিপত্তি ছিল যে এক প্রধান বিষয়ে পেরিক্লির* কথা অন্যথা হইয়া তাঁহার কথা গ্রাহ্য হইল, যথা হিলোট্ অর্থাৎ স্পার্টীয় দাসেরা অধীনত্বহইতে মুক্ত হইবার কারণ অস্ত্রধারী হইয়াছিল, ইহাতে আথীনীয়েরা* তাহাদের নিবারণার্থে লেসিডিমোনী- য়দিগকে* আশ্রয় দিবেন কি না ইহার বিবেচনা হওয়াতে সাইমন্* তাহাতে সম্মত ছিলেন, কিন্তু পেরিক্লি* তাহা নিষেধ করিলেন। সাইমনের* মতের সদাশয়তা প্রযুক্ত তাহাই গ্রাহ্য হইল, এজন্য তিনি এক দল সৈন্য স্পার্টীয়† লইয়া গিয়া ঐ উপদ্রবের দমন করিলেন। পরে হিলোটেরা* পনর্ব্বার ঐ রূপ উৎপাত করিয়া ইথোমি† নামক দুর্গ অধিকার করাতে স্পার্টীয়েরা পুনর্ব্বার আথীনীয়† সহকারিতা প্রার্থনা করিতে বাধিত হইল; কিন্তু এ বারে পেরিক্লির* মতানু-

সারে আথীনীয়েরা * স্পার্টীয়দিগকে * কোন আশ্রয় দিল না ; এই নিমিত্ত কেবল আপনারা যুদ্ধ শেষ করিতে বাধিত হইয়া স্পার্টীয়েরা * ইথোমি † দুর্গ বেষ্টন করিল ; তাহার রক্ষকেরা দশ বৎসর পর্য্যন্ত প্রতিরোধ করিয়াছিল বটে, কিন্তু শেষে স্পার্টীয়েরা * তাহা জয় করিয়া হিলোটদিগকে † পিলোপনিস † দেশ চিরকালের কারণ পরিত্যাগ করণের স্বীকার করাইয়া তাহাদিগের প্রাণ রক্ষা করিল।

আথীনীয়েরা * ঐ আশ্রয় না দেওয়াতে, এবং লাসিডিমোনীয়েরা * তাহাদিগকে কোন প্রকার অপমান করিয়াছিল এই রূপ মিথ্যা অপবাদ দেওয়াতে, ঐ উভয় জাতীয়ের মধ্যে পূর্ব্বজনিত দ্বেষের পুনর্ব্বার আরম্ভ হইল, এবং তৎদ্বারা উভয়েরই শক্তি এমত হ্রাস হইয়াছিল, যে বিদেশীয় তুচ্ছ আক্রমণে প্রতিরোধ করিতে ঐ উভয় জাতীয়ের মধ্যে কাহারও ক্ষমতা রহিল না। আথীনীয়দের * ক্রোধের প্রথম চিহ্ন এই, যে তাহারা সাইমনকে * দশ বৎসরের কারণ দেশান্তর করিল, কারণ তিনি স্পার্টার † প্রতি সপক্ষতা করিয়াছিলেন। তৎপরে তাহারা স্পার্টীয়দের * সহিত সন্ধি ভঙ্গ করিয়া তাহাদের প্রকাশিত শত্রু আর্গাইয়দের * সহিত সন্ধি করিল; এতদ্ভিন্ন পিলোপনিস † দেশহইতে যে সকল দাস বহিষ্কৃত হইয়াছিল, আথীনীয়েরা * তাহাদিগকে আশ্রয় দিয়া সপরিবারে নাপেক্ট † প্রদেশে সংস্থাপিত করিল; এবং যে আথীনীয়েরা লাসিডিমনে † বাস করিত, তাহাদের কারণ স্পার্টীয়দের * ব্যবহারের ন্যায় ব্যবহারের অনুমতি চাহিল। কিন্তু ঐ দুই জাতীয়ের মধ্যে সম্পূর্ণ ভাবে বিচ্ছেদ হইবার প্রধান কারণ এই, যে মিগেরীয়েরা * স্পার্টার † সহিত সন্ধি ভঙ্গ করিলে আথীনীয়েরা * তাহা রক্ষা করিয়াছিল; ইহাতে

•স্পার্টার † ও আথীনীর † মধ্যে এমত দ্বেষ জন্মিল, যে তাহাতেই ঐ দুই প্রদেশের বিনাশ হইল।

আথীনীয়দের * এমত গর্ব্ব ও খলব্যবহার করণের কারণ এই, যে প্লাটিয়ার † যুদ্ধে জয়াবধি তাহারা আপনাদিগকে অতি পরাক্রমী জ্ঞান করিত। ঐ জয়ে তাহারা লেসিডিমোনীয়দের * তুল্য প্রাধান্য পাইয়াছিল, কিন্তু ঐ প্রাধান্যেও সন্তুষ্ট না হইয়া উহাদিগের প্রভুহইতে ইচ্ছা করিয়া তাহারা আপনাদিগকে গ্রীক † দেশের রক্ষাকর্ত্তা করিয়া কহিত। অপর তাহারা এ অভিলাষও করিয়াছিল, যে তাবৎ প্রদেশের সভা আথীনী † নগরে হয়। আরতাহারা এই রূপ প্রতিজ্ঞা করিল যে যদ্যপি অন্য কোন জাতীয়েরা আমাদিগকে অপমান করে, তবে আমরা তাহাদিগের সহিত যুদ্ধ করিব।

এই দুই প্রদেশস্থদের পরস্পর এতাদৃশ বিচ্ছেদ হওনেও তাহারা সংগ্রামে প্রবৃত্ত হয় নাই; বরং প্রথমে স্ব২ নিকটস্থ প্রদেশস্থদিগের সহিত সম্প্রীতিদ্বারা আপনাদিগের শক্তিবৃদ্ধি করিতে চেষ্টা করিল। পরে উভয় পক্ষীয় সেনাগণ টানাগেরা † নগরের নিকটে যুদ্ধারম্ভ করিল, এবং সাইমনের * প্রতি আথীনীয়েরা * যে অহিতাচরণ করিয়াছিল, তিনি তাহা বিস্মৃত হইয়া স্বদেশীয়দের সাহায্যার্থে আসিয়াছিলেন বটে, তথাপি আথীনীয়েরা * পরাভূত হইল। ইহার মাসেক দুই মাস পরে অন্য এক যুদ্ধ ঘটিলে তাহাতে আথীনীয়েরা জয়ী হইয়াছিল। সাইমনের * এই যুদ্ধোপলক্ষে বিস্তর পরিশ্রম প্রযুক্ত, তিনি পাঁচ বৎসর দেশান্তরে থাকিয়াই স্বদেশে পুনর্ব্বার আইলেন, অর্থাৎ তাঁহাকে দশ বত্সর দেশান্তর রাখিবার আজ্ঞা দৃঢ় রহিল না, তাঁহার প্রতিবাদি পেরিক্লি * প্রথমে তাঁহাকে পুনরাহ্বান করিতে প্রসঙ্গ করিয়াছিলেন।

সাইমন্* স্বদেশে পুনরাগমন করিয়া প্রথমে আথীনী† ও স্পার্টার† সকল বিবাদ ভঞ্জন করিতে চেষ্টা পাইতে লাগিলেন, ইহাতে তাহাদিগের মধ্যে এক প্রকার মৌখিক প্রণয় হইয়া পাঁচ বৎসরের কারণ যুদ্ধ নিবৃত্তি হওয়াতে, আথীনীয়েরা* দূরস্থ শত্রুর সহিত যুদ্ধ করিবার সুযোগ পাইয়া সাইপ্রু† নামক উপদ্বীপ জয় করিবার কারণ দুই শত ডিঙ্গা প্রস্তুত করিয়া সাইমনকে* অধ্যক্ষ করিল। তিনি তদনুসারে গমন করিয়া সে উপদ্বীপ উচ্ছিন্ন করিয়া সাইসীয়ম† নামক রাজধানী আক্রমণ করিলেন; কিন্তু শত্রুকর্ত্তৃক আঘাতী হইয়া বা পীড়ায় ক্ষীণ হইয়া মৃত্যু উপস্থিত জানিয়াও নিজকর্ম্মে মনোযোগ হেতুক তিনি আপন ভৃত্যদিগকে কহিলেন, যাবৎ যুদ্ধ সফল না হইবে তাবৎ তোমরা আমার মৃত্যুবার্ত্তা প্রকাশ করিও না, তাহারাও ঐ আজ্ঞা পালন করিয়াছিল, এবং সেনাগণ তাঁহার মৃত্যুর পর ত্রিশ দিবস পর্য্যন্ত তাঁহাকে জীবিত জ্ঞান করিয়া ঐ রাজধানী জয় করিল। এই রূপে জয় করিতেং তাঁহার পরলোক প্রাপ্তি হয়; সুতরাং তাঁহার নাম মাহাত্ম্যেই জয় হইল। পার্সীয়েরা* তাঁহাকে এতাদৃশ ভয় করিত, যে তাহারা সমুদ্র তটস্থ স্থান সকল একেবারে পরিত্যাগ করিল, এবং যে স্থানে তাঁহার অবস্থিতি করিবার সম্ভাবনা থাকিত, তাহার ছয় শত ক্রোশ অন্তরের মধ্যেও তাহারা আসিত না।

এইরূপে পেরিক্লি* সাইমন্* জন্য বাধাহইতে মুক্ত হইয়া আপন আকাঙ্ক্ষা সম্পূর্ণ করিতে প্রতিজ্ঞা করিলেন। পরাজিত ভূমি সকল প্রজাদিগকে বিভাগ করিয়া দিয়া, এবং সাধারণ ব্যবহার্য্য গৃহসকলদ্বারা নগর শোভা ও নানা প্রকার তাহাদিগের মনোরঞ্জন করিয়া তিনি এমন প্রতিপত্তি

পাইলেন, যে স্বাধীন দেশে তাঁহার রাজপ্রভুত্ব হইয়াছিল। তিনি যে সকল পুরী নির্ম্মাণ করিয়াছিলেন, তদ্দর্শনে সদ্গুণগ্রাহকেরা তাঁহাকে অতি প্রেম পূর্ব্বক স্মরণ করেন, সেই সকলের অবশিষ্ট কিঞ্চিৎ২ অদ্যাবধিও দেখিতে পাওয়া যায়, এবং ঐ বিষয়ে অতিবিজ্ঞ লোকে কহিয়া থাকেন, যে তাহাহইতে উত্তম বা তুল্য প্রায় কখন নির্ম্মিত হয় নাই; কিন্তু এই সকল কর্ম্ম সম্পূর্ণ করণে তিনি অন্যায় করিয়াছিলেন, কারণ পার্শীয়ার † প্রতিকূলে যুদ্ধ করিতে গ্রীকের নানা প্রদেশহইতে যে ধনসঞ্চয় হইয়াছিল তাহার কিয়দংশ লইয়া ঐ নির্ম্মাণেতে ব্যয় করিয়াছিলেন; তাহাতে কোন প্রদেশস্থদের আপত্তি করাতে পেরিক্লি* নির্ভয়ে এই উত্তর করিলেন, যে আথীনীয়েরা* কোন কর্ম্ম করণে কাহারও অধীন নহে, এবং গ্রীকের ধনে সর্ব্বাপেক্ষায় আথিনীয়দেরই অধিক অধিকার, কারণ তাঁহারাই সাধারণের রক্ষার্থে অধিক পরিশ্রম করিয়া থাকেন। তিনি পুনশ্চ কহিলেন, যুদ্ধ সাঙ্গ হওনের পর যে ধন উদ্বৃত্ত হইবে তাহাহইতে কিঞ্চিৎ২ শিল্পিদিগকে দেওয়া উচিত।

সে যাহা হউক গ্রীকের † অন্যান্য প্রদেশ সকল এই কথায় ক্ষান্ত হইল না, বিশেষতঃ স্পার্টীয়েরা* রুষ্ট হইয়া আথীনীর †'এতাদৃশ সৌভাগ্য দেখিয়া হিংসা করিতে লাগিল, এবং পেরিক্লির* গর্ব্বেতে কুপিত হইল। অপর আথীনীয়েরা* মিলিসীয়দের* সপক্ষে সাম † উপদ্বীপের বিপক্ষে যুদ্ধ করিয়াছিল, ইহাতে ঐ সকল ঈর্ষা আরও বৃদ্ধি হইল। এই রূপ কথিত আছে যে পেরিক্লি* এস্পেশিয়া † নাম্নী এক নিজ প্রিয়া বেশ্যার সন্তোষানুরোধে এই যুদ্ধ উঠাইয়া-

ছিলেন। কএক ক্ষুদ্র যুদ্ধের পর পেরিক্লি* কূর্ম্ম ও মেষের' ন্যায় যুদ্ধ যন্ত্রের দ্বারা সাম† উপদ্বীপের রাজধানী আক্রমণ করিলেন, তদবধি ঐ সকল যন্ত্র প্রকাশ হইয়াছে। সামীয়েরা* নয় মাস পর্য্যন্ত ঐ আক্রমণের প্রতিযোগ করিয়া শেষে অধীন হইল। পেরিক্লি* তাহাদিগের প্রাচীর উচ্ছিন্ন ও ডিঙ্গা সকল অপহরণ করিয়া তাহাদিগহইতে বিস্তর ধন লইলেন, পরে গর্ব্বিত হইয়া তিনি আথীনীতে† পুনরাগমন করিয়া যুদ্ধে হত ব্যক্তিদের অন্ত্যেষ্টি ক্রিয়াদি অতি আড়ম্বর রূপে সুবক্তৃতায় সম্পূর্ণ করিলেন।

অথীনীয়† ও স্পার্টার† পরস্পর দ্বেষ উপস্থিত হওনেতেই পিলোপনিসীয়† যুদ্ধের উৎপত্তি হইয়াছিল বটে, কিন্তু ইহাদের মধ্যে কোন জাতি আপনাদের প্রকৃত অভিপ্রায় অর্থাৎ পরস্পর দ্বেষ প্রকাশ করিতে ইচ্ছুক ছিল না; অতএব তাহাদিগের মিত্র জাতীয়দের মধ্যে এক সামান্য বিবাদ হওয়াতে তাহারা যুদ্ধ করিবার দৃশ্য কারণ পাইল। যথা কোরিন্থীয়েরা* ইপিডেম্ন† নামক কর্শীরিয়দের* এক অধীন প্রদেশের কোন অপমান করিয়াছিল, ইহাতে কর্শীরিয়েরা* কুপিত হইয়া, উহাদিগের প্রতিকূলে অস্ত্রধারী হইয়াছিল, কিন্তু সমুদ্রযুদ্ধে পরাভূত হইয়া তাহারা আথীনীয়দের* নিকট আশ্রয় প্রার্থনা করাতে তাহারা উহাদিগের সাহায্যার্থে কতক ডিঙ্গা পাঠাইয়াছিল, কিন্তু তাহাতেও কোন উপকার দর্শিল না। এই যুদ্ধহইতে অন্য এক যুদ্ধের উৎপত্তি হইল, যথা পোটিডিয়া† নামক আথীনীয়দের* সম্পর্কীয় এক নগর কোরিন্থের† পক্ষ হওয়াতে পোটিডিয়ার† যুদ্ধক্ষেত্রে এক সংগ্রাম উপস্থিত হইল, তাহাতে আথীনীয়েরা* জয়ী

হইয়াছিল। এই যুদ্ধে সোক্রেটি* আপন শিষ্য আল্‌সিবাই-এডির* প্রাণ রক্ষা করিয়াছিলেন, পরে যুদ্ধ সাঙ্গ হইলে তিনি তাঁহাকে সাহসের পুরস্কার দেওয়াইয়া ছিলেন, কিন্তু তিনিও প্রকৃত রূপে তদ্যোগ্য ছিলেন। এই জয় হওয়াতে আথীনীয়েরা* শীঘ্র পোটিডিয়া† নগর আক্রমণ করিল,এবং আথীনীয়দের* এই রূপে সন্ধি ভঙ্গ করণজন্য কোরিন্থীয়েরা* গ্রীকের† অন্যান্য প্রদেশের নিকট উহাদের বিপক্ষে বিচার প্রার্থনা করিল। লেসিডিমোনীয়েরা* উভয় পক্ষের কথা শুনিয়া আথীনীয়দিগকে* উপদ্রবী কহিয়া তাহাদিগের উপযুক্ত দণ্ড করিতে প্রতিজ্ঞা করিল।

সেযাহা হউক স্পার্টীয়েরা* প্রথমে বিচারছলে আথীনীতে† দূত পাঠাইল, কিন্তু গোপনে যুদ্ধোদ্যোগ করিয়া বাহ্যে সন্ধির ইচ্ছা প্রকাশ করিল; তাঁহারা আথীনীয়দিগকে* এই ২ রূপ কহিয়া পাঠাইলেন,যে সকল লোক সীলন† উপদ্বীপের মিনর্ব্বা* দেবীর মন্দির অপবিত্র করিয়াছে তাহাদিগকে দূর কর, ও পোটীডিয়ার† প্রতিকূলাচরণে নিরস্ত হও, এবং গ্রীক† দেশের স্বাধীনতার উপর কখনও আক্রমণ করিবা না।

পেরিক্লি* স্বদেশীয়দিগকে যুদ্ধে প্রবৃত্ত করাইয়া ভাবিলেন, এই ক্ষণে তাহাদিগকে তদুপযুক্ত সাহস দেওয়া আবশ্যক, অতএব তিনি তাহাদিগকে কহিলেন, আমাদিগের প্রতি কোন বিষয়ে অন্যায় হইলেই যুদ্ধ করা উচিত, ও বিপক্ষীয়ের সহিত এমন বিচ্ছেদ হওয়াতে আমাদিগের কোন মন্দ না হইয়া বরং মঙ্গলই দর্শিতে পারে; কেননা আমাদের যথেষ্ট ডিঙ্গা আছে, তদ্দ্বারা আমরা শত্রুদের সমুদ্রতট পর্য্যন্ত আক্রমণ করিতে পারিব, এবং আমাদের নগরের চতুর্দ্দিকে যে রূপ শক্ত প্রাচীর আছে তাহা কেহ হঠাৎ অধি-

কার করিতে পারিবে না। আথীনীয়েরা* স্বভাবতঃ পরি-বর্ত্তনেচ্ছুক ছিল, এপ্রযুক্ত তাহারা পেরিক্লির* বক্তৃতায় সাহসী হইয়া এবং দূর দেশের যুদ্ধে ভীত না হইয়া তাঁহার মতালবম্বী হইল। কিন্তু স্পার্টীয়দের* যে রূপ কপটতা তদুপযুক্ত ধূর্ত্ততা করিবার নিমিত্ত আথীনীয়েরা* তাহাদিগের কথায় কোন স্পষ্ট উত্তর না দিয়া কেবল এই মাত্র কহিল, আমাদের নিতান্ত বাঞ্ছা এই যে নির্ব্বিরোধে সকল বিবাদ নিষ্পত্তি হয়, কিন্তু আমাদিগকে আক্রমণ করিলে আমরা অবশ্য সাধ্যমত সাহস পূর্ব্বক আত্মরক্ষা করিব।

অনুমান হয় যে পেরিক্লির* স্বদেশীয়দিগকে এই যুদ্ধে প্রবৃত্ত করণে কোন স্বার্থ ছিল, কারণ তিনি রাজ্যে অতিশয় ঋণী ছিলেন, এবং নিশ্চয় জানিতেন যে নিশ্চিন্ত সময় হইলেই আমাকে রাজভাণ্ডারের নিকাশ দিতে হইবে। এই রূপ কথিত আছে, যে এক দিবস তাঁহার ভ্রাতৃপুত্র আল্‌সিবাএডি* তাঁহাকে বিমর্ষ দেখিয়া তাহার কারণ জিজ্ঞাসা করাতে উত্তর করিলেন, আমি কি রূপে রাজভাণ্ডারের নিকাশ দিব তাহাই ভাবিতেছি, ইহা শুনিয়া আল্‌সিবাইডি* উত্তর করিলেন, যাহাতে নিকাশ দিতে না হয়, এমন বিবেচনা করা তোমার পূর্ব্বে উচিত ছিল। এতভিন্ন পেরিক্লি* স্বগৃহে কোন সুখপ্রাপ্ত না হইয়া আস্পাশীয়া* নাম্নী উপপত্নীর প্রেমে মোহিত হইয়াছিলেন। ঐ স্ত্রীর এমত রসিকতা ছিল, যে সে কালের প্রায় তাবৎ কবি ও পণ্ডিতেরা তাঁহার প্রেমে বদ্ধ হইয়াছিলেন, তাহার মধ্যে সোক্রেটি* ও ছিলেন। স্পার্টা† প্রদেশের প্রতিযোগ করিতে ঐ স্ত্রীর নিতান্ত বাঞ্ছা ছিল, এবং অনুমান হয় যে পেরিক্লি* তাঁহারই পরামর্শে ঐ যুদ্ধে অত্যন্ত উদ্যত ছিলেন।

• পৃথিবী সৃষ্টির ৩৫৭২ তিন সহস্র পাঁচ শত বাহাত্তর বৎসর পরে গ্রীকের † ঐ দুই প্রধান প্রদেশের মধ্যে যুদ্ধঘটনা হওয়াতে ক্ষুদ্র২ প্রদেশেও বিবাদোপস্থিত হইতে লাগিল; ইহাদের মধ্যে কোন২ প্রদেশ স্পার্টার † সহিত কোন২ প্রদেশে বা আথীনীর † সহিত স্বার্থ বা স্বেচ্ছানুসারে অথবা লভ্য বুঝিয়া মিলিত হইল। লেসিডিমোনীয়দিগকে * গ্রীক † দেশের রক্ষক জ্ঞান করিয়া অনেকেই তাহাদিগের পক্ষ হইল, তাহাদের নাম এই২ যথা পেলিনি † নিবাসি লোক ভিন্ন আখেয়রা * ও মিগারীয়েরা * ও লোকৃয়েরা * ও বিওশীয়েরা * ও ফোর্শীয়েরা * ও আম্বাশীয়েরা * ও নিউকাডীয়েরা * এবং আনেক্টোরীয়েরা * এই সকল প্রদেশস্থেরা স্পার্টার পক্ষ হইল। এবং কাইয় † ও লেসব † ও প্লাটিয়া † নিবাসিরা ও অনেক উপদ্বীপস্থেরা ও পোটিডিয়া † ব্যতিরিক্ত থ্রেস † আদি সমুদ্রতটবর্ত্তি আথীনীর † করাধীন প্রদেশস্থেরা আথীনীয়দের * পক্ষ হইয়াছিল।

লাসিডিমোনীয়েরা * সঙ্গিদের সহিত ষষ্টি সহস্র সেনায় পরিবৃত হইয়া অবিলম্বে যুদ্ধস্থলে উপস্থিত হইল, এবং আর্কীডেমস * নামক তাহাদিগের এক জন রাজা সেনাপতি হইলেন। কিন্তু আথীনীয়দের * লোকসংখ্যা ত্রয়োদশ সহস্র অস্ত্রধারী ও ষোড়শ সহস্র নগরবাসী ও এক সহস্র দুই শত অশ্বারূঢ়, এবং প্রায় দুই সহস্র চারি শত ধনুর্দ্ধারি সৈন্য ছিল, অতএব শত্রু সৈন্যাপেক্ষায় ন্যূনতা প্রযুক্ত আথীনীয়েরা * যুদ্ধক্ষেত্রে শত্রুগণের প্রতিযোগ করণে অক্ষম হওয়াতে পেরিক্লি * তাহাদিগকে নগরমধ্যে প্রবেশ করিতে পরামর্শ দিলেন, কারণ সে স্থান সহজে আক্রমিত হইবে না। এই যুক্তি প্রথমে সকলের মনোনীত হইল না, কিন্তু শেষে অনুপায় দেখিয়া তাহাদিগকে তাহাই করিতে হইল, অত-

এব বহিঃস্থিত দেশ সকল শত্রুদের হস্তে পরিত্যাগ করিয়া তথাহইতে বহুমূল্য দ্রব্য সকল নগরমধ্যে আনিয়া তাহারা প্রাচীরের মধ্যে প্রবেশ পূর্ব্বক তথায় প্রাণপণে যুদ্ধ করিতে প্রতিজ্ঞা করিল। সে যাহাহউক স্পার্টীয়দের * যাদৃশ স্থলস্থ সৈন্য প্রধান ছিল, আথীনীয়দের *ও জলস্থ সৈন্য তাদৃশ পরাক্রমী কেননা তাহাদিগের তিন শত খান ডিঙ্গা ছিল, এবং তদ্দ্বারা তাহারা শত্রুদিগের সমুদ্রতটস্থ দেশ অধিকারে সর্ব্বদা উপদ্রব করতঃ তথাহইতে যুদ্ধব্যয়োপযুক্ত কর সংগ্রহ করিতে লাগিল।

তৎকালে লাসিডিমোনীয়েরা * আটিকা † দেশের ইনন † নগরে প্রবেশ করিয়া তথায় কোন বাধা না পাওয়াতে একার্ণী † নগরে যাত্রা করিল, ওথাহইতে আথীনী † নগর সাড়ে তিন ক্রোশ অন্তর। আথীনীয়েরা * এই রূপ বিপদ্গ্রস্ত হইয়া পেরিক্লিব * প্রতি ক্রোধ প্রকাশ করিয়া কহিল যে আমাদিগের এ রূপ অপমানের কারণ তুমিই হইয়াছ, এই প্রযুক্ত তাহারা পণ করিয়া কহিল যে আমাদিগকে যুদ্ধ ক্ষেত্রে লইয়া যাও, এবং আমাদিগের সৈন্য সংখ্যা ন্যূন বটে, কিন্তু আমরা সাহস পূর্ব্বক প্রতিযোগ করিব। কিন্তু পেরিক্লি* এই বাক্য গ্রাহ্য না করিয়া নগরদ্বার রুদ্ধ করিলেন, এবং স্থানে২ রক্ষক বসাইয়া কএক দল অশ্বারূঢ় সৈন্য শত্রুপ্রতিকূলে ও এক শত খান ডিঙ্গা পিলোপনিসের † সমুদ্রতট আক্রমণ করিতে পাঠাইলেন; এই সকল উপায়ে অভীষ্টসিদ্ধি হইল, কেননা লাসিডিমোনীয়েরা * ঐ নগর অপ্রবেশ্য দেখিয়া তাহার রক্ষকদিগকে বহুতর তিরস্কার করিয়া নগরাক্রমণে ক্ষান্ত হইয়া বহির্দেশ উচ্ছিন্ন করিল। ইহার প্রতিফল দিতে আথীনীয়েরা * আপনাদের

তাবৎ সৈন্যের সহিত উহাদের দেশ আক্রমণ করিল, এবং মিগেরা † পর্য্যন্ত যে প্রাচীর তদ্বেষ্টিত যে তটবর্ত্তি নিশিয়া † নগর তাহারও ধ্বংস করিল। এই জয়েতে গর্ব্বী হইয়া তাহারা যুদ্ধে মৃতব্যক্তিদিগের অন্ত্যেষ্টি ক্রিয়ার উৎসব করতঃ মহা আহ্লাদ প্রকাশ করিল, পেরিক্লি* ঐ অন্ত্যেষ্টি ক্রিয়োপলক্ষে মৃত সেনাদিগের গুণ কীর্ত্তন করিয়াছিলেন, তাহা এইক্ষণেও প্রসিদ্ধ আছে, এবং তাহাতেই তাঁহার বক্তৃতা ও কতজ্ঞতার প্রমাণ প্রকাশ হয়।

তাহার পর বৎসরারম্ভে লাসিডিমোনীয়েরা* পূর্ব্ব সংখ্যক সৈন্যের সহিত আটিকা † দেশ পুনর্ব্বার আক্রমণ করিল, এবং আথীনীয়দিগকেও পুনর্ব্বার প্রাচীরমধ্যে আশ্রয় লইতে হইল, কিন্তু আথীনীয়দের* এই যুদ্ধাপেক্ষায় অন্য এক বড় বিপত্তি ঘটিয়াছিল, অর্থাৎ ইতিহাসের মধ্যে যত মারী ভয়ের বিবরণ পাওয়া যায় তাহার সকলহইতে এক দারুণ মারী ভয় তাহাদিগের মধ্যে উপস্থিত হইল। এই রূপ কথিত আছে, যে ঐ মহা মারী প্রথমে ইথিওপিয়াতে † আরম্ভ হইয়াছিল, ও তথাহইতে ইজিপ্ট † দেশ দর্শন করিয়া লাইবিয়া † এবং পার্শিয়া † দেশ পর্য্যটন পূর্ব্বক শেষে আথীনী † দেশে জলপ্লাবনের ন্যায় আইল; ইহার এমত শক্তি বৃদ্ধি হইয়াছিল, যে অতিশক্ত ধাতু বিশিষ্ট লোক সকলও তাহাহইতে রক্ষা পায় নাই, এবং কোন উপায়ে বা ঔষধে তাহার প্রতিকার করিতে পারে নাই; কোন ব্যক্তি ঐ রোগগ্রস্ত হইবা মাত্রেই বন্ধুরা তাঁহার মরণাবধারণ করিয়া আত্মীয়তা ব্যবহার করণেও ভয় করিত, কেননা তাহাতে রোগিদিগের কোন কার্য্য দর্শিত না, বিশেষতঃ ঐ রোগের স্পর্শাক্রমণ শক্তি ছিল; এবং দেশের বাহির

হইতে নগরমধ্যে নানাবিধ দ্রব্য আনাতে অধিক দুঃখ হইয়াছিল, ও উত্তম বাসস্থানাভাবে প্রায় তাবৎ নগরবাসিদিগকে ক্ষুদ্র ২ কুঁড়িয়া ঘরে বাস করিতে হইয়াছিল, তন্মধ্যে প্রায় নিশ্বাস নির্গত করিবার স্থান ছিল না; এবং গ্রীষ্ম ঋতুর উত্তাপে ঐ রোগের অধিক বৃদ্ধি হইয়াছিল। এইমত দেখা গিয়াছিল, যে জীবিত ও মৃত শরীর সকল একত্র পড়িয়া আছে, কেহ বা পথে হামাকুড়ি দিয়া চলিতেছে, কেহ বা পিপাসা নিবারণার্থে উনইয়ের ধারে গিয়া পড়িয়া আছে, তাহাদিগের দেবালয় সকলও শবদ্বারা পরিপূর্ণ হইয়াছিল, এবং নগরের সর্ব্বত্র কেবল মারীর চিহ্ন, তাহাতে বর্ত্তমানের উপায় ও ভবিষ্যতের কোন আশা ছিল না। ঐ রোগ এমত শক্তিতে আক্রমণ করিত, যে পথিকেরা পথে চলিতে২ ঐ রোগগ্রস্ত হইয়া পরস্পরের উপর পড়িত, তাহাতে এমত নাশক বাষ্প হইয়াছিল, যে মাংসভোজি পশু ও পক্ষি সকল প্রাচীরের চতুর্দ্দিগে ক্ষুধায় মরিলেও ঐ সকল শব স্পর্শ করিত না। যে২ ব্যক্তি ঐ রোগহইতে মুক্ত হইয়াছিল, তাহারাও তাহাতে এমত অভিভূত হইয়াছিল যে তাহাদিগের জ্ঞান ও বুদ্ধির বিস্তর হানি হইয়াছিল। অপর তাহাদিগের তাবৎ পূর্ব্ব ঘটনার স্মরণ নষ্ট হওয়াতে আপনাদিগকে ও আত্মীয় অন্তরঙ্গদিগকে একেবারে বিস্মৃত হইয়াছিল। থিউসিডিডি * নামক বিবরণবেত্তা এই রোগগ্রস্ত হইয়াছিলেন, তিনি তাহার বিষয় বিস্তারিত রূপে বর্ণনা করিয়াছেন; তিনি কহেন যে তদ্দারা নগরস্থ প্রায় তাবৎ লোকের স্বভাব বৈপরীত্য হইয়াছিল, কারণ তাহারা প্রথমে দেবতাদিগের বিস্তর আরাধনা করিয়াও তাহাতে কোন প্রতিকার না হওয়াতে

তাহারা নিতান্ত নিরাশ হইয়া ভাবিল যে এক্ষণে যুদ্ধদ্বারা আমাদের যত কালক্ষেপণ ও ধন ব্যয় হয় তাহাই সার। ইহাতে সকলেই পেরিক্লির* দোষ দিয়া এই রূপ অনুমান করিয়াছিল যে নগরের ভিতরে এত লোক বদ্ধ হইয়াই বায়ুর গুণে এতাদৃশ মন্দ হইয়াছে। ঐ মারী নগরের ভিতরে অত্যন্ত প্রবল হইয়াছিল বটে, এবং শত্রুরাও বহির্দেশ উচ্ছিন্ন করিতে লাগিল, তথাপি পেরিক্লি* পূর্ব্ব প্রতিজ্ঞা ভঙ্গ করেন্ নাই, অর্থাৎ যুদ্ধদ্বারা আথীনীয়দের* যথাসর্ব্বস্ব নষ্ট করা কোন মতে পরামর্শ নহে নগর মধ্যেই থাকা উচিত, এই রূপ স্থির করিয়াছিলেন। ঐ সময়ে লাসিডিমোনীয়েরা* সমুদ্রতটবর্ত্তি তাবৎ দেশ অপচয় করিল, এবং একে মারী তাহে দুর্ভিক্ষদ্বারা বিনষ্ট আথীনীয়দিগকে* অতিশয় অপমান করিয়া শেষে স্বদেশে পুনর্গমন করিল।

পেরিক্লি* এই দুর্দ্দশার কারণ, এই রূপ সকলের অনুমান করাতে তিনি শীঘ্রই লোকদের ক্রোধপাত্র হইলেন। অতএব লোকেরা তাঁহাকে পূর্ব্বে যেমত প্রেম করিত এইক্ষণে সেই মত ঘৃণা করিয়া তাঁহার সৈন্যাধ্যক্ষতা কর্ম্ম চ্যুত করিল। কিন্তু তাহাদিগের স্বাভাবিক অস্থিরতা হেতুক তাহারা তাঁহাকে অতিত্বরায় পূর্ব্বাপেক্ষায় অধিক শক্তিপ্রদান পূর্ব্বক পুনঃ পদার্পিত করিল; কিন্তু তিনি ঐ পদ বহু কাল ভোগ করিতে পারেন নাই, পূর্ব্বোক্ত রোগগ্রস্ত হইয়া অতি অল্পকালেই পরলোক গমন করিলেন। এই ব্যক্তি অতি সদ্গুণবিশিষ্ট ছিলেন, এবং লোভ ভিন্ন প্রায় তাঁহার অন্য কোন দোষ ছিল না।

ইহার পর প্লাটীয়ার† উপর আক্রমণ হয়। তাহাতে উভয় পক্ষীয়েরাই অতি দৃঢ় পরিশ্রম করে, বিশেষতঃ প্লাটীয়েরা* আক্রমণকারিদিগের কোপহইতে রক্ষা পাইবার

নিমিত্ত নানা উপায় করিয়া অতি সাহস পূর্ব্বক প্রতিরোধ করে, এই প্রযুক্তই ইহার বৃত্তান্ত প্রাচীন ইতিহাসের মধ্যে অতি প্রসিদ্ধ আছে। যুদ্ধারম্ভের পর তৃতীয় বর্ষে লাসিডিমোনীয়েরা* ঐ স্থান আক্রমণ পূর্ব্বক চতুর্দ্দিগ প্রাচীর-দ্বারা বেষ্টন করিয়া তাহার উপর দুর্গ নষ্ট করিবার যন্ত্র নির্ম্মাণ করিতে উদ্যোগ করিল। প্লাটীয়েরা* ইহা দেখিয়া আপনাদের নগরপ্রাচীরের উপর অন্য এক কাষ্ঠপ্রাচীর নির্ম্মাণ করিল। ইহাতে বোধ হয় যেন প্রধানত্বের কারণ ঐ উভয় প্রাচীরের বিবাদ উপস্থিত হইয়াছিল। পরে প্লাটীয়েরা* ঐ প্রাচীরের প্রতি আর মনোযোগ না করিয়া নগ-রের ভিতর অর্দ্ধচন্দ্রাকৃতি অন্য এক প্রাচীর নির্ম্মাণ করিল, তা-হার অভিপ্রায় এই, যে বাহিরের প্রাচীর ভগ্ন হইলে তাহারা ঐ নূতন প্রাচীরের পশ্চাতে আশ্রয় লইতে পারিবে। সেই সময়ে আক্রমণকারিরা আপনাদিগের যন্ত্রের উপর উঠিয়া প্লাটীয়া† নগরের পূর্ব্ব প্রাচীর অতি ভয়ঙ্কর রূপে উৎপাটন করিল। ইহাতে নগরবাসিরা ভীত হইয়াছিল বটে, কিন্তু একেবারে অভয়সান্বিত না হইয়া নানা প্রকার উপায় করিতে লাগিল; যথা যে সকল যুদ্ধার্থ মেষ যন্ত্র তাহাদিগের প্রতিকূলে আসিতে লাগিল, তাহা রজ্জু ও ফিক্‌নাদ্বারা ধরিয়া তাহাদের শক্তি হ্রাস করিতে লাগিল। আক্রমণকারিরা এইরূপ আক্রমণ করা বিফল দেখিয়া এবং আ-পনাদের মঞ্চের সম্মুখে নূতন প্রাচীর দেখিয়া অভিযোগদ্বারা ঐ স্থান অধিকার করিবার আশয়ে নিরাশ হইল; পরে তাহারা ঐ নগর দগ্ধ করিতে চেষ্টা করিয়াছিল, কিন্তু অকস্মাৎ বৃষ্টি হওয়াতে তাহাও হইতে পারিল না। এই প্রযুক্ত চতুর্দ্দিকে ইষ্টকের এক প্রাচীর নির্ম্মাণ করিয়া তাহার উভয় পার্শ্বে অতি গভীর গর্ত্ত খনন করিয়া ঐ নগর একেবারে বেষ্টন করিল। এই প্রাচীর

নির্ম্মাণ করিতে প্রায় তাবৎ সৈন্যই ক্রমে প্রবৃত্ত হইয়াছিল, ও তাহা সমাপ্ত হইলে তাহারা তাহার একার্দ্ধে রক্ষক রাখিল, এবং শেষার্দ্ধ বিওশীয়েরা* রক্ষা করিতে স্বীকার করিল, ইহাতে সৈন্যের অবশিষ্ট অংশ প্লাটীয় † পুনর্যাত্রা করিল।

দুঃখিত প্লাটীয়েরা* এইরূপে প্রাচীরের মধ্যে বদ্ধ হইয়া নিতান্ত নিরুপায় হইল। এইক্ষণে প্লাটীয়ায় † কেবল চারিশত জন নগরবাসী ও অশীতি জন আথীনী এবং রন্ধনের কারণ একশত দশ জন স্ত্রীলোক ছিল, কেননা স্বাধীন বা অনধীন সকলেই আক্রমণের পূর্ব্বে আথীনীতে † প্রেরিত হইয়াছিল। অবশেষে রক্ষার তাবৎ ভরসা নষ্ট হইয়া আহারের দুঃখ হওয়াতে প্লাটীয়া † বাসিরা শত্রুদের মধ্য দিয়া পলায়ন করিতে প্রতিজ্ঞা করিল। কিন্তু তাহাদের মধ্যে প্রায় অর্দ্ধেক লোকের এমত অসম সাহস কর্ম্মে প্রবৃত্তি হইল না; প্রায় দুই শত বিংশতি জন সেনা আপনাদের প্রতিজ্ঞা দৃঢ় রাখিয়া পশ্চালিখিতব্য মতে পলায়ন করিয়াছিল। যথা প্রাচীরের ইষ্টকের শারি গণনা করত তাহার পরিমাণ লইয়া ও তদুপযুক্ত কতক গুলিন কাষ্ঠের সিঁড়ি নির্ম্মাণ করিয়া তাহারা এক অতি ঘোরতর অন্ধকার রাত্রিতে যাত্রা করিল। সেই কালে অতি প্রবল ঝড় ও বৃষ্টি হওয়াতে দর্শনের বা কোন শব্দ শুনিবার শঙ্কা ছিল না। অপর কর্দ্দমে পিছলিয়া না পড়িতে হয় এই প্রযুক্ত বিনা বিনামায় প্রথম গড় পার হইয়া প্রাচীরের নিকট উপস্থিত হইয়া যে স্থানে কোন রক্ষক ছিল না এমত স্থানে সিঁড়ি লাগাইয়া তাহাদের মধ্যে কতক সেনা প্রাচীরে উঠিল; এবং তন্নিকটস্থ দুই স্থানের রক্ষকদিগকে হত করিয়া এক প্রকার নিঃশঙ্ক হইল। ইহাতে তাহাদের সঙ্গিরা নির্ভয়ে তাহাদের পশ্চাদ্গামী হইয়া সকলে একত্র প্রাচীরহইতে নামিয়া বাহিরের

গড় পার হইয়া গেল। শত্রুরা উহাদিগকে আক্রমণ করিতে পারে নাই বটে, কিন্তু ইহা জানিতে পারিল, কেননা তাহাদের প্রাচীরহইতে নীচে আসিবার সময় এক খান ইষ্টক কি প্রকারে নীচে পতিত হওয়াতে শত্রুরা সতর্ক হইয়া তাহাদের সকল সেনা ঐ স্থানের প্রতি যাত্রা করিল, কিন্তু সে রাত্রি এমত অন্ধকার যে কোন বস্তু মাত্র দেখা যায় না; পরে তাহারা বাহিরের গড়খাই পার হইতে না হইতে শত্রুদের তিনশত সংখ্যক যে এক দল সৈন্য অকস্মাৎ উৎপাত ঘটনায় আশ্রয় দিবার কারণ প্রস্তুত ছিল তাহারা প্রজ্বলিত উল্কা হস্তে ধাবমান হইয়া আইল। কিন্তু তদ্দ্বারা প্লাটীয়দিগকে * দেখিতে না পাইয়া বরং আপনারাই দৃশ্য হইল। এই রূপে বাহিরের গড় পার হইয়া প্লাটীয়েরা থিবি নগরের প্রতি গেল, কেননা তাহারা নিশ্চয় জানিয়াছিল, যে শত্রুরা এমত কখন ভাবিবে না যে তাহারা বিপক্ষনগরে গমন করিবে। কিন্তু প্রায় ছয় সাত ষ্টেডিয়া পরিমাণ পথ গমন করিয়াই তত্রস্থ পর্ব্বতের নিকট দিয়া প্রায় দুই শত দ্বাদশ জন লোক আর্থোনীতে † পঁহুছিল, অবশিষ্ট লোক ভয় প্রযুক্ত প্লাটীয়ায় † পুনঃ প্রবেশ করিল, কেবল একজন ধানকী বাহিরের গড় পার হইবার সময় ধৃত হইয়াছিল।

সেই সময়ে যাহারা প্রত্যাগমন করিয়াছিল তাহারা আপনাদিগকে নির্দোষ করিবার জন্যে মিথ্যা প্রচার করিল যে আমাদের সঙ্গি সকল হত হইয়াছে। ইহা শ্রবণে প্লাটীয়েরা * বিশ্বাস করিয়া উহাদের মৃত শরীর যাচঞা করণার্থে শত্রুগণের নিকট এক জন দূত প্রেরণ করিল, কিন্তু তিনি যথার্থ সম্বাদ জ্ঞাত হইয়া ফিরিয়া আইলেন। পরবৎসরান্তে প্লাটীয়েরা * আহারের নিতান্ত অভাব প্রযুক্ত প্রতিযোগ করিতে

অক্ষম হইয়া অধীনত্ব স্বীকার করিয়া এই প্রসঙ্গ করিল, যে প্রকৃত রূপ পরীক্ষা না করিয়া আমাদিগকে কোন শাস্তি দিতে পারিবে না। এই নিমিত্তে স্পার্টা† হইতে পাঁচ জন কর্ম্মকারক আইল, এবং তাহারা প্লাটীয়দের অন্য কোন দোষ না দিয়া ছলক্রমে কেবল ইহাই জিজ্ঞাসা করিল, যে তোমরা এই যুদ্ধে লাসিডিমোনীয়দের* ও তাহাদের বন্ধুগণের কোন উপকার করিয়াছ কি না? প্লাটীয়েরা* এতাদৃশ প্রশ্ন শুনিয়া অতিশয় চমৎকৃত ও উদ্বিগ্ন হইয়া নিশ্চয় ভাবিল যে আমাদের প্রকাশিত শত্রু থিবীরা* আমাদের বিনাশের কারণ এই প্রশ্নের সংঙ্কেত করিয়াছে। এই প্রযুক্ত তাহারা উত্তর করিল যে আমরা আর্টিমিশিয়মে† ও প্লাটীয়ায়† পারশদের* সহিত গ্রীকদের* পূর্ব্ব যুদ্ধের সময় দেশের অনেক উপকার করিয়াছি, এবং হিলাটদের বিরুদ্ধাচরণ করণের পূর্ব্বে লাসিডিমোনে† যে ভূমিকম্প হইয়াছিল সে সময়েও আমরা অনেক উপকার করিয়াছি। অপর তাহারা কহিল যে থিবীদের* কোপহইতে রক্ষা পাইবার জন্য আমরা প্রথমে লাসিডিমোনীয়দের* আশ্রয় চাহিয়াছিলাম, কিন্তু তাহাতে নিরাশ হইয়া আমরা শেষে আথীনীয়দের* সহিত যোগ করিলাম, কিন্তু ইহাতেও যদ্যপি অপরাধ হয় তত্রাপি আমাদের পূর্ব্বকার্য্য সকল স্মরণ করিয়া আমাদিগকে ক্ষমা করা উচিত। তোমাদের পূর্ব্ব পুরুষদের কবর এইস্থানে দেখিতে পাইতেছ, আমরা প্রতিবৎসর তাঁহাদিগের প্রেত লোকের সম্মান করিয়া থাকি। আমরা তাহাদের বীরত্ব চাক্ষুষ্ দেখিয়াছিলাম, এই প্রযুক্ত তোমরা তাহাঁদিগের শরীর আমাদের নিকট রাখিয়া প্রত্যয় করিয়াছিলা; কিন্তু এইক্ষণে আমাদিগকে থিবীদের* অধীন করিলে তোমাদের পূর্ব্ব পুরুষের ভস্ম উহাদের হস্তে পড়িবেক, ইহা কর্ত্তব্য নহে;

কেননা প্লাটীয়ার † যুদ্ধে উহারা তাঁহাদিগকে বধ করিয়াছিল।" অপর যে প্রদেশে পারশেরা * পরাভূত হইলে গ্রীকেরা † স্বাধীনতা রক্ষা হইয়াছে তাহা কি এই ক্ষণে অধীন করা উচিত? ও যে সকল দেবতাদের কৃপায় তোমাদের জয় হইয়া ছিল তাঁহাদের মন্দির সকল কি নষ্ট করা উচিত? যাহা হউক আমরা সাহস পূর্ব্বক কহিতে পারি, যে আমরা তোমাদের গৌরবজনক ও পূর্ব্বকালের হিতকারী, ইহাতে যদ্যপি তোমরা অন্যায় করিয়া আমাদিগকে থিবীদের * অধীন কর, তবে তোমাদিগের অক্ষয় কলঙ্ক হইবে। এতাদৃশ কথনে লাসিডিমোনীয়দের * অবশ্যই দয়া হইবে এমত অনুমান হইতে পারে; কিন্তু থিবীদের * অতি গর্ব্বিত ও কটূ উত্তর জন্য, বিশেষতঃ লাসিডিমনের † আজ্ঞাজন্য তাহারা তাহা গ্রাহ্য না করিয়া, প্রথম প্রশ্নে দৃঢ় থাকিয়া পুনর্ব্বার জিজ্ঞাসা করিল, যে এই যুদ্ধেতে তোমরা লাসিডিমোনীয়দের * কোন উপকার করিয়াছ কি না? ইহাতে প্লাটীয়েরা * একেং নঞ্ বাদ করাতে কর্ম্মকারিরা একে২ তাহাদিগকে হত করিল। এই রূপে প্রায় দুইশত জন নষ্ট হয়, এবং তাহাদের সহিত পঞ্চ বিংশতি জন আথীনী * ছিল তাহাদেরও ঐ রূপে মৃত্যু হয়। তাহাদের স্ত্রীগণ জয়িদের দাসী হইয়াছিল, পরে মিগেরা † ও থিবি † রাজ্য বহির্ভূত লোকরাবা থিবীরা * ঐ প্লাটীয়া † নগরে বসতি করাইল, কিন্তু তৎপরবৎসরে ঐ নগর তাহারা একেবারে ধ্বংস করিল। এই রূপে লাসিডিমোনীয়েরা * থিবীদিগ * হইতে বহু লভ্য পাইবার আশায় আথীনীয়দের * সহিত প্রথম সন্ধি হইবার তিরানব্বই বৎসর পরে প্লাটীয়দিগকে * নষ্ট করিল।

যাহা হউক ঐ যুদ্ধে জয়ী হইয়া লাসিডিমোনীয়েরা * অত্যন্ত গর্ব্বিত না হইয়া সঙ্গত নিয়মে সন্ধি করণে সম্মত ছিল। এই

প্রযুক্ত আত্মদূতদ্বারা বারংবার সন্ধির প্রসঙ্গ করিয়াছিল, কিন্তু সফল হয় নাই, কারণ ক্লিয়ন * নামক এক ব্যক্তি সেই সময়ে আথীনীর † প্রধান মন্ত্রী ছিলেন, তিনি গর্ব্ব করিয়া কহিলেন, যে আমি বিংশতি দিবসের মধ্যে স্ফাক্টীরীয়া † নামক উপদ্বীপে তাবৎ স্পার্টীয়দিগকে * আক্রমণ করিব। তিনি তদনুসারে ডিমস্থিনি * নামক আথীনীয় ডিঙ্গাধ্যক্ষ্যের সহিত তথায় যাত্রা করিলেন, ঐ ডিমস্থিনির * সাহস ও ব্যবহার তাঁহার সন্তুকৃবংশ ডিমস্থিনি * পরে ব্যাখ্যা করিয়াছেন। ঐ ব্যক্তিদ্বয়ে স্ফাক্টিরীয়ার † তীরে উত্তীর্ণ হইয়া শত্রুদিগকে অতি সাহস পূর্ব্বক আক্রমণ করিয়া ক্রমে তাড়না করিয়া ঐ উপদ্বীপের প্রান্তভাগে লইয়া গেলেন। সেই সময়ে লাসিডিমোনীয়েরা * একটা অপ্রবেশ্য দুর্গ অধিকার করিয়া যে দিগে আক্রান্ত হইবার সম্ভাবনা ছিল, সেই দিকে সম্মুখ করিয়া সিংহের ন্যায় সাহস পূর্ব্বক আত্মরক্ষা করিতে লাগিল; কিন্তু আথীনীয়দের * একদল সৈন্য অতিকষ্টে উচ্চ পর্ব্বতের উপর আরোহণ করিয়া তাহাদের পশ্চাৎ ভাগে আসিবাতে স্পার্টীয়দিগকে * ইচ্ছা পূর্ব্বক অধীন হইতে হইল। পরে আথীনীয়েরা * তাহাদিগকে আথীনীতে † লইয়া গিয়া কহিল, যে সন্ধি হওন পর্য্যন্ত তোমাদিগকে কোন নিগ্রহ করিব না, কিন্তু যদ্যপি লাসিডিমোনীয়েরা * আমাদিগের অধিকারস্থ কোন দেশাক্রমণ করে, তবে তোমাদিগকে অবশ্যই নষ্ট করা যাইবে। ইহাতে সন্ধি হইবার বড় সুযোগ হইল, যেহেতুক ঐ ধৃত ব্যক্তিরা প্রায় তাবতেই নগরের প্রধান লোক, এই নিমিত্ত লাসিডিমোনীয়েরা * উহাদিগকে মুক্ত করণে অতিশয় বাঞ্ছিত ছিল। যাহা হউক ইহার পরও দুই তিন বৎসর পর্য্যন্ত যুদ্ধ হইয়াছিল, কিন্তু তন্মধ্যে কোন প্রকাশ করণযোগ্য

প্রধান ঘটনা হয় নাই। আথীনীয়েরা* সিথিয়া† উপদ্বীপ জয় করিল বটে, কিন্তু পরে তাহারাও লাসিডিমোনীয়দের* কর্তৃক ডিলিয়নে† পরাভূত হইয়াছিল। এই রূপে উভয় জাতি নিয়ত যুদ্ধ করিয়া ও ইহাতে নিরর্থক বিস্তর ধন ব্যয় করিয়া শেষে নিতান্ত বিরক্ত হইল। এই প্রযুক্ত তাহাদের মধ্যে এক বৎসরের কারণ যুদ্ধ স্থগিত রহিল, পরে অধিক কাল স্থায়ি সন্ধি হইল। ঐ জাতিদ্বয়ের দুই জন সেনাপতি এই পর্য্যন্ত সন্ধি হওনের প্রতিবন্ধক হইয়াছিলেন বটে, কিন্তু তাঁহাদের অভিপ্রায় ভিন্ন ছিল, অতএব তাহাদেব মৃত্যু হওয়াতে অনায়াসেই সন্ধি সম্পন্ন হইল। যখন লাসিডিমোনীয়েরা* আথীনীয়দের* কর্তৃক আম্ফিপোলিতে† বেষ্টিত হইয়াছিল সেই কালে লাসিডিমোনীয় সেনাপতি ব্রাসিড* প্রত্যাক্রমণে হত হইয়াছিলেন। এবং ক্লিয়ন* নামক আথিনীয়* অধ্যক্ষ শত্রু অপেক্ষায় আপনাকে প্রধান জ্ঞানে অসাবধান ছিলেন, ইহাতে অকস্মাৎ তিনি আক্রমিত হইয়া পলায়নোন্মুখ হইলেন, কিন্তু পথমধ্যে এক জন বিপক্ষ সেনা তাঁহাকে হত্যা করিল। ব্রাসিডের* সাহস ও পরিমিতাচরণ এবং সাধুতা ছিল, কিন্তু স্বদেশের সম্ভ্রমার্থেই কেবল সন্ধির প্রতিবন্ধকতা করিয়া ছিলেন। তাঁহার সাহস থাকা বড় আশ্চর্য্য নহে, যেহেতুক তাহা তাঁহার পৈতৃক ধর্ম্ম, এবং প্রায় তাবৎ স্পার্টীয়েরাই* স্বভাবত সাহসী হইত, তাহাব এক প্রমাণ এই, যথা যে সকল লোক তাঁহার মৃত্যু সংবাদ লইয়া গিয়াছিল, তাহাদিগকে তাঁহার মাতা জিজ্ঞাসিলেন, যে তিনি গৌরব পুরঃসরে মরিয়াছেন কি না? ইহাতে যখন তাঁহারা অন্য সকল সেনাপতি অপেক্ষায় তাঁহার বীরত্বের অধিক প্রশংসা করিতে লাগিল, তখন তিনি এই উত্তর করিলেন যে আমার পুত্র সাহসী

ছিল বটে, কিন্তু স্পার্টায় † তাঁহা অপেক্ষায়ও অনেক অধিক সাহসী ব্যক্তি ছিল।

ক্লিয়নের * ভিন্ন স্বভাব ছিল, কেননা তিনি চঞ্চল ও অহংকৃত ও স্বেচ্ছাচারী এবং বিরোধী ছিলেন। তিনি স্ফাক্টিরীয়ার † যুদ্ধে জয়ী হয়েন বটে, কিন্তু কোন মতে যুদ্ধের যোগ্য ছিলেন না; আপনার কুকর্ম্ম সকল গোপন করিতেই এই যুদ্ধ উত্থাপন করিয়াছিলেন, এবং তাহা নহিলেও অন্য মনোবাঞ্ছা সলক পূর্ণ হয় না। সে যাহা হউক, তাঁহার অতি তীক্ষ্ণবুদ্ধি ও রসিকতা ছিল, কিন্তু তাহাতে ইতর লোকেরাই কেবল সন্তুষ্ট হইত, বিবেচক লোকে তাহাতে নির্লজ্জতা ও ভাঁড়ামি কহিত; গুণের মধ্যে এই যে তাঁহার বক্তৃতাশক্তি ছিল, কিন্তু তাহাও অতি কর্কশ ও অঙ্গের বিস্তর মুদ্রা করিতেন, এবং বাক্যেরও সুন্দর প্রবন্ধ ও ভাব ছিল না।

এই রূপে সকল বিষয়ের সৌষ্ঠব হওয়াতে স্পার্টীয়েরা * ও আথীনীয়েরা * যুদ্ধের পর দশম বর্ষে স্ব২ বন্ধুগণ লইয়া পঞ্চাশৎ বৎসরের কারণ একটা সন্ধি নির্দ্ধারিত করিল, তাহার নিয়ম এই২, যথা দুর্গ সকল শূন্য করা যাইবে, ও উভয় পক্ষের যুদ্ধলব্ধ নগর এবং লোক সকলকে মুক্ত করিতে হইবে। ইহার নাম নিসিয়ন * সন্ধি হইয়াছিল, কারণ নাইসিয় * আপন প্রতিবাদি ক্লিয়নের * বিপরীতমতাবলম্বী হইয়া স্বদেশের মঙ্গলার্থে ঐ সন্ধির সংস্থাপন করিয়াছিলেন। ঐ সন্ধি করণে তাঁহার অন্য স্বার্থও ছিল, যথা তিনি ইহার দ্বারা আপন সম্ভ্রম রক্ষা করণে বাঞ্ছিত ছিলেন। প্রায় তাবৎ যুদ্ধেই তাঁহার জয় হইয়াছিল বটে, কিন্তু তিনি নিশ্চয় জানিতেন, যে প্রায় তাঁহার অদৃষ্ট ও সাবধান আচরণ-

জন্যই তাহা হইয়াছিল; অতএব অধিক যশঃপাইবার আ-শয়ে তিনি প্রাপ্ত সুখ্যাতির হানি করণে ইচ্ছুক ছিলেন না।

৯ অধ্যায়।

নিসিয়ন্ সন্ধি অবধি পিলপনিসিয়ন্ যুদ্ধ সমাপ্তি পর্য্যন্তের বিবরণ।

সন্ধির নিয়ম সকল সত্য ও শপথদ্বারা নির্দ্ধারিত হইলেও তাহাতে বিরোধিরাজ্য সকলের বা তত্রস্থ প্রধান মন্ত্রিবর্গের দুর্ব্বুদ্ধি বা সলোভ অন্তঃকরণ অথবা স্ব ২ মঙ্গলাশা ক্ষান্ত থাকে না; তাহার পোষক প্রমাণ আথীনীয়দের* ও স্পার্টীয়দের* পুনর্যুদ্ধেই স্পষ্ট প্রকাশ হইতেছে, কেননা পূর্ব্ব অধ্যায়ে লিখিত আছে যে নাইসিয়* কর্তৃক ঐ রাজ্যদ্বয়ের মধ্যে এই দৃঢ় সন্ধি হইয়াছিল, কিন্তু এইক্ষণে ঐ দুই দেশের সুখ কিম্বা শক্তিবৃদ্ধি করণের কোন আশা না থাকিয়াও কেবল আল্সিবাইএডি* নামক আথীনীয়* এক জন প্রিয় ব্যক্তির গর্ব্ব পূর্ণ করণার্থে উঁহাদের মধ্যে এক বৃহৎ যুদ্ধ উপস্থিত হইল। আল্সিবাইএডির* ঐ রূপ সর্ব্ব প্রিয় হও-নের অনেক হেতু ছিল; যথা তিনি সর্ব্বাঙ্গ সুন্দর ও জ্ঞানী ছিলেন, আর আথীনীর† মধ্যে প্রধান কুলোদ্ভব ও ধনী ছিলেন, এবং আয়োপযুক্ত ব্যয় করিতেন। অপর তাঁহার ধনবত্তাপ্রযুক্ত সর্ব্বদা মিথ্যা প্রশংসকদের দ্বারা পরিবৃত থাকিয়া তাহাদের কুমন্ত্রণায় এবং আপন অত্যন্ত রিপু-বশে কুপথগামী হইতেন, কিন্তু সোক্রাটি* তাঁহাকে সৎপরা-মর্শদ্বারা ধর্ম্মপথে অবলম্বন করাইতেন, যেহেতুক তিনি ঐ

পণ্ডিতের প্রতি যথার্থ শ্রদ্ধা পূর্ব্বক তাঁহার তাবৎ উপদেশ মান্য করিতেন।

আলিবাইএডি* সোক্রাটিষ্কে* যেরূপ মান্য করিতেন, সোক্রাটি*ও তাঁহাকে সেই রূপ স্নেহ করিতেন, কারণ তিনি তাঁহার ঐ পূর্ব্বোক্ত কুরীতির মধ্যে অনেক সুন্দর২ গুণের বীজ দেখিয়া, সে সকল বীজ রোপণ করিয়া পরিপক্ক করণে অতিশয় বাঞ্ছিত ছিলেন, কেননা তাহাতে আলিবাইএডি* স্বদেশের অপমানক না হইয়া সম্মানজনক হইতে পারিবেন। আলিবাইএডি* যে তাঁহার বশীভূত ইহা নিশ্চয় জ্ঞানে, ঐ যুবা কোন কুকর্ম্মে মগ্ন আছেন, ইহা শুনিবামাত্রেই যেমত প্রভু আপন পলায়িত দাসের পশ্চাৎ গমন করেন, সেই মত তাঁহার নিকট যাইয়া অতিশয় কটু বাক্যে অনুযোগ করিতেন, এবং আলিবাইএডি*ও আজ্ঞাধীন পুত্রের ন্যায় তাহাতে মনোযোগ করিতেন; এই হেতুক তাঁহার ব্যবহার কখন অতি কদর্য্য কখন বা অতি সুন্দর নীতিমত হইত।

আলিবাইএডি* স্বাভাবিক শক্তিপ্রিয় ও প্রধানতাকাঙ্ক্ষী ছিলেন, তাঁহার বাল্যকালের কোন২ কর্ম্মে তৎপ্রমাণ প্রকাশ আছে, যথা এক দিবস মল্লযুদ্ধ করিতে২ পরাজিত হইয়া পড়িবার শঙ্কায় অরির হস্ত আপন মুখমধ্যে দিয়া শক্ত্যনুসারে দংশন করিলেন, ইহাতে তিনি তাঁহাকে পরিত্যাগ করিয়া কহিলেন, হে আলিবাইএডি,* তুমি স্ত্রী লোকের ন্যায় দংশন করিতেছ, তাহাতে আলিবাইডি* উত্তর করিলেন, যে আমি সিংহের ন্যায় দংশন করিতেছি। অন্য এক সময়ে তিনি কতক গুলিন বালকের সহিত পথে কোন কন্দুক ক্রীড়ার ন্যায় ক্রীড়া করিতেছিলেন, ইতোমধ্যে তাঁহার নিঃক্ষেপের সময় এক খান পরিপূরিত শকট ঐ

পথে আইল, তিনি প্রথমে সারথিকে কিঞ্চিৎ কাল শকট স্থগিত করিতে কহিলেন, কিন্তু সে তাহাতে মনোযোগ না করিয়া চালানেতে অন্য বালকেরা বিভক্ত হইয়া শকটের পথ দিল, কিন্তু আল্সিবাইএডি* ভূমিষ্ঠ হইয়া হস্ত পাদাদি বিস্তীর্ণ করতঃ শকটের সম্মুখে পড়িয়া কহিলেন, অহে সারথী, এইক্ষণে তোমার ইচ্ছা হয় চালাও; ইহাতে সারথী ভীত হইয়া অশ্ব স্থগিত করিল, এবং আল্সিবাইএডি* আপন ইচ্ছা মত শকট যাইবার পূর্ব্বে কন্দুক নিঃক্ষেপ করিতে পাইলেন। তাঁহার ক্রমে বয়োবৃদ্ধির অনুসারে গৌরবাকাঙ্ক্ষারও ক্রমে বৃদ্ধি হইতে লাগিল, এবং যৌবনাবস্থায় তিনি পরসময় জাত পক্ষির* ন্যায় আত্মাপেক্ষায় অন্য কেহ প্রধান হয় তাহা সহ্য করা দূরে থাকুক বরং কেহ যে আপন যোগ্য হয় তাহাও সহিতে পারিতেন না। এই নিমিত্ত তিনি নাইসিয়ের* প্রতিযোগী ইহলেন, যে হেতুক ঐ ব্যক্তি স্বদেশে তাঁহার তুল্য সম্মানিত ছিলেন, এবং বিবেচনা ও যাথার্থিকতার কারণ লাসিডিমোনীয়দের* নিকট তাঁহার অপেক্ষায়ও অধিক মান্য হইয়াছিলেন। লাসিডিমোনীয়েরা* তাঁহার প্রতিবাদি নাইসিয়ের* গৌরব এই রূপ অধিক করাতে, তিনি তাহাদিগের প্রতি অতিশয় ক্রোধান্বিত হইয়া তাহাদের ও আথীনীয়দের* মধ্যে এক যুদ্ধ ঘটাইবার চেষ্টা পাইতে লাগিলেন।

সেই উদ্যোগের নিমিত্ত তিনি আর্গের† লোকদিগকে লাসিডিমোনীয়দের* সহিত সন্ধি ভঙ্গ করিতে লওয়াইয়া কহিলেন, তোমরা উহাদের সহিত সন্ধি ভঙ্গ করিলে আথীনী† হইতে নিশ্চয় আশ্রয় পাইবা। ফলতঃ আথীনীয়দের* সহিত

আর্গাইদের† সন্ধি হইবার কথোপকথন হইতে লাগিল; তৎকালে লাসিডিমোনীয়েরা* সেই সম্বাদ জানিয়া আ-থীনীয়দিগকে* তদ্বিষয়ে নিবৃত্ত করণার্থে তাবৎ বিবাদ বন্ধুতারূপে নিবারণ করণের সম্পূর্ণ ভার দিয়া কএক জন দূতকে আথীনীতে† পাঠাইল। আথীনীয়† পরামর্শসভাস্থেরা তাহাতে সন্তুষ্ট হইয়া এই স্থির করিলেন, যে তাঁহাদের কথা শুবণার্থে লোকেরা তৎপর দিবস একত্র হইবেন। ইহাতে পাছে আল্সিবাইএডির* অভিপ্রায়ের ব্যাঘাত জন্মে এই শঙ্কায় তিনি পশ্চাদ্বক্তব্য উপায় স্থির করিলেন। যথা তিনি ঐ দূতদের সহিত গোপনে কথোপকথন করিয়া বন্ধুতার ছলে কহিলেন, যে তোমরা যে সম্পূর্ণ শক্তি পাইয়া আসিয়াছ, প্রথমে এমত প্রকাশ না করিয়া কেবল ইহাই কহিও, যে সন্ধির প্রসঙ্গ মাত্র করিতে আসি-য়াছি, নতুবা আথীনীয়েরা* এমত২ নিয়মে সন্ধি করিতে চাহিবে যে তাহাতে তোমরা সম্মান পূর্ব্বক সম্মত হইতে পারিবা না। ইহাদ্বারা তাঁহার অভীষ্টসিদ্ধি হইল, যে হেতুক দূতেরা তাঁহাকে আপনাদের সত্যহিতৈষী জ্ঞানে নাইসি-য়কে* অবিশ্বাস করিয়া তাঁহাকে বিশ্বাস করিতে লাগিল। পর দিবস লোকেরা একত্র এবং দূতেরাও সভাস্থ হইলে আল্সিবাইএডি* অতিশয় শিষ্টাচার করিয়া তাঁহা-দিগকে জিজ্ঞাসা করিলেন, যে তোমরা কি রূপ শক্তি পা-ইয়া আসিয়াছ? দূতেরা তাঁহার প্রবঞ্চক পরামর্শানুসারে উত্তর করিল, আমরা সম্পূর্ণ পরাক্রমী নহি। ইহা শুনিবামাত্রেই আল্সিবাইএডি* আপন স্বর ও রূপ পরিবর্ত্তন করিয়া উচ্চৈঃ-স্বরে দূতদিগকে নিতান্ত মিথ্যাবাদী বলিয়া কহিলেন, যে অহে আথীনীবাসি লোকসকল, তোমরা এতাদৃশ মিথ্যা-

বাদিদের সহিত ব্যবহার করণে অতিশয় সাবধান হইও," কেননা এই দূতদের কথায় কিছুমাত্র বিশ্বাস করা যাইতে পারে না। লোকেরা ইহা শুনিয়া ক্রোধ পূর্ব্বক দূতদিগকে বিদায় করিয়া দিল। নাইখিয়ু* এই চাতুরির বিষয় কিছুই অবগত না থাকাতে অতিশয় লজ্জিত ও অপ্রস্তুত হইলেন, পরে অপগত বিশ্বাস ও সম্ভ্রম পুনর্ব্বার পাইবার আশয়ে তিনি আথীনীর † পক্ষীয় দূত হইয়া পুনর্ব্বার স্পার্টায় † যাইতে চাহিলেন, কিন্তু আথীনীয়দের * উক্ত নিয়মে স্পার্টীয়েরা * অসম্মত হওয়াতে তিনি স্বদেশে পুনরাগমন করিলে আথীনীয়েরা * আর্গাইদের * সহিত একশত বৎসরের নিমিত্ত এক সন্ধি নির্দ্ধারিত করিল; ইলিয়ন্* ও মাণ্টিনিয়ন্* জাতীয়েরাও তদন্তর্গত হইল। স্পার্টীয়দের * সহিত উহাদের যে সন্ধি ছিল, তাহা বাহ্যে ভঙ্গ হয় নাই বটে, কিন্তু উহারা বাস্তবিক সম্পূর্ণ রূপে স্পার্টীয়দের * বিপক্ষ হইল। ঐ নূতন সম্প্রীতির পর আল্সিবাইএডি * সৈন্যাধ্যক্ষ পদে নিযুক্ত হইলেন, এবং যে প্রবঞ্চক রূপে তিনি অভীষ্ট লাভ করিয়াছিলেন, তাহাতে তাঁহার অতি আত্মীয়েরাও প্রশংসা করেন নাই বটে, কিন্তু তিনি যে রাজনীতি জ্ঞানে অতিশয় নিপুণ ছিলেন, তদ্দ্বারা এমত প্রকাশ হয়, যে হেতুক তাহাতে পিলপনিস † দেশের অনেক ব্যাপার পরিবর্ত্তন হইয়া আথীনী † অধিকারের সীমাহইতে যুদ্ধ স্থান এতাদৃশ অন্তর হইল, যে স্পার্টীয়দের * জয় হইলেও কোন বিশেষ উপকার দর্শিত না, কিন্তু তাহারা পরাভূত হইলে স্পার্টা † নগরেরই রক্ষা পাওয়া ভার হইত।

স্পার্টীয়েরা * প্রথমাবধিই সাবধান হইয়া নিজ বন্ধু জাতীয়দের সহিত আপনাদের তাবৎ নগরবাসি ও দাস

সৈন্যদিগকে একত্র করিয়া প্রায় আর্গোর † প্রাচীরের নিকট পর্য্যন্ত আসিয়া রহিল, আর্গাইবেরাও * শীঘ্র বাহিরে আসিয়া তাহাদের সহিত যুদ্ধ করিতে চাহিল; কিন্তু প্রায় যুদ্ধ আরম্ভ হয় এমত কালে সেনাগণ রণে প্রবৃত্ত না হইয়া বরং যাহাতে বন্ধুতা থাকিয়া বিবাদ সকলের নিষ্পত্তি হয় এই রূপ উদ্যোগ করাতে চারি মাসের কারণ যুদ্ধ নিবৃত্ত হইল।

পিলপনিস † দেশে এই২ রূপ উৎপাত ঘটনেতে স্পার্টীয়েরা * সম্পূর্ণ মতে ব্যস্ত আছে, এই রূপ মনে করিয়া আথীনীয়েরা * দূর দেশ সকল অধিকার করিবার অভিপ্রায়ে সিসিলি † উপদ্বীপ আপনাদের রাজ্যের সহিত সংযোগ করিতে মনস্থ করিল। সেই সময়ে ইজেষ্টার † লোকদিগহইতে তাহারা আপনাদের ঐ অভিপ্রায় পূর্ণ করণের সুন্দর এক ছল পাইল। যথা ইজেষ্টনেরা * আথীনীয়দের * বন্ধুজাতি স্বরূপে সিলিনুটা † দেশবাসিদিগের প্রতিকূলে আথীনীয়দের * আশ্রয় চাহিল; সিলিনুটা † বাসিরা সাইরেকুসীয়দের * হইতে সহায়তা পাইয়াছিল। আথীনীয়েরা * এই ছল অতি আহ্লাদ পূর্ব্বক গ্রহণ করিল, কিন্তু ব্যয়ের সঙ্গতি আছে কি না তাহা নিশ্চয় রূপে না জানিলে যুদ্ধে প্রবৃত্ত হওয়া উচিত নহে, এই প্রযুক্ত তাহারা তাহা জানিবার নিমিত্ত ইজেষ্টায় † দূত পাঠাইল। ইজেষ্টা † নগরস্থেরা ইহার কিয়ৎ কাল পূর্ব্বে নিকটস্থ রাজ্য সকলহইতে বহু মূল্য বিস্তর স্বর্ণ ও রূপ্যের পাত্র ঋণ করিয়া আনিয়াছিল, এবং এইক্ষণে ঐ দূতদিগকে সেই সকল দেখাইল; অতএব দূতেরা আথীনীতে † পুনরাগমন করিবা মাত্রেই আথীনীয়েরা * ইজেষ্টীয়দিগকে * আশ্রয় দিবার প্রতিজ্ঞা স্থির করিয়া আল্‌সিবাইএডি * ও নাইসিয় * এবং লামাখ * এই তিন ব্যক্তিকে তিন্নাপতিত্বে নিযুক্ত করিল,

এবং তাহাদিগকে ইজেষ্টার † সহায়তা করিতে ও সাইরেকুসীয়দের * কর্তৃক লিয়র্ন্নিয়ম † নগরহইতে বহিষ্কৃত লোক সকলকে ঐ নগরে পুনঃস্থাপিত করিতে আজ্ঞা দিল; কিন্তু এই দুই কর্ম্মই কেবল নহে, সিসিলি † রাজ্যবিষয়ে যে২ রূপ নিয়ম করিলে আথীনীর † উপকার দর্শিতে পারে এমত করিতেও আজ্ঞা দিল।

নাইসিয় * ঐ কর্ম্মে নিযুক্ত হইয়া অতিশয় অসুখী হইলেন, তাহার এক কারণ এই, যে ঐ যুদ্ধ করণে তাঁহার কোন প্রকারে মত ছিল না, কিন্তু বিশেষ কারণ এই, যে তিনি আল্লিবাইএডির * সহিত সমান পদ প্রাপ্ত হইয়াছিলেন। আথীনীয়দের * উভয়কে এক কর্ম্মে নিয়োগ করণের তাৎপর্য্য এই যে আল্লিবাইএডির * উগ্র স্বভাব নাইসিয়ের * ধীর বিবেচনাদ্বারা শান্ত হইয়া সকল বিষয় সুন্দর রূপে চলিবে। নাইসিয় * ঐ যুদ্ধে প্রকাশ রূপে বাধা জন্মাইতে সাহস না করিয়া প্রকারান্তরে তাহার ব্যাঘাত দর্শাওনদ্বারা নিবারণ করিতে চেষ্টা করিয়াছিলেন। যথা তিনি আথীনীয়দিগকে কহিলেন, যে কেবল ডিঙ্গাহইতেই কার্য্য সিদ্ধিহইতে পারিবে এমত নহে, কিন্তু স্থলসৈন্যও সংগ্রহ করিতে হইবে, তাহাতে বিস্তর ব্যয় অপেক্ষা করে; আর ইজেষ্টীয়রা * তোমাদিগকে যুদ্ধব্যয়জন্য যাহা দিতে স্বীকার করিয়াছে, তাহাতে তোমাদের ভরসা আছে, কিন্তু এমতও অনুমান করা উচিত যে কি জানি তাহারা নিতান্ত অর্থাবশ্যক সময়ে প্রতিশ্রুত রক্ষাকরণে অক্ষমই বা হয়; অতএব এই যুদ্ধবিষয়ে আমাদের ও শত্রুগণের সুগম দুই সূক্ষ্ম রূপে বিবেচনা করা উচিত; দেখ, সাইরেকুসীয়েরা * নিজ দেশে থাকিবে, আর তাহাদের চতুর্দ্দিকে যে শক্তিমন্ত বন্ধুজাতি সকল আছে, তাহারা স্ব২ মঙ্গলের

নিমিত্ত সৈন্য ও ধন ও অশ্ব এবং আহার্য্য দ্রব্যদ্বারা অবশ্যই সাইরেকুসীয়দের * পক্ষপাত করিবে। কিন্তু যুদ্ধের কারণ আমাদিগকে দূর দেশে যাইতে হইবে, তথাকার সকলেই শত্রু এবং শীত কালে দেশহইতে তথায় সংবাদ যাইতে ন্যূন সংখ্যায় চারি মাস হইবে; আর সে দেশে অন্নবলব্যতিরেকে অন্য প্রকারে আমাদের কোন দ্রব্য পাওনের সম্ভাবনা নাই। অপর যদ্যপিও আমরা জয়ী হই, তত্রাপি যে রূপ লভ্যের আশা করিতেছি তাহা সম্পূর্ণ হইবে না; কিন্তু পরাভূত হইলে চিরকাল পর্য্যন্ত আথীনীয়দের * নামে কলঙ্ক রহিবে। সে যাহা হউক, যুদ্ধের আবশ্যক তাবৎ দ্রব্য প্রস্তুত দেখিতে না পাইলে আমি যুদ্ধে যাইব না, এই রূপ প্রতিজ্ঞা করিয়াছি, যেহেতুক আমি ইজেষ্টীয়দের * অনিশ্চিত স্বীকারে কোন মতে বিশ্বাস করি না। নাইসিয়স্ * মনে করিয়াছিলেন, এই সকল বাক্যে আথীনীয়দের * উগ্রতার শান্তি হইবে; কিন্তু তাহা না হইয়া বরং তাহাতে তাহার বৃদ্ধিই হইল, কারণ তাঁহারা তৎক্ষণাৎ সেনাপাতিদিগকে আজ্ঞা করিলেন, যে সৈন্য ও ডিঙ্গার যত আবশ্যক বুঝ তত প্রস্তুত কর; ঐ আজ্ঞাপ্রমাণ আথীনীতে † ও অন্য২ স্থানে অতিশয় ত্বরা পূর্ব্বক সৈন্য সংগ্রহ হইতে লাগিল।

সিসিলির † প্রতি যুদ্ধযাত্রা সম্পর্কীয় প্রধান২ ঘটনার বৃত্তান্ত লিখিবার পূর্ব্বে তদুপদ্বীপস্থ সাইরেকুস † নামক রাজধানীর বিষয় কিঞ্চিৎ লিখা উচিত। যথা পৃথিবী সৃষ্টির ২৯২০ দুই সহস্র নয়শত বিংশতি বৎসর. পরে কোরিন্থ † রাজ্যস্থেরা নাবিকশক্তিবিষয়ে অতিশয় সখ্যাতি পাইয়া ছিল। নাবিকবিদ্যার নিপুণতাতে যেমত অপ্রকাশিত দেশ প্রকাশ করণের ইচ্ছা জন্মায়, সেই রূপ বাণিজ্য-

বৃদ্ধি ও দেশ দেশান্তরে বসতি করায়। কোরিন্থীয়দের*ও ঐ ফল দর্শিল, অর্থাৎ তাহারা সিসিলি† উপদ্বীপ প্রকাশ করিয়া কিছু কাল পরেই পিলপনিস† দেশের লোকদ্বারা ঐ উপদ্বীপের একাংশে বসতি করাইতে মনস্থ করিল; এই প্রযুক্ত হর্কুলির* বংশজ আর্কিয়* নামক এক ব্যক্তি কতক ডিঙ্গা ও অন্য২ আবশ্যক দ্রব্যের সহিত সিসিলিতে† প্রেরিত হইলেন; তথায় যাইয়া তিনি সাইরেকুস† নগর নির্ম্মাণ ও বসতি করাইলেন। ঐ স্থানে উর্ব্বরা ভূমি ও বৃহৎ ঘাট ছিল, এই প্রযুক্ত সে নগর শীঘ্রই সিসিলির† মধ্যে অতিশয় বর্দ্ধিষ্ণু হইল; আর তাহা এমত সুশোভিত ও প্রশস্ত হইয়াছিল, যে তাহা গ্রীকের† কোন নগরাপেক্ষায় তদ্বিষয়ে ন্যূন ছিল না। ঐ নগর বহু কাল পর্য্যন্ত কোরিন্থের† অধীন থাকিয়া প্রায় তদ্দেশের সমান ব্যবস্থাদ্বারা শাসিত হইয়াছিল, কিন্তু ক্রমে তাহার শক্তিবৃদ্ধি হওয়াতে তন্নিবাসিরা স্বাধীনতার চেষ্টা করিয়া কোরিন্থের† অধীনত্ব ত্যাগ করিল। সাইরেকুসীয়দের* কোরিন্থের† দাসত্বহইতে মুক্ত হইবার নিমিত্তই পশ্চাল্লেখ্য ঘটনা সকল ঘটিয়াছিল।

সৈন্য আহরণ করণ সমাপ্ত হইলে বন্ধু জাতীয়দের এবং আহার ও যুদ্ধদ্রব্যবাহক ডিঙ্গা সকলের একত্র হইবার কারণ কর্শাইরা† নামক উপদ্বীপ স্থির করিয়া সেনাপতিরা তৎক্ষণাৎ যাত্রা করিতে প্রতিজ্ঞা করিলেন। আথীনী† নগরবাসিরা ও ভিন্ন দেশীয়েরা ঐ যাত্রা দর্শন করণার্থে অতি প্রত্যূষে পাইরিয়† নামক ঘাটে তাবতেই আইল; তাহা দর্শনেচ্ছার যোগ্য বটে, যে হেতুক আথীনী† বা অন্য কোন নগরে এতাদৃশ ডিঙ্গার সমারোহ কখনও হয় নাই। ইপিডার† ও পটিডিয়ার† প্রতিকূলে যে সৈন্য ও ডিঙ্গা

প্রেরিত হইয়াছিল, তাহা প্রায় ইহার সমান সংখ্যাক বটে; কিন্তু সে সকল এমত ঐশ্বর্য্য যুক্ত রূপে সুসজ্জ হয় নাই, এবং সে সকলকে এত দূর দেশেও গমন করিতে হয় নাই, আর সে যুদ্ধও এমত প্রধান নহে। আথীনী † নগর সম্পর্কীয় এক শত খান শূন্য ডিঙ্গা প্রস্তুত হইয়াছিল, তন্মধ্যে ষাইট খান পাতল ও চল্লিশ খান ভারী অস্ত্রধারিদের কারণ ছিল। প্রত্যেক নাবিক এক২ ড্রামা অর্থাৎ পাঁচ আনা এক পাইয়ের কিঞ্চিৎ অধিক করিয়া প্রতিদিন বেতন পাইত, এতদ্ভিন্ন ডিঙ্গাধ্যক্ষেরা প্রথম শ্রেণীর দাঁড়িদিগকে আরও কিঞ্চিৎ২ দিতেন। সেনারা ডিঙ্গারোহণ করিলে তুরীধ্বনি হইতে লাগিল, এবং সকলে যাত্রাসিদ্ধির কারণ আরাধনা এবং স্বর্ণ ও রৌপ্যপাত্রে মদ্য ঢালিয়া রীত্যনুসারে তর্পণ করিতে লাগিল; আর তীরস্থ লোকেরা স্বদেশীয়দের শুভাগমন ও জয়ের কারণ পরমেশ্বরের প্রতি হস্ত তুলিয়া উচ্চৈঃস্বরে স্তব করিতে লাগিল। পরে ঈশ্বরবিষয়ক গান ও পূজাদি কর্ম্ম সকল সমাপ্ত হইলে ডিঙ্গা সকল ঘাটহইতে ক্রমে২ বাহিরে গেল; তৎপরে পরস্পর অগ্রে যাইবার চেষ্টা করিতে২ সকল ডিঙ্গা ইজিনা † উপদ্বীপে উত্তীর্ণ হইল। তথাহইতে তাহারা কার্শাইরা † উপদ্বীপে গমন করিল, সেখানে বন্ধু জাতীয়দের সৈন্য ও অন্য২ ডিঙ্গা সকল পূর্ব্বে একত্র হইয়াছিল।

পরে তাহারা সিসিলিতে † উপস্থিত হইয়া কোন্ স্থানে নামিবেক সে বিষয়ে সেনাপতিদের ভিন্ন২ মত হইল, লামাখ * কহিলেন যে একেবারে সাইরেকুসে † যাইয়া তত্রস্থ লোকদের প্রথম শঙ্কা ত্যাগ হইতে না হইতে নগরাক্রমণ করা উচিত,' কিন্তু তাঁহার মত অগ্রাহ্য হইয়া প্রথমে ক্ষুদ্র২ নগর অধীন করিবার মত স্থির হইল, এই

প্রযুক্ত সাইরেকুসের† ঘাট ও অবস্থা নিরীক্ষণ করিবার নিমিত্ত দশ খান ডিঙ্গা প্রেরণ করিয়া অবশিষ্ট সকলে তীরে উত্তীর্ণ হইয়া কাটানা† নগর আক্রমণ করিল।

আল্সিবাইএডি* সে সময়ে দেশে ছিলেন না, এই প্রযুক্ত তাঁহার শত্রুরা অবকাশ পাইয়া তাঁহার কুৎসা করিতে লাগিল; তাঁহার ব্যবহারও কুৎসার যোগ্য ছিল। লোকেরা তাঁহার এই অপবাদ দিল, যে তিনি প্রকৃত রূপে সিসিলি† আক্রমণ করিতে মনোযোগ করেন নাই, আর তিনি অধার্ম্মিক রূপে সিরিস্* দেবতার মহিমা লাঘব করিয়াছেন। ইহাতেই লোকেরা তাঁহাকে পুনরাহ্বান করিতে সম্মত হইল। কিন্তু পাছে তদ্দারা সৈন্যের মধ্যে কোন গোলযোগ উপস্থিত হয় এই ভয়ে তাহারা তাঁহাকে গোপনে লিখিয়া পাঠাইল, তোমাকে আথীনীতে† আসিয়া লোকদিগকে শান্ত করিতে হইবে। আল্সিবাইএডি* ঐ আজ্ঞা পালন করণের এক ছল প্রকাশ করিলেন, কিন্তু বিচারকর্ত্তাদের চঞ্চলতা ভাবিয়া তিনি থুরিয়ে† উত্তীর্ণ হইবামাত্রই অদৃষ্ট হইলেন। এই রূপ আজ্ঞালঙ্ঘনের নিমিত্ত তাঁহার প্রাণ দণ্ড ও তাবৎ সম্পত্তি ক্রোক করিবার আজ্ঞা হইল; এবং তাবৎ ধর্ম্মাবলম্বিরা তাঁহাকে শাপ দেওনে প্রবৃত্ত হইল। কিয়ৎদিবস পরে তিনি ঐ সংবাদ অবগত হইয়া কহিয়াছিলেন, আমি জীবিত আছি তাহা আথীনীয়দিগকে* শীঘ্র জ্ঞাত করাইব।

ঐ সময়ে সাইরেকুসীয়েরা* স্বদেশ রক্ষার উদ্যোগ করিয়া এবং নাইসিয়কে* আপনাদের প্রতিকূলে আসিতে না দেখিয়া তাঁহাকে শিবিরে আক্রমণ করণের কথাবার্ত্তা কহিতে লাগিল, এবং কেহ২ তাঁহাকে বিদ্রূপ করত জিজ্ঞাসাও করিয়াছিল, যে তুমি কি কাটানায়† বাস করিতে সিসিলিতে

• আসিয়াছ? ইহাতে তিনি অপমানিত ও সতর্ক হইয়া আপন সাহস প্রকাশ করিবার প্রতিজ্ঞা করিলেন। কিন্তু আবশ্যক অশ্বারূঢ় সৈন্য অভাবে স্থল পথে আক্রমণ করণে ভীত ছিলেন, এবং সমুদ্রেও তাঁহার সুগম ছিল না, তথাপি পশ্চাৎ লেখ্য উপায়দ্বারা সমুদ্র পথে আক্রমণ করণে তাঁহার অভীষ্ট সিদ্ধি হইল। যথা তিনি কাটানাবাসি এক ব্যক্তিকে কোন প্রকারে আপন বশীভূত করিয়া কহিলেন, তুমি আমাদিগের বিপক্ষ স্বরূপে সাইরেকুসীয়দের* নিকট যাইয়া কহিবা যে আথীনীয়েরা* প্রতিদিন রাত্রিতে অস্ত্রশস্ত্র পরিত্যাগ পূর্ব্বক নিদ্রিত থাকে, অতএব এক নিশ্চিত দিবসে প্রাতঃকালে আক্রমণ করিলে তাহাদের শিবির ও অস্ত্রাদি তাবৎ দ্রব্য হরণ করিতে পারিবা, ও তাহাদের ডিঙ্গা এবং সৈন্য নষ্ট হইতে পারিবে। সাইরেকুসীয়েরা* ঐ কথায় বিশ্বাস করিয়া আপনাদের তাবৎ সৈন্যের সহিত কাটানার† প্রতি যাত্রা করিল। নাইসিয়*তাহা শুনিবামাত্রেই স্বীয় সেনা সকলকে সাইরাকুসে† লইয়া যাইবার নিমিত্ত ডিঙ্গারোহণ করাইয়া তৎপর দিবস প্রাতঃকালে সাইরাকুস† নগরের বহির্দ্দেশে দুর্গ করিয়া রাখিলেন। ঐ প্রবঞ্চনাতে সাইরাকুসীয়েরা* অতিশয় বিরক্ত হইয়া তৎক্ষণাৎ সাইরাকিউসে† পুনরাগমন করিল, এবং নগরপ্রাচীরের বাহিরে আসিয়া যুদ্ধ করিতে চাহিল, এবং নাইসিয়* দুর্গ খাতের বাহিরে আসিবাতে এক দারুণ সংগ্রাম ঘটিল; তাহার শেষে আথীনীয়েরা* শত্রুদিগকে পরাভূত করত তাহাদিগকে নগরের ভিতরে তাড়াইয়া দিল। এই যুদ্ধে সাইরেকুসীয়দের* ও তৎবন্ধুদের দুই শত ষাইট জন সেনা হত হইয়াছিল, কিন্তু তাহাতে আথীনীয়দের* পঞ্চাশ জন মাত্র নষ্ট হয়। সে যাহা হউক নগরাক্রমণ করণের এ পর্য্যন্ত কোন উপায় দর্শে নাই; অতএব

তাহারা শীত কাল যাপন করিতে নেক্সসে † ও কাটানায় † শিবির করণ স্থির করিল।

পরে বসন্ত কালে আথীনীহইতে কতক অশ্বারূঢ় সৈন্য এবং ভক্ষ ও যুদ্ধ দ্রব্য আসাতে নাইসিয় * সাইরেকুস † নগরের সমুদ্র ও স্থলপথ রুদ্ধ করিয়া বেষ্টনার্থে প্রতিজ্ঞা করিলেন। তন্নিমিত্ত নগরের সন্নিকটে ইপিপোলি † নামক উচ্চপর্ব্বত অধিকার করিলেন, তাহাতে উঠিতে এক উচ্চনীচ কদর্য্য পথ মাত্র ছিল। ঐ স্থান যে অতিশয় লাভজনক ইহা সাইরেকুসীয়েরা* জানিয়া নাইসিয় * তাহা অধিকার করিতে না পারেন, সাধ্যানুসারেএমত চেষ্টা করিয়াছিল ; কিন্তু নাইসিয় * এমত গোপনে সেনাদিগকে লইয়া গিয়াছিলেন, যে তাহারা সেই কথা অবগত হইতে না হইতে তিনি তাহা অধিকার করিলেন। আর সাত শত সেনা তাঁহাকে উদস্ত করিতে আসিয়াছিল, তিনি তাহাদিগকে পরিহার করিয়া তাহাদের অধ্যক্ষ ও তিন শত সেনাকে নষ্ট করিলেন। পরে তিনি সেই স্থানে এক দুর্গ নির্ম্মাণ করিয়া সাইরেকুস † নগরের সহিত বহির্দেশের কোন প্রকার সংযোগ না থাকে এমত করিয়া ঐ নগর বেষ্টন করিতে লাগিলেন। এই কর্ম্মের সময় অনেক ক্ষুদ্র২ যুদ্ধ হইয়াছিল, তন্মধ্যে এক যুদ্ধে লামাখ * হত হইয়াছিলেন, ইহাতে অধ্যক্ষতার তাবৎভারই নাইসিয়ের * উপর হইল। পূর্ব্বোক্ত ঐ দুর্গলইবার নিমিত্ত সাইরেকুসীয়েরা * পুনর্ব্বার চেষ্টা করিয়াছিল ; সে সময় নাইসিয় * দুর্গমধ্যে পীড়িত হইয়া শয্যাগত ছিলেন, নিকটে কেবল ভৃত্যেরাই ছিল; কিন্তু শত্রুরা দুর্গপ্রবেশ করিতেছে দেখিয়া তিনি গাত্রোত্থান করিয়া কলে ও চতুর্দ্দিগস্থ কাষ্ঠে অগ্নি লাগাইয়া দিলেন ; ইহাতে এই উত্তম ফল দর্শিল, যে তাঁহার নিজ সেনারা ইঙ্গিত বুঝিয়া তাঁহার সহায়-

তায় আইল, এবং শত্রুরা ভীত ও অবাক হইয়া নগরে প্রস্থান করিল।

এই সময়াবধি নাইসিয়ের * অতিশয় ভরসা হইল যে ঐ নগর অধিকার করিতে পারিবেন, যে হেতুক সিসিলির অনেক নগর তাঁহার স্বপক্ষ হইয়া সৈন্যদিগের ভক্ষদ্রব্য আহরণ করিতে লাগিল। ঐ রূপ বন্ধ হওয়াতে সাইরেকুসীয়েরা* নগররক্ষার কোন উপায় না দেখিয়া অধীন হওনবিষয় চিন্তা করিতে আরম্ভ করিল; অপর কি নিয়মে নগরার্পণরূপ সন্ধি করা উচিত তাহা বিবেচনা করিতে তাহারা এক পরামর্শসভা করণে সভ্যদিগকে আহ্বান করিয়াছিল; এতৎ কালে গিলিপ * নামক লাসিডিমোনীয়* সেনাপতি কতক সৈন্যের সহিত তাহাদের আশ্রয়ের কারণ আইলেন, তাহাতে তাহারা অতিশয় আহ্লাদিত ও চমৎকৃত হইল, কেননা তিনি যে আসিবেন এমত তাহারা কোন মতে ভাবে নাই। তিনি তাহাদিগের ভয়দূর করিয়া তাহারা যে রূপ বিপদগ্রস্ত হইয়াছিল আথীনীদিগকে অল্পকালের মধ্যে ততোধিক অধমাবস্থায় ফেলিলেন। গিলিপ * আপনাকে মহাবল পরাক্রান্ত জানিয়া এবং স্পার্টীয় স্বাভাবিক অহঙ্কার প্রযুক্ত দূতদ্বারা আথীনীয়দিগকে * কহিয়া পাঠাইলেন, পাঁচ দিবসের মধ্যেই তোমাদিগকে সিসিলি উপদ্বীপ অবশ্য পরিত্যাগ করিতে হইবে। নাইসিয় * ঐ কথা তুচ্ছ করিয়া কোন উত্তর করিলেন না; অতএব উভয় পক্ষীয়েরা যুদ্ধের উদ্যোগ আরম্ভ করিল।

প্রথম সংগ্রামে স্পার্টীয়েরা* পরাভূত হইয়াছিল, তাহার কারণ এই, যে তাহারা যে স্থানে যুদ্ধ করিয়াছিল সে অতি অপ্রশস্ত; আথীনীয়েরা* নগরবেষ্টন করিবার নিমিত্ত যে দুই প্রাচীর নির্ম্মাণ করিয়াছিল সেই দুয়ের মধ্যে ঐ স্থান ছিল; অতএব স্থানের

অম্লতা প্রযুক্ত গিলিপ * নিজপদাতিক সৈন্য সকল শৃঙ্খলা পূর্ব্বক রাখিতে পারেন নাই এবং অশ্বারূঢ়েরাও কোন কার্য্য করিতে পারে নাই। কিন্তু গিলিপ * মহত্ত ও সুবোধ অতএব আপনারই সকল দোষ স্বীকার করিয়া সেনাদিগকে কহিলেন, তোমাদের কোন অপরাধ নাই, সে যাহাহউক, আমার ও তোমাদের সম্মান যাহাতে পুনরুদ্ধার করিতে পার এমত সুযোগ আমি শীঘ্র করিব; তদনুসারে তিনি পরদিবস শত্রুদিগকে এক স্বায়ত্ত স্থানে আক্রমণ করিয়া সর্ব্বতোভাবে জয়ী হইলেন; ইহাতে বোধ হয় স্থান বিশেষও যুদ্ধে জয় কিম্বা পরাজয়ের কারণ হয়।

এই প্রযুক্ত নাইসিয় * কেবল আত্মরক্ষা করিতে বাধিত হইয়া বড় ঘাটের নিকটস্থ প্লেমিরিয় † নামক স্থানাধিকার করিলেন, এবং তথায় তিনটা দুর্গনির্ম্মাণ করিয়া তন্মধ্যে প্রবিষ্ট হইয়া রহিলেন; এই সময় কোরিন্থ † হইতে লাসিডিমোনীয়দের * সহায়তার কারণ কতক সৈন্য আসাতে তাহাদের অতিশয় শক্তিবৃদ্ধি হইল। নাইসিয় * স্বদেশীয়দিগকে আপন দুরবস্থা জ্ঞাত করাইতে অথীনীতে † এক পত্র পাঠাইলেন, তাহাতে এই লিখিয়াছিলেন যে সাইরেকুসীয়দিগকে * বেষ্টন করা দূরে থাকুক বরং তাহাদের ও তাহাদের বন্ধুদের কর্তৃক আপনিই বেষ্টিত হইয়াছি, ও তাবৎ নগর আমাদিগের বিপক্ষ হইয়াছে, আর দাস ও বেতনাপেক্ষি সেনারা তাবতেই আমাকে পরিত্যাগ করিয়াছে, এবং নিজ সৈন্যেরা কেবল দুর্গরক্ষা ও খাদ্য দ্রব্য আহরণ করণে নিযুক্ত আছে, কিন্তু আহার আনিবার সময় তাহাদের মধ্যেও অনেকে অশ্বারূঢ়শত্রুর দ্বারা নষ্ট হইয়াছে। তিনি ঐ পত্রে আরও লিখেন, যে আমি প্রথমে যত সৈন্যের সহিত আসিয়াছিলাম, তত সৈন্য পুনর্ব্বার না আইলে কোন আশা করা বৃথা। সে যাহাহউক

আমি এইরূপে শারীরিক অসুস্থ সুতরাং আপন কর্ম্ম করণে অক্ষম হইয়াছি; অতএব দেশে পুনর্গমন করণের অনুমতি আমাকে অবশ্য দিতে হইবে। আথীনীয়েরা * তাঁহার শেষ প্রার্থনায় কোনমতে সম্মত না হইয়া উরিমিডন্ * নামক সেনাপতিকে তাঁহার আশ্রয়ের কারণ দশখান ডিঙ্গা দিয়া পাঠাইতে প্রতিজ্ঞা করিল; আর বসন্ত কালারম্ভে অধিক সৈন্যের সহিত ডিমস্থিনিকে *ও পাঠাইতে স্থির করিল। আর মিনাণ্ডর * ও উথিডিমকে * তাঁহার সহকারিস্বরূপ নিযুক্ত করিয়া তৎক্ষণাৎ পাঠাইয়া দিল।

কিন্তু আথীনীয়দের * সহায়তায় ঐ নূতন সৈন্য আসিতে না আসিতে গিলিপ * তাহাদের সিসিলিস্থ † সৈন্য নষ্ট করিতে প্রতিজ্ঞা করিয়া সাইরেকুসীয়দিগকে * সমুদ্রযুদ্ধে প্রবৃত্ত হইতে লওয়াইয়া আপনি প্লেমিরিয়স্থ † দুর্গ সকল আক্রমণ করণে চেষ্টিত হইলেন। সমুদ্রযুদ্ধে কোন ফল দর্শে নাই, কিন্তু দুর্গ সকল আক্রমণবিষয় সিদ্ধি হইয়াছিল। সাইরেকুসীয়দের * আশীখান ডিঙ্গার প্রতিরোধ করণার্থে আথীনীয়দের * কেবল যাইট খান ডিঙ্গা ছিল; ইহাতে সাইরেকুসীয়দের * জয় হইবে প্রথমে এমত বোধ হইয়াছিল বটে, কিন্তু আথীনীয়দের * নাবিকবিদ্যায় অতিশয় নিপুণতাপ্রযুক্ত শেষে আথীনীয়দের * ই জয় হইল। এই যুদ্ধে আথীনীয়দের * তিন খান ডিঙ্গার অপচয় হইয়াছিল, এবং সাইরেকুসীয়দের * নয় খান জলমগ্ন ও তিনখান অপহৃত হয়। এই সময় প্লেমিরিয়ের † দুর্গরক্ষকেরা ঐ পূর্ব্বোক্ত সমুদ্রযুদ্ধদর্শনে গিয়াছিল, ইত্যবকাশে গিলিপ * ঐ দুর্গত্রয়ের মধ্যে প্রধান দুর্গকে জয় করাতে অন্য দুইটার রক্ষকেরা ভীত হইয়া তৎক্ষণাৎ পলায়ন করিল।

গিলিপ* এই জয়েতে সাহস পাইয়া আথীনীয়দের* আশ্রয়ে নূতন সৈন্য আসিবার পূর্ব্বে তাহাদিগকে পুনঃ২ ঐ রূপ আক্রমণ করিতে প্রতিজ্ঞা করিয়া সাইরেকুসীয়দিগকে* আর এক সমুদ্রযুদ্ধে প্রবৃত্ত হওনের পরামর্শ দিলেন। তাহারা তাঁহার পরামর্শানুবর্ত্তী হওয়াতে পূর্ব্বের সমুদ্রযুদ্ধাপেক্ষায় এই বার অধিক ফল দর্শিল। এই যুদ্ধে প্রবৃত্ত হওনে নাইসিয়ের* বড় মত ছিল না, কিন্তু তাঁহার সহকারিদ্বয় মিনেণ্ডর* ও ইউথিডিম* তাঁহাকে অতিশয় আকুঞ্চনদ্বারা প্রবৃত্ত করাইয়াছিলেন। এই যুদ্ধের সময় আথীনীয়দের* পঁচাত্তর খান ও সাইরেকুসীয়দের* আশী খান ডিঙ্গা ছিল। প্রথম দিবসে উভয় পক্ষীয় ডিঙ্গা সকল কোন বৃহৎ যুদ্ধে প্রবৃত্ত না হইয়া পরস্পর সম্মুখাসম্মুখি ভাবে রহিয়াছিল, তাহাতে কেবল কএক বার লঘু যুদ্ধমাত্র ঘটিয়াছিল। দ্বিতীয় দিবসেও সাইরেকুসীয়েরা* কোন উদ্যোগ করে নাই, কিন্তু তৃতীয় দিবসে অতিশীঘ্র আক্রমণ করিয়া ক্ষুদ্র ২ যুদ্ধদ্বারা দিবসের অনেক কাল ক্ষেপণ করিয়া শেষে প্রস্থান করিল। পরে সেই দিবসে তাহারা যে পুনর্ব্বার আসিবে এমত মনে না করিয়া আথিনীয়েরা* প্রস্তুত ছিল না; কিন্তু তাহারা কিঞ্চিৎ বিশ্রাম করিয়া ত্বরায় ডিঙ্গারোহণে আথীনীয়দিগকে* অকস্মাৎ আক্রমণ করাতে তাহাদিগের মধ্যে অতিশয় গোলযোগ উপস্থিত হইল। আথীনীয়েরা* পূর্ব্বে আত্মরক্ষার কারণ যে সকল ডিঙ্গাশ্রেণী বদ্ধ করিয়া রাখিয়াছিল, তৎপশ্চাৎ ভাগে আশ্রয় না লইলে তাহাদের অতিশয় বিভ্রাটই ঘটিত। এই যুদ্ধে আথীনীয়দের* সাত খান ডিঙ্গার অপচয় হইয়াছিল, আর অনেক সেনা ও ধৃত বা হত হয়।

আথীনীয়দের* বর্ত্তমান দুরবস্থার বিষয় ও ভবিষ্যতেই বা আর কি অধিক দুর্দ্দশা ঘটিবে এইং বিষয়ে যখন নাইসিয় *

দুঃখিত হইয়া ভাবিতেছিলেন, সেই কালে, ডিমস্থিনির* সহিত তেয়াত্তর খান ডিঙ্গা আসিয়া উপস্থিত হওয়াতে তাঁহার ভাবনা অনেক দূর হইল; ঐ ডিঙ্গা সমূহের মধ্যে পাঁচ সহস্র যোদ্ধা এবং তিন সহস্রের অধিক ধানুকী ও ফিঙ্গানিক্ষেপক সেনা ছিল; এতাদৃশ সৈন্য সাবধানে চালাইলে আথীনীয়েরা* পুনর্ব্বার জয়ী হইতে পারিত, কিন্তু নাইসিয় * যেং সুপরামর্শ দিয়াছিলেন তাহাতে সম্মত না হইয়া ডিমস্থিনি * ও অন্যং অধ্যক্ষদের চঞ্চল হওয়াতে শত্রুদের জয় হইয়া আথীনীয়দের * অপমান দর্শিল।

অনন্তর নগরাক্রমণ করিতে পরামর্শ করিয়া আথীনীয়েরা * প্রথমে ইপিপলি † অধিকার করিবার মনস্থে রাত্রিযোগে তাহা আক্রমণ করিয়া বাহির গড় পার হইল, পরে দ্বিতীয় গড়ের প্রতি যাত্রা কালীন গিলিপের * সহিত নগরস্থ সেনারা বাহিরে আসিয়া তাহাদিগকে অকস্মাৎ আক্রমণ করিল বটে, কিন্তু অন্ধকার রাত্রিপ্রযুক্ত ভীত হইয়া পলায়ন করিল। পরে এক দল বিওসীয় সৈন্য আথীনীয়দের* প্রতিকূলে বর্শা উদ্যম করিয়া চীৎকার শব্দপূর্ব্বক ধাবমান হইয়া বিস্তর হত্যা করত তাহাদিগকে তাড়াইয়া দিল; ইহাতে তাবৎ সৈন্যের মধ্যে অতিশয় শঙ্কা উপস্থিত হইল। পলায়িতদের আশ্রয়ার্থ যাহারা আসিতেছিল, তাহাদিগকে তাহারা শত্রুজ্ঞানে বেগে তাড়াইয়া প্রতিকূলাচরণ করিতে লাগিল। পরে অন্ধকার রাত্রিপ্রযুক্ত কে শত্রু কে মিত্র তাহার প্রভেদ করিতে অক্ষম হইয়া যে বন্ধুদিগকে দিবসে অবশ্যই আশ্রয় দিত এইক্ষণে তাহারা সেই বন্ধুদিগকে জানিতে না পারিয়া হত্যা করিতে লাগিল। আথীনীয়দের * স্বং বন্ধুদিগকে অন্বেষণ করা বৃথা হইল। আর তাহারা পূর্ব্ব সাঙ্কেতিক বাক্য পুনঃ২ উচ্চারণ করাতে স্বজাতীয়দিগকে চিনিতে পারা দূরে

থাকুক বরং শত্রু ও মিত্রের স্বরমিশ্রিত হইয়া অতিশয় গোলযোগ উপস্থিত হইল; এবং তদ্দারা কেবল আপনাদেরই সঙ্কেত বাক্য শত্রুদের নিকট প্রকাশ করিল, কিন্তু তাহাদের সঙ্কেতবাক্য জানিতে পারিল না, যে হেতুক শত্রুরা সকলে একত্র ছিল, অতএব তাহাদের পরস্পরকে ডাকিবার প্রয়োজন ছিল না। এই সময়ে সাইরেকুসীয়েরা* যে সকল আথীনীয়দের* পশ্চাৎ গমন করিয়া ছিল তাহারা পর্ব্বতের উপরহইতে পড়িয়া প্রাণত্যাগ করিল, এবং যাহারা শত্রুহইতে এক প্রকার মুক্ত হইয়া ছিল তাহারাও অন্ধকারপ্রযুক্ত মিত্রকে শত্রু জ্ঞানে ভীত হইয়া ক্ষেত্রে ও বনে পরিভ্রমণ পূর্ব্বক নিশাবসান করিল, পরে প্রাতঃকালে শত্রুদের অশ্বারূঢ়েরা আসিয়া তাহাদিগকে হত্যা করিল। এই যুদ্ধে আথীনীয়দের* দুই সহস্র লোক হত হয়, এবং পলায়িতেরা উচ্চনীচ দিয়া পলায়নের সুগম করিবার নিমিত্তে যে সকল অস্ত্র পরিত্যাগ করিয়া গিয়াছিল, সে সকলও শত্রহস্তগত হয়।

ডিমস্থিনি* উপস্থিত হওয়াতে আথীনীয়েরা* যে ভরসা করিয়াছিল তাহা ঐ রূপে বিফল হইল; এবং গিলিপ* সিসিলির† চতুর্দ্দিগে ভ্রমণ করিয়া অনেক নূতন সৈন্য সংগ্রহ করিয়া এমত শক্তিমান্‌ হইলেন যে আথীনীয়েরা* তাঁহাকে আর প্রতিযোগ করিতে পারিবে না, এই রূপ স্থির করিয়া সিসিলি† উপদ্বীপ পরিত্যাগ পূর্ব্বক স্বদেশে পুনর্গমন করিতে মনস্থ করিল। আথীনীয়েরা* যে এত শীঘ্র প্রস্থানের উদ্যোগ করিবে এমত সাইরেকুসীয়েরা* কোন মতে ভাবে নাই। যে সময়ে আথীনীয়েরা* ডিঙ্গারোহণ করে সেই ক্ষণে হঠাৎ চন্দ্রগ্রহণ হইল, কিন্তু তাহার যথার্থ কারণজ্ঞানে তাহারা সম্পূর্ণ রূপ অনভিজ্ঞপ্রযুক্ত তাহা অমঙ্গলসূচক নিশ্চয় করিয়া অতি

শয় শঙ্কান্বিত হইল। পূর্ব্বকালে এই২ রূপ ঘটনা হইলে তিন দিবস পর্য্যন্ত যাত্রা স্থগিত করিবার রীতি ছিল; কিন্তু থুসিডাইডি* কহেন যে ভবিষ্যদ্বক্তাদিগকে এই বিষয় জিজ্ঞাসা করাতে তাঁহারা এই উত্তর করিয়া ছিলেন, আথীনীয়দিগকে* সাতাইশ দিন পর্য্যন্ত বিলম্ব করিতে হইবে, তাহাতে লোকেরা ভাবিয়াছিল যে এই সংখ্যার কোন গুপ্ত কারণ অবশ্যই থাকিবে। নাইসিয়ের* ঐ অজ্ঞান প্রবঞ্চকদের প্রতি সম্পূর্ণ শ্রদ্ধা ছিল, এবং তাহাদের কথা অমান্য করিলে পাছে অপরাধ হয় এই শঙ্কায় তিনি কহিলেন আমি আগত মাসের পূর্ণ চন্দ্র দর্শন না করিয়া যাত্রা করিব না; এই কথাতে বোধ হয় যে তিনি যেন মুক্ত হওন কালীন চন্দ্র দেখিতে পান নাই।

অনন্তর সাইরেকুসীয়েরা* আথীনীয়দের* গমনের ইচ্ছা জানিয়া তাহারা অনায়াসে প্রস্থান করিতে না পারে তন্নিমিত্তে প্রতিজ্ঞা করিল, বরং সাধ্য হইলে তাহাদিগকে একেবারে নষ্ট করিতে অথবা যুদ্ধে বদ্ধ করিতে ইচ্ছুক ছিল। এই নিমিত্ত তাহারা উহাদের দুর্গ সকলের শীঘ্র আক্রমণ করাতে কিঞ্চিৎ উপকার দর্শিল, এই প্রযুক্ত তাহার পরদিনও ঐ রূপ আক্রমণ আরম্ভ করিয়া আথীনীয়দের* ছেয়াশী খান ডিঙ্গার প্রতিকূলে ছেয়াত্তর ডিঙ্গা প্রেরণ করিল, তাহাতে এক ঘোরতর সংগ্রাম উপস্থিত হইয়া শেষে আথীনীয়েরা* পরাভূত হইল; এবং শত্রুদের কর্তৃক তাহাদের অষ্টাদশ খান ডিঙ্গা অপহৃত ও তন্মধ্যস্থ নাবিক সকল হত হইয়াছিল; আর তাহাদের অধ্যক্ষ উরিমিডন্*ও এই যুদ্ধে হত হয়েন।

আথীনীয়েরা* কোনমতে সমুদ্র দিয়া পলায়ন করিতে না পারে এই নিমিত্ত সাইরেকুসীয়েরা* নঙ্গর ও শিকলদ্বারা কতক ডিঙ্গা শ্রেণী বদ্ধ করিয়া প্রাধান ঘাটের মুখ রুদ্ধ করিল; ঐ ঘাট

প্রায় পাঁচ শত পাদবিক্ষেপ তুল্য প্রশস্ত। আর পাছে আথী-নীয়েরা* সাহস করিয়া সংগ্রামে পুনর্ব্বার প্রবৃত্ত হয় এই প্রযুক্ত তাহারাও যুদ্ধের আবশ্যক উদ্যোগ করিতে লাগিল। আথীনীয়েরা* এই রূপ বদ্ধ হইয়া এবং সমুদ্রপতি হওয়া ব্যতিরেকে আহার্য্যদ্রব্য আনিবার অন্য উপায় না দেখিতে পাইয়া সমুদ্রে পুনর্ব্বার যুদ্ধ করিতে বাধিত হইল। অতএব উভয় পক্ষীয় সৈন্যাধ্যক্ষেরা বক্তৃতাদ্বারা স্বং সেনাদিগকে সাহস প্রদান করণে সাধ্যানুসারে চেষ্টা করিতে লাগিল, যে হেতুক এই যুদ্ধে উভয়েরই প্রাণের ও স্বাধীনতার এবং স্বং দেশের কারণ ভয় ছিল। পূর্ব্বের সকল যুদ্ধাপেক্ষায় এই যুদ্ধ অতিশয় ঘোরতর হইয়াছিল। আথীনীয়েরা* ঘাটের মুখে পঁহুছিলে যে সকল ডিঙ্গা তাহাদের প্রতিকূলে প্রথমে আসিয়াছিল সে সকলকে তাহারা সহজে অপহরণ করিল, কিন্তু যখন তাহারা অন্য সকল ডিঙ্গার শিকল ছিন্ন করিতে চেষ্টা করিতে লাগিল তখন শত্রুরা চতুর্দ্দিগহইতে আসিয়া তাহাদের উপর পড়িল। প্রায় দুই শত খান ডিঙ্গা চতুর্দ্দিগহইতে আসিয়া এক অপ্রশস্ত স্থানে প্রবেশ করাতে অতিশয় গোলযোগ উপস্থিত হইল, ইহাতে ডিঙ্গা সকল অগ্রে বা পশ্চাৎ গমন করিয়া কিম্বা ঘুরিয়া আক্রমণ করিতে পারিল না; এই প্রযুক্ত ডিঙ্গা সকলের অগ্রভাগহইতে বিশেষ কার্য্য দর্শিল না, কেবল তীর ও বর্শা এবং প্রস্তরাদি নিক্ষেপ হইতে লাগিল। শত্রুদের কর্তৃক বৃষ্টি বর্ষণের ন্যায় প্রস্তর নিক্ষিপ্ত হওয়াতে আথীনীয়েরা* অতিশয় ব্যাকুল হইল, বিশেষতঃ তাহাদের তাবৎ উদ্যম বিফল হইতে লাগিল, কারণ তাহারা ডিঙ্গার মধ্যে থাকিয়া তীর ও বর্শা নিক্ষেপ করিতেছিল কিন্তু ঐ ডিঙ্গা সমূহের অস্থিরতা প্রযুক্ত তাহা লক্ষের বাহিরে পড়িতে লাগিল।

কোরিন্থ † দেশীয় আরিষ্টন্ * নামক এক ব্যক্তি সাইরে- কুসীয়দিগকে * ঐ রূপ প্রস্তর নিক্ষেপ করিতে পরামর্শ দিয়াছিলেন। অনন্তর সাইরেকূসীয়দের * অস্ত্রধারি সেনাগণ শত্রুদের সহিত মল্ল যুদ্ধ করিতে উহাদের ডিঙ্গায় চড়িবার চেষ্টা করাতে আথীনীয়েরা *ও উহাদের * ডিঙ্গায় প্রবেশ করিতে লাগিল; ইহাতে ডিঙ্গা সকল পরস্পরের উপর পড়াতে এমত শব্দ হইতে লাগিল, এবং জয়ী ও পরাজিতেরা এমত চীৎকার করিতে লাগিল, যে সে সময়ে সেনাপতিদের আজ্ঞা কেহ স্পষ্ট রূপে শুনিতে পায় নাই। আথীনীয়েরা * স্বদেশে পুনর্গমন করিতে পারে, এমত উপায় করিতে বিপদ্ভয় তুচ্ছ করিয়া বলদ্বারা এক পথ করিয়া যাইবার মনস্থ করিল। কিন্তু শত্রুরা তাহাদিগকে সর্ব্বতোভাবে পরাভূত করিতে ও তাহাদের ঐ মনস্থ ভঙ্গকরণে সচেষ্ট ছিল। উভয়-পক্ষীয় স্থলসৈন্যেরা তীরের উচ্চভাগে অবস্থিতি করিয়া সমুদ্রযুদ্ধ দর্শন করিতেছিল, এবং নগরবাসিরাও তাহা দেখিতে প্রাচীরের উপরে চড়িয়াছিল। ঐ স্থান সকল ডিঙ্গাহইতে অধিক দূর না হওয়াতে তাহারা সকলে যেন মঞ্চইহতে তাবৎ ঘটনা স্পষ্ট রূপে দেখিতে লাগিল, কিন্তু সকলেরই অতিশয় ভাবনা ও ভয় হইয়াছিল। উভয় পক্ষীয়েরা যুদ্ধের প্রতি মনোযোগী হইয়া স্বং পক্ষের মঙ্গল বা অমঙ্গলসূচক লক্ষণ দেখিয়া আপনং ভয় ও ভরসা ও দুঃখ এবং আহ্লাদ প্রকাশক চিহ্ন নানা প্রকার চীত্কার ও শরীর ভাবদ্বারা প্রকাশ করিতে লাগিল, কখনং তুষ্ট হইয়া আপনাদের সৈন্যদিগকে সাহাস প্রদান করিবার নিমিত্ত হস্ত বাড়াইয়া দেখাইতে লাগিল, কখন বা ভীত হইয়া দেবতাদিগের আশ্রয়ের কারণ উপরে

হস্ত তুলিয়া প্রার্থনা করিতে লাগিল। আথীনীয়দের * ডিঙ্গা সকল অনেক কালপর্য্যন্ত সাহস পূর্ব্বক প্রতিযোগ করিয়া শেষে পরাস্ত হইয়া তীরের উপরে গিয়া পড়িল। প্রাচীরস্থ সাইরেকুসীয়েরা * স্বদেশীয়দিগকে জয়ী হইতে দেখিয়া চীৎকার শব্দদ্বারা নগরের চতুর্দ্দিগে ঐ সংবাদ প্রচার করিল। জয়িরা তৎক্ষণাৎ সাইরাকুসে † গমন করিয়া সেখানে জয়-চিহ্নের এক ধ্বজা নির্ম্মাণ করিল, কিন্তু আথীনীয়েরা * এমত দুঃখিত ও অপমানিত হইয়াছিল, যে তাহারা মৃত বন্ধুদের অন্ত্যেষ্টি ক্রিয়াদি করণের নিমিত্ত তাহাদের শব পাইতেও প্রার্থনা করে নাই।

আথীনীয়দের * তৎকাল পর্য্যন্তও যথেষ্ট ডিঙ্গা ও সৈন্য ছিল, অতএব তদ্দ্বারা পথ করিয়া যাইতে পুনর্ব্বার চেষ্টা করণ কিম্বা আপনাদের ডিঙ্গা সকল শত্রুহস্তে পরিত্যাগ করিয়া স্থলপথে প্রস্থান করণ এই দুই উপায় মাত্র ছিল। ডিমস্থিনি * প্রথম উপায় গ্রাহ্য করণের পরামর্শ দিলেন, কিন্তু সেনারা পূর্ব্ব পরাভবের কারণ ভীত হইয়া তদুপযুক্ত সাহস করিতে পারিল না। এই প্রযুক্ত দ্বিতীয় উপায়ই মনোনীত হইল, এবং শত্রুরা তাহাদের গমনবার্ত্তা জানিতে না পারে এই নিমিত্ত তাহারা রাত্রিযোগে যাইতে উদ্যোগ করিল। কিন্তু আথীনীয়দের * প্রায় চল্লিশ সহস্র সৈন্য গমন করিয়া উপদ্বীপের এক পার্শ্বে দুর্গ করিয়া পাছে পুনর্ব্বার যুদ্ধারম্ভ করে এই ভয়ে হর্মক্রেটি * নামক সাইরেকুসীয় * সেনাপতি তাহাদিগকে নির্ব্বিরোধে স্বদেশে যাইতে দেওনে কোনমতে ইচ্ছুক ছিলেন না। ঐ দিবসে সাইরেকুসীয়েরা * হর্কুলির * উদ্দেশে জয়োৎ-সবকরণে প্রবৃত্ত ছিল, অতএব সেই রাত্রিতে আথীনীয়দের * গমনে বাধা জন্মাইবার নিমিত্ত তাহাদিগকে লওয়াইতে

পারিবেন না, তাহা নিশ্চয় জানিয়া তিনি অন্য এক উপায় স্থির করিলেন। যথা তিনি কতক নিজ অশ্বারূঢ়দিগকে আথীনীয়দের* বন্ধুস্বরূপ হইয়া যাইতে আজ্ঞা করিলেন, এবং তাহারা তাঁহার আজ্ঞাপ্রমাণে নাইসিয়ের* নিকটে গিয়া কহিল, যে তুমি রাত্রিতে যাত্রা করিও না, প্রাতঃকাল পর্য্যন্ত অপেক্ষা করা উচিত, কেননা সাইরেকুসীয়েরা* তাবৎ পথ রুদ্ধ করিয়া তোমাদিগকে আক্রমণ করণার্থে গুপ্তস্থানে রাত্রিতে লুক্কায়িত থাকিবে।

নাইসিয়* অজ্ঞানতাপ্রযুক্ত ঐ প্রবঞ্চিত সংবাদে বিশ্বাস করিয়া কেবল ঐ রাত্রি পর্য্যন্তই বিলম্ব করিয়া রহিলেন এমত নহে, কিন্তু নিজ সেনাগণ গমনের সুন্দররূপ উদ্যোগ করিয়া আবশ্যক দ্রব্য সকল লইয়া যাইতে পারে এই নিমিত্তে পরদিবসও অপেক্ষা করিয়া রহিলেন। এই বিলম্বেতেই আথীনীয়দের * বিনাশ হইয়াছিল, কারণ পরদিবস প্রাতঃকালেই শত্রুরা দুর্গম পথ সকল রুদ্ধ করিল, ও নদী সকলের যেং স্থানে পদব্রজে পার হওয়াযায় তৎ২ পার্শ্বে রক্ষক স্থাপন করিল, ও সেতু সকল ভাঙ্গিয়া ফেলিল, এবং মাঠের চতুর্দ্দিকে অশ্বারূঢ় সৈন্য পাঠাইল; অতএব আথীনীয়েরা* যে যুদ্ধ না করিয়া সহজে পলাইতে পারিবে এমত এক পথও ছিল না।

সে যাহা হউক যুদ্ধের পর তৃতীয় দিবসে আথীনীয়েরা* কাটানার† প্রতি যাত্রা করিল; তাহাদের সৈন্য ব্যূহাকৃতি দুই দল হইয়াছিল, তাহার প্রথম দলের অধ্যক্ষ নাইসিয়* ও দ্বিতীয় দলপতি ডিমস্থিনি,* এবং সেনাদের তাবৎ দ্রব্য ঐ দলদ্বয়ের মধ্যভাগে ছিল। এই রূপ তাহারা কতক দিবস স্বদেশের প্রতি গমন করিল, এবং শত্রুরাও তাহাদের

পশ্চাৎ২ আসিয়া তীরবর্শাদ্বারা অতিশয় পীড়া দিয়াছিল, কিন্তু আথীনীয়েরা * ঘুরিয়া দাঁড়াইলেই তাহারা কখন সম্মুখযুদ্ধ না করিয়া পলায়ন করিত।

এই রূপে আথীনীয়দের * সৈন্যসংখ্যার প্রতিদিন হ্রাস হইতে লাগিল ও আহারের অতিশয় অপ্রাপ্তি হওয়াতে, তাহারা কাটানায় † গমন করিতে মনস্থ ত্যাগ করিয়া কামিরিনা † ও গিলার † প্রতি যাত্রা করিল; কিন্তু রাত্রিতে পথ পরিবর্ত্ত করাতে এমত গোলযোগ উপস্থিত হইয়াছিল, যে ডিমস্থিনির * সঙ্গে যে দলস্থেরা পশ্চাৎ আসিতেছিল, তাহারা অগ্র দলহইতে পৃথক্ হইয়া পথ হারাইল। পরদিবস সাইরেকুসীয়েরা * উপস্থিত হইয়া তাহাদিগকে এক অপ্রশস্ত স্থানে বেষ্টন করিলে তাহারা কিয়ৎকাল পর্য্যন্ত অতিশয় সাহস পূর্ব্বক আত্মরক্ষা করিয়াছিল বটে, কিন্তু পলায়ন করণের কোন সুযোগ না দেখিয়া শেষে প্রায় ছয় সহস্র লোক পশ্চাল্লিখিতব্য নিয়মে অধীনত্ব স্বীকার করিল। যথা তোমরা আমাদিগকে বধ বা চিরকালের নিমিত্ত বদ্ধ করিতে পারিবা না।

এতৎকালে নাইসিয় * ক্রমিক গমন করত ইরিনিয় † নদীপার হইয়া এক পর্ব্বতোপরি অবস্থিতি করিলেন, এবং শত্রুরা তথায় পরদিবস উপস্থিত হইয়া কহিল, যে ডিমস্থিনি * যে রূপ অধীন হইয়াছেন সেই রূপ তুমিও হও। নাইসিয়* প্রথমে ডিমস্থিনির * বিষয়ে এই কথা বিশ্বাস না করিয়া তাহা সত্য কি মিথ্যা জানিবার নিমিত্ত অশ্বারূঢ় সৈন্য প্রেরণ করিতে অনুমতি প্রার্থনা করিলেন, পরে সে কথা সত্য এমত অবগত হইয়া কহিলেন, যদ্যপি তোমরা আমাকে সৈন্য লইয়া স্বদেশে পুনর্গমন করিতে দেও তবে

যুদ্ধ করণে তোমাদের যে ব্যয় হইয়াছে তাহা তোমাদিগকে দিতে প্রস্তুত আছি; কিন্তু শত্রুরা সে কথা অগ্রাহ্য করিয়া তৎক্ষণাৎ পুনর্ব্বার আক্রমণারম্ভ করিল। তথাচ নাইসিয় * তাবৎ রাত্রি আত্মরক্ষা করিয়া পরদিবসও এসিনের † নদী পর্য্যন্ত গমন করিয়াছিলেন, কিন্তু সাইরেকূসীয়েরা * তথায় শীঘ্র উপস্থিত হইয়া আথীনীয়দের * অনেককে নদীতে নিক্ষেপ করিল, এবং অনেকে পিপাসা নিবারণার্থে আপনারাই তন্মধ্যে পড়িয়াছিল। ঐ স্থানে অতিশয় হত্যা হইতে লাগিল, অতএব নাইসিয় * এই নিয়মে অধীন হইতে বাধিত হইলেন, যে গিলিপকে * যুদ্ধ স্থগিত করিতে এবং আথীনীয়দিগকে* ক্ষমা করিতে হইবে। গিলিপ * তদনুসারে লোকদিগকে ক্ষমা করিলেন বটে, কিন্তু নাইসিয় * ও ডিমস্থিনি * প্রথমে যষ্টিদ্বারা শাস্তি পাইয়া শেষে হত হইলেন; ইহাতেই বোধ হয় যে সে কালে অতিশয় নিষ্ঠুর ব্যবহার ছিল। সাইরেকূসীয়েরা * সাহস পূর্ব্বক নগররক্ষা করণে ও জয়ী হওনে যে সুখ্যাতি পাইয়াছিল এই ক্ষণে ঐ নিষ্ঠুর ব্যবহারজন্য তাহাতে অতিশয় কলঙ্ক জন্মিল।

ইহা অবশ্য স্বীকার করিতে হইবে যে গিলিপ * এবং সাইরেকূসীয়দের * মধ্যেও অনেকে আথীনীয়* সেনাপতিদ্বয়ের প্রাণরক্ষা করিতে বিস্তর চেষ্টা করিয়াছিলেন; কিন্তু লোকেরা বক্তাদের ও বিশেষতঃ ডাইওক্লি * নামক আপনাদের এক জন প্রিয় পাত্রের কথায় অতিশয় ক্রুদ্ধ হইয়া ঐ প্রধান ব্যক্তিদ্বয়ের রক্ত না দেখিয়া কোন মতে ক্ষান্ত হইল না। নাইসিয়ের * বিষয়ে অধিক খেদ করিতে হয়, যে হেতুক তিনি অতিশয় দয়াবান্ ও সচ্চরিত্র ছিলেন, আর তিনি

স্বদেশীয়দের আজ্ঞা প্রমাণে ঐ যুদ্ধের সেনাপতিত্ব কর্ম্ম করিয়াছিলেন বটে, কিন্তু সে যুদ্ধ না ঘটে প্রথমে এমত চেষ্টায় ত্রুটি করেন নাই; ডিমস্থিনি*ও এমত সম্ভ্রান্ত ছিলেন যে ঐ নামবিশিষ্ট প্রসিদ্ধবক্তা অনেক বৎসর পরে ঐ বংশে জন্মিয়াছিলেন বলিয়া গৌরব করিতেন।

সাইরেকুসের † কারাগারে যে সকল লোক বদ্ধ হয়, তাহাদের মধ্যে অনেকে অনাহারের ও কঠিন ব্যবহারের নিমিত্তে মরিল, এবং যাহারা তাহার পরও জীবিত ছিল তাহারা দাসস্বরূপে বিক্রীত হইয়া সদ্বিবেচনা ও সরলব্যবহারদ্বারা স্ব২ প্রভুদিগের এমত অনুগ্রহপাত্র হইয়াছিল, যে তাহারা শীঘ্র স্বাধীনতা পাইল। আর কোন২ ব্যক্তির দাসত্বহইতে মুক্ত হইবার কারণ এই, যে ইউরিপিডি * নামক কবিকৃত ট্রাজিডি‡ যাত্রার উত্তম২ অংশ তাহাদের অভ্যাস ছিল, এবংসিসিলীয়েরা*ও ঐ সকল কাব্যের অতিশয় অনুরাগ করিত। অতএব তাহারা স্বদেশে পুনর্গমন করিয়া আপনাদের মুক্তির কারণ কৃতজ্ঞতায় ঐ কবিকে প্রণাম করিয়া কহিল, আমরা তোমার কাব্য শিক্ষা করিয়া বিস্তর উপকার পাইয়াছি।

আথীনীয়েরা * যে পরাভূত হইবে এ রূপ কোন মতে মনে করে নাই, বরং জয় হইবে ইহাই নিশ্চয় জ্ঞান করিয়াছিল। অতএব যে ব্যক্তি ঐ সমাচার প্রথমে আনিয়াছিল, তাহারা তাহাকে মিথ্যাবাদী জ্ঞানে নষ্ট করিতে আজ্ঞা করিল, কিন্তু ঐ কথা সত্য পরে এমত জ্ঞাত হইয়া তাহারা একেবারে শোকসাগরে মগ্ন হইয়া নিতান্ত নিরাশ হইল। তাহাদের তৎকালে অশ্বারূঢ় ও পদাতিক সৈন্য বা অর্থ কিম্বা ডিঙ্গা

‡ মহল্লোক ও রাজ ইত্যাদির দুর্দ্দশাসূচক যাত্রাকে ইংগ্নাজী ভাষায় ট্রাজিডি কহে।

ও নাবিক কিছুই ছিল না; অতএব তাহারা ঐ ক্ষণে যে রূপ দুর্দ্দশাগ্রস্ত হইয়াছিল, এমত পূর্ব্বে কখনও হয় নাই। সংক্ষেপে কহি, তাহারা নিরাশ হইয়া প্রতিক্ষণে মনে করিত যে শত্রুরা এমত প্রধান যুদ্ধের জয়ে গর্ব্বিত হইয়া এবং বিশেষতঃ অনেক জাতীয়ের সহিত বন্ধুতা করিয়া বলবন্ত হইয়া সমুদ্রে ও স্থলে আথীনীয়দিগকে * পিলপনিয়স † দেশস্থ তাবৎ সৈন্যদ্বারা আক্রমণ করিবে। সিসিরো * ঐ সকল যুদ্ধের বর্ণনা করিয়া কহিয়াছেন যে আথীনীর † ডিঙ্গা ও সৈন্য সকল সাইরেকুসের † ঘাটে জলমগ্ন হইয়া তাহার শক্তি ও গৌরব বিনষ্ট হইয়াছে।

সে যাহা হউক আথীনীয়েরা * এতাদৃশ নিরাশ হইয়াও ভরসা পূর্ব্বক নূতন ডিঙ্গা নির্ম্মাণ করণার্থে চতুর্দ্দিক্‌হইতে অর্থ সংগ্রহ করিতে লাগিল, ও তাবৎ অনর্থক ব্যয় ন্যূন করিল, এবং কোন বিষয় লোকদের সভায় বিবেচিত হইবার পূর্ব্বে তাহা সুন্দর রূপে পরীক্ষা করিতে প্রাচীন লোকের এক সমাজ স্থাপন করিল। সংক্ষেপে কহি, তাহাদের দুর্দ্দশার প্রতিকার করণার্থে বা ঐ দুর্দ্দশার আর বৃদ্ধি না হইতে পারে এই নিমিত্তে তাহারা সম্যক্‌প্রকার চেষ্টা করিতে লাগিল, কিন্তু কোন প্রকারেই তাহারা আপনাদের পূর্ব্ব ঐশ্বর্য্যশালি অবস্থা পুনর্ব্বার পাইতে পারিল না; কারণ ঐ সময়াবধি আথীনীয়দের * অবস্থা পরিবর্ত্ত হইয়া অন্য প্রকার হইতে লাগিল। তাহাদের শিল্প ও অস্ত্রশস্ত্র বিদ্যায় যশঃপ্রাপ্ত হওনের, ও চতুর্দ্দিক্‌স্থ অন্য২ জাতীয়দিগকে শিষ্ট ব্যবহার ও দয়া ও শীলতা ও জ্ঞানশাস্ত্র ও যুদ্ধবিষয়ক উপদেশ দেওনের, এবং এক মহারাজ্য স্থাপনের কোন চেষ্টা করণের চিহ্ন ইতিহাসে আর দেখিতে পাওয়া যায় না।

আথীনীয়েরা* এক মহারাজ্য স্থাপন করিতে পারিলে তাহার নিকটবর্ত্তি তাবৎ রাজ্য শাসন করিতে পারিত; কিন্তু তাহাদের সেই অভীষ্ট ভঙ্গ হওয়াতে তাহারা অন্য২ দেশ জয় করণের চেষ্টা না করিয়া কেবল আপনাদের দেশীয় অধিকার সকল রক্ষা করণেই ক্ষান্ত রহিল; আর গ্রীকদেশের † মধ্যস্থ কর্ম্ম করণে ও তথাকার সৈন্য চালাওনে অক্ষম হইয়া তাহারা এইক্ষণে কেবল আপনাদের রাজ্যবিষয়েই মনোযোগ করিতে লাগিল; ইহাতে তাহারা প্রায় দিবাপ্রদীপের ন্যায় হইয়া রহিল, সুতরাং ইতিহাসবেত্তারাও তাহাদিগকে গুচ্ছে গণ্য করণে ক্ষান্ত হইল, এবং যে জাতীয়দের নাম আমরা পূর্ব্বে কিছু লিখি নাই, তাহা ঐ অবধি ক্রমে প্রকাশ হইতে লাগিল।

আথীনীয়দের* এই দুর্দ্দশার সময়ে আল্লিবাইএডি* তাহাদিগকে দেশান্তর হইতে কহিয়া পাঠাইলেন, যে সাধারণ লোকেরা আমাকে দেশান্তর করিয়াছে, অতএব যদ্যপি তাহাদের পরিবর্ত্তে প্রধান ও শক্তিমন্ত লোকদের হস্তে রাজ্যের কর্ত্তৃত্ব ভার দেও তবে আমি স্বদেশে পুনর্গমন করিতে ইচ্ছা করি; এবং স্বদেশীয়দিগকে তদ্বিষয়ে সম্মত করিতে তিনি আরও কহিলেন, যে পার্শী* রাজার অধ্যক্ষ টিসাফর্নের* নিকটে আমি আশ্রয় লইয়াছি, তিনি যাহাতে তোমাদের প্রতি অনুকূল হয়েন এমত করিব, আর তোমরা সাধারণ লোকের প্রভুত্ব উৎখাত করিলে আমি পার্শী* রাজাকেও তোমাদের পক্ষ করিয়া দিব, কারণ রাজা অস্থিরচিত্ত ও নির্ব্বোধ লোক সমূহের বাক্যাপেক্ষায় কুলীনবর্গের কথায় অধিক বিশ্বাস করেন। আল্লিবাইএডির* স্বদেশে প্রত্যাগমনে যাহারা বাধা জন্মাইয়াছিল, তন্মধ্যে ফ্রিনিক*

নামক সেনাপতিই প্রধান, তিনি স্বীয় অভীষ্ট লাভ করিতে আষ্টিওথ* নামক লাসিডিমোনীয় সেনাপতিকে কহিয়া পাঠাইলেন যে আল্সিবাইএডি* টিসাফর্নকে* আথী-নীয়দের* পক্ষ করিবার নিমিত্ত বিস্তর চেষ্টা করিতেছেন। অপর ফ্রিনিক* আথীনীয়দের* সৈন্য ও ডিঙ্গা সকল তাঁ-হার হস্তে দিতে চাহিলেন, কিন্তু আল্সিবাইএডির* আষ্টিওথের* সহিত যে রূপ সম্প্রীতি ছিল, তদ্দারা ফ্রিনিকের* ধূর্ত্ততা প্রকাশ হওয়াতে তিনি পদচ্যুত হইয়া শেষে হাটের মধ্যে অস্ত্রদ্বারা হত হইলেন।

আল্সিবাইএডির* পূর্ব্বোক্ত প্রসঙ্গানুসারে আথীনীয়েরা* রাজ্য পরিবর্ত্তের উদ্যোগ করিতে লাগিল। প্রথমতঃ ক্ষুদ্র২ ন-গরে লোকপ্রভূত্ব নিবারিত হইল; শেষে আথীনীতে ও পাই-সেণ্ডর* কর্ত্তৃক তাহা সম্পূর্ণ হইল। যথা তিনি কতক কালের নিমিত্ত অসীম শক্তি প্রদান পূর্ব্বক দশ জন আমিন নিযুক্ত করাইলেন, এবং তাহাদের কাল অতীত হইলে তাহারা যে২ রূপে কর্ম্ম করিবে, তাহা লোকদিগকে বুঝাইতে হইবে এমত নিয়ম করিলেন। তৎপরে সাধারণ লোকেরা সভায় একত্র হইলে তন্মধ্যে প্রথমতঃ তিনি এই নির্দ্ধারিত করিলেন, যে সকলেই স্ব২ বিবেচনানুসারে সকল বিষয় উত্থাপন করিতে পারিবে, ইহাতে ব্যবস্থাভঙ্গের কারণ অপবাদ বা তন্নিমিত্তক দণ্ডগ্রস্ত কেহ হইবে না; দ্বিতীয়তঃ এই নির্দ্ধারিত হইল, যে এক নূতন সভা স্থাপিত করা যাইবে, তাহার সভ্যদের উপরে রাজকর্ম্মের ও বিচারাধ্যক্ষ নিযুক্ত করণের সম্পূর্ণ ভার থাকিবে। এই নি-মিত্তে পাঁচ জন সভাধ্যক্ষ মনোনীত হইলেন, তাঁহারা আর পঁচানব্বই জন নিযুক্ত করিয়া এক শত হইলেন; এবং ঐ এক শত জন প্রত্যেকে স্বেচ্ছানুসারে আর তিন২ জন

লোক আপনাদের সঙ্গী করিয়া লইতেন, অতএব সর্ব্ব-শুদ্ধা ঐ নূতন সভায় চারিশত সভ্য স্থির হইল, ইহাদিকে তাবৎ বিষয়ে সম্পূর্ণ শক্তি প্রদান করা গেল। এই রূপে কুলীন-প্রভুত্ব সম্পূর্ণমতে স্থাপিত হইল বটে, কিন্তু লোকপ্রভুত্বও অন্যথা হয় নাই এই রূপ দর্শাইয়া লোকদিগকে ভুলাইয়া রাখিতে পূর্ব্বোক্ত চারি শত সভ্য কোন ২ আবশ্যক সময়ে পাঁচ সহস্র নগরবাসিকে সভাস্থ হইতে আহ্বান করিতেন। সাধারণ লোক সমূহের সভাও পূর্ব্বমত হইত বটে, কিন্তু ঐ চারি শতের অনুমতি ব্যতিরিক্ত কোন বিষয় স্থির হইত না; অতএব পিসিস্ট্রাটিডি * অর্থাৎ পিসিস্ট্রাট * রাজার পুত্র হিপিয়ের * সিংহাসনচ্যুত হওনাবধি প্রায় চারি শত বৎসর পর্য্যন্ত আথীনীয়েরা * স্বাধীনতাভোগ করিয়াছিল, এইক্ষণে তাহার ঐ রূপে লোপ হইল।

পূর্ব্বোক্ত নূতন সভা স্থাপনের আজ্ঞা কোন বাধা ব্যতিরেকে নির্দ্ধারিত হইয়া সভা ভঙ্গ হইলে ঐ চারি শত লোক খড়্গ ধারণ পূর্ব্বক এক শত বিংশতি যুবা ব্যক্তির সহিত মহাসভায় প্রবেশ করিয়া মহা সভ্যদিগকে অবশিষ্ট প্রাপ্য বেতন দিয়া দূর করিল। চারি শতের কোন আবশ্যক হইলেই ঐ এক শত বিংশতিকে আপনাদের সঙ্গী করিত। ঐ নূতন সভ্যেরা আপনাদের মধ্যহইতে নূতন ২ বিচারাধ্যক্ষ মনোনীত করিল, এবং তদুপলক্ষে যে ২ পূজাদি ক্রিয়া করণের রীতি ছিল, তাহাও তাহারা করিল। কিন্তু যাহারা দেশচ্যুত হইয়া বিদেশে ছিল, তাহাদিগকে পুনরাহ্বান করিতে তাহারা বাঞ্ছিত ছিল না, কেননা পাছে তাহারা দেশে পুনস্থাপিত হইয়া আল্সিবাইএডির * আইসনের সম্মতি দেয়। আল্সিবাইএডিকে *

তাহাদের এতাদৃশ ভয় করণের কারণ এই, যে তিনি অনায়াসে রাজ্যাধিপতি হওনে ক্ষমতাপন্ন ছিলেন তাহারা এমত নিশ্চয় জানিত। এই প্রকারে আপনাদের অসীম শক্তির অসদ্ব্যবহারদ্বারা তাহারা কোন২ লোককে হত্যা করিতে লাগিল, কাহাকেও বা দেশান্তর করিয়া তাহাদের বিষয় সম্পত্তি ক্রোক করিতে লাগিল। নূতন সভা স্থাপন হওনে যাহারা প্রতিবাদী বা অতুষ্ট হইয়াছিল, তাহাদিগকে মিথ্যাপবাদ দিয়া হত্যা করিতে লাগিল; এবং যাহারা হত্যাকারিদের বিপক্ষে বিচারপ্রার্থনা করিত তাহাদিগকেও ভয় দেখাইত। অপর ঐ চারি শত সভ্য স্ব২ পদে স্থাপিত হইয়া আপনাদের কর্ম্ম করণে সৈন্যের সম্মতি পাইবার নিমিত্ত সেম † উপদ্বীপে দশ জন দূত পাঠাইল।

এই সংবাদে সেমা† উপদ্বীপস্থ সেনাগণ অতিশয় অতুষ্ট হইয়া থ্রুসিবালের* পরামর্শানুসারে আল্সিবাইএডিকে* স্বদেশে পুনরাহ্বান করিয়া সেনাপতিপদে নিযুক্ত করিয়া কহিল, তুমি আমাদিগকে পাইরিয়† নামক ঘাটে লইয়া গিয়া ঐ নূতন দৌরাত্ম্য নিবারণ কর। কিন্তু আল্সিবাইএডি* তাহাদের ন্যায় চঞ্চল না হইয়া প্রথমে টিসাফর্নের* সহিত সাক্ষাৎ করিয়া কহিলেন, এই ক্ষণে আমি তোমার সহিত বন্ধুর কিম্বা শত্রুর ন্যায় ব্যবহার করিতে পারি। এইরূপে তিনি ঐ সময়ে টিসাফর্নের* নাম বলিয়া আথীনীয়দিগকে* ভয় দেখাইতে লাগিলেন, এবং আথীনীয়দের* নাম বলিয়া টিসাফর্নকে* ভয় দেখাইতে লাগিলেন। পরে যখন চারি শত সভ্য আপনাদের নির্দ্দোষতা জানাইতে সেমে† দূত পাঠাইয়াছিল, তখন সেনাগণ ঐ দূতদিগকে হত্যা করিতে ও পাইরিয়া ঘাটে

যাইয়া ঐ দুষ্ট সভ্যদিগকে দমন করিতে অতিশয় ইচ্ছুক হইল; কিন্তু তাহাতে আল্লিবাইএডির* অমত করণেই আথীনী† প্রদেশের রক্ষা হইল, নতুবা অতিশয় বিভ্রাট ঘটিত।

আথীনীতে† ঐ রূপ নূতন রাজধারার স্থাপন হওয়াতে এমত উৎপাত ও গোলযোগ উপস্থিত হইল, যে চারি শত সভ্য যুদ্ধ করণাপেক্ষায় কেবল আত্মরক্ষা করণের অধিক আবশ্যক বুঝিয়া পাইরিয়ের† সম্মুখভাগে দুর্গ করিল। ইহার অভিপ্রায় এই, যে নিতান্ত নিরুপায় সময় হইলে তাহারা বরং লাসিডিমোনীয়দিগকে* আসিতে দিবে, তথাপি স্বদেশীয়দিগের কোপে পড়িয়া আপনারা নষ্ট না হয়। আথীনীয়দের* এই বিভ্রাট সময়ে স্পার্টীয়েরা* অবকাশ পাইয়া বেয়াল্লিশ খান ডিঙ্গা লইয়া হিজাসণ্ডইডিকে* অধ্যক্ষ করিয়া ভ্রমণ করিতে লাগিল; সুতরাং টাইমখারি* নামক আথীনীয়ের* অধ্যক্ষ ছত্রিশ খান ডিঙ্গার সহিত উহাদের সঙ্গে যুদ্ধ করিতে চেষ্টিত হইলেন, কিন্তু তাঁহার কতক ডিঙ্গা হারাইল কতক বা ছড়াইয়া পড়িল। এই দুর্দশা ভিন্ন আরও হইয়াছিল; যথা ইউবিয়া† প্রদেশের তাবদংশ পিলপনিসীয়দের* সহিত সংযুক্ত করিল, তন্মধ্যে কেবল ওরিয়†নামক নগর আথীনীর† পক্ষ ছিল।

ঐ পরাভবেই একেবারে চারি শত সভ্যের শক্তির শেষ হইল, অতএব আথীনীয়েরা* তাহাদিগকে আপনাদের তাবৎ দুঃখের কারণ বলিয়া শীঘ্র পদচ্যুত করিয়া সকলের সম্মতিতে আল্লিবাইএডিকে* পুনর্ব্বার কহিয়া পাঠাইল, যে তোমাকে সাধ্যানুসারে ত্বরায় আথীনীতে† আশ্রয়ের কারণ আসিতে হইবে। আল্লিবাইএডি* মনে ভাবিলেন, যদ্যপি আমি এইক্ষণে দেশে পুনর্ব্বার যাই তবে লোকদের কৃপাতেই আমার স্বদেশে পুনঃস্থাপন হওয়া সিদ্ধ হইবে, অতএব কোন

বৃহৎ কীর্ত্তি করণদ্বারা স্বদেশে পুনর্গমন করিবার উপযুক্ত হইবার প্রতিজ্ঞা করিলেন।

ঐ প্রতিজ্ঞাপ্রযুক্ত তিনি কএকখান ডিঙ্গার সহিত সেম † উপদ্বীপ পরিত্যাগ করিয়া কো † ও নাইড † উপদ্বীপ দ্বয়ের চতুর্দ্দিগে গমনাগমন করিতে লাগিলেন। পরে মিণ্ডার * নামক স্পার্টীয় ডিঙ্গাধ্যক্ষ আপন সকল ডিঙ্গার সহিত হেলেস্পণ্টের † দিকে গমন করিয়াছেন, এবং আথীনীয়েরা *ও তাঁহার প্রতিকূলে পশ্চাদ্গমন করিয়াছে, তাহা শুনিবামাত্রই তিনি স্বদেশীয়দিগকে আশ্রয় দিতে ঐ দিগে যাত্রা করিয়া অষ্টাদশ খান ডিঙ্গার সহিত শীঘ্র উপস্থিত হইলেন; সে সময় উভয় পক্ষীয়েরা আবাইড † নগরের নিকট যুদ্ধে প্রবৃত্ত ছিল। ঐ যুদ্ধ রাত্রি পর্য্যন্ত হইয়াছিল, কিন্তু কোন পক্ষেরও জয় হয় নাই। স্পার্টীয়েরা * আল্সিবাইএডিকে * ঐ যুদ্ধকাল পর্য্যন্ত আপনাদের বন্ধু জ্ঞান করিয়া তাঁহাকে দেখিয়া প্রথমে অতিশয় সাহসান্বিত হইয়াছিল; কিন্তু তিনি আপন প্রধান ডিঙ্গায় আথীনীয় ধ্বজা উড়াইয়া স্পার্টীয় * দিগকে আক্রমণ করিয়া দূর করিয়া দিলেন, এবং ইহাতেও ক্ষান্ত না হইয়া তাহাদের অনেক ডিঙ্গা জলমগ্ন করিলেন, ও যে সেনারা সন্তরণদ্বারা রক্ষা পাইবার নিমিত্ত সমুদ্রে ঝাঁপ দিয়াছিল, তাহাদিগেরও অনেককে নষ্ট করিলেন। আথীনীয়েরা * এই রূপে শত্রুদের ত্রিশ খান ডিঙ্গা কাড়িয়া লইয়া ও উহাদের কর্ত্তৃক আপনাদের যে সকল ডিঙ্গা অপহৃত হইয়াছিল তাহাও পুনরুদ্ধার করিয়া শেষে এক জয়পতাকা নির্ম্মাণ করিল।

এই জয়ের পর আল্সিবাইএডি * টিসাফর্নের * সহিত সাক্ষাৎ করিতে গেলেন, কিন্তু তিনি যে রূপ ভাবিয়াছিলেন

টিসাফর্ন* তাঁহাকে সেরূপ সমাদর না করিয়া বরং তাঁহাকে বদ্ধ করিয়া তৎক্ষণাৎ সার্ডি† নগরে পাঠাইয়া কহিলেন, পারস্* রাজা আমাকে আথীনীয়দের* সহিত যুদ্ধ করিতে আজ্ঞা করিয়াছেন। কিন্তু এই কথা সত্য নহে, ফলিতার্থ পাছে পিলপনিসীয়েরা* তাঁহার প্রভুর নিকট অপবাদ দেয় এ কারণ তিনি ভীত ছিলেন; আর মনে করিয়াছিলেন আল্সিবাইএডির* প্রতি ঐ অন্যায় কর্ম্ম করিলেই তাবৎ দোষহইতে মুক্ত হইতে পারিব। সে যাহা হউক, আল্সিবাইএডি* ত্রিশ দিন পর্য্যন্ত বদ্ধ থাকিয়া পরে ক্লাসোমিনেতে† পলায়ন করিয়া পিলপনিসীয় ডিঙ্গা সমূহ আক্রমণ করিলেন, সেই সময় ঐ ডিঙ্গা সকল সিসিক† ঘাটে নঙ্গর করিয়াছিল। আল্সিবাইএডি* বিংশতি খান উৎকৃষ্ট ডিঙ্গার সহিত শত্রুদের মধ্যে বলদ্বারা প্রবিষ্ট হইলেন, আর যাহারা ডিঙ্গা পরিত্যাগ পূর্ব্বক স্থলপথে পলাইতেছিল, তাহাদের পশ্চাৎ গমন করিয়া অনেককে হত্যা করিলেন। আথীনীয়েরা* শত্রুদের তাবৎ ডিঙ্গা অপহরণ করিয়া সিসিক† অধিকার করিল। মিণ্ডেরিস* নামক লাসিডিমোনীয় সেনাপতির শরীর মৃতরাশির মধ্যে পাওয়া গিয়াছিল।

সুগম হইলে কি রূপ ব্যবহার করিতে হয় তাহা আল্সিবাইএডি* সুন্দররূপ জানিতেন, অতএব ক্ষান্ত না হইয়া আথীনীয়দের* যে সকল নগর বিপক্ষ হইয়াছিল, তাহার মধ্যে কাল্সিডন্† ও সালিম্ব্রিয়া† এবং বাইসান্সিয়† প্রভৃতি অনেক নগর আপন জয়ি সৈন্যগণদ্বারা পুনর্ব্বার জয় করিলেন। এইং রূপ জয়ে হৃষ্টচিত্ত হইয়া তিনি একবার স্বদেশীয়দের সহিত সাক্ষাৎ করণে অতিশয় বাঞ্ছিত হইলেন, যেহেতু তাঁহার দর্শনে মিত্রেরা আহ্লাদিত এবং শত্রুরা পী-

ভিত ও অপমানিত হইবে। এই প্রযুক্ত তিনি আগ্নীনীরা প্রতি যাত্রা করিলেন, তাঁহার সঙ্গি ডিঙ্গা সকল চালে ও নানাবিধ অপহৃত দ্রব্যে পরিপূর্ণ ছিল; এতদ্ভিন্ন জয়সূচনার্থে তাঁহার পশ্চাৎ২ অনেক ডিঙ্গা গুণ টানিয়া আনিতেছিল। আর তিনি যে সকল শত্রুপক্ষীয় ডিঙ্গা দগ্ধ করিয়াছিলেন, সে সকলের চিহ্নার্থ সুন্দর২ বস্তুসকল দর্শনের নিমিত্ত বাহির করিয়া রাখিয়াছিলেন। এই সকলের দ্বারা বোধ হয় যে অপহৃত ডিঙ্গা সকল অপেক্ষায় দগ্ধ ডিঙ্গার সংখ্যা অধিক, কেননা সর্ব্ব সুদ্ধা প্রায় দুই শত ডিঙ্গা তাঁহার হস্তগত হইয়াছিল।

পরে ঘাটে উপস্থিত হইয়া তাঁহাব প্রতি লোকেরা পূর্ব্বে যে২ রূপ ব্যবহার করিয়াছিল তাহা স্মরণ করিয়া তিনি তটে নামিতে ভীত হইলেন, কিন্তু শেষে ডিঙ্গাহইতে আপন বন্ধু ও কুটুম্ববর্গকে দেখিতে পাইয়া এবং তাহারা তাঁহার নামিবার নিমিত্ত বিনয় করিতেছে শুনিয়া তিনি ভূমিতে পদার্পণ করিলেন, তখন সকলে তাঁহার চতুর্দ্দিগে আসিয়া স্থিরচক্ষুতে অবলোকন করিয়া ধন্যবাদ পূর্ব্বক পুষ্পহারদ্বারা সম্মান করাতে তিনি মহানন্দিত হইয়া পূর্ব্ব অপবাদ সকলহইতে মুক্তির প্রার্থনা করিলেন, এবং পুরোহিতেরাও তাঁহাকে তদনুসারে মুক্ত করিলেন।

এই২ রূপ জয় হওয়াতেও আগ্নীনীরা যথার্থ শক্তি পনঃস্থাপন হইতে পারিল না, যেহেতুক সর্ব্বত্র যেরূপ সকলে দুষ্কর্ম্মী হইয়াছিল, সেই রূপ তাহাদের স্বাধীনতেচ্ছারও লোপ হইল। সামান্য লোকদের মধ্যে অনেকেই আল্লিবাইএডিকে* বিনয় পূর্ব্বক কহিল, কেহ তোমার হিংসা করিয়া মন্দ করিতে না পারে এমত প্রধান শক্তি ও কর্তৃত্ব গ্রহণ কর; কিন্তু

প্রধান লোকেরা তাঁহার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করণে এমত চঞ্চল ও অবিবেচক হয় নাই; তাহারা তাঁহাকে আপনাদের সৈন্যের প্রধানাধ্যক্ষমাত্র করিল; ও যাহা তিনি চাহিয়াছিলেন তাহাই তাঁহাকে দিয়া তাঁহার মনোমত সহকারি অধ্যক্ষ নিযুক্ত করিল। অনন্তর তিনি এক শত খান ডিঙ্গা লইয়া আণ্ড † উপদ্বীপের প্রতি যাত্রা করিলেন, কেননা তাহা আথীনীয়দের * বিপক্ষ হইয়াছিল, এবং তত্রস্থদিগকে পরাভূত করিয়া সেম † উপদ্বীপে যুদ্ধস্থান করিবার মানসে তিনি আণ্ডাহইতে তথায় গমন করিলেন। এইকালে লাসিডিমোনীয়েরা * তাঁহার জয় দেখিয়া ভীত হইয়া তাঁহার প্রতিযোগ করণে সমর্থ হয়েন এমত এক উপযুক্ত সেনাপতিকে নিযুক্ত করিল। ঐ সেনাপতির নাম লাইসাণ্ডর * তিনি প্রধান কুলে জন্মিয়াছিলেন বটে, কিন্তু বালক কালাবধি ক্লেশ সহ্য করিতে অভ্যাস করিয়া রীত্যনুসারে স্বদেশের কঠিন ব্যবহার করিতেন। তিনি সাহসী ও গৌরবাকাঙ্খী এবং সাবধান ছিলেন বটে, কিন্তু যাবজ্জীবন এমত কপট ও ধূর্ত্ত ছিলেন, যে তিনি বালকদিগের সহিত সামান্য ক্রীড়াদ্বারা ও মনুষ্যদিগের সহিত মিথ্যা শপথদ্বারা প্রতারণা করিতেন, এবং এই রূপ জনশ্রুতিও আছে, যে তিনি কহিতেন, বল থাকিতে আমরা সিংহের ন্যায় ব্যবহার করিব, কিন্তু সেই বলাভাবে শৃগালের ন্যায় ধূর্ত্ততা করা উচিত।

লাইসাণ্ডর * আপন সৈন্য সকল ইফিসে † আনিয়া চতুর্দ্দিগ্হইতে দ্রব্যবহনোপযুক্ত ডিঙ্গা সংগ্রহ করিতে আজ্ঞা করিলেন, ও নূতন ডিঙ্গা নির্ম্মাণ করিতে এক স্থান প্রস্তুত করিলেন; আর সকল ঘাটে তাবৎ প্রকার বাণিজ্য

করণের অনুমতি দিলেন, তাহাতেই ইফিস † নগর অতি-শয় ঐশ্বর্য্যশালী ও বর্দ্ধিষ্ণু হইয়া ছিল। এইকালে পার্শী রাজার পুত্র সাইর * সার্ডি † নগরে আসিয়াছেন শুনিয়া তিনি তাঁহার সহিত সাক্ষাৎ করিতে ও টিসাফর্নের * ব্যব-হারবিষয়ে আব্দাস করিতে তথায় গমন করিয়া কহিলেন, যে টিসাফর্নের * কপটতাতেই আমাদিগের সাধারণ বিনা-শের-পথ হইয়াছে। সাইর * আপনিও টিসাফর্নের * প্রতি দ্বেষ করিতেন, অতএব এই সকল আব্দাস মনোযোগ পূর্ব্বক শুবণ করিয়া লাইসাণ্ডরের * মতানুসারে নাবিকদের বেতন বৃদ্ধি করিলেন; ইহাতে এই উত্তম ফল দর্শিল, যে আথীনী-য়দের * ডিঙ্গা সকল উজাড় হইয়া তাবৎ সেনা লাসিডি-মোনীয়দের * সহিত সংযোগ করিল; যেহেতুক সেনারা ন্যায় অন্যায় কিছু মাত্র বিবেচনা না করিয়া যে পক্ষে অধিক বেতন পাইল সেই পক্ষেই মিলিল।

আথীনীয়দের * এই দুর্দ্দশাভিন্ন আরও হইয়াছিল। যথা। আল্সিবাইএডি * নূতন সৈন্য সংগ্রহ করিবার নিমিত্ত ডিঙ্গা ত্যাগ করিয়া স্থানান্তরে গমন করিতে বাঞ্ছিত হইয়া আণ্টি-ওখকে * ডিঙ্গার অধ্যক্ষতা ভার দিয়া তাঁহাকে বিশেষ রূপে এই আজ্ঞা দিলেন, তুমি আমার আগমনসময় পর্য্যন্ত কোন প্রকারে আক্রমণারম্ভ করিও না, কিন্তু আণ্টি-ওখ * এই আজ্ঞা পালন না করিয়া আপনি যশ পাইবার নিমিত্ত আল্সিবাইএডি * ফিরিয়া আসিতে না আসিতে ডিঙ্গা লইয়া ইফিস † নগরে যাইয়া শত্রুদিগকে যুদ্ধে প্রবৃত্ত করণের চেষ্টা পাইতে লাগিলেন। লাইসাণ্ডর * প্রথমে তুচ্ছ করিয়া তাঁ-হার দমনার্থে কএক খান ডিঙ্গা পাঠাইলেন, কিন্তু আথীনীয় * ডিঙ্গা সকল স্বীয় অধ্যক্ষের আশুয়ার্থ আসাতে লাসিডি-

মোনীয়দের * আর কতকগুলা ডিঙ্গা তাঁহার প্রতিযোগ করিতে আইল। এই রূপে উভয় পক্ষীয় তাবৎ ডিঙ্গা উপস্থিত হওয়াতে এক দারুণ যুদ্ধ ঘটিল, তাহাতে লাইসাণ্ডর * জয়ী হইয়া আণ্টিওখকে * বধ করিলেন, ও আথীনীয়দের * পোনের খান ডিঙ্গা অপহরণ করিলেন। আল্সিবাইএডি * আপন বন্ধুগণের সহায়তায় তৎক্ষণাৎ আসিয়া পুনর্ব্বার যুদ্ধ করণেচ্ছুক হইলেন, কিন্তু সে সকল চেষ্টা বৃথা হইল, যেহেতুক লাইসাণ্ডর * এমত অজ্ঞান ছিলেন না যে পুনর্ব্বার যুদ্ধদ্বারা প্রাপ্ত জয়ের হানি করেন।

এই পরাভবে আল্সিবাইএডির * সুখ্যাতির একেবারে ধ্বংস হইল, কিন্তু তাঁহার গৌরবই তাঁহার বিনাশের প্রধান হেতু হইয়াছিল, কারণ তাঁহার পুনঃ২ জয় হওনে লোকেরা তাঁহাকে অসাধারণ ক্ষমতাপন্ন জ্ঞান করিয়া ভাবিয়াছিল, তিনি কোন কর্ম্মে প্রকৃত মনোযোগ পূর্ব্বক প্রবৃত্ত হইলে অবশ্যই তৎকর্ম্মের সিদ্ধি হয়। অতএব ঐ যুদ্ধের পরাভবে তাঁহার প্রবঞ্চনা আছে এই রূপ মনে করিয়া তাহারা তাঁহার সেনাপতিত্ব কর্ম্ম চ্যুত করিল।

সেইকালে লাইসাণ্ডরের * কর্ম্মকরণকাল অতীত হওয়াতে লাসিডিমোনীয়েরা * কালিক্রাটিডি * নামক এক ব্যক্তিকে সেইপদে নিযুক্ত করিল। লাইসাণ্ডরের * যে রূপ সাহস ছিল তাঁহারও সেই রূপ ছিল, কিন্তু লাইসাণ্ডর * যেমত ধূর্ত্ত ও চতুর তিনি সেমত ছিলেন না; তিনি অতিশয় সরল ও যাথার্থিক ছিলেন। কালিক্রাটিডি * প্রথমে লেস্বা উপদ্বীপস্থ মিথিম্না † নগর আক্রমণ দ্বারা অধিকার করিলেন, তৎপরে তিনি আথেন্সবাইএডির * পদাভিষিক্ত কোনন্‌কে * এই রূপ কহিয়া ভয় প্রদর্শন করাইলেন, 'আমি তোমার

সমুদ্রে উপদ্রব করণের শাস্তি দিব। পরে আপন কথা প্রমাণ এক শত সত্তরিখান ডিঙ্গার সহিত মিটিলিনি † ঘাটে তাঁহার পশ্চাৎ গমন করিয়া ত্রিশ খান ডিঙ্গা অধিকার করিয়া লইলেন, এবং তাঁহাকে নগরের মধ্যে বদ্ধ করিয়া আহার্য্য দ্রব্য আসিবার তাবৎপথ রুদ্ধ করিলেন। ইহার পরই কোননের * আশুয়ার্থ যে দ্বাদশ খান ডিঙ্গা আসিতেছিল, তাহার মধ্যে তিনি দশ খান লইলেন; তৎপরে আথীনীয়েরা * এক শত পঞ্চাশ খান ডিঙ্গা প্রস্তুত করিয়াছে শুনিয়া তিনি মিটিলিনির † আক্রমণ দৃঢ় রাখিতে ইটনিকের * অধীনে পঞ্চাশ খান ডিঙ্গা রাখিয়া আপনি এক শত বিংশতি খান ডিঙ্গার সহিত লেস্বস † উপদ্বীপের সম্মুখে আর্জিনুসিতে † আথীনীয়দের * সহিত যুদ্ধ করিতে গেলেন, তাঁহার কাণ্ডারী আথীনীয়দের * অধিক ডিঙ্গা দেখিয়া তাঁহাকে কহিল, যে তোমার পলায়ন করা উচিত; ইহাতে তিনি এই উত্তর করিলেন, আমি যুদ্ধে হত হইলে স্পার্টার † কি ক্ষতি হইবে? তথায় এখনো আমাঅপেক্ষায় অনেক যোগ্যতর লোক আছে। এই প্রযুক্ত তৎক্ষণাৎ যুদ্ধারম্ভ হইল, এবং বহুকাল পর্য্যন্ত উভয় পক্ষীয়েরা যথাসাধ্য সাহস পূর্ব্বক সংগ্রাম করিলে কালিক্রাটিডির * ডিঙ্গা শত্রুদের মধ্যে প্রবিষ্ট হওয়াতে জলমগ্ন হইয়া গেল, তাহা দেখিয়া স্পার্টীয়দের অন্য ডিঙ্গা সকল পলায়ন করিল। এই যুদ্ধে পিলপনিসীয়দের * সত্তরি খান ডিঙ্গার অপচয় হইয়াছিল; এবং আথীনীয়দের * পঁচিশ খান ডিঙ্গা ও তন্মধ্যস্থ প্রায় তাবৎ লোক নষ্ট হইয়াছিল।

আথীনীয় অধ্যক্ষেরা এই জয়নিমিত্ত পুরস্কার না পাইয়া আপন ২ কর্ত্তব্য কর্ম্ম করণে তাচ্ছীল্য করিয়াছে এই রূপ অনু-

মান করিয়া আথীনীয়েরা* তাহাদিগকে শাস্তি দিল। তাহাদের এই অপবাদ দেওয়া গিয়াছিল, যে ডিঙ্গা ডুবিয়া যাহারা সমুদ্রে পড়িয়াছিল তাহাদিগকে রক্ষা করিতে তাঁহারা সাধ্যানুসারে যত্ন করেন নাই, এই প্রযুক্ত আথীনীয়েরা* তাঁহাদিগকে বেড়ি দিয়া ঐ অপবাদের উত্তর করিবার নিমিত্ত স্বদেশে পাঠাইল। তাহারা তদ্দেশে আসিয়া কহিল, যে আমরা ডিঙ্গা ডুবির সময় শত্রুদের পশ্চাৎ গমন করিতে ছিলাম, অতএব তৎকর্ম্মে আশুয় দিবার নিমিত্ত যাহাদের উপর বিশেষ ভার ছিল, তাহাদিগকেই জলমগ্ন ব্যক্তিদিগকে তুলিতে আজ্ঞা দিয়াছিলাম; এবং যে থিরামিনি* এই ক্ষণে আমাদের বিপক্ষ হইয়াছেন তাঁহাকেই বিশেষরূপে ঐ আজ্ঞা দেওয়া গিয়াছিল। কিন্তু সে সময়ে অতিশয় ঝড় হওয়াতে ঐ আজ্ঞা পালন করিতে পারেন নাই। এইং কথাতে অনেকেই নিরস্ত হইয়া তাঁহাদের প্রতিভূ হইতে ইচ্ছা করিল, কিন্তু অন্য এক সভায় কতক গুলিন ক্রোধি লোক বিচার প্রার্থনা করিয়া বিচারকর্ত্তাদিগকে এমত ভয় প্রদর্শন করাইয়াছিল, যে কেবল সোক্রাটি* সাহস পূর্ব্বক কহিয়া ছিলেন যে আমি ব্যবস্থার অন্যথায় তাঁহাদের উপর কোন আজ্ঞা দিব না, এই রূপ কহিবার সাহস আর কাহারও হয় নাই। সে যাহা হউক, অনেক বিবেচনার পর দশ জনের মধ্যে আট জন দোষী হইলেন, এবং তন্মধ্যে ছয় জনকে বধ করা গেল; ঐ ছয় জনের মধ্যে পূর্ব্বোক্ত পেরিক্লি* নামক রাজনীতিজ্ঞ ব্যক্তির পুত্র পেরিক্লু* ও ছিলেন। তিনি কহিলেন যে তাঁহারা সমুদ্রমগ্ন ব্যক্তিদের শব তুলিতে আজ্ঞা দিয়াছিলেন, অতএব তাঁহারা যে কর্ত্তব্য কর্ম্ম করেন নাই এমত কোন প্রকারে কহা যাইতে পারে না। ইহাতেও যদ্যপি কাহারো অপরাধ থাকে তবে থিরামিনিরই*

আছে, যে যেহেতুক তিনি ঐ বিষয়ে আজ্ঞা পাইয়াও তাচ্ছীল্য পূর্ব্বক তাহা পালন করেন নাই ; কিন্তু যথার্থ বিবেচনায় আমি কাহারও অপরাধ দিতে পারি না, কেননা সে সময়ে যে অকস্মাৎ ঝড় উঠিয়াছিল তজ্জন্যেই কোন ব্যক্তির উপর দোষ স্পর্শ হইতে পারে না। তিনি আরও কহিলেন, তাহাদিগকে আত্মরক্ষার কারণ উত্তর প্রস্তুত করিবার নিমিত্ত এক দিবস অবকাশ দেওয়া উচিত, কেননা সে অবকাশ মহা অপরাধিদিগকেও দেওয়া যায়, এবং তাঁহাদিগের পৃথক২ বিচার করিতে হইবে। বিশেষত যে বিষয়ে প্রধান২ নগরবাসিদের জীবন হানির শঙ্কা আছে তাহাতে ব্যস্ত হইয়া আজ্ঞা দেওনের প্রয়োজন কি ? অতএব ঝড় হইয়াছিল বলিয়া দেবতাদিগের দোষ দেওয়া হইতেছে। আর আথীনীয়েরা* স্বদেশরক্ষক জয়িদিগকে মুকুটাদিদ্বারা সম্মান না করিয়া যদ্যপি তাহাদের শত্রুগণের কোপ প্রমাণে হত্যা করে, তবে তাহাতে যৎপরোনাস্তি কৃতঘ্নতা ও অবিচার প্রকাশ করা হয়, তাহাতে শীঘ্রই খেদ করিতে হইবে, এবং তাহাতে আথীনীয়দের* নামে অক্ষয় কলঙ্ক থাকিবে।

যাহাদিগকে ঐ রূপ মিথ্যাপবাদে হত করা গিয়াছিল তাহাদের মধ্যে ডাইয়মিডন্*ও এক জন ছিলেন ; তিনি অতিশয় সাহসী ও যাথার্থিক ছিলেন। যখন তাঁহাকে হত করিতে লইয়া যাইতে ছিল, তখন তিনি আথীনীয়দের* প্রতি সম্বোধন করিয়া কহিলেন, অহে আথীনীয়েরা, আমি এই প্রার্থনা করি যে তোমরা আমাদিগের প্রতি যে আজ্ঞা করিয়াছ তাহাতে যেন রাজ্যের কোন মন্দ না হয়, আর আমি আপনার ও নিজ সহকারিদের নিমিত্তে তোমাদিগহইতে এই ভিক্ষা চাহি যে যুদ্ধের পূর্ব্বে আমরা দেশের মঙ্গলার্থে দেবতাদের উদ্দেশে যে সকল মানত করিয়াছি তাহা প্রদান পূর্ব্বক আমাদিগকে তদ্বিষয়ে

মুক্ত করিও, কেননা আমাদের মৃত্যুকাল উপস্থিত, সুতরাং জীবিত থাকিতে তাহা করিতে পারিলাম না। কিন্তু ইহা অত্যাবশ্যক জানিবা, যে হেতুক ঐ দেবতাদের অনুকূলতাতেই আমাদের জয় হইয়াছে। এই ধর্ম্মময় বাক্য শুনিয়া তাবৎ ভদ্র লোকেরই অশ্রুপাত হইয়াছিল, এবং সকলেই ঐ ব্যক্তির আশ্চর্য্য ধীরতা দেখিয়া চমৎকৃত হইয়াছিল! যে হেতুক তিনি মিথ্যারূপে দোষী হইয়াও বিচারকর্ত্তাদের প্রতি কোন কোপ বা কোন প্রকার কটুবাক্য প্রকাশ করেন নাই, বরং তাঁহার কৃতঘ্ন দেশ তাঁহাকে মৃত্যুর আজ্ঞা দিলেও তিনি তাহার হিতার্থে প্রাপ্ত জয়ের কারণ দেবতাদের উদ্দেশে মানত পরিশোধ করণেই কেবল ইচ্ছুক ছিলেন।

এই অবিচার ও কৃতঘ্নতাতেই আথীনীয়দের* শক্তির ও বর্দ্ধিষ্ণুতার একেবারে শেষ হইল, এবং তাহারা সাইরেকুসরা পরাভবের পরও কিয়ৎ কাল পর্য্যন্ত বহু উদ্যমদ্বারা বাহ্যে জয়ী হইয়াছিল বটে, কিন্তু সেই কালাবধিই তাহারা ক্রমে হ্রাস প্রাপ্ত হইতে লাগিল। স্পার্টীয়েরা* আপনাদের সেনাপতি কালিক্রাটিডিকে* পরাভূত হইতে দেখিয়া পুনর্ব্বার লাইসাণ্ডরের* আশ্রয় লইল, কেননা তৎ কর্ত্তৃক তাহারা পুনঃ২ জয়ী হইয়াছিল, অতএব তাঁহার উপর সম্পূর্ণ নির্ভর দিয়া তাঁহাকে পুনর্ব্বারআহ্বান করিল; কিন্তু তাহাদের ব্যবস্থায় এক ব্যক্তিকে দুই বার সেনাপতিত্ব পদে নিযুক্ত করণে নিষেধ ছিল, এই প্রযুক্ত তাহাদের বন্ধু জাতীয়েরা পাছে লাইসাণ্ডরের* পুনর্ব্বার ঐ কর্ম্ম পাওনে অতুষ্ট হয় এনিমিত্ত তাহারা তাঁহাকে পূর্ব্বাপেক্ষায় ক্ষুদ্রতর আখ্যা দিয়া ডিঙ্গাপতিত্ব কর্ম্মের ভার দিল। লাইসাণ্ডর* ঐ কর্ম্মে নিযুক্ত হইয়া হেলেস্পণ্টের† প্রতি যাত্রা করিয়া লেম্‌সেক† নগরাক্রমণ করিলেন, পরে তাহা অধিকার করিয়া সেনাদিগকে

ঐ নগর লুঠ করিতে দিলেন। আথীনীয়েরা * তাঁহার পশ্চাত্ নিকটং আসিতেছিল, এই নিমিত্ত তাঁহার জয়বার্ত্তা শুনিবামাত্রই অলেস্টের † দিগে ডিঙ্গা চালাইল, এবং সমুদ্রের অধিক দূর দিয়া না গিয়া তটের নিকট ২ যাইয়া শত্রুদের সম্মুখে এগস্‌পটমে † অবস্থিতি করিল। কিন্তু ঐ স্থানেই আথীনীয়দের মন্দ হইয়াছিল।

ঐ স্থানে হেলেস্পণ্ট † মোহানা দুই সহসু পাদবিক্ষেপ পরিমিত তুল্য প্রশস্ত ছিল। উভয় পক্ষীয় ডিঙ্গা সকল পরস্পর এমত সন্নিকট থাকাতে তন্মধ্যস্থেরা ভাবিয়াছিল যে সেই দিবস কেবল বিশ্রাম করিয়া পর দিবস তাহাদিগকে যুদ্ধে প্রবৃত্ত হইতে হইবে। কিন্তু লাইসাণ্ডরের * অন্য এক মনস্থ ছিল, এই প্রযুক্ত তিনি নাবিক ও সেনাদিগকে ডিঙ্গারোহণ করাইয়া যুদ্ধসজ্জায় প্রস্তুত থাকিতে আজ্ঞা করিলেন, ইহাতে অনুভব হইতে পারে যে পর দিবস প্রভাতেই যেন সংগ্রামারম্ভ হইবে। আর তিনি স্থলসেনাদিগকে আজ্ঞা করিলেন যে তোমরা যুদ্ধ ভাবে তটে দাঁড়াইয়া আমার আজ্ঞার অপেক্ষায় থাকিবা। প্রভাতে সূর্য্যোদয় হইবামাত্রই আথীনীয়েরা * দাঁড় নিক্ষেপদ্বারা তাবৎ ডিঙ্গা শত্রুদের নিকট লইয়া গিয়া যুদ্ধ করিতে চাহিল। লাইসাণ্ডরের * ডিঙ্গা সকল তাহাদের সম্মুখে প্রস্তুত ছিল বটে, তথাপি তিনি সংগ্রামে প্রবৃত্ত হইলেন না। ইহাতে আথীনীয়েরা * তাঁহাকে ভীরু জ্ঞানে সন্ধ্যার সময় তথাহইতে প্রত্যাগমন করিল, অতএব কোন শত্রুর আশঙ্কা না করিয়া তাহারা তীরে যাইয়া ভোজন ও আমোদ প্রমোদাদি করিতে লাগিল। আথীনীয়েরা * কিরূপ ব্যবহার করে তাহা জানিতে লাইসাণ্ডর * কএক খান ডিঙ্গা পাঠাইয়াছিলেন, ঐ ডিঙ্গা সকল ফিরিয়া আসিয়া তাঁহাদের ঐ রূপ নিশ্চিন্ত বার্ত্তা তাঁহাকে জ্ঞাত করিল। আথীনীয়দিগকে * আরও

অসতর্ক করিবার জন্যে তিনি আর তিন দিবস পর্য্যন্ত পূর্ব্ববত্ ব্যবহার করিলেন, অর্থাৎ তাহারা ক্রমিক ঐ তিনদিন যুদ্ধার্থ আসিয়াছিল, কিন্তু তিনি তাহাতে প্রবৃত্ত হয়েন নাই।

আল্‌সিবাইএডি* স্বদেশ অপমানিত হওনের পর থ্রেস্ প্রদেশে ছিলেন। তিনি লাসিডিমোনীয়দের * এবং বিশেষত লাইসাণ্ডরের* আচরণ বর্ত্তমান আথীনীয়সেনাপতিদের অপেক্ষায় বিশেষ রূপ জ্ঞাত ছিলেন, অতএব ঐ সময়ে লাইসাণ্ডরের * ঐ ধূর্ত্ততা জ্ঞাত হইয়া তিনি স্বদেশীয়দিগকে সাবধান করণার্থে আইলেন। তিনি আরও থ্রেসীয় এক দল সৈন্য লইয়া শত্রুদিগকে স্থলপথে আক্রমণদ্বারা যুদ্ধে প্রবৃত্ত করাইতে চাহিলেন। কিন্তু আথীনীয় সেনাপতিরা তাঁহার সুখ্যাতিতে দ্বেষ করিয়া ভাবিল যে যদ্যপি ইহাতে অভীষ্ট লাভ হয় তবে কেবল আল্‌সিবাইএডিরই* সুখ্যাতি ও গৌরব বৃদ্ধি হইবে, এবং অসিদ্ধ হইলে তাবৎ দোষ আমাদেরই উপর পড়িবে; এই রূপ ভাবিয়া তাহারা তাঁহার আশ্রয় লওয়া দূরে থাকুক, বরং তাঁহার সৎপরামর্শও অগ্রাহ্য করিল। কিন্তু ঐ রূপ করাতে এই ঘটিল যে পঞ্চম দিবসে সন্ধ্যার সময় যখন আথীনীয়েরা * পূর্ব্ববৎ যুদ্ধার্থ গমনের পর ফিরিয়া আসিয়া তীরে যাইয়া দেশের নানাস্থানে ছড়িয়া পড়িয়াছিল, সেই সময় লাইসাণ্ডর * তাবৎ সৈন্যের সহিত তাহাদিগকে ঐ অপ্রস্তুত নিরাশ্রয় অবস্থায় আক্রমণ করিয়া তাহাদিগের তাবৎ ডিঙ্গা অপহরণ করিলেন, কেবল দেবস্থ একখান ও অন্য আটখান ডিঙ্গার সহিত কোনন্ সাইপ্রস্ † উপদ্বীপে পলায়ন করিয়া ইবাগোরের* নিকট আশ্রয় লইয়া ছিলেন। ঐ যুক্তিদ্বারা আথীনীয়দিগকে * পরাভূত করণে লাইসাণ্ডরের * সেনাপতিত্ব কর্ম্মে যে রূপ অসাধারণ নিপুণতা প্রকাশ হইয়াছিল, সে রূপ পূর্ব্বে বা বর্ত্তমান কালে অন্য কাহারও হয় নাই, যে হেতুক এই যুদ্ধ

প্রায় সাতাইশ বৎসর পর্য্যন্ত ক্রমিক হইয়াছিল, এবং বোধ হয়, অন্য সেনাপতি হইলে তাহা আরও অধিক কাল হইত, কিন্তু লাইসাণ্ডরের* ঐ ধূর্ত্ত যুক্তিদ্বারা আড়াই দণ্ডের মধ্যেই তাহার শেষ হইল।

ঐ যুদ্ধে লাসিডিমোনীয়েরা* আথীনীয়দের* তিন সহস্র লোককে বদ্ধ করিয়া যেরূপ দুর্দ্দশাগ্রস্ত করিয়াছিল তদ্দারা অনুভব হয়, যে ঐ কালে অতিশয় নিষ্ঠুর ব্যবহার ছিল; কারণ ইহা অবশ্যই স্বীকার করিতে হইবে যে গ্রীক ও রোমী জাতীয়েরা বক্তৃতা ও কবিতা এবং বুদ্ধিতে উৎপন্ন অন্য প্রকার বিদ্যায় নিপুণ ছিল বটে, কিন্তু পদার্থ জ্ঞান ও মনুষ্যত্বজনক সুশীলতা এবং সভ্যতা যে রূপ ইদানীন্তনদের আছে সে রূপ তাহাদের ছিল না। বস্তুত লাসিডিমোনীয়েরা* ঐ অভাগ্যবান্ বন্দিদিগকে শীঘ্র হত্যা করিল। এই রূপ কথিত আছে যে তাহারা কেবল আথীনীয়দের* প্রতি হিংসা করণার্থেই ঐ নির্দ্দয় কর্ম্ম করিয়া ছিল; কারণ পূর্ব্বে আথীনীয়েরা* জয়ী হইয়া লাসিডিমোনীয় দুই খান ডিঙ্গায় যে সকল লোক পাইয়াছিল তাহাদিগকে এক পর্ব্বতের শৃঙ্গহইতে নিক্ষিপ্ত করিয়া নষ্ট করিয়াছিল, এবং যাহাদিগকে তাহারা যুদ্ধে বদ্ধ করিয়াছিল তাহারা বর্শা ধরিতে না পারে কেবল দাঁড় বাহিতে পারে এই নিমিত্ত তাহাদের দক্ষিণ হস্তের বৃদ্ধাঙ্গুলি কাটিয়া ফেলিতে আজ্ঞা দিয়াছিল। ফিলক্লি* ঐ দুই নিষ্ঠুর ব্যবহারের প্রধান কারণ ছিলেন, এই প্রযুক্ত লাসিডিমোনীয়েরা* তাঁহাকে এই রূপ কহিয়াছিল যে এই ক্ষণে তোমার রক্ষার কারণ কি কহিবা কহ; ইহাতে তিনি গর্ব্বিত রূপে এই উত্তর করিলেন, যে আমরা স্বাধীন জাতি, আমাদের বিচারকর্ত্তা নাই, অতএব আমাদের কোন দোষ দিও না,

কিন্তু তোমরা এই ক্ষণে জয়ী হইয়াছ, অতএব আমরা জয়ী হইলে তোমাদের প্রতি যেরূপ ব্যবহার করিতাম তোমারাও আমাদের প্রতি সেই রূপ কর। বন্দি সকলের মধ্যে কেবল আডামাণ্ট * নামক এক ব্যক্তিকে ক্ষমা করা গিয়াছিল, যে হেতুক তিনি বৃদ্ধাঙ্গুলি কাটিবার পূর্ব্বোক্ত আজ্ঞায় নিষেধ করিয়াছিলেন।

আথীনীয়েরা * আপনাদের পরাভববার্ত্তা শুনিবামাত্রই নিতান্ত উদ্বিগ্ন হইল। তাহারা জ্ঞান করিয়াছিল যেন লাইসাণ্ডর * তাহাদের নগরদ্বারে আসিয়াছেন, এবং তাহারা যে রূপ ভাবিয়াছিল তাহাই তাহাদের শীঘ্র ঘটিল। কিন্তু লাইসাণ্ডর * সেস্থানে আসিবার পূর্ব্বে এই রূপ এক আজ্ঞা প্রচার করিলেন যে গ্রীক দেশের নানাস্থানে যত আথীনীয় আছে তাহাদের তাবৎকে আথীনীর † ভিতরে আসিতে হইবে, যাঁহারা না আসিবেন তাঁহাদের প্রাণদণ্ড করা যাইবে। তাঁহার এতাদৃশ আজ্ঞা করণের অভিপ্রায় এই, যে নগরমধ্যে বিস্তর জনতা হইলে তিনি দুর্ভিক্ষদ্বারা তাহা অনায়াসে অধিকার করিতে পারিবেন, এবং যেমত যুক্তি করিয়াছিলেন সেমতই শীঘ্র করিলেন; কারণ এজি* ও পাসানিয়* নামক স্পার্টার † দুই জন রাজা স্থলপথে আথীনী নগর বেষ্টন করিয়াছিলেন, এবং লাইসাণ্ডর স্বয়ং তাহা সমুদ্রপথে বদ্ধ করিয়াছিলেন, এই প্রযুক্ত অভাগ্যবান্ আথীনীয়েরা* কিয়ৎকাল পর্য্যন্ত অসহ্য ক্লেশ সহ্য করিয়া শেষে এমত দুর্দ্দশা গ্রস্ত হইল যে তাহারা এজির * নিকট দূত দ্বারা কহিয়া পাঠাইল যে আমরা নগর ও ঘাট ব্যতিরিক্ত অন্যৎ তাবৎ অধিকার তোমাদের হস্তে সমর্পণ করিতে প্রস্তুত আছি। গর্ব্বিত লাসিডিমোনীয়েরা* ঐ দূতগণকে স্পার্টা † রাজ্যে প্রেরণ করিল, এবং ইফোরাই সভ্যেরা আথীনীয়দের *

ঐ সকল বাক্য শুনিয়া কহিল, যে যদ্যপি তোমাদের সন্ধি করণের বাঞ্ছা থাকে, তবে তোমরা এইক্ষণে দেশে পুনর্গমন করিয়া পুনর্ব্বার আর প্রকার বাক্য লইয়া আইস।

অনন্তর থিরামিনি* নামক আথীনীর† এক ব্যক্তি লাইসাণ্ডরের* সহিত ঐ সন্ধি নির্দ্ধারিত করিতে ভার লইলেন, এবং তিন মাস পর্য্যন্ত তাঁহার সহিত তদ্বিষয়ে কথাবার্ত্তা কহিয়া তিনি লাসিডিমোনীয়ায়† সন্ধি করণের অনুমতি পাইলেন। অতএব যখন তিনি আর নয় জন দূতের সঙ্গে ঐ নিমিত্ত ইফোরাই সভায় উপস্থিত হইলেন, তখন লাসিডিমোনীয়দের* কোন২ বন্ধু জাতীয়েরা কহিল, যে আথীনীর† পক্ষীয় আর কোন কথা না শুনিয়া যাহাতে তাহার সর্ব্বতোভাবে বিনাশ হয় এমত করিতে হইবে। কিন্তু লাসিডিমোনীয়েরা* তাহাদিগকে কহিল, যে অত্যন্ত বিপদ কালে যাহাঁদেরহইতে সাধারণ গ্রীকেরা† স্বাধীনত্ব রক্ষা হইয়াছে, তাহাদিগকে একেবারে নষ্ট করণে আমরা সম্মত হইতে পারি না, কিন্তু এইং নিয়মে সন্ধি করিতে প্রস্তুত আছি। যথা পাইরিয়ের† প্রাচীর ও দুর্গ সকলের ধ্বংস করিতে হইবে, ও আথীনীয়দিগের* কেবল দ্বাদশ খান ডিঙ্গা ভিন্ন তাবৎ ডিঙ্গা আমাদের হস্তে সমর্পিত হইবে, আর তাহাদের দেশবহির্ভূত লোকদিগকে স্বদেশে পুনঃস্থাপন করিতে হইবে, এবং তাহাদিগকে আমাদের সহিত এই রূপে সন্ধি করিতে হইবে, যখন আমরা কোন শত্রুর প্রতিকূলে যুদ্ধ করিতে কিম্বা শত্রুহইতে রক্ষা পাইবার নিমিত্ত কোন স্থল বা সমুদ্রযুদ্ধে প্রবৃত্ত হইব তখন তাহারা আমাদিগকে আশ্রয় দিবে।

পরে থিরামিনি* লাসিডিমোনীয়দের* কর্ত্তৃক উক্ত সন্ধিনিয়ম সকল স্বদেশীয়দিগকে জ্ঞাত করিলে তাহারা তাঁহাকে এই জিজ্ঞাসা করিল, 'যে থেমিষ্টক্লি* লাসিডিমোনীয়দিগকে*

তুচ্ছ করিয়া যে সকল প্রাচীরের নির্ম্মাণ করিয়াছিলেন, তাহা এইক্ষণে তুমি তাঁহাদেরই হস্তে সমর্পণ করিয়া কি নিমিত্ত তাঁহার অভিপ্রায়ের বিপরীত কর্ম্ম করিলা? তিনি উত্তর করিলেন, থেমিষ্টক্লির* অভিপ্রায় আমি সুন্দর মতে বুঝিয়াছি, তিনি নগররক্ষার নিমিত্ত ঐ প্রাচীর সকল নির্ম্মিত করিয়াছিলেন, এবং আমিও সেই নিমিত্ত এইক্ষণে ঐ প্রাচীর সকলের বিনাশ করিতে দিব; কারণ যদ্যপি প্রাচীর না থাকিলেই নগর দুর্ব্বল হয় তবে স্পার্টারও† প্রাচীর নাই, তাহা কি রূপে শক্তিমন্ত হইয়াছে। অন্য কোন সময় হইলে আথীনীয়েরা* এতাদৃশ উত্তরে তুষ্ট হইত না, কিন্তু তাহাদের এই ক্ষণে যে রূপ অবস্থা তাহাতে তাহারা আর বিলম্ব না করিয়া সন্ধির পূর্ব্বোক্ত নিয়ম সকলই গ্রাহ্য করিল; পরে লাইসাণ্ডর* পাইরিয়েরা ঘাটে আসিয়া জয়সূচক বাদ্যদ্বারা আথীনীয়দিগকে* অপমান করত প্রাচীর সকল ভগ্ন করিলেন। এই রূপে পিলপনিসিয়ার† প্রসিদ্ধ যুদ্ধের শেষ হইয়াছিল। গ্রীকেরা* যত যুদ্ধে প্রবৃত্ত হয় তন্মধ্যে এই যুদ্ধই সকলাপেক্ষায় বহুকালস্থায়ী ও ব্যয়যুক্ত এবং অতিশয় ভয়ানক হইয়াছিল।

যে সকল জ্ঞানির ও পণ্ডিতের ক্ষমতায় ও পরিশ্রমে তৎ২ কালের এবং তৎপশ্চাৎ কালের জাতীয়দের সভ্যতা ও জ্ঞানোদয় প্রভৃতির নানা প্রকার বৃদ্ধি হইয়াছে, তাহাদের প্রতি ভক্তি ও কৃতজ্ঞতা প্রকাশ পূর্ব্বক তাহাদের গুণের বিষয় কিঞ্চিৎ ব্যাখ্যা না করিলে নিতান্ত কৃতঘ্নতা প্রকাশ হয়। যুদ্ধ ও রাজ্যবিবাদ কেবল পৃথিবীতে লোকহীন করে, আর লোকদের মনে পরস্পর দ্বেষ ও ঘৃণা জন্মায়, কিন্তু ইতিহাসবেত্তা ও কবিদের পরিশ্রমে এবং জ্ঞানিদের গুপ্ত বিষয় প্রকাশ করণে জ্ঞানোদয় হইয়া মনঃশুদ্ধ ও বশীভূত হয়। এমত সদ্গুণের বিষয়ে আমাদের মনো-

যোগ করা আবশ্যক, বিশেষত গ্রীকা দেশে ঐ সকল গুণের যে প্রকার চর্চ্চা ছিল তাহাতে আমাদের তাচ্ছীল্য করা কোন মতে উচিত নহে, যে হেতুক তদ্দেশীয়ের অনেক গ্রন্থকর্ত্তা কেবল বিদ্যাবিষয়ে প্রসিদ্ধ ছিলেন এমত নহে, কিন্তু সংগ্রামীয় ও রাজনীতিজ্ঞানেও তত্তুল্য যোগ্য ছিলেন।

হোমরের * বিষয়ে অধিক বর্ণনের আবশ্যক নাই, কেননা তাঁহার গুণ সকল সুন্দর রূপে প্রসিদ্ধ আছে। গ্রীকদের * মধ্যে তিনিই যে প্রথম কবি হইয়াছিলেন এমত কহা যাইতে পারে না, কারণ তাঁহার পূর্ব্বেও বিস্তর গ্রন্থকর্ত্তা জন্মিয়াছিলেন, তাঁহাদের পুস্তকহইতে তিনি স্বকৃত ইলিয়ড্ নামে প্রসিদ্ধ গ্রন্থ প্রস্তুত করণে বিস্তর সহায়তা পাইয়াছিলেন। কিন্তু পূর্ব্বকার কবিদের মধ্যে কেহ বিখ্যাত হইতে পারে নাই, এই প্রযুক্তই প্রাচীন কবিদের মধ্যে হোমরকে * আদি কবি কহা যায়। তাঁহার জন্ম স্থানের বিষয় বড় নিশ্চয় নাই, কেহ কোন স্থানে আর কেহ অন্য কোন স্থানে কহিয়া থাকেন; এই রূপে সাতটা স্থান কথিত আছে, কিন্তু ইহাই সম্ভব বোধ হয় যে স্মির্ণা † নামক স্থানে তিনি জন্মিয়াছিলেন। অনুমান হয় যে ট্রায়া নগর বিনাশ হওনের দুইশত চল্লিশ বৎসর পরে তাঁহার জন্ম হইয়াছিল।

হিসিয়ড্ * নামক কবি হয়তো হোমরের সমকালস্থায়ী ছিলেন, নতুবা তাঁহার অল্পকাল পরেই জন্মিয়াছিলেন। এই দুই কবির কোন গ্রন্থেরই তুলনা করা যাইতে পারে না; যে হেতুক হোমরের * গ্রন্থ সকল মহাভাবযুক্ত ও শ্রেষ্ঠ, এবং হিসিয়ডের * কবিতা সকল সুগম্যও রম্য ছিল। এই রূপ কথনে আমরা হিসিয়ডের * বিরাগ করিলাম এমত নহে, কারণ তিনি যেমত স্পষ্ট ও শুদ্ধরূপে লিখিতে চেষ্টা করিয়াছিলেন, সেই মতই হইয়াছিল।

আথীনীয়দের* ও স্পার্টীয়দের* মধ্যে পঞ্চাশ বৎসরের নিমিত্ত যে সন্ধি হইয়াছিল তাহার পূর্ব্ব যুদ্ধারম্ভ সময়ে ইস্গিল* নামক আথীনী জাতীয় এক কাব্যকারকের মৃত্যু হইয়াছিল। হোমর-কে* যেরূপ বীরের উপাখ্যানবিষয়ক কবিতার আদি কর্ত্তা কহা যায়, সেই মত ইস্গিলকে* মহল্লোকাদির দুর্দ্দশাসূচক কাব্যের আদি লেখক কহা যাইতে পারে ; কারণ তিনি সর্ব্বাগ্রে কাব্যলিখনের চেষ্টা করেন নাই বটে, কিন্তু ঐ প্রকার কাব্য তাহাহইতেই ধারাবত্ ও প্রশংসিত হইয়াছে। সোলনের* সময়ে থেস্পি* নামক এক ব্যক্তি গায়ক দোয়ারদের আশ্রয় নিমিত্ত এক জন মূল পাইল স্থির করিয়া ঐ কাব্যের উত্তমতা জন্মাইয়াছিলেন ; ঐ মূল পাইল গানের মধ্যে বৃহৎ২ ঘটনা বর্ণনা করিত। পরে ইস্গিল* থেস্পির* ঐ কার্ট ‡ দর্শনের পরি-বর্ত্তে কেলিগৃহ দর্শনের সৃষ্টি করিয়া অনেক প্রকার সং করিয়াছিলেন, তাহারা আদি ব্যক্তিদের ন্যায় সুসজ্জীভূত হইয়া কাব্য কবিত। ইস্গিলের* লিখনের মহদ্ভাব ছিল বটে, কিন্তু কোন মতে সুশ্রাব্য নহে ; আর অনেক স্থানে এমত কঠিনার্থ ছিল যে সহজে বোধগম্যও হয় না। ভয় প্রদর্শন করাণ তাঁহার কবি-তার বিশেষ তাৎপর্য্য ছিল, এবং ইহা সত্য কহিতে হয় যে ভয় প্রদর্শন করণের ক্ষমতায় তাঁহা অপেক্ষায় আর কোন কাব্য-কারক প্রধান হইতে পারেন নাই।

পিলপনিসীয় যুদ্ধদ্বারা যে সময়ে গ্রীক্‌ দেশে অতিশয় বিভ্রাট ঘটিয়াছিল সেই সময়ে সফোক্লি* ও ইউরিপিডি* এবং

‡ কার্ট দর্শনের স্থূল এই, যথা কার্ট (Cart) শব্দের অর্থ শকট। থেস্পি* আপন যাত্রার সং ও গায়কদিগকে এক শকটের উপর লইয়া স্থানে২ বাস্ত করিয়া বেড়াইতেন এই প্রযুক্ত তাঁহার কাস্তের নাম কার্টদর্শন হইয়াছে।

আরিষ্টফনি * প্রভৃতি কবিরূপে, ও হিরডট * ও থুসি ডাইডি * নামক ব্যক্তিরা ইতিহাসবেত্তারূপে, এবং সোক্রাটি * বিবেক শাস্ত্রজ্ঞ রূপে বর্দ্ধিত হইয়াছিলেন।

সফোক্লি * বাল্যকালাবধি কাব্য শাস্ত্রাভ্যাসে এমত মনোযোগ পূর্ব্বক প্রবৃত্ত হইয়াছিলেন যে তাঁহার প্রথম রচিত কবিতা ইস্কিলের * সর্ব্বোত্তম কবিতার তুল্য হইয়াছিল। এই উভয় কাব্যকর্ত্তার ভাষা প্রগল্ভ ছিল, কিন্তু ইস্কিলের * বিশেষ এই, যে তাঁহার কবিতা অধিক মহদ্ভাবযুক্ত ছিল। ইস্কিলের * যেমন ঐ গুণ তেমন সফোক্লির * ভাবপরিবর্ত্তন শক্তি ও স্পষ্টতা এবং সদ্বক্তৃতা গুণ ছিল। আর তিনি আপন উপদেশক ইস্কিল * অপেক্ষায় মনের রিপু বৃদ্ধি করিতে পারিতেন, এবং তিনি ভয় প্রদর্শনে অন্তঃকরণ বিদীর্ণ না করিয়া বরং করুণা রসে মনকে কোমল করিতেন, সুতরাং তিনি মনোরম ও উত্তম লেখক রূপে অতিশয় সুখ্যাত হইয়াছিলেন। তিনি ইস্কিল * অপেক্ষায় উত্তম কৌশলে যুক্তিসিদ্ধি করিতে পারিতেন। তদ্ভিন্ন তিনি মূল কাব্যের সহিত পাইলদের তাবৎ কাব্য করণের ঐক্য রাখিতেন। তিনি মহল্লোকের দুঃখসূচক একশত বিংশতি যাত্রা প্রস্তুত করিয়াছিলেন, তন্মধ্যে কেবল সাত যাত্রা অদ্যাবধি আছে। তিনি পঁচাশী বৎসর বয়ঃক্রম পর্য্যন্ত জীবিত ছিলেন। এইরূপ কথিত আছে যে তাঁহার শেষ কাব্যগ্রন্থ সুন্দর রূপ প্রস্তুত হওয়াতে তিনি আহ্লাদে প্রাণ ত্যাগ করিয়াছিলেন, তদ্রূপ ইস্কিলের * বিষয়েও জনশ্রুতি আছে, যে তিনি আপনার উত্তম কাব্য সফোক্লির * প্রথম গ্রন্থহইতে উত্তম না দেখাতে শোকে মরিয়াছিলেন।

সফোক্লির * প্রতিবাধক উরিপিডি * ইস্কিল † কিম্বা সফোক্লির * ন্যায় কঠিন প্রবন্ধের চেষ্টা করিতেন না, ইহার

লেখনের রীতি মৃদু, পদ ও হিতোপদেশ বিশিষ্ট ছিল; এবং বোধ হয় তিনি লোকদিগকে উপদেশ দিতে ও তাহাদের-হইতে প্রশংসা পাইতে অতিশয় আকাঙ্ক্ষী ছিলেন। তিনি শুদ্ধ ও সুন্দর লেখনের প্রতিই অতিশয় অনুরাগ করিতেন, ও তিনি যেমন সফোক্লি * অপেক্ষায় ধূর্ত্ততায় ও গর্ব্বতায় ন্যূন তেমনি তাঁহাহইতে স্বাভাবিক ও ব্যবহার্য্য বিষয় লেখনে প্রধান ছিলেন। তাঁহার সম্মানের বিষয়ে আমরা পূর্ব্বেই এক কথা কহিয়াছি, অর্থাৎ যে আথীনীয়েরা * সাইরেকুসে † বদ্ধ হইয়াছিল তাহারা তাঁহার কতক কবিতা পাঠ করিয়াই দাসত্বহইতে মুক্ত হয়।

যে সময় সফোক্লি * ও বিপিডির * দ্বারা শোকসূচক কাব্য বর্দ্ধিত হইয়াছিল, সেই সময় ইউপোলি * ও ক্রাটিন * এবং আরিষ্টফনির * দ্বারা আহ্লাদসূচক কাব্যের চর্চ্চা বৃদ্ধি হইয়াছিল। কিন্তু এই তিন কাব্যকর্ত্তার মধ্যে আরিষ্ট-ফনি * অতিশয় প্রসিদ্ধ ছিলেন, তিনি আথীনীয়দিগকে * কৌতুকদ্বারা যেমত তুষ্ট করিতেন সেই মত তাহাদিগকে কুক্রিয়া নিন্দাকারি কাব্যদ্বারা অনুযোগও করিতেন। তাঁহার কাব্য ইদানীন্তন কাব্যের ন্যায় মিষ্ট অথচ তীক্ষ্ণ বিদ্রূপ যুক্ত ছিল না বটে, কিন্তু তাঁহার অতিশয় উগ্রতা ছিল, বিশেষত তাঁ-হার সংসকল আদি ব্যক্তিদের আপনং নাম ও কর্ম্ম প্রভৃতির অনুসারে প্রকাশ হইত, ইহাতেই তাঁহার কাব্যের অতিশয় রস হইত, এবং বোধ হয় এই প্রযুক্তই অন্যং কাব্যকারকদের-হইতে তাঁহার কাব্য অধিক ব্যবহার্য্য ছিল।

ইতিহাসবিষয়ে হিরডট * নমক ব্যক্তি গ্রীক † দেশে প্রথমে গুরুকর্ত্তা হইয়াছিলেন। গ্রীকদের * সহিত পারসদের যে সকল যুদ্ধ ঘটিয়াছিল তাহার বৃত্তান্ত এবং সাইর * রাজার শাসন

অবধি সর্ক্রি * শাসন পর্য্যন্ত প্রায় তাবৎ জাতীয়ের বিবরণ তিনি লিখিয়াছেন। তাঁহার গ্রন্থ সর্ব্বশুদ্ধা নয়খান, সেই সকল গ্রন্থ আইওনীয় ভাষায় লিখিত আছে, এবং সে সকল অতিসুগম্য ও মিষ্টরূপে লিখিত।

থুসিডাইডি * নামক ইতিহাসবেত্তা হিরডট * অপেক্ষায়ও যোগ্যতর লেখকরূপে গণ্য ছিলেন; তাঁহার লেখনের ক্রম হিরডটের * তুল্য স্বাভাবিক মিষ্ট ছিল না বটে, কিন্তু তিনি তাঁহা অপেক্ষায় অধিক প্রজ্ঞ ও বলবন্ত লেখক ছিলেন। তিনি পিলপনিসীয় যুদ্ধের বৃত্তান্ত লিখিয়াছেন।

সোক্রাটি * ও প্লেটো * ও আরিষ্টাটল্ * এবং ডিমস্থিনি * প্রভৃতি গ্রীকদেশের গ্রন্থকর্ত্তা ও পণ্ডিতদের বৃত্তান্ত এই গ্রন্থের অনেক স্থানে লিখিত আছে, অতএব এই স্থানে তাঁহাদের বিষয় আর কিছু লেখনের আবশ্যকতা নাই; কেবল এক বিষয় মাত্র আছে, তাহা মনোযোগ করণ যোগ্য, অর্থাৎ মিটন * কর্ত্তৃক মিটানিক্ অর্থাৎ সংকেত সংখ্যার সৃষ্টি হওন বিষয়ে, পিলপনিসীয় যুদ্ধারম্ভ হওনের কিয়ৎ কাল পূর্ব্বে ঐ পণ্ডিত বর্দ্ধিত হইয়াছিলেন; তাঁহাকে আথীনীয়েরা * বিস্তর সম্মান ও সমাদর করিত। থ্রিবি † প্রদেশবাসি পিণ্ডর * নামক পণ্ডিত মিটনের * সমবয়স্ক ছিলেন।

১০ দশমাধ্যায়।

আথীনীয় পরাক্রম ধ্বস্ত হওনাবধি সোক্রাটির * মৃত্যু পর্য্যন্তের বিবরণ।

তথাচ লাসিডিমোনীয়েরা * আথীনী † নগরের সম্পূর্ণ রূপে বিনাশ করণে সম্মত ছিল না, কারণ তাহারা কহিয়াছিল যে তদ্দারা তাহারা গ্রীক দেশের এক চক্ষুর্হানি করণ রূপ অপরাধী

হইবে, তত্রাপি তাহার রাজ্যবিষয়ক সম্ভ্রম বিস্তর ন্যূন করিল, এবং রাজ্যের ধারা সকলও পরিবর্ত্ত করিল; কারণ তথায় লোক-প্রভুত্ব লোপ করিয়া ত্রিংশৎ জন শাসনকর্ত্তার অধিকার স্থাপিত করিল, তাঁহারা প্রায় উপদ্রবি নামে খ্যাত ছিলেন। গ্রীকেরা* সদ্গুণবিশিষ্ট লোকেরও এই উপাধি দিত বটে, কিন্তু আথীনীরা ঐ শাসনকর্ত্তারা ঐ দুর্নামের প্রকৃত যোগ্য ছিলেন, কারণ তাঁহারা লাইসাণ্ডরের* আজ্ঞাবহ মাত্র ছিলেন। উত্তম ব্যবস্থা সংগ্রহ করিবার ছলে তাঁহারা মনোনীত হইয়াছিলেন, কিন্তু তাহা করা দূরে থাকুক বরং তাঁহারা প্রাণদণ্ডের বা প্রাণ-রক্ষার শক্তি গ্রহণ করিলেন; তাঁহারা এক মহাসভা ও বিচারকর্ত্তৃগণ নিযুক্ত করিয়াছিলেন বটে, কিন্তু তাহার অভিপ্রায় এই যে কোনমতে আপনাদের শক্তি স্থাপন হয়, ও কেহ তাহাদিগের আজ্ঞালঙ্ঘন করিতে না পারে। সে যাহা হউক, তাঁহারা প্রথমে সাবধানাচরণ করিয়া কেবল নিতান্ত দুষ্কর্ম্মি ব্যক্তিদিগকে হত্যা করিতেন। যথা যে সকল লোক নিজ প্রতিবাসিদিগের বিপক্ষতাচরণ করিত; কিন্তু ইহা কেবল লোকদের বিশ্বাস জন্মাইবার জন্যে, তাঁহাদের যথার্থ অভিপ্রায় এই যে আপনাদিগকে সর্ব্বশক্তিমান্ করেন। বিদেশীয়ের আশ্রয় ব্যতিরেক এই অভিপ্রায় সিদ্ধি হইতে পারিবে না এই নিমিত্তে তাঁহারা আপনাদের কারণ কতক গুলিন রক্ষক সেনা স্পার্টা হইতে আনাইলেন। ঐ রক্ষক সৈন্যের প্রধান কেলিবিয়* নামক এক ব্যক্তি ছিলেন, তাঁহাকে তাঁহারা শীঘ্র আপনাদের মতাবলম্বী করিলেন, এবং এই সময়ের পরাবধি তাঁহাদের উপর কোন দমনকর্ত্তা রহিল না, সুতরাং যে সকল ব্যক্তি নিজধন ও প্রতিপত্তি ও সদ্গুণের দ্বারা তাহাদিগকে বাধা দেওনের সক্ষম হইতে পারিত তাহাদের রক্তে নগর পরিপূর্ণ হইতে লাগিল।

আল্সিবাইএডিকে * নষ্ট করণ তাঁহাদিগের নিষ্ঠুরতার একটা প্রথম প্রমাণ, তিনি সে সময় পারস রাজার অধিকারে আশ্রয় লইয়াছিলেন। ঐ ব্যক্তি স্বদেশবহির্ভূত হইয়াও জন্মভূমির হিতার্থে চেষ্টা করিতে ক্ষান্ত হএন নাই; এবং আথীনীয় লোকেরাও তাঁহাকে প্রেম করিত, ইহাতে পাছে তাঁহাদ্বারা আপনাদের মনস্কামনা ভঙ্গ হয় এই শঙ্কা প্রযুক্ত তাঁহারা ঐ প্রতিবাদিকে নষ্ট করিতে লাসিডিমোনীয়দিগের নিকট নিবেদন করিলেন। লাসিডিমোনীয়েরাও নীচতাক্রমে ঐ নিবেদন গ্রাহ্য করিয়া তজ্জন্য ফার্ণাবস * নামক পার্শী শাসনকর্ত্তাকে পত্র লিখিল; এবং তিনিও তদ্রূপ নীচ ও নিষ্ঠুর ছিলেন, কারণ আল্সিবাইএডি * তাঁহার কোন ক্ষতি না করিলেও তিনি তাঁহাকে নষ্ট করিতে অনায়াসে স্বীকার করিলেন। ঐ প্রধান ব্যক্তি যে রূপ মরিয়াছিলেন, তাহাতে তাঁহার বিখ্যাত সাহসের কোন ত্রুটি হয় নাই। যে সকল গুপ্ত ঘাতক তাঁহাকে বধিবার জন্য প্রেরিত হইয়াছিল, তাহারা তাঁহাকে প্রকাশিত রূপে আক্রমণ করিতে ভীত হইয়া তিনি যে গৃহে ছিলেন তাহা বেষ্টন করিয়া তাহাতে অগ্নিস্পর্শ করাইল। আল্সিবাইডি * খড়্গহস্তে প্রজ্বলিত শিখার মধ্য দিয়া বেগে আসিয়া অসভ্যদিগকে তাড়না করত গমন করিলেন, ইহাতে তাঁহাকে প্রতিরোধ করিতে এক জনেরও সাহস হইল না; কিন্তু সকলেই দূরহইতে তাঁহার উপর তীর ও বর্শা নিক্ষেপ করাতে তিনি বিস্তর আঘাত পাইয়া তৎক্ষণাৎ মরিলেন। পরে টাইমাণ্ড্রা * নাম্নী তাঁহার উপপত্নী তাঁহার শব তুলিয়া নিজ উত্তমং বস্ত্রদ্বারা সাজাইয়া যথাসাধ্য ঐশ্বর্য্য মতে তাঁহার অন্ত্যেষ্টি ক্রিয়া করিলেন। আমরা আল্সিবাইএডির * বিষয় পূর্ব্বে যাহা লিখিয়াছি তদ্ভিন্ন ইহাও কহা উচিত, যে তিনি সর্ব্বত্র সর্ব্ব প্রিয় হইতেন তাহার মূল এই, যে তাঁ-

হার পরিবর্ত্তনীয় স্বভাব ছিল, এবং অনায়াসে সকল জাতীয় ব্যবহার ও রীতি অভ্যাস করিতে পারিতেন, এই বিষয়ে কেহ কখন তাঁহা অপেক্ষায় অধিক বা তুল্য পারগ হয় নাই। প্লুটার্খ * কহেন যে তিনি স্পার্টায়া ক্লেশ সহ ও পরিমিতব্যয়ী এবং অনালাপী হইতেন, ও আইওনিয়ায় † সুখভোগী ও অলস এবং রসিক হইতেন; এবং যখন পার্শী সেনাপতিদিগের সহিত কার্য্য কর্ম্ম করিতেন, তখন তিনি তাঁহাদিগহইতেও অধিক প্রগল্ভ ও ঐশ্বর্য্যবান্ হইতেন।

ঐ পূর্ব্বোক্ত উপদ্রব সকল আল্সিবাইএডির * ভয়হইতে মুক্ত হইলেন বটে, কিন্তু লোক সমূহহইতে অন্য এক বাধার শঙ্কা করিতে হইল, কারণ তাঁহারা জ্ঞাত ছিলেন, যে তাহারা আমাদিগের আচরণে কোন মতে তুষ্ট নহে; এই প্রযুক্ত তাঁহারা তিন সহস্র নগরবাসিকে আপনাদের শক্তির সাহায্যে কিঞ্চিৎ ভার দিলেন, এবং উহাদের আশ্রয়ে অন্যদিগকে শঙ্কিত রাখিলেন। এতাদৃশ শক্তিপ্রাপ্তে ভরসান্বিত হইয়া তাঁহারা পূর্ব্বাপেক্ষায়ও অধিক দৌরাত্ম্য করিতে আরম্ভ করিলেন; যথা তাঁহারা প্রত্যেকে একং জনকে হত্যা করিয়া আপনাদের রক্ষক সৈন্যের ভরণ পোষণার্থে তাহাদের ধন সম্পত্তি তাবৎ অপহরণ করিতে সম্মত হইলেন। ঐ ত্রিংশতের মধ্যে কেবল থিরামিনি * নামক এক ব্যক্তি এতাদৃশ কুকর্ম্ম করণে বিরত ছিলেন; এই প্রযুক্ত ঐ ঘৃণার্হ মন্ত্রণার প্রধান ক্রিটিয় * থিরামিনিকে * নষ্ট করা আবশ্যক ভাবিয়া তাঁহার নামে মহাসভায় এই অপবাদ দিলেন, যে তিনি রাজ্যধ্বংস করিবার চেষ্টায় আছেন। এই প্রযুক্ত তাঁহার প্রাণ দণ্ড করিতে শীঘ্র আজ্ঞা হইল, সুতরাং তিনি হেমলাক নামে এক বিষবৃক্ষের রস পান করিতে বাধিত হইলেন, কারণ সে সময়ে আথীনীতে † মরণযোগ্য অপবাদি-

দিগকে ঐ রূপে হত্যা করা যাইত। ঐ ব্যক্তি সোক্রাটি * নামক বিখ্যাত পণ্ডিতের শিষ্য ছিলেন, তাহাতে মহাসভার সভ্যদিগের মধ্যে তিনিই কেবল আপন শিষ্যকে হত্যাকারির হস্তহইতে রক্ষা করিতে বিস্তর উদ্যম করিয়াছিলেন, এবং তাঁহার মৃত্যুর পর তিনি নগরের চতুর্দিগে ভ্রমণ করিয়া মহাসভাস্থদিগকে ও নগরবাসিদিগকে ঐ ত্রিংশৎজন উপদ্রবির দৌরাত্ম্যহইতে মুক্ত হইতে উপদেশ ও সাহস দিয়াছিলেন।

থিরামিনি * জীবিত থাকাতেই কেবল ঐ অত্যাচারিদের লজ্জা ও বাধা পাইবার শঙ্কা ছিল, কিন্তু এইক্ষণে তাঁহার মৃত্যু হওয়াতে নিরুদ্বেগ হইয়া আপনাদের অপহারকতার ও নিষ্ঠুরতার কিছু মাত্র শেষ সীমা রাখিলেন না। এইক্ষণে কারাবদ্ধ ও অপহরণ, ও হত্যাভিন্ন নগরমধ্যে অন্য কিছু শুনা যায় না; সকলেই আপনং জন্য ও আপনাদের বন্ধুগণের নিমিত্তে ভীত হইয়াছিল, এবং এই সাধারণ ভয়ের সময় দেশ যে কখন স্বাধীন হইবে এমত ভরসা আর রহিল না।

লাসিডিমোনীয়েরা * ঐ ত্রিংশৎ জন উপদ্রবির দৌরাত্ম্যের সহায়তা করিয়াও সন্তুষ্ট না হইয়া বরং এমত মনস্থির করিয়াছিল যে কোন আথীনীয়কে উহাদের হস্তহইতে পলায়ন করিতে দিবে না। এই নিমিত্তে তাহারা এই একটা আজ্ঞা প্রকাশ করিল, যে গ্রীকেরা কোন নগরবাসী কোন আথীনীয়কে আশ্রয় দিতে পারিবে না, ও যাহারা পলায়ন করিবে তাহাদিগকে ঐ ত্রিংশৎ জন উপদ্রবির হস্তে দেওয়া যাইবে, এবং যাহারা ঐ আজ্ঞা লঙ্ঘন করিবে তাহাদের পাঁচ টালান্ট মুদ্রা দণ্ড করা যাইবে। গ্রীকেরা তাবৎ প্রদেশের মধ্যে কেবল মিগারা ও থিবি নামক নগরদ্বয় ঐ অন্যায় আজ্ঞায় ঘৃণা করিয়াছিল। থিবি নগরস্থেরা ঐ আজ্ঞা বিশেষ রূপে অমান্য করিয়া আপনাদের

মধ্যে এই দুইটা আজ্ঞা প্রচলিত করিল, যে আশ্রয় যাচক আর্থীনীয়দের কারণ বিওসিয়াস্থ † তাবৎ নগর ও গৃহের দ্বার অবারিত থাকিবে, এবং আপনাদের মধ্যে যে ব্যক্তি কোন পলায়িত আর্থীনীয়কে আশ্রয় না দিবে তাঁহার এক টালান্ট মুদ্রা দণ্ড করা যাইবে। থ্রাসিবুল * নামক এক জন অতিগুণি লোক আপন দেশের দুর্দ্দশার কারণ বিস্তর অনুতাপ করিয়াএই ক্ষণে স্বদেশরক্ষার্থে সচেষ্ট হইলেন। থিবি † নগরে তিনি স্বদেশীয়দের সহিত একটা মন্ত্রণা আরম্ভ করিলেন তাহার মূল এই, যে পুনর্ব্বার স্বাধীনতা পাইবার কারণ কোন উদ্যোগ করা অতি আবশ্যক, ইহাতে যদ্যপি কোন বিপদও ঘটে তত্রাপি কর্ত্তব্য। নিপ* কহেন, তিনি ত্রিংশজ্জন সেনা লইয়া [কিন্তু সিনোফনের * মতর মতে সত্তরিজন সেনার সহিত তিনি আটিকার † সীমাবর্ত্তি ফাইলী † নামক একটা অতিকঠিন দুর্গ অধিকার করিলেন, ইহাতে ঐ উপদ্রবিরা ভীত হইয়া তৎক্ষণাৎ আপনাদের তিন সংস্র সঙ্গী ও পূর্ব্বোক্ত স্পার্টীয় রক্ষক সেনার সহিত আর্থীনীহইতে নির্গত হইয়া ঐ ফাইলীদুর্গ পুনর্গ্রহণ করিতে চেষ্টা করিলেন, কিন্তু অনেক লোকের বিনাশ হওয়াতে তাড়িত হইলেন। এইরূপে হঠাৎ আক্রমণদ্বারা জয় করণে অসাধ্য ভাবিয়া তাঁহারা তাহা বেষ্টন করিতে প্রতিজ্ঞা করিলেন; কিন্তু তৎযোগ্য সামগ্রী ও লোকের অভাব হওয়াতে, এবং রাত্রিতে বিস্তর বরফ পড়াতে, তাঁহারা পরদিবস নগরমধ্যে পুনঃ প্রবেশ করিতে বাধিত হইলেন; এবং দেশের মধ্যে আর অধিক উৎপাত না ঘটে তজ্জন্য আপনাদের রক্ষক সৈন্যের কিয়ৎ অংশ বাহিরে রাখিলেন।

এই জয়ে ভরসান্বিত হইয়া, থ্রাসিবুল* আত্মরক্ষার ভয় ত্যাগ করিয়া এক সহস্র সেনার সহিত ফাইলী † হইতে রাত্রিযোগে

নির্গত হইয়া পাইরিয় † নামক স্থান অধিকার করিলেন। ইহা শুনিয়া ঐ পূর্ব্বোক্ত ত্রিংশৎ জন উপদ্রবী আপনাদের সৈন্য লইয়া তথায় গমন করিলেন, তাহাতে এক দারুণ যুদ্ধোপস্থিতি হইল; কিন্তু থ্রাসিবুলের* সকল সৈন্য আপনাদের স্বাধীনতা রক্ষার্থে সাহসপূর্ব্বক সংগ্রাম করিতে লাগিল ও তদ্বিপক্ষেরাও উপদ্রবিদের দৌরাত্ম্যে ব্যাকুল প্রযুক্ত অমনোযোগী ছিল, এই জন্যে উপদ্রবিরা শীঘ্রই পরাভূত হইলেন। ক্রিটিয়* রণস্থানে হত হইলেন, এবং যখন অন্য সেনাগণ পলায়নোন্মুখ হইল, তখন থ্রাসিবুল* তাহাদিগকে উচ্চৈঃস্বরে এইরূপ কহিলেন যে আমি জয়ী হইয়া তোমাদের স্বাধীনতা মুক্ত করিলাম, ইহাতে আমাকে আশ্রয় না দিয়া তোমরা যে পলায়ন করিতেছ ইহার কারণ কি? আমি উপদ্রবিদিগের বিপক্ষে যুদ্ধ করিলাম বলিয়া তোমাদের ও নগরের শত্রু নহি। অপর তোমরা স্মরণ করিয়া দেখ, যে তোমাদের ও আমাদের আদি পুরুষ ও দেশ ও ব্যবস্থা এবং ধর্ম্ম শাস্ত্র ভিন্ন নহে; অতএব বহিস্কৃত স্বদেশীয়দের প্রতি দয়া প্রকাশ করিয়া তাহাদিগকে স্বদেশে পুনঃস্থাপন কর, ও আপনারা স্বাধীন হও। এইরূপ বাক্যে তাঁহার ইষ্ট সিদ্ধি হইল, কারণ সেনাগণ আথীনীতে † পুনরাগমন করিয়া ঐ ত্রিংশৎ জন উপদ্রবিকে দূর করিয়া দিল, ও তৎপরিবর্ত্তে দশ জন শাসনকর্ত্তা নিযুক্ত করিল, কিন্তু ঐ দশ জনের ব্যবহারও প্রকৃষ্ট দর্শে নাই।

এই রূপে রাজ্যের নিয়ম সকল পরিবর্ত্ত হওয়াতে ঐ উপদ্রবিরা শক্তিরহিত হইয়াছিলেন বটে, কিন্তু ঐ শক্তি পুনঃপ্রাপ্ত হইবার আশয়ে তাহারা স্পার্টীয়দের আশ্রয় চাহিতে দূত প্রেরণ করিলেন, তাহাতে লাইসাণ্ডর* মত দিলেন কিন্তু সে সময়ে স্পার্টায় † পাসনিয় * রাজা ছিলেন, তিনি

আথীনীয়দের * দুর্দ্দশায় দুঃখিত হইয়া তাহাদিগকে গোপনে অনুগ্রহ করিয়া একটা সন্ধি নির্দ্ধারিত করিলেন। ঐ সন্ধি পত্রে উপদ্রবিদের রক্তে মোহর হইয়াছিল, অর্থাৎ ঐ উপদ্রবিরা আপনাদের পূর্ব্ব শক্তি প্রাপ্ত হইতে অস্ত্রধারী হওয়াতে তাহাদিগকে খড়্গদ্বারা নষ্ট করা গিয়াছিল, এবং তদ্দারা আথীনী† পুনর্ব্বার স্বাধীন হইল। পরে থ্রাসিবুল* উভয় পক্ষের অপরাধ সকল ক্ষমা করিতে প্রসঙ্গ করিলেন, তাহাতে সকলেই শপথ করিয়া স্বীকার করিল। রাজ্যের সম্ভ্রম ও ব্যবস্থাদি পূর্ব্ববৎ হইল ও বিচারকর্ত্তা সকল পূর্ব্ববৎ ক্রিয়া পূর্ব্বক মনোনীত হইতে লাগিলেন, এবং ঐ অভাগ্যবান্ দেশে পুনর্ব্বার লোকপ্রভুত্ব হইলেন। সিনোফন্ * কহেন যে পিলোপনিসীয় যুদ্ধে দশ বৎসরে যত লোক নষ্ট হইয়াছিল, তত ঐ আত্মবিসম্বাদে অষ্টমাসে হত হয়।

এইক্ষণে আমরা ইউরোপের† বিষয় ত্যাগ করিয়া আশিয়ার† বিষয় কিঞ্চিৎ প্রসঙ্গ করিব, কারণ ইহার পর আশিয়ায় † গীকেরা* এক প্রধান যুদ্ধে প্রবৃত্ত হইয়াছিল তাহা এই। যথা ডেরাইয়নোথ * নামক পার্শিয়ার † মৃত রাজার কনিষ্ঠ পুত্র সাইর * আপন জ্যেষ্ঠ ভ্রাতা আর্টাক্সির্ক্সিকে * সিংহাসনচ্যুত করিবার জন্যে যুদ্ধ করিয়াছিলেন। ইহার পূর্ব্বেও তিনি কএক বার চেষ্টা করিয়াছিলেন, কিন্তু তাহাদের মাতা পারিসাটির * অনুরোধে আর্টাক্সির্ক্সি * তাঁহাকে ক্ষমা করিয়াছিলেন। অপর আর্টাক্সির্ক্সি* তাঁহার প্রতি এমত অনুগ্রহ প্রকাশ করিয়াছিলেন যে তাহাতে আপনার মন্দ ও হইয়াছিল, কারণ তাঁহাদিগের পিতা মৃত্যুকালীন উত্তরাধিকার পত্রে যে সকল প্রদেশ সাইরের* নামে লিখিয়া দিয়াছিলেন, সে সকল আর্টাক্সির্ক্সি * সাইরের * হস্তে একেবারে দিলেন। সাইর *

এই উচ্চ পদাভিষিক্ত হইবামাত্রই আপন ইষ্টসিদ্ধির উদ্যো- গারম্ভ করিলেন; এবং এই অভিপ্রায়ে তিনি ত্রয়োদশ সহস্র সংখ্যক এক দল গ্রীকসৈন্য নিযুক্ত করিলেন, এবং ক্লিয়ার্খ* নামক এক জন অতি উপযুক্ত লাসিডিমনী জাতীয় তাঁহার অধ্যক্ষ ছিলেন, তিনি স্বদেশহইতে বহিষ্কৃত হইয়া সাইরের* আশ্রয়ে কিছু কাল বাস করিয়াছিলেন। ঐ সৈন্য ভিন্ন সাই- রের অধিকারস্থ প্রদেশ সকল হইতে এবং টিসাফর্নের* রাজ্য সম্পর্কীয় যে সকল নগর তাহার পক্ষ হইয়াছিল তাহাহ- ইতে বিস্তর পার্শী সেনা ঐ গ্রীক সৈন্যের সহিত যোগ করিল; কিন্তু গ্রীকেরা কি নিমিত্ত সাইরের* নিকট নিযুক্ত হইয়াছিল, তাহা ক্লিয়ার্খ* ভিন্ন অন্য কোন গ্রীক† জ্ঞাত ছিল না; অতএব সেনাগণ টার্স† পর্য্যন্ত গমন করিলে তাহারা যে আর্টাক্সির্ক্সি* রাজার বিপক্ষে যুদ্ধ করিতে যাইতেছে, ইহা গ্রীকেরা* জানিতে পারিয়া কহিল, যে আমরা এমত কর্ম্ম করিতে পারিব না। এই কলহের আরম্ভেই দমন করি- বার জন্য ক্লিয়ার্খ* বক্তৃতা ও নানা প্রকার উপায়ের আবশ্যক দেখিয়া প্রথমে তাহাদের উপর আপন শক্তি ও প্রভুত্ব প্রকাশ করিয়াছিলেন, কিন্তু তাহাতে কোন ফল না দর্শিাতে তিনি তাহাদিগের মতে প্রকাশিত রূপে বাধা দেওনে নিরস্ত হইলেন, বরং ছল করিয়া এমত জানা- ইলেন যে তিনি সম্পূর্ণ রূপে তাহাদের মতাবলম্বী হইয়া- ছেন। এতাদৃশ চতুরতার দ্বারা তিনি ঐ বিসংবাদ শান্ত করিয়া লোকদিগকে স্বচ্ছন্দ করিলেন; এই প্রযুক্ত তাহারা তাঁহাকে ও অন্যান্য কএক জনকে আপনাদের প্রতিনিধি করিল। ক্লিয়ার্খ* এই সকল কথা সাইরকে* গোপনে কহাতে, তিনি এই উত্তর প্রকাশ করিলেন, যে আমি আব্রোকোম*

মামক আপন শত্রুকে আক্রমণ করিতে যাইতেছি, তাঁহার অধিকার উফ্রাটি † নদীর নিকট, তাহা তথাহইতে দ্বাদশ দিবসের পথ। এই উত্তর সৈন্যের মধ্যে জনরব হওয়াতে সাইরের* যথার্থ অভিপ্রায় জানিতে পারিয়াও তাঁহার আজ্ঞাবহ হইতে প্রতিজ্ঞা করিল, কিন্তু কেবল কিঞ্চিৎ অধিক বেতন প্রার্থনা করিল। সাইর* পূর্ব্বে প্রত্যেক সেনাকে এক ২ ডারিক মুদ্রা মাসিক বেতন দিতেন, কিন্তু এইক্ষণে তাহাদিগকে সার্দ্ধ ডারিক করিয়া দিতে স্বীকার করিলেন; এবং তাহাদের আরও প্রিয় হইবার জন্য তিনি যখন শুনিলেন যে দুই জন অধ্যক্ষ তাঁহার সৈন্য পরিত্যাগ করিয়াছে, ও যখন কোন ব্যক্তি তাঁহাকে উহাদিগকে নষ্ট করিতে পরামর্শ দিয়াছিল, তখন তিনি সকলের সম্মুখে এইরূপ কহিলেন, যে আমি কাহাকেও ইচ্ছার বিপরীতে আপন সৈন্যের মধ্যে রাখিতে ইচ্ছা করি না, অতএব ঐ দুই জনের স্ত্রী ও সন্তানেরা তাঁহার নিকট বন্ধক ছিল, তাহাদিগকে উহাদের নিকট প্রেরণ করিতে আজ্ঞা করিলেন। এতাদৃশ জ্ঞানী ও দৃশ্য সদ্ব্যবহার জন্য সেনারা তাবতেই তাঁহার প্রতি প্রেম করিতে লাগিল, এবং যাহারা পূর্ব্বে তাঁহার অভিপ্রায়ে নিতান্ত বিপরীতাচারী ছিল তাহারাও এই ক্ষণে তাঁহার সহানুকারী হইল।

সাইর* অবিলম্বে গমন করিয়া সর্ব্বত্রহইতে এই সমাচার পাইলেন যে ভূপতি তাঁহার সহিত হঠাৎ সম্মুখযুদ্ধ করিবেন না; কিন্তু যাবৎ পর্য্যন্ত সকল সেনা সংগ্রহ না হয় তাবৎ পার্শীয়ার † অন্তর্ভাগে থাকিবেন, এবং তাঁহার গমনের ব্যাঘাত করিতে তিনি উফ্রাটি † নদীহইতে মিডিয়ার † প্রাচীর পর্য্যন্ত অষ্টাদশ ক্রোশ দীর্ঘে একটা পাঁচ ব্যাম প্রস্থ ও তিন ব্যাম

পর্য্যন্ত অষ্টাদশ ক্রোশ দীর্ঘে একটা গভীর গড় প্রস্তুত করিতে আজ্ঞা করিয়াছেন। ঐ ইউফ্রাটিস্ † ও খালের মধ্যে প্রায় ত্রয়োদশ হস্ত প্রশস্ত একটা পথ ছিল, এবং সাইর * পূর্ব্ব দিবসে তাবৎ সৈন্যের প্রতি পুনর্দৃষ্টি করতঃ তথা দিয়া গমন করিলেন। রাজা ঐ পথে সাইরের * গমনে কোন প্রতিযোগ না করিয়া বরং বাবিলনের † দিগে আসিতে দিয়াছিলেন।

শীঘ্রই যুদ্ধ হইবেক এই আশয়ে সাইর * ক্লিয়ার্ককে * গ্রীক সৈন্যের দক্ষিণভাগের অধ্যক্ষ করিয়া ও মিননকে * বামভাগের অধ্যক্ষ করিয়া যুদ্ধের রীতিক্রমে গমন করিতে লাগিলেন; পরে তিনি দেখিলেন যে তাঁহার ভ্রাতার দ্বাদশ লক্ষ সংখ্যক সৈন্য ও তদ্ভিন্ন ছয় সহস্র শ্রেষ্ঠ অশ্বারূঢ় সৈন্য তাঁহাকে আক্রমণ করিতে আসিতেছে।

যে স্থানে সংগ্রাম হইয়াছিল তাহার নাম কুনাক্সা † তাহা বাবিলন † হইতে প্রায় আটত্রিশ ক্রোশ অন্তর। সাইর * অশ্বারোহণ পূর্ব্বক হস্তে বর্শা লইয়া আপন সেনাদিগকে অস্ত্র ধারী হইতে ও যুদ্ধবৎধারায় গমন করিতে আজ্ঞা করিলেন। শত্রুরাও সেই সময়ে স্বয়ং আর্টাসর্ক্সির * আজ্ঞাবহ হইয়া ধীরে২ ও শৃঙ্খলা পূর্ব্বক গমন করিতে লাগিল; ইহা দর্শনে গ্রীকেরা * অতিশয় চমৎকৃত হইল, কেননা তাহারা ভাবিয়াছিল যে এতাদৃশ অসংখ্যক সৈন্যেরা কেবল গোলমাল ও ভয়ঙ্কর চীৎকার পূর্ব্বক আগমন করিবে।

উভয় পক্ষীয় সেনাগণ পরস্পর চারি পাঁচ শত পাদ অন্তর থাকিতেই গ্রীকেরা যুদ্ধগীত গান করতঃ অন্য শব্দ না করিয়া ধীরে২ নিকট হইতে লাগিল; পরে যখন তাহারা শত্রুদের অতি নিকট হইল তখন তাহারা অশ্ব গণকে অস্থির করিবার জন্য অতিশয় চীৎকার করত ঢালের উপর বর্শা মারিতে লাগিল;

অপর সকলে একত্র হইয়া একেবারে অসভ্য পার্শীদের উপর ঝাঁপিয়া পড়িল, ইহাতে উহারা কিছুমাত্র বিলম্ব না করিয়া সকলেই পলায়নোম্মুখ হইল, কেবল টিসাফর্ণ * অতি অল্প সেনাসহ স্থির ছিলেন।

গ্রীকেরা শত্রুদের এই রূপে পরাভূত করিল ইহা দেখিয়া সাইর * আনন্দিত হইলেন, এবং তাঁহার সঙ্গিরা তাঁহাকে রাজা করিল। কিন্তু তিনি এমত অনিশ্চিত বিষয়ে নিতান্ত মত্ত হয়েন নাই, এবং তাঁহারই যে জয় হইয়াছে এমতও নিশ্চয় জ্ঞান করেন নাই। তিনি দেখিতে পাইলেন যে আর্টাসর্ক্সি * তাঁহার পার্শ্বাক্রমণ করিবার নিমিত্তে আপন সৈন্যের দক্ষিণ দল ফিরাইয়া আনিতেছেন, এই জন্য তিনিও ছয়শত অশ্বারূঢ় সহ তাঁহার বিপক্ষে ধাবমান হইলেন। সাইর * আপন ভ্রাতাকে দেখিতে পাইয়া কুপিত হইয়া কহিলেন, আমি আর্টাসর্ক্সিকে * দেখিতে পাইতেছি; এবং তৎক্ষণাৎ কেবল নিজ প্রধান ২ অধ্যক্ষ সহ তাঁহার প্রতিকূলে অশ্ব চালাইলেন, কেননা তাঁহার সেনাগণ সে সময় উপস্থিত ছিল না, তাহারা অপ্রজ্ঞতাক্রমে পলায়িত সৈন্যের পশ্চাৎ ২ গমন করিয়াছিল। তৎপরে যুদ্ধ এক প্রকার দুই সহোদরের মধ্যেই হইতে লাগিল, এবং উভয়েই কুপিত হইয়া ইটিওক্লি* ও পলিনিসির* ন্যায় পরস্পরের বক্ষস্থলে খড়্গ বিদ্ধদ্বারা নষ্ট করিয়া নিরুদ্বেগে সিংহাসন প্রাপ্ত হইবার চেষ্টায় ছিলেন।

সাইর * আপন ভ্রাতার চতুর্দ্দিকস্থ লোকদের মধ্য দিয়া গমন করতঃ তাঁহার নিকটে যাইয়া অস্ত্রাঘাতে তাঁহার বাহক অশ্ব নষ্ট করিলেন, ইহাতে তিনি ভূমে পতিত হইলেন; কিন্তু তৎক্ষণাৎ অন্য এক অশ্বারোহণ করিলেন, এবং সাইর *ও তাঁহাকে পুনর্ব্বার আক্রমণ করিয়া পুনর্ব্বার অস্ত্রাঘাত করিলেন, শেষে যখন তাঁহাকে সংহার করিবার

আশয়ে তৃতীয়বার অস্ত্রাঘাত করিবার চেষ্টা করিতে ছি-লেন, এমত সময় সিংহ যেরূপ শীকারির অস্ত্রাঘাতে কুপিত হয় আর্টাসর্কি* সেইরূপ ক্রুদ্ধ হইয়া সাইরের* বিরুদ্ধে অতিবেগে অশ্ব চালাইলেন; ইহাতে সাইর* আ-পন শরীর রক্ষার কিছুমাত্র মনোযোগ না করিয়া, কেবল উন্মত্তরূপে এমত এক স্থানে পড়িলেন যে তথায় তাঁহার উপর সর্ব্বদিগ্‌হইতে তীর বর্ষণ হইতে লাগিল, এবং সেই সময়ে রাজার হস্তহইতেও বর্শাঘাত প্রাপ্ত হইলেন; তদ্দারা সাই-রের* প্রাণ বিয়োগ হইল। কোন২ ইতিহাসবেত্তারা কহেন, যে রাজার হস্তেই তাঁহার প্রাণ নষ্ট হইয়াছিল, ও কেহ২ বা কহিয়াথাকেন, যে তিনি একজন কারিয়* সেনারদ্বারা হত হইয়াছিলেন। ইহার পুরস্কারার্থ আর্টাসর্কি* তাঁহাকে বর্শার শেষ ভাগে একটা স্বর্ণ কুক্কুট ধারণ পূর্ব্বক সৈন্যের অগ্রে২ যাইবার ক্ষমতা দিয়াছিলেন। সাইরের* প্রধান২ সভাস্থেরা এতাদৃশ সৎপ্রভুর মরণানন্তর জীবন ধারণে অনিচ্ছুক হইয়া তাঁহার চতুর্দ্দিগে তাহারাও হত হইয়াছিল, এতন্নিমিত্ত সিনো-ফন* কহেন যে তিনি বন্ধু মনোনীত করিতে জানিতেন, এবং তাহারাও তাঁহাকে যথার্থ প্রেম করিত। ইহাদের মধ্যে সর্ব্বাপেক্ষায় আরিয়কে* তাঁহার দৃঢ়তর সংসর্গী হওয়া উচিত ছিল, কিন্তু তিনি তাঁহার মৃত্যু সম্বাদ প্রাপ্তেই দক্ষিণ-ভাগস্থ সৈন্য লইয়া পলায়ন করিয়াছিলেন।

পরে আর্টাসর্কি* আপন সহোদরের মস্তক ও দক্ষিণ হস্ত ছেদন করাইয়া পরাভূত সৈন্যের পশ্চাৎ২ তাহাদের শিবিরে গমন করিলেন, কিন্তু আরিয়* তথায় না থাকিয়া যে স্থানে তৎপূর্ব্ব দিবস সেনাবা ছিল সেইস্থানে গমন করি-য়াছিলেন, সেস্থান তথাহইতে ছয় ক্রোশ অন্তর।

পার্শী সৈন্যের বামভাগস্থ প্রায় তাবৎ সেনাগণ গ্রীকদের কর্তৃক পরাভূত হইলে পর টিসাফর্ণ* অবশিষ্ট সেনাসহ উহাদের বিপক্ষে যাত্রা করত নদীর তীরে গ্রীকদের লঘু অস্ত্রধারি পদাতিক্ সৈন্যের মধ্য দিয়া গমন করিতে লাগিলেন, এবং উহারাও তাঁহার কারণ পথ খুলিয়াদিল। কিন্তু তাঁহার গমন কালীন তাহারা তাঁহার উপর বাণও বর্শা নিক্ষেপ করিতে লাগিল, তাহাতে আপনাদের এক জনও নষ্ট হয় নাই। আম্ফিপোলি ই নিবাসি ইপিস্থিনি* নামক এক জন উপযুক্ত অধিপ গ্রীকদের অধ্যক্ষ হইয়াছিলেন। টিসাফর্ণ* নিজসৈন্য অতিদুর্ব্বল দেখিয়া কোন প্রকার প্রতিযোগ না করিয়া ক্রমিক গমন করত সাইরের* শিবির মধ্যে উপস্থিত হইয়া দেখিলেন, যে ভূপতি তাহা লুট করিতেছেন, কিন্তু গ্রীকেরা আপনাদের দ্রব্যাদি জন্য যেস্থান রক্ষা করিয়াছিল তাহা তিনি অপহরণ করিতে পারেন নাই।

অন্যত্রে কি ঘটিয়াছে তাহা গ্রীকেরা* বা আর্টাসর্ক্সি* কিছুই না জানিতে পারিয়া উভয় পক্ষীয়েই আপনাদিগকে জয়ী ভাবিল। গ্রীকদের এতাদৃশ ভাবনার কারণ এই যে তাহারা শত্রুদিগকে পলায়নোন্মুখ করিয়া তাহাদের পশ্চাৎ ধাবমান হইয়াছিল; এবং আর্টাসর্ক্সির* এমত জ্ঞান করণের মূল এই, যে তিনি আপন সহোদরকে নষ্ট করেন, এবং যে সেনাগণের সহিত তিনি যুদ্ধ করিয়াছিলেন তাহাদিগকে পরাভব করিয়া তাহাদের শিবির অপহরণ করেন। যাহা হউক এই ভ্রম শীঘ্রই ঘুচিয়াগেল; কেননা টিসাফর্ণ* শিবিরে উপস্থিত হইবামাত্রেই রাজাকে জ্ঞাত করিলেন, যে গ্রীকেরা তাঁহার সৈন্যের বাম ভাগস্থদিগকে পরাভব করিয়া অনেক দূর পর্য্যন্ত পশ্চাৎ২ আসিয়াছিল; এবং গ্রীকে-

রাও শুনিল, যে ভূপতি সাইরের * সৈন্যের বাম ভাগের পশ্চাৎ২ গমন করতঃ তাহাদের শিবিরের ভিতরে প্রবেশ করিয়াছেন। ইহাতে রাজা আপন সৈন্য পুনর্ব্বার ধাবারৎ করিয়া শত্রুদের অন্বেষণে যাত্রা করিলেন, এবং ক্লিয়র্ক*ও পার্শীদের পশ্চাৎ গমন করণে নিবৃত্ত হইয়া তাঁহার বাধা দেওনে আগমন করিল।

অপর উভয় পক্ষীয় সৈন্য পরস্পর নিকট হইয়া স্বায়ত্ত স্থানের কারণ কএকবার চেষ্টা করিল, পরে একটা যুদ্ধ উপস্থিত হওয়াতে গ্রীকেরা পার্শীদিগকে পূর্ব্বমত অনায়াসে পরাভব করিল; অধিকন্তু তাহারা অনেক দূরে একটা পর্ব্বত পর্য্যন্ত উহাদের পশ্চাৎ গমন করিয়াছিল, তথায় পার্শীরা হঠাৎ সাহসপূর্ব্বক শত্রুদিগকে পুনর্ব্বার আক্রমণ করিবার উদ্যোগারম্ভ করিতে লাগিল, কিন্তু পাছে পুনর্ব্বার পরাভব হয় এই ভয়ে তাহারা সকলে অত্যন্ত বিশৃঙ্খলা পূর্ব্বক পলায়ন করিল।

পরে যামিনী আগমনে প্রায় অন্ধকার হইবাতে গ্রীকেরা বিশ্রামের কারণ অস্ত্র শস্ত্র ত্যাগ করিল, কিন্তু সাইর * বা তাঁহার কোন দূত তদবধি উপস্থিত না হওয়াতে তাহারা আশ্চর্য্য বোধ করিল। অতএব তাঁহার যে মৃত্যু হইয়াছে ও তাহাদের সৈন্যের বামভাগ যে পরাভূত তাহা অজ্ঞানে বরং তিনি যে শত্রুদের পশ্চাৎ গমনে অথবা কোন প্রধান স্থান অধিকার করণে প্রবৃত্ত হইয়াছেন এই রূপ নিশ্চয় জ্ঞানে তাহারা আপনাদের শিবিরে পুনর্গমন করিবার প্রতিজ্ঞা করিল; এবং তথায় যাইয়া দেখিল, যে তাহাদের তাবৎ দ্রব্য সামগ্রী ও আহার দ্রব্যাদি ও চারিশত খান গাড়ীপূর্ণ শস্য ও মদিরা, যাহা সাইর * নিতান্ত আবশ্যক জানিয়া ভবিষ্যৎকালের কারণ গ্রীকদের জন্য আনাইয়াছিলেন, তাহা

অপহরণ হইয়াছে। সাইরকে* জীবিত ও জয়ী জ্ঞানে তাহারা প্রায় তাবতেই বিশ্রাম ব্যতিরেকে শিবিরে থাকিয়া রাত্রি প্রভাত করিল; কিন্তু তাঁহার মৃত্যু সংবাদ জ্ঞাত হইবাতে তাহারা আরিয়* নামক প্রধান সৈন্যাধ্যক্ষকে পার্শীয়ার† রাজ মুকুট দিতে ইচ্ছা করিয়া তাঁহার নিকট সম্বাদ প্রেরণ করিল। সেই সময়ে আটার্সর্ক্স*ও আপনাকে জয়ীজ্ঞান করিয়া তাহাদিগকে এই আজ্ঞা করিয়া পাঠাইলেন, যে তোমরা অস্ত্রত্যাগ করিয়া আমার কৃপা যাচ্ঞা করহ; কেননা বৃহৎ২ নদ ও নদী এবং অসংখ্য জাতিদ্বারা বেষ্টিত আমার যে অধিকার তাহার মধ্যে তোমরা বদ্ধ আছ, ইহাতে তোমরা আমার কোপহইতে কোনমতে ক্ষমা পাইতে পারিবা না, অতএব এইক্ষণে অধীন হওন ভিন্ন তোমাদের অন্য কোন উপায় নাই।

ইহাতে তাহারা কিরূপে উত্তর করিবেক তাহা ক্ষণেক-কাল বিবেচনার পরে প্রাক্সীম* দূতদিগকে জিজ্ঞাসা করিলেন, যে সম্রাট আমাদিগহইতে কি নিয়মে অস্ত্র চাহেন, যদ্যপি জয়ী রূপে চাহেন তবে অনায়াসেই লইতে পারিবেন, কিন্তু যদ্যপি ইহা ভিন্ন অন্যরূপে চাহেন তবে তৎ পরিবর্ত্তে তিনি আমাদিগকে কি দিবেন? ইহাতে সিনোফন্* পোবকতা করিয়া কহিলেন, যে আমাদের অস্ত্র ও স্বাধীনতা ভিন্ন অন্য কিছু নাই, ইহার দুইই আবশ্যক, অতএব ঐ দুয়ের মধ্যে আমরা কি দিতে পারি। ক্লিয়র্ক*ও ঐ রূপ কহিলেন, যে যদ্যপি ভূপতি আমাদিগের প্রতি বন্ধুর ন্যায় ব্যবহার করেন, তবে তাঁহার উপকার করণে আমরা অস্ত্র ব্যতিরিক্ত কিরূপে সক্ষম হইব, ও যদ্যপি শত্রুর ন্যায় ব্যবহার করেন তবে আমাদের আত্ম রক্ষার কারণ

অস্ত্র অবশ্যই আবশ্যক করে। অন্য কেহ২ ইহা অপেক্ষায় কোমলতর ভাষায় কহিয়াছিলেন, যে যদ্যপি আর্টাসর্ক্সি * আমাদিগকে আপন কর্ম্মে নিযুক্ত করেন, এবং ইজিপ্ট † দেশের অধিকার আমাদিগকে দেন, তবে আমরা যে রূপ সাইরের * কর্ম্ম করিয়াছি সেই রূপ তাঁহারও করিব। শেষে উভয় পক্ষেই সম্মত হইয়া এই রূপ স্থির হইল, যে গ্রীকেরা এইক্ষণে যে স্থানে আছে সেই স্থানেই থাকিতে হইবেক, কিন্তু যদ্যপি তাহারা অগ্রসর বা পলায়নোন্মুখ হয়, তবে যুদ্ধের চিহ্নই প্রকাশ হইবেক। অতএব সন্ধি এমত কৌশলে হইল, যে গ্রীকেরা কোন স্পষ্ট উত্তর না দিয়া কেবল রাজার মনোরঞ্জন করতঃ কাল হরণ করিবার উপায় পাইল।

যখন এই বিষয়ের আলোচনা হইতেছিল, তখন আরিয়ু * গ্রীকদিগকে এই উত্তর করিয়া পাঠাইলেন, যে পার্শীয়াতে † বিস্তর প্রধান লোক আছে, তাহারা আমার সিংহাসন আরোহণে সম্মত হইবে না, এই প্রযুক্ত আমি প্রভাতেই গ্রীক্ † দেশে পুনর্যাত্রা করিব; যদ্যপি আমার সহবর্ত্তী হইতে তোমাদিগের বাঞ্ছা থাকে, তবে অদ্য রাত্রিতে আমার শিবিরে আসিও। তাহাই প্রায় সকলে করিল, কেবল মিলথসিট * নামক এক জন থ্রেসিয় তিনশত সেনা ও চল্লিশ অশ্বারূঢ় সহ রাজার সহিত যোগ করিলেন। অবশিষ্ট লোক আরিয়ের * সৈন্যে একত্র হইয়া রাত্রি প্রভাতেই যাত্রা করিল, এবং সূর্য্যের অস্ত পর্য্যন্ত গমন করিয়া নিকটাবস্থিত গ্রামহইতে দেখিতে পাইল, যে ভূপতি তাহাদের পশ্চাৎ গমন করিতেছেন।

গ্রীক্দের * সেনাপতি ক্লিয়র্ক * আপন সেনাগণকে অবস্থিত করিয়া যুদ্ধোদ্যোগ করিবার আজ্ঞা করিলেন। পার্শী •

রাজা এতাদৃশ দৃঢ় প্রতিজ্ঞাতে ভীত হইয়া সন্ধির প্রসঙ্গ করিতে দূত প্রেরণ করিলেন, পরে যখন ক্লিয়র্ক* দূতদের সমাগত বার্ত্তা শুনিলেন; তখন তিনি আপন দাসদের দ্বারা তাহাদিগকে অপেক্ষা করিতে আজ্ঞা করিয়া পাঠাইয়া কহিলেন, যে এইক্ষণে তোমাদের সহিত আলাপ করিবার আমার অবকাশ নাই। পরে তিনি আপন নির্ভয়তা জ্ঞাপনার্থে ও সেনারা যে উত্তম অবস্থায় ছিল ইহা প্রকাশ করণার্থে গর্ব্বিত ভাবাপন্ন হইয়া আইলেন; এবং এই রূপে কত্রক জন সুসজ্জিত সেনা সহ ঐ দূতদের নিকট আসিয়া তাহাদের প্রশ্ন শুনিয়া উত্তর করিলেন, যে আমাকে অবশ্য যুদ্ধারম্ভ করিতে হইবেক, কারণ আমার সৈন্যের এইক্ষণে যে রূপ আহারের অভাব হইয়াছে, তাহাতে আমি কোন মতে বৃথা কালক্ষেপণ করিতে পারি না। দূতেরা এই সমাচার আপনাদের প্রভুর নিকট লইয়া যাইয়া অতিশীঘ্র পুনরাগমন করিল, ইহাতেই প্রকাশ হইল যে রাজা বা তাঁহার নামে যে ব্যক্তি এই সকল কথা কহিয়াছেন, তিনি অতি নিকটেই আছেন। তাহারা আসিয়া কহিল, যেসকল গ্রামে যথেষ্ট ভক্ষ্যদ্রব্য প্রাপণের সম্ভাবনা আছে তথায় তোমাদিগকে লইয়া যাইবার আমরা আজ্ঞা প্রাপ্ত হইয়াছি, ইহা কহিয়া তাহারা উহাদিগকে ঐ সকল গ্রামে লইয়া গেল।

তিন দিবস পরে টিসাফর্ণ* গ্রীকদের নিকট আসিয়া কহিলেন, যে আমি তোমাদের উপকারের কারণ প্রভুর নিকট বিস্তর অনুরোধ করিয়াছি। অপর ক্লিয়র্ক* আপনার ও নিজ সেনাগণের নির্দোষতা প্রকাশ করণার্থ কহিলেন, যে এই যুদ্ধের বিপক্ষ কে তাহা নিশ্চয়রূপে না জানিতে পারিয়া আমরা ইহাতে

প্রবৃত্ত হইয়াছি; ইহাতে আমাদের কোন অপরাধ নাই, অতএব যদ্যপি রাজা আমাদিগকে নিশ্চিন্তে স্বদেশে পুনর্গমন করিতে দেন তবে আমরা তাঁহার প্রতি কোন শত্রু বৎ কার্য্য করিব না। টিসাফর্ণ* সত্য করিয়া কহিলেন যে তোমাদিগকে কোন বাধা দেওয়া দূরে থাকুক বরং তোমাদের গমন সময় কোন আহার দ্রব্য আবশ্যক হইলে তাহাও আমরা দিব, এবং তোমাদিগের নির্ভয়তা জন্য আমি স্বয়ং তোমাদের সহিত গমন করিব। কিন্তু এই ধূর্ত্তের যেমন ধূর্ত্ততা সেইমত নিষ্ঠুরতাও প্রকাশ হইল; আর পার্শী সৈন্য গ্রীক সৈন্যহইতে সর্ব্বদা দেড় ক্রোশ অন্তরে শিবির করিবাতেই সন্দেহের বিষয় হইয়াছিল। পরে তাহারা জেবেট† নদীর তীরে উপস্থিত হইলে টিসাফর্ণ* ক্লিয়র্ককে* মিথ্যা করিয়া কহিয়া পাঠাইলেন যে তোমার কএক প্রধান২ অধ্যক্ষেরা উভয় পক্ষীয় সৈন্যের মধ্যে হিংসা জন্মাইবার চেষ্টায় আছেন, অতএব যদ্যপি তুমি উহাদিগকে পরদিবস আমার শিবিরে আনহ তবে আমি তাহাদিগকে দেখাইয়া দিব। ক্লিয়র্ক* অবোধতা প্রযুক্ত তাহা গ্রাহ্য করিয়া মিনন্* ও প্রাক্সীনি* ও এজি* এবং সোক্রাটি* সহ পার্শী সেনাপতির শিবিরে গমন করিলেন; কিন্তু তথায় উপস্থিত হইবা মাত্রেই সঙ্কেতদ্বারা তাহাদিগকে তৎক্ষণাৎ আক্রমণ করিল, এবং তাঁহাদের দাসদিগকে খড়্গাঘাতে বধ করিয়া ফেলিল, পরে তাঁহাদিগকে বন্ধনদ্বারা ভূপতির নিকট প্রেরণ করিলে তিনি আপন সম্মুখে উহাদের মস্তক চ্ছেদন করাইলেন।

ঐ সকল সেনাপতিদের হত্যাসম্বাদ প্রাপ্তে গ্রীকেরা যেরূপ ভীত হইয়াছিল তাহা লিখিয়া বর্ণনা করা ভার,*

বরং ভাবিলে অনায়াসে বোধ হইতে পারে। তাহারা এইক্ষণে স্বদেশহইতে এক সহস্র ক্রোশ অন্তরে ছিল, ও চতুর্দ্দিগে প্রধান২ নদী ও অরণ্য এবং শত্রু জাতির দ্বারা বেষ্টিত, এতদভিন্ন আহারেরও কোন উপায় মাত্র ছিল না। এই রূপ নিঃসহায়াবস্থায় ব্যাকুল হইয়া তাহারা আহার বা বিশ্রামের কিছুমাত্র চেষ্টা করিল না; কিন্তু সিনোফন্* নামক এক জন যুবা আথীনীয়ের* যোগ্যতা স্মরণ করিয়া তাহাদের কিঞ্চিৎ ভরসা হইল, ঐ ব্যক্তি প্রাক্সিনির* সহিত আশিয়ায়† গমন করিয়াছিলেন, এবং তিনি এই পর্য্যন্ত সৈন্যের মধ্যে এক জন স্বেচ্ছুক সৈন্য ছিলেন। ঐ সিনোফন* শেষে ইতিহাস বেত্তাস্বরূপ অতিশয় প্রসিদ্ধ হইয়াছিলেন; ইহাঁর যেরূপ বক্তৃতা শক্তি সেইরূপ কর্ত্তৃত্বের ক্ষমতাও ছিল, বক্তৃতা বিষয়ে তিনি সকল লোক অপেক্ষায় প্রধান ছিলেন। ঐ যুবা সেনা রজনীর মধ্যভাগে গ্রীক অধ্যক্ষদের নিকট যাইয়া কহিলেন, যে আমরা কোন মতে বৃথা কাল হরণ করিতে পারি না, অতএব শত্রুদের বিশ্বাস ঘাতকতার প্রতিযোগ যাহাতে হয় তাহা করণ অতি আবশ্যক; বাধা দেওনার্থ আমাদের অতিঅল্প সৈন্য আছে বটে, কিন্তু যদ্যপি আমরা সাহসী ও দৃঢ়প্রতিজ্ঞ হই তবে দুর্জ্জয় হইতে পারিব, কেননা অধিক সেনা হইলেই যে জয় হয় এমত নহে, কিন্তু তাহা সর্ব্বদা সাহসেই হয়; অতএব এইক্ষণে সেনাপতি সকল নিযুক্ত করণ অতিশয় আবশ্যক হইয়াছে, কারণ যেরূপ আত্মাব্যতিরেকে শরীর কোন কার্য্যের সম্পাদক হয়েন না সেইরূপ অধ্যক্ষ না থাকিলে সৈন্যও বৃথা হয়। এই প্রযুক্ত তৎক্ষণাৎ একটা পরামর্শ সভা হইল, তাহাতে একশত জন সেনা উপস্থিত ছিল, এবং সিনোফন্* নিজ বক্তব্য প্রকাশ করিতে অনুমতি পাইয়া ঐ সকল

বিষয় বিস্তারিত করিয়া প্রকাশ করিলেন যাহা পূর্ব্বে কেবল স্থূলে কহিয়াছিলেন ; পরে তাঁহার পরামর্শানুসারে সেনাপতি সকল নিযুক্ত হইল, যথা ক্লিয়র্কের * পদে টাইমেসিয় * ও সোক্রাটির * পদে সাস্থিক্লি * ও এজির * পদে ক্লিনর * ও মিননের * পদে ফাইলিসিয় * এবং প্রাক্সিনির * পদে সিনোফন্ *।

পরদিবস অতি প্রত্যূষে তাহারা সৈন্য সকল একত্র করিল। পরে সৈন্যাধ্যক্ষেরা সেনাগণকে সাহসী করণ জন্য নানা প্রকার বক্তৃতা করিতে আরম্ভ করিলেন, তাঁহাদের মধ্যে সিনোফন* এই কহিয়াছিলেন, যে ওহে সেনাগণ শত্রুদের চাতুরি দ্বারা আমাদের যে এত বীর হত হইয়াছেন, এবং মিত্রেরা যে পরিত্যাগ করিয়াছেন তাহা অতিশয় দুঃখের বিষয় বটে, কিন্তু এই সকল দুর্ভাগ্যে আমাদের মগ্ন হওয়া উচিত নহে, ইহাতে আমরাজয়ী হইতে না পারিলে বরং সম্ভ্রান্তরূপে প্রাণ ত্যাগ করা উচিত, তথাপি অসভ্য শত্রুদের অধীন হওয়া উচিত নহে, তাহারা আমাদিগকে অত্যন্ত যন্ত্রণা দিবেক। প্লাটিয়ার † ও থর্ম্মাপিলির † ও সেলামির † এবং অন্যান্যস্থানের যুদ্ধ সকল স্মরণ করিয়া দেখ, তাহাতে আমাদের পূর্ব্ব পুরুষেরা সাহস পূর্ব্বক অত্যল্প সৈন্য লইয়াও পার্শীয়ার † অসংখ্য সৈন্য পরাভব করত কেবল গ্রীকদের নাম প্রসিদ্ধ ও শঙ্কাজনক করিয়াছেন। আমরা যে দেবতাগণ ভিন্ন পৃথিবীর মধ্যে অন্য কাহাকেও প্রভু বলিয়া স্বীকার করি না, এবং স্বাধীনত্ব বিনা অন্য কিছুতে আমাদের সুখজ্ঞান হয় না, তাহা কেবল তাঁহাদেরই অজেয় সাহস জন্য। ঐ দেবতারা মিথ্যা শপথের শাস্তা, শত্রুদের কৃতঘ্নতাও দেখিতে পাইতেছেন, অতএব তাঁহারাই ইহার বিবেচনা করিয়া আমাদের প্রতি অনুকূল হইবেন ; এবং তাঁহারা সন্ধির ভঙ্গে অতুষ্ট হয়েন ও গর্ব্বিতকে নম্র করেন এবং নম্রকে*

উচ্চ করেন, অতএব তাঁহারাই আমাদের স্বপক্ষে যুদ্ধ করিবেন। অপর হে বন্ধু সেনাগণ আমাদের জয়ভিন্ন অন্য ভরসা নাই, সুতরাং তাহা প্রাপ্ত হইতে যদ্যপি আমাদের অত্যন্ত ক্ষতিও হয় তত্রাপি তাহা উত্তম। এবং আমার মত এই, যে তোমাদের সম্মতি হইলে আমাদের সুগম ও সহজ গমনের জন্য তাবৎ অনাবশ্যক সামগ্রী পরিত্যাগ করিয়া যাহা নিতান্ত আবশ্যক তাহাই কেবল রাখা উচিত। ইহাতে সকল সেনাগণ আপনাদের হস্ত তুলিয়া সম্মতি প্রকাশ করিল; এবং অবিলম্বে তাহারা শিবিরে অগ্নিসংযোগ করিয়া যাহারং নিকট অধিক সামগ্রী ছিল তাহারা অন্যান্যের সহিত বিভাগ করিয়া অবশিষ্ট দগ্ধ করিল।

পরে কেরিসোফ* নামক স্পার্টীয় সেনাপতি সৈন্যের অগ্রভাগ লইয়া এবং সিনোফন্* ও টাইমেসিয়* পশ্চাৎ ভাগ লইয়া যাত্রারম্ভ করিয়া বৃহৎ২ নদীর মূলভাগে গমন করিতে লাগিলেন, কেননা সেনাগণ অনায়াসে হাঁটিয়া পারহইতে পারিবে। কিন্তু তাহারা বিস্তর দূর যাইতে না যাইতে, শত্রুদের একদল ধানুকী ও ফিঙ্গা নিক্ষেপক সৈন্য মিথ্রিডেটি* দ্বারা আনীত হইয়া তাহাদের পশ্চাৎ ভাগ আক্রমণ করত অনেককে আঘাতী করিল; কেননা গ্রীকেরা ভারী অস্ত্রধারী এবং তাহাদের অশ্বারূঢ়ও ছিল না এ জন্য তাহারা প্রতিযোগ করিতে পারে নাই। এইরূপ দুঃখ পুনর্ব্বার না ঘটে এই অভিপ্রায়ে সিনোফন্* রোড্* জাতীয় দুই শত জনকে ফিঙ্গাধারী করিলেন, এবংপঞ্চাশৎ জনকে দ্রব্য বাহক অশ্ব দিয়া অশ্বারূঢ় করিলেন, অতএব যখন মিথ্রিডেটি* পূর্ব্বাপেক্ষায় অধিক লোক সহ দ্বিতীয় বার আইলেন, তখন তাঁহার বিস্তর ক্ষতি হইয়া তিনি তাড়িত হইলেন, এবং গ্রীকেরা স্বচ্ছন্দে টাইগ্রীস্† নদীর তীরস্থ লারিসা† নামক

নগরে উপস্থিত হইল। তথাহইতে তাহারা মেপসিলা †
নামক অন্য এক উচ্ছিন্ন নগরে যাত্রা করিল এবং ঐ স্থানের
ছয়ক্রোশ অন্তরহইতে টিসাফর্ন* তাবৎ সৈন্য সহিত আসিয়া
কএকবার লঘু যুদ্ধ করিলেন বটে, কিন্তু তাঁহাকে শীঘ্র পলায়ন
করিতে হইল। ইহার পর তাঁহারা একটা উচ্চ স্থান হইয়া যাওন
কালীন কিঞ্চিৎ প্রতি যোগ পাইয়াছিল, কেননা শত্রুরা সেস্থানে
পূর্ব্বাবধি অবস্থিতি করিয়াছিল,কিন্তু শীঘ্রই তাহাদিগকে ঐ স্থান-
হইতে তাড়াইয়া অন্য দিগ দিয়া আপনারা নীচে উত্তীর্ণ হইল।

সে যাহা হউক তাহাদের বিপদ ক্রমে বৃদ্ধিই হইতে লাগিল,
কারণ তাহারা এইক্ষণে একে টাইগ্রীস্ † নদীর দ্বারা বদ্ধ তাহাতে
অগম্য পর্ব্বত সকলে বেষ্টিত ছিল। ঐ পর্ব্বতোপরি আড়ুসাই*
নামক এক অতি বন্য ও সংগ্রামী জাতি বসতি করিত; ইহা-
দের বৃত্তান্তে সিনোফন* এইরূপ কহিয়া থাকেন যে ঐ দুর্গম
পথের মধ্যে তাহারা পার্শীয়দের একলক্ষ বিংশতি সহস্র সৈন্য
একেবারে নষ্ট করিয়াছিল। নদী উত্তীর্ণ হওন জন্য তাহা-
দের তরণী ছিল না, এবং ঐ পর্ব্বত সকলের মধ্য দিয়া আর্মি-
নিয়ার † ফলবান ক্ষেত্রে যাওয়া সুগম হয়, এই প্রযুক্ত তাহারা
ঐ পথেই গমন করিবার প্রতিজ্ঞা করিল। ইহা কার্ডুসাই*
জাতীয়েরা জানিতে পারিয়া সতর্ক হইল, কিন্তু তাহারা গ্রীক-
দিগকে প্রতিযোগ করিতে প্রস্তুত ছিল না, এই প্রযুক্ত তাহারা
পর্ব্বত সকলের শৃঙ্গের উপর অবস্থিতি করিয়া উপরহইতে তীর
ও বৃহৎ২ প্রস্তর নিক্ষেপ করত তাহাদিগকে পীড়া দিতে লাগিল,
এতদ্ভিন্ন শত্রুদের কএক দল পর্ব্বতের অল্প প্রশস্ত পথে থাকিয়া
গ্রীকদের গমন কালীন আক্রমণ করিয়াছিল, ইহাতে তাহা-
দের বিস্তর ক্ষতি হয় নাই বটে কিন্তু ঝড় ও দুর্ভিক্ষ ও সাত দিন
গমনের কষ্টে এবং ক্রমিক যুদ্ধ করত পথ করণে তাহাদের যেরূপ

ক্ষতি হইয়াছিল তাহা অপেক্ষায় ঐ স্থানে তাহাদের অধিক ক্লেশ ও অপচয় হয়।

পর্ব্বতের অধোভাগহইতে কিঞ্চৎ দূরে তাহারা এক নূতন বাধা পাইল, যথা তাহাদের পথমধ্যে সেণ্ট্রাইটি † নামক নদী ছিল, সে প্রায় এক শত চৌত্রিশ হস্ত প্রশস্ত, তাহা পার হইবার নিমিত্ত তাহারা দুইবার চেষ্টা করিয়াছিল, কিন্তু গভীর জল প্রযুক্ত প্রথম উদ্যম বিফল হইয়া দ্বিতীয়বারে ভাগ্য ক্রমে তাহারা তাহা উত্তীর্ন হইল।

তাহারা এইক্ষণে একপ্রকার নিশ্চিন্ত হইয়া গমন করত টাইগ্রিস্ † নদীর মূলভাগে পার হইয়া পশ্চিম আর্মিনিয়া † দেশের সীমা যে টেলিবোয়া † নামক একটা ক্ষুদ্র নদী তাহার তীরে পঁহুছিল। টাইরিবেস * নামক পারস্ ভূপতির এক জন প্রিয় পাত্র ঐ প্রদেশের শাসন কর্ত্তা ছিলেন, তাঁহার এক সম্ভ্রম এই ছিল, যে তিনি রাজার নিকটে থাকিলে তাঁহাকে অশ্বারোহণ করাইতেন। ঐ ব্যক্তি গ্রীকদিগকে কহিলেন, যে যদ্যপি তোমরা যুদ্ধ না করিয়া সহজে গমন করহ, তবে তোমাদিগের প্রতিযোগ করা দূরে থাকুক বরং আমি ভক্ষ্য দ্রব্যও দিব; ইহাতে উভয় পক্ষীয়দেরই সম্মতি হইল; কিন্তু ইহা হইলেও টাইরিবেস* নিশ্চিন্ত না হইয়া সন্দেহ ক্রমে গ্রীকদের পশ্চাৎ কিঞ্চিৎ দূরেং আপন সৈন্য চলিত শিবিরে রাখিতেন। ঐ সময় বিস্তর বরফ পড়িবাতে সৈন্যদের অতিশয় অসুগম হইয়াছিল; অপর তাহারা এক জন বন্দিরদ্বারা অবগত হইল, যে পর্ব্বত মধ্যস্থ যে অপ্রশস্ত পথ দিয়া যাইতে হইবেক, সেই পথে টাইরিবেস* তাহাদিগকে আক্রমণ করিবার মনস্থ করিয়াছেন। ইহা নিবারণার্থে তাহারা শত্রুদিগকে পরাভূত করিয়া ঐ স্থান পূর্ব্বে অধিকার করিয়া

লইল। এইরূপে অরণ্যের মধ্য দিয়া কএক দিবস গমন করিয়া তাহারা ইউফ্রাটিস্ † নদী উর্ত্তীর্ণ হইল; এবং সে স্থানে নদীর আরম্ভ এই প্রযুক্ত কটি দেশের অধিক জল হয় নাই।

অপর একটা উত্তরীয় বায়ু তাহাদিগের অভিমুখে এমত বেগে বহিতে লাগিল যে তাহাতে নিশ্বাস প্রশ্বাস ত্যাগ করণ অতিকঠিন হইল; এই জন্য সকলে পরামর্শ স্থির করিয়া পবনকে বলি প্রদান করিল, এবং আমরা এইরূপ শ্রুত আছি যে তাহাতেই বায়ুর বেগ লাঘব হইতে লাগিল। ইহার পর তাহারা প্রায় চারিহাত গভীর বরফের উপর দিয়া গমন করিল, তাহাতে কএক জন দাসের ও দু:; বাহক পশু ও তদ্ভিন্ন ত্রিংশৎ জন সেনা নষ্ট হইয়াছিল। পরে রাত্রিতে যথেষ্ট কাষ্ঠ পাইয়া অগ্নি করিয়া বিশ্রাম করিতে লাগিল। তৎপরদিবস তাহারা ক্রমিক বরফের উপর দিয়া গমন করাতে অনেকে বহুক্ষণ উপবাস ও দৌর্ব্বল্য প্রযুক্ত ভূমে পতিত হইল; কিন্তু কিঞ্চিৎ আহার পাইবামাত্রেই বল পাইয়া পুনর্ব্বার গাত্রোত্থান পূর্ব্বক গমন করিতে আরম্ভ করিল।

সাত দিবস গমনের পর তাহারা এরাক্সি। নদীর তীরে উপস্থিত হইল, তাহার অন্যনাম ফেসা, তাহার প্রশস্ততা প্রায় সাতষট্টি হাত হইবেক। দুই দিবস পরে তাহারা ফেসিয়* ও কালিবি * এবং টেওকিয় * জাতীয়দিগকে দেখিতে পাইল, উহারা তাহাদের গমনে বাধা দিবার জন্য পর্ব্বতের পথ সকল রুদ্ধ করিয়াছিল। কিন্তু সিনোফন* কহিলেন যে তাহারা কেবল আপনাদের প্রচলিত পথের রক্ষক আছে; এই প্রযুক্ত তাঁহার পরামর্শে ঐ পথের উপর যে সকল উচ্চ স্থান ছিল তাহা অধিকার করিবার জন্য একদল সৈন্য প্রেরিত হইল, তাহারা তথায় যাইয়া তাহাদিগকে ঐ পথহইতে দূর করিয়া পথ মুক্ত করিল। এই

রূপে দ্বাদশ কিম্বা পঞ্চদশ দিবস গমনের পর তাহারা টেকোয়া † নামক একটা অতি উচ্চপর্ব্বতে পঁহুছিয়া সেস্থানহইতে সমুদ্র দেখিতে পাইল। যাহারা প্রথমে সমুদ্র দেখিয়াছিল তাহারা আনন্দিত হইয়া বহুক্ষণ পর্য্যন্ত এমত চীৎকার করিয়া উঠিল যে সৈন্যের অগ্রভাগ শত্রুরা আক্রমণ করিয়াছে এই মত ভাবিয়া সিনোফন্* অবিলম্বে তাহাদিগকে আশ্রয় দিবার কারণ গমন করিলেন। কিন্তু ক্রমে নিকটবর্ত্তী হইয়া ঐ সমুদ্র ঐ সমুদ্র এই শব্দ তিনি স্পষ্ট শুনিতে পাইলেন, তাহাতে তাঁহার শঙ্কা ঘুচিয়া মহাউল্লাস জন্মিল। পরে পর্ব্বতের শৃঙ্গের উপর উঠিবাতে ঐ সমুদ্র ঐ সমুদ্র ধ্বনি হইতে লাগিল, তৎকালে সকলের অন্তঃকরণ পুলকিত হইয়া আনন্দাশ্রু ধারা বহিতে লাগিল, এবং আপনাদের অধ্যক্ষেরদিগকে আলিঙ্গন করিতে লাগিল। অপর সেনারা সেনাপতিদের আজ্ঞা পাইতে না পাইতে আপনারা প্রস্তর সংগ্রহ করিয়া ভগ্ন ঢাল ও অন্যান্য অস্ত্রের সহিত একটা জয় মঞ্চ নির্ম্মাণ করিল।

পরে ঐ স্থান ত্যাগ করিয়া তাহারা কাল্কি † নামক পর্ব্বত শ্রেণীরদিগে যাত্রা করিল। ঐ শ্রেণীর মধ্যে একটা পর্ব্বত অন্যান্য অপেক্ষায় অধিক উচ্চ ছিল, তাহা তদ্দেশীয়েরা অধিকার করিয়াছিল। তথাকার পথ অতিশয় অসমান এই প্রযুক্ত গ্রীকেরা* যুদ্ধবৎ শ্রেণীতে গমন করিতে না পারিয়া অল্পেং গমন করত অতিশয় সাহসে শত্রুদিগকে আক্রমণ পূর্ব্বক পরাভব করিয়া পর্ব্বতের অন্যদিগ দিয়া নিম্নস্থানে উত্তীর্ণ হইল। ঐ স্থানে একটা আশ্চর্য্য ঘটনা ঘটিয়াছিল, তাহাতে প্রথমে কিঞ্চিৎ ভয়ের বিষয় হইয়াছিল, যথা ঐ স্থানে বিস্তর মধু মক্ষিকার চাক পাইয়া অপরিমিত মধুপানে তাহারা হঠাৎ এমত বমন ও উদর পীড়া গ্রস্ত হইল যে যাহাদের অল্প ব্যামোহ হইয়াছিল তাহারাও

মদিরায় মত্তের ন্যায় হইয়াছিল, এবং প্রায় তাবতেই অজ্ঞান কিম্বা মৃতবৎ হইয়া সংগ্রামে পরাস্ত ব্যক্তিরা যেরূপ মৃত্তিকা শয্যাশায়ী হয়, সেইরূপ ভূমিতে পড়িয়াছিল; কিন্তু আহ্লাদের বিষয় এই, যে তাহাতে এক প্রাণিরও প্রাণ বিয়োগ হয় নাই। অধিক চমৎকারের বিষয় এই যে পূর্ব্ব দিবস যে সময়ে ঐ রোগের আরম্ভ হয়, পর দিবস সেই সময়েই তাহার শেষ হইল, এবং অতিশয় ভেদক ঔষধে যেরূপ দুর্ব্বল হয় সেইরূপ অবস্থায় সেনাগণ তৃতীয় বা চতুর্থ দিবসে গাত্রোত্থান করিল।

দুই দিবস পরে সৈন্যেরা কালকি † প্রদেশে উর্কাসন † অথবা কৃষ্ণ † সমুদ্রের পার্শ্বস্থ ট্রিবিসাণ্ড † নামক নগরের নিকট উপস্থিত হইল; গ্রীক † দেশের সিনোপিয়েরা * স্বদেশ ত্যাগ করিয়া ঐ নগরে বাস করিয়াছিল। গ্রীক † সেনারা ঐ স্থানে শিবির করিয়া ত্রিংশৎ দিবস বাসের পর নির্বিঘ্নে স্বদেশে পুনর্গমনার্থ কামনা করিয়া জুপিটর * ও হর্কুলি * এবং অন্যান্য দেবতাদিগকে যে সকল মানত করিয়াছিল তাহা পরিশোধ করিল। এতদ্ভিন্ন তাহারা অশ্বের ও পদাতিকের দৌড় এবং মল্ল যুদ্ধাদি নানা প্রকার ক্রীড়া অতি উল্লাসিত মনে সম্পন্ন করিল। ঐ ট্রিবিসাণ্ড † নগরে গ্রীক *দিগকে বসতি করাইবার জন্য সিনোফন * প্রসঙ্গ করিলেন, তাহা কেহ২ গ্রাহ্যও করিয়াছিলেন, কিন্তু তাঁহার শত্রু সকল সৈন্যদিগকে কহিল, যে এ কেবল তোমাদিগকে সুকৌশলে ত্যাগ করিবার ছলমাত্র; এবং তত্রস্থ লোকদিগকে কহিল, যে তোমাদের দেশ অধীন করিবার মনস্থে তিনি এরূপ প্রসঙ্গ করিয়াছেন। এই হেতুক তাঁহাকে সে চেষ্টা ত্যাগ করিতে হইল, সে যাহা-

হউক ঐ রবেতে এই উত্তম ফল দর্শিল যে গ্রীকেরা* যাহাতে বন্ধুত্বরূপে শীঘ্র স্বদেশে গমন করে, তাহা ট্রিবিসণ্ড † বাসিরা চেষ্টা করিয়া সমুদ্রপথ অতিসুগম এই রূপ কহিয়া তাহাদিগকে আবশ্যকানসারে ডিঙ্গাও দিয়াছিল।

পরে তাহারা সুবাতাসে যাত্রা করিয়া তৎপরদিবস সিনোপির † ঘাটে উপস্থিত হইল, তথায় কেরিসোফ* কএকখান ডিঙ্গা লইয়া তাহাদের সহিত সাক্ষাৎ করিলেন, কিন্তু তিনি তাহাদিগকে যে অর্থ দিতে স্বীকার করিয়াছিলেন, তাহা না দিয়া কেবল এই কথা কহিলেন, যে তোমরা উক্সিন্ † সমুদ্রহইতে নির্গত হইলে তোমাদের পূর্ব্ব বেতন দেওয়া যাইবে। এই রূপ কথনে তাহাদের মনে অতিশয় অবজ্ঞা হইয়া সেনাপতিত্ব কর্ম্মে কেবল এক জনকে বরণ করিতে প্রতিজ্ঞা করিয়া তাহারা সিনোফনকে* বিস্তর বিনয় পূর্ব্বক ঐ পদ গ্রহণ করিতে কহিল; কিন্তু তিনি সুশীলতারূপে তাহা অস্বীকার করিয়া সে কর্ম্ম কেরিসোফকেই* দেওয়াইলেন; কেরিসোফ* তাহা ছয় সাত দিবসের অধিক ভোগ করিতে পারেন নাই, কেননা সেনাগণ হিরাক্লিয়া † নামক নগরে পঁহুছিয়া তন্নিবাসিদিগহইতে বলদ্বারা কিঞ্চিৎ অর্থ লইবার চেষ্টা করাতে তিনি নিষেধ করিয়াছিলেন, এই প্রযুক্ত তাহারা তাঁহাকে তৎক্ষণাৎ পদচ্যুত করিল; এবং সে স্থান গ্রীকদের বসতি প্রদেশ এই নিমিত্ত সিনোফন*ও সেনাদের চেষ্টায় কিছু মনোযোগ করিলেন না; অতএব সৈন্যেরা অপহরণ করিবার আশয়ে নিরাশ হইয়া আপনাদের মধ্যে তিন দল হইয়া কলহারম্ভ করিল, কিন্তু শীঘ্রই তাহারা পুনর্মিলিত হইয়া কাল্পির † ঘাটে শিবির করিয়া সেনাপতিত্ব কর্ম্ম পূর্ব্ববৎ

ব্যবস্থিত করিল। যথা কেরিসোফের * ঐ স্থানে মৃত্যু হওয়াতে নিয়নকে * তৎপদাভিষিক্ত করিয়া এইরূপ স্থির করিল যে ইহার পর যদ্যপি কেহ কখনও সৈন্য বিভাগ করিতে প্রসঙ্গ করেন তবে তাঁহার মৃত্যু দণ্ড হইবে। সে যাহা হউক, অতি শীঘ্র অত্যন্ত আহারের অভাব হওয়াতে তাহারা দেশের নানাস্থানে ছিন্ন ভিন্ন হইয়া পড়িল। তথায় ফার্ণেবেজের * অশ্বারূঢ়েরা কাল্লি † বাসিদিগের সহিত একত্র হইয়া গ্রীক*দের পাঁচ শত জনকে হত্যা করিল, এবং অবশিষ্ট সৈন্যেরা একটা নিকটস্থ পর্ব্বতের উপর পলায়ন করাতে সিনোফন্ * তাহাদিগকে রক্ষা করিয়া প্রথমে কাল্সিডন্ † দেশস্থ ক্রিসোপলিতে † লইয়া গেলেন, তৎপরে বিজান্সিয়তে † আনিলেন।

অপর সুথি * নামক থ্রেস্ † দেশের রাজার পিতার অধিকার সকল শত্রু হস্তহইতে উদ্ধৃত করিয়া দিবার জন্য সিনোফন্ * আপন সৈন্যের সহিত সাল্মিডিসা † নামক সমুদ্রমোহনাতে গমন করিলেন। এই প্রধান কর্ম্মে আশ্রয় দিবার জন্য ঐ রাজা সিনোফন্কে * ও তাঁহার সৈন্যদিগকে বিস্তর ধন দিতে স্বীকার করিয়াছিলেন; কিন্তু তাঁহার কর্ম্মোদ্ধার হইলে সে বাক্য পালন করা দূরে থাকুক বরং তিনি তাঁহাদিগকে যে বেতন দিতে চাহিয়াছিলেন তাহাও দিলেন না। এই প্রবঞ্চনার নিমিত্ত সিনোফন্ * তাঁহাকে বিস্তর তিরস্কার করিলেন, কিন্তু ইহার দোষ তাঁহার উপর না দিয়া হিরাক্লাইডি * নামক তাঁহার মন্ত্রির উপর দিলেন, কেননা ঐ ব্যক্তি রাজার সত্য পালন করণ যে কর্ত্তব্য কর্ম্ম তাহা অন্যথা করাইয়া কেবল আপন প্রভুর কিঞ্চিৎ ধন রক্ষাদ্বারা তাঁহার নিকট প্রতিপন্ন হইতে চেষ্টা করিয়াছিলেন।

এতৎকালে কার্মাইন * ও পলিনাইসি * লার্সিডিমন্‌ † হইতে দূতস্বরূপ গ্রীক * দের নিকটে আসিয়া কহিলেন, লার্সিডিমোনীয়েরা * টিসাফর্ণের * ও ফার্ণেবেজের * প্রতিকূলে যুদ্ধারম্ভ করিয়াছেন এই জন্য থিম্বুন্‌ * কতক গুলিন সৈন্য লইয়া অগ্রসর হইয়াছেন, তাঁহাদের এই কর্ম্মে তোমরা প্রবৃত্ত হইলে প্রত্যেক সেনাকে এক ডারিক মুদ্রা ও প্রত্যেক অধ্যক্ষকে দুই ডারিক এবং প্রধান অধ্যক্ষদিগকে চারি ২ ডারিক্‌ করিয়া দেওয়া যাইবে। সিনোফন্‌ * ইহাতে সম্মত হইলেন, এবং ঐ দূতদ্বয়ের মধ্যস্থের দ্বারা সুথি * রাজার নিকট তাহার যে বেতন প্রাপ্য ছিল তাহার কিঞ্চিৎ অংশ পাইয়া ছয় সহস্র সৈন্যের সহিত সমুদ্রপথে লেম্পসেক † নগরে গমন করিলেন। তথাহইতে যাত্রা করিয়া তিনি ট্রো † প্রদেশস্থ পর্গেম † নগরে গেলেন, পরে পার্থিনিয়ার † নিকট এক জন পার্শী কুলীনকে পার্শিয়ায় † যাইতে দেখিয়া তাঁহাকে ও তাঁহার স্ত্রী পুত্রদিগকে বদ্ধ করিয়া তাঁহাদিগের তাবৎ দ্রব্য সামগ্রী লইয়া আপন সেনাগণের পূর্ব্ব ক্ষতির জন্য তাহাদিগকে পারিতোষিকস্বরূপ দান করিলেন; শেষে থিম্বুন্‌ * পঁহুছিয়া তাবৎ সৈন্য একত্র করতঃ টিসাফর্ণের * ও ফার্ণেবেজের * প্রতিকূলে যাত্রা করিলেন।

সাইরের * যুদ্ধ এই রূপে সমাপ্ত হইয়াছিল। সিনোফন্‌ * আপনি এই সংগ্রামের সুন্দররূপ বৃত্তান্ত লিখিয়া তন্মধ্যে কহিয়াছেন যে ঐ রাজার সৈন্যেরা যে ইফিস † নগরহইতে যাত্রা করিয়াছিল তাহাহইতে রণস্থল সাত শত পঁচানব্বই ক্রোশ অন্তর, এবং এই পথ তাহারা তিরানব্বই দিবসে গমন করিয়াছিল। ঐ রণস্থলহইতে উকসিন্‌ † অথবা কৃষ্ণ সমুদ্র পার্শ্বস্থ কার্শাইরা † নগরে

তাহারা পলায়ন করিয়াছিল, রণস্থলহইতে তাহার অন্তর নয় শত ত্রিশ ক্রোশ, এবং তাহা এক শত বিংশতি দিবসের পথ; অতএব তাবৎ একত্র করিলে এক সহস্র সাত শত বত্রিশ ক্রোশ ও দুই শত পঞ্চদশ দিবসের পথ হয়; এবং বিশ্রাম দিবসের সহিত সকলে পঞ্চদশ মাস হইয়াছিল।

আমরা এইক্ষণে নিজগ্রীকেরা একটা অতি চমৎকার গুপ্ত বিষয় লিখিতে আরম্ভ করি, অর্থাৎ সোক্রাটির* মৃত্যুর বিষয়। ঐ ব্যক্তি যেরূপ প্রশংসিত ও বর্দ্ধিষ্ণু হইযাছিলেন সেরূপ প্রাচীন বা ইদানীন্তনের মধ্যে কেহ জন্মে নাই। ঐ প্রসিদ্ধ ব্যক্তি আথিনী† প্রদেশস্থ এক জন ভাস্করের পুত্র, কিন্তু আপন জন্মের নীচতাহইতে ক্রমে প্রদীপ্ত হইয়া সাহস ও পরিমিতাচরণ এবং জ্ঞানের নানা নিদর্শন প্রকাশ করিয়াছেন, ও যুদ্ধের সময় আল্সিবাইএডির* প্রাণ রক্ষা করিয়াছেন, ও ছয় জন আথিনীয় সেনাপতির বধার্থে যে আজ্ঞা হইয়াছিল তাহাতে তিনি সম্মতি দেন নাই; ও ত্রিংশৎ জন উপদ্রবির ব্যবহার সমূহে প্রতিযোগা করিয়াছিলেন, এবং সংক্ষেপে কহি, যে তিনি সঙ্গত ও সম্ভ্রান্ত ব্যবহারের বিপরীত সকলবিষয়েই ক্রমিক ঘৃণা প্রকাশ করিয়াছেন, এই সকল বিষয় আমরা পূর্ব্বে কহিয়াছি। তাঁহার অতিশয় সর্ব্বোপকারাকাঙ্খা ছিল, এই প্রযুক্ত আপনি যে সকল পাপে বিরত ছিলেন অন্যকে সেই পাপগ্রস্ত হইতে দেখিলেও ক্ষমা করিতেন। লাইবেন* কহেন, তিনি রাজ্যস্থ তাবৎ লোকের সুখ ও সৌভাগ্যের কারণ এমত সচেষ্ট ছিলেন যে তাঁহাকে সকলেরই এক প্রকার পিতাস্বরূপ কহা যাইত; কিন্তু প্রাচীনদিগকে ও যাহাদের বাল্যকালাবধি এক প্রকার রীতি অভ্যাস ছিল

তাহা পরিবর্ত্ত করা কঠিন প্রযুক্ত তিনি কেবল বালক-দিগকেই উপদেশ দিতেন, কারণ বালকদের মনোরূপ ক্ষেত্রে ধর্ম্মের বীজ রোপণ করিলে ফল জন্মিবার সম্ভাবনা ছিল। সে যাহা হউক, অন্যান্য পণ্ডিতদের ন্যায় তাঁহার কোন পাঠশালা বা পাঠের সময় নিরূপিত ছিল না, ও ছাত্রদের বসিবার আসন প্রস্তুত ছিল না, এবং আপনিও কখন অধ্যাপকের আসনে বসেন নাই; তিনি সর্ব্ব সময়ের ও সর্ব্ব স্থানের এবং সর্ব্ব বিষয়ের পণ্ডিত ছিলেন, অর্থাৎ তিনি পথে চলিতে২ ও কথোপকথন ও ভোজন করিতে২ ও সৈন্যের মধ্যে ও শিবিরের মধ্যে এবং লোকদের সাধারণ সভায়ও উপদেশ দিতেন।

এতাদৃশ বিশিষ্ট ও পরোপকারি ব্যক্তির বিনাশজন্য নগরস্থ এক দল বিরোধী বহুকাল চেষ্টা করিয়াছিল। উহারা তাঁহার মৃত্যুর বহুকাল পূর্ব্বাবধি নিন্দা ও বিদ্রূপ করিতে আরম্ভ করিয়াছিল। আরিষ্টাফিনি* নামক হাস্যোৎপাদক সং সম্বন্ধীয় কবি সংআলয়ে তাঁহার প্রতিমা প্রকাশ করিয়া ক্লৌড্স নামক একটা কাব্য রচনা করিয়া একটা ঝুড়ির ভিতরে ঐ পণ্ডিতদের প্রতিমা আনিয়াছিলেন, তন্মুখহইতে কেবল উপহাসযোগ্য কাব্য সকল উচ্চারিত হইত। সোক্রাটি* ঐ দর্শনের সময় উপস্থিত থাকিয়াও কিছুমাত্র দুঃখিত হয়েন নাই; তাহার প্রমাণ এই, কোন২ বিদেশীয় লোক ঐ সং প্রকাশের আদি ব্যক্তিকে জানিবার বাঞ্ছা করাতে তিনি আপন আসনহইতে উঠিয়া সর্ব্ব জনের দৃষ্টির জন্য দণ্ডায়মান হইয়া রহিলেন। সোক্রাটির* বিপক্ষতাচরণ প্রথম এই, এবং ইহার বিংশতি বৎসর পরে মেলিট* যথাবিধি বিচারস্থানে তাঁহার অপবাদক

হইলেন। মেলিট* যে দুইটা প্রধান বিষয়ে তাঁহার অপবাদ দিয়াছিলেন, তাহা এই ২। যথা আথিনী † প্রদেশস্থ ভাবতে যে দেবতাদিগের অর্চনা করিয়া থাকেন তাঁহাদিগকে তিনি মান্য না করিয়া সাধনের নূতন পথ সৃষ্টি করিয়াছেন, এবং আথিনীয় বালকদিগকে কুনীতি শিক্ষা করাণ, এই ২ রূপ কথনানন্তর মেলিট* কহিলেন, যে এতাদৃশ মন্দ ব্যক্তির প্রাণ দণ্ড করাই উচিত।

আথিনীয় * বালকদিগকে মন্দ করিবার যে অপবাদ তাহা সমুদাই মিথ্যা, কিন্তু প্রথম অপবাদের বিষয় এত বহুকাল পরে নিশ্চয় করা যায় না। আথিনীর † মধ্যে যে রূপ অশাস্ত্রীয় বিশ্বাস ও ক্রিয়া ছিল, তাহাতে তিনি যে প্রকাশ রূপে সর্ব্ব গৃহীত শাস্ত্র অমান্য করিয়াছিলেন এমতও বোধ হয় না, কিন্তু তাঁহার বন্ধুগণের সহিত যেরূপ কথোপকথন করিতেন তদ্দ্বারা এই সম্ভব বোধ হয় যে তিনি ঐ সকল বিষয় কেবল কবিগণের রচিত বাক্য জ্ঞান করিয়া মনে ২ তাহাদের প্রতি অশ্রদ্ধা ও ঘৃণা করিতেন, এবং জগতের সৃষ্টি ও পালনকর্ত্তা ও সত্য অদ্বিতীয় যে ঈশ্বর তাঁহাকেই কেবল বিশ্বাস করিতেন, অর্থাৎ ব্রহ্ম জ্ঞানী ছিলেন।

সোক্রাটির * বিপক্ষে মন্ত্রণা প্রকাশ হওয়াতেই তাঁহার বন্ধু সকল তাঁহার রক্ষার জন্য উদ্যোগ করিতে আরম্ভ করিলেন। লাইসিয়* নামক এক জন সে কালের অতি উপযুক্ত বক্তা সোক্রাটির*রক্ষার কারণ পরিশ্রম পূর্ব্বক একখান বিনয় পত্র প্রস্তুত করিয়া আনিয়া দিলেন; তাহাতে এমত ২ করুণাজনক বাক্য ছিল যে অতি কঠিন অন্তঃকরণেও কৃপা উপস্থিত হয়। সোক্রাটি * তাহা অতি আহ্লাদ পূর্ব্বক পাঠ করিয়া বিস্তর প্রশংসা করিলেন, কিন্তু

তাহা অলঙ্কার শাস্ত্রের নিয়মানুসারে হইয়াছিল, বিজ্ঞান শাস্ত্রজ্ঞের মত প্রমাণ হয় নাই, এই প্রযুক্ত তিনি তাঁহাকে স্পষ্ট কহিলেন, যে ইহা আমার উপযুক্ত নহে। ইহাতে লাইসিয় * জিজ্ঞাসা করিলেন, ইহা যদ্যপি উত্তম হইয়া থাকে তবে তোমার উপযুক্ত হয় নাই সে কেমন? তাহাতে সোক্রাটি * আপন রীত্যনুসারে একটা সামান্য উপমা দিয়া উত্তর করিলেন, যথা এক জন অতি উপযুক্ত শিল্পী সুন্দর পরিচ্ছদ কিম্বা স্বর্ণভূষিত চর্ম্মপাদুকা যথাসাধ্য যত্ন পূর্ব্বক প্রস্তুত করিলেও হইতে পারে তাহা আমার উপযুক্ত হইবে না। অতএব তিনি নিজ প্রতিজ্ঞা মত এই স্থির করিলেন, যে এক্ষণে অন্যে যেরূপ নীচতা স্বীকার পূর্ব্বক অনুগ্রহ প্রার্থনা করে, আমি সেরূপ কোনমতে পারিব না। তিনি কোন উপায় বা বক্তৃতার অলঙ্কার বা বিনয় বাক্য ব্যবহার করেন নাই, এবং বিচারকর্ত্তাদের অনুগ্রহ পাইবার জন্য আপন স্ত্রী ও সন্তানদিগকে ক্রন্দন ও বিলাপ করিতে আনয়ন করেন নাই। তিনি আপন বাক্য ভিন্ন অন্যের মধ্যস্থতার প্রয়োজন করেন নাই বটে, এবং বিচারাধ্যক্ষদের সম্মুখে নিবেদকের ন্যায় বিনয়ী ও নম্রূপে উপস্থিত হয়েন নাই বটে, কিন্তু এতাদৃশ আচরণ অহঙ্কার কিম্বা বিচারসভার প্রতি ঘৃণা জন্য হইয়াছিল এমত নহে, কেবল আপন মহত্ত্ব ও নির্দোষতার জ্ঞানহইতেই হইয়াছিল, অতএব প্রত্যুত্তর সকল ক্ষীণ ভাষায় না দিয়া বরং নিরুদ্বেগে অথচ বিনা ক্রোধে এবং বিজ্ঞান শাস্ত্রজ্ঞের মতে কহিতে লাগিলেন, এবং কথনের অলঙ্কার জন্য নির্দোষতা ও সত্য ভাষা ভিন্ন অন্য ভাষা ব্যবহার করেন নাই। প্লেটো * তৎস্থানে বর্ত্তমান থাকিয়া ঐ কথোপকথনের শুদ্ধ প্রতিলিপি করিয়া তাহাহইতে এক

গ্রান গ্রন্থ প্রস্তুত করিয়া তাহার নাম সোক্রাটির* বিনয় পুস্তক রাখিয়াছেন; তাহা প্রাচীন কালের গ্রন্থ সকলের মধ্যে অতি শ্রেষ্ঠরূপে গণ্য হয়, তাহার সার ভাগ সংগ্রহ করিয়া পশ্চাৎ লিখিতেছি।

সোক্রাটির* পরীক্ষার নিরূপিত দিবসে উভয় পক্ষ বিচার-কর্ত্তাদের সম্মুখে উপস্থিত হইয়া মিলিট* বাক্যের সূত্র তুলিলেন; এবং ঐ পূর্ব্বোক্ত অপবাদ সকল সপ্রমাণ করিবার ভাল সুযোগ না থাকাতে তিনি নানাবিধ উপায় করিয়া সোক্রাটিকে* দোষী করিবার চেষ্টায় কোন মতে ত্রুটি করেন নাই। ঐ পণ্ডিত যাহাতে দোষী হয়েন এমত কিছুমাত্র কারণ প্রকাশ করিতে অক্ষম হইয়া কেবল প্রগল্‌ভ বক্তৃতাই করিলেন। ইহাতে সোক্রাটি* উত্তর করিলেন যে এইং রূপ কথায় কিপ্রকারে আমার দোষ বর্ত্তে তাহা আমি বুঝিতে পারিলাম না, এবং ইহাতে বিচারাধ্যক্ষদের মনে কিরূপ জ্ঞান হইয়াছে তাহা তাঁহারাই কহিতে পারেন; যেহেতুক মিলিট* সম্ভব রূপে বিতণ্ডা করিলেন, কিন্তু তন্মধ্যে একটা কথাও সত্য নহে।

সোক্রাটির* বিনয় বচন এই, যথা হে আথিনীয়েরা* আমার এই অপবাদ হইয়াছে যে আমি যুবাদিগকে ধর্ম্ম ও রাজ্যবিষয়ে মন্দোপদেশ দিয়া থাকি; কিন্তু তোমরাও অবগত আছ যে আমার শিক্ষা করান জীবিকা নহে, এবং কোন ব্যক্তি সম্পূর্ণ দ্বেষ করিয়াও কহিতে পারেন না, যে আমি কোনকালে শিখাইয়া বেতন লইয়াছি, তাহার প্রমাণ আমার দরিদ্রতা। আমি দরিদ্র ও অর্থিদিগকে তুল্য জ্ঞান করি, এ নিমিত্তে সকলেই স্বেচ্ছানুসারে আমাকে প্রশ্নোত্তর করিয়া থাকেন; ইহার মধ্যে যদ্যপি কেহ ধার্ম্মিক হওনাকাঙ্ক্ষী

হয়েন তবে আমি তাঁহাকে ঐ পথগামী করিতে সাধ্যমত চেষ্টা পাই; কিন্তু আমার সাহায্য ভিন্ন যদ্যপি কেহ কেবল আমার বাক্য শুনিয়াই ধার্ম্মিক বা অধার্ম্মিক হয়েন তাহাতে আমার যশ ও অপযশের বিষয় কি? আমার কর্ম্মই এই যে যুবা ও প্রাচীন লোকে স্বস্ব শরীর ও ধন এবং অন্যান্য অনিত্য বিষয়ে অতিরিক্ত প্রেম করিলে আমি তাহাদিগকে তৎ২ বিষয়ে নিষেধ করি, এবং এত প্রেমপাত্র যে আত্মা তাহার প্রতি কেহ তাচ্ছীল্য করিলে আমি তাহাদিগকে তিরস্কার করি, অপর আমি সর্ব্বদাই কহিয়া থাকি, যে ধনহইতে ধর্ম্মের উৎপত্তি হয় না, বরং ধর্ম্মহইতে ধনের উৎপত্তি ও মানব জন্মের তাবৎ শুভ হয়।

যদ্যপি এই২ রূপ উপদেশদ্বারা যুবা ব্যক্তিবা মন্দ হয়েন তবে আমি অপরাধী ও দণ্ডযোগ্য এমত স্বীকার করি; এবং এইক্ষণে যাহা কহিলাম তাহা যদ্যপি সত্য না হয় তাহাতেও তোমরা আমাকে মিথ্যাবাদী কহিয়া অনায়াসে দোষী করিতে পার। এই স্থানে আমার বহু শিষ্য বর্ত্তমান আছেন, তাঁহারা আমার প্রতি ভক্তিজন্য বুঝি আমার অপরাধ কহিবেন না; কিন্তু তাঁহাদের পিতা ও ভ্রাত্রাদি আপন সন্তানদিগকে ও সহোদরাদিদিগকে মন্দ করণজন্য অবশ্যই আমার প্রতিহিংসা করিতে চেষ্টা করিবেন, কিন্তু দেখ তাঁহারাই আমার রক্ষার্থে প্রার্থনা করিতেছেন।

অহে আথিনীবাসি সকল, তোমাদের যাহা ইচ্ছা হয় সেই দণ্ড আমার কর, কিন্তু আমি নিজ আচরণ পরিবর্ত্ত বা তজ্জন্য খেদ কখন করিব না, এবং সহবাসিদিগকে উপদেশ দিতে ঈশ্বরদত্ত যে ভার তাহাও কখন স্থগিত করিতে পারিব না। আমাদের সেনাপতিগণ পোটিডিয়া† ও আম্ফি-

পোলি * এবং ডিলিয়ের † যুদ্ধের সময় আমাকে যেং পদে নিযুক্ত করিয়াছিলেন তন্মধ্যে আমি মৃত্যু ভয় ত্যাগ করিয়া রণ করিয়া ছিলাম ; কিন্তু যদ্যপি এইক্ষণে সেই প্রাণভয়ে পরমেশ্বর-দত্ত কর্ম্ম অর্থাৎ বেদাভ্যাস করিবার ও অন্যকে তাহা শিক্ষাই-বার কর্ম্ম ত্যাগ করি, তবে আমি অতিশয় পাপ গ্রস্ত হইব, ও তা-হাতেই আমার দেবতা অবিশ্বাস করণের অপবাদ সত্য হইবে, এবং আমি তোমাদের নিকটে যথার্থ দোষী হইব।

হে আথিনীয়েরা, যদ্যপি তোমরা আমাকে মুক্ত কর, তত্রাপি আমি নির্ভয়ে কহিব, যে আমি তোমাদিগকে সম্মান ও প্রেম করি বটে, কিন্তু তোমাদের অপেক্ষায় ঈশ্বরকে অধিক মান্য করি ; এবং যাবৎ আমার প্রাণ থাকিবে তাবৎ বেদ পরিত্যাগ করিব না, এবং তাবৎ নিজরীত্যনুসারে তোমাদিগকে এইরূপ উপদেশ দিব ও অনুযোগ করিব। যে হে বন্ধুগণ, তোমরা জ্ঞান ও সাহসজন্য পৃথিবীর মধ্যে এমত প্রসিদ্ধ নগরনিবাসী হইয়াও জ্ঞান ও সত্যতা ও পরিদেবনা এবং আত্মাকে সৎ করিতে তাচ্ছীল্য করিয়া অনিত্য ধন ও গৌরব এবং সম্ভ্রম পাইবার চেষ্টা করিতে কি তোমাদের লজ্জা হয় না?

তোমরা আমাকে ভীরু কহিয়া এইরূপ নিন্দা করিয়া থাক যে আমি সকলকে গোপনে উপদেশ দিয়া থাকি, কিন্তু তোমাদের সভায় উপস্থিত হইয়া স্বদেশের মঙ্গলার্থে কখনও পরামর্শ দেই নাই ; কিন্তু আমি জ্ঞান করি যে আমার যথেষ্ট সাহস প্রকাশ হইয়াছে, কেননা সংগ্রামক্ষেত্রে তোমাদের সহিত রণ করিয়াছি ; এবং আর্জ্জিনিউসি † উপদ্বীপের নিকটে সমুদ্রযুদ্ধের সময় যে সকল লোক হত্যা বা জলমগ্ন হইয়া ছিল, তাহাদের শব তুলিয়া দশজন ডিঙ্গাপতি অন্ত্যেষ্টি ক্রিয়া-দি করেন নাই, এইজন্য তোমরা সেনেট সভায় তাহাদের

প্রতি যে অযথার্থ আজ্ঞা দিয়াছিলা তাহাতে আমি প্রতি-যাগ করিয়াছিলাম। এতদ্ভিন্ন বহু বিষয়ে ত্রিংশৎ জন উপদ্রবির নিষ্ঠুর আজ্ঞায় প্রতিযোগ করিয়াছি।

অতএব আমি যে দৈব আজ্ঞার বিষয় সর্ব্বদা কহিয়া থাকি, এবং যাহা উপহাস করণজন্য মিলিট * এতপরিশ্রম করিয়াছেন, তাহা ভিন্ন তোমাদের সভায় যাওনে আমার অন্য বাধা কি ? ঐ আজ্ঞা আমি বাল্যকালাবধি মান্য করিয়া থাকি, এবং যখন আমি কোন অনুচিত কর্ম্ম করিতে মনস্থির করি, তখন সেই স্বরের নিষেধোক্তি ব্যতিরেকে সেই স্বর আমি আর কখন শুনিতে পাই না; এবং ঐ নিষেধ জন্যই আমি রাজ্যের কোন বিষয়ে প্রবৃত্ত হই নাই, তাহা আমার পক্ষে ভাগ্যের বিষয়, কারণ আমি রাজ্য বিষয়ে প্রবৃত্ত হইয়া দেশের কোন উপকার দর্শাইতে না পারিলে ইহার বহুকাল পূর্ব্বে আমার বিনাশ হইত।

আমি তোমাদিগকে এই বিনতি করি, যে আমি স্বরূপে ও নির্ভয়ে আপন মনের ভাব ব্যক্ত করিলে বিরূপ হইও না। যথা যদ্যপি কোন ব্যক্তি আমাদিগের বা অন্য কাহার মধ্যে তাবৎ জাতির বিপক্ষ হইয়া ব্যবস্থা ভঙ্গ অথবা রাজ্যের অবিচার নিবারণ করণার্থে চেষ্টা করে, তবে তাহার শাস্তিবিষয়ে বড় বিলম্ব হয় না। এই প্রযুক্ত কোন ব্যক্তি বিচারাকাঙ্খী হইয়া যদ্যপি বাঁচনের ইচ্ছা করেন, তবে তাঁহার উচিত এই যে তিনি গুপ্ত ভাবে থাকিয়া রাজ্যবিষয়ে নিঃসম্পর্কথাকেন।

অপর অহে আথিনীয়েরা, এখন আমার বিপদ কাল বটে, কিন্তু অন্যান্য লোক সকলে আমার অপেক্ষায় লঘু আপদগ্রস্ত হইয়াও আপনাদের সন্তান সন্ততি ও আত্মীয় অন্তরঙ্গ এবং বন্ধুবান্ধবদিগকে বিচারকর্ত্তাদিগের সম্মুখে আনয়ন পূর্ব্বক ক্রন্দনদ্বারা যে রূপ তাঁহাদের স্তুতি বিনয় করিয়া থাকেন

সেরূপ আমি করিব না, কিন্তু তাহা অহঙ্কার বা তোমাদিগের প্রতি ঘৃণা জন্য নহে, বরং তোমাদের ও সমস্ত দেশের সম্ভ্রম জন্য। তোমরাও অবগত আছ যে আমাদের মধ্যে এমত অনেক লোক আছেন যাঁহারা মৃত্যুকে অহিতজ্ঞান না করিয়া অবিচার ও অখ্যাতিকেই অহিত জ্ঞান করেন। আমি এত কাল মৃত্যুভয়কে ঘৃণা করিতে অন্যকে উপদেশ দিয়া, আমার এই প্রাচীন বয়ঃক্রমে ও সুখ্যাতির মধ্যে তাহা সত্য বা মিথ্যাই হউক, যদ্যপি আমি আপনি শেষাবস্থায় এই ক্ষণে সেই মৃত্যুর শঙ্কা করি তবে আমার পূর্ব্ব মত ও উপদেশ সকল তাবতই মিথ্যা হইবে।

আমি আপন সুখ্যাতির বিষয় কিছুমাত্র কহিব না, কারণ যদ্যপি আমার সত্য সুখ্যাতি থাকে, তবে তাহা স্বমুখে ব্যক্ত করিলে তাহার বৃদ্ধি করা দূরে থাকুক বরং হানি ই করিব; কিন্তু আত্মশ্লাঘা ব্যতিরিক্ত ইহা কহিতে পারি, যে বিচারাধ্যক্ষকে বিনয় করণ বা বিনয়দ্বারা মুক্ত হওন অতি অনুচিত, তাঁহাকে কেবল বিষয় অবগত মাত্র করা উচিত; যেহেতুক বিচারকর্ত্তা ব্যবস্থা অন্যথা পূর্ব্বক কাহারও প্রতি অনুকূল হয়েন এমত কর্ত্তব্য নহে, কিন্তু তাঁহাকে ব্যবস্থামত বিচার করিতে হয়; এবং তাঁহার শপথ করণের তাৎপর্য্য কিছু এমত নহে যে তিনি যাঁহাকে স্বেচ্ছা তাঁহাকেই মুক্ত করিবেন কিন্তু যিনি যেমত দণ্ডযোগ্য হইবেন তাঁহাকে সেই মত করিবেন। এই প্রযুক্ত আমরা তোমাদিগকে মিথ্যা শপথ করিতে অভ্যাস করাইব না, এবং তোমাদিগেরও ইহা অভ্যাস করা উচিত নহে, কারণ তদ্দ্বারা বিচার ও ধর্ম্ম ভঙ্গ করণ জন্য আমাদিগকে এবং তোমাদিগকে অপরাধী হইতে হয়।

অতএব অহে আথিনীয়েরা, তোমরা এমত মনে করিও না যে তোমাদের ক্ষমা প্রাপ্তি হইবার জন্য আমি কোন অন্যায়

উপায় করিব, বিশেষতঃ এমত বিষয়ে যাহাতে মেলিট *
আমার অধর্ম্মের অপবাদ দিয়াছেন; কারণ যদ্যপি আমি
বিনয় ও স্তবদ্বারা তোমাদের শপথ ভঙ্গ করিতে প্রবৃত্তি জন্মাই
তবে সকলের স্পষ্টরূপ এই জ্ঞান হইবে যে আমি দেবতাদিগের
অমান্য করিতে তোমাদিগকে শিক্ষা দিতেছি, এবং তাহাতে
আমার বিপক্ষেরা যথার্থই কহিতে পারিবেন, যে আমি কোন
দেবতাদিগকে সত্য বিশ্বাস করি না। আমার নাস্তিক ভাব
নহে, বরং আমার অপবাদকদেরহইতে ঈশ্বরের অস্তিত্ব
জ্ঞান আমার অধিক আছে, অতএব আমার বিচারের ভার
পরমেশ্বরকে ও তোমাদিগকে দিলাম, ইহাতে তোমাদের
যেমত বিবেচনাসিদ্ধ হয় সেই মতই কর।

সোক্রাটি * এই সকল কথা নির্ভয়ে ও দৃঢ়স্বরে কহিলেন,
এবং তাঁহার বদনে বা ভাবদ্বারা কিছুমাত্র দোষ বোধ হইল
না, বরং তাঁহার কথায় এমত বোধ হইয়াছিল যে তিনি
বিচারকর্ত্তাদের উপদেশক, কিন্তু ইহাতেও তাঁহার স্বাভা-
বিক লজ্জাশীলতার কিছুমাত্র অন্যথা হয় নাই। যাহা হউক
তাঁহার অপবাদকদের কোন গ্রাহ্য প্রমাণ ছিল না বটে,
কিন্তু তাঁহাদের এমত শক্তি ছিল যে তদ্দ্বারা তাহারা তাঁহাকে
দোষী করিল। প্রথম আজ্ঞায় কেবল তাঁহার দোষ নিশ্চয় হইল;
কিন্তু তিনি ক্ষান্ত না হইয়া আপনি নির্দোষ এমত কহিয়া
যথার্থ বিচার এবং রাজ্যহইতে পুরস্কার ও মর্য্যাদা প্রার্থনা
করাতে বিচারাধ্যক্ষেরা তাঁহার প্রতি রুষ্ট হইয়া তাঁহাকে
হেমলাক্ নামক বিষবৃক্ষের রস পান করিতে আজ্ঞা করিলেন;
সেকালে আথিনীর † মধ্যে অপরাধিকে বধ করিবার ঐ রীতি
ছিল। সোক্রাটি * এই আজ্ঞা অতি সুস্থরূপে গ্রহণ করিলেন;
কিন্তু আপলোডোর * নামক তাঁহার এক জন শিষ্য দুর্ব্বাক্য

কহিয়া এবং বিস্তর বিলাপ করিয়া কহিলেন, হায় কি খেদের বিষয়! আমার গুরুকে নিরপরাধে মরিতে হইল। ইহাতে সোক্রাটি * ঈষদ্ধাস্য করিয়া তাঁহাকে কহিলেন যে আমি অপরাধী হইয়া মরি এই কি তোমার বাঞ্ছা? মিলিট * এবং আনিটের * জন্য আমাকে মরিতে হইবে বটে কিন্তু তাহায় আমার ক্ষতি কি?

সোক্রাটি * যে রূপ শান্ত অথচ সাহস যুক্ত হইয়া দুরাত্মা-দিগকে সশঙ্কিত রাখিতেন ও ধর্ম্মার্থ উপদেশ দিতেন, সেইরূপ সাহস ও শান্তভাব তাঁহার মৃত্যু আজ্ঞার পরও রহিল। তিনি কারাগারে প্রবিষ্ট হইলে তাঁহার বন্ধু গণও তাঁহার পশ্চাৎ তথায় গমন করিলেন, অতএব কারাগার এইক্ষণে ধার্ম্মিক ও সাধুর বাসস্থান হইল। তাঁহার অপরাধী হওনাবধি মৃত্যু পর্য্যন্ত ত্রিংশৎ দিবস ক্রমিক ঐ বন্ধুরা তাঁহার সহিত সাক্ষাৎ করিয়াছিলেন। তাঁহাকে বধ করণে এতাদৃশ বিলম্ব হওনের কারণ এই। যথা আথিনীয়েরা * প্রতিবৎসর ডিল * উপদ্বীপে তত্রস্থ দেবতার উদ্দেশে বলিদান করিতে এক২ খান ডিঙ্গা প্রেরণ করিত, এবং আপলো * দেবের পুরোহিতদ্বারা ঐ ডিঙ্গার পশ্চাৎভাগ অভিষেক হওনাবধি তাহার স্বদেশে পুনরাগমন পর্য্যন্ত নগরের মধ্যে কাহাকেও বধ করা যাইত না; অতএব যেদিবসে ঐ ডিঙ্গার অভিষেক হইয়াছিল, তৎপর দিবসে সোক্রাটির * মৃত্যু আজ্ঞা হওয়াতে ঐ ডিঙ্গার পুনরাগমন পযান্ত তাঁহার হত্যা স্থগিত রহিল।

এই সময়ের মধ্যে তাঁহার কালের ভয় দর্শন হইতে পারিত, এবং কারাগারের কাঠিন্যে ও পদদ্বয়ের নিগড়েতে এবং নিশ্চয় মৃত্যুর আতঙ্কে তাঁহার সাহসেরও পরীক্ষা হইতে

পারিত। কিন্তু তাঁহার বন্ধুগণ তাঁহার যে গম্ভীর সুস্থিরতার কারণ সর্ব্বদা প্রশংসা করিতেন তাহা এতাদৃশ দুঃখিত অবস্থায়ও ছিল; তিনি আপন স্বাভাবিক প্রফুল্ল বদনে বন্ধুগণের সহিত কথোপকথন করিয়া ছিলেন। ক্রাইটো * কহেন যে তাঁহার মৃত্যু দিবসের পূর্ব্ব রজনীতে তিনি অন্য সময়ের ন্যায় স্বচ্ছন্দে ও নিরুদ্বেগে নিদ্রা গিয়াছিলেন। তিনি আপলো * ও ডাইএনার * নামে ধর্ম্ম গান প্রস্তুত করিয়াছিলেন, এবং ইসপের * এক ইতিহাস পদ্য রচনা করিয়াছিলেন।

সোক্রাটির * মৃত্যু ভয় প্রায় কিছুই হয় নাই, কেননা কারাগারহইতে পলায়ন করিতে সক্ষম হইয়াও তাহা করেন নাই; কারণ যে দিবসে ঐ পূর্ব্বোক্ত ডিঙ্গা পুনরাগমন করিল তৎপূর্ব্ব দিবসে বা তদ্দিবসে ক্রাইটো * নামক তাঁহার এক জন অতি আত্মীয় বন্ধু আসিয়া তাঁহাকে কহিলেন, অহে বন্ধো, তুমি এইক্ষণে কারাগারহইতে অনায়াসে পলায়ন করিতে পার, কারণ কারাগার রক্ষককে বশীভূত করা গিয়াছে, তিনি তোমার কারণ কারাগারদ্বার খুলিয়া রাখিবেন, অতএব তোমার যদ্যপি বাঞ্ছা হয় তবে স্বচ্ছন্দে থেসেলিতে † প্রস্থান কর। ইহাতে সোক্রাটি * হাস্য করিয়া প্রশ্ন করিলেন যে হে বন্ধো, আটিকা * হইতে প্রস্থান করিয়া অন্য কোন স্থানে বাস করিলে কি মৃত্যু হয় না? ক্রাইটো * নানা প্রকার বিতণ্ডা করিয়া তাঁহাকে ঐ উপায় গ্রাহ্য করিতে লওয়াইতে লাগিলেন; সোক্রাটিও * তাহার বাক্য সকল অতিশয় মনোযোগ পূর্ব্বক শ্রবণ করিয়া এতাদৃশ ব্যগ্রতা ও অনুগ্রহ জন্য তাঁহাকে বিস্তর প্রশংসা এবং ধন্যবাদ করিলেন; কিন্তু তাঁহার মতে সম্মত না হইয়া এই প্রশ্ন করিলেন যে আথিনীয়দের সম্মতি ব্যতিরিক্ত কারাগার

হইতে পলায়ন করা উচিত কি না? এই প্রশ্নের ভাব এই যে কোন ব্যক্তির উপর ন্যায় বা অন্যায়রূপে মৃত্যুর আজ্ঞা হইলে, তিনি যদ্যপি পলায়ন বা অন্য প্রকারে মুক্ত হয়েন তবে তাঁহার অপরাধ হয় কি না? পরে সোক্রাটি * আপনিই কহিলেন যে তাহাতে অবশ্য দোষ হয়; এই প্রযুক্ত তিনি কারাগারহইতে পলায়ন করিতে অসম্মত হইলেন। তিনি স্বদেশের ব্যবস্থা সকল মান্য করিতেন, অতএব মৃত্যুবিষয়েও সে সকল মানিতে প্রতিজ্ঞা করিলেন।

শেষে পূর্ব্বোক্ত ডিঙ্গা আথিনীতে† পুনরাগমন করিয়া সোক্রাটির * মৃত্যুর এক প্রকার সঙ্কেতস্বরূপ হইল। তৎপর দিবস প্রত্যূষে তাহার বন্ধুগণ কারাগারে গমন করিলেন, কেবল প্লেটো * শারীরিক কোন পীড়াজন্য যাইতে পারেন নাই। কারাগাররক্ষক তাঁহাদিগকে কিঞ্চিৎ কাল অপেক্ষা করিতে কহিলেন, যে একাদশ বিচারাধ্যক্ষের প্রতি বন্দিগণের তত্ত্বাবধারণ করণের ভার আছে, তাঁহারা সোক্রাটিকে * অবগত করিতেছেন, যে তাঁহাকে সে দিবসে মরিতে হইবে। পরে তাঁহার বন্ধুগণ কারাগার প্রবিষ্ট হইয়া দেখিলেন, যে তিনি শৃঙ্খল হইতে মুক্ত হইয়া তাঁহার স্ত্রী সান্তিপির * নিকট বসিয়াছেন, এবং উহার ক্রোড়ে তাঁহার এক সন্তান আছে। ঐ স্ত্রী তাঁহাদিগকে দেখিবা মাত্র নিজ বদনে নখাঘাত এবং কেশছিন্ন করত উচ্চৈঃস্বরে রোদন করিয়া কহিতে লাগিলেন, যে অহে প্রিয় সোক্রাটি, * তোমার বন্ধুগণ তোমার নিকট চিরকালের কারণ বিদায় হইতে আসিয়াছেন। এই নিমিত্ত তিনি সান্তিপিকে * বাটী লইয়া যাইতে আজ্ঞা করিলে নিকটস্থ লোকেরা তাঁহাকে তৎক্ষণাৎ লইয়া গেল।

সোক্রাটি* বন্ধুগণের সহিত প্রফুল্লরূপে মনুষ্যের মনোযোগ যোগ্য এবং তৎকালোপযুক্ত এক প্রধান বিষয়ে অর্থাৎ আত্মার অনাশ্য বিষয়ে কথোপকথন করিয়া দিবসের অবশিষ্ট কাল যাপন করিলেন। ঐ কথোপকথন হঠাৎ এই প্রশ্নহইতে উঠিয়াছিল, যে সত্য জ্ঞানির মৃত্যুবাঞ্ছা ও তাহা চেষ্টা করা উচিত কি না? ইহার সামান্য অর্থ এই, যে পণ্ডিত আত্মহত্যা করিলে ক্ষতি নাই। কিন্তু সোক্রাটি* কহিলেন এ রূপ জ্ঞান অতি অন্যায়, কারণ পরমেশ্বর আপন হস্তে মনুষ্যগণকে স্বস্বপদে রাখিয়াছেন, অতএব তাঁহার আজ্ঞা ব্যতিরেকে কোন ব্যক্তি অসঙ্গত মতে এ দেহ ত্যাগ করিতে পারে না। তবে যে জ্ঞানি ব্যক্তি মৃত্যু প্রার্থনা করেন ইহার কারণ কি? তাহা কেবল পরকালে সুখভোগের আশাহইতে হয়; এবং আত্মা অনাশ্য কেবল এইরূপ জ্ঞানহইতে সে আশা জন্মে।

সোক্রাটি* মৃত্যুদিবসে কেবল ঐ প্রধান বিষয়ের কথোপকথন করিয়া বন্ধুগণকে সম্ভাষ করিলেন। ঐ কথোপকথনহইতে প্লেটো* ফাডনা নামে আপন প্রসিদ্ধ গ্রন্থ সমুদায় সংগ্রহ করিয়াছেন। অপর আত্মা যে অমর তাহা সম্যক্ প্রকারে বন্ধুগণকে বুঝাইলেন, কারণ সে বিষয়ে এইক্ষণে যে সকল কোটি হইয়া থাকে প্রায় সেইরূপ তাবৎ কোটির মীমাংসা তিনি সেই সময়ে করিয়াছিলেন।

সোক্রাটির* বাক্য সমাপ্ত হইলে ক্রাইটো* এই নিবেদন করিলেন, তুমি আমাকে ও তোমার অন্যান্য বন্ধুদিগকে তোমার সন্তানদিগের বিষয়ে এবং অন্য প্রকার কোন বিষয়ে শেষ উপদেশ দেও, যে আমরা তদনুসারে চলিয়া তোমাকে ভক্তি পূর্ব্বক স্মরণ করিব। সোক্রাটি* উত্তর করিলেন,

আমি তোমাদিগকে সাবধান থাকিবার বিষয় যে উপদেশ দিয়াছি তাহা ভিন্ন অন্য কিছু অধিক কহিব না, কারণ তোমরা সে উপদেশ মান্য করিলে আমার ও আমার পরিবারের যে রূপ সন্তোষ হইবে সে রূপ অন্য কিছুতেই হইবে না। পরে ক্রাইটো* জিজ্ঞাসা করিলেন, তোমার মৃত্যুর পর কি রূপ সমাধি দিলে তোমার মনোমত হয়? ইহাতে সোক্রাটি* উত্তর করিলেন, যদ্যপি তুমি আমাকে ধরিয়া রাখিতে পার, তবে তোমার যে রূপ ইচ্ছা সেই রূপে দিও। অপর তিনি বন্ধুগণের প্রতি অবলোকন করিয়া ঈষদ্দাস্য করতঃ কহিলেন আমি যে তোমাদিগের সহিত কথোপকথন করিতেছি এমত ক্রাইটো* বোধ করেন না, কারণ তিনি আমাকে সোক্রাটি* জ্ঞান না করিয়া সর্ব্বদাই আমাকে ভুলিয়া সেই শব ভাবিতেছেন, যাহা তিনি ক্ষণেক কাল পরে দেখিতে পাই-বেন, নতুবা আমার সমাধির বিষয় জিজ্ঞাসা করেন কেন? তিনি এই সকল কথা বার্ত্তা সমাপ্ত করিয়া গাত্রোত্থান পূর্ব্বক নিকট-বর্ত্তি এক কুঠরীতে স্নানার্থ গমন করিলেন। কিঞ্চিৎ বিলম্বে স্নানাগারহইতে আইলে তাঁহার তিনটী সন্তানকে তাঁ-হার নিকটে আনা গেল, তাহার মধ্যে দুইটী অতি শিশু কিন্তু অন্যটী বয়ঃপ্রাপ্ত হইয়াছিল। তিনি তাহাদের সহিত কিঞ্চিৎ কাল কথাবার্ত্তা কহিয়া ধাত্রিদিগকে তাহাদের বিষয়ে আপন কথা আজ্ঞা দিয়া তাহাদিগকে বিদায় করিয়া আপন কুঠরীতে নিজ শয্যায় শয়ন করিলেন।

তৎক্ষণাৎ পূর্ব্বোক্ত একাদশ অধ্যক্ষের কিঙ্কর আসিয়া তাঁহাকে কহিল যে সূর্য্যের অস্তকাল হওয়াতে তোমার বিষ বৃক্ষের রস পান করিবার সময় হইয়াছে, কিন্তু সে ব্যক্তি ইহা কহিয়া অত্যন্ত খেদ প্রযুক্ত মুখ ফিরাইয়া রোদন করিতে

লাগিল। তাহা দেখিয়া সোক্রাটি* কহিলেন, হায় এ ব্যক্তির কিবা সদন্তঃকরণ! যে হেতুক আমার কারাবদ্ধ হওনাবধি এ ব্যক্তি সতত আমার সহিত সাক্ষাৎ করিতে ও কথাবার্ত্তা কহিতে আসিয়াছে; এব্যক্তি সকল দাসের অপেক্ষায় উত্তম, এ আমার জন্য আন্তরিক রোদন করিতেছে। পরে ঐ দাস নাশ্য-পান পাত্র আনিয়া দিলে সোক্রাটি* জিজ্ঞাসা করিলেন আমাকে কিং রূপ করিতে হইবে? দাস উত্তর করিল, যে তোমাকে কেবল সমুদায় বিষ পান করিয়া পদদ্বয় শ্রান্ত হওন পর্য্যন্ত হাঁটিয়া বেড়াইয়া শয্যায় শয়ন করিতে হইবে। এই রূপ কথাবার্ত্তার পর সোক্রাটি* কোন মনস্তাপ ব্যতিরেকে এবং প্রফুল্ল বদনে ঐ পানপাত্র গ্রহণ করিলেন, এবং ঐ দাসকে কিঞ্চিৎ কাল স্থির চক্ষুতে দৃষ্টি করিয়া কহিলেন, যে এই বিষের তর্পণ হইতে পারে কি না? দাস কহিল যে ইহা কেবল এক জনের উপযুক্ত আছে। ইহাতে সোক্রাটি* পুনর্ব্বার কহিলেন, যে ইহা নিবেদন করিয়া ইহকালে মুক্তি এবং পরকালের সুখের জন্য পরমেশ্বরকে পূজা করিতে পারিব? ইহা ভিন্ন আমার আর কিছু অভিপ্রায় নাই। এই রূপ কথনান্তর সোক্রাটি* ক্ষণেক স্তম্ভিত থাকিয়া পাত্রস্থ সমুদায় বিষ পান করিলেন, কিন্তু ইহাতেও তাঁহার যে কিরূপ নির্ভয়তা ও শান্ত মূর্ত্তি ছিল তাহা বাক্যদ্বারা অথবা লিখিয়া প্রকাশ করা যাইতে পারে না।

তাঁহার বন্ধুগণ ঐ পর্য্যন্তও স্থির হইয়াছিলেন, কিন্তু তিনি বিষপান করিবা মাত্র তাঁহারা আর সহিতে না পারিয়া ক্রন্দনারম্ভ করিলেন, বিশেষত আপলোডোর* যাঁহার তাবৎ দিবস অশ্রুপাত হইয়াছিল, তিনি ঐক্ষণে এমত চীৎকার ধ্বনি পূর্ব্বক রোদন করিতে লাগিলেন, যে তদ্দারা তত্রস্থ তাবতের অন্তঃকরণ

বিদীর্ণ হইয়া সকলে অস্থির হইল ; কিন্তু সোক্রাটির * অস্থির হওয়া দূরে থাকুক, বরং তিনি বন্ধুগণকে স্বাভাবিক সান্ত্বনা পূর্ব্বক তিরস্কার করিয়াছিলেন। যথা অহে বন্ধুগণ, তোমরা কি করিতেছ ? তোমাদের এতাদৃশ রোদনে আমার আশ্চর্য্য বোধ হইতেছে; হায় সহ্যগুণ তোমাদের কি হইল ! তোমরা যদ্যপি এরূপ করিবা তবে আমি স্ত্রীলোকদিগকে কিজন্য বিদায় করিয়া দিলাম ? অপর তোমরাই সর্ব্বদা কহিয়াছ, যে মৃত্যু কালীন আমাদের মন স্বচ্ছন্দ করিয়া দেবতাদের স্মরণ করা উচিত, অতএব স্থির হও। ইহা কহিয়া তিনি তাঁহা-দিগকে এক প্রকার শান্ত করিলেন।

তৎকালীন তিনি পূর্ব্বোক্ত দাসের কথা প্রমাণ অগ্র পশ্চাৎ বেড়াইয়া পদদ্বয় ক্লান্ত হইলে চিত হইয়া শয়ন করিলেন ; তখন বিষ ক্রমে কার্য্য করিতে লাগিল। পরে বিষ অন্তঃকরণে প্রবিষ্ট হইতেছে অনুভব করিয়া অন্তকালে স্বচ্ছন্দ থাকিবার জন্য যে বস্ত্রদ্বারা বদন আচ্ছাদিত করিয়াছিলেন তাহা অনাচ্ছাদিত করিয়া তিনি ক্রাইটোর * প্রতি সম্বোধন করিয়া কহিলেন, যে হে বন্ধো, এস্কিউলেপিয় * দেবতার নিকট একটা কুক্কট মানত আছে, তাহা প্রদান করিও, বিস্মৃত হইও না। ইহা কহিবামাত্রই তাঁহার প্রাণ বিয়োগ হইল। পরে ক্রাইটো * তাঁহার শবের নিকট যাইয়া তাঁহার মুখ ও চক্ষুর্মুদ্রিত করিয়া দিলেন। এইরূপে পঁচানব্বই আলিম্পিয়ডের প্রথম বৎসরে এবং সত্তরি বৎসর বয়ঃক্রমে সোক্রাটির * মৃত্যু হইয়াছিল।

এই প্রধান ও মহৎ ব্যক্তির পরলোক প্রাপ্তি হওনের কিয়ৎকালপরে আথিনীয় † লোকেরা আপনাদের ভ্রম নিশ্চয়

করিয়া খেদ করিতে লাগিল, এবং তাঁহার প্রতি তাহাদের যে দ্বেষ ছিল তাহা এইরূপে অন্তর হওয়াতে ও আপনাদের কুকর্ম্ম ভাবাতে তাহাদের প্রকাশিত অন্যায় আজ্ঞার শঙ্কা সকল তাবতের মনে প্রত্যক্ষ হইতে লাগিল। নগরের মধ্যে প্রায় সকলেই কেবল তাঁহার গুণের কথোপকথন করিতে লাগিল। আকাডেমিতে ‡ ও লাইশিয়মে ‡ ও সকলের বাটীতে ও রাজপথে এবং তাবৎ প্রকাশিত স্থানে তাঁহার প্রিয়স্বরের যেন প্রতিধ্বনি শুনা যাইতে লাগিল। তাহারা কহিতে লাগিল, যে এই স্থানে তিনি আমাদের বালকদিগকে স্বদেশকে প্রেম করিতে ও পিতা মাতাকে সম্মান করিতে শিক্ষা দিয়াছেন; এই স্থানে তিনি আমাদিগকে উপদেশ দিয়াছেন, এবং আমাদিগকে ধর্ম্মপথগামী করিতে কখন ২ তিরস্কারও করিয়াছেন, হায়! আমরা এতাদৃশ উপকারের কিবা প্রত্যুপকার করিলাম। এইরূপে আথিনীব † সকল লোক দুঃখসাগরে মগ্ন হইল, ও বিদ্যালয় সকল এবং তাবৎ প্রকার ক্রীড়া অভ্যাস করা স্থগিত হইল। এমত নির্দ্দোষ ব্যক্তির মৃত্যুর হেতু হওন জন্য রাজ্যসম্পর্কীয়েরা অপবাদকদিগকে ডাকাইয়া মিলিটকে* হত্যা করিতে আজ্ঞা করিলেন এবং অন্যেরা দেশান্তর হইল। প্লুটার্ক* কহেন, যাঁহাদের ঐ কুকর্ম্মে কিছুমাত্র যোগ ছিল, তাহাদিগকে নগরবাসিরা এমত অশ্রদ্ধা করিতে লাগিল, যে কেহ তাহাদিগকে অগ্নি দিত না, ও তাহাদের কোন প্রশ্নে উত্তর করিত

‡ (Academy) আথিনীর † নিকট আকাডেমি † নামক এক মনোহর স্থান ছিল, তথায় প্লেটো* নামক পণ্ডিত আপন ছাত্রদিগকে বিজ্ঞান শাস্ত্রের উপদেশ দিতেন।

‡ (Lycæum) আটিকা † দেশস্থ আইলিস † নদীর তীরে লাইশিয়ম † নামক প্রসিদ্ধ রঙ্গস্থান ছিল সেখানে আরিষ্টাটল্* নামক পণ্ডিত নিজ বিজ্ঞান শাস্ত্র শিখাইতেন।

না, আর তাহারা যে স্নানাগারে যাইত তাহাতে আর কেহ যাইত না, বরং তাহারা কোন স্থানে স্নান করিলে তাহা পরিষ্কার করা যাইত, কেননা তাহা স্পর্শ করিলে পাছে শরীর অপবিত্র হয় এইরূপে তাহারা সাধারণ দলহইতে বহিষ্কৃত হইয়া অনেকে মনোদুঃখে আত্মঘাতী হইয়াছিল।

আথিনীয়েরা * সোক্রাটির * অপবাদিদিগকে এইরূপ শাস্তি দিয়াও ক্ষান্ত না হইয়া লাইসিপ * নামক এক জন প্রসিদ্ধ শিল্পির দ্বারা তাঁহার এক পিত্তলের মূর্ত্তি নির্ম্মাণ করাইয়া নগরের এক প্রকাশিত স্থানে রাখাইল। অধিকিন্তু তাহারা তাঁহাকে উপদেবতা কিম্বা শূরের ন্যায় মান্য করিবার নিমিত্ত একটা মন্দির নির্ম্মাণ করিয়া তাহা তাঁহার নামে প্রতিষ্ঠা করিল, এবং তাহার নাম রাখিল সোক্রাটির* দেবালয়।

১১ অধ্যায়।

সোক্রাটির * মৃত্যু অবধি ইপামিনাণ্ডের * মৃত্যু পর্য্যন্তের বিবরণ।

লাইসাণ্ডর* কর্ত্তৃক আথিনীয়দের * পরাক্রম খর্ব্ব হইলে স্পার্টীয়েরা * তাবৎ গ্রীকের † কর্ত্তৃত্ব ভার গ্রহণ করিল; এবং অলিম্পিক † ক্রীড়ায় স্পার্টীয়দের* সংযুক্ত হওনে ইলিবিয়দের * বাধিত হওয়াতে তাহারা উহাদের কোপগ্রস্ত হইয়াছিল। ঐ সময়ে এজিসিলা* স্পার্টার † রাজা হইয়া আশিয়াস্থ † গ্রীক † নগর সকল দাসত্বহইতে উদ্ধার করিবার ছলে সসৈন্যে তথায় প্রেরিত হইয়া পেক্টোল † নদীর নিকট টিসাফর্ণকে* যুদ্ধে সম্যক্ রূপে পরাভূত করিয়া তাঁহার শিবিরে প্রবেশ পূর্ব্বক বিস্তর ধন অপহরণ করিলেন। পার্শী † রাজা তাঁহাকে রণস্থলে প্রকাশ

রূপে প্রতিরোধ করিতে সশঙ্কিত হইয়া অর্থ বলে তাঁহার স্বদেশ প্রতিপত্তির হানি করিবার চেষ্টা পাইতে লাগিলেন, এবং ইহাতে তাঁহার কর্ম্ম সিদ্ধিও হইয়াছিল। তিনি প্রথমে থিবীয়দিগকে* স্বপক্ষ করিলেন, এবং তৎপরেই আথিনীয়েরা* স্পার্টার † দাসত্বহইতে মুক্ত হইবার উপায় পাইয়া তাঁহার সহিত সংযোগ করিল। অপর আর্গাইবেরা* ও কোরিন্থীয়েরা* ও উবীয়েরা* এবং অন্যান্য জাতীয়েরাও ঐ মন্ত্রণায় শীঘ্র যোগ করিল। এই মন্ত্রণায় প্রতিরোধ করিবার নিমিত্ত স্পার্টীয়েরা* এজিসিলাকে* পর্শিয়া † হইতে পুনরাহ্বান করিতে বাধিত হইল; কিন্তু তাঁহার পৌহুঁছিবার পূর্ব্বেই তাহাদিগকে শত্রুদের সহিত সিশীয়নের † নিকট সংগ্রাম করিতে হইয়াছিল, তথায় স্পার্টীয়দের* বন্ধুগণ প্রথমে পরাভূত হইয়াছিল বটে, কিন্তু শেষে স্পার্টীয়েরা* কেবল আপনাদের সাহসেই জয়ী হইল, তাহাতে তাহাদের আট জন সেনা মাত্র হত হইয়াছিল।

কিন্তু স্পার্টীয়দের* যেমত এই জয় হইয়াছিল, সেইমত তাহারা নাইড † নগরের নিকট পরাভূতও হইল। কোনন্* নামক আথিনীয়দের* সৈন্যাধ্যক্ষ পার্শীদের* ডিঙ্গাপতি হইয়া স্পার্টীয় পঞ্চাশখান ডিঙ্গা অপহরণ করিয়া অবশিষ্ট ডিঙ্গা ঘাট পর্য্যন্ত তাড়না করিয়া দিয়াছিলেন। পরে এজিসিলা* আথিনীয়দিগকে* ও তাহাদের বন্ধু জাতীয়দিগকে কারোনিয়ার † ক্ষেত্রে পুনর্ব্বার পরাভূত করিলেন। এইরূপে দারুণ অথচ অশেষ যুদ্ধ ক্রমিক হইতে লাগিল, কিন্তু তদ্দ্বারা কোন পক্ষের বিশেষ লভ্য না দর্শাতে সকলেই সংগ্রামে বিরক্ত হইয়া আটানব্বই অলিম্পিয়ডের দ্বিতীয় বৎসরে

একটা সন্ধি স্থির করিল, তাহার অনেক নিয়ম পর্শী ভূপতির এমত লাভজনক হইয়াছিল, যে প্লুটার্ক* কহেন এই সন্ধিতেই গ্রীকের † অপমান ও সম্পূর্ণ বিনাশ হয়।

এইরূপে স্পার্টীয়েরা* বিদেশীয়দের শঙ্কাহইতে এক প্রকার মুক্ত হইয়া আপনাদের শক্তি গ্রীকের † ক্ষুদ্র ২ প্রদেশের মধ্যে প্রকাশ করিতে আরম্ভ করিল। যথা তাহারা মেণ্টিনীয়দিগকে* স্বনগরপ্রাচীর ভগ্ন করিতে বাধিত করিল, ও কোরিন্থীয়দের* প্রহরি সৈন্য আর্গা † হইতে আনাইতে বাধিত করিল, ও অলিন্থীয়দিগকে* অধীন করিল, এবং থিবীয়দের* আত্মবিরোধের মধ্যস্থ হইয়া থিবির † দুর্গে নিজ প্রহরি সৈন্য রাখিল। থিবীয়েরা* চারি বৎসর স্পার্টীয়দের* অধীন থাকিয়া পশ্চাল্লিখিত উপায়দ্বারা স্বাধীন হইয়াছিল। যথা থিবীয়দের* দেশবহির্ভূত যে সকল লোক আথিনীতে † বাস করিত তাহাদের ও তৎস্বদেশীয় বন্ধুদের মধ্যে পত্রদ্বারা উত্তর প্রত্যুত্তর করিবার এক উপায় হওয়াতে তাহারা মন্ত্রণা করিয়া স্পার্টীয় † প্রহরি ও শাসনকর্ত্তাদিগকে আক্রমণ করিবার উদ্যোগ করিল। দেশবহির্ভূত লোকদের মধ্যে পিলোপিড* এবং মিলন্* নামক দুই ব্যক্তি ঐ মন্ত্রণায় প্রধান ছিলেন। কেরন্* নামক থিবির † এক প্রধান লোক ঐ মন্ত্রণায় যোগ করিয়া কহিলেন যে দেশবহির্ভূত যে সকল লোক আমার বাটীতে পঁহুছিবে, তাহাদিগকে আমি আশ্রয় দিব; এবং ফিলিডা* নামক ঐ শাসনকর্ত্তাদের কর্ম্মচারি থিবি † নগরবহির্ভূত লোকদিগকে থিবি † নগরে আসিতে দিতে স্বীকার করিয়া তাহাদের ও তাঁহাদের স্বদেশীয়দের পত্র সকল প্রেরণাদি করিতে লাগিলেন।

এইরূপ সকল বিষয় গোপনে ধার্য্য হইলে পিলোপিড* এবং মিলন্* দশ জন সঙ্গির সহিত কৃষকদের ন্যায় সজ্জা করিয়া কুক্কুর ও দণ্ড লইয়া মৃগয়ার ছলে ক্ষেত্রের চতুর্দ্দিগে দৌড়িয়া বেড়াইতে লাগিলেন, এইরূপ অপ্রকাশে তাহারা থিবি† নগরে প্রবেশ করিয়া কেরনের* বাটীতে উপস্থিত হইলেন, তথায় পূর্ব্বোক্ত মন্ত্রণাকারিদের মধ্যে ত্রিংশৎ জন তাহাদের সহিত একত্র হইল। তাহাদের মনোবাঞ্ছা সহজে সম্পূর্ণ করিবার জন্য ফিলিডা* আপন বাটীতে আর্কিয়্* এবং ফিলিপ্* নামক দুই জন স্পার্টীয়† শাসনকর্ত্তাকে নিমন্ত্রণ করিয়াছিলেন; এবং মন্ত্রণাকারিরা দুই দল হইয়া এক দল কেরন্‌কে* ও মিলন্‌কে* অধ্যক্ষ করিয়া শাসনকর্ত্তাদিগকে ও তাহাদের সঙ্গিদিগকে আক্রমণ করিতে প্রস্তুত হইয়াছিল। পরে নিমন্ত্রিত লোকেরা মদ্যপানে মত্ত হইলে মন্ত্রণাকারিদের ঐ দলস্থেরা স্ত্রীবেশ ধারণ করিয়া এবং বদন আচ্ছাদিত করণার্থে দেবদারু ও হুযর বৃক্ষের শাখা শিরে ধারণ করিয়া নিমন্ত্রিতদের গৃহে প্রবেশ পূর্ব্বক আর্কিয়কে* ও ফিলিপ্‌কে* এবং যাহাদিগকে ফিলিডা* দেখাইয়াদিলেন তাহাদিগকেও অস্ত্রে বিদ্ধ করিল। সেই সময়ে পিলোপিড* এবং ডেমার্ক্লিড* লিয়ন্টীড* নামক স্পার্টীয়দের অন্য একজন সঙ্গিকে শয়নে আক্রমণ করিলেন, কিন্তু ঐ ব্যক্তি নির্ভয়রূপে প্রতিযোগ করিয়াছিল। যথা তিনি স্বহস্তে অসি গ্রহণ করিয়া প্রবেশদ্বারে দাঁড়াইয়া তাঁহার প্রথমাক্রমক সিফিসড়রকে* বধ করিলেন; কিন্তু শেষে বিস্তর শ্রমে পিলোপিড* তাঁহাকে পরাভূত করিয়া তৎস্থানেই হত্যা করিলেন। ইহার কিঞ্চিৎ বিলম্বেই হিপাটি* নামক লিয়ন্টীডের* বন্ধু এবং

প্রতিবাসী ঐ রূপ দুর্দ্দশা গ্রস্ত হইলেন; পরে পূর্ব্বোক্ত দুই দল একত্র হইয়া আপনাদের সিদ্ধ সংবাদ আথিনী† নিবাসি থিবি† নগর বহির্ভূত লোকদের নিকট পাঠাইয়া কহিল, যে তোমরা অতিশীঘ্র থিবিতে† পুনরাগমন কর।

কিন্তু ইহাতেও তাহাদের মনোবাঞ্ছা সর্ব্বতোভাবে সিদ্ধ হয় নাই, কারণ প্রহরিরা এবং স্পার্টীয়দের* স্বপক্ষ নগর বাসিগণ দুর্গের মধ্যে আশ্রয় লইয়াছিল, অতএব ইহাদিগকে পরাজিত না করিলে থিবি† নগরকে কি রূপে স্বাধীন কহা যাইতে পারে? কিন্তু তৎপর দিবসেই আথিনী† হইতে পাঁচ সহস্র পদাতিক ও দুই সহস্র অশ্বারূঢ় এবং বিওশিয়া† হইতে কএক দল সৈন্য আসাতে পিলোপিডের* এমত পরাক্রমি সৈন্য হইল যে প্রহরিরা স্বেচ্ছায় তাঁহার অধীন হইল।

স্পার্টীয়দের* এই দুর্ভাগ্যজন্য অতিশয় মনোদুঃখ হইয়াছিল বটে, কিন্তু নিতান্ত সাহসহীন হয় নাই; কারণ থিবিতে† নিজশক্তি পুনঃস্থাপন করিবার আশয়ে তাহারা এজিসিলের* অধীনে প্রায় বিংশতি সহস্র সৈন্য তথায় পাঠাইল। থিবীয়েরা* তাঁহার নামেই সশঙ্কিত প্রযুক্ত সংগ্রাম. ক্ষেত্রে তাঁহার সহিত সম্মুখ যুদ্ধ করিতে ভীত হইয়া নগরের নিকট একটা পর্ব্বতের উপর রহিল, এজিসিল* তাহাদিগকে যুদ্ধে প্রবৃত্ত করিতে এক দল সৈন্য প্রেরণ করিলেন, কিন্তু তাহারা ইহাতে অসম্মত হইলে তিনি তাহাদিগকে আক্রমণ করিতে সসজ্জ হইলেন। কেব্রিয় * নামক থিবীয়দের বেতনাপেক্ষি সৈন্যের অধ্যক্ষ আপন সেনাগণকে শত্রুদের সম্মুখ হইয়া একপদ অগ্রবর্ত্তী ও অর্দ্ধবক্র করিয়া দাঁড়াইতে ও পদের উপর ঢাল রাখিয়া বর্শা সম্মুখে

বাড়াইয়া রাখিতে আজ্ঞা করিলেন। এজিসিল * তাহাদের এই রূপ উদ্যোগ দর্শনে যুদ্ধে নিরস্ত হইয়া দেশের চতুর্দ্দিগ অপহরণ করিয়া মাত্র ক্ষান্ত হইলেন। থিবীয়দের * এই কৌশল দেখিয়া সকলে অতি আশ্চর্য্য বোধ করিয়াছিল, এবং কেবিয়ুও * এ নিমিত্ত আত্মগৌরব করিয়া সেই রূপ অঙ্গ ভাবের এক নিজ প্রতিমা নির্ম্মাণ করাইয়াছিলেন।

স্পার্টীয়েরা * এই পর্য্যন্ত যুদ্ধে অতুল্য পরাক্রমিরূপে গণ্য ছিল, কিন্তু এইক্ষণে থিবীয়েরা * তদ্বিষয়ে তাহাদের তুল্য বরং প্রধানও হইতে লাগিল, ইহা টিগাইরার † যুদ্ধের সময় প্রকাশ হয়। যথা পিলোপিড * নামক থিবীয়দের * সেনাপতি স্পার্টীয়দেরকর্ত্তৃক রক্ষিত আর্কোমিন † নামক নগর আক্রমণ করিতে প্রতিজ্ঞা করিয়া তিন শত পদাতিক ও চত্বারিংশৎ অশ্বারূঢ় সৈন্যের সহিত তৎপ্রতিকূলে যাত্রা করিলেন, কিন্তু স্পার্টীয়দের * অনেক সৈন্য ঐ স্থানের আশ্রয়ে আসিতেছে শুনিয়া তিনি প্রস্থান করণোদ্যোগ করিলেন। পলায়নকালে তিনি টিগাইরার † নিকট ঐ স্পার্টীয়দের সম্মুখে পড়িলেন, অতএব যুদ্ধ বিনা অন্য কোন উপায় না দেখিয়া সাহস পূর্ব্বক যুদ্ধ উদ্যোগ করিলেন। অপর উভয় পক্ষীয়েরা সমান সাহসে দারুণ সংগ্রাম করিলে গার্গোলিয়ন্ * ও থিয়োপাম্প * নামক স্পার্টীয়দের দুই জন সৈন্যাধ্যক্ষ হত হইলেন; ইহাতে তাহাদের সেনাগণ অত্যন্ত ভীত হইয়া সকলে থিবীয়দিগকে * পথ দিয়া দুই ভিতে পলায়ন করিল; কিন্তু ইহাতেও ক্ষান্ত না হইয়া পিলোপিড * ঐ জয়ে ভরসা পাইয়া পনর্ব্বার সংগ্রামারম্ভ করিয়া শত্রুদের মধ্যে বিস্তর হত্যা করিয়া তাহাদিগকে সর্ব্বোতোভাবে পরাভূত করিলেন।

স্পার্টীয়দের * এতাদৃশ অপমান পূর্ব্বে কখনো হয় নাই, কারণ তাহারা আপনাদের তুল্য সংখ্যক সৈন্যকর্তৃক কোন কালে পরাস্ত হয় নাই, কিন্তু এইক্ষণে আপনাদের সৈন্যের তিন অংশের একাংশ লোকের দ্বারা পরাজিত হইল। সে যাহা হউক, ইহাও কহিতে হয় যে ঐ পূর্ব্বোক্ত তিন শত সৈন্য থিবীয়দের * মধ্যে সর্ব্ব শ্রেষ্ঠ ছিল, এই হেতুক তাহাদিগকে দেবস্বদল নামে প্রভেদ করা যাইত। তাহাদের পরস্পর যেমত ঐক্য সেইমত বল এবং সাহসও ছিল। তাহারা বন্ধুতা ও শপথের শিকলে বদ্ধ হইয়া পরস্পরকে আশ্রয় করতঃ অন্তকাল পর্য্যন্ত যুদ্ধ করিতে পণ করিয়াছিল। এই রূপ সম্প্রীতির দ্বারা অজেয় হইয়া তাহারা কতক বৎসর ক্রমিক জয়ী হইয়াছিল, কিন্তু শেষে ফিলিপের * একদল মেসিডোনীয় * সৈন্যদ্বারা তাহারা সকলে একেবারে নষ্ট হইয়াছিল।

থিবির † মধ্যে পিলোপিড * যে কেবল প্রধান সৈন্যাধ্যক্ষ ছিলেন এমত নহে, কিন্তু ইপামিনণ্ড * নামক তাঁহার সহকারী তাঁহার সমান বা তাঁহা অপেক্ষায় অধিক ক্ষমতাপন্ন ছিলেন। ঐ দুই জনের মধ্যে অতিশয় প্রীতি ও সখ্য ছিল, দ্বেষের বিষয় কেবল এই যে উভয়ের মধ্যে কে স্বদেশের অধিক গৌরব ও লভ্য জন্মাইতে পারেন। ইপামিনণ্ড * বাল্যকালে কেবল বিদ্যাভ্যাস করতঃ কালযাপন করিয়াছিলেন, রাজ্য বা যুদ্ধ সম্বন্ধীয় কোনকর্ম্মে মনোযোগ করেন নাই, কিন্তু তাঁহার স্বদেশীয়েরা তাঁহার অস্বীকারেও যথেষ্ট গুণ অনুভব করিয়া বিনয়দ্বারা কর্ম্মে প্রবৃত্ত করিল। তাঁহার স্বদেশীয়েরা যথার্থই অনুভব করিয়াছিল; কারণ তাহারা তাঁহাকে সৈন্যের অধ্যক্ষ করিলে তিনি আপন কর্ম্ম সম্পন্নদ্বারা প্রকাশ

করিলেন, যে বিদ্যাভ্যাস করিলে রাজকর্ম্মে অক্ষম হওয়া দূরে থাকুক বরং তাহাতে প্রতিষ্ঠা পাইতে পারা যায়।

পিলোপিড * ও ইপামিনণ্ড * অধ্যক্ষদ্বয়ের দ্বারা থিবীয়েরা * কেবল আপনাদের স্বাধীনতা রক্ষা করিতে পারগ হইয়াছিল এমত নহে, কিন্তু তাঁহাদের জন্য গ্রীকের † অন্যান্য প্রদেশ সকলও ভীত হইয়াছিল, এবং জ্ঞান হয় যে কেবল এই শঙ্কার জন্যই আথিনীয়েরা * থিবীয়দের * সহিত বন্ধুতা ভঙ্গ করিয়া তাহাদের বিপক্ষে স্পার্টীয়দের * সহিত সংযোগ করিল। স্পার্টীয়েরা * আপনাদিগকে তাবৎ গ্রীকের † মধ্যস্থ জ্ঞান করিয়া কোন প্রতিরোধকের অতিশয় বৃদ্ধি সহ্য করিতে না পারিয়া থিবীয়দের * গর্ব্ব চূর্ণ করিতে প্রতিজ্ঞা করিয়া ক্লিয়ম্ব্রোট * নামক সেনাপতিকে অসংখ্য সৈন্যের সহিত বিওশিয়ার † অন্ত ভাগের দিগে প্রেরণ করিল, কিন্তু ঐ যুদ্ধ করণের সঙ্গত ছল দেখাইতে তাহারা প্রথমে থিবীয়দের * নিকট দূতদ্বারা কহিয়া পাঠাইল যে তোমরা যে সকল নগরাধিকার করিয়াছ তাহা স্বাধীন করিয়া দিতে হইবে, ও যে২ নগর উচ্ছিন্ন করিয়াছ সে সকল পুনর্নির্ম্মাণ করিয়া দিতে হইবে, এবং যে২ ক্ষতি করিয়াছ তাহার প্রতিকার করিতে হইবে। ইহাতে থিবীয়েরা * উত্তর করিল যে আমরা যাহা কহিয়াছি তাহার কারণ পরমেশ্বর ভিন্ন অন্য কাহাকেও উত্তর দিতে হইবে না। ইহাতে যুদ্ধের সূত্র উঠাতে, ইপামিনণ্ড * ছয়সহস্র সৈন্য সংগ্রহ করিয়া যাত্রা করিলেন; কিন্তু শত্রুদের সৈন্য তাঁহার অপেক্ষায় চতুর্গুণ অধিক ছিল। তাঁহার যাত্রা নিবারণজনক কোন২ কুলক্ষণ দর্শনেতে তিনি হোমর * কবির এক শ্লোক পড়িয়া কহিলেন, যে এক

সুলক্ষণ এই আছে যে আমি স্বদেশ রক্ষার্থে যুদ্ধ করিতে যাইতেছি। সে যাহা হউক আপন অজ্ঞান সেনাগণের অভরসা দেখিয়া তাহাদের বিশ্বাস জন্মাইবার জন্য তিনি অনেক লোককে নানা স্থানহইতে আনাইয়া শুভ লক্ষণ প্রচার করিতে গোপনে কহিলেন, এবং তাঁহাদের সেই রূপ করাতে সেনাগণের পুনর্ব্বার সাহস ও ভরসা হইল।

ইপামিনণ্ড * সদ্বিবেচনা পূর্ব্বক পূর্ব্বে একটা পথ অধিকার করিয়া রাখিয়াছিলেন, তাহাতে ক্লিয়ম্ব্রোটের * পথ অতিশয় অল্প হইতে পারিত। এই হেতুক ক্লিয়ম্ব্রোট * অধিক পথ ভ্রমণ করিয়া শেষে প্লেটিয়া † ও থেস্পিয়ার † মধ্যস্থ বিওশিয়া † প্রদেশের লিযক্ট্রা † নামক গ্রামে উপস্থিত হইলেন। অপর উভয় পক্ষীয়েরা যুদ্ধারম্ভ করণের বিষয় বিবেচনা করাতে ক্লিয়ম্ব্রোটের * সৈন্যাধ্যক্ষেরা তাঁহাকে এই রূপ কহিলেন, যে তোমার এতাদৃশ অধিক সৈন্য থাকিতেও যদ্যপি তুমি সংগ্রামারম্ভ না কর তবে তোমার থিবীয়দিগকে * গোপনে সাহায্য করণের বিষয়ে যে মিথ্যাজনরব হইয়াছে তাহা সকলে সত্য জ্ঞান করিবে। ইহা শুনিয়া তিনি তৎক্ষণাৎ যুদ্ধার্থ সম্মতি দিলেন; এবং থিবীয়েরা *ও শত্রুদের অধিক সৈন্য আসিবার পূর্ব্বে যুদ্ধারম্ভ করিতে বাঞ্ছিত ছিল, কিন্তু তাহাদের ছয় জন সেনাপতির মধ্যে যুদ্ধসম্বন্ধীয় পরামর্শে তিন জনের যুদ্ধ পক্ষে ও তিন জনের তদ্বিপক্ষে মত হইয়াছিল, পরে পিলোপিড * আসিয়া প্রথম পক্ষে মত দিলে তাহাই গ্রাহ্য হইল।

পূর্ব্বেই কহা গিয়াছে, যে ঐ দুই পক্ষের সৈন্য সংখ্যার বিস্তর অসমতা ছিল, কেননা লাসিডিমোনীয়দের * চতুর্বিংশতি সহস্র পদাতিক ও এক সহস্র ছয়শত অশ্বারূঢ় ছিল, এবং

থিবীয়দের * ছয় সহস্র পদাতিক ও চারিশত অশ্বারূঢ় মাত্র ছিল; কিন্তু থিবীয়েরা * সকলেই উৎকৃষ্ট ও গৌরাবাকাঙ্খায় সাহসী এবং শত্রুদিগকে পরাজয় অথবা রণে প্রাণত্যাগ করিবার প্রতিজ্ঞা করিয়াছিল। লাসিডিমোনীয় * অশ্বারূঢ় গণ সাহসী বা সুশিক্ষিত ছিল না, যে হেতুক তাহারা অকস্মাৎ সংগৃহীত হইয়াছিল; অতএব তাহারা যেমত শত্রুদের অপেক্ষায় গণনায় প্রধান তেমন সাহসে ন্যূন ছিল। অপর তাহাদের পদাতিকদের বিষয় লাসিডিমোনীয় * জাতীয় ভিন্ন অন্য কাহাদের উপর নির্ভর করা যায় এমত ছিল না, যেহেতুক এই যুদ্ধের কোন সঙ্গত কারণ না থাকাতে তাহাদের বন্ধু জাতীয়েরা ঐ যুদ্ধে অনিচ্ছায় প্রবৃত্ত হইয়াছিল, বিশেষতঃ তাহারা সকলই স্পার্টীয়দের * প্রতি অসন্তুষ্ট ছিল। উভয় পক্ষীয় সেনাপতিদেরই কেবল অতি আশ্চর্য্য পারগতা ছিল, বিশেষতঃ থিবীয়দের * অধ্যক্ষ তৎকালে অত্যন্ত ক্ষমতাপন্ন ছিলেন, এবং পূর্ব্বোক্ত দেবস্ব দলপতি পিলোপিড * তাঁহার সহকারিতা করিয়া ছিলেন।

যুদ্ধদিবসে উভয় পক্ষীয় সৈন্য সকল রণস্থলে গমন করিল। ক্লিয়ম্ব্রোট * লাসিডিমোনীয় * দলের অধ্যক্ষ ছিলেন, তিনি ঐ দল লইয়া সৈন্যের দক্ষিণ ভাগে অবস্থিতি করিলেন, সকল অপেক্ষায় তিনি ইহাদের অধিক ভরসা করিতেন, ইহাদের দ্বাদশ শ্রেণীতে অস্ত্র হস্ত প্রস্থ ছিল, এবং আর্কিডেম * নামক এজিসিলের * পুত্র তাহাদের বন্ধু জাতীয়দের সহিত বামাংশে রহিলেন। অপর থিবীয়দের * অধ্যক্ষ ইপামিনণ্ড * আপন সৈন্যের বামভাগে ও ক্লিয়ম্ব্রোটের * সম্মুখে অবস্থিতি করিলেন, কারণ তাঁহাকে আক্রমণ করণেরই তাঁহার প্রতিজ্ঞা ছিল. যে হেতুক তিনি নিশ্চয় করিয়া-

ছিলেন যে লাসিডিমোনীয় দল একবার ছিন্ন করিতে পারিলে অন্যেরা ত্বরায় পলায়ন করিবে।

প্রথমে অশ্বারূঢ়দের মধ্যে সংগ্রামারম্ভ হইল, তাহারা উভয় পক্ষেই স্ব স্ব বামদিগের সম্মুখে ছিল। কিন্তু থিবীয়দের * অশ্বারূঢ়েরা লাসিডিমোনীয়দের * অপেক্ষায় অশ্বারোহণে নিপুণ ও অধিক সাহসী ছিল, এই প্রযুক্ত লাসিডিমোনীয়েরা * ছিন্ন ভিন্ন হইয়া আপনাদের পদাতিকদের উপরে পড়িয়া অতিশয় বিভ্রাট ঘটাইল। ইপামিনণ্ডের * পক্ষে এইরূপ সুগম হওযাতে তিনি ধাবমান হইয়া ক্লিয়ম্ব্রোটের * দলের উপর আপন ভারী অস্ত্রধারি পদাতিকের সহিত পড়িলেন; ইহাতে ক্লিয়ম্ব্রোট* ইপামিনণ্ডকে * পার্শ্বভাগে আক্রমণ করিয়া বেষ্টন করিবার জন্য আপন সৈন্যের মধ্যহইতে এক দল পৃথক্ করিয়া প্রেরণ করিলেন। ইহা দর্শনে পিলোপিড * শত্রুদের অভিপ্রায় নিবারণ করণার্থে দেবস্বদলের সঙ্গে ধাবমান হইয়া অকস্মাৎ ক্লিয়ম্ব্রোটকে * আক্রমণ করিয়া তাঁহার সৈন্যের মধ্যে অতিশয় গোল যোগ উপস্থিত করিলেন, ইহাতে অতিদারুণ সংগ্রাম হইতে লাগিল, এবং যাবৎ ক্লিয়ম্ব্রোট * প্রতিযোগ করণে সক্ষম ছিলেন তাবৎ কোন পক্ষ জয়ী এমত নিশ্চয় হয় নাই; কিন্তু তিনি অস্ত্রাঘাতে মরিলে থিবীয়েরা * জয় সম্পূর্ণ করিতে এবং লাসিডিমোনীয়েরা * তাঁহার শব রক্ষা করিতে এমত উদ্যম করিতে লাগিল যে তদ্দ্বারা উভয় পক্ষীয় বিস্তর হত হইল। স্পার্টীয়েরা * এই বিষয়ে এমত ভয়ঙ্কর রূপে সংগ্রাম করিয়াছিল, যে শেষে আপনাদের ইষ্টসিদ্ধি করতঃ ঐ শব লইয়া গমন করিল। ইহা লভ্য হওয়াতে লাসিডিমোনীয়েরা* ভরসা পাইয়া পুনর্ব্বার যুদ্ধ করিতে সূচনা করিল, ইহাতে বন্ধু জাতীয়েরা

সাহায্য করিলে জয় হইতে পারিত; কিন্তু লাসিডিমোনীয় দল ভগ্ন হইয়াছে দেখিয়া, এবং অধিপের মৃত্যু সংবাদ শুবণে একেবারে নিরুপায় ভাবিয়া তাহারা সকলে শঙ্কায় পলায়ন করিল; এবং তাহা দেখিয়া অবশিষ্ট সেনাগণও তাহাদের পশ্চাদ্গামী হইল; সুতরাং থিবীয়েরা* রণক্ষেত্রপতি হইয়া জয়ের চিহ্নস্বরূপ একটা মঠ নিম্মাণ করিয়া শত্রুদের হত সেনাগণের সমাধি দিতে অনুমতি করিল।

লাসিডিমোনীয়দের* এমত ক্ষতি পূর্ব্বে কখনও হয় নাই, কারণ পূর্ব্বে নিতান্ত পরাভূত হইলেও চারি পাঁচ শত লোকের অধিক হত হয় নাই, কিন্তু এই স্থানে তাহাদের চারি সহস্র প্রাণির হানি হয়, তন্মধ্যে যে এক সহস্র লাসিডিমোনীই এবং সাত শত স্পার্টীয় এই যুদ্ধে প্রবৃত্ত ছিল তাহাদের মধ্যেও চারিশত লোক নষ্ট হয়; কিন্তু থিবীয়দের* তিনশত সেনা মাত্র হত হয়, তাহাদের মধ্যে চারিজন নগরবাসী ছিল।

আশ্চর্য্যের বিষয় এই যে স্পার্টায়† ঐ পরাভব সংবাদ আইলে তৎকালীন যে সাধারণ ক্রীড়া হইতেছিল তাহা ইফোবাস্টা সভ্যেরা স্থগিত করিলেন না; কিন্তু লোকদিগকে ঐ পরাজয় ক্ষুদ্র জানাইবার জন্যে বা তৎকালে স্পার্টীয়দের* সুখাভিলাষ ও কুনীতি জন্য এতাদৃশ ব্যবহার হইয়াছিল, তাহা এতকাল পরে নিশ্চয় কহা যাইতে পারে না। সে যাহা হউক যাহারা সমরে হত হইয়া ছিল, তাহাদের নাম তৎপর দিবস নির্দ্ধারিত হওয়াতে তাহাদের পিতারা ও কুটুম্বেরা দেবমন্দিরে গমন করিয়া আপনাদের সুভাদৃষ্ট জন্য প্রণাম ও আনন্দোৎসবাদি করিতে লাগিলেন; কিন্তু যাহারা রণস্থলহইতে পলায়ন

করিয়াছিল, তাহাদের পিতা মাতারা শোকসাগরে মগ্ন হইলেন।

কিন্তু ঐ পলায়িতদের অন্য এক বিষয় কহিতেছি। যথা তাহাদের তাবৎ প্রকার সম্ভ্রম চ্যুত হইবার নিয়ম ছিল, ও তাহাদেব সহিত পরিবর্ত্ত বিবাহ করণে অপমান হইত; অপর তাহাদিগকে অতিনীচ ও অপরিষ্কার এবং নানা বর্ণের যোড় দেওয়া বস্ত্র পরিধান করিয়া ও অৰ্দ্ধক্ষৌরী হইয়া সাধারণ সভায় গমন করিতে হইত, এবং পথমধ্যে কেহ তাহাদের অপমান বা প্রহার করিলে তাহারা কোন উত্তর ও প্রতিযোগ কবিতে পারিত না। এই ব্যবস্থা এমত কঠিন এবং তাহার কারণ এত প্রধান২ লোকদের শাস্তি হইতে পারিত যে তদ্দ্বারা রাজ্যের মধ্যে বিরোধ ঘটিবার শঙ্কা হইয়াছিল। অধিকন্তু সে সময়ে নূতন সৈন্য সংগ্রহ করণের আবশ্যক হওয়াতে পূর্ব্বোক্ত অপমানযোগ্য ব্যক্তিদিগকে ত্যাগ করা যাইতে পারিল না; অতএব এই অতি আবশ্যকতার জন্য স্পার্টীয়েরা * এজিসিলকে * ঐ ব্যবস্থা ত্যাগ বা নূতন ব্যবস্থাব সৃষ্টি করণের শক্তি দিল। কিন্তু তিনি তাহা অন্যথা বা পরিবর্ত্ত না করিয়া কেবল এই প্রচার করিলেন, যে কেবল অদ্য এই ব্যবস্থা অচলিত থাকিবে, কিন্তু পরদিবস তাহা পুনর্ব্বার শক্তিমন্ত হইবে। এই উপায়দ্বারা তিনি ঐ পলায়িত নগরবাসিদিগকে অখ্যাতিহইতে রক্ষা করিলেন।

ঐ পূর্ব্বোক্ত মহা পরাভবজন্য স্পার্টীয়েরা * অতি শীঘ্র দুর্দ্দশা প্রাপ্ত হইল। যথা যে সকল গ্রীক† নগর এই পর্য্যন্ত কোন পক্ষে ছিল না সে সকল এইক্ষণে থিবীয়দের * স্বপক্ষ হইয়া তাহাদের সৈন্য এতাদৃশ বৃদ্ধি করিল, যে তাহারা

এইরূপে গণনায় সত্তরি সহস্র হইল। এই মহা বলের সহিত ইপামিনণ্ড* লেকোনিয়া† দেশে প্রবেশ করিয়া তাহার তাবৎ বহির্ভাগ উচ্ছিন্ন করিলেন; কিন্তু স্পার্টা† নগর বিনাশ করণের কোন চেষ্টা না করিয়া স্পার্টীয়ের.* আর্কেডীয়দের* যে২ শক্তি হরণ করিয়াছিল, তাহা তিনি তাহাদিগকে পুনঃ প্রদান করিলেন, এবং তাহাদের কারণ এক নূতন নগর নির্ম্মাণ করাইয়া পুরাতন মেসিনীয়া† নগরের নামানুসারে তাহার নাম মেসিনীয়া† রাখিলেন।

প্রাচীন গ্রীকদের* মধ্যে কেহ সাধারণ স্বাধীনতাব কিছু মাত্র হানি করিলে তাহারা তাঁহার প্রতি এমত দ্বেষ করিত যে তাঁহাহইতে অন্য প্রকারে সহস্র উপকার হইলেও তাহাদের সে দ্বেষ ঘুচিত না। তাহার প্রমাণ এই যথা পিলোপিড* ও ইপামিনণ্ড* স্বদেশে পুনরাগমন করিলে তদ্দেশীয়েরা তাঁহাদিগকে বীর এবং জয়ী বলিয়া সমাদর না করিয়া বরং অপরাধী বলিয়া বিচারসভায় ডাকাইল। সে অপরাধ এই, যে তাঁহারা কি জন্য নিয়মিত সময়ের চারি মাস অধিক অধ্যক্ষতা কর্ম্ম করিলেন? থিবীয় ব্যবস্থা মতে এই অপরাধ অতি প্রধানরূপে গণ্য ছিল, অতএব বিচারসম্পর্কীয় তাবৎ লোক এ বিষয়ে অতি দৃঢ় হইল। প্রথমে পিলোপিড* বিচার সভায় আনীত হইলেন; কিন্তু তাঁহার মহৎও সাহসি স্বভাব জন্য লোকেরা যে রূপ ভাবিয়াছিল সে রূপ উত্তম উত্তর না করিয়া তিনি আত্মরক্ষার্থে ক্ষুদ্র অন্তঃকরণে অতি অল্প কথা কহিলেন। তাঁহার যুদ্ধ সময়ের সাহস বিচারাধ্যক্ষদের সম্মুখে একেবারে অদৃশ্য হইল, তাঁহার ভীত রূপ ভাব ও কথনের দ্বারা জ্ঞান হইয়াছিল, যেন তিনি

মরণভয় করিয়াছিলেন। কিন্তু তিনি স্বপক্ষে বিচারকর্ত্তা-দিগকে কিছুমাত্র না কহাতেও তাঁহারা বহু কষ্টে তাঁহাকে মুক্ত করিলেন।

কিন্তু ইপামিনণ্ড* আপন নির্দোষতার নিশ্চয় জ্ঞানে উপস্থিত হইয়া আত্মরক্ষার কোন কথা না কহিয়া কেবল আপন কীর্ত্তি সকল গর্ব্বিত রূপে বর্ণনা করিতে লাগি-লেন। যথা আমি লেকোনিয়া † দেশ উচ্ছিন্ন করিয়াছি, ও মেসিনীয়া † নগর পুনঃস্থাপন করিয়াছি, এবং আর্কে-ডীয়দিগকে* মুক্ত করিয়াছি। পরে সকল সমাপ্তে তিনি কহিলেন, থিবীয়েরা* যদ্যপি ঐ সকল কীর্ত্তির গৌরব কেবল আমাকে দিয়া কহেন যে ঐ সকল কর্ম্ম আমি তাঁ-হাদের সহায়তা বিনা স্বয়ং করিয়াছি, তবে আমি মরণে আহ্লাদিত হই। ইহা শ্রবণে সকলেই তাঁহার প্রতি অনুকূল হইলেন। এবং তিনি যে প্রকার জয়ী হইয়া সকলের প্রশংসা পাইয়া আসিতেন সেইরূপে পরীক্ষাহইতে পুনরা-গমন করিলেন; অতএব যথার্থ সাহসে এমত সম্ভ্রম হয় যে মনুষ্যগণ তাহাতে অবশ্যই প্রশংসা করেন। ইপামিনণ্ডের* এইরূপ ব্যবহারে এতাদৃশ উত্তম ফল দর্শিল, যে তাঁহার শত্রু সকল তাঁহার অভিযোগ করণে একেবারে ক্ষান্ত হওয়াতে তিনিও তাঁহার সহকারী পিলোপিড* বিচারে জয়ী হইয়া আইলেন; কিন্তু তাহারা তাঁহার গৌরবে দ্বেষ করিয়া তাঁহাকে নম্র করিবার প্রতিজ্ঞা করিয়া তাঁহাকে নগর পথ পরিষ্কারকর্ত্তার পদে নিযুক্ত করাইল। কিন্তু তিনি সে পদ অবজ্ঞা না করিয়া কহিলেন, যে আমি ইহাতে অপমান বোধ করিব না, বরং তৎকর্ম্ম সম্পন্ন করণদ্বারা সে নীচ পদকে সম্ভ্রান্ত করিতে চেষ্টা করিব।

এইকালে স্পার্টীয়েরা * পূর্ব্বোক্ত পরাভবে ভীত হইয়া আথিনীয়দের * সহায়তা প্রার্থনা করিল, এবং ইহারা তাহাদের পূর্ব্বাবধি দ্বেষ করিত বটে কিন্তু এই ক্ষণে আপনাদের তাবৎ সৈন্যের সহিত তাহাদের আশ্রয় দেওনে প্রবৃত্ত হইল। স্পার্টীয়েরা * ঐ রূপ পারস্ রাজার নিকটও আশ্রয় যাচ্ঞা করিল; কিন্তু পিলোপিড * ঐ ভূপতির নিকট গমন করিয়া তিনি কোন পক্ষে সপক্ষতা না করেন এইরূপ প্রবৃত্তি জন্মাইলেন।

ইহার পর পিলোপিড * সসৈন্যে আলেক্সাণ্ডর * নামক থেসেলি † দেশস্থ ফিরির † উপদ্রবী ও নিষ্ঠুর রাজার প্রতিকূলে প্রেরিত হইলেন, কেননা তিনি কিয়ৎকাল পর্য্যন্ত থেসেলি † দেশের বিস্তর উৎপাত করিতেছিলেন। ঐ দুরাত্মা অনেক লোককে জীবদ্দশায় পুঁতিয়াছিলেন, এবং অনেককে ভল্লুক বা বরাহ চর্ম্ম পরিধান করাইয়া কুক্কুরদ্বারা অথবা গুলি করিয়া নিজ আনন্দ জন্য নষ্ট করিতেন। যাহাহউক পিলোপিড * তাঁহাকে বশীভূত করিয়া ব্যবহার সকলহইতে সৎপরামর্শদ্বারা শুধরাইবার চেষ্টা করিয়াছিলেন, কিন্তু আলেক্সাণ্ডর * তাঁহার সুমন্ত্রণা জন্য কৃতজ্ঞতা প্রকাশ না করিয়া বরং ঐ হিতকারির প্রতিফল দিবার চেষ্টায় রহিলেন। ইহার অবকাশ শীঘ্র দর্শিল, কারণ কিয়ৎকাল পরে পিলোপিড * আলেক্সাণ্ডরের নিকট দূত হইয়া আসাতে তিনি তাঁহাকে কৃতঘ্নতা পূর্ব্বক আক্রমণ করিয়া তাবৎ জাতির ব্যবস্থা ও ভদ্রতার বিপরীতে বদ্ধ করিলেন। এইরূপ সর্ব্বসাধারণ ব্যবস্থা ভঙ্গ করণে থিবীয়েরা * তাঁহাকে বিস্তর নিষেধ করিয়াছিল; কিন্তু তিনি তাহা শুনিলেন না, ইহাতে তাঁহার প্রতিফল দিবার জন্য তাহারা এক দল সৈন্য প্রেরণ করিল, কিন্তু অনাসক্ত

অধ্যক্ষদের জন্য কোন ফল না দর্শাতে আলেক্সাণ্ডর* পিলোপিডের* প্রতি অতি কঠিন ব্যবহার করিতে লাগিলেন। কিন্তু শেষে ইপামিনণ্ড* তাঁহার প্রতিফল দিলেন। যথা তিনি মহাপরাক্রান্ত সৈন্য লইয়া থেসিলি† দেশে প্রবেশ করিলে তাঁহার নামেই ঐ অতিক্রমী ভীত হইয়া অধীন হইতে স্বীকার করিয়া পিলোপিডকে* কারাগারহইতে মুক্ত করিয়া দিলেন।

পিলোপিড* মুক্ত হইলে পরেই ঐ উপদ্রবির বিশ্বাসঘাতকতার ও কৃতঘ্নতার শাস্তি দিবার প্রতিজ্ঞা করতঃ তাঁহার প্রতিকূলে সাইনোসিফেল † নামক নগরে এক দল সৈন্য লইয়া যাইয়া এক দারুণ সংগ্রাম ঘটাইলেন; তাহাতে থিবীয়েরা* জয়ী হইল বটে, কিন্তু পিলোপিড* কাটা পড়িলেন। এইজন্য তাঁহার স্বদেশীয়েরা ভাবিল যে এ সকল জয় আমরা বহু মূল্যে পাইয়াছি, কেননা ইহাতে আমাদের সেনাপতির মৃত্যু হইল। তাঁহার মৃত্যুর কারণ থিবীয়েরা* এবং থেসলীয়েরা* সমান খেদিত হইয়াছিল, এবং থেসিলীয়েরা* তাহার অন্ত্যেষ্টি ক্রিয়া করণের প্রার্থনা করাতে তাহারা তৎসম্পূর্ণবিষয়ে অনুমতি প্রাপ্ত হইয়া তাহা অতি ঐশ্বর্য্যরূপে সম্পন্ন করিল। ইহার কিয়ৎকাল পরেই আলেক্সাণ্ডর* আপন স্ত্রী থিবি* ও তিন জন সম্বন্ধিদ্বারা হত হইলেন। তাঁহারা বহুকালাবধি তাঁহার নিষ্ঠুরতায় ঘৃণা করিয়া তাঁহার বিনাশের প্রতিজ্ঞা করিয়াছিলেন। এইরূপ কথিত আছে যে প্রতি রজনীতে তাঁহার বাটী প্রহরির দ্বারা পূর্ণ থাকিত, কিন্তু তাঁহার শয়নাগার কেবল একটা কুক্কুর মাত্র রক্ষা করিত। তাঁহার ঘর দোতালা ছিল এবং তন্মধ্যে যাওনের পথ একটা কাষ্ঠ নির্ম্মিত সিঁড়ি মাত্র ছিল; এই প্রযুক্ত

থিবি* ঐ কুক্কুরকে ভুলাইয়া আনিয়া শব্দনিবারণার্থে ঐ সিঁড়ির সোপান সকল পশুলোমদ্বারা আচ্ছাদিত করিলেন, পরে তাঁহার তিন ভ্রাতা ঐ শয়নাগারে উঠিয়া এক জন আলেক্‌সাণ্ডরের* পদে ও দ্বিতীয় জন কেশে ধরিলেন, এবং তৃতীয় জন তাঁহার বক্ষঃস্থলে অস্ত্রাঘাত করিলেন।

ঐ সময়ে থিবীয়দের * ও স্পার্টীয়দের * মধ্যে অতিশয় শক্তি পূর্ব্বক যুদ্ধ হইতেছিল। থিবীয়দের* প্রিয় সেনাপতি ইপামিনণ্ড*তাঁহাদের সৈন্যাধ্যক্ষ ছিলেন, এবং তাঁহার প্রতিযোগ করণের যোগ্য গ্রীকেরা মধ্যে সে সময়ে কেবল স্পার্টীয়দের সেনাপতি এজিসিল * ছিলেন। ঐ যুদ্ধে ইপামিনণ্ডের* প্রথম চেষ্টাতেই তাঁহার যুদ্ধের পারগতা প্রকাশ হইয়াছিল। যথা এজিসিল* অতি অল্প নগরবাসিদিগকে স্পার্টার † রক্ষকস্বরূপ রাখিয়া মেণ্টিনিয়ার † প্রতি যাত্রাবস্থ করিয়াছেন শুনিয়া তিনি ঐ স্পার্টা † আক্রমণ করণের অভিপ্রায়ে রাত্রিযোগে গমন করিলেন, যেহেতুক তাহা রক্ষার্থে প্রাচীর বা সৈন্য ছিল না। কিন্তু ভাগ্যক্রমে এজিসিল * সুসময়ে এই সমাচার পাইয়া নগরের বিপদ সংবাদ নগরবাসিদিগকে জ্ঞাত কারণ এক জন অশ্বারূঢ়কে শীঘ্র প্রেরণ করিলেন, এবং আপনিও পরাক্রান্ত সৈন্যের সহিত ত্বরায় উপস্থিত হইলেন; কিন্তু তিনি নগরে প্রবিষ্ট হইতে না হইতে দেখিতে পাইলেন, যে থিবীয়েরা * উরোটা † নদীপার হইয়া নগরের প্রতিকূলে আসিতেছে। ইপামিনণ্ড * আপন মনস্থ ব্যক্ত হইয়াছে জানিতে পারিয়া ভাবিলেন যে কোন উদ্যম না করিয়া প্রস্থান করা আমার উচিত নহে। অতএব অন্য প্রকার উপায় ত্যাগ করিয়া বলদ্বারা নগরের অনেকাংশ একেবারে আক্রমণ করতঃ ভিতরে প্রবেশ করিয়া ঐ নদীর নিকটস্থভাগ অধিকার করিলেন। এজিসিলের * যেমত বয়ঃক্রম

তদপেক্ষায় অধিক পরিশ্রম ও প্রাগল্ভ্য প্রকাশ করিলেন। তিনি ভাবিলেন যে এইক্ষণে আমার বৃদ্ধ বয়স্ প্রযুক্ত পরিশ্রমকে ভয় করিয়া কেবল আত্মরক্ষাই করা উচিত নহে। অতএব ঐ মহা পরাক্রান্ত আক্রমণকারিকে দূর করণ জন্য তিনি নিজ সাধ্যে সাহস ও ভরসা ব্যবহার করিলেন; এবং তাঁহার পুত্র আর্কিডেম * স্পার্টীয় যুবাদের অধ্যক্ষ হইয়া অতিশয় বীরত্ব প্রকাশ করতঃ শত্রুদিগকে সর্ব্বস্থানে প্রতিরোধ করিয়া তাহাদিগকে এক প্রকার দমন করিলেন।

ইসেড * নামক এক জন স্পার্টীয় যুবা এবিষয়ে আপন সাহসদ্বারা স্বদেশীয় ও শত্রুদিগকে অতিশয় চমৎকৃত করিয়াছিলেন। তিনি সর্ব্বাঙ্গ সুন্দর, এবং তৎকালে তাঁহার যৌবনাবস্থার আরম্ভ ছিল। ঐ যুদ্ধকালীন তিনি নিজ অঙ্গ রক্ষার্থে কোন যুদ্ধাস্ত্র বা পরিচ্ছদ পরিধান করেন নাই, তাঁহার শরীর কেবল তৈলে লিপ্ত হইয়াছিল। তিনি ঐ বিপদ সংবাদ পাইবামাত্র উন্মত্তপ্রায় হইয়া এক হস্তে বর্শা এবং অন্য হস্তে খড়্গ লইয়া নিজ গৃহহইতে নির্গত হইলেন। পরে শত্রুদের মধ্যে একেবারে প্রবেশ করিয়া অনেককে আপন পদতলে হত করিলেন, কিন্তু আপনি এক অস্ত্রাঘাতও প্রাপ্ত হয়েন নাই। শত্রুরা তাঁহাকে মনুষ্যের অসাধ্য কর্ম্ম করিতে দেখিয়া অবাক হইয়া কি তাঁহার বিপক্ষে কোন কার্য্য করিতে পারেন নাই, কি যেমত প্লুটার্ক * কহেন যে দেবতারা তাঁহার আশ্চর্য্য সাহস দর্শনে তাঁহাকে রক্ষা করিয়াছিলেন, তাহা নিশ্চয় রূপে কহা যাইতে পারে না। সে যাহা হউক তাঁহার বীরত্ব জন্য ইফোরাই † সভ্যেরা তাঁহাকে এক কণ্ঠাভরণ পুরস্কার দিলেন, কিন্তু তিনি বিনা পরিচ্ছদে সংগ্রাম করিতে গিয়াছিলেন এই জন্য তাঁহারা তাঁহার এক সহস্র ড্রামা মুদ্রা দণ্ড করিলেন।

ইপামিনণ্ডের * স্পার্টীয়দের † বিপক্ষে মনস্থ বিফল হওয়াতে তিনি অন্য উদ্যোগের প্রতিজ্ঞা করিয়া স্পার্টার † রক্ষার্থে মেণ্টিনিয়া † হইতে তাবৎ সৈন্য আসিয়াছে শুনিয়া অবিলম্বে তথায় গমন করিতে উদ্যত হইলেন। কিন্তু তাঁহার একেবারে ঐ নগর আক্রমণ করিতে মনস্থ ছিল, এই নিমিত্ত তিনি পূর্ব্বে নগর নিরীক্ষণ এবং তদ্যুক্ত ক্ষেত্র সকলের রক্ষকদিগকে দূর করিবার কারণ একদল অশ্বারূঢ় সৈন্য প্রেরণ করিলেন। কিন্তু তাহাদের মেণ্টিনিয়ায় † পঁহুছিবার কিঞ্চিৎ কাল পূর্ব্বে আথিনীয়দের * ছয় সহস্র সৈন্য স্পার্টীয়দের * সহায়তায় সমুদ্রপথে আসিয়াছিল, তাহারা বিশ্রাম না করিয়া এবং অশ্বদিগকেও বিশ্রাম করিতে না দিয়া নগর-হইতে নির্গত হইয়া থিবীয়দের * অশ্বারূঢ়দিগকে আক্রমণ করতঃ পরাভূত করিল। সেই সময়ে ইপামিনণ্ড * আপনার তাবৎ সৈন্যের সহিত আসিতে ছিলেন এবং শত্রুরাও তাঁহার পশ্চাৎ২ আসিতেছিল, অতএব আপন মানস সফল হইবার ব্যাঘাত দর্শনে স্থগিত হইয়া যুদ্ধ করিতে নিশ্চয় করিলেন। এই যুদ্ধ ঐ নগরের অতি নিকটে হওন প্রযুক্ত তাহা অতিশয় প্রসিদ্ধ হইয়াছে। এই প্রধান সংগ্রামের তুল্য গ্রীক বিবরণে বা অন্য কোন দেশের ইতিহাসের মধ্যে দেখিতে পাওয়া যায় না। গ্রীকদের * এই আত্ম যুদ্ধে যতসৈন্য প্রবৃত্ত হইয়াছিল তত পূর্ব্বে কখনো হয় নাই; তাহাতে লাসিডিমোনীয়দের * বিংশতি সহস্র পদাতিক ও দুই সহস্র অশ্বারূঢ় ছিল, এবং থিবীয়দের * ত্রিংশত্ সহস্র পদাতিক ও তিন সহস্র অশ্বারূঢ় সৈন্য ছিল।

ইপামিনণ্ড * একেবারে যুদ্ধের ধারানুসারে গমন করিতে লাগিলেন, ইহার অভিপ্রায় এই, যে প্রথমে এক বার

সেনাদিগকে শ্রেণীবদ্ধ করিলে তজ্জন্য পরে অকারণ কোন সময় নষ্ট হইবে না। কিন্তু সৈন্যের অগ্রভাগ শত্রুদের প্রতি সম্মুখ না করিয়া বামভাগ পংক্তির অগ্রে লইয়া তিনি পর্ব্বতের উপর দিয়া গমন করিতে লাগিলেন, কেননা শত্রুরা ভাবিবে যে সে দিবস যুদ্ধ করিতে তাঁহার বাঞ্ছা নাই। পরে শত্রুদের অবস্থিতি স্থানহইতে দেড়ক্রোশ অন্তরে তিনি শিবির করিবার ছলে সেনাদিগকে স্থগিত করিয়া অস্ত্র শস্ত্র ত্যাগ করাইলেন। ইহাতে শত্রুদের এমত ভ্রম হইল যে তাহারা যুদ্ধের বিলম্ব ভাবিয়া অস্ত্রাদি ত্যাগ করিয়া শিবিরের চতুর্দ্দিগে নিশ্চিন্ত মনে ছড়িয়া পড়িল; সুতরাং যুদ্ধের পূর্ব্বকালে সেনাগণের যে ক্রোধোপস্থিত হয় তাহার নির্ব্বাণ হইল।

ইপামিনণ্ড* শত্রুদের ঐ রূপ নিশ্চিন্ত ভাব দর্শনে হঠাৎ আপন সৈন্যদিগকে দক্ষিণ পার্শ্বে ঘুরাইয়া আনিয়া তাহাদের স্তম্ভাকার ঘুচাইয়া শ্রেণীবদ্ধ করিলেন, এবং উৎকৃষ্ট সেনাগণকে ঘুরাইয়া বামভাগস্থ দলের সম্মুখে অবস্থিত করাইলেন, যে তদ্দ্বারা তাহারা অধিক শক্তিমন্ত হইয়া তাহাদের সম্মুখস্থ লাসিডিমোনীয় দল আক্রমণ করিতে পারিবে। অপর তিনি মধ্য ও দক্ষিণ ভাগস্থ সৈন্যদিগকে ধীরে ২ চলিতে এবং শত্রুদের অন্তরে অবস্থিত হইতে আজ্ঞা করিলেন, যে তাহাদের সহিত শত্রুরা যুদ্ধ করিতে না পারে, কেননা ঐ সৈন্যেরা বড় সুন্দররূপ পারগ ছিল না।

ইপামিনণ্ড* স্বয়ং যে উৎকৃষ্ট দলের অধ্যক্ষতা করিতেন, এবং যাহাদিগকে স্তম্ভরূপ করিয়া রাখিয়াছিলেন তাহাদিগকে তিনি ত্রিকোণাকার করিয়া তাহাদের দ্বারাই যুদ্ধের শেষ করিতে মানস করিয়াছিলেন। তিনি এইরূপ ভাবিয়াছিলেন,

যে যদ্যপি আমি এক বার লাসিডিমোনীয় দলমধ্যে প্রবিষ্ট হইতে পারি তবে তাহাদের অন্য দল সকলের পরাভব অনায়াসেই করিতে পারিব। কেননা তাহাতেই শত্রুদের অতিশয় শক্তি আছে।

শত্রুদের বামভাগস্থ আথিনীয়েরা* দক্ষিণভাগস্থদিগকে আশ্রয় দিতে না পারে এই অভিপ্রায়ে তিনি এক দল পদাতিক ও অশ্বারূঢ় সৈন্য পৃথক্ করিয়া একটা উচ্চ স্থানের উপর রাখিলেন, যে ঐ বামাংশের আথিনীয়েরা* দক্ষিণ ভাগের আশ্রয়ার্থ যাত্রা করিলেই তাঁহারা উহাদের পার্শ্বে অনায়াসে আক্রমণ করিতে পারিবে।

ইপামিনণ্ড* সৈন্য সকল এইরূপে প্রস্তুত করিয়া ঐ সুয়াকার দলের সহিত শত্রুদিগকে আক্রমণ করিতে গমন করিলেন। শত্রুরা তাঁহার এই প্রকার আগমন দর্শনে অতিশয় সচকিত হইয়া অশ্ব সকলকে লাগাম পরাইয়া আপনং অস্ত্র লইয়া ব্যস্ত সমস্তে স্বং স্থানে দাঁড়াইতে লাগিল।

যখন ইপামিনণ্ড* শত্রুর প্রতিকূলে গমন করিতেছিলেন, সেই সময়ে গ্রীক† প্রদেশের মধ্যে অত্যুত্তম থিবীয় ও থিসেলীয় অশ্বারূঢ় সকল তাঁহার পার্শ্বদ্বয়ে ছিল, তাহারা শত্রুদের অশ্বারূঢ়দিগকে আক্রমণ করিতে আজ্ঞা পাইলে এক দারুণ যুদ্ধ ঘটিল, কিন্তু বিস্তর ক্ষণ রহিল না, কারণ লাসিডিমোনীয় অশ্বারূঢ় সকল শীঘ্র তাড়িত হইয়া আপনাদের পদাতিকদের পশ্চাতে আশ্রয় লইল। ঐ সময়ে ইপামিনণ্ডের* আপন পদাতিক লইয়া লাসিডিমোনীয়* দল আক্রমণ করাতে উভয়পক্ষ অতিশয় ক্রোধ পূর্ব্বক যুদ্ধ করিতে লাগিল; যেহেতুক ঐ সময়ে থিবীয়েরা* এবং লাসিডিমোনীয়েরা* বরং মৃত্যু স্বীকার

করিতে উদ্যত ছিল, তত্রাপি কেহ পরাভব স্বীকার করণে সম্মত ছিল না। তাহারা বর্শার দ্বারা যুদ্ধারম্ভ করিয়াছিল, কিন্তু সে সকল ঘোরতর রণের সময় ভগ্ন হওয়াতে সকলেরই অসি গ্রহণ করিয়া পরস্পর তুল্য প্রতিযোগ করাতে উভয় পক্ষই অতিশয় হত হইতে লাগিল। বিপদভয় তুচ্ছ করিয়া কেবল স্বং বীরত্ব প্রকাশ করণাকাঙ্খায় সকল লোক আপনং পদে প্রাণত্যাগ করিতে ইচ্ছুক ছিল, তত্রাপি কেহ এক পদ হটিতে ইচ্ছুক ছিল না।

এইরূপ ভয়ঙ্কর বিনাশ ক্ষণেক কাল ক্রমিক হওয়াতে এবং তাহাতেও কোন পক্ষে জয় না হওয়াতে ইপামিনণ্ড* আপন প্রাণভয় ত্যাগ করিয়া স্বয়ং এক অসাধারণ উদ্যম করণের প্রতিজ্ঞা করিলেন। যথা তিনি কতকগুলিন অতিশয় সাহসী এবং দৃঢ়প্রতিজ্ঞ সৈন্য আপন সঙ্গী করিয়া যে স্থানে ঘোরতর সংগ্রাম হইতেছিল সেই স্থানে গমন করিয়া প্রথম বর্শা নিঃক্ষেপেই লাসিডিমোনীয় সেনাপতিকে বর্শাঘাতী করিলেন; এবং তাঁহার সেনাগণও ঐ রূপ দৃষ্টান্তমতে সম্মুখে যে শত্রুদিগকে দেখিতে পাইল তাহাদিগকেই অস্ত্রাঘাত বা বধ করিয়া লাসিডিমোনীয় দল ছিন্নভিন্ন করিয়া তন্মধ্যে প্রবেশ করিল। লাসিডিমোনীয়েরা* ইপামিনণ্ডের* দর্শনে শঙ্কিত এবং সেনাগণের সাহসে উৎত্যক্ত হইয়া পরাভূত হইল। থিবীয় সৈন্য সকল আপনাদের সেনাপতির জয়ে ভরসান্বিত হইয়া শত্রুদের বাম ও দক্ষিণ পার্শ্বে পড়িয়া অনেককে হত করতঃ তাহাদিগকে তাড়াইয়া দিল; কিন্তু স্পার্টীয়দের* কতক সেনা ইপামিনণ্ডকে* উন্মত্ত দেখিয়া ফিরিয়া আসিয়া তাঁহার উপর বিস্তর বর্শা বর্ষণ করিতে লাগিল; এবং যখন তিনি ঐ সকল বর্শা

স্বগাত্রে পতন নিবারণ জন্য অস্ত্রখেলার দ্বারা আত্মরক্ষা করতঃ বীরের ন্যায় যুদ্ধ করিতে ছিলেন, সেই সময়ে কেলিক্রেটি * নামক এক জন স্পার্টীয় তাঁহাকে সাংঘাতিক রূপে বক্ষস্থলে এক বর্শাঘাত করিলেন। বর্শার কাষ্টভাগ ভাঙ্গিয়া লৌহাগ্র আঘাত স্থানে বিদ্ধ হইয়া রহাতে এমত অসহ্য বেদনা হইল যে তিনি তৎক্ষণাৎ ভূমিতে পতিত হইলেন। তাহাতে লাসিডিমোনীয়েরা* তাঁহাকে জীবিত লইয়া যাইতে এবং থিবীয়েরা* তাঁহাকে রক্ষা করিতে চেষ্টা পাইলে পূর্ব্বাপেক্ষায় অধিক দারুণ যুদ্ধ হইল। শেষে থিবীয়েরা * শত্রুদিগকে দূর করতঃ আপনাদের অভীষ্ট লাভ করিয়া তাঁহাকে লইয়া গেল।

এইরূপে পরস্পরের ক্ষণেক লাভ ও ক্ষণেক ক্ষতি হইলে পর উভয় পক্ষই স্থির হইয়া আপন ২ প্রস্থানার্থ রণ শিঙ্গার ধ্বনি একেবারে করিল। পরে পরস্পর জয়ী জ্ঞান করিয়া উভয় পক্ষীয়েরাই এক ২ জয় চিহ্নস্বরূপ এক ২ মঠ প্রস্তুত করিল। থিবীয়দের* এইরূপ ভাবিবার কারণ এই যে তাহারা শত্রুদের দক্ষিণ পার্শ্বস্থদিগকে পরাভূত করিয়া রণক্ষেত্রপতি হইয়াছিল; এবং আথিনীয়েরা * জয়ী ভাবিয়াছিল, তাহার কারণ এই যে তাহারা ইপামিনণ্ডের * পূর্ব্বোক্ত প্রেরিত সৈন্যদিগকে নষ্ট করিয়াছিল। এই নিমিত্তে উভয়ের কোন পক্ষ নিজ বন্ধুদের শবের সমাধি দিবার অনুমতি যাচ্ঞা করিতে ইচ্ছুক হইল না, কারণ প্রাচীনেরা ইহাতেই পরাভব স্বীকার করা ভাবিতেন। সে যাহা হউক, লাসিডিমোনীয়েরা * প্রথমে সমাধির অনুমতি প্রার্থনা করিল, তৎপরে সকলে অবিলম্বে আপন ২ বন্ধুগণের অন্ত্যেষ্টি ক্রিয়া করণে প্রবৃত্ত হইল।

ইপামিনণ্ডকে *. শিবিরে লইয়া যাওনান্তর অস্ত্র বৈদ্যেরা আসিয়া তাঁহার আঘাত দৃষ্টি করিয়া কহিলেন যে

বর্শার লৌহাগ্র বাহির করিবামাত্র তাঁহার প্রাণ বিয়োগ হইবে। ইহা শুনিয়া তথায় যে সকল লোক উপস্থিত ছিল তাহারা সকলে অত্যন্ত দুঃখিত হইল এবং এমত মহা পুরুষের মৃত্যুকালোপস্থিত দেখিয়া কোনমতে শান্ত হইতে পারিল না; কিন্তু ইপামিনণ্ড কেবল যুদ্ধাবস্থার বিষয়ে খেদ প্রকাশ করিয়াছিলেন। পরে যখন থিবী- য়েরা* তাঁহার ঢাল তাঁহাকে দেখাইয়া কহিল; যে আমরা জয়ী হইয়াছি। তখন তিনি আনন্দিত ও প্রসন্ন বদনে কহি- লেন, যে তবে আমাদের মঙ্গলই হইয়াছে; ইহা কহি- বামাত্র তিনি ঐ লৌহাগ্র সহস্তে আঘাতস্থলহইতে খুলিয়া প্রাণত্যাগ করিলেন।

থিবির † গৌরব ইপামিনণ্ড* হইতে যেমত বর্দ্ধিত হয় তাঁহার মরণাবধি তাহার সেই রূপ হানি হইতে লা- গিল। অন্য কাহারও সহায়তা ব্যতিরেকে একক স্বদেশীয়- দিগকে যুদ্ধগৌরবাকাঙ্খী করিতে তিনিই কেবল দৃষ্টান্ত স্বরূপ হয়েন। যেহেতুক তদ্দেশে কোন অগ্রগন্তা তাঁহার তুল্য ছিল না, এবং পরেও কেহ তাঁহার অনুবর্ত্তীহইতে পারে নাই।

মেঁটিনিয়ার † যুদ্ধের পরে স্পার্টা † ভিন্ন গ্রীকেরা অন্যান্য প্রদেশ সকলের মধ্যে এক প্রকার সন্ধি নির্দ্ধার্য্য হইল, তন্নি- য়ম এই। যথা প্রত্যেক প্রদেশস্থেরা আপন ২ পূর্ব্বাধিকার সকল পুনঃ প্রাপ্ত হইয়া পরস্পর স্বাধীন থাকিবে। ইহার পর কিয়ৎকাল পর্য্যন্ত কোন আশ্চর্য্য ঘটে নাই, কেবল আজিসিল* টেকো নামক ইজিপ্ট † রাজ্যাপহারকের সহা- য়তায় ঐ দেশে যুদ্ধ করিতে গিয়াছিলেন। তাঁহার ঐ দেশে পঁহুছাতে তদ্দেশীয়েরা তাঁহার বৃহৎ সুখ্যাতি শুবণে তাঁ- হাকে দেখিতে অতিশয় বাঞ্ছা করিয়া তাঁহার নিকট বিস্তর

লোকের জনতা হইল, কিন্তু তাহারা যেমত ভাবিয়াছিল সেই মত সুন্দর ও উজ্জ্বল অঙ্গ বিশিষ্ট পুরুষ না দেখিতে পাইয়া তাহারা তাঁহাকে খর্ব্ব ও প্রাচীন দেখিল। অধিকন্তু তিনি জীর্ণ বস্ত্রে এবং কেশ বিন্যাস না করিয়া তৃণশয্যায় শয়ন করিয়াছেন দেখিয়া তাহারা অতিশয় চমৎকৃত হইল। অপর তাহারা তাঁহাকে সুগন্ধাদি নানা স্বদেশীয় দ্রব্যের উপঢৌকন দিয়া যে রূপ উত্তর পাইয়াছিল তাহাতে তাহারা আরও আশ্চর্য্য বোধ করিল। সে উত্তর এই, যে হে ইজিপ্ট† বাসিগণ তোমরা এই সকল দ্রব্য আমার দাসদিগকে দেও, কেননা স্পার্টার† স্বাধীন লোকেরা এই সকল ব্যবহার করিতে জানেন না। পরে তিনি টেকোর* কৃতঘ্নতা দেখিয়া তাঁহার ভ্রাতৃপুত্র নেকটেনিবের* সহিত সংযোগ করিয়া তাঁহাকে রাজসিংহাসনস্থ করিলেন, এবং এতদ্বিষয়ে অন্য এক জন শত্রুর প্রতিযোগ করাতে তিনি তাঁহাকে সর্ব্বতোভাবে নিরস্ত্র করিয়া নেকটেনিবকে* সিংহাসনের সচ্ছন্দভোগী করিলেন। এই সকল উপকারের পুরস্কারস্বরূপ তিনি ঐ উপকৃত ব্যক্তি হইতে দুই শত ত্রিংশৎ রজত টেলেণ্ট মুদ্রা ও বিস্তর কৃতজ্ঞ ব্যবহার এবং সম্মান প্রাপ্ত হইলেন। স্বদেশে পুনরাগমনকালীন তাঁহার ডিঙ্গা আফ্রিকার† তটস্থ মিনিলা† নামক সমুদ্র কোলে বদ্ধ হইল; তথায় তিনি অতিশয় পীড়িত হইয়া অশীতি বৎসরেরও অধিক বয়ঃক্রমে পরলোকে গমন করিলেন, তন্মধ্যে সাম্রাজ্য পদে চত্বারিংশৎ বৎসর কালযাপন করিয়াছিলেন।

আজিসিল* দোষে গুণে মিশ্রিত ছিলেন। তাঁহার খর্ব্বাকার ও এক পদ খোঁড়া ছিল; এবং তিনি আপন কুৎসিতাঙ্গ

মনে এমত নিশ্চয় জানিতেন যে জীবদ্দশায় আপন প্রতিমা নির্ম্মাণ করিতে দেন নাই, এবং মরণের পরও স্পার্টীয়েরা* তাহা না করে এই জন্যে তিনি তাহাদিগকে নিষেধ করিয়াছিলেন। তিনি সেনেট† এবং ইফোরাই† সভ্যদিগকে বিস্তর সম্ভ্রম করিতেন, তাহাতেই তাঁহার মতের প্রতিযোগিতাচরণ কেহ করিত না। তিনি স্পার্টীয় পরিমিতাচরণ ও কঠিন ব্যবহারের পূর্ব্ববৎ সকল মান্য করত বিস্তর পরিশ্রম সহ্য করিতে পারিতেন। তিনি আপন সন্তানদিগকে অতিশয় স্নেহ করিতেন। তাহার এক প্রমাণ এই, এক দিবস তাঁহাকে সন্তানগণের সহিত একটা দুর্ব্বল অশ্বের উপর আরোহণ করিতে তাঁহার এক বন্ধু দেখিয়া আশ্চর্য্য প্রকাশ করিলে তিনি তাঁহাকে কহিলেন, যে অহে বন্ধো, তুমি এইক্ষণে কিছু কহিও না, কারণ তোমার সন্তান হইলে পিতার কি পর্য্যন্ত স্নেহ হয় তাহা জানিতে পারিবা। তিনি শত্রুদিগের প্রতি দয়া প্রকাশ করিতেন বটে, কিন্তু বন্ধুগণের প্রতি নিতান্ত গণতা করিতেন, তাহার এক প্রমাণ এই। যথা তিনি নাইসিয়ের* সপক্ষে ইড্রিক* নামক কেরিয়ার† রাজাকে নিবেদন করিয়া এইরূপ কহিয়াছিলেন যে যদ্যপি নাইসিয় * নির্দোষ হয়েন তবে তাহাতেই তিনি মুক্ত হইবেন, কিন্তু যদ্যপি দোষী হয়েন তত্রাপিও তাঁহাকে আমার অনুরোধে মুক্ত করিও, অর্থাৎ যেমতে হউক তাঁহাকে অবশ্যই মুক্ত করিতে হইবে। তিনি শত্রুদিগকে অতি আশ্চর্য্য রূপে প্রবঞ্চনা করিতেন। যথা কোন যুদ্ধযাত্রার পূর্ব্বকালে যে পথ দিয়া ও যে সময়ে গমন করিতে মনস্থ করিতেন তাহা যথার্থই প্রচার করিতেন, কিন্তু শত্রুরা তাহা মিথ্যা জ্ঞান করিয়া অন্য সময়ে ও অন্য পথে গমন করিত। তাঁহার সাহস ও পারগতার কারণ এমত সম্ভ্রম হইয়াছিল যে স্পার্টীয়েরা * তাঁহাকে সেনাপতিত্ব ও

ডিঙ্গাপতিত্ব পদে নিযুক্ত করিয়াছিল; এমত দ্বিরূপ মর্য্যাদা তদ্দেশে পূর্ব্বে কখন কাহারও হয় নাই।

গ্রীকজাতীয়দের মধ্যে সর্ব্বাপেক্ষায় আথিনীয়েরা * সকল উৎকৃষ্ট বিদ্যার অতিশয় প্রেম করিত, বিশেষতঃ কাব্যের। কাব্যের চর্চ্চা তাহারা এমত অধিক করিয়াছিল, যে প্লুটার্ক* কহেন অসভ্য জাতীয়দের প্রতিকূলে যুদ্ধ করণে যেরূপ ব্যয় হয় তদপেক্ষায় সফোক্লি* এবং উরিপিডির* কএক খান কাব্য গ্রন্থের সং করিতে অধিক ব্যয় হইয়াছিল। ঐ ব্যয় করণার্থে তাহারা যুদ্ধ করণ জন্য সঞ্চিত ধন গ্রহণ করিয়াছিল; ঐ সঞ্চিত ধন অন্য কোন প্রকারে ব্যয় করণে কেহ যদি পরামর্শ দিত তবে তাহার প্রাণদণ্ড করিবার ব্যবস্থা ছিল। এইক্ষণে তাহারা ঐ ব্যবস্থা কেবল অন্যথা করিল এমত নহে, কিন্তু তাহার বিপরীত ব্যবস্থা স্থাপন করত আজ্ঞা করিল যে যদ্যপি কেহ যুদ্ধার্থ ঐ ধন ফিরিয়া দিতে প্রসঙ্গ করেন তবে তাঁহার ঐ রূপ প্রাণদণ্ড হইবে। গ্রীকের † অন্যান্য জাতীয়েরা আথিনীয়দিগকে * এইরূপ বহুব্যয়ে ও সুখাভিলাষে মগ্ন দেখিয়া অশ্রদ্ধা করিলে তাহাদিগের পূর্ব্ববন্ধুরা খ্রীষ্ট * জন্মের তিনশত অষ্টপঞ্চাশৎবৎসরের পর অবধি তাহাদের সহিত সংগ্রামে প্রবৃত্ত হইল। কিন্তু এই যুদ্ধের শীঘ্র শেষ হইয়াছিল তাহাতে কোন প্রধান ঘটনা নাই, কেবল এই যে কেব্রিয় * নামক আথিনীয় সেনাপতি কাইয় † উপদ্বীপ আক্রমণ সময়ে প্রাণ অপেক্ষায় মানের অধিক গৌরব করিয়া ডিঙ্গার মধ্যে প্রাণ ত্যাগ করিলেন, তত্রাপি জীবিত থাকিতে ঐ ডিঙ্গা শত্রুহস্তে সমর্পণ করিলেন না। ঐ সময়ে গ্রীকের † মধ্যে অন্য এক জাতীয় লোক শক্তিমন্ত হইতে লাগিল, তাহাদের বিষয় পূর্ব্বে কিছু কহা যায় নাই, কিন্তু এইক্ষণে এমত বর্দ্ধিষ্ণু ও পরাক্রমী হইয়া উঠিল

যে তাহাদের বিষয় অবশ্যই লেখা উচিত; তাহারা মেসিডনীয়*। তাহারা এই পর্য্যন্ত অপ্রকাশ্য ও অসভ্য রূপে ছিল, এবং বিলক্ষণ সংগ্রামী হইয়াও এই পর্য্যন্ত গ্রীকের† কোন রাজ্যব্যাপারে প্রবৃত্ত হয় নাই; কিন্তু এইক্ষণে তাহারা নানা প্রকারে ঐ অপ্রকাশ্য অবস্থাহইতে উঠিয়া এমত উপায়ে প্রবৃত্ত হইল যে তদ্দ্বারা ক্রমে গ্রীকের† তাবৎ পূর্ব্বাবস্থা সর্ব্বতোভাবে পরিবর্ত্ত হইল। অতএব তাহাদের শক্তিমন্ত অবস্থার কীর্ত্তি সকল বর্ণনা করিবার পূর্ব্বে তাহাদের শক্তি এবং আদিকথার কিঞ্চিৎ কহা উচিত।

১২ অধ্যায়।

ফিলিপ্*নামক মেসিডনের†রাজার জন্মাবধি মৃত্যু পর্য্যন্তের বিবরণ।

আর্গাইব জাতীয় কেরেন* নামক এক ব্যক্তি মেসিডনিয়ার† প্রথম রাজা হইয়াছিলেন; তাঁহার পূর্ব্বে যে আর কেহ এই দেশের রাজা ছিলেন এমত নিশ্চয় কথিত নাই। তিনি হর্কিউলির* পর ষোড়শ পুরুষ। ঐ আদি অবলম্বন করিয়া ফিলিপ্* আপনাকে হর্কিউলির* বংশোদ্ভব কহিয়া পরে দেবত্ব মর্য্যাদা গ্রহণ করিয়াছিলেন। সর্ব্বসাধারণ অনুমেয় মত এই যে কেরেন* স্বদেশীয় অর্থাৎ আর্গাইব জাতীয় এক দলের সহিত তাঁহার প্রবাস স্থান অর্থাৎ মেসিডনিয়ায়† গমন করিয়া তথাকার অধিপতি হইলেন। ইতিহাসবেত্তারা কহেন, যে তিনি অষ্টাবিংশতি বৎসর রাজ্যশাসন করিয়াছিলেন, এবং তাঁহার নিজ বংশের উত্তরাধিকারিরাই ক্রমানুসারে মেসিডন† দেশে রাজা হইয়াছিলেন। কিন্তু তাঁহাদের শাসনের সময় বর্ণনযোগ্য কোন আশ্চর্য্য বিষয় ঘটে নাই, কেননা তাঁহারা প্রতিবাসি শত্রুদের

আক্রমণে কেবল আত্মরক্ষা মাত্র করিয়াছিলেন, এবং তাঁহাদের অধিকার সময়ে সর্ব্বদাই রাজ বংশের হত্যা ও রাজ্যাপহরণ হইত।

ফিলিপের * পিতা এমিণ্ট * ফিলিপ ভিন্ন আলেক্সাণ্ডর * ও পর্ডিক* নামক অন্য দুই জ্যেষ্ঠপুত্রকে রাখিয়া পরলোক প্রাপ্ত হয়েন। প্রথমে আলেক্সাণ্ডর * তৎপরে পর্ডিক * রাজা হইয়াছিলেন। ইহাদের কনিষ্ঠের এমিণ্ট * নামক এক পুত্র ছিলেন, তিনি শিশুকালে পিতৃপদ প্রাপ্ত হয়েন, কিন্তু রাজকর্ম্মের কারণ এক জন বিজ্ঞ রাজার আবশ্যক হওয়াতে এমিণ্ট * শীঘ্র পদচ্যুত হইলেন, এবং তাঁহার পিতৃব্য ফিলিপ্ * তৎপদাভিষিক্ত হইলেন।

ফিলিপ্ * চতুর্বিংশতি বৎসর বয়ঃক্রমে এবং একশত পঞ্চম অলিম্পিয়ডের † প্রথম বৎসরে রাজ্যশাসনারম্ভ করিলেন। তাঁহার প্রায় তাবৎ শিক্ষা থিবি † নগরে হইয়াছিল, তথায় তিনি বাল্য কালে সন্ধির বন্ধকস্বরূপ হইয়া গিয়াছিলেন, এবং তথায় তিনি ইপামিনণ্ডের * নিকটহইতে তৎকালমত যুদ্ধের বিধি সকল শিক্ষা করিয়াছিলেন, তাহা পরে ক্রমিক প্রকাশ হয়। এইক্ষণে রাজা হইয়া তাঁহার সকল প্রগল্ভতা ও চতুরতা প্রকাশ করণের আবশ্যক হইল, কেননা সকল প্রতিবাসি জাতিই তাঁহার বিপক্ষ ছিল। যথা ইলিরীয়েরা * তাঁহার অধিকারের একাংশ আক্রমণ করিয়াছিল, কিন্তু এইক্ষণে তাঁহাকে বিশেষ রূপে আক্রমণ করিবার জন্য মহা সৈন্য প্রস্তুত করিতে লাগিল; পিওনীয়েরা * ও তাঁহার অধিকারে প্রতিদিন আক্রমণ করিতে লাগিল। এতদ্ভিন্ন সেই সময়ে দুর্ভাগ্য ক্রমে অন্য দুই ব্যক্তি তাঁহার পদাকাঙ্ক্ষী হইয়াছিলেন, তন্মধ্যে পাসেনিয় * নামক এক জন লাসিডিমোনীয়, তাঁহার সহায়-

তার্থে থ্রেসীয়েরা* প্রবৃত্ত হইয়াছিল; এবং অন্যজন আ-র্জীয়* তাঁহার আশুয়ের ভার আখিনীয়েরা* লইয়া ছিল।

এইরূপে সিংহাসনে সুন্দর মতে স্থাপিত হইতে না হইতে তাঁহার এতশত্রু হওয়াতে, তিনি প্রথমে স্বজাতীয়দিগকে বশীভূত করিয়া তাহাদের সাহস বৃদ্ধি করিতে চেষ্টা পাইতে লাগিলেন, যে হেতুক ইহার কিছু পূর্ব্বে ইলিরীয়দের* সহিত যুদ্ধে তাহাদের চারি সহস্রেরও অধিক লোক হত হওয়াতে তাহারা নিতান্ত নিরাশ হইয়াছিল। ঐ চেষ্টায় চতুরতা বিশেষতঃ বক্তৃতাদ্বারা তাঁহার ইষ্টসিদ্ধি হইল; তিনি বক্তৃতা বিদ্যায় অতিশয় পারগ ছিলেন। পরে তিনি তাঁহাদের কুনীতি সকল শুধরাইয়া নূতন শিক্ষা দিতে চেষ্টা করিয়াছিলেন। সেই সময়ে তিনি ফেলেংক্স নামক মেসিডনীয় প্রসিদ্ধ দল নির্ম্মাণ করিয়াছিলেন, তাহাহইতে পরে বিস্তর ফল দর্শি-য়াছিল। প্রাচীন গ্রীকেরা* যে ধারায় পদাতিক সকলকে নিকটং সংস্থিত করিয়া শত্রুদের ধাক্কা দৃঢ়রূপে নিবারণ করিত, সে ধারা অপেক্ষায়ও ঐ নূতন নির্ম্মিত দল অধিক লাভজনক হইল।

তথাচ তাবৎ পদাতিক দলকে সচরাচর ফেলেংক্স কহা যাইত, কিন্তু শুদ্ধ ফেলেংক্স দলে কেবল ষোড়শ সহস্র সেনা থাকিত। পোলিবিয় * কহেন যে ফিলিপ্* কর্ত্তৃক নির্ম্মিত ঐ নূতন দল দীর্ঘ চতুষ্কোণাকার ছিল এবং তন্মধ্যে অষ্ট সহস্র বর্শাধারী ছিল, তাহারা ষোড়শ পংক্তি হইয়া এক২ পংক্তিতে পাঁচশত করিয়া থাকিত। ইহারা সকলে পরস্পর এমত নিকটং দাঁড়াইত যে পঞ্চম পংক্তির বর্শা সকল প্রথম পংক্তিহইতে দুই হাত বাহিরে থাকিত; কিন্তু তৎপর পংক্তি সকলের প্রথম পংক্তিহইতে অধিক অন্তরপ্রযুক্ত তাহাদের বর্শা সকল কার্য্যোপযুক্ত না হওয়াতে তাহারা সম্মুখের পংক্তি-

ন্ধের স্কন্ধ অবলম্বন করত দাঁড়াইয়া রহিত। ইহাতে পরস্পরের সহিত এক প্রকার বন্ধন হইয়া পশ্চাতের পংক্তিস্থেরা অগ্রের পংক্তিস্থদিগকে ঠেলিয়া লইয়া যাইত, তদ্দারা আক্রমণ অতিশয় প্রচণ্ড এবং প্রায় অনিবার্য্য হইত।

ফিলিপ্* স্বদেশের সকল বিষয় স্থির করিয়া এবং অতি নিকটবর্ত্তি শত্রুদের সহিত বিবাদ ভঞ্জন করিয়া আথিনীয়দের * প্রতিকূলে যাত্রারম্ভ করিলেন, তাহারা আজিয়ের* সহাযতার্থে মিথোনি † নগর পর্য্যন্ত আসিয়াছিল। পরে তিনি যুদ্ধ করিয়া তাহাদিগকে পরাভূত করিলেন; তাহাতে আর্জীয়* হত হওয়াতে ঐ বিবাদের একেবারে শেষ হইল, কেননা তিনি আথিনীয়দিগকে * আপনার হস্তে পাইয়াও দেশে পুনর্গমন করিতে অনুমতি দিলেন। এতাদৃশ দয়াপ্রকাশে আথিনীয়েরা* ইচ্ছাপূর্ব্বক তাঁহার সহিত ত্বরায় সন্ধি করিল, কিন্তু ফিলিপের* অন্যান্য অধিকার সকল নিঃশঙ্ক করিবার জন্য যে সময়ের আবশ্যক ছিল, কেবল সেই পর্য্যন্তই তিনি ঐ সন্ধি পালন করিলেন।

অপর তিনি উত্তরদিগে যাত্রা করিয়া প্রথমে পিওনীয়দিগকে* এবং তৎপরে ইলিরীয়দিগকে * পরাভূত করিলেন; অতএব ইলিরীয়েরা* মেসিডনিয়ার † যেই অংশ পূর্ব্বে অধিকার করিয়া লইয়াছিল সে সকল তাহাদিগকে ফিরিয়া দিতে হইল। তিনি তৎপরে ষ্ট্রাইমন† নদীর পার্শ্বস্থ আম্ফিপোলি † নামক স্থান অধিকার করিলেন, ঐ স্থানে তাঁহার রাজ্যের প্রবেশপথ ছিল। তিনি নিজ শাসনের প্রথমেই ঐ স্থান লইয়াছিলেন, কিন্তু তাহা পুনর্ব্বার আথিনীয়দিগকে * সমাদর করিয়া সমর্পণ করিয়াছিলেন, কেননা তাহা পূর্ব্বে তাহাদেরই অধিকার ছিল। কিন্তু এইক্ষণে তাহাদের ভয় না করিয়া তিনি সম্পূর্ণ রূপে জয়ী হইয়া ঐ স্থান আপন রাজ্যে

' সংযুক্ত করিলেন। সে যাহা হউক, পিডনা † ও পোটিডি-য়ার † জয়ের সময় তিনি যেমত আথিনীয়দিগকে * সমাদর করিয়াছিলেন তাহারা তাঁহার হস্তে পড়িলে প্রায় সর্ব্বদাই সেইমত সমাদর করিতেন, তাহার প্রমাণ এই, যে আথিনীয়েরা* পোটিডিয়ার † রক্ষক ছিল, তিনি তাহাদিগের কোন হানি না করিয়া বিস্তর শিষ্টাচার পূর্ব্বক তাহাদিগকে দেশে প্রেরণ করিয়াছিলেন।

প্রতিবাসিদিগকে আক্রমণ করিতে ক্ষান্ত না হইয়া দুই বৎসর পূর্ব্বে যে ক্রিনিডি † নগর নির্ম্মিত হইয়াছিল, তাহা তিনি অধিকার করিয়া নিজ নামানুসারে তাহার নাম ফিলিপাই † রাখিলেন। পরে তথায় তিনি এক স্বর্ণাকর প্রকাশ করিলেন, তাহাতে প্রতিবৎসর একলক্ষ চৌয়াল্লিশ সহস্র ইংগ্লণ্ডীয় পৌণ্ড অর্থাৎ চৌদ্দলক্ষ চত্বারিংশৎ সহস্র সিক্কা টাকা মূল্যের স্বর্ণ উৎপত্তি হইত। এতাদৃশ ধন সেকালের লোকের পক্ষে বিস্তর ছিল, অতএব তাহার দ্বারা সৈন্য এবং ডিঙ্গা সকলের অপেক্ষায় অধিক উপকার দর্শিত, এবং তিনি প্রায় সকল সন্ধিতেই তাহা ব্যবহার করিতেন। এইরূপ কথিত আছে, যে তিনি কোন যুদ্ধের মানস করিয়া ডেল্‌ফের † এই দৈববাণী প্রাপ্ত হইলেন যে তিনি রজত বর্শাদ্বারা তাবৎ জয় করিতে পারিবেন। ঐ রজত বর্শাকে তিনি ধন অনুভব করিয়াছিলেন, এবং তদ্দ্বারা তাঁহার তাবৎ অভীষ্ট সিদ্ধি হওয়াতে তিনি ঐ দৈববাণী দৃঢ় রূপে সত্য জ্ঞান করিলেন। যুদ্ধজয় অপেক্ষায় সন্ধি করণ ক্ষমতায় তিনি অধিক গর্ব্ব করিতেন, কারণ তিনি এমত জানিতেন যে যুদ্ধের জয় হইলে সেনারা ও সেনাপতি গণও যশোভাগী হইবে, কিন্তু সন্ধি করণে কেবল তাঁহারই যশ হইবে।'

এইক্ষণে তাঁহার আকাঙ্খার কারণ এক প্রশস্ত পথ হইল। যদ্যা গ্রীকের † প্রদেশ সকলের মধ্যে যে বিরোধ ছিল, তাহা অল্পকাল থাকিয়া একবার সম্প্রীতি হইয়াছিল, কিন্তু কোন বিশেষ কারণে পুনর্ব্বার বিচ্ছেদ হইল। এই বিরোধের অর্থাৎ ধর্ম্ম যুদ্ধের প্রথম কারণ ফোসীয়েরা * হইয়াছিল; কেননা তাহারা ডেল্‌ফস্থ্ আপলো*দেবতার কিঞ্চিৎভূমি চষিয়াছিল। ইহা অন্যান্য নিকট-বর্ত্তি প্রদেশস্থেরা দেবস্বাপহরণ কহিয়া তাহাদিগকে আম্ফিক্‌টিয়ন বিচার সভায় আনাইল, এবং তথায় তাহারা অপরাধী হইলে তাহাদের উপর বিস্তর ধনদণ্ডাজ্ঞা হইল। কিন্তু ফোসীয়েরা* তাহা দেওনে অক্ষম হইয়া ঐ আজ্ঞা অমান্য করিয়া কহিল যে আপলো দেবের মন্দির পূর্ব্বে আমাদের হস্তে ছিল, এবং তাহা নিশ্চয় করণ জন্য তাহারা হোমরের * গ্রন্থহইতে এক প্রমাণ দিল।

অপর ফাইলোমিল * নামক ফোসীয়দের * এক জন নগর-বাসী তাহাদিগকে যুদ্ধে রত করত আপনি সেনাপতি হইয়া প্রথমে স্পার্টীয়দের * নিকট আশ্রয় যাচ্‌ঞা করিলেন। স্পার্টীয়েরা* লুক্‌ট্রার † যুদ্ধের পর কেডমিয়া † নামক খিবি নগরের দুর্গ আক্রমণ করিয়াছিল, এই নিমিত্তে আম্ফিক্‌টিয়নেরা* তাহাদের উপরও ফোসীয়দের * ন্যায় দণ্ডাজ্ঞা করিয়াছিলেন। এই প্রযুক্ত স্পার্টীয়েরা * অতিশয় আহ্লাদ পূর্ব্বক তাঁহার সহিত যোগ করিল; তাহা তাহারা বাহ্যে ব্যক্ত করিল না বটে, কিন্তু গোপনে অর্থের দ্বারা সাহায্য করিতে লাগিল; তদ্দ্বারা তিনি সৈন্য সংগ্রহ করিয়া অনায়াসেই ঐ পূর্ব্বোক্ত মন্দির অধিকার করিলেন। প্রতিবাসিদের মধ্যে কেবল লোক্রীয়েরা* বিশেষ রূপে তাঁহার প্রতিযোগ করিয়াছিল, কিন্তু তিনি তাহাদিগকে পরাভূত করিয়া ঐ মন্দিরের গাত্রে আম্ফিক্‌টিয়নদের * যে আজ্ঞা খোদিত ছিল তাহা চাঁচাইয়া ফেলি-

লেন; কিন্তু এতাদৃশ ব্যবহার সঙ্গত এমত জানাইবার জন্য তিনি স্বপক্ষে দৈববাণী প্রাপ্ত হইবার মনস্থ করত পূর্ব্বোক্ত দেবতার যাজিকাকে তদর্থে বিনয় করিলে ঐ স্ত্রী তাহাতে অসম্মতা হইলেন, পরে ভয় প্রদর্শন করাণতে স্ত্রী কহিলেন যে তোমার যেমত স্বেচ্ছা সেইমত কর, তাহাতে দেবতার আজ্ঞা আছে। এই উত্তর তিনি উত্তম ভাবিয়া সর্ব্বত্র প্রচার করিলেন।

অর্ম্ফিক্টিয়নিক্ সভ্যেরা পুনর্ব্বার একত্র হইয়া ফোসীয়দের * বিপক্ষে যুদ্ধ করণের মত স্থির করিলেন। এই যুদ্ধে গ্রীকেরা প্রায় তাবৎ প্রদেশ প্রবৃত্ত হইয়া স্বং ইচ্ছানুসারে একং পক্ষে সংযোগ করিল। যথা থিবীয়েরা* ও লোক্রীয়েরা* ও থেসেলীয়েরা * এবং অন্যান্য নিকটস্থ প্রদেশস্থেরা আপলোর * পক্ষে রহিল; কিন্তু আথিনীয়েরা* ও স্পার্টীয়েরা* এবং পিলোপনিসের† অন্য কতক নগরস্থেরা ফোসীয়দের* সহিত সংযোগ করিল। এই যুদ্ধ কিয়ৎ কাল পর্য্যন্ত হইয়াছিল বটে, কিন্তু তন্মধ্যে কোন বৃহৎ ঘটনা হয় নাই, কেবল যাহাতে ধর্ম্ম রক্ষার্থে যুদ্ধকে প্রসিদ্ধ বা কলঙ্ক যুক্ত করে তাহাই হইয়াছিল, অর্থাৎ উভয়পক্ষে বিস্তর নিষ্ঠুরতা প্রকাশ হইয়াছিল। যথা থিবীয়েরা* কতক গুলিন বন্দিকে দেবস্বাপহারক বলিয়া হত করিয়াছিল, এবং ফোসীয়েরা *ও তৎপ্রতিহিংসাস্বরূপ তাহাদের বন্দিদিগকে সেই দণ্ড করিয়াছিল। ফোসীয়দের অধ্যক্ষ ফাইলোমিল * একটা পর্ব্বতের উপর শত্রুকর্ত্তৃক বেষ্টিত হইয়া পলায়নের কোন পথ না দেখিয়া স্বেচ্ছাপূর্ব্বক পর্ব্বতহইতে পড়িয়া প্রাণত্যাগ করিলেন, তত্রাপি প্রাণ থাকিতে শত্রুদের অধীনতা স্বীকার করিলেন না। পরে তাঁহার পরিবর্ত্তে ইনোমার্ক* সেনাপতি হইলেন।

ফিলিপ* এই যুদ্ধ নিজ হিতজনক জ্ঞান করিয়া তাহার দমনের কোন চেষ্টা করেন নাই, কেননা তিনি জানিতেন যে গ্রীক † প্রদেশস্থেরা পরস্পর যুদ্ধের দ্বারা দুর্ব্বল হইলে তিনি অবকাশক্রমে আক্রমণ করিলেই তাহাদিগকে অনায়াসে অধীন করিতে পারিবেন।

ঐ ধর্ম্মার্থ যুদ্ধ সমাপ্ত হওন সময়ে মহা আলেক্সাণ্ডরের* জন্ম হইয়াছিল। ইহাঁকে বাল্যকালে বাদ্য ও অন্যান্য বিদ্যাভ্যাস করাইবার কারণ অনেক শিক্ষক নিযুক্ত ছিল, কিন্তু তিনি বয়োধিক হইলে মহাজনোপযুক্ত নীতি শিক্ষাদ্বারা সুবিচারক ও মহদন্তঃকরণ বিশিষ্ট হয়েন এই অভিপ্রায়ে তাঁহার পিতা ফিলিপ্* আরিষ্টাটল্* নামক সে কালের প্রসিদ্ধ পণ্ডিতকে আসিতে বিনয় পূর্ব্বক পত্র লিখিয়াছিলেন, কেননা তৎকালে এবিষয়ে তাঁহার তুল্য পারগ অন্য কেহ ছিল না। তিনি কহিয়াছিলেন, যে দেবতাগণের কৃপায় আমার পুত্রলাভ হইয়াছে বটে, কিন্তু এই শুভাদৃষ্ট যে আরিষ্টাটলের* জীবিত সময়ে হইয়াছে, এইনিমিত্তে আমি দেবতাগণকে কোটিং প্রণাম করি।

অপর ফিলিপ্* থেসা প্রদেশ নিজাধিকারস্থ করিবার মানসে মেসিডনিয়াস্থ* মিথোনি † নগর অধীন করিতে প্রতিজ্ঞা করিলেন, যে হেতুক ঐ নগরের নিমিত্তে তত্রস্থ কোন চেষ্টা সফলা হইতে পারে নাই। অপর তিনি তাহা আক্রমণ করিয়া অধীন করতঃ একেবারে সমভূমি করিলেন। ঐ স্থানে এক অদ্ভুত ঘটনায় তাঁহারএক চক্ষুর হানি হইয়াছিল। যথা আম্ফিপোলি † দেশস্থ আষ্টর* নামক এক ব্যক্তি তাঁহার সহায় হইতে ইচ্ছা করিয়া কহিলেন, আমি এমত লক্ষ করি যে পক্ষি সকলের অতিদ্রুত গতির সময়ে তাহাদিগকে বাণে

বিদ্ধ করিতে পারি। ইহা শুনিয়া ফিলিপ্* কহিলেন ভাল আমি যখন ষ্টার্লিং‡ পক্ষি সকলের সহিত যুদ্ধ করিব তখন তোমার সহায়তার প্রয়োজন হইবে। এই রূপ উত্তরে ঐ লক্ষকারী মনে বড় ব্যামোহ পাইয়া নগরমধ্যে প্রবেশ করিয়া এক বাণ নিঃক্ষেপ করিলেন, এবং তাহাতে এই লিখিয়া দিয়াছিলেন, যে আমি ইহা ফিলিপের* দক্ষিণ চক্ষুতে লক্ষ করিলাম। ঐ ধানুকির ক্ষমতার ঐ প্রমাণ অতি নিষ্ঠুর, যেহেতুক তদ্দ্বারা যথার্থই ফিলিপের* দক্ষিণ চক্ষুর হানি হইল। ফিলিপ্* সেই শর লইয়া তাহার উপর এই লিখিয়া তাঁহার নিকট পাঠাইলেন যে যদ্যপি আমি এই নগর অধিকার করিতে পারি তবে তোমাকে ফাঁসি দিব; পরে তিনি তাহাই করিলেন।

ইহার পর থেসিলীয়েরা* ফিরি† দেশস্থ আলেক্সাণ্ডেরের* উত্তরাধিকারী লাইকোফ্রন্* দস্যুর বিপক্ষে ফিলিপের* আশ্রয় যাচ্ঞা করাতে তিনি তদর্থে যাত্রারম্ভ করিলেন। ঐ লাইকোফ্রন্* প্রথমে কিয়ৎকাল পর্য্যন্ত দুঃখমোচকের ন্যায় সদ্ব্যবহার করিয়াছিলেন, কিন্তু শেষে আপন অগ্রগান্তার ন্যায় নিষ্ঠুর ব্যবহারারম্ভ করিলেন; এবং ইনোমার্ক* নামক ফোসীয়দের* সেনাপতিহইতে আশ্রয় পাইয়া তিনি আপনাকে নিঃশঙ্ক ভাবিলেন। সে যাহা হউক, ফিলিপ্* তাহাকে সাহস পূর্ব্বক আক্রমণ করিয়া তাঁহার সৈন্যকে পরাভূত করিয়া ছয় সহস্র সেনাকে সংগ্রামক্ষেত্রে হত করিলেন, এবং তিনি যে তিন সহস্র জন ফোসীয়কে* বদ্ধ করিয়াছিলেন তাহাদিগকে অধার্ম্মিক দুরাত্মা বলিয়া সমুদ্রমধ্যে নিঃক্ষেপ করিলেন। -

এইরূপে থেসেলীয়দিগকে* মুক্ত করিয়া তিনি ফোসি† প্রদেশে যুদ্ধ করিতে প্রতিজ্ঞা করত প্রথমে থর্ম্মাপিলি† অধি-

‡ (Starling,) ক্ষুদ্র পক্ষিবিশেষ।

কার করণার্থে যাত্রারম্ভ করিলেন, কেননা গ্রীকে † এবং বিশেষতঃ আটিকায় † যাইবার সেই পথ; কিন্তু আথিনীয়েরা* এই সংবাদ পাইয়া ঐ পথ পূর্ব্বে অধিকার করিবার জন্য এক দল সৈন্য প্রেরণ করিল; এবং ফিলিপ* তৎকালে তাহাদের সহিত প্রকাশিত রূপে বিচ্ছেদ করণের ইচ্ছা না করিয়া আপন মনস্থ পরিত্যাগ করিলেন। ডিমাস্থিনি* নামক প্রসিদ্ধ বক্তার বক্তৃতাদ্বারা আথিনীয়দের* ঐ রূপ ভরসা হইয়াছিল, তিনি ফিলিপের* লোভাভিপ্রায় এবং তৎকর্ম্ম সফল করণে তাঁহার ক্ষমতা জ্ঞাত হইয়াছিলেন।

ঐ রাজনীতিজ্ঞ বক্তার বিষয়ে এই ইতিহাসের মধ্যে অনেক কথা পরে পাওয়া যাইবে। তিনি নিরানব্বই অলিম্পিয়ডের† শেষ বৎসরে জন্মিয়াছিলেন। জুবিনেল্* কহেন তিনি এক জন নীচ ও সামান্য শিল্পির পুত্র, সে কথা অগ্রাহ্য, কারণ তাঁহার পিতা শিল্পী বটে কিন্তু আথিনীয় † এক জন খ্যাত নগরবাসী ছিলেন। তিনি অস্ত্রনির্ম্মাণ করিয়া বিস্তর ধন সংগ্রহ করিয়াছিলেন। ডিমাস্থিনি * সপ্তম বৎসর বয়ঃক্রমে পিতৃহীন হইয়াছিলেন অধিকন্তু দুর্ভাগ্যক্রমে তাঁহার রক্ষকেরা বিশ্বাসঘাতকতা পূর্ব্বক তাঁহার পিতৃধনাপহরণ ও বিস্তর অপচয় করিয়াছিল। ঐ রক্ষকদের বিপক্ষে উত্তর প্রত্যুত্তর করণে তাঁহার বক্তৃতার প্রথম চিহ্ন প্রকাশ হয়; কিন্তু বক্তৃতা অপেক্ষায় ন্যায় বিষয়ের জন্য তাঁহার জয় হইল। প্রথমে বোধ হইয়াছিল যে বক্তৃতা অভ্যাস করণের উদ্যম সকল তাঁহার বিফল হইবে, এবং তজ্জন্য যে মনোহর ও উচ্চৈঃস্বরে উচ্চারণ করণ শক্তির আবশ্যক তাহা তিনি শীঘ্র জানিলেন। এই বিষয়ে তাঁহার যে সকল স্বাভাবিক ব্যাঘাত ছিল তাহা প্রথমে অজেয় বোধ হইয়াছিল। যথা তিনি কষ্টে বাক্যোচ্চরণ অর্থাৎ তো তো

করিতেন, কিন্তু সর্ব্বদা মুখে প্রস্তরখণ্ড রাখিয়া বাক্য কহিতে২ তাহা সুধরিল। তাঁহার দুর্ব্বল স্বর ছিল, কিন্তু দৌড়ন কিম্বা পর্ব্বতে চড়নদ্বারা শ্বনশ্বাসের সময়ে কবিতা পড়িয়া তিনি ঐ দোষ সুধরাইলেন। কহিবার সময় তাঁহার শরীরের কদর্য্য ও কুশ্রী ভঙ্গিমা হইত, কিন্তু তিনি এক খান দর্পণ সম্মুখে রাখিয়া অভ্যাস করিতে২ তাহা উত্তম হইল। অপর তিনি জানিতেন যে মনুষ্যের মন দৃঢ় অভ্যাসে স্বাভাবিক রত নহে, এতজ্জন্য মৃত্তিকার মধ্যে একটা কুঠরি নির্ম্মাণ করিয়া মধ্যে২ ক্রমিক দুই তিন মাস পর্য্যন্ত তন্মধ্যে বদ্ধ থাকিতেন, এবং বাহিরে আসিবার কোন সম্ভাবনা না থাকে এই অভিপ্রায়ে অর্দ্ধেক মস্তক মুণ্ডন করিয়া থাকিতেন।

কিন্তু সেটির * নামক কবির সৎপরামর্শ ও উপদেশ গ্রহণ না করিলে ডিমাস্থিনির * ঐ সকল চেষ্টাও বিফল হইত। এক দিবস ডিমাস্থিনি * এক সভায় বক্তৃতা করিতে২ কথনের কিছু ব্যত্যয় হওয়াতে লোকদের বিদ্রূপে অতিশয় অপ্রস্তুত হইলেন, তাহা সেটির * দেখিয়া ডিমাস্থিনিকে * সফোক্লির * কতক গুলিন কবিতা পড়িতে কহিলেন। তদনুসারে প্রথমে ডিমাস্থিনি * তাহা পড়িলেন, শেষে সেটির * তাহা আপনি এমত শুদ্ধস্বরে ও স্পষ্ট উচ্চারণে পাঠ করিলেন যে তদ্দ্বারা ডিমাস্থিনি * কথকতা বিষয়ে আপন অপটুতা নিশ্চয় জানিতে পারিলেন। কিন্তু সেটিরের * শিক্ষায় এবং নিজদৃঢ় উৎসাহের নিমিত্ত ডিমাস্থিনি * শেষে বক্তৃতায় এমত নিপুণ হইলেন, যে তিনি তৎসমকালীন অন্যান্য সকল অপেক্ষায় ঐ বিদ্যার তাবৎ বিষয়ে প্রধান হইলেন। সংক্ষেপে কহি, তিনি অতিশীঘ্র ঐ বিদ্যার আদর্শস্বরূপ হইলেন। এই

জন্য তাঁহার বক্তৃতা শুনিবার মানসে গ্রীকের † সর্ব্ব স্থান-হইতে লোকের জনতা হইত। তাঁহার স্বদেশীয়দের মধ্যে এবং সিসিরো * ভিন্ন রোমীয়দের * মধ্যেও অন্য কেহ তাঁহার তুল্য ছিলেন না। প্রাচীন গ্রন্থকর্ত্তারা বিবাদ করিয়াছেন বটে, যে ঐ দুই জনের মধ্যে কোন জন শ্রেষ্ঠ ? কিন্তু তদ্বিষয়ে কেহ নিশ্চয় না কহিয়া, কেবল তাঁহাদের লিখনের নানা সৌন্দর্য্য ও রসবর্ণনা করিয়াছেন, এবং উভয়কেই স্বং-প্রকারে শ্রেষ্ঠ কহিয়াছেন।

তাঁহার যেমত গাম্ভীর্য্য ও উগ্র প্রকৃতি ছিল তাঁহার বক্তৃতা সেই মত শক্তিমন্ত ও নির্ভয় ও উপমাবিশিষ্ট এবং ঘোর ও প্রশ্নার্থ ভাবময় এবং একের উপলক্ষে অন্যের ব্যাখ্যা করণ গুণ বিশিষ্ট ছিল। বক্তৃতারম্ভে তিনি দেবতা-দের ও গৃহগণের ও পঞ্চভূতের এবং সেলামিতে † ও মেরা-থনে † হত ব্যক্তিদের প্রেত লোকদের যে প্রকারে বন্দনা করি-তেন তৎশ্রবণে শ্রোতারা মোহিত হইয়া তাঁহাকে দৈবজ্ঞানী বোধ করিত। সংক্ষেপে কহি, তাঁহার স্বদেশীয়েরা তাঁহার পরা-মর্শ সকল এমত মান্য করিত, যে তিনি যাহা স্বেচ্ছা তাহা-তেই তাহাদিগের প্রবৃত্তি লওয়াইতে পারিতেন। এই প্রযুক্ত ফিলিপ্ * কহিতেন যে আমি আথিনীয়দের * তাবৎ সৈন্য ও ডিঙ্গা অপেক্ষায় ডিমাস্থিনিকে * অধিক ভয় করি, এবং তিনি ভিন্ন আমার অন্য কেহ শত্রু নাই।

ফিলিপ্ * এইক্ষণে আথিনীয়দিগকে * আক্রমণ করিতে ইচ্ছা না করিয়া তাহাদের বন্ধু জাতীয়দের এবং বিশেষতঃ অলিন্থী-য়দের * বিপক্ষে সংগ্রামারম্ভ করিলেন, এবং তথাচ তাহাদের সহায়তায় আথিনী † হইতে এক নূতন সৈন্য দল আসিয়াছিল, কিন্তু তিনি তাহাদিগকে অনায়াসেই পরাভূত করিলেন, এবং

তাহাদের নগর অধিকার করিয়া তাহা লুঠ করত অন্যান্য দ্রব্য সকলের সহিত বহু নগরবাসিদিগকেও বিক্রয় করিলেন। অপর তাঁহার যে দুই জারজ ভ্রাতা বন্দিদের মধ্যে ছিলেন তাঁহাদিগকে তিনি বধ করিলেন, ঐ রূপ পূর্ব্বে অন্য এক জনকে বধ করিয়াছিলেন। জষ্টিন্ * কহেন যে অলিন্থীয়েরা * তাঁহার ভ্রাতৃদ্বয়কে আশ্রয় দিয়াছিল, এই ছল ধরিয়া তিনি তাহাদিগকে আক্রমণ করিয়াছিলেন।

থিবীয়েরা * ফোসীয়দের * সহিত বহুকাল পর্য্যন্ত যে যুদ্ধ করিতেছিল তাহা কেবল আপনাদেরহইতে শেষ হইতে পারে না ইহা বুঝিয়া ফিলিপের * আশ্রয় যাচ্ঞা করিল। ফিলিপ্ * এইরূপে গ্রীকের † বিষয়ে প্রবৃত্ত হওনের ছল পাইয়া তাহাদিগকে আশ্রয় দিতে সম্মত হইলেন; এবং বিশেষতঃ যাহারা দেবস্বাপহরণে অপরাধী তাহাদের প্রতিকূলাচরণ করিলে তাঁহার ধর্ম্মিষ্ঠ রাজা নাম পাইবার সম্ভাবনা ছিল। অপর আথিনীয়েরা * ফোসীয়দের * আশ্রয় সৈন্য প্রেরণদ্বারা তাঁহার মনস্থের ব্যাঘাত করিতে না পারে এই অভিপ্রায়ে তিনি সন্ধির প্রসঙ্গ করিয়া আথিনীয়দিগকে * ভুলাইয়া রাখিতে চেষ্টা করিতে লাগিলেন। ইহাতে তাঁহার ইষ্টসিদ্ধি হইল; কেননা আথিনীয়েরা * ইস্কাইনি * ও ডিমাস্থিনি * প্রভৃতি দশ জন দূত সন্ধিসম্পন্ন করণার্থে মেসিডনীয়ায় † প্রেরণ করিল। কিন্তু ফিলিপ্ * ডিমাস্থিনি * ভিন্ন অন্য নয় জনকে গোপন দানে স্ববশীভূত করিলেন, এবং এই রূপে সন্ধি নিষ্পত্তি হওনে বিলম্ব করত ফোসিতে † গমন করিয়া নিজ নামের ভয়দ্বারা শত্রুদিগকে অধীনহইতে বাধিত করিলেন।

অপর ফোসীয়দের * বন্ধু জাতীয়দিগকে এবং বিশেষতঃ পিলোপনিসস হইতে যে অষ্ট সহস্র বেতনভোগি সৈন্য

আসিয়াছিল তাহাদিগকে তিনি স্ব২ দেশে নিঃশঙ্কে পুনর্গমন করিতে দিলেন। কিন্তু ফোসীয়দিগকে আপন হস্তে রাখিয়া তাহাদের বিষয় সকল গ্রীক† প্রদেশের বিবেচনার অপেক্ষা করে এই প্রযুক্ত আপনি স্বেচ্ছাচারী না হইয়া আম্ফিক্টিয়নিক্ সভাস্থদিগকে একত্র করিয়া তাহাদের বিবেচনার কারণ ফোসীয়দের* বিষয় অর্পণ করিলেন। কিন্তু ঐ আম্ফিক্টিয়ন্* সভ্যেরা তাঁহার এমত বশীভূত ছিলেন যে তাহারা তাঁহার মতেই সম্মত হইলেন। অপর তাঁহারা এই রূপ আজ্ঞা করিলেন, যে ফোসির† তাবৎ নগর উচ্ছিন্ন করিতে হইবে, ও যাহারা দেবস্বাপহরণ করিয়া পলায়িত হইয়াছে তাহাদিগকে কলঙ্কী ও অভিশাপগ্রস্ত ও ব্যবস্থাবহির্ভূত করা যাইবে; এবং যাহারা নগরে আছে তাহাদিগকে গ্রামে বাস করিতে হইবে; ও যে পর্য্যন্ত পূর্ব্বোক্ত মন্দিরের তাবৎ অপচয়ের পুনঃস্থিতি না হয় সেই পর্য্যন্ত তাহাদিগকে তাহাদের ভূমির করস্বরূপ প্রতিবৎসর ষষ্টি টেলেণ্ট মুদ্রা দিতে হইবে; কারণ এই কথিত আছে যে ঐ দেবস্বাপহারকদের প্রথম অধ্যক্ষ ফাইলোমিল* ঐ মন্দিরের তাবৎ অপহরণ করিয়াছিলেন। এতদ্ভিন্ন তাহাদের অধিক শাস্তি দিবার কারণ আম্ফিক্টিয়নিক্ সভায় তাহাদের দুইবার মত দেওনের যে পদ ছিল তাহা রহিত হইল। পরে ফিলিপ্* ফোসীয়দের* ঐ পদ আপনি গ্রহণ করিলেন, তাহা তাহার গ্রীকের† কর্তৃত্বভার প্রাপ্ত হওনের বিশেষ কারণ হইয়াছিল। ঐ সময়ে তিনি থিবীয়দের* সহকারিতাতে পাইথীয় ক্রীড়ার অধ্যক্ষতা প্রাপ্ত হইলেন, তাহা পূর্ব্বে কোরিন্থীয়দের* ছিল; কিন্তু এইক্ষণে তাহাদের ফোসীয়দের* সহিত সংযোগ করণ জন্য ঐ অধ্যক্ষতা ঘুচিল। ফিলিপ্* এইরূপে অভীষ্ট লাভ

করতঃ আপন গুপ্ত অভিপ্রায় সকল ব্যক্ত না করিয়া জয় পূর্ব্বক স্বদেশে পুনর্গমন করিলেন।

সেই সময়ে ফিলিপ্* এক বিশেষ বিষয়ে যে সুবিচার করিয়াছিলেন তাহাতে জ্ঞানি লোকদের মতে তাবৎ জয় অপেক্ষায় তাঁহার যশ ও সম্ভ্রম অধিক বৃদ্ধি হয়। যথা মেসিডনীয় দলভুক্ত এক জন সেনা অনেক বিষয়ে আপন সাহস প্রকাশ করিয়া অতিশয় প্রসিদ্ধ হইয়া ফিলিপের * অনুগ্রহের বিস্তর চিহ্ন পাইয়াছিলেন। এক সময়ে ঐ সেনা কোন বিষয়োপলক্ষে ডিঙ্গা আরোহণে সমুদ্রপথে যাইতেছিলেন, কিন্তু এক প্রচণ্ড বায়ুদ্বারা ডিঙ্গা ভগ্ন হওয়াতে তিনি নিঃসহায়ে ও বিবস্ত্রে মৃতপ্রায় হইয়া তীরে লাগিলেন। এই কালে ঐ সমুদ্রতটবাসি এক জন মেসিডনীয় তাঁহার দুর্দ্দশা দর্শনে স্নেহ পূর্ব্বক তাঁহার বিপদোদ্ধারের চেষ্টায় ধাবমান হইলেন। পরে তাঁহাকে আপন গৃহে আনয়ন পূর্ব্বক নিজ শয্যায় শয়ন করাইয়া নানাবিধ প্রতিকার চেষ্টা পূর্ব্বক তাঁহাকে ক্রমিক চত্বারিংশদ্দিবস পর্য্যন্ত নিজব্যয়ে আহারাদি দিয়া প্রতিপালন করিলেন। পরে ঐ সেনা এই রূপে রক্ষা পাইয়া আপন হিতকারির প্রতি যথোপযুক্ত কৃতজ্ঞতা প্রকাশ পূর্ব্বক তাঁহাকে কহিলেন, যে আমি রাজার নিকট বড় প্রতিপন্ন, অতএব তাঁহাদ্বারা যথাসাধ্য তোমার প্রত্যুপকার করিব। অপর তিনি সম্পূর্ণ রূপে সুস্থ হইয়া স্বধামে পুনর্গমন করণের বাঞ্ছা করাতে ঐ হিতকারী তাঁহার গমনোপযুক্ত ধন দান করিলেন। কিয়ৎকাল পরে ঐ সেনা রাজার নিকট উপস্থিত হইয়া আপন দুর্দ্দশা ও রাজকার্য্য বিস্তর বাড়াইয়া কহিলেন, কিন্তু আপন রক্ষকের উপকার সকল কিছু মাত্র স্বীকার না করিয়া বরং তাঁহার অধিকার ও সম্পত্তির দ্বেষ করিয়া

পাপিষ্ঠান্তঃকরণে ও কৃতঘ্নতা পূর্ব্বক আপন রক্ষার স্থান অর্থাৎ নিজ হিতকারির বাটী ও ভূমি সকল রাজার নিকট প্রার্থনা করিলেন। ইহাতে ফিলিপ* কোন বিশেষ অনুসন্ধান না করিয়া অবিবেচনা পূর্ব্বক তাহা দান করিলেন; এবং ঐ সেনা আপন দুষ্টাকাঙ্খা পূর্ণ করতঃ সেই উপকারির নিকট যাইয়া তাঁহার উপকারের এই প্রত্যুপকার করিলেন, যে তিনি ঐ সাধু ব্যক্তিকে তন্নিবাসহইতে একেবারে দূর করিয়া তৎক্ষণাৎ তাহার সৎপরিশ্রমের ফলভোগ করিতে আরম্ভ করিলেন। ঐ দুঃখি ব্যক্তি এইরূপ অসম্ভব কৃতঘ্নতায় অত্যন্ত মনোদুঃখ পাইয়া ফিলিপের* নিকট আবেদন করিয়া আপনার ও ঐ সেনার ব্যবহার সকল বিস্তারিত করিয়া কাতরে অথচ সাহস পূর্ব্বক তাবৎ জ্ঞাত করিলেন। ইহা শুনিয়া ভূপতি একেবারে কোপানলে জ্বলিয়া উঠিয়া কহিলেন, আমি এইক্ষণেই ইহার বিচার করিব; এবং তজ্জন্য ঐ পুণ্যাত্মার অপহৃত বিষয় সকল পুনঃপ্রদানের আজ্ঞা করিলেন। অপর ঐ সেনার কপালে দাগিয়া এই রূপ লিখাইলেন যে এই ব্যক্তি "কৃতঘ্নাধম"। ইহা সর্ব্বকালে ও সর্ব্বদেশে এবং বিশেষতঃ গ্রীকদের* মধ্যে অতি দুর্নামের বিষয়, কারণ ইহারা সতত অতিযত্ন পূর্ব্বক আতিথ্য কর্ম্ম করিত।

ইহার পর ফিলিপ্* রুশানিদের* বিপক্ষে যুদ্ধে প্রবৃত্ত হইলেন। উহাদের প্রায়দ্বীপ কর্শানিস† অনেক বৎসর পর্য্যন্ত আথিনীয়দের* অধিকৃত ছিল। কিন্তু ঐ প্রায়দ্বীপের কোটি* নামক রাজা তাহাতে তাহাদের অনধিকার করিয়া আপন পুত্র কর্শাপ্লেপ্টিকে* দিয়া ছিলেন। পরে কর্শাপ্লেপ্টি* ফিলিপের* প্রতিযোগে তাহা রক্ষা করিতে অক্ষম হইয়া তৎপূর্ব্বাধি-

ক্কারি আথিনীয়দিগকে* পুনঃপ্রদান করিলেন; কেবল কার্ডিয়া†
নামক রাজধানী আপন অধীনে রাখিলেন। কিন্তু কার্ডীয়েরা*
পুনর্ব্বার আথিনীয়দের* অধীন হইবার ভয়ে ফিলিপের*
আশ্রয় যাচ্ঞা করিলে তিনি তাহাতে সম্মত হইলেন। অপর
কর্শানিদের* মধ্যে বসতি করণ জন্য আথিনী† হইতে যাহারা
আসিয়াছিল তাহাদের মধ্যে প্রধান ব্যক্তি ডাইয়পাইথি*
ভাবিলেন যে ফিলিপের* আথিনীর† প্রতি যুদ্ধ করণেচ্ছা আছে,
এই নিমিত্ত কার্ডীয়দিগকে* আশ্রয় দেওনে সম্মত হইয়াছেন;
অতএব তাহার প্রতিফল দিতে তিনি থ্রেস্† প্রদেশের সমুদ্রতট
সকল আক্রমণ করিলেন, তাহা ফিলিপ্* কিয়ৎকাল পূর্ব্বে জয়
করিয়াছিলেন। ডাইয়পাইথির* এতাদৃশ ব্যবহারে পূর্ব্ব সন্ধির
নিয়ম ভঙ্গ হয় এইরূপ লিখিয়া ফিলিপ* এক আবেদন পত্র
আথিনীতে† প্রেরণ করিলেন; এবং তথায় যাঁহারা তাহার
পক্ষে ছিলেন তাঁহারা বিস্তর পরিশ্রম পূর্ব্বক তাঁহার আবে-
দনোক্তি যে ন্যায্য এবং ডাইয়পাইথি* যে অন্যায়
করিয়াছেন এমত দর্শাইলেন; কিন্তু ডিমাস্থিনি* বক্তৃতাদ্বারা
এই সপ্রমাণ করিলেন, যে ডাইয়পাইথি* আপন কর্ত্তব্য
কর্ম্মই করিয়াছেন, এই জন্য তাঁহার নিন্দা না করিয়া বরং
ধন্যবাদ করিতে হয়। ডিমাস্থিনির* ঐ বক্তৃতা ফিলিপিক্†
নামে প্রসিদ্ধ কবিতার আদিভাগে কথিত হইয়াছে।

সে যাহাহউক ফিলিপ্* ঐ প্রতিবাদি বক্তার বাক্যের প্রতি-
যোগে ভীত না হইয়া গ্রীকের† নানা প্রদেশের মধ্যে প্রতিপন্ন
হইবার জন্য মেসিডনীয়দিগকে* ও আর্গাইবদিগকে* স্পার্টী-
য়দের* প্রতিকূলে আশ্রয় দিতে স্বীকার করিলেন। পরে থিবী-
য়েরা* ফিলিপের* সহিত সংযোগ করিলে তাঁহার দল বড়
শক্তিমন্ত হইল। ইহার বিপক্ষে কেবল আথিনী† ও স্পার্টার্

রহিল, কিন্তু ইহাদের মধ্যে স্পার্টীয়দেরই * বিশেষ যত ছিল। এবং ফিলিপ * ও থিবীয়েরা * তাহাদের দমন চেষ্টা সাধ্যমত করিতে লাগিলেন। কিন্তু ডিমাস্থিনি * বক্তৃতাদ্বারা আথিনীয় দিগকে * এমত সাবধান করিলেন যে তাহারা ফিলিপের * সহিত প্রকাশিত রূপে কোন বিচ্ছেদ করিল না, তজ্জন্য ফিলিপকে *ও শান্ত থাকিতে হইল।

কিন্তু ফিলিপ * আপন অস্থিরতা ও যুদ্ধে রত স্বভাবজন্য, বহুকাল শান্ত থাকিতে পারিলেন না। উবিয়া † উপদ্বীপ জয় করণের বাঞ্ছা তাঁহার বহুকাল পর্য্যন্ত হইয়াছিল, যেহেতুক তদ্দ্বারা তাবৎ গ্রীকের * বিপক্ষে তাঁহার অভিপ্রায় সিদ্ধ হওনের সম্ভাবনা ছিল। এইরূপে তথাকার কোন২ লোকেরা তাঁহাকে আহ্বান করিয়াছেন এই ছলে তিনি উবিয়ায় † এক দল সৈন্য প্রেরণ করিয়া অনেক স্থান অধিকৃত করিলেন; পরে পোর্থম † নগর বিনষ্ট করিয়া তদ্দেশে তিনজন উপদ্রবি রাজাকে সংস্থাপিত করিলেন। অপর ইরিট্রিয়া † নগরস্থ প্লুটার্ক * আথিনীয়দের * আশ্রয় যাচ্ঞা করাতে তাহারা তদনুসারে ফোসীয়কে * অধ্যক্ষ করিয়া কতকগুলিন সেনা তথায় প্রেরণ করিল। এই সেনাপতির উপর আথিনীয়দের * বিস্তর ভরসা ছিল, এবং সকলে তাঁহাকে যেরূপ যোগ্য জ্ঞান করিত সেই মতই তাঁহার ব্যবহার নিশ্চয় হইল।

ঐ ব্যক্তি এমত ক্ষমতাপন্ন ছিলেন, যে আথিনীর † নব্য ও বর্দ্ধিষ্ণু এবং বিশিষ্ট অবস্থার সময়েও সম্মান জনক হইতে পারিতেন। তাঁহার রীতি সকল শুদ্ধ ও কঠিন ধর্ম্মের নীতি মত ছিল, যেহেতুক তিনি আকাডেমিতে অর্থাৎ প্লেটোর বিদ্যালয়ে সুশিক্ষিত হয়েন। এইরূপ কথিত আছে যে তাঁহাকে কখন হাস্য

বা রোদন করিতে কেহ দেখে নাই, বরং তাঁহার স্বাভাবিক গাম্ভীর্য্য ও প্রবীণ ভাবের কখন অন্যথাও হয় নাই। তিনি যুদ্ধ বিদ্যা কেবিয়ের * নিকট শিক্ষা করিয়াছিলেন, কিন্তু আপন শিক্ষকের যে২ দোষ ছিল তাহাও শুদ্ধ করিলেন, ও তাঁহার দয়ার প্রশংসা করিয়া আপনিও সে গুণ গ্রহণ করিলেন, আর তিনি তাঁহাকে ঐ গুণ অধিক করিতে কহিয়াছিলেন। অপর তাঁহার বিষয়ে এই এক কথা লিখিত আছে যে তিনি বন্ধু জাতীয়দের স্থানে ও অধীন নগর সকলহইতে চাঁদা সংগ্রহ করণ জন্য বিংশতি খান ডিঙ্গার সহিত যাত্রা করিতে আজ্ঞা পাইলে এই উত্তর করিলেন যে বিংশতি খান ডিঙ্গার প্রয়োজন কি? কারণ যদ্যপি শত্রুভাবে যাইতে হয় তবে অধিক ডিঙ্গার আবশ্যক হইবে, এবং বন্ধুভাবে গেলে এক খানই যথেষ্ট। তাঁহার যুদ্ধ ক্লেশ সকল এমত সহ্য ছিল যে তিনি অধিক বস্ত্রাবৃত হইলেই সেনারা শীত কালের চিহ্ন জ্ঞান করিত। তাঁহার দৃশ্যাকার অতিশয় কঠিন ছিল, এবং এই সগর্ব্ব মূর্ত্তি উপলক্ষ করিয়া তাঁহার শত্রুরা তাঁহাকে মধ্যে২ তিরস্কার করিত। এক দিবস কেরি * নামক এক ব্যক্তি তাঁহাকে ঐ রূপ গ্লানি করিয়াছিলেন; তাহা শুনিয়া আথিনীয়েরা *ও অতিশয় আহ্লাদিত হইলে ফোশীয় * এই উত্তর করিলেন, যে আমার এইরূপ কঠিনাকারহইতে তোমাদের কোন মন্দ হয় নাই, কিন্তু এই সকল নিন্দকদের উল্লাসদ্বারা তোমাদের কত অশ্রুপাত হইয়াছে। লোকদের সভায় তিনি এমত সুন্দর ও স্বাভাবিক রূপে এবং সংক্ষেপে বক্তৃতা করিতেন যে তদ্দ্বারা বোধ হইত যেন তাঁহার সদন্তঃকরণের প্রতিধ্বনি হইতেছে, এবং তদ্দ্বারা ডিমাস্থিনির * গৌরবান্বিত ও শক্তিমন্ত বক্তৃতা অপেক্ষায় অধিক কার্য্য

সিদ্ধি হইত। তিনি অলঙ্কারাদি শাস্ত্র সকল পরিত্যাগ করিয়া কেবল বিচার ও ন্যায়শাস্ত্র অভ্যাস করিয়াছিলেন। ও স্বদেশীয়দের কুনীতি জানিয়া তাহাদের সহিত সর্ব্বদা কঠিন ব্যবহার করিতেন, ও তাঁহাদের নিন্দাকে হেয়জ্ঞান করিতেন এবং ধন্যবাদকে বাহ্যে এমত তুচ্ছ করিতেন যে কোন সময় লোকেরা তাঁহার কথা শুনিয়া প্রশংসা করাতে তিনি বিদ্রূপ করিয়া এক জন আত্মীয়কে কহিলেন, বুঝি আমার কথনে শিষ্টতার কিছু ত্রুটি হইয়া থাকিবে। স্বদেশীয়েরা দুষ্কর্ম্মী এই জ্ঞানেই কেবল তিনি যুদ্ধের যত্ন করিতেন না। তিনি ফিলিপের * অভিপ্রায় সকল অবগত ছিলেন বটে, কিন্তু ইহাও ভাবিয়াছিলেন, যে রাজ্যের যেরূপ দুরবস্থা হইয়াছে তাহাতে তাঁহাকে প্রতিযোগ করণে কোন ফল দর্শিবে না; অতএব ডিমাস্থিনি * তৃতীয় ফিলিপিকে † লিখেন, যে ফোসীয় * আপন অবিজ্ঞতা বা দুষ্টমতি প্রযুক্ত দেশের মঙ্গল চেষ্টায় ক্ষান্ত নহেন; কিন্তু নিতান্ত নিরুপায় ভাবিয়াই ক্ষান্ত হইয়াছেন। তিনি সর্ব্বদা ডিমাস্থিনির * বিপরীত মতাবলম্বী হইতেন, এবং সকল লোকপ্রিয়দিগকে সন্দেহ বরতঃ বিবেচনা করিয়াছিলেন, যে ডিমাস্থিনির * আথিনীয়দিগকে * যুদ্ধে প্রবৃত্ত করণে এতাদৃশ চেষ্টা পাওনের কারণ এই, যে রাজ্যের মধ্যে গোলমাল উপস্থিত হইলেই তিনি প্রভুত্ব পাইতে পারিবেন। এক দিবস ডিমাস্থিনি * কহিলেন, যে অহে ফোসীয়, * লোকেরা তোমাকে এক দিবস উন্মত্তের ন্যায় ক্রোধে বধ করিবে; তাহাতে ফোসীয় * উত্তর করিলেন যে লোকেরা উন্মত্ত হইলে আমাকে বধ করিতে পারিবে বটে, কিন্তু তাহাদের যথার্থ জ্ঞান হইলেই তুমি হত হইবা। তিনি নিজ বিবেচনার বিপরীত কর্ম্ম করিতে পুনঃপুন বাধিত

হইতেন বটে, কিন্তু কখনও আপন বিবেকের বিপরীত কহেন নাই; ও যুদ্ধের উত্তম বা মন্দ গতিক হউক কিন্তু তিনি কখনও অধ্যক্ষতা ভাব অস্বীকার করেন নাই। তিনি পঞ্চচত্বারিংশৎ বার সৈন্যের অধ্যক্ষ হইয়াছিলেন, কিন্তু তদর্থে প্রায় কখন উপস্থিত হয়েন নাই, এবং প্রার্থনাও করেন নাই। স্বদেশীয়েরা তাঁহার গুণ সুন্দর রূপে জ্ঞাত প্রযুক্ত বিপদ কালে তাঁহার কঠিন ব্যবহার বিস্মৃত হইত।

আথিনীয়েরা* এতাদৃশ যোগ্য ব্যক্তিকে প্লুটার্কের* সহায়তায় সসৈন্যে প্রেরণ করিল। কিন্তু ঐ প্লুটার্ক* কৃতঘ্নতা পূর্ব্বক যে সৈন্যের আশ্রয় যাচ্ঞা করিয়াছিলেন, সেই সৈন্যদিগকেই দূর করণের চেষ্টা করিতে লাগিলেন, কিন্তু ফোসীয়* যুদ্ধে জয়ী হইয়া ঐ কৃতঘ্ন প্লুটার্ককে* ইরিট্রীয়া†হইতে দূর করিয়া দিলেন।

ফিলিপ্* এই রূপে উবিয়ার† বিষয়ে নিরাশ হইয়া আথিনীয়দিগকে* অন্য স্থানে পীড়া দেওনের চেষ্টা পাইতে লাগিলেন। যথা আথিনীয়েরা* থ্রেস্† প্রদেশহইতে শস্য পাইত ইহা জানিয়া, তিনি ঐ দেশের ঘাট সকল উহাদের বিপক্ষে রুদ্ধ করিবার এবং বিশেষতঃ পেরিন্থে† ও বিজেন্সিয়ে† অধিকার করিতে প্রতিজ্ঞা করিলেন; কিন্তু আথিনীয়দের* সহিত সম্পূর্ণ রূপে বিচ্ছেদ করণের বাঞ্ছা না করিয়া তিনি বন্ধুতার ছলে তাহাদিগকে এই প্রকার এক পত্র লিখিলেন, তোমরাই সন্ধির নিয়ম ভঙ্গ করিয়াছ কিন্তু আমি করি নাই; যেহেতুক যে সকল বণিক্ আমার অধিকারে বাণিজ্য করিয়া থাকে তোমরা তাহাদিগকে আটক করিয়া তাহাদের দ্রব্য সকল বিক্রয় করিয়াছ, এবং এইরূপে তোমরা অধিকন্তু অবিচার ও শত্রুতা করিয়া আমার

প্রতিকূলাচরণ জন্য পারস্* রাজার নিকট দূত প্রেরণ করিয়াছ।

যে সকল বক্তা ফিলিপের * স্বপক্ষ ছিলেন, এই পত্র প্রাপ্তিতে তাঁহারা তাঁহার সদাচরণ নিশ্চয় করণের সুযোগ পাইলেন। কেবল ডিমাস্থিনি * ঐ বিষয়ে বিপক্ষ রহিলেন, এবং ঐ পত্র পাঠে যে রূপ সদ্ভাব দর্শে, তাহা দূর করিবার জন্য তিনি বক্তৃতা আরম্ভ করিলেন। যথা অহে আথিনীয়েরা,* ফিলিপ্* যে পত্র লিখিয়াছেন তাহা তোমাদিগের* যোগ্য নহে, যে হেতুক তিনি তদ্দ্বারা যুদ্ধ করণেচ্ছা স্পষ্ট রূপে প্রকাশ করিয়াছেন, তাহা তাঁহার পূর্ব্ব ব্যবহারেই প্রকাশ হইয়াছে; এবং তোমাদের সহিত সন্ধিকরণে তাঁহার তাৎপর্য্য এই, যে যুদ্ধের বিরাম হইলেই তোমরা নিশ্চিন্ত হইবা, এবং সেই সময়ে আক্রমণ করিলে তিনি তোমাদিগকে অনায়াসেই পরাভূত করিতে পারিবেন। তৎপরে নিজ রীত্যনুসারে তাহাদের অলস জন্য নানা প্রকার তিরস্কার করিয়া তিনি কহিলেন যে ফিলিপের * বেতনভোগী যে সকল বক্তা তাঁহাদের কর্তৃক তোমরা প্রবঞ্চিত হইয়াছ। অপর অহে আথিনীয় গণ, আমার এই সকল বাক্য সত্য জ্ঞান করিয়া রাজভাণ্ডারের প্রতি বা নগরবাসিদের ধ. ; তোমাদের স্নেহ করা উচিত নহে; কারণ ফিলিপের * পত্রে ও তাঁহার পূর্ব্ব ব্যবহারে যুদ্ধ করণেচ্ছা স্পষ্ট প্রকাশ হইয়াছে; অতএব তোমরা এইক্ষণে যুদ্ধসজ্জা করিয়া পূর্ব্বাপেক্ষায় যোগ্যতর সেনাপতি সকল নিযুক্ত কর; কারণ পূর্ব্বের যে সকল সেনাপতিহইতে তোমাদের বিনাশের পথ হইয়াছে, তাঁহাদেরহইতে যে তোমাদের পুনর্ব্বার সৌভাগ্য হইবে এমত জ্ঞান তোমরা কদাচ করিও না। দেখ ইহা কি অপমানের বিষয়! যে

†মাসিডনের† এক ব্যক্তি আপনাকে তুচ্ছ করিয়া কেবল আপন রাজ্য বৃদ্ধি করিতে যুদ্ধে প্রবৃত্ত হইয়া স্বয়ং কত অস্ত্রাঘাত স্বীকার করিতেছেন; কিন্তু তোমরা আথিনীয়,* অন্য ব্যক্তিকে শাসন করণ তোমাদের পৈতৃক ধর্ম্ম হইয়াও যে তোমরা সাহস ত্যাগ করিয়া পূর্ব্বপুরুষদের নাম লোপ ও স্বদেশের মঙ্গল চেষ্টায় অমনোযোগ কর ইহা অতি খেদের বিষয়।

ফোসীয়ের * মত অন্য বিষয়ে ডিমাস্থিনির * সহিত ঐক্য হইত না বটে, কিন্তু এবিষয়ে তিনি ডিমাস্থিনির * মত গ্রাহ্য করিলেন। তিনি কহিলেন যে পূর্ব্ব সেনাপতি সকল অযোগ্য, এবং তন্নিমিত্তে তাহাদের পরিবর্ত্তে আপনি সেনাপতিত্বভার গ্রহণ করিয়া সসৈন্যে ফিলিপের* প্রতিকূলে যাত্রা করিলেন, ফিলিপ* ঐ সময়ে বিজেন্সিয়ম্† আক্রমণ করিয়াছিলেন।

এই বিষয়ে ফোসীয়ের * প্রাপ্ত সম্ভ্রমের কিছু ত্রুটি হয় নাই, এবং তাঁহার সেনারা ও সহকারি অধ্যক্ষগণ তাঁহার সাহসে ও সৌভাগ্যে নির্ভর করিয়া সাধ্যানুসারে পরিশ্রম করিয়াছিল। তিনি ফিলিপকে * আক্রমণে ক্ষান্ত হইতে বাধিত করিয়া হেলেস্পাণ্ট† হইতে তাঁহাকে একেবারে দূর করিয়া তাঁহার কএকখান ডিঙ্গা অধিকৃত করিয়া লইলেন, ও তাঁহার হস্তহইতে অনেক দুর্গের পুনরুদ্ধার করিলেন, এবং তাঁহার রাজ্যের অনেক স্থানে আক্রমণ করিয়া তাহার বহির্দেশে বিস্তর অপব্যয় করিলেন। পরে প্রতিযোগ করণার্থ কতক সৈন্য একত্র হওয়াতে ফোসীয়* তথাহইতে প্রস্থান করিলেন।

ফিলিপ্* গ্রীক† দেশে এই প্রকার ব্যাঘাত দেখিয়া সাইথীয়দের * সহিত যুদ্ধ করিয়া তাহাদিগকে অনায়াসেই

পরাভূত করিলেন। কিন্তু সাইথিয়া † হইতে পুনর্গমনকালীন তিনি ট্রাইবেনিদের * সহিত সংগ্রাম করিতে বাধিত হইয়া উরুদেশে এক অস্ত্রাঘাত পাইলেন, এবং আপনার বাহক অশ্ব হত হইল। এই যুদ্ধকালে তাঁহার পুত্র আলেক্সাণ্ডর * তাঁহার সহিত ছিলেন, তিনি আপন পিতার ঐ রূপ দুর্দ্দশা দর্শনে নিজ ঢাল গ্রহণ করিয়া তাঁহার আশ্রয়ার্থে ধাবমান হইয়া যে২ লোক তাঁহাকে আক্রমণ করিতে আসিয়াছিল তাহাদের কতককে বধ করিলেন ও কতককে তাড়াইয়া দিলেন।

ফিলিপের * বিজেনসিয়ম্ † আক্রমণ করণে আথিনীয়েরা* তাঁহার যুদ্ধ করণেচ্ছা স্পষ্ট বোধ করিল। ইহার প্রতি হিংসা করণ জন্য তাহারা সকল সমুদ্রের ঘাট বদ্ধ করিয়া তাঁহার বাণিজ্য একেবারে নিবারণ করিল। ফিলিপ্* প্রথমে সন্ধির প্রসঙ্গ করিয়া তাহাদিগকে শান্ত করিবার চেষ্টা করিতে লাগিলেন; এবং ফোসীয় * আপন ধৈর্য্যপ্রযুক্ত তাহা গ্রাহ্য করিতে তাহাদিগকে পরামর্শ দিলেন, কিন্তু ডিমাস্থিনি * কুপিত হইয়া তাহাদিগকে তদ্বিষয়ে নিষেধ করিলেন। এই হেতুক ফিলিপ্* তাহাদের বিপক্ষে অন্য জাতীয়দের সহিত বিশেষতঃ থিবীয়দের * ও থেসেলীয়দের * সহিত নূতন বন্ধুতা করিতে লাগিলেন; কিন্তু তাহারা যে কেবল তাঁহার বিরোধের জন্যই আথিনীয়দেব* প্রতিকূলাচরণ করিবে না ইহা জানিয়া তিনি পশ্চাদ্বক্তব্য উপায় স্থির করিলেন। যথা তিনি কৌশলক্রমে আম্ফিসা † দেশস্থ লোক্রীয়দের * ও তাহাদেরই রাজধানীস্থ লোকদের মধ্যে এক বিবাদ উত্থাপন করিয়া দিলেন; সে বিবাদ এই, যে ফোসীয়েরা * যে রূপ আপলো* দেবের ভূমি চষিবার অপবাদগ্রস্ত হইয়াছিল,সেই

রূপ আপদ লোক্রীয়দের*ও হইল। এই স্ফুলিঙ্গ অনায়াসেই নির্ব্বাণ হইতে পারিত, কিন্তু ইস্কাইনি* নামক কবি তাহা প্রজ্বলিত করিলেন; তিনি ডিমাস্থিনি* ভিন্ন অতি প্রধান বক্তা ও ফিলিপের* অতিশয় পক্ষ ছিলেন এবং তাঁহার পরামর্শদ্বারা আম্ফিকটায়দের সভায় এই স্থির হইল যে আপ্লোর* আম্ফিক্টায়দের*ও আশ্রয় জন্য এবং আম্ফিসীয়দের* অধর্ম্মাচরণ দমন করণ জন্য ফিলিপকে* আহ্বান করিতে হইবে; এবং ঐ সভায় ইহাও প্রচারিত হইল, যে তিনি গ্রীক্‌দর* কর্ত্তৃক আম্ফিকটায়দের* মধ্যে এক জন সভ্য ও তাহাদের প্রধান ও অসীম শক্তিমান্ সৈন্যাধ্যক্ষ হইলেন।

ফিলিপ্* ঐ পদাকাঙ্ক্ষীই ছিলেন, তাহা এইক্ষণে প্রাপ্ত হইয়া পরমাহ্লাদিত হইলেন। এতাদৃশ ধার্ম্মিক ও দেবতাদের রাগ প্রকাশের সক্ষম ব্যক্তিকে আম্ফিক্টায়েরা* সেনাপতিত্ব পদে নিযুক্ত করিয়াছেন ইহাতে গ্রীকের† ক্ষুদ্র২ প্রদেশ সকল অতিতুষ্ট হইল, কিন্তু আথিনীয়েরা* ও স্পার্টীয়েরা* যথার্থ ভাব বুঝিয়া নিশ্চয় করিল, যে ফিলিপ্* আপলো* দেবের ক্ষতির প্রতিকার করিবার ছলে কেবল আপন আকাঙ্ক্ষা পূর্ণ করিবার পথ বৃদ্ধি করিতেছেন; এবং গ্রীকের† এক প্রদেশের বিপক্ষে অন্য প্রদেশকে আশ্রয় দিবার ছলে তাবৎকে অধীন করিতে চেষ্টা করিতেছেন। তাহারা যে রূপ সন্দেহ করিয়াছিল সেই রূপই শীঘ্র দর্শিল, কারণ ফিলিপ্* আপন সৈন্য একত্র করিয়া পূর্ব্ব স্বীকারানুসারে অধার্ম্মিক লোক্রীয়দের* প্রতিকূলে সংগ্রাম না করিয়া ফোসি† প্রদেশের ইলেটিয়া† নামক প্রধান নগর অধিকৃত করিলেন, তদ্দ্বারা থিবীয়দিগকে* ভয় প্রদর্শন করাইবার এবং আটিকার† মধ্যে প্রবেশ করিবার সুন্দর সুযোগ হইল। এতাদৃশ

অসাধারণ ও অচিন্তিত লভ্য পাইয়া ফিলিপ্ * একেবারে নির্ভয় হইয়া ছদ্মভাব প্রকাশরূপে ত্যাগ করতঃ তাবৎ গ্রীকদিগকে * হেয়জ্ঞান করিতে লাগিলেন।

এই সম্বাদ সর্ব্বত্র প্রচার হওয়াতে লোকদের অন্তঃকরণে অতিশয় শঙ্কা জন্মিল। ফিলিপের * চতুরতা ও তাহাদের অনভিজ্ঞতা প্রযুক্ত এই পর্য্যন্ত তাঁহার যে সকল অভিপ্রায় অপ্রকাশিত ছিল, তাহা এইক্ষণে সকলেই স্পষ্টরূপ বুঝিতে পারিল, কিন্তু তাহা নিবারণ করিবার কোন উপায় দেখিতে পাইল না। আথিনীয়েরা * তাহা পূর্ব্বে বুঝিয়াছিল বটে, কিন্তু তাহারাও অন্যদের ন্যায় ভীত হইল, কারণ তাহারা ইহার প্রতিকার বিবেচনা করিতে এক সভা করিলে যখন ঘোষণাধ্যক্ষ উচ্চৈঃস্বরে কহিলেন যে তোমাদের মধ্যে যাহার ইচ্ছা হয় তিনি বক্তার আসনস্থ হও, কিন্তু ইহাতে কাহারও উঠিতে বা বাক্য কহিতে ভরসা হইল না। পরে ডিমাস্থিনি * উপস্থিত বিপদ জন্য সাহসান্বিত হইয়া ও ফিলিপের * ধূর্ত্ততা জন্য কুপিত হইয়া গাত্রোত্থান করতঃ স্বদেশীয়দিগকে পশ্চাৎ লিখিতব্য কথা কহিলেন। যথা অহে আথিনীয় গণ, যদ্যপি তোমরা আমাকে অনুমতি দেও তবে আমি সকল বিস্তারিত করিয়া কহি, দেখ ফিলিপ্ * যে রাজ্যাক্রমণ করিয়াছেন তন্নিবাসিদের মধ্যে তিনি অনেককে অর্থ দানে বা প্রবঞ্চনাদ্বারা বশীভূত করিয়া স্বপক্ষ করিয়াছেন, ইহাতেই তাঁহার অভিপ্রায় সকল স্পষ্ট রূপে বোধ হইতেছে। অপর তিনি থিবির * চতুর্দ্দিগে সৈন্য সংগ্রহ করিয়া আপন বিক্রম প্রচার করিতেছেন, ইহাতে তাঁহার এই অভিপ্রায় বোধ হয় যে তাঁহার পক্ষীয়েরা ভরসান্বিত হইবে এবং শত্রুরা ভীত হইয়া তাঁহার অধীন হইবে। অতএব যদ্যপি এইক্ষণে আমাদিগের প্রতি

থিবীয়দের* পূর্ব্ব নিগ্রহ স্মরণ করিয়া তাহাদিগকে শত্রু ভাবি তবে ফিলিপের* মনোবাঞ্ছাই সিদ্ধ হয়; কিন্তু তাহাতে আমার এই শঙ্কা হয় যে পাছে থিবীয়েরা* শেষ ফিলিপের* অধীন হইয়া তাঁহার সহিত মন্ত্রণা করিয়া আটিকা† দেশাক্রমণ করে। এই প্রযুক্ত আমি তোমাদিগকে সৎপরামর্শ দিতেছি, তাহা মনোযোগ পূর্ব্বক শ্রবণ ও মান্য করিলে তোমাদের আপদ নষ্ট হইতে পারে; সে সৎপরামর্শ এই২,যে প্রথমতঃ তোমাদের মনের শঙ্কা দূর করিয়া কেবল থিবীয়দের* কারণ ভীত হও, কারণ তাঁহাদেরই প্রথমে বিপদ হইবে। দ্বিতীয়তঃ তোমাদের মধ্যে যত পদাতিক ও অশ্বারূঢ় আছে সকলে এইক্ষণে ইলুসি† নগরে গমন করুক, তাহাতে গ্রীকেরা তাবতেই জানিতে পারিবে যে তোমরাও যুদ্ধার্থ একত্র হইয়াছ, এবং যাহারা মাসিডনীয়দিগকে* স্বদেশে বিক্রয় করিয়াছে তাহাদের আশ্রয়ার্থ যে রূপ ইলেটিয়ায়† ফিলিপের* সৈন্যোপস্থিত আছে, সেই রূপ স্বাধীনতাকাঙ্খিদের আশ্রয়ার্থ তোমরাও প্রস্তুত আছ; ইহা জানিলে থিবি দেশস্থ তোমাদের বন্ধুগণ ভরসান্বিত হইবে। আমার তৃতীয় ও শেষ যুক্তি এই যে তোমরা এইক্ষণে দশ জন দূত নিযুক্ত কর, তাঁহারা সৈন্যাধ্যক্ষদের সহিত পরামর্শ করিয়া উক্ত যাত্রার সময় ও অন্যান্য বিষয় নির্দ্ধারিত করিতে পারিবেন। অপর দূতদের থিবিতে† উপস্থিত হওনানন্তর যেরূপ ব্যবহার করা উচিত তাহাও কহিতেছি, মনোযোগ পূর্ব্বক শ্রবণ কর। যথা তোমরা যে এইক্ষণে থিবীয়দের* নিকট কিছু প্রার্থনা কর আমার এমন মত নহে, কারণ তদ্দ্বারা যথেষ্ট অসম্ভ্রমের বিষয় হইবে; থিবীয়দিগকে* এই মাত্র কহা উচিত যে তোমরা তাহাদের রক্ষার্থে আশ্রয় দেওনে প্রস্তুত আছ। যদ্যপি উহারা* ঐ

বাক্য গ্রাহ্য করে তবে ফিলিপের* প্রতিযোগাচরণ ও আমাদের রাজ্যের সম্ভ্রমানুযায়ি কর্ম্ম করিতে পারিব, এবং যদ্যপি তাহা না করে তবে তাহাদের দুর্দ্দশার দোষ তাহাদের উপরেই পড়িবে; কিন্তু আমাদের ব্যবহার আথিনীর† সম্ভ্রম ও সুখ্যাতির বিপরীত কোনমতে প্রকাশ হইবে না।

ডিমাস্থিনি* স্বদেশের মঙ্গলার্থ অন্তঃকরণে ও স্বাভাবিক সাহসে ঐ সকল বাক্য উচ্চারণ করাতে তাঁহার ইষ্টলাভ হইল, অর্থাৎ আথিনীয়েরা* তাঁহার পরামর্শ গ্রাহ্য করিয়া তাঁহাকে দূতদের প্রধান করিয়া থিবিতে† প্রেরণ করিল, এবং থর্ম্মপলির† নিকটস্থ শত্রু অন্বেষণ করণার্থ দুই শত খান ডিঙ্গা প্রস্তুত করণের প্রতিজ্ঞা করিল।

ডিমাস্থিনি* থিবিতে† উপস্থিত হইয়া দেখিলেন যে ফিলিপ্* কর্তৃক প্রেরিত পাইথন্* নামক এক অতি উপযুক্ত ব্যক্তি তাঁহার প্রতিযোগার্থ প্রস্তুত আছেন। কিন্তু তাঁহার প্রতিযোগে কিছুই ফল দর্শিল না, কারণ ডিমাস্থিনির* বক্তৃতায় থিবীয়েরা* স্বাধীনতেচ্ছুক হইয়া মাসিডনীয়দের* প্রতিযোগ করণার্থ আথিনীয়দের* সহিত সংযোগ করিবার প্রতিজ্ঞা করিল।

এতাদৃশ শক্তিমন্ত দুই রাজ্যের মিলন হওনে ফিলিপ্* ব্যাঘাত পাইয়া আথিনীয়দের* যুদ্ধ উদ্যোগে ক্ষান্ত করণ জন্য দূত প্রেরণ করিলেন, কিন্তু আথিনীয়দিগকে* থিবীয়দের* প্রতি দৃঢ় সংযোক্তা দেখিয়া তিনি ঐ জাতিদ্বয়কে ও তাহাদের বন্ধু জাতীয়দিগকে আপলোদেবের* যাজিকার উক্ত অলক্ষণ দশাইয়া ভয় প্রদর্শন করাইতে লাগিলেন। কিন্তু ডিমাস্থিনি* তাহাদিগকে ঐ সকল প্রবঞ্চিত বাক্য অমান্য করিতে পরামর্শ দিয়া কহিলেন, যে ঐ যাজিকা ফিলিপের*

ধন গ্রহণে বশ হইয়া আপলো* দেবোক্ত ছলে তাঁহার মনোমত বাক্য সকল প্রকাশ করিতেছেন। তিনি আরও কহিলেন যে অহে থিবি† নগরবাসিগণ, তোমরা স্বজাতীয় ইপামিনণ্ডকে* স্মরণ কর, ও অহে আথিনী† বাসিগণ, তোমরাও আপনাদের পেরিক্লিকে* স্মরণ কর, যেহেতুক ঐ প্রধান ব্যক্তিদ্বয় এতাদৃশ দৈববাণী ও ভবিষ্যদ্বাক্য হেয় জ্ঞান করিয়া কেবল আপন২ বিবেচনানুবর্ত্তী হইতেন। ইহা শ্রবণে আথিনীয় সেনারা তৎক্ষণাৎ ইলসি† নগরের প্রতি যাত্রা করিল, এবং থিবীয়েরা*ও আপন বন্ধুগণের এতাদৃশ উদ্যোগে চমৎকৃত হইয়া তাহাদের সহিত সংযোগ করিয়া শত্রুদের আগমনাপেক্ষায় রহিল।

ফিলিপ* আপন শক্তি ও বিপক্ষ সৈন্যাধ্যক্ষদের দুর্ব্বলতা জ্ঞানে ত্বরায় এক সংগ্রামারম্ভ করিবার প্রতিজ্ঞা করিলেন; এবং এই অভিপ্রায়ে তিনি কিরোনিয়ার† ক্ষেত্রে গমন করিলেন, সে স্থান এই যুদ্ধ হওন নিমিত্তই প্রসিদ্ধ হইয়াছে। তাঁহার সৈন্যসংখ্যা প্রায় বত্রিশ সহস্র ছিল, কিন্তু বন্ধুজাতীয়দের ত্রিংশৎ সহস্রের অধিক ছিল না।

যদ্দিবসে এই যুদ্ধ ঘটিয়াছিল তৎপূর্ব্ব সন্ধ্যার সময় ডাইওজিনি* নামক যে সাইনিক‡ উভয়দলস্থদিগকে ঘৃণা করিতেন, তিনি অনুসন্ধানেচ্ছায় তাহাদের শিবিরে গিয়াছিলেন; কিন্তু মাসিডনীয়দের* নিকট তিনি পরিচিত ছিলেন না, এই প্রযুক্ত তাহারা তাঁহাকে বদ্ধ করিয়া ফিলিপের* নিকট লইয়া গেল। ফিলিপ* তাঁহাকে কটুরূপে জিজ্ঞাসা করিলেন যে

‡ (Cynic.) সাইনিক্ নামবিশিষ্ট জ্ঞানিদের প্রসিদ্ধ মত এই যে তাঁহারা কুক্রিয়াদির নিন্দা ও ধনকে তুচ্ছ করিতেন, আর তাঁহাদের অপরিচ্ছন্ন বস্ত্র পরিধান এবং মৃত্তিকায় শয়ন করণের রীতি ছিল।

তুমি কি অনুসন্ধানী? ডাইওজিনি* উত্তর করিলেন হাঁ, তুমি যে অজ্ঞানতা ও লোভ প্রযুক্ত আপন প্রাণ ও রাজ্যের বিপদ্ জন্মাইতেছ তাহা আমি দেখিতে আসিয়াছি।

তৎপরদিবস প্রাতঃকালে সূর্য্যোদয়ের পূর্ব্বেই উভয় পক্ষের সেনাগণ যুদ্ধ সজ্জায় প্রস্তুত হইল, তাহাতে গ্রীকদের * যত্ন এই যে কোন মতে গ্রীকের † স্বাধীনতা রক্ষা পায়, ও মাসিডনীয়দের* যত্ন এই যে তাহা নষ্ট করে। থিবীয়েরা* আপনাদের দেবস্ব দল অগ্রে করিয়া মিলিত গ্রীকদের* দক্ষিণ পার্শ্বে দাঁড়াইল, ও আথিনীয়েরা* লাইসিক্লি* ও কেরি* নামক সেনাপতি দ্বয়ের সহ বামপার্শ্বে দাঁড়াইল, এবং কোরিন্থীয়েরা* ও পিলোপনিসীয়েরা* মধ্য ভাগে রহিল। মাসিডনীয় সৈন্যের বামপার্শ্বে কুলীন মাসিডনীয়দের* এক দল এবং থেসেলির † প্রসিদ্ধ অশ্বারূঢ় দলের সহিত আলেক্‌সাণ্ডর ছিলেন; ও যে গ্রীকেরা ফিলিপের* পক্ষ হইয়াছিল ও যাহাদের সাহসে কিছুই ভরসার বিষয় ছিল না তাহারা মধ্যে ছিল, এবং ফিলিপ্* আপনি আথিনীয়দের* বেগ বাধা দেওন জন্য আপন খ্যাত দলের সহিত দক্ষিণ পার্শ্বে রহিলেন।

উভয় পক্ষের সেনাগণ লোভ ও প্রতিহিংসা ও গৌরবাকাঙ্ক্ষা এবং স্বাধীনতার প্রেমজাত সাহস ও শক্তির সহিত সংগ্রামারম্ভ করিল। আলেক্‌সাণ্ডর* প্রথমে আপন কুলীন দলের সহিত যুবা কালোপযুক্ত সাহস পূর্ব্বক থিবিরা দেবস্ব দলের উপর পড়িলেন, এবং তাহারাও আপনাদের পূর্ব্ব সুখ্যাতি মত সাহস পূর্ব্বক প্রতিযোগ করিল। ঐ দেবস্ব দলের যুবা বীরেরা স্বদেশীয়দেরহইতে আবশ্যক সময়ে আশ্রয় না পাইয়াও কিয়ৎকাল পর্য্যন্ত অতি সাহস পূর্ব্বক প্রতিযোগ করিয়াছিল, কিন্তু শেষে শত্রুদের অধিক সৈন্য প্রযুক্ত পরাভূত

হইল বটে, তত্রাপি অধীন বা পলায়িত না হইয়া সকলে ক্রমে বন্ধুগণের মধ্যে স্ব স্ব স্থানে হত হইতে লাগিল; এবং শত্রুদের আগমন বাধার কারণ তাহাদের শবরাশিদ্বারা একটা দুর্গপ্রায় হইল; কিন্তু যুবরাজ ও তাঁহার সেনাগণ জয়ের আহ্লাদে সাহসী হইয়া শবরাশির উপর দিয়া গমন করিয়া থিবীয়দের * প্রধানাংশের উপর উন্মত্তরূপে পড়িলেন, এবং তাহারাও যথোপযুক্ত সাহস পূর্ব্বক প্রতিযোগ করিতে লাগিল, অতএব এই সময় উভয়পক্ষেরই তুল্য বীরত্ব প্রকাশ হইয়াছিল।

বামপার্শ্বস্থ আথিনীয়েরা*ও যেমত অহঙ্কার করিত ও যে নিমিত্ত সংগ্রামে প্রবৃত্ত হয় তদুপযুক্তই সাহস পূর্ব্বক যুদ্ধ করিয়াছিল। উভয় পক্ষীয় সৈন্য অনেক বীরত্ব ব্যবহার করিয়াছিল, এবং তজ্জন্য কিয়ৎকাল পর্য্যন্ত জয়ের কিছু নিশ্চয় হয় নাই; শেষে মাসিডনীয়দের * মধ্যভাগস্থ কতক সৈন্য ও ফিলিপের * নিজ দল অর্থাৎ ফেলেংক্স ভিন্ন দক্ষিণ পার্শ্বস্থ সেনারা সকলেই আথিনীয়দের * কঠিন আক্রমণনিবারণে অক্ষম হইয়া পলায়ন করিল। সে দিবস যদ্যপি সেনাদের ন্যায় সেনাপতিরাও সাহস ও ক্ষমতা প্রকাশ করিত তবে গ্রীকদের * পক্ষে উত্তমই হইতে পারিত, কিন্তু তাহাদের ভ্রমে বিভ্রাট ঘটিল। যথা লাইসিক্লি* গর্ব্বিত হইয়া কহিলেন, যে অহে স্বদেশীয় বীরগণ, আমরাই জয়ী হইয়াছি, অতএব আইস, আমরা ভীরু শত্রুদিগের পশ্চাদ্গমন পূর্ব্বক তাড়না করিয়া মাসিডনে † ফিরিয়া যাইতে বাধিত করি। অতএব আথিনীয়দের * যে সুসময় হইয়াছিল, তাহাতে ফিলিপের * মূলদল ছিন্ন করণের চেষ্টা না করিয়া তাহারা লাইসিক্লির * কথা প্রমাণ পলায়িত শত্রুদিগের পশ্চাদ্গমন করাতে আপনাদের মধ্যেও গোলমাল উপস্থিত হইল। *

ফিলিপ্* সেনাপতিত্ব কর্ম্মে বিজ্ঞতাপ্রযুক্ত আথিনীয়দের', এই ভ্রম বুঝিয়া আপনিই যে পরে জয়ী হইতে পারিবেন, তাহা নিশ্চয় জ্ঞানে আন্তরিক প্রফুল্ল হইয়া আপন অধ্যক্ষদিগকে মৃদুভাবে কহিলেন। দেখ, আথিনীয়েরা* জয় করিবার ধারা জ্ঞাত নহে। ইহা কহিয়া তিনি আপন সৈন্যদিগকে একটা নিকটস্থ উচ্চ স্থান অধিকৃত করিতে আজ্ঞা করিলেন; তাহাতে তথাহইতে তাহারা সকলে একত্র হইয়া অকস্মাৎ আথিনীয়দের* উপর পড়িল, কিন্তু আথিনীয়েরা* সে সময় আপনাদের জয় ভাবিয়া এই বিপদ ঘটিবে এমত কিছুই জানিতে পারে নাই। এই আক্রমণ একেবারে অনিবার্য্য হইল, কারণ আথিনীয়দের* অনেকে শত্রুর ভরে পিষিয়া গেল, এবং কেহ বা অস্ত্রাঘাতে মৃতবৎ হইয়া রহিল; এবং তাহাদের আশ্রয়ের কারণ যাঁহারা প্রস্তুত ছিলেন তাঁহাদিগকেও অবশিষ্ট লোকেরা সঙ্গে লইয়া লজ্জিত রূপে পলায়ন করিল। যে প্রসিদ্ধ বক্তা ও রাজ কর্ম্মে বিচক্ষণ ব্যক্তি অর্থাৎ ডিমাস্থিনি* আথিনীয় দগকে* স্বাধীনতা রক্ষার কারণ এই যুদ্ধে প্রবৃত্ত করিয়াছিলেন, তিনি সেনেট সভায় যে সম্মান পাইয়াছিলেন তাহা রণক্ষেত্রে আপন ভীরুতাজন্য একেবারে মলিন করিলেন; তিনি প্রথম আক্রমণেই আপন ঢাল নিক্ষেপ করিয়া প্রস্থান করিলেন. সে ঢালের উপর এই লিখিয়াছিলেন, যে যুদ্ধে জয়ের ভার শুভাদৃষ্টের উপর রহিল। তাঁহার শত্রুগণ সত্য বা দ্বেষ প্রযুক্ত রচিয়া অন্য একটা লজ্জার বিষয় কহিয়াছে। যথা তিনি পলায়ন করিতে২ কতক গুলিন কণ্টকবৃক্ষ সম্মুখে দেখিতে পাইয়া শত্রুভয় প্রযুক্ত নিকটে শত্রুজ্ঞান করিয়া উচ্চৈঃস্বরে আশ্রয় যাচ্ঞা করিতে লাগিলেন।

যে সময় ফিলিপ্* ঐরূপ জয় করিতেছিলেন তখন আলেক্সাণ্ডর*ও অন্য পার্শ্বে প্রবৃত্ত থাকিয়া থিবীয়দের*

নানা প্রকার সাহস প্রকাশ করাতে তিনি তাহাদিগকে সর্ব্বতোভাবে পরাভূত করিলেন, তাহাতে তাহারা সংগ্রামক্ষেত্রহইতে পলায়ন করিলে তিনি তাহাদিগকে বিনষ্ট করিতেং পশ্চাদ্ধাবন করিলেন। এই রণে জয়ি শত্রুদের কর্তৃক বন্ধু জাতীয়দের মধ্যভাগ সম্পূর্ণমতে ছিন্ন ভিন্ন হইল। আথিনীয়দের* এক সহস্রের অধিক লোক রণস্থলে হত হইল, ও প্রায় দুই সহস্র বন্দী হইল, এবং থিবীয়দের* ও তাদৃক্ অপচয় হইয়াছিল। ফিলিপ্* রাজনীতিজ্ঞতা ও ভাবি আকাঙ্ক্ষা প্রযুক্ত এই জয়ের শেষে বাহ্যে দয়া প্রকাশ করণের প্রতিজ্ঞা করিয়া গ্রীক্‌দিগকে* ক্ষমা করিতে আজ্ঞা করিলেন; কিন্তু তাহাদের স্বাধীনতা নষ্ট করিবার ও তাহাদের সহিত পারস্য রাজ্য জয় করিবার ইচ্ছা মনেই রাখিলেন।

এই জয়ের পর ফিলিপের* ব্যবহারবার্ত্তা ইতিহাসবেত্তারা নানা প্রকারে বর্ণনা করেন। কেহ২ কহেন, যে তিনি জয়ের পর এমত পরিহাসযোগ্য আহ্লাদ প্রকাশ করিয়াছিলেন, যে ডিমেডি* নামক আথিনীয় বন্দিদের মধ্যে এক জন বক্তা পরিহাস ও অনুযোগ পূর্ব্বক কহিয়াছিলেন, যে অহে ফিলিপ্* তোমার আগামেম্নের* তুল্য সৌভাগ্য হইয়াছে, কিন্তু তুমি থর্সাইটির* ব্যবহার করিতেছ। কিন্তু জষ্টিন্* তাঁহার পক্ষে কহেন, যে তিনি কোনমতে আহ্লাদ প্রকাশ করেন নাই, ও বন্দিগণের প্রতি অত্যন্ত কৃপা প্রকাশ করিয়াছিলেন, ও কেহ তাঁহাকে হাস্য করিতে দেখে নাই, ও বলিপ্রদান ও মুকুট ধারণ এবং কোন সুগন্ধদ্রব্য ব্যবহার করেন নাই; বরং তিনি অন্যকে কোন প্রকার আমোদ করিতে নিষেধ করিয়াছিলেন, এবং তিনি যে গর্ব্বিত হইয়াছিলেন, এমত তাঁহার জয়ি

সঙ্গিগণ বা পরাভূত শত্রুগণ কোন মতে জানিতে পারে নাই। সে যাহা হউক, তিনি আথিনীয়দের * সহিত শীঘ্র একটা সন্ধি স্থাপন করিলেন, এবং থিবীয়দিগকে * কৃতঘ্ন মিত্র জ্ঞানে তাহাদের সহিত কঠিন ব্যবহার করিয়াছিলেন বটে, কিন্তু তাহাদের বন্দিদিগকে মুক্ত করণে ও যুদ্ধে হত ব্যক্তিদের অন্ত্যেষ্টি ক্রিয়া করণে অনুমতির কারণ তাহাদিগের স্থানে বিস্তর ধন লইয়া এবং তাহাদের দুর্গে নিজ সম্পর্কীয় রক্ষক রাখিয়া তিনি তাহাদের সহিতও সন্ধি করণে সম্মত হইলেন।

এই রূপ কথিত আছে, যে আইসোক্রাটি * নামক অলঙ্কার শাস্ত্রাধ্যাপক কিরোনিয়ার † পরাভব-বার্ত্তা শুনিয়া এমত দুঃখিত হইয়াছিলেন, যে স্বদেশের এতাদৃশ অসময়ের পর জীবন বিফল ভাবিয়া অনাহারে প্রাণত্যাগ করিলেন, সে সময় তাঁহার বয়ঃক্রম অষ্টনবতি বৎসর।

এই যুদ্ধে লাইসিক্লি * নামক আথিনীয়দের * সেনাপতি যাঁহার কুপরামর্শে অমঙ্গল হইয়াছিল, তাঁহার নামে লোকদের সভায় আবেদন হওয়াতে, তিনি লাইকর্গ * কর্ত্তৃক মৃত্যুর আজ্ঞা পাইলেন। নগরে এই বিচারকর্ত্তার অতিশয় সম্ভ্রম ও প্রতিপত্তি ছিল, কিন্তু তিনি নিতান্ত কঠিন ছিলেন, তিনি লাইসিক্লির * প্রতি পশ্চাৎ বক্তব্য রূপে বাক্য কহিলেন। যথা অহে লাইসিক্লি, * তুমি সৈন্যাধ্যক্ষ ছিলা, এবং তোমার দুর্ব্বুদ্ধি প্রযুক্তই এক সহস্র নগরবাসির প্রাণ নষ্ট হইয়াছে, ও দুই সহস্র বন্দী হইয়াছে, ও আমাদের নগরের এতাদৃশ অপমান হইয়াছে, এবং তাবৎ গ্রীক অধীন হইয়াছে। তুমিই দেশের অপমানজনক হইয়াছ, ইহাতেও কি তোমার সর্ব্ব জনের সম্মুখে আসিতে ও প্রাণ ধারণ

করিতে লজ্জা হইল না? হায়! তোমার জীবনকে ধিক্। এই লাইকগ* প্লাটার† ব্যবস্থাদায়ক লাইকর্গ* নামানুসারে অতি সুপাত্র ছিলেন। তিনি তৎকালের মধ্যে এক প্রধান বক্তা, এবং তাঁহার বক্তৃতা অপেক্ষায়ও সাধুতার অধিক প্রশংসা ছিল, কারণ দ্বাদশবৎসর পর্য্যন্ত রাজ্য ধন রক্ষকের কর্ম্ম নির্ব্বাহ করিয়া শেষে যাহাং করিয়াছিলেন তাহার এক তালিকা লিখাইয়া এক স্তম্ভের উপর বদ্ধ করিয়া রাখিলেন; ইহার অভিপ্রায় এই, যে সর্ব্ব জনে তাহা দৃষ্টি করিয়া তন্মধ্যে কোন নিন্দার বিষয় পাইলে তাহা প্রকাশ করিতে পারিবেন। অপর তিনি রোগগ্রস্ত হইয়া মৃত্যুর পূর্ব্বে মহাসভায় উপস্থিত হইয়া আপন কর্ম্ম সকল তাবৎ বিস্তারিত করিয়া কহিলেন; এবং তথায় এক ব্যক্তি তাঁহার অপবাদ দিয়াছিলেন, তাঁহাকে নিরুত্তর করিয়া গৃহে পুনর্গমন পূর্ব্বক তিনি প্রাণ ত্যাগ করিলেন। তিনি স্বাভাবিক ভারী ও উগ্র বটে, কিন্তু কাব্যবিদ্যায় অতিশয় অনুরাগী ছিলেন, এবং তিনি যে কবিদিগকে সমাদর করিতেন তাহার প্রমাণ এই যে তিনি ইস্কাইল* ও সফোক্লি* এবং উরিপিডির* প্রতিমূর্ত্তির নির্ম্মাণ করিয়াছিলেন।

কেরি* লাইসিক্লির* তুল্য অপরাধী ছিলেন বটে, কিন্তু তাঁহার অপ্রসিদ্ধ নাম প্রযুক্ত কোন বিপদে পড়েন নাই। তাঁহার এমত হেয় ক্ষমতা ছিল যে টাইমোথীয়* কহেন তিনি আপনি সেনাপতি হইবার যোগ্য ছিলেন না কিন্তু সেনাপতির দ্রব্যাদি বহিবার যোগ্য ছিলেন।

অনেকে ভাবিয়াছিল যে ডিমাস্থিনির* প্রবৃত্তিজনক বক্তৃতা জন্য আথিনীতে অমঙ্গল হওয়াতে তিনি সকলের কোপানলে পড়িবেন; কিন্তু ইহার বিপরীত দর্শিল

কারণ তাঁহার সাধুতা ও স্বদেশ প্রতি প্রেম আথিনীয়েরা *
এমত নিশ্চয় জানিত যে তাহারা পূর্ব্বোক্ত পরাভব
প্রযুক্ত জ্বালায় জ্বলিতে২ও কেবল তাঁহারই পরামর্শানুবর্ত্তী
হইয়াছিল। তিনি তাহাদের বিশ্বাসের যোগ্যপাত্র ছিলেন,
কারণ ঐ সময় নগরস্থদের আহার প্রস্তুত করিতে ও
প্রাচীর পুনর্নির্ম্মাণ করিতে নিযুক্ত হইয়া প্রাচীর সম্পন্ন কর-
ণার্থে সাধারণ ধনের অল্পতা দেখিয়া নিজধনদ্বারা অবশিষ্ট
ন্যূনতার প্রতিকার করিলেন।

দেশের মঙ্গলার্থে এই চেষ্টার কারণ লোকদের সভায়
তাঁহার বন্ধু টিসিফন্ * তাঁহাকে একস্বর্ণ মুকুট দিবার কথা প্রসঙ্গ
করিয়াছিলেন; এই প্রযুক্ত ইস্কাইনির * ও ডিমাস্থিনির *
মধ্যে ইতিহাসে যে প্রসিদ্ধ বিবাদ লিখিত আছে তাহা ঘটি-
য়াছিল। তাহা এই যথা টিসিফন্ * আপন বন্ধুর পক্ষে ঐ
প্রসঙ্গ করণ জন্য ডিমাস্থিনির * বক্তৃতা ও রাজকর্ম্মের বিবেচনা-
বিষয়ে সমযোগ্য যে ইস্কাইনি * তিনি টিসিফনের * বিপক্ষে
এক অপবাদ তুলিলেন। ডিমাস্থিনি * ঐ প্রসঙ্গের পোষকতা
করিয়াছিলেন, যেহেতুক তাহা তাঁহারই সম্মানের বিষয়।

এই বিষয়ের উত্তর প্রত্যুত্তর শুনিবার কারণ সর্ব্বদিগহইতে
লোকের জনতা হইয়াছিল, কারণ এবিষয়ে দুই জন প্রধান
বক্তা বাদী ও প্রতিবাদী, উভয়েই স্বাভাবিক প্রস্তুত এবং যত্ন-
দ্বারা পরিপক্ব, এবং উভয়েই সর্ব্বদা বাদানুবাদে ও পরস্পর
দ্বেষে উগ্র ছিলেন। প্রথমে ইস্কাইনির * পক্ষে বড় সুগম হইয়াছিল,
যেহেতুক তিনি আথিনী † বাসি যে মাসিডনীয় পক্ষীয়দের
পক্ষে ছিলেন, তাহারা বিশেষতঃ থিবির † বিনাশাবধি যে
রূপ শক্তিমন্ত হইয়াছিল তাহাতে তাহারা তাঁহার এবিষয়ে
অনায়াসে উপকার করিতে পারিত। সে যাহা হউক তিনি

পরান্ত হইয়া পূর্ব্বোক্ত অপবাদ দেওন জন্য দেশান্তর গমন করণের আজ্ঞা পাওয়াতে রোড্স উপদ্বীপে গমন করিয়া তথায় বাস করতঃ বক্তৃতাবিদ্যার এক চতুষ্পাঠী স্থাপন করিলেন, তাহার সুখ্যাতি বহু কাল পর্য্যন্ত ছিল। তাঁহার দেশবহির্ভূত হওনের বিষয়ে যে দুই কথা অর্থাৎ আপন ও ডিমাস্থিনির * বক্তৃতা বিষয়েই তিনি প্রথমে পাঠ দিতে আরম্ভ করিয়াছিলেন। তাঁহার নিজবক্তৃতা পাঠের সময় শ্রোতা গণ বিস্তর প্রশংসা করিলেন, কিন্তু ডিমাস্থিনির * বক্তৃতা পাঠ করিবার সময় তাঁহারা তদপেক্ষায়ও অধিক ধন্যবাদ করিলেন; ইহাতে ইস্কাইনি * কহিয়াছিলেন যে হায়! তোমরা এই সকল কথা ডিমাস্থিনির* নিজমুখে শ্রবণ করিলে তাঁহাকে অসীম ধন্যবাদ করিতা। অতএব প্রতিবাদির মুখে ডিমাস্থিনির * এতাদৃশ সুখ্যাতি প্রকাশ হওয়াতে তাঁহার অতিশয় গৌরব হইয়াছে।

ডিমাস্থিনি * জয়ী হইয়া অতিশয় সদ্ব্যবহার করিয়াছিলেন। যথা যে সময় ইস্কাইনি * পূর্ব্বোক্ত আজ্ঞা প্রমাণ রোড্স † উপদ্বীপে যাত্রাজন্য ডিঙ্গারোহণ করেন তখন ডিমাস্থিনি * তাঁহার পশ্চাদ্গমন করিয়া তাঁহার অস্বীকারেও তাঁহাকে কিঞ্চিৎ ধনদান করিলেন। এই প্রযুক্ত ইস্কাইনি* খেদ করিয়া কহিলেন যে হায়! যে দেশের শত্রু অন্যত্রের বন্ধু হইতে ও অধিক সৎ, সে দেশ ত্যাগ করণে আমার কি দুঃখের বিষয়!

পূর্ব্বোক্ত জয়ে ফিলিপের * আকাঙ্ক্ষা পূর্ণ হইল বটে, কিন্তু ইহাতেও ক্ষান্ত হইলেন না, কারণ তাঁহার এমত মন যে তাবৎ গ্রীক †দেশে তাহার অধিকার হইলে তিনি তাহা আপন প্রধান কল্প অর্থাৎ গ্রীকদের * সহায়তায় পর্শিয়া † দেশ জয় করণের উপায়স্বরূপ ভাবিতেন। এরূপ মন তাঁহার বহুকাল পর্য্যন্ত হইয়াছিল, এবং তাহা সিদ্ধ হইবে, এরূপ আশাও তাঁহারি

ছিল। সে যাহা হউক, তিনি নিশ্চয় জানিতেন, যে তাহাদের আশুয় অনায়াসেই পাইতে পারিবেন, যে হেতুক পার্শিদের* কর্তৃক আপনাদের পূর্ব্ব ক্ষতি স্মরণে তাহারা তৎপ্রতি-হিংসা করণ জন্য পর্শিয়ার† সমুদয় রাজ্য বিনাশের প্রতিজ্ঞা করণে উদ্যত ছিল। অতএব ফিলিপ্* তাহাদিগকে তজ্জন্য লইয়া যাইবার প্রসঙ্গ করাতে তাহারা তৎক্ষণাৎ তাঁহাকে আপনাদের সেনাপতিস্বরূপ স্বীকার করিল, এবং তিনি তদনুসারে পারস্ রাজার রাজ্যাক্রমণ করণের উদ্যোগ করিলেন।

ফিলিপের* এই রূপ রাজ্যবিষয়ে জয় হইতে লাগিল বটে, কিন্তু নিজ সংসারের অপ্রীতি হওয়াতে তাঁহার আন্তরিক সুখের ব্যাঘাত হইয়া শেষে তাঁহার অকাল মৃত্যু ঘটিল। তিনি ইপাইরস্† দেশের রাজকন্যা অলিম্পিয়কে* বিবাহ করিয়াছিলেন, এবং কিয়ৎ কাল পর্য্যন্ত উভয়ে প্রীতি পূর্ব্বক কাল যাপন করিয়াছিলেন; কিন্তু ঐ স্ত্রীর উগ্র ও হিংসুক স্বভাব প্রযুক্ত ইহাঁদের মধ্যে প্রথমে এক প্রকার তাচ্ছীল্য ভাব এবং শেষে পরস্পর নিতান্ত ঘৃণা হইল। বোধ হয় আটেল* নামক এক জন নিজ প্রধান অধ্যক্ষের ভ্রাতৃকন্যা ক্লিওপেট্রার* প্রতি ফিলিপের* অতিশয় প্রেম হওয়াতেই ঐ ঘৃণা এতাদৃশ শীঘ্র হইয়াছিল। সংক্ষেপে কহি, যে ফিলিপের* এই স্ত্রীর প্রতি এমত প্রেম এবং অলিম্পিয়ের* প্রতি এতাদৃশ ঘৃণা হইল যে ইহাঁকে ত্যাগ করিয়া উহাকে বিবাহ করণের প্রতিজ্ঞা করিলেন। তাঁহার পুত্র আলেক্সাণ্ডর* এবিষয়ে বিস্তর প্রতিবাদ পূর্ব্বক কহিলেন, যে তুমি অলিম্পিয়কে* পরিত্যাগ করতঃ অন্য স্ত্রীবিবাহ করিলে কেবল আমার সিংহাসন প্রাপ্তি হওনের বিরোধ জন্মিবে। কিন্তু এই নিষেধ বৃথা হইল, কারণ ফিলিপ্*

উত্তর করিলেন, যে অহে পুত্র, আমার দ্বিতীয় স্ত্রীর গর্ভ জাত তোমার বৈমাত্রেয় জন্মিয়া সিংহাসনার্থী হইলে তোমার পক্ষেই উত্তম, যেহেতুক তুমি সকলকে পরাস্ত করিয়া আপনি সিংহাসন পাওনের উদ্যম করিতে পারিবা, এবং তদ্দারা সকলে জ্ঞাত হইবেন যে তুমিই তৎপদের উপযুক্ত পাত্র।

অতএব এইক্ষণে তাঁহার ক্লিওপাট্রার * সহিত বিবাহ প্রথানুসারে ও যথোচিত প্রাগল্ভরূপে সম্পন্ন হইল। যুবরাজ ইহাতে মনে দুঃখিত হইয়াছিলেন বটে, কিন্তু বিবাহ-সভায় উপস্থিত হইতে বাধিত হইয়া আন্তরিক ক্রোধে গম্ভীর হইয়া বসিয়া রহিলেন, যেহেতুক এই বিবাহ তাঁহার মাতার পক্ষে বিস্তর অপমানের বিষয়। তিনি একে অল্প বয়স্ক তাহাতে এতাদৃশ কুপিত, অতএব অপমানের কিঞ্চিৎ লেশ হইলেই তাঁহার অন্তঃকরণ জ্বলিয়া উঠিবার সম্ভাবনা ছিল। নূতন রাণীর পিতৃব্য আটল * অবিবেচনা পূর্ব্বক সভার মধ্যে মাসিডনীয়দিগকে * উচ্চৈঃস্বরে কহিলেন, যে তোমরা সকলে দেবতাদিগের উদ্দেশে মদ্য তর্পণ কর, যে তাঁহারা কৃপান্বিত হইয়া এই বিবাহের ফলস্বরূপ রাজ-সিংহাসনের পবিত্রজন্মা উত্তরাধিকারী প্রদান করুন। আলেকসাণ্ডর * এই পর্য্যন্ত ক্রোধ সম্বরণ করিয়াছিলেন, কিন্তু এই দুর্ব্বাক্য শুনিবামাত্র চক্ষুদ্বয় রক্তবর্ণ করিয়া উত্তর করিলেন, রে দুরাত্মন্, তুই কি আমাকে জারজপুত্র কহিস্? এবং তৎক্ষণাৎ তাঁহার উপর আপন পানপাত্র দৃঢ়তর রূপে নিক্ষেপ করিলেন, এবং আটল * ও তদ্দ্বিগুণ ক্রোধের সহিত যুবরাজের প্রতি দৌরাত্ম্য করিলেন; ইহাতে অতিশয় কলরব উঠাতে রাজা ক্রোধান্বিত হইয়া খড়্গ হস্তে আপন পুত্রের প্রতি ধাব-

মান হইলেন; কিন্তু একে ব্যস্তে যাইতে ছিলেন, তাহে ট্রিবেনির * যুদ্ধে যে আঘাত পাইয়াছিলেন তদ্দারা খোঁড়া এবং তদ্ভিন্ন অতিরিক্ত মদ্যপানে শরীর অস্থির, ইহাতে ভূমিপতিত হওয়াতে তাঁহার ক্রুদ্ধ আশয় নিরাশ হইল। সেই সময় আলেক্‌সাণ্ডর * অনুচিত গর্ব্ব পূর্ব্বক মাসিডনীয়দের* প্রতি সম্বোধন করিয়া কহিলেন অহে মাসিডনীয়েরা,* দেখ এই রাজা তোমাদিগকে আশিয়ায় † লইয়া যাইতে ইচ্ছা করেন! দেখ ইনি গৃহের এক স্থানহইতে অন্য স্থানে আসিতে পতিত হইলেন।

সে যাহা হউক, ফিলিপ্* আশিয়া † জয় করণের আশা এই পর্য্যন্ত পরিত্যাগ না করিয়া সেই অভিপ্রায়ের ফল জানিবার নিমিত্ত দেবতাদিগকে প্রশ্ন করিয়াছিলেন, এবং যাজিকা এই রূপে তাহার উত্তর করিয়াছিলেন, যে বলী অভিষিক্ত হইয়াছে, তাহার বিনাশ নিকট হইতেছে, এবং সে শীঘ্রই নষ্ট হইবে। কিন্তু ফিলিপ্* এই দৈববানীর ঘোরার্থেও আপন বিষয়ে না বুঝিয়া আশিয়া† জয়ের অর্থে বুঝিলেন; ফলত এই রূপ শীঘ্র প্রত্যক্ষ হইল, যে ঐ দৈববানী পারস্ রাজাতে না দর্শিয়া ফিলিপেরই * বিনাশ হইল, কারণ যে কালীন তিনি অলিম্পিয় * নামিকা স্বীয় প্রথম রাণীর ভ্রাতা আলেকসাণ্ডর * নামক ইপাইর † দেশের রাজার সহিত আপন কন্যা ক্লিওপাট্রার * বিবাহ কর্ম্ম সম্পন্ন করিতেছিলেন, সেই কালীন যদ্যপিও তিনি রক্ষকদের দ্বারা বেষ্টিত ছিলেন, তথাপি পাসানিয় * নামক এক মাসিডনীয়* কুলীন অকস্মাৎ প্রবিষ্ট হইয়া তাঁহাকে অস্ত্রদ্বারা বিদ্ধ করিলেন। এই রূপ রাজহত্যা করণের কারণ এই। যথা, ফিলিপের * প্রিয় সেনাপতি আটল *, ঐ পাসানিয়কে*

অতিশয় কটুবাক্য কহিয়াছিলেন, এবং তৎপ্রতিকারের নিমিত্ত পাসানিয় * রাজার নিকট আবেদন করিলে তিনি কিছুই মনোযোগ করেন নাই, অতএব পাসানিয় * আটলের * প্রতিহিংসা করণ চেষ্টায় ক্ষান্ত হইয়া রাজাকেই হত্যা করিবার চেষ্টায় ছিলেন, এবং ঐ ক্ষণে তদ্যোগ্য সময় পাইয়া আপন দুষ্টাভীষ্ট সিদ্ধি করিলেন।

কেহ২ অনুমান করেন যে অলিম্পিয়েরই * পরামর্শে পাসানিয় * ঐ নির্দ্দয় কর্ম্ম করিয়াছিলেন। ফিলিপের * শরীররক্ষকেরা পাসানিয়কে* তৎক্ষণাৎ নষ্ট করিয়া ঐ মৃত শরীর এক ফাঁসী কাষ্ঠে টাঙ্গাইয়া রাখিল; কিন্তু পরদিন প্রাতঃকালে তাঁহার মস্তকে এক স্বর্ণ মুকুট দেখা গেল, অতএব পাসানিয়ের* উদ্দেশে এতাদৃশ সম্মান করিতে অলিম্পিয় * ভিন্ন আর কাহার যোগ্যতা ছিল? কিয়ৎদিবস পরে অলিম্পিয় * পাসানিয়ের * উদ্দেশে ফিলিপের * তুল্য সম্মান প্রকাশ করিয়া আপন স্বামির হত হওন উল্লাস আরও অধিক প্রকাশ করিয়াছিলেন; আর এক চিতায় ঐ দুই শব দগ্ধ করাইয়া উভয়েরই ভস্ম এক কবরে রাখাইয়াছিলেন; এবং অলিম্পিয় * পাসানিয়ের * উদ্দেশে প্রতি বৎসর সম্মান করিতে মাসিডনীয়দিগকে * লওয়াইয়াছিলেন। অতএব আপনিই যে ফিলিপের * হত্যার পরামর্শে নিযুক্তা এমত কোন প্রকারে প্রকাশ হয় তাহা তাঁহার সম্পূর্ণ চেষ্টা ছিল। অপর ফিলিপ্ * যে অস্ত্রে হত হইয়াছিলেন তাহাতে মর্টালি * নাম খোদাইয়া তিনি তাহা আপলো * দেবতাকে সমর্পণ করিলেন; কারণ ফিলিপের * ও অলিম্পিয়ের * পরস্পর যে সময়ে প্রণয়ারম্ভ হইয়াছিল সে সময় অলিম্পিয়ের * ঐ নাম ছিল।

এই রূপে ফিলিপ্ * রাজার মৃত্যু হইল, তিনি যেমত সন্ধি করণে পারগ সেই মত সংগ্রামেও পারগ ছিলেন, কিন্তু অস্ত্রবল অপেক্ষায় ধূর্ত্ততাদ্বারা স্বীয় অভীষ্ট সিদ্ধি করিতে তিনি অধিক তুষ্ট হইতেন। ইহাঁর মৃত্যুবার্ত্তা গ্রীকে † প্রচার হইলে তথাকার সকলে বিশেষতঃ অথিনীয়েরা * সেই ঘটনানিমিত্ত উল্লাস প্রকাশ করণার্থে আপনারা পুষ্পহার ধারণ করিতে লাগিল, এবং পাসানিয়ে * উদ্দেশে এক মুকুট প্রস্তুত করাইল। অপর ফিলিপের * ভয়হইতে মুক্ত হওয়াতে তাহারা দেবতাদিগকে বলি প্রদান করিল, এবং এমত উল্লাসের গান করিয়াছিল যেন ফিলিপকে * আপনারাই যুদ্ধে হত করিয়াছে। কিন্তু এতাদৃশ আহ্লাদ প্রকাশ করণ অতি অনুচিত, যেহেতুক গ্রীকদের * সেনাপতিত্ব পদে ফিলিপের * নিযুক্ত হওন সময়ে বিশেষতঃ যে কালীন তাঁহার কন্যার বিবাহ হয় সেই কালীন আথিনীয়েরাই * সর্ব্বাগ্রে তাঁহার প্রশংসা করিতে আসিয়া তাঁহাকে প্রায় দেবতার তুল্য করিয়া স্তব করিয়াছিল।

১৩ অধ্যায়।

আলেক্সাণ্ডরের* জন্ম হওনাবধি তাঁহার আশিয়ায়† যাত্রা করণ পর্য্যন্তের বিবরণ।

ফিলিপের * মৃত্যুর পর তাঁহার পুত্র আলেক্সাণ্ডর * সিংহাসনস্থ হইয়া রাজ্যাধিকার করিলেন, ঐ রাজ্য তাঁহার পিতার সুশাসনের দ্বারা অতিশয় বর্দ্ধিষ্ণু ও শক্তিমান্ হইয়াছিল।

যে দিবস ইফিস † নগরস্থ ডাইএনার * বিখ্যাত মন্দির দগ্ধ হইয়াছিল সেই দিবসে আলেক্সাণ্ডরের * জন্ম হয়, এই প্রযুক্ত হিজেসিয়া * নামক ইতিহাসলেখক কহেন যে

ঐ দিবসে যে সে মন্দির দগ্ধ হইয়াছিল তাহা আশ্চর্য্য নহে, যে হেতুক আলেক্সাণ্ডরের* জন্মকালীন অলিম্পিয়ের* প্রসব যন্ত্রণার স্বাস্থ্য করিবার নিমিত্ত সে দিবস ডাইএনা* নিযুক্তা ছিলেন।

আলেকসাণ্ডর* নব্যাবস্থাবধ অতিশয় গৌরবাকাঙ্ক্ষী, কিন্তু তাবৎ প্রকার গৌরবাকাঙ্ক্ষী ছিলেন না। ফিলিপ* চর্ব্বাক্ অর্থাৎ বাক্প্রতারকের ন্যায় বক্তৃতা ও বাক্যের সুন্দর প্রবন্ধে প্রেম করিতেন, এবং গর্ব্ব প্রযুক্ত অলিম্পিক্ ক্রীড়ায় গাড়ী দৌড়ের স্বীয় তাবৎ জয় মুদ্রায় খোদাইয়াছিলেন। কিন্তু তাঁহার পুত্র এতাদৃশ মিথ্যা সম্মানের চেষ্টা করিতেন না। যখন আলেক্সাণ্ডরের* বন্ধুরা তাঁহাকে জিজ্ঞাসা করিয়াছিলেন, যে তুমি অলিম্পিক ক্রীড়ায় প্রবৃত্ত হইবা কি না? তাহাতে আলেক্সাণ্ডর* উত্তর করিলেন হাঁ, যদ্যপি রাজাদিগকে আমার বাদিস্বরূপ পাই তবে আমি তাহাতে প্রবৃত্ত হইতে ইচ্ছা করি।

আলেক্সাণ্ডর* আপন পিতার সংগ্রাম জয় সংবাদ যতবার পাইয়াছিলেন তাহাতে তিনি আহ্লাদিত না হইয়া বরং খেদোক্তিতে সমপাঠকদিগকে কহিতেন, হে বন্ধু সকল, দেখ আমার পিতা সকলই আপনি অধিকার করিবেন, আমি যে জয় করিব সে নিমিত্তে কিছুই রাখিয়া যাইবেন না।

এক দিবস পারস্* রাজার কএক জন দূত কোন কর্ম্মান্তরে ফিলিপের* নিকট আসিয়াছিলেন, কিন্তু সে সময় তিনি সভায় উপস্থিত না থাকাতে আলেক্সাণ্ডরকে* তাঁহাদের সহিত কথোপকথন করিতে হইয়াছিল। তাহাতে তাঁহার শিষ্টাচার দেখিয়া ও জ্ঞানের আশ্চর্য্য বাক্য শুনিয়া তাঁহারা চমৎকৃত হইলেন; কারণ তাঁহার যাদৃশ অল্প বয়ঃক্রম তদুপযুক্ত সামান্য বিষয়ে প্রশ্ন না করিয়া অর্থাৎ পার্সীয়ার † বিখ্যাত শূন্যের উদ্যান সকল কি রূপ, ও রাজার ধন ও রাজবাটী ও সভার ঐশ্বর্য্যই বা কেমন,

যাহার বিষয়ে পৃথিবীর সকলেই আশ্চর্য্য বোধ করেন, আর প্রসিদ্ধ স্বর্ণ কদলীবৃক্ষ কি প্রকার, এবং যে স্বর্ণ দ্রাক্ষা লতার মণি মাণিক্য ও পদ্মরাগ মণি প্রভৃতি নানাবিধ রত্নের ফল, আর যাহার তলে পারস্ ভূপতি সভা করিয়া থাকেন সেই বা কিরূপ? এই২ রূপ প্রশ্ন করিয়া, আলেক্‌সাণ্ডর* জিজ্ঞাসা করিলেন যে কোন পথ দিয়া উত্তর আশিয়ায় † যাইতে হয়? ও কোন২ স্থান কত দূর? কোন বিষয়ে রাজার প্রধান বল আছে? ও সৈন্যের কেমন স্থানে রাজা আপনি রণ করেন? ও শত্রুদিগের সহিত কিরূপ ব্যবহার করেন? এবং প্রজাদিগকে কিরূপে শাসন করেন? দূতেরা তাঁহার বয়ঃক্রমোপযুক্তহইতে অধিক জ্ঞান দেখিয়া চমৎকৃত হইয়া উচ্চৈঃস্বরে কহিলেন, যে এই যুবরাজই প্রধান, আমাদের রাজা ধনবান্, কিন্তু যে ব্যক্তির অর্থ বিনা অন্য কোন যোগ্যতা নাই সে অতি সামান্য ও নীচ।

এই যুবরাজের সুশিক্ষার নিমিত্ত ও স্বাভাবিক তীক্ষ্ণ বুদ্ধি প্রযুক্ত এতাদৃশ পরিপক্ক জ্ঞান জন্মাইয়াছিল। আমরা পূর্ব্বেই কহিয়াছি যে তাঁহাকে বাদ্য ও অন্য২ প্রকার গুণ শিক্ষা করাইবার নিমিত্ত নানা উপদেশক নিযুক্ত ছিলেন; কিন্তু যথার্থ ও ব্যবহার্য্য বিদ্যা অর্থাৎ জ্ঞান শিক্ষা করাইবার ভার আরিষ্টাটল্* নামক সে কালের অতি প্রসিদ্ধ পণ্ডিতের উপর ছিল। এতাদৃশ প্রধান শিক্ষক নিযুক্ত করণে ফিলিপ্* এই এক কারণ কহিয়াছেন যে আমি আপনি যে সকল দোষে দোষী হই, সে সকল দোষ আমার পুত্র সুশিক্ষিত হইলে ত্যাগ করিতে পারিবেন।

ফিলিপ্* আরিষ্টাটলের* গুণ বিলক্ষণ রূপে জ্ঞাত ছিলেন, এবং রাজোচিত দাতৃত্ব ও ঔদার্য্য রূপে তাঁহার পুরস্কার

করিয়াছিলেন। তিনি তাঁহাকে সুন্দর বেতন দিতেন কেবল তাহাই নহে, কিন্তু শেষে এক প্রধান বিষয়ে তাঁহার প্রতি শ্রদ্ধা প্রকাশ করিয়াছিলেন। যথা আরিষ্টাটলের * জন্ম ভূমি যে ষ্টাজাইরা † নগর তিনি পূর্ব্বে জয় করিয়া উচ্ছিন্ন করিয়াছিলেন, তাহা এইক্ষণে পুনর্নির্ম্মাণ করিলেন, এবং তন্নিবাসি লোকদের মধ্যে যাহারা পলায়ন করিয়াছিল বা দাস হইয়াছিল তাহাদিগকে তিনি তথায় পুনঃস্থাপন করিলেন; আর বিদ্যা বা শ্রম অভ্যাসের কারণ তিনি তাহাদিগকে এক উপবন দিলেন। প্লুটার্ক* কহেন, যে সকল প্রস্তরাসনে আরিষ্টাটল* সর্ব্বদা বসিতেন এবং যেং ছায়াযুক্ত পথে তিনি বেড়াইতেন তাহা ষ্টাজাইরা † নগরবাসিরা তাঁহাকে দেখাইয়াছিল।

আলেক্সাণ্ডর*ও আরিষ্টাটল্‌কে* আপন পিতার তুল্য মান্য করিয়া কহিতেন যে আমি জন্মের কারণ পিতার নিকট ঋণী, কিন্তু জন্মিয়া সুখে থাকনের পথ পাইবার নিমিত্ত আরিষ্টাটলের * নিকট ঋণী আছি। শিক্ষকের পারগতা ও যত্নানুসারে শিষ্যের বিদ্যা জন্মিয়াছিল। তিনি বেদের অতিশয় অনুরাগ করিতেন এবং তাহার নানা খণ্ড অভ্যাসও করিয়াছিলেন; কিন্তু তিনি নীতিশাস্ত্রাভ্যাসেই দৃঢ়রূপে নিযুক্ত ছিলেন, যেহেতুক তাহাই রাজগণের উপযুক্ত শাস্ত্র, কেননা তদ্দারা মনুষ্যবর্গের কর্ত্তব্যাকর্ত্তব্য জ্ঞাত হওয়া যায়। অতএব ঐ শাস্ত্রহইতেই পরিদেবনা ও রাজনীতি জ্ঞান দর্শে এইরূপ ভাবিয়া তাহাতে অবিশ্রান্ত রূপে মনোযোগ করিতেন।

অপর আরিষ্টাটল্* তাঁহাকে যেরূপ বিচার শিখাইয়াছিলেন সেই রূপ সৎকথকতাও শিক্ষা করাইবার যত্ন করিয়াছিলেন। এই নিমিত্তে আরিষ্টাটল্* অলঙ্কার শাস্ত্রের

এক প্রকরণ লিখিয়াছেন, তাহার প্রথমাংশে তিনি এই সপ্রমাণ করেন যে বক্তৃতাশক্তি হইলে রাজার বিস্তর উপকার জন্মিতে পারে, যেহেতুক তদ্দ্বারা প্রজাগণের মন আনায়াসে বশ করা যায়, আর প্রজাগণকে বশীভূত করণে যেমত পরাক্রম সেই মত কৌশল অর্থাৎ কথনক্ষমতাও অপেক্ষা করে। আলেকসাণ্ডরের * যে কতকগুলিন উত্তর পত্র অদ্যাবধি আছে তদ্দ্বারা এই প্রকাশ হয় যে তাঁহার বক্তৃতায় দোষমাত্র ছিল না, কেননা সে সকল জ্ঞানে ও বোধে পরিপূর্ণ, আর অনাবশ্যক শব্দ সকল সর্ব্বতোভাবে বর্জ্জিত, তাহাতে প্রত্যেক শব্দেরই অর্থবোধ হয়। রাজাদিগের এই রূপ বক্তৃতাভ্যাস করা উচিত।

হোমরের * প্রতি তাঁহার যেরূপ প্রেম ও সম্মান ছিল তাহা উত্তম রূপে প্রকাশিত আছে। তাহার এক প্রমাণ এই। যথা, আর্বিলা † নগরে যুদ্ধের পর পার্শীদের * শিবিরে মণিমাণিক্যদ্বারা ভূষিত এক স্বর্ণ নির্ম্মিত সিন্দুক পাওয়াতে সকলে বিবেচনা করিতে লাগিলেন যে ইহা কি কর্ম্মের উপযুক্ত? তখন আলেকসাণ্ডর * কহিলেন যে হোমরের * কবিতা গ্রন্থ সকল ইহাতে রাখিবার যেমত উপযুক্ত সেই মত আর কিছুই নহে। তিনি মনে করিতেন যে তাহা অপেক্ষায় মনুষ্যের সাধ্যমতে অধিক উত্তম কবিতা আর জন্মিতে পারে না। তিনি ঐ গ্রন্থকর্ত্তার ইলিয়ড নামক গ্রন্থের বিশেষ প্রশংসা করিয়া তাহাকে যুদ্ধবিষয়ক জ্ঞানের ভাণ্ডারস্বরূপ কহিতেন। ঐ গ্রন্থের যে পুস্তকখান আরিষ্টাটল * কর্ত্তৃক শোধিত হইয়াছিল, তাহা তিনি সর্ব্বদা আপন নিকটে রাখিতেন, এবং রাত্রিতে আপন খড়্গের সহিত তাহা শয়ন বালিসের নীচে রাখিতেন; তিনি ঐ পুস্তকের নাম কাস্কেট্ কাপি রাখিয়াছিলেন, অর্থাৎ সে সিন্দুকের পুস্তক।

তিনি তাবৎ প্রকার গৌরব পাইতে এমত আকাঙ্খী ছিলেন, যে আপন শিক্ষক আরিষ্টটল্ * বিবেক শাস্ত্র সম্বন্ধীয় কতক খণ্ড তাঁহার অসাক্ষাতে প্রকাশ করিলে তিনি তাঁহার প্রতি অতুষ্ট হইয়াছিলেন, যেহেতুক ঐ কএক খণ্ড অন্যে না পায় কেবল তিনি একাকীই রাখিতে বাঞ্ছিত ছিলেন। অধিকন্তু যে সময় তিনি আশিয়া † দেশ জয় করণে ও ডেরাইয় * রাজার পশ্চাৎ গমনে প্রবৃত্ত ছিলেন তখন আরিষ্টটলের * ঐ বিষয়ে দোষ দিয়া এক পত্র লিখেন, সে পত্র অদ্যাবধি আছে। আলেকসাণ্ডর * সেই পত্রে এই লিখেন যে অন্যাপেক্ষায় আমার পরাক্রম ও রাজ্যবৃদ্ধি না হইয়া বরং শাস্ত্রের আধিক্য হয় তাহা আমার প্রার্থনা।

তিনি তাবৎ প্রকার শিল্প বিদ্যারও অতিশয় অনুরাগ করিতেন, কিন্তু যে রূপ রাজার উচিত সেই রূপই করিতেন, অর্থাৎ তিনি সে সকলের গুণ ও আবশ্যকতা জানিতেন। তাঁহার শাসনের সময় বাদ্যবিদ্যা ও চিত্রবিদ্যা ও খোদকবিদ্যা এবং গৃহাদি নির্ম্মাণ বিদ্যার অতিশয় চর্চ্চা হইয়াছিল, কারণ তিনি ঐ সকল গুণের গ্রাহক ছিলেন, এবং সে সকলের উত্তমাধম বিচার পূর্ব্বক পুরস্কার করিতেন। কিন্তু তিনি কোনং সামান্য অব্যবহার্য্য অথচ ক্ষমতাপেক্ষা করে এমত কর্ম্মকে ঘৃণা করিতেন। যথা এক দিবস কএক জন মাসিডনীয় * এক ব্যক্তিকে শূচের ছিদ্র দিয়া দূর২ কড়াই নিক্ষেপ করিতে দেখিয়া চমৎকার প্রকাশ করাতে আলেকসাণ্ডর * কহিলেন, ঐ ব্যক্তির যেমত কর্ম্ম সেইমত পুরস্কার তাঁহাকে দিব, এবং সেই কথা প্রমাণে তিনি তাঁহাকে এক ঝুড়ি মটর কড়াই পাঠাইয়া দিলেন।

বুসিফেল * নামক প্রসিদ্ধ অশ্বকে বশীভূত করণদ্বারা আলেক্সাণ্ডরের * সাহস ও বীরত্ব প্রথমে প্রকাশ হয়। যথা এক দিবস ফাইলনিক * নামক থেসিলির † এক ব্যক্তি ফিলিপের * সভায় ঐ অশ্বকে বিক্রয়ার্থ আনিয়া ত্রয়োদশ টেলেণ্ট মুদ্রা মূল্য প্রার্থনা করিলে ফিলিপ্ * ঐ অশ্বপরীক্ষার্থে সভাসদের সঙ্গে মাঠে গিয়া দেখি-লেন সে এমন দুরন্ত ও অনায়ত্ত যে তাহার উপর আরোহণে কোন ব্যক্তিরও যোগ্যতা হইল না। ইহাতে ফিলিপ্ * ক্রুদ্ধ হইয়া সে অশ্বকে লইয়া যাইতে আজ্ঞা করিলেন। তৎকালে আলেক্সাণ্ডর * সেখানে উপস্থিত ছিলেন, ঐ অশ্ব অগ্রাহ্য হইল দেখিয়া তিনি উচ্চৈঃস্বরে কহিলেন, যে হায় ইহা কি দুঃখের বিষয়! ইহাতে কাহা-রও আরোহণে সাহস নাই এই প্রযুক্ত এমত উত্তম অশ্ব ক্রয় করা হইল না। ফিলিপ্ * প্রথমে এইরূপ বিবেচনা করিয়াছিলেন, যে যুবাদের স্বাভাবিক দুঃসাহস ও অবিবেক হইয়া থাকে, তাহাতেই আলেক্সাণ্ডর * এতাদৃশ অজ্ঞানের ন্যায় বাক্য কহিতেছেন। কিন্তু আলেক্সাণ্ডরের * ঐ রূপ পুনঃ পুনঃ কহাতে, এবং এমত উৎকৃষ্ট অশ্ব লইয়া যায় দেখিয়া অত্যন্ত উদ্বিগ্ন হওয়াতে, তাঁহার পিতা তাঁহাকে ঐ অশ্ব পরীক্ষা করণের অনুমতি দিলেন। যুবরাজ আপন মনোনীত অনুমতি পাইয়া উল্লাসিত হইয়া বুসিফেলের * নিকট গমন করিয়া তাহার বাগডোর ধরিলেন, এবং সে আপন ছায়া দেখিয়া ভীত হয় বুঝিয়া তাহার মুখ সূর্য্যের দিগে ফিরাইলেন। পরে তাহার গাত্রে হাত বুলাইয়া এবং মৃদু শব্দদ্বারা তাহাকে শান্ত করিয়া ধীরেং তাহার গাত্রাচ্ছাদন বস্ত্রখান খুলিয়া এক লম্ফদ্বারা তিনি তাহার পৃষ্ঠে আরো-

হণ করিলেন ; পরে একেবারে তাহার ক্রোধ না জন্মাইয়া ক্রমে তাহার বাগডোর কসিয়া ধরিলেন, এবং তাহার ক্রোধ নিবারণ হইয়া চলনেচ্ছু হইয়াছে দেখিয়া তিনি তাহাকে এড়ি মারিয়া ও অভয় সূচক শব্দ করিয়া দৌড় করাইতে লাগিলেন। এই কালে ফিলিপ্* ও তাঁহার সভাসদেরা ভয়ে কম্পিত হইয়া স্তব্ধ হইয়া ছিলেন; কিন্তু যখন তিনি প্রফুল্লান্তঃকরণে সর্ব্ব জন কথিত অনায়ত্ত অশ্বকে স্ববশে এক চক্র ফিরাইয়া আনিলেন, তখন সভাসদেরা চীৎকার শব্দপূর্ব্বক তাঁহার প্রশংসা করিতে লাগিলেন, এবং ফিলিপ্* আহ্লাদে পুলকিত হইয়া সজল নয়নে পুত্রকে অশ্বহইতে নামাইয়া আলিঙ্গন পূর্ব্বক কহিলেন অহে প্রিয় পুত্র, তুমি তোমার যোগ্য রাজ্যের অন্বেষণ কর, কারণ মাসিডন্† রাজ্য অতি সামান্য এবং কোনমতে তোমার উপযুক্ত নহে।

অনন্তর আলেক্‌সাণ্ডর* রাজসিংহাসনারোহণ করিয়া আপনাকে চতুর্দ্দিগে বিপদে বেষ্টিত দেখিলেন; যেহেতুক তাঁহার পিতা ফিলিপ্* নিজ শাসনের তাবৎ কাল যুদ্ধ করিয়া যে সকল অসভ্য জাতীয়দিগকে অধীন করিয়াছিলেন, তাহারা এইক্ষণে তাঁহার অধীনে থাকিতে কোন মতে ইচ্ছুক ছিল না; এতদ্ভিন্ন গ্রীকেরাও পূর্ব্ব স্বাধীনতাপ্রাপ্ত হইতে প্রতিজ্ঞা করিয়াছিল, কেননা ফিলিপ্* তাহাদের বাহ্য স্বাধীনতা নষ্ট করেন নাই বটে, কিন্তু বাস্তবিক অধীন করিয়াছিলেন। ঐ দুই প্রকার শত্রুদের নিমিত্ত বিপদাশঙ্কা এমত নিকট হইয়াছিল যে মাসিডনীয়দের* মধ্যে কোন২ বিবেচক ব্যক্তি রাজাকে এই পরামর্শ দিয়াছিলেন যে অস্ত্র বলাপেক্ষায় কৌশলদ্বারা ঐ শত্রুদিগকে শান্ত করিতে

হইবে। কিন্তু আলেক্সাণ্ডর * স্বাভাবিক সাহসিক ও কীর্ত্তি-
মান, অতএব এতাদৃশ ভীরু পরামর্শে কোনমতে সম্মত না
হইয়া ভাবিলেন, যে শত্রুগণ যদ্যপি আমার ভয়ের কিছু-
মাত্র চিহ্ন দেখিতে পায়, তবে তাহারা সকলে আমার
উপর একেবারে পড়িয়া আমার পিতৃকৃত তাবৎ রাজ্য
কাড়িয়া লইবে, সুতরাং কেবল মাসিডন † রাজ্যই আমার
অধিকৃত থাকিবে।

তিনি প্রথমে অসভ্যজাতীয়দের প্রতিকূলে যাত্রা করিলেন,
এবং এক রাত্রির মধ্যে ডানুব্ † নদী পার হইয়া
ট্রিবালিদের * রাজাকে এক বৃহৎ যুদ্ধে পরাভূত করিলেন;
ইহাতে তাঁহার প্রতিবাসী অন্যং জাতীয়েরা ভীত হইয়া
কিছুকাল শান্ত রহিল। পরে শীঘ্র তথাহইতে ফিরিয়া
আসিয়া তিনি গ্রীকদের * বিশেষতঃ থিবীয়দের * প্রতি-
কূলে যাত্রা করিলেন; যেহেতুক তিনি মরিয়াছেন এই
রূপ এক মিথ্যা জনরবে তাহারা আপনাদের দুর্গস্থ মাসি-
ডনীয়দের * অনেক সৈন্য নষ্ট করিয়াছিল। আর এই-
রূপও কথিত আছে যে ডিমাস্থিনি * নামক বক্তা ঐ
মিথ্যা জনরব রচিয়া থিবীয়দিগকে * ঐ কুকর্ম্ম করিতে লওয়া-
ইয়াছিলেন; কিন্তু ইহাতে তাঁহার স্বাভাবিক পরিণাম
দর্শিতা প্রকাশ হয় নাই, কারণ ঐ রচিত মিথ্যা জনরব শীঘ্র
প্রকাশিত হইয়া কেবল তাঁহার অভীষ্ট ভঙ্গ হইল এমত
নহে কিন্তু চিরকালের নিমিত্ত অবিশ্বস্ত হইলেন। সে যাহা
হউক আলেক্সাণ্ডর * তাহাদিগকে ত্বরায় জানাইলেন যে
তাঁহার মৃত্যু হওয়া দূরে থাকুক, তিনি পীড়িতও হয়েন
নাই। গ্রীক † দেশে তাঁহার অভাবনীয় ও অকস্মাৎ আগমনে
থিবীয়েরা * তাঁহাকে দেখিয়া আপনাদের চক্ষুকে প্রথমে

বিশ্বাস করিতে পারে নাই। তিনি তাহাদিগের প্রাচীরের সম্মুখে আগমন পূর্ব্বক তাহাদিগকে কিঞ্চিৎ কাল বিবেচনা করিতে দিয়া কহিলেন, যে ফিনিক্স* ও প্রথলি* নামক যে দুই ব্যক্তি আমার প্রতিকূলাচরণে তোমাদিগের দলপতি হইয়াছিলেন তাঁহাদিগকে আমার হস্তে সমর্পণ করিতে হইবে; আর তুরীপুনিদ্বারা এই প্রচার করিলেন যে এইক্ষণে যাহারা আমার সপক্ষ হইবে তাহাদিগকে আমি ক্ষমা করিব। কিন্তু থিবীয়েরা* ঐ কথা তুচ্ছ করিয়া যাহারা গ্রীক† দেশের স্বাধীনতা রক্ষাকরণেচ্ছুক ছিল তাহাদিগকে আপনাদের সহিত সংযুক্ত করিতে নিমন্ত্রণ করিল।

থিবীয়েরা* সহজে দম্য হইবে না বুঝিয়া তিনি অস্ত্র বলদ্বারা তাহা সম্পন্ন করিতে প্রতিজ্ঞা করিলেন। এই প্রযুক্ত এক দারুণ যুদ্ধ উপস্থিত হইল, তাহাতে থিবীয়েরা* শত্রু অপেক্ষায় সৈন্য সংখ্যায় ন্যূন ছিল বটে, তথাপি আপনাদের যথার্থপরাক্রম অপেক্ষা অধিক সাহস প্রকাশ করিয়াছিল। কিন্তু অনেক ক্ষণ পর্য্যন্ত দারুণ সংগ্রাম হইলে শেষে থিবির† দুর্গস্থ মাসিডনীয়* সেনারা দুর্গহইতে নির্গত হইয়া থিবীয়দের* পশ্চাদ্ভাগে আক্রমণ করাতে তাহারা চতুর্দিগে শত্রুকর্ত্তৃক বেষ্টিত হইয়া অনেকেই হত হইল, পরে আলেকসাণ্ডর* নগর অধিকার করিয়া লুঠ করিলেন।

ইহাতে থিবীয়দের* যেরূপ দুর্দ্দশা হইয়াছিল তাহা অনায়াসেই অনুভব করা যাইতে পারে, লিখিয়া প্রকাশ করা কঠিন। থ্রেসীয় জাতীয় কএক ব্যক্তি টাইমক্লিয়া* নাম্নী এক সম্ভ্রান্ত ধার্ম্মিক স্ত্রীর বাটী ভগ্ন করিয়া তাঁহার তাবৎ ধন সম্পত্তি হরণ করিয়াছিল, এবং

তাহাদের অধ্যক্ষ তাঁহার সতীত্ব নষ্ট করিয়া কহিলেন যে তোমার লুক্কায়িত ধন কোন স্থানে আছে? তাহা আমাকে দেখাইয়া দেও। টাইমক্লিয়া* তাঁহার প্রতিহিংসা করণেচ্ছায় তাঁহাকে সঙ্গে লইয়া এক উদ্যানের মধ্যে গেলেন, এবং তথায় তাঁহাকে এক কূপ দেখাইয়া কহিলেন যে আমার তাবৎ লুক্কায়িত ধন এই কূপের মধ্যে আছে। ঐ কুকর্ম্মি ব্যক্তি ঝুঁকিয়া কূপ দেখিতে যাওয়াতে টাইমক্লিয়া* পশ্চাৎহইতে তাঁহাকে ঠেলিয়া ফেলিয়াদিলেন, এবং কূপমধ্যে বৃহৎ২ প্রস্তর নিক্ষেপ করিয়া তাঁহাকে নষ্ট করিলেন। এই প্রযুক্ত থ্রেসীয়েরা* তাঁহাকে তৎক্ষণাৎ ধৃত করিয়া পায়ে বেড়ি দিয়া আলেক্সাণ্ডরের* সম্মুখে লইয়া গেল। আলেক্সাণ্ডর* তাঁহাকে দেখিয়াই বুঝিলেন যে তিনি অবশ্যই কোন সম্ভ্রান্ত কুলোদ্ভবা হইবেন, আর তাঁহার তদুপযুক্ত সাহসও আছে, যেহেতুক তিনি নিঃশঙ্করূপে ঐ নরাধম থ্রেসীয়দের* পশ্চাৎ আসিতেছিলেন। পরে আলেক্সাণ্ডর* তাঁহার পরিচয় জিজ্ঞাসা না করিতেই তিনি সাহস পূর্ব্বক কহিলেন, যে গ্রীক† দেশের স্বাধীনতা রক্ষার্থে থিজিনি* নামক যে ব্যক্তি ফিলিপের* প্রতিকূলে কিরোনীয়ার† যুদ্ধে সেনাপতিরূপে সংগ্রাম পূর্ব্বক প্রাণত্যাগ করিয়াছিলেন, আমি তাঁহার সহোদরা। এতাদৃশ সাহসিক কথনে ও তাঁহার নির্দ্দয় বলাৎকারকের উপযুক্ত প্রতিফল দেওনে রাজা চমৎকৃত হইয়া তাহাকে মুক্ত করিয়া কহিলেন, তোমার যে স্থানে ইচ্ছা সেই স্থানে আপন সন্তান সকল লইয়া গমন কর।

আলেকসাণ্ডর* থিবির† বিষয় কি রূপ করিবেন তাহা কিয়ৎকাল পর্য্যন্ত ভাবিয়াছিলেন; পরে সেই নগরের প্রতি একে

আপনারই ক্রোধ ছিল, তাহে থিবীয়দের * নাশ্য শত্রুগণ ফোসীয়দের* ও প্লেটিয়া † ও থেল্পি † এবং আর্কোমিন † নগর বাসিদের কথায় তাঁহার ঐ ক্রোধের অত্যন্ত বৃদ্ধি হইয়াছিল। অতএব আপনার ক্রোধে মত্ত হইয়া ঐ পূর্ব্বোক্ত জাতীয়দের নিষ্ঠুর পরামর্শানুসারে তিনি থিবি † নগর সমভূমি করিয়া একেবারে উচ্ছিন্ন করিলেন। কিন্তু তিনি তাবতের প্রতি কোপ প্রকাশ না করিয়া দেবযাজকদিগকে ও যাহারা মাসিডনীয়দিগের * প্রতি আতিথ্য ব্যবহার করিয়াছিল তাহাদিগকে, ও পিণ্ডর * নামক যে প্রসিদ্ধ কবিহইতে গ্রীকের † বিস্তর সম্মান বৃদ্ধি হইয়াছিল তাঁহার সন্তানদিগকে, এবং তাঁহার প্রতিকূলাচরণে যাহারা নিষেধ করিয়াছিল তাহাদিগকে ক্ষমা করিলেন। কিন্তু অবশিষ্ট প্রায় ত্রিশ সহস্র লোককে তিনি বিক্রয় করিলেন; এতদ্ভিন্ন ছয় সহস্রের অধিক লোক যুদ্ধে হত হইয়াছিল। আথিনীয়েরা * থিবির † এই দুর্গতিবার্ত্তা শুনিয়া এমত দুঃখিত হইয়াছিল যে তাহারা এক প্রকার মহোৎসব করণের তাবৎ উদ্যোগ করিয়াও তাহা স্থগিত করিল; এবং যাহারা যুদ্ধ ও থিবির † লুঠহইতে বাঁচিয়া আসিয়াছিল তাহাদিগকে তাহারা আথিনীতে † আশ্রয় দিল।

আলেক্‌সাণ্ডরকে * হেয়জ্ঞান করিতে আথিনীয়েরা * কেবল থিবীয়দিগকেই * সাহস দিয়াছিল এমত নহে, কিন্তু তাঁহার প্রতিযোগ করণার্থে আপনারাও থিবীয়দের * ও লাসিডিমোনীয়দের * সহিত ঐক্য হইয়াছিল। কিন্তু অকস্মাৎ তাহার গ্রীক † দেশে উপস্থিত হওনে এবং তাঁহার ক্রোধ জন্মাইলে যে রূপ দুর্দ্দশাপন্ন হইতে হয় তাহা পূর্ব্বোক্ত রূপে প্রকাশ করণে আথিনীয়দের * গর্ব্ব খর্ব্ব হইল; অতএব তাহার

বিপক্ষতাচরণ না করিয়া তাহারা ভাবিল যে এইক্ষণে আমাদের পক্ষে তাঁহার দয়ার প্রার্থনা করাই উচিত। এই প্রযুক্ত তাহারা তাঁহার নিকট কএক জন দূত প্রেরণ করিল, তাঁহাদের মধ্যে ডিমাস্থিনি * এক জন ছিলেন; কিন্তু তিনি সিথিরন্ † পর্ব্বতে উপস্থিত হইবামাত্র মাসিডনীয় রাজার কোপের আশঙ্কা করিয়া দৌত্য কর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক তৎক্ষণাৎ স্বদেশে পুনরাগমন করিলেন।

আলেক্সাণ্ডর * স্পষ্টরূপ বুঝিলেন যে আথিনীয় † বক্তারাই আথিনীয়দিগকে * স্বাধীনতার প্রেমরস স্মরণ করাইয়া দিয়া আমার অভীষ্টসিদ্ধ হওনে ব্যাঘাত জন্মাইতেছেন। এই প্রযুক্ত তিনি আথিনীয়দিগকে * কহিয়াছিলেন যে তোমাদের বক্তাদের দশ জনকে আমার হস্তে সমর্পণ করিতে হইবে। এই সময়ে ডিমাস্থিনি * লোকদের নিকট নেক্‌ড়িয়া ব্যাঘ্রদের ও কুক্কুরদের বিষয়ে এক গল্প করিয়াছিলেন, তাহার স্থূল এই, যে নেকড়িয়েরা এক দিবস ভেড়িদিগকে কহিয়াছিল, যে যদি তোমরা আমাদের সহিত ঐক্যে বাস করিতে ইচ্ছা কর তবে তোমাদের রক্ষক কুক্কুর সকলকে আমাদের হস্তে সমর্পণ কর। ইহার তাৎপর্য্য স্পষ্ট বোধ হইতেছে, বিশেষতঃ বক্তাদের বিষয়ে ঐ ভাবের কোন ব্যত্যয় হয় না, যেহেতুক রক্ষক কুক্কুর সকল যেমন তর্জ্জন গর্জ্জন ও সাবধান পূর্ব্বক মেষ সকলের প্রাণ রক্ষা করে, সেই রূপ বক্তারা আথিনীয়দিগকে * রক্ষা করিতেন।

আথিনীয়েরা * এই বিপত্তির সময় আপনাদের বক্তৃগণকে শত্রুহস্তে সমর্পণ করিলেই নিশ্চয় বিনষ্ট হইবে এই রূপ বিবেচনা স্থির করিয়া তাহাতে অস্বীকার করিল; কিন্তু ইহা ভিন্ন ও তাহাদের নগর রক্ষার অন্য কোন উপায়

ছিল না। এই বিপত্তিকালে ডিমাডি* নামক এক ব্যক্তি আথিনীয়দের* সপক্ষে দূতরূপে আলেক্‌সাণ্ডরের* নিকট যাইতে স্বীকার করিলেন। আলেক্‌সাণ্ডর* পূর্ব্বে তাঁহার সহিত বন্ধুর ন্যায় ব্যবহার করিয়া বিস্তর সম্মান করিয়াছিলেন, ইহাতেই দূত প্রেরণের অভিপ্রায় সিদ্ধি হইল। আলেক্‌সাণ্ডর* আথিনীয়দের* প্রতি হিংসা সম্পূর্ণ করিয়া ও থিবীয়দের* প্রতি যে অশেষ নিষ্ঠুর ব্যবহার করিয়াছিলেন, দয়া প্রকাশদ্বারা তাহা ঢাকিতে বাঞ্ছিত হইয়াই বা আশিযার† প্রতি যুদ্ধযাত্রা করিবার পূর্ব্বে তাবৎ গ্রীকদিগকে* আপন আয়ত্ব করণেচ্ছায়ই ক্ষান্ত হইলেন, তাহা নিশ্চয় রূপে কহা যাইতে পারে না; ফলতঃ তিনি আথিনীয়দের* বক্তাদিগকে আপনার হস্তগত করিবার ইচ্ছায় নিরস্ত হইলেন। কেবল কারিডিমাকে* দেশান্তরে পাঠাইয়া শান্ত হইলেন, ঐ ব্যক্তি আথিনীয়দের* কর্তৃক আপন জন্মস্থান অরিয়া† নামক নগরের স্বাধীনতা প্রাপ্ত হইয়াছিলেন।

আথিনীয়েরা* কএকবার আলেক্‌সাণ্ডরের* যে সকল অত্যাচার করিয়াছিল, সে সকলের প্রতি তিনি ক্ষমাদৃষ্টি করিলেন; কিন্তু বাস্তবিক তাহারা কোন অত্যাচার করে নাই, তিনি ছলক্রমে সে দোষ দিয়াছিলেন। আর তাহাদের গর্ব্ব বাড়াইতে তিনি তাহাদিগকে এই পরামর্শ দিলেন যে তোমরা এই অবধিই রাজ্যবিষয়ে বিশেষ মনোযোগ করিতে আরম্ভ কর, কারণ আমার মৃত্যুর পর তোমরা তাবৎ গ্রীক† শাসন করিতে পারিবা। ইতিহাসবেত্তারা কহেন যে পূর্ব্ব লিখিত যুদ্ধে থিবীয়দের* প্রতি নিষ্ঠুর ব্যবহার করণ জন্য তিনি কতক বৎর পরে তদ্বিষয়ে

অত্যন্ত খেদিত হইয়া এইক্ষণে অন্য জাতীয়দের প্রতি দয়া প্রকাশ করণেচ্ছুক হইলেন।

গ্রীকেরা* তাঁহাকে অন্য কোন প্রতিযোগ করিবে সে ভয়হইতে মুক্ত হইয়া তিনি গ্রীকের† নানা প্রদেশ ও স্বাধীন নগরস্থদিগকে কোরিন্থ† নগরে সভাস্থহইতে আহ্বান করিলেন; ইহার অভিপ্রায় এই, যে গ্রীকেরা† সকলে ঐক্য হইয়া তাঁহাকে পার্শীদের* প্রতিকূল যুদ্ধে প্রধানাধ্যক্ষ করে; ইহার কিছুকাল পূর্ব্বে গ্রীকেরা* ফিলিপকে* ঐ পদ দিয়াছিল। এই সভা যে রূপ প্রধানবিষয়ের নিমিত্ত হইয়াছিল সে রূপ পূর্ব্বে কখনও হয় নাই, যেহেতুক পৃথিবীর পূর্ব্ব ভাগস্থদিগের বিনাশের নিয়ম পশ্চিম ভাগস্থদের কর্তৃক ঐ সভাতে স্থির হয়। আর গ্রীকেরা* পার্শীদের* প্রতিহিংসা করিতে বহুকাল পর্য্যন্ত যে মনস্থ করিয়াছিল তদ্বিষয়ও তথায় বিবেচিত হইয়াছিল। ঐ সভায় এতদ্রূপ ব্যাপার সকল বিবেচিত হইলে যেং ঘটনা হইয়াছিল, তাহার বর্ণনায় আশ্চর্য্য বোধ হয় ও প্রায় বিশ্বাস হয় না, এবং তাহাতে পৃথিবীর রাজ্যবিষয়ক প্রায় তাবৎ ব্যাপার পরিবর্ত্ত হইয়াছে।

এই কল্পিত মহাযুদ্ধের অভীষ্ট সিদ্ধি করণের নিমিত্তে যেমত প্রয়োজন সেই মতই আলেক্সাণ্ডর* সাহসী ও উদ্যোগী রাজা ছিলেন; এবং গ্রীকেরাও* তদুপযুক্ত সাহসী ও ক্লেশসহিষ্ণু ও সতর্ক এবং রণগৌরবাকাঙ্ক্ষী ছিল, আর বিশেষতঃ পার্শীদের* প্রতি তাহাদের অনিবার্য্য ক্রোধ ছিল। পারস্ রাজ্যহইতে গ্রীকদের* যে বিভ্রাট ঘটিয়াছিল তাহার প্রতিহিংসাকরণার্থে তাহারা এইরূপ সুযো-

গেরই চেষ্টায় ছিল; এইক্ষণে সেই অবকাশ পাইয়া তা-
হারা আহ্লাদ পূর্ব্বক পূর্ব্ব শত্রুদের প্রতিকূলে যাত্রা করিবার
নিমিত্ত আলেক্‌সাণ্ডরকে * আপনাদের সেনাপতিস্বরূপ
স্বীকার করিল। ঐ শত্রুদিগকে বিনষ্ট করিতে পুনঃ পুনঃ
তাহারা দিব্য করিয়াছিল, এইক্ষণে তাহা অনায়াসে
সফল হইবার আশা হইল। কেবল লাসিডিমোনীয়েরাই *
আলেকসাণ্ডরকে * সৈন্যাধ্যক্ষ করণে আপত্তি করিয়া কহি-
য়াছিল যে আমরা চিরকাল সকল বৃহৎ কীর্ত্তির অধ্যক্ষতা
করিয়াছি, কখনও অন্যের বশে যাই নাই। সে যাহাহউক,
সভাস্থ সকলের যে মত হইল তাহাতেই তাহাদিগকে সম্মত
হইতে হইল; সুতরাং অবশেষে পার্শীদের * প্রতিকূলে
আলেক্‌সাণ্ডর *ই প্রধানাধ্যক্ষস্বরূপ নিযুক্ত হইলেন।

তাঁহার এই উচ্চপদ প্রাপ্ত হওয়াতে পণ্ডিতেরা ও নানা
নগরের শাসনকর্ত্তারা এবং অন্যান্য প্রধান ব্যক্তি সকল
আনন্দোৎসব করিয়াছিলেন, এই প্রযুক্ত তিনি ভাবিয়াছিলেন
যে সাইনোপি † নিবাসি ডাইওজিনি * নামক পণ্ডিতও ঐরূপ
আনন্দোৎসব করিবেন; তিনি তৎকালে কোরিন্থে † ছিলেন।
কিন্তু ডাইওজিনি * তাঁহার নিকটে না আসিতেই
তিনি আপন তাবৎ সভাসদকে সঙ্গে লইয়া ঐ পণ্ডিতের
সহিত সাক্ষাৎ করণার্থে গমন করিয়া দেখিলেন যে তিনি
ভূমিতে শয়ন করিয়া রৌদ্র পোহাইতেছেন। এমত প্রধান
ব্যক্তিকে ঐ দুরবস্থান্বিত দেখিয়া তিনি জিজ্ঞাসা করিলেন
যে তোমার কোন দ্রব্যের প্রয়োজন আছে? কহ তাহা
আমি তোমাকে দিব। ডাইওজিনি * উত্তর করিলেন আমি
তোমার নিকট আর কিছু ভিক্ষা চাহি না কেবল এই চাহি
যে তুমি রৌদ্র ছাড়িয়া দাঁড়াও। এই উত্তর শুনিয়া রাজার

সঙ্গি লোকেরা তাবতেই তাঁহাকে অবজ্ঞা করিলেন, কিন্তু রাজা তাঁহার এতাদৃশ মাহাত্ম্য দর্শনে চমৎকৃত হইয়া উচ্চৈঃস্বরে কহিলেন, যে হায়! আমি আলেক্‌সাণ্ডর * তাহা নহিলেই ডাইওজিনি * হইতে ইচ্ছা করিতাম।

আশিয়ায় † যাত্রা করণের পূর্ব্বে তিনি আপলোর* দৈববাণী প্রাপ্ত হওনে ইচ্ছুক হইয়া ডেলফে † গমন করিলেন; কিন্তু তিনি কুদিনে উপস্থিত হওয়াতে যাজিকা মন্দিরের ভিতরে প্রবেশ করণে অসম্মতা হইলেন, যেহেতুক মন্দদিনে উত্তর দিবার শাস্ত্রে নিষেধ ছিল। কিন্তু কেহ যে তাঁহার মতে অমত করে তাহা তিনি সহ্য করিতে পারিতেন না, অতএব ঐ স্ত্রীর করে ধরিয়া মন্দিরের দিকে লইয়া যাইতে লাগিলেন, ইহাতে ঐ স্ত্রী উচ্চৈঃস্বরে কহিলেন, অহে পুত্র তুমি বিজয়ী। আলেক্‌সাণ্ডর * এই বাক্যকে দৈববাণীজ্ঞান করিয়া কহিলেন যে আমি আপলোর* প্রত্যুত্তর পাইয়াছি, আর প্রশ্ন করণের আবশ্যক নাই। এইরূপ নিশ্চয় করিয়া তিনি মাসিডনে † পুনর্গমন পূর্ব্বক কল্পিত মহাযুদ্ধের উদ্যোগারম্ভ করিলেন।

তাঁহার ঐ যাত্রায় ডিঙ্গারোহণ করণের পূর্ব্বে কোনং আত্মীয় ব্যক্তিরা তাঁহাকে বিবাহ করিবার পরামর্শ দিলেন, যে হেতুক তদ্দ্বারা তাঁহার উত্তরাধিকারিতা নিশ্চয় হইতে পারিবে। কিন্তু রাজা স্বাভাবিক উগ্র ছিলেন, অতএব ঐ পরামর্শ অগ্রাহ্য করিয়া কহিলেন যে গ্রীকেরা * আমাকে প্রধানাধ্যক্ষ করিয়াছে, এবং আমার পিতাও আমাকে সাহসিক সৈন্যগণ দিয়া গিয়াছেন, অতএব এমত সময়ে যদ্যপি আমি বিবাহ করণে কালব্যয় করি, এবং সেই স্ত্রীর গর্ব্ভে সন্তান জন্মিবে সেই অপেক্ষায় থাকি, তবে অতিশয় লজ্জার বিষয় হয়, অতএব আমি অবিলম্বেই যাইব এমত প্রতিজ্ঞা করিয়াছি।

কিন্তু ঐ যুদ্ধযাত্রা করিবার পূর্ব্বে মাসিডনের † রাজ্য ব্যাপার ব্যবস্থাবৎ করা উচিত, এমত বুঝিয়া তিনি আণ্টিপেটর * নামক এক ব্যক্তিকে দ্বাদশ সহস্র পদাতিক ও প্রায় তত্তুল্যসংখ্যক অশ্বারূঢ় সৈন্য দিয়া তাঁহাকে রাজ্যে আপন প্রতিনিধিস্বরূপ নিযুক্ত করিলেন; পরে নিজবন্ধুগণের অবস্থা প্রত্যেককে জিজ্ঞাসা করিয়া কাহাকে ২ ভূমিদান কাহাকে ও বা গ্রামদান করিলেন, ও কাহারও ভরণ পোষণার্থে কোন ২ নগরের রাজস্ব এবং কাহাকে ও বা ঘাটের কর দান করিলেন। এতাদৃশ দানদ্বারা তাবৎ রাজস্ব বদ্ধ হওয়াতে পর্ডিক * নামক তাঁহার এক বন্ধু তাঁহাকে এই জিজ্ঞাসা করিলেন, যে হেরাজন্ আপনার নিমিত্ত কি রাখিলেন ? আলেক্সাণ্ডর * উত্তর করিলেন, আমার কারণ 'আশা' রহিল। ইহাতে পর্ডিক * কহিলেন তবে সেই আশায় আমাদেরও ক্ষান্ত থাকা উচিত, অতএব রাজা তাঁহাকে যাহা দান করিতে ইচ্ছা করিয়াছিলেন তাহা তিনি স্বীকার করিলেন না।

১৪ অধ্যায়।

আলেক্সাণ্ডরের * আশিয়া † দেশে উপস্থিত হওনাবধি তাঁহার মৃত্যুকাল পর্য্যন্তের বিবরণ।

আলেক্সাণ্ডর * মাসিডন্ † হইতে গমন করিলে তদ্দেশে ঐক্য থাকে ও কোন প্রকার বিরোধ উপস্থিত হইতে না পারে এই প্রযুক্ত উচিত মত পূর্ব্বেই সাবধান হইয়া বসন্ত কালারম্ভে আশিয়াতে † যাত্রা করিলেন। তাঁহার সহিত ত্রিশ সহস্র পদাতিক ও চারি পাঁচ সহস্র অশ্বারূঢ় সৈন্যের কিঞ্চিৎ অধিক ছিল, কিন্তু তাহারা সকলেই সাহসী ও সুশিক্ষিত এবং দুঃখসহিষ্ণু। ইহারা ফিলিপের * অধ্যক্ষতায় অনেক বার যুদ্ধ করিয়া এমত উপযুক্ত হইয়াছিল যে আবশ্যক হইলে প্রত্যেকেই সেনাপতিত্ব কর্ম্ম করিতে পারিত। ঐ সৈন্যের অধ্য-

ক্ষেরা প্রায় তাবতেই ষাইটবৎসব বয়স্ক, ও সেনারা পঞ্চাশৎ বৎসর বয়স্ক ছিল; ইহারা সকলে একত্র হইলে বা শিবিরের সম্মুখে দণ্ডায়মান হইলে প্রাচীন ও সেব্য মহাসভ্যদের ন্যায় বোধ হইত। পার্ম্মিনিয় * পদাতিক সৈন্যের অধ্যক্ষ হইয়াছিলেন, ও তাহার পুত্র ফাইলট* এক সহস্র আট শত অশ্বারূঢ় সৈন্যাধ্যক্ষ ছিলেন, এবং হার্পেলের * পুত্র কেল *ও এক সহস্র আটশত থেসেলীয় অশ্বারূঢ় সৈন্যের অধ্যক্ষ ছিলেন। আরং জাতীয় অবশিষ্ট অশ্বারূঢ় সৈন্য সকল অন্য একজন সেনাপতির অধীন ছিল, এবং থ্রেসীয়েরা* ও পিয়নীয়েরা* সর্ব্বদাই সৈন্যের অগ্রে যাইত, কাসাণ্ডর * তাহাদের সেনাপতি ছিলেন। গ্রীক্ † রাজ্যের ও পূর্ব্ব দেশীয় সকল রাজ্যের ভাগ্যাভাগ্য এই সৈন্যদের হস্তে ছিল। আলেক্সাণ্ডর * যাত্রারম্ভে সর্সিনাম্ † ঝিলের তীর দিয়া গমন করিতে লাগিলেন; পরে ষ্ট্রাইমন্ † ও হিব্রু † নদীদ্বয় পার হইয়া এক শত ষাইট খান ক্ষুদ্র ডিঙ্গা ও কএকখান চেটকাতলা যুক্ত ডিঙ্গার সহিত হেলেস্পাণ্টের † অন্যতীরে উপস্থিত হইলেন। আলেক্সাণ্ডর* যে ক্ষুদ্র ডিঙ্গায় ছিলেন তাহার আপনিই নাবিক হইয়াছিলেন। এই প্রকারে হেলেস্পাণ্ট † নামক খাড়ী পার হইয়া তৎপার্শ্বস্থ মহাদ্বীপ অধিকার করিবার ভাব প্রকাশ করিয়া তিনি অস্ত্রে সুসজ্জিত হইয়া লম্ফদ্বারা ডাঙ্গায় পড়িয়া অত্যন্ত আহ্লাদ প্রকাশ করিলেন।

পার্শীবা * মাসিডনীয়দের * হেলেস্পাণ্ট † দিয়া আইসনে অনায়াসেই ব্যাঘাত জন্মাইতে পারিত, বিশেষত উহাদের অপেক্ষায় তাহাদের অধিক ও পরাক্রমি ডিঙ্গা ছিল, ইহাতেও যে তাহারা তন্নিমিত্ত কোন চেষ্টা করে নাই সে বড় আশ্চর্য্য। কিন্তু তাহারা আলস্য করিয়া বা শত্রুদিগকে

সামান্য জ্ঞানে তুচ্ছ করিয়াছিল, তাহা নিশ্চয় করা দুষ্কর। সে যাহা হউক ঐরূপ অমনোযোগেই পার্শীদের* শেষ বিভ্রাট ঘটিয়াছিল।

আলেক্‌সাণ্ডর* লাম্‌সাক † নগরে উপস্থিত হইয়া তথাকার দেশবাসিদের তাঁহার প্রতি বিরুদ্ধাচার জন্য শাস্তি দিবার কারণ সে নগর নষ্ট করণে উদ্যোগী হওয়াতে আনাকসিমিনি* নামক তথাকার দেশবাসি এক জন তাঁহার নিষ্ঠুর প্রতিজ্ঞা নিবৃত্তি করণার্থে তাঁহার নিকট আসিয়াছিলেন। ঐ ব্যক্তি এক প্রসিদ্ধ ইতিহাসবেত্তা, ও আলেক্‌সাণ্ডরের* পিতা ফিলিপের* সহিত তাঁহার অতিশয় আত্মীয়তা ছিল, এবং আলেক্‌সাণ্ডর* তাঁহার ছাত্র এই প্রযুক্ত তিনিও তাঁহাকে যথেষ্ট মান্য করিতেন। আলেক্‌সাণ্ডর* তাঁহার আইসনের তাৎপর্য্য বুঝিতে পারিয়া প্রথমেই দিব্য করিয়া কহিলেন যে আমি তোমার প্রার্থনা কোন মতেই পূর্ণ করিব না। ইহাতে আনাক্‌সিমিনি* কহিলেন, যে তুমি লাম্‌সাক † নগর নষ্ট কর এই আমার প্রার্থনা। আলেকসাণ্ডরকে* আপন দিব্যানুসারে ঐ প্রার্থনার বিপরীতাচরণ করিতে হইল, অর্থাৎ ঐ ইতিহাসবেত্তা এই চতুর যুক্তিদ্বারা আপন দেশ রক্ষা করিলেন।

লাম্‌সাক † হইতে আলেক্‌সাণ্ডর* ট্রায় † নগরে যাত্রা করিয়া তথায় যেং বীরেরা হত হইয়াছিলেন তাঁহাদিগের উদ্দেশে বিস্তর সম্মানোৎসব করিয়াছিলেন আর আখিলির* উদ্দেশে অধিক সম্মান পূর্ব্বক তাঁহার সমাধির নিকটে অনেক অন্ত্যেষ্টি ক্রিয়া করিয়াছিলেন। অপর তিনি কহিলেন যে আমি আখিলিকে* মনুষ্যবর্গের মধ্যে এক জন অতি সুখী বলিয়া গণ্য করি, যেহেতুক তাহার জীবদ্দশায় পাট্রুক্ল* নামক

এক কৃতজ্ঞ বন্ধু ছিলেন, আর তাঁহার মৃত্যুর পর হোমর* নামক কবি তাঁহার কীর্ত্তি সকল ব্যাখ্যা করিয়াছেন।

ডেরাইয়ুস* আলেক্সাণ্ডরের* আশিয়ায়† আগমন বার্ত্তা শুনিয়া মাসিডোনীয় সৈন্যের প্রতি অতিশয় ঘৃণা প্রকাশ করিলেন। আর তাহাদের সেনাপতির গর্ব্ব নিমিত্ত অত্যন্ত কোপান্বিত হইয়া নিজ অধিকারের প্রদেশ সকলের শাসনকর্ত্তাদিগকে লিপিদ্বারা আজ্ঞা করিয়া পাঠাইলেন যে যদ্যপি তোমরা আলেকসাণ্ডরকে* জীবিত ধরিতে পার, তবে তাঁহাকে যষ্টিদ্বারা প্রহার করিবা, ও তাঁহার সেনাগণকে বন্দী করিয়া আমার অধিকারস্থ কোন দূর ও বন্য স্থানে দাস রূপে প্রেরণ করিবা। কিন্তু অতি শীঘ্রই তাঁহার যথার্থ জ্ঞান হইল। আলেকসাণ্ডর* ফ্রিজিয়া† প্রদেশস্থ গ্র্যানিক† নামক নদীর তীরে উপস্থিত হইয়া দেখিলেন যে পারসদের এক লক্ষ দশ সহস্র সৈন্য তাঁহার গমনে প্রতিযোগ করণার্থে ঐ নদীর অন্য পারে দণ্ডায়মান আছে। মিনন্* নামক ডেরাইয়ুসের* এক জন অধ্যক্ষ যিনি আশিয়ার† সমুদ্রতটে অধ্যক্ষতা করিতেন তিনি এই সৎপরামর্শ দিয়াছিলেন, যে পূর্ব্বোক্ত নদীর নিকটস্থ দেশ লুঠ করা উচিত, তাহাতে মাসিডনীয় সৈন্যদিগকে আহার অভাবে হয় তো পলায়ন করিতেই হইবে নয় স্বেচ্ছাপূর্ব্বক অধীনত্ব স্বীকার করিতে হইবে। কিন্তু ফ্রিজিয়ার† শাসনকর্ত্তা আর্সিটি* এই সৎপরামর্শে ব্যাঘাত জন্মাইয়া এইরূপ কহিয়াছিলেন, যে গ্রীকদের* ভয়ে যে আমার শাসিত দেশ সকল উচ্ছিন্ন হইবে এমত আমি সহ্য করিতে পারিব না।

আলেক্‌সাণ্ডরের* পক্ষেও অনেকে এই পরামর্শ দিয়াছিলেন, যে তোমাকে অতি সাবধানে যাইতে হইবে, এবং তিনি যে দিবসে পূর্ব্বোক্ত নদীতীরে উপস্থিত হয়েন সেই দিনেই তাহা পার না হয়েন এমত পরামর্শও দিয়াছিলেন। বিশেষতঃ পার্ম্মিনিয়* নামক এক জন সাহসী ও বিজ্ঞ সৈন্যাধ্যক্ষ তাঁহাকে এইমত কহিয়াছিলেন, যে আমাদের সেনাগণ অনেক দূরহইতে আসিয়া যেরূপ শ্রমযুক্ত হইয়াছে, তাহাতে তাহারা নদী পার হইবার শ্রম আর সহ্য করিতে পারিবে না; বিশেষতঃ ঐ নদী অতি গভীর ও তাহার পাড়ও অতিশয় উচ্চ নীচ; আর আমরা যে শত্রুপ্রতিকূলে যাইব, তাহাদের অসংখ্য সৈন্য এবং তাহারা স্বচ্ছন্দ শরীরে আমাদিগকে প্রতিযোগ করণার্থে প্রস্তুত আছে। কিন্তু আলেক্‌সাণ্ডর* এ সকল কথা গ্রাহ্য করিলেন না, তিনি গ্রাণিক† নদীকে হেয়জ্ঞান করিয়া কহিলেন যে হেলেস্পাণ্ট† পার হইবার পর যদ্যপি এই ক্ষুদ্র নদীর নিমিত্তে আমার গমনে বাধা পড়ে তবে অতিশয় লজ্জার বিষয় হইবে; বরং আমার হঠাৎ আগমনে ও সাহসিক উদ্যোগে পার্শীরা* যেরূপ শঙ্কাযুক্ত হইয়াছে এবং আমার ও মাসিডনীয়দের* সাহসের বিষয় পৃথিবীর সকলে যেরূপ জ্ঞাত আছেন এইক্ষণে আমাদের তদুপযুক্ত কার্য্যই করা উচিত।

সে যে হউক উভয় পক্ষীয় সৈন্য সকল পরস্পর সম্মুখ করিয়া নদীর দুইপার্শ্বে কিয়ৎকাল পর্য্যন্ত দণ্ডায়মান ছিল, কিন্তু তৎকালে মাসিডনীয়েরা* হাঁটিয়া পার হইবার উপযুক্ত একটা স্থানান্বেষণ করিতেছিল, এবং পার্শীরা* তাহা নিবারণ চেষ্টায় সতর্ক ছিল। শেষে আলেক্‌সাণ্ডর* নিজ অশ্ব আনিতে আজ্ঞা

করিলেন, এবং কুলীনদিগকে তাঁহারসঙ্গী হইয়া সাহস প্রকাশ করিতে আজ্ঞা করিয়া সৈন্যের এক ভাগ নদীপার হইবার কারণ অগ্রসর করিয়া পাঠাইলেন, এবং আপনি সৈন্যের দক্ষিণ ভাগ লইয়া তৎপশ্চাৎ যাইতে লাগিলেন, আর পার্মিনিয় * বামভাগ লইয়া গমন করিলেন। পার্শীরা* ইহা দেখিয়া তীর নিক্ষেপ করিতে লাগিল, এবং মাসিডনীয়দের * নদী পার হওনের বাধা করণার্থে যে স্থানে পাড় বড় উচ্চ নহে সেই-দিগে গমন করিল; কিন্তু মাসিডনীয় অশ্বারূঢ়েরা নদী পার হইয়া ডাঙ্গায় উঠিবার উদ্যম করাতে ও পারস্ অশ্বারূঢ়েরা তাহা নিবারণের চেষ্টা করিলে তাহাদের মধ্যে পরস্পর ঘোর তর সংগ্রাম উপস্থিত হইল। মাসিডনীয়দের * অশ্বারূঢ় সৈন্য পার্শীদের * অপেক্ষায় বিস্তর ন্যূন ছিল, আর তাহাদিগকে জলে দাঁড়াইয়া যুদ্ধ করিতে হইয়াছিল, অতএব পার্শীরা * উচ্চ স্থানহইতে তীর ও বর্শা নিক্ষেপদ্বারা তাহাদিগকে একেবারে মগ্ন করিয়াছিল; অধিকন্তু পারস্ অশ্বারূঢ়দের শ্রেষ্ঠ অংশ ঐ স্থানে উপস্থিত ছিল, এবং পার্শীদের* মধ্যে সর্ব্বাপেক্ষায় যে উপযুক্ত সেনাপতি মেম্নন্* তিনিই ঐ বিষয়ে অধ্যক্ষ ছিলেন, অতএব মাসিডনীয়েরা * অনেক প্রভাব সাহস প্রকাশ করিয়াও শেষে পরাস্ত হইয়া বিমুখ হইল। কিন্তু পরে আলেক্সাণ্ডর* আপনি উপস্থিত হইয়া তাহাদিগকে সাহস প্রদান পূর্ব্বক নিজ দলহইতে উত্তমং সৈন্য দিয়া এবং স্বয়ং অধ্যক্ষতা করিয়া পার্শিদিগকে* তাড়না করতঃ পরাভূত করিলেন; ইহা দর্শনে আলেক্সাণ্ডরের * তাবৎ সৈন্য নদীপার হইয়া চতুর্দ্দিগহইতে শত্রুগণের উপর আক্রমণ করিল।

শত্রুদের অনেক অশ্বারূঢ় সৈন্য বেষ্টিত হইয়া সেনাপতিরা যেস্থানে যুদ্ধ করিতে ছিলেন আলেক্সাণ্ডর* প্রথমে সেই স্থানেই

আক্রমণ করিলেন। শত্রুরা তাঁহার ঢাল ও পক্ষশিখা আচ্ছাদিত মুকুটদ্বারা তাঁহাকে অন্যদেরহইতে প্রভেদ করিতে পারিয়া তাঁহার নিকটেই অধিক আক্রমণ করিতে লাগিল; এবং ঐক্ষণে কেবল অশ্বারূঢ়েরাই প্রবৃত্ত হইয়াছিল বটে, কিন্তু একং ব্যক্তি পরস্পর যুদ্ধে প্রবৃত্ত হইয়া পদাতিকদের ন্যায় এমত সাহস পূর্ব্বক যুদ্ধ করিয়াছিল যে কিয়ৎকাল পর্য্যন্ত কোন পক্ষে জয়ের নিশ্চয় হয় নাই। স্পিথ্রিডাটি* নামক আইওনিয়ার † শাসনকর্ত্তা আরং সেনাপতিদের অপেক্ষায় অতিশয় বীরত্ব প্রকাশ করিয়া ছিলেন, তিনি ডেরাইয়ের* জামাতা। তিনি চল্লিশ জন পারস্ কুলীনকে সঙ্গে লইয়া যেং স্থানে আক্রমণ করিয়াছিলেন সেইং স্থানেই ভয় প্রদর্শন করিলেন। ঐ চল্লিশ জন কুলীন তাঁহার নিজ কুটুম্ব, ও তাঁহারা প্রসিদ্ধ সাহসী ছিলেন, তাঁহারা একবারও তাঁহার নিকট হইতে অন্তর হয়েন নাই। আলেকসাণ্ডর* স্পিথ্রিডাটির* এই প্রকার সাহস দর্শনে আপন অশ্বকে এড়ির কণ্টকাঘাতদ্বারা দৌড় করাইয়া তাঁহার নিকট উপস্থিত হইলেন; এইরূপ উভয়ে সংগ্রামে প্রবৃত্ত হইয়া পরস্পর বর্শাঘাত করিলেন। পরে স্পিথ্রিডাটি* খড়্গহস্তে ভয়ঙ্কর রূপে আলেকসাণ্ডরের* উপর আক্রমণ করিলেন; কিন্তু আলেক্সাণ্ডর* সতর্ক থাকাতে তৎক্ষণাৎ তাঁহার মুখে বর্শাবিদ্ধ করিয়া নষ্ট করিলেন। সেই সময়ে স্পিথ্রিডাটির* ভ্রাতা রোসাসি* আলেক্সাণ্ডরের* এক পার্শ্বে আসিয়া রণ কুঠারদ্বারা তাঁহার মস্তকে একশক্ত আঘাত করিলেন, তাহাতে তাঁহার মুকুটের পক্ষশিখা ভাঙ্গিয়া পড়িল কিন্তু সেই আঘাত তাঁহার কেশের নীচে স্পর্শ করে নাই। আলেক্সাণ্ডরের* মস্তক ভগ্ন মুকুট দিয়া দৃষ্টি হইতে লাগিল, তাহাতে রোসাসি* পুনর্ব্বার অস্ত্রাঘাত করিবার কালে ক্লাইট* খড়্গদ্বারা তাঁহার হস্তচ্ছেদন করিয়া আপন

প্রভুব প্রাণরক্ষা করিলেন। আলেকসাণ্ডরকে* স্বেচ্ছাপূর্ব্বক এতাদৃশ আপদ স্বীকার করিতে দেখিয়া তাঁহার সেনাগণ অধিক সাহসান্বিত হইয়া বহুপ্রকার বীরত্বের চিহ্ন প্রকাশ করিতে লাগিল; অতএব পার্শীরা* মাসিডনীয়দের* আক্রমণ পুনঃ প্রতিযোগ করিতে না পারিয়া পরাস্ত হইয়া পরাঙ্মুখ হইল। আলেক্সাণ্ডর* বিস্তর দূর পর্য্যন্ত তাহাদের পশ্চাৎ গমন না করিয়া হঠাৎ ফিরিয়া আসিয়া তৎক্ষণে পদাতিকদিগকে আক্রমণ করিলেন।

এই যুদ্ধ বড় দারুণ বা বহুকাল স্থায়ী হয় নাই, কারণ মাসিডনীয়দেব* ব্যূহাকৃত সৈন্যদল নদীপাব হইয়া ধারানুসারে পার্শীদের* প্রতিকূলে আসিতে লাগিল, ইহা দর্শনে পার্শীবা* ভীত হইয়া তৎক্ষণাৎ পলায়ন করিল, কেবল ডেরাইয়ের* বেতনভোগি গ্রীক পদাতিকেরাই পলায়ন কবে নাই; ইহারা একটা পর্ব্বতের উপর উঠিয়া আলেক্সাণ্ডবের* নিকট এইরূপ কহিয়া পাঠাইল, যে আমরা ক্ষান্ত হইলাম, অতএব আমাদিগকে কোন ব্যামোহ না দিয়া স্বদেশে প্রস্থান করিতে দেও। কিন্তু আলেক্সাণ্ডর* বিবেচনা বহির্ভূত হইয়া ক্রোধবশে ভয়ঙ্কর রূপে তাহাদের মধ্যে প্রবেশ করিলে এক ব্যক্তি খড়্গদ্বারা তাঁহার বাহক অশ্ব হত করিল, এইস্থানে কিয়ৎ কাল পর্য্যন্ত এমত দারুণ যুদ্ধ হইয়াছিল যে পূর্ব্বে কএক বারে যত মাসিডনীয় লোক হত হয় তদপেক্ষায় এই বার অধিক নষ্ট হইল; কারণ ডেরাইয়ের* বেতনভোগী ঐ গ্রীকেরা যুদ্ধ ধারায় সুশিক্ষিত বিশেষতঃ আত্মরক্ষায় নিরাশ হইয়া দুর্জ্জয় সাহস পূর্ব্বক যুদ্ধ করিয়াছিল; কিন্তু শেষে তাহারা তাবতেই হত হইল, কেবল দুইশত সৈন্য যুদ্ধে বদ্ধ হয়।

পার্শীদেব * অনেক সেনাপতি এই যুদ্ধে হত হইয়াছিল। আসিটি * ফ্রীজিয়ায় † পলায়ন করিয়া আত্মহত্যায় প্রাণ ত্যাগ করিয়াছিলেন, কারণ পার্শীদের * এই যুদ্ধে প্রবৃত্ত করিতে তিনিই মূল ছিলেন। ঐ যুদ্ধে পার্শীদের * বিংশতি সহস্র পদাতিক ও দুই সহস্র পাঁচশত অশ্বারূঢ় সৈন্য নষ্ট হয়, এবং মাসিডনীয়দের * কেবল পঞ্চবিংশতি রাজসম্পর্কীয় অশ্বারূঢ়সৈন্য মাত্র প্রথম আক্রমণে হত হইয়াছিল। পরে আলেক্সাণ্ডর * লাইসিপকে * ঐ সকল মৃত অশ্বারূঢ় সৈন্যদিগের পিত্তলের প্রতিমূর্ত্তি করিতে আজ্ঞা দিয়া মাসিডন † দেশস্থ ডাইয়া † নগরে তাহা স্থাপিত করাইলেন। বহুকাল পরে ঐ সকল প্রতিমূর্ত্তি মিটেল * কর্ত্তৃক তথাহইতে রোম † নগরে আনীত হইয়াছিল। ঐ সকল রাজ অশ্বারূঢ় ভিন্ন মাসিডনীয়দের * আর ত্রয়োবিংশতি সামান্য আশ্বারূঢ় ও প্রায় ত্রিংশৎ পদাতিক হত হয়। তৎপরদিবসে তাহাদের শব ও অস্ত্র এবং অন্য২ দ্রব্য একত্র করিয়া এক গর্ত্তমধ্যে সমাধি দেওয়া গিয়াছিল, এবং ভূপতি তাহাদের পিতৃগণকে ও সন্তানদিগকে রাজকর ও বিনা বেতনে কর্ম্ম করণ হইতে মুক্ত করিলেন।

আলেক্সাণ্ডর * আঘাতিদিগের সুস্থকরণ জন্য বহু পরিশ্রম করিয়াছিলেন। যথা, তিনি তাহাদিগের নিকট গিয়া আপন সাক্ষাতে আঘাতস্থানে পটি বন্ধন করাইতেন। আর তিনি তাহাদিগের যুদ্ধকীর্ত্তি বিশেষ রূপে জিজ্ঞাসা করিতেন এবং সকলকে আপন২ যুদ্ধের বর্ণনা এবং আপন২ সুবত্ত্বের গর্ব্ব করণে নিষেধ করিতেন না। আর তিনি প্রধান২ পার্শীদের * নিজ২ ধর্ম্মানুসারে সমাধি দিতে অনুমতি দিয়াছিলেন, এবং যে সকল গ্রীক * পার্শীদের * উপকারার্থে হত হয় তাহাদের প্রতিও ঐ রূপ অনুমতি দিয়াছিলেন। কিন্তু যে সকল গ্রীককে *

তিনি যুদ্ধে বদ্ধ করিয়াছিলেন, তাহাদিগকে নিগড়দ্বারা বন্ধন করত দাসস্বরূপে কর্ম্ম করিতে মাসিডনীয়ায় † প্রেরণ করিলেন; যেহেতুক তাহারা স্বদেশাজ্ঞালঙ্ঘন পূর্ব্বক অসভ্যদের পক্ষ হইয়া স্বদেশপ্রতিকূলে যুদ্ধ করিয়াছিল।

আলেক্‌সাণ্ডর* পরমানন্দিত হইয়া ভাবিলেন যে এই জয়ের কারণ গ্রীকদেব* সম্মান করণে আহ্লাদ করা উচিত। এই নিমিত্ত তিনি শত্রুহইতে যে সকল দ্রব্য অপহরণ করিয়াছিলেন অন্মধ্যে তিন শত ঢাল আথিনীয়দের* নিকট প্রেরণ করিলেন; এবং অন্যান্য অপহৃত দ্রব্য সকলের উপরিভাগে পশ্চাদুক্ত গর্ব্বোক্তি খোদিত করাইলেন, যথা ' ফিলিপের* পুত্র আলেক্‌সাণ্ডর* লাসিডিমন জাতীয় ভিন্ন অন্যগ্রীকদের সহিত মিলিত হইয়া এই সকল দ্রব্য আশিয়ার † অসভ্যদের নিকটহইতে অপহরণ করিয়াছেন'। অপহৃত সুবর্ণ ও রৌপ্য নির্ম্মিত বাসনের অধিকাংশ ও বেগুনিয়া বর্ণের দুলিচা এবং পার্শিদের * অন্যং বহুমূল্য দ্রব্য সকল আলেক্‌সাণ্ডর* আপন মাতার নিকট প্রেরণ করিলেন।

পার্শীরা* এই রূপে পরাজিত হইয়া এমত ভীত হইয়াছিল, যে বহুকাল পর্য্যন্ত তাহারা আলেক্‌সাণ্ডরের* সহিত যুদ্ধ করিতে প্রবৃত্ত হয় নাই। এই নিমিত্ত আলেকসাণ্ডর * পারস্ অধিকারস্থ নগর সকল আপন হস্তগত করণ জন্য অবিলম্বে যাত্রা করিয়া কতক অনায়াসে কতক বা অতি ক্লেশে অধিকার করিতে লাগিলেন। সার্ডি † এবং ইফিস † নগর দ্বয়কে তিনি অক্লেশে পরাজিত করিলেন। এবং সার্ডি † বাসিদিগকে তিনি স্বীয় আশ্রিত করিয়া তাহাদের পূর্ব্ব ব্যবস্থানুসারে চলিতে অনুমতি দিয়া আপন বন্ধুগণকে কহিলেন, যে যে ব্যক্তি কোন বৃহৎ রাজ্য স্থাপন্ করে তাহার দয়াবান্ নামে বিখ্যাত হওনের জন্যে সর্ব্বদা চেষ্টিত হওয়া আবশ্যক। পার্শী

রাজারা ইফিস † নগরহইতে যে কর পাইতেন তাহা আলেক্‌সাণ্ডর * ডাইএনার * মন্দিরের ব্যয়ার্থে নিয়োগ করিলেন।

পরে তিনি মাইলিট † ও তৎপরে হেলিকার্ণেস † নগর দ্বয় আক্রমণ করিয়া অধীন করিলেন। কিন্তু ঐ নগর দ্বয়-বাসিরা আলেকসাণ্ডরকে* অতি সাহস পূর্ব্বক প্রতিযোগ করিয়াছিল, কারণ এই যুদ্ধ ডারাইয়ের * সকল সৈন্যাধ্যক্ষাপেক্ষায় সাহসী ও বিজ্ঞ মেমনন্* নামক সেনাপতি তাহাদের অধ্যক্ষতা করিয়াছিলেন। পরে আলেকসাণ্ডর * মাইলিট † বাসিদিগের প্রতি দয়া প্রকাশ করিয়াছিলেন, কিন্তু হেলিকার্ণেস † নগর একেবারে উচ্ছিন্ন করিয়া সমভূমি করিলেন। ইহার কিয়ৎকাল পরে কেরিয়ার † রাজ্ঞী আডাকে * কেরিয়া† রাজ্যে তিনি পুঃ স্থাপন করিলেন, ঐরাজ্ঞী ইহার কিছু কাল পূর্ব্বে ঐ দেশাধিকার চ্যুত হইয়াছিলেন। রাজ্ঞী আপন কৃতজ্ঞতার প্রমাণস্বরূপ কএক জন উত্তম পাচক ও কিছু মাংস সুন্দর রূপে রন্ধন করাইয়া ভূপতিকে পাঠায়া দিলেন। ইহাতে বহু উপকার স্বীকার করিয়া আলেক্‌সাণ্ডর * আডাকে* কহিয়া পাঠাইলেন, যে তুমি আমাকে যেসকল পাচক পাঠাইয়াছ তাহাতে আমার কোন আবশ্যক নাই, যে হেতুক আমার এক প্রদেশাধিপতি লিয়নিড * দত্ত আমার উত্তম পাচকদ্বয় আছে, এবং তাহাদের একজন মধ্যাহ্নের ও অন্যজন রাত্রিকালের ভোজন দ্রব্য প্রস্তুত করে ঐ পাচক দ্বয়ের নাম পরিমিততা ও পরিশ্রম, অর্থাৎ পরিমিততা ও পরিশ্রম থাকিলে অন্য পাচকের অপেক্ষা নাই।

আলেক্‌সাণ্ডর* আর কিছু দূর দেশের মধ্যে প্রবেশ করাতে লেসর আশিয়ার † অনেক রাজারা স্বেচ্ছাপূর্ব্বক তাঁহার অধীন হইল, ইহার মধ্যে পণ্ট † দেশের রাজা মিথ্রিডাটি *ও ছিলেন। সেই সময়াবধি মিথ্রিডাটি* অটল বিশ্বস্ততা পূর্ব্বক

আলেকসাণ্ডরের* সহিত মিলিত হইয়া বন্ধুস্বরূপে তাঁহার সহিত যুদ্ধে যাত্রা করিলেন। রোমীয়দের* সহিত বহুকাল যুদ্ধ করিয়াছিলেন, এবং রোম দেশীয় বিবরণের মধ্যে প্রধানরূপে গণিত আছেন যে কীর্ত্তিমান মিথ্রিডাটি* তিনি ঐ পূর্ব্বোক্ত মিথ্রিডাটির* বংশে জন্মিয়াছিলেন।

আগত বৎসরারম্ভেই আলেকসাণ্ডর* পুনর্যুদ্ধ করিতে মনস্থ করিলেন, কিন্তু এই যুদ্ধোদ্যোগ করণের পূর্ব্বে তিনি আপনার প্রধান২ অধ্যক্ষদের সহিত এই পরামর্শ করিলেন, যে আমি এইক্ষণে ডেরাইয়ের* অনুসন্ধানার্থে অবিলম্বে যাত্রা করি কি প্রথমে সমুদ্রতীরবর্ত্তিপ্রদেশ সকল আপন বশীভূত করি? ইহাতে শেষ পরামর্শ অর্থাৎ সমুদ্রতীরবর্ত্তিপ্রদেশ সকল প্রথমে বশীভূত করাই স্থির হইল; যেহেতুক তদ্দ্বারা তাঁহার সৈন্যের পশ্চাৎ ভাগ আক্রমিত হইবার কোন শঙ্কা থাকিবে না, এবং পশ্চাতে সকল বিষয়ই নির্ব্বিঘ্নে স্থির থাকিবে। পরে তিনি আপন সৈন্যের সহিত কটিদেশ পর্য্যন্ত জল ভাঙ্গিয়া সমুদ্রতটস্থ এক অল্প প্রশস্ত খাল পার হইয়া মার্সিয়া† নদীর তীরবর্ত্তি ফ্রিজিয়া† দেশস্থ সিলিনি নগরে উপস্থিত হইলেন। ঐ মার্সিয়া† নদী কবিদের রচিত বর্ণনাদ্বারা অতিশয় বিখ্যাত হইয়াছে। সম্রাট্ তথায় উপস্থিত হইবামাত্রই ঐ নগর আক্রমণ করিলেন। ঐ নগরস্থ দুর্গবর্ত্তিরা প্রথমে তাঁহাকে বাধা দিতে উপক্রম করিয়াছিল; কিন্তু গ্রীকেরা* বলদ্বারা পুনঃ২ আক্রমণ করাতে তাহারা প্রতিযোগ করিতে অশক্ত হইয়া আলেকসাণ্ডরকে* দূতদ্বারা বলিল যে যদি আমরা ষষ্ঠি দিবসের মধ্যে কোন সহায়তা না পাই তবে তোমার অধীন হইব। অতএব ঐ নির্ণীত সময়ানুসারে কোন প্রকার সহায়তা প্রাপ্ত না হইয়া তাহারা নিয়মানুসারে ঐ নগর ভূপতির হস্তে অর্পিত করিল।

সিলিনি † হইতে আলেক্সাণ্ডর * গর্ডিয়ম্ † নগরে গমন করিলেন। সকলে অনুভব করে যে পূর্ব্বে খ্যাত্যাপন্ন মাইড * রাজা ঐ গর্ডিয়মে † বাস করিতেন। তথায় গিয়া তিনি গার্ডিয়ন্ গুম্বিযুক্ত তংশম্ভু বিখ্যাত শকট দেখিতে ইচ্ছুক হইলেন, ঐ গুম্বিদ্বারা শকটের বোম এবং যোঁয়ালি বদ্ধ ছিল, এবং তাহা এমত জড়িত যে রজ্জুর বেষ্টন কোন স্থানে আরম্ভ বা কোন স্থানে শেষ তাহা প্রকাশ করণ অতি সুকঠিন। ঐ দেশের এক প্রাচীন গাথাতে দৈববাণী রূপে কথিত ছিল, যে যে ব্যক্তি ঐ গুম্বি মুক্ত করণে সক্ষম হইবেন তিনিই আশিয়ার † অধিপতি হইবেন। আলেক্সাণ্ডর * আপনিই ঐ দৈববাণীর পাত্র এইরূপ দৃঢ় জ্ঞানে ঐ গুম্বি মুক্ত করণে কিয়ৎকাল বৃথা পরিশ্রম করিয়া অক্ষম হওয়াতে শেষে খড়্গদ্বারা তাহা ছেদন করিয়া কহিলেন, যে এই রজ্জু খুলি বার এই মাত্র উপায়। ইহাতে পাণ্ডা কহিলেন যে আলেক্সাণ্ডর * দৈববাণীর যথার্থ অর্থ পূর্ণ করিলেন।

ডেরাইয় * ঐ সময়ে আপন রাজ্যের বিপদ্ ঘটন সন্দেহে ভীত হইয়া আলেক্সাণ্ডরের * আগমনে বাধা দিবার যোগ্য সৈন্য সংগ্রহ করিতে প্রতিজ্ঞা করিলেন; আলেকসাণ্ডর * তত্রাপিও গমনে নিবৃত্ত না হইয়া পাফ্লেগোনিয়া † ও কাপাডোসিয়া † দেশদ্বয় আপন বশীভূত করিয়া সিলিশিয়া † দেশের মোহনা পার হইলেন। ঐ স্থানে পার্শীরা * অল্প সৈন্যদ্বারাই অনায়াসে তাঁহার গমনে বাধা দিতে পারিত, কিন্তু তাঁহার আগমন মাত্রেই পার্শীরা * ভীত হইয়া পলায়নোম্মুখ হইল। তথাহইতে তিনি তাবৎ সৈন্যের সহিত টার্স † নামক সিলিশীয়ার † রাজধানীকে নাশহইতে মুক্ত করণের প্রকৃত সময়ে তথায় পঁহুছিলেন, যে

হেতুক তাঁহার তৎকালে তথায় উপস্থিত হওয়াতে তিনি ঐ নগরস্থ ধনসম্পত্তি সকল অধিকার করিতে না পাবেন এই আশয়ে পার্শীবা * তাহাতে অগ্নি সংলগ্ন করিয়াছিল। এই স্থানে আলেক্সাণ্ডর* আপন অন্তঃকরণের মাহাত্ম্যের এবং শ্রেষ্ঠতার এক প্রামাণ দর্শাইয়াছিলেন, এই গুণদ্বয় তাঁহার চরিত্রের প্রসিদ্ধ অংশ। তাহার প্রমাণ এই, যথা টাষ † নগরস্থ সিডন † নদীতে স্নান করিয়া হঠাৎ তাঁহার এমত এক দারুণ কম্প হইল যে তাহাতেই তাঁহার বিনাশ হইবে এমত সর্ব্বতোভাবে অনুভব হইয়াছিল। প্রথমে তাবৎ চিকিৎসক তাঁহাকে ঐ পীড়োপযুক্ত ঔষধ দিতে ভীত হইয়াছিল, কেননা তাহারা নিশ্চয় জানিত যে মন্দ হইলে তাঁহারা দোষী হইবেন; কিন্তু শেষে ফিলিপ্ † নামক এক বৈদ্য উত্তম রূপে বিবেচনা করিয়া আপন জীবনাপেক্ষায় ভূপতির রক্ষা হেতুক চিন্তিত হইয়া তাঁহাকে এক পান ঔষধ দিতে চাহিলেন। ঐ ঔষধ অতিশয় প্রবল নহে বটে, কিন্তু ইহাতে অবিলম্বে গুণ দর্শিবে, এমত কহিয়া তিনি তাহা প্রস্তুত করিতে তিন দিবস অবকাশ চাহিলেন। ঐ ব্যক্তি আলেক্সাণ্ডরের * বাল্য-কালাবধি সমভিব্যাহারী ছিলেন, এবং কেবল রাজস্বরূপে তাঁহাকে অতিশয় প্রেম করিতেন এমত নহে, কিন্তু পুত্রস্বরূপেও স্নেহ করিতেন। ফিলিপের* ঐ কথাতে আলেক্সাণ্ডর* ভিন্ন সকলেই কম্পান্বিত হইয়াছিলেন, কিন্তু ভূপতির এই খেদের বিষয় যে ঐ ঔষধ সেবন জন্য তিনি কিয়ৎকাল পর্য্যন্ত সৈন্য চালাইতে অক্ষম হইবেন।

ঐ সময় পার্মিনিয়* কাপাডোশিয়া † দেশে থাকিয়া আলেক-সাণ্ডরকে * এক পত্র প্রেরণ করিলেন, তাহার ভাবার্থ এই, যথা মহারাজ ফিলিপ্* নামক চিকিৎসকের কারণ সর্ব্বদা সাবধান ও

সতর্ক থাকিবেন, যে হেতুক পারস্ ভূপতি তাঁহাকে কহিয়াছেন যে যদ্যপি তুমি কোন সুযোগ ক্রমে আলেক্সাণ্ডরকে * বধ করিতে পার, তবে আমি তোমাকে এক সহস্র টেলেন্ট মুদ্রা ও আপন সহোদরার সহিত বিবাহ দিব। ঐ পত্র প্রাপ্তিতে ভূপতি অতিশয় উৎকণ্ঠিত হইলেন, কেননা তিনি মনে ভাবিলেন যে পার্মিনিয় * এই সংবাদের তথ্য বিশেষ জ্ঞাত না হইয়া এমত কখনও লিখেন নাই। কিন্তু তিনি বাল্যকালাবধি ফিলিপের* সৌজন্য ও প্রেম পরীক্ষা করণে বিশ্বাস করতঃ সকল দ্বৈধ পরিত্যাগ করিলেন। এই নিমিত্ত কাহাকেও ঐ পত্রের মর্ম্ম জ্ঞাত না করিয়া তিনি তাহা আপন বালিষের নীচে রাখিলেন, পরে ফিলিপ্ * ঔষধ দেওনার্থে তাঁহার নিকট আগমন করিলে ভূপতি তাঁহার হস্তহইতে ঔষধ পাত্র দ্রুত লইয়া এক হস্তে পাত্র ও অন্য হস্তে ঐ লিপি বৈদ্যরাজের হস্তে প্রদান করিয়া কোন শঙ্কার চিহ্ন ব্যতিরিক্ত ঔষধ পান করিলেন। ইহা অতিশয় চমৎকারের বিষয় হইয়াছিল; কারণ সম্রাট ঐ ঔষধ পান করতঃ যথার্থ বিশ্বাসের চিহ্নে ফিলিপের* প্রতি এক দৃষ্টে চাহিয়া রহিলেন, এবং বৈদ্যরাজও ঐ পত্র পাঠ করিয়া তাঁহার এতাদৃশ কলঙ্কের কারণ অতিশয় চমৎকৃত হইয়া আপনার নির্দ্দোষতার কারণ ক্ষণেক আকাশ পথে হস্ত তুলিয়া ঈশ্বরকে সাক্ষী করিতে লাগিলেন, ক্ষণেক বা ভূপতির শয্যার পার্শ্বে পতিত হইয়া সকল সন্দেহ দূর পূর্ব্বক তাঁহাকে বিশ্বাস করিতে বিনয় করিতে লাগিলেন। প্রথমে ঐ ঔষধ এমত সবল হইয়াছিল, এবং ভূপতিও তাহাতে এমত ক্ষীণ হইয়াছিলেন যে তাহাতে পার্মিনিয়ের * কথা সত্য জ্ঞান হইবার সম্ভাবনা হইল; কিন্তু শেষে তাহাতে ফিলিপের * ইষ্ট সিদ্ধি হইল, অর্থাৎ সম্রাট্ অল্প দিন পরেই আরোগ্য হইলেন।

তৎকালে ডেরাইয় * অসংখ্য সৈন্যের সহিত আলেকসাণ্ডরের প্রতিকূলে আগমন করিতে ছিলেন, কিন্তু তিনি ইষ্টসিদ্ধির যথার্থ উপায় জ্ঞাত ছিলেন না, কেননা বহির্দেশে অবস্থিতি করিলে তাঁহার সৈন্য বৃদ্ধি হইতে পারিত, এবং শত্রুদের নিজ সৈন্যদ্বারা বেষ্টন করিতে সক্ষম হইতেন, কিন্তু তিনি অজ্ঞানতা প্রযুক্ত তাহা না করিয়া এক অপ্রশস্ত স্থানে সকল সৈন্যের সঙ্গে গমন করিলেন; তাহাতে তাঁহার অসংখ্য সৈন্য থাকিতেও কোন বিশেষ উপকার দর্শিল না। ডেরাইয় * এই কহিয়াছিলেন যে পাছে আলেকসাণ্ডর * পলায়ন করেন এই শঙ্কাপ্রযুক্ত আমি এস্থানে আনিয়াছি; ফলতঃ তাঁহার ঐ ভয় বড় অন্যায়, কেননা তিনি আলেকসাণ্ডরের * সহিত যুদ্ধ করণে যেমত ইচ্ছুক, আলেকসাণ্ডর *ও সেইরূপ ছিলেন। পারস্ ভূপতির সভাসদেরাও তাঁহাকে ঐ বিষয়ে আশ্বাস প্রদান করতঃ কহিয়াছিলেন যে আলেকসাণ্ডর * যুদ্ধে বিরত, অতএব যদ্যপি আপনি তাঁহাকে একবার যুদ্ধে প্রবৃত্ত করাইতে পারেন তবে অবশ্যই জয়ী হইবেন। কিন্তু তাহার সমুদায় সৈন্যের মধ্যে কেবল কারিডিম * নামক আথিনীয় এক ব্যক্তি সাহস পূর্ব্বক তাঁহাকে যথার্থ কহিয়াছিলেন, যে হেতুক যখন ডেরাইয় * ঐ ব্যক্তিকে এই প্রশ্ন করিয়াছিলেন, যে অহে কারিডিম, * আমি এই সৈন্য লইয়া শত্রুদিগকে অনায়াসে পরাজয় করিতে পারিব এমত তোমার বোধ হয় কি না? তখন কারিডিম * এই উত্তর করিলেন, আপনি অনুমতি করিলে আমি সত্য কহিতে পারি, এইক্ষণে সেই সত্য গ্রাহ্য করিলেই উপকার দর্শিতে পারিবে। আপনার ঐশ্বর্য্যবস্তু অসংখ্য সৈন্যগণ যাহাদের আগমনে পূর্ব্বদেশ শূন্য হইয়াছে তাহারা প্রতিবাসি স্ত্রীবৎ জাতিদিগকে ভয় প্রদর্শন করিতে পারে বটে, কিন্তু মাসিডনীয়ার †

সেনাদিগকে ভীত করিবার ক্ষমতা তাহাদের নাই, মাসিডনী-যেরা* সুশিক্ষিত ও নিকট যুদ্ধ এবং সাহস প্রকাশ করণেই কেবল যত্নবান, এবং তাহাদের প্রত্যেক জন সংগ্রামে এমত পারগ যে সকলেই যেন সৈন্যাধ্যক্ষ, ইহাদিগকে আপনি যে ফিঙ্গা ও অগ্র দগ্ধ দণ্ড নিক্ষেপদ্বারা তাড়াইতে পারিবেন এমত যোদ্ধা ইহারা নহে; সমযোগ্য শত্রু নহিলে ইহাদিগের গতি রোধ করিতে পারিবে না; অতএব আপনার শিবিরে যে বহু মূল্য রৌপ্য স্বর্ণাদির দ্রব্য আছে তাহা পরিবর্ত্ত করিয়া বিপক্ষীয় যোদ্ধা ও অস্ত্র শস্ত্র ক্রয় করুন, অর্থাৎ ধনদানে শত্রুদের কয়ৎ সৈন্য নিজ বশীভূত করুন, তাহাতে আপনার রক্ষা হইতে পারিবে। ডেরাইয়* শান্তস্বভাব হইয়াও কারিডিমের* এমত স্পষ্ট কথাতে অত্যন্ত ক্রোধী হইয়া তাঁহাকে বধ করিতে আজ্ঞা করিলেন। কারিডিম* মৃত্যুকাল পর্য্যন্ত এই বাক্য কহিয়াছিলেন, যে তোমার শাস্তা নিকটবর্ত্তী। ডেরাইয়কে এমত অবিবেচিত কর্ম্মের কারণ শীঘ্রই খেদ করিতে হইয়াছিল, যেহেতুক তাঁহার মরণের পর শীঘ্রই তিনি বুঝিলেন যে কারিডিম* যাহা কহিয়াছিলেন তাহা সকলই সত্য বটে।

ডেরাইয়* উফ্রাটি† নদীতীরে আগমন করিলেন, কিন্তু জয়ের অনিশ্চিত ভাবে যোদ্ধাদের যেরূপ সজ্জায় গমন করিতে হয় সেই রূপে গমন না করিয়া রাজারা যুদ্ধে জয়ী হইয়া জয়োৎসবে আপন নগরে যেরূপে প্রবেশ করেন তদ্রূপ সমারোহ করিয়া ডেরাইয়* তথায় আগমন করিলেন; যথা শিবিরের উপরে মণি মুক্তাজড়িত সূর্য্যদেবের এক প্রতিমা ছিল, এবং সৈন্যের সর্ব্বস্থলে কেবল অসংখ্য বহুমূল্য দ্রব্য প্রকাশিত ছিল।

পারস রাজা যে প্রকার সমারোহ পূর্ব্বক গমন করিয়াছিলেন তাহার বিবরণ এই। যথা প্রথমতঃ রূপার বেদীর উপর অগ্নি

স্থাপন করিয়া কতক লোক অগ্রে যাইতে ছিল, ঐ অগ্নিকে পাশীরা* পবিত্র ও অক্ষয় কহিত; তৎপরে আচার্য্যেরা স্বদেশের রীত্যনুসারে গান করতঃ গমন করিতে ছিল, এবং এক বৎসরীয় গণিত দিবসানুসারে অর্থাৎ তিনশত পঞ্চ ষষ্টিজন যুবব্যক্তি রক্ত বস্ত্র পরিধানে উহাদের সহিত ছিল। পরে জুপিটর* দেবের নামে প্রতিষ্ঠিত শুক্লবর্ণ অশ্বযুক্ত এক রথ, তৎপশ্চাৎ এক প্রকাণ্ড অশ্ব ছিল, তাহাকে সূর্য্যের অশ্ব কহা যাইত। তৎপরে রাজঅশ্ব-রক্ষকেরা শুক্লবস্ত্র পরিধানে এক২ স্বর্ণ দণ্ড হস্তে লইয়া তাহার পশ্চাৎ ভাগে গমন করিতে ছিল।

অপর স্বর্ণ ও রূপায় খচিত দশখান রথ, তৎপরে দ্বাদশ জাতীয় একদল অশ্বারূঢ় ছিল, তাহাদের সকলের রীত্যাচার ভিন্ন২। না না অস্ত্রে ভূষিত দশসহস্র অমর নাম বিশিষ্ট পাশীরা* তৎপশ্চাৎছিল; তাহারা তাবৎ অসভ্যদের হইতে উত্তম অলঙ্কার ও বস্ত্রদ্বারা ভূষিত, ও সকলেই স্বর্ণ গলাবন্ধে ও বাদলা এবং স্বর্ণজরী বস্ত্রে ভূষিত, এবং তাহাদের জোড়ার হাতা সকল মণি মুক্তায় জড়িত ছিল।

উহাদের ত্রিশপাদবিক্ষেপ অন্তরে পঞ্চদশ সহস্র রাজ কুটুম্ব ছিলেন, তাঁহাদের পরিছদ প্রায় স্ত্রীলোকের ন্যায়, তাহাদেরও অস্ত্রের শোভা অপেক্ষায় বস্ত্রের অধিক শোভা ছিল।

পরে ডোরিফোরাই* নামক ভূপতির পরিচ্ছদ বাহকেরা রাজরথের অগ্রে পদব্রজে যাইতেছিল। সিংহাসনে যে রূপে রাজারা বসিয়া থাকেন সেই রূপে ডেরাইয়্* ঐ রথে বসিয়াছিলে, ঐ রথের পার্শ্বদ্বয় স্বর্ণ ও রূপার দেবমূর্ত্তির দ্বারা ভূষিত, এবং মণি মুক্তাময় যোঁয়ালের মধ্যস্থলে এক হস্ত উচ্চ একটা যুদ্ধবোধক অন্য একটা সন্ধিবোধক

দুইটা মূর্ত্তি ছিল, এবং তাহাতে আর একটা গরুড়পক্ষীও ছিল, এবং তাহার পাখা এমত বিস্তীর্ণ যে তাহা দৃষ্ট মাত্রেই বোধ হয় যেন পক্ষিরাজ উড়িবার উপক্রমে আছে।

কিন্তু সম্রাটের পরিচ্ছদাদি অতি চমৎকৃত। যথা তিনি রৌপ্য চিত্রিত বেগুনিয়া বর্ণের জোড়া পরিধান করিয়াছিলেন, ঐ জোড়ার উপরে এক প্রকাণ্ড রাজবস্ত্র ছিল, তাহা এমত মণি মাণিক্যে বিচিত্রিত যেন মেঘহইতে দুইটা পক্ষী নির্গত হইয়া পরস্পর চঞ্চুঘাত করিতেছে। তাঁহার কটি দেশে স্ত্রীলোকের ন্যায় স্বর্ণ কটিবন্ধ ছিল; ঐ কটিবন্ধে তাঁহার অসি ঝুলিতেছিল, ঐ অসিকোষ মণিময়। নীল ও শুক্লবর্ণ মিশ্রিত করিলে যেরূপ হয় সেই বর্ণের একটা ফিতা ভূপতির কিরীটে ছিল।

ভূপতির উভয় পার্শ্বে দুই শত পরমাত্মীয় পদব্রজে গমন করিতে ছিলেন, এবং দুই সহস্র বর্শাধারী রৌপ্য ও স্বর্ণ ভূষিত বর্শাধারণ পূর্ব্বক তাহাদের পশ্চাৎ গমন করিতেছিল; ও তৎপশ্চাতে ত্রিংশৎ সহস্র পদাতিক সৈন্য পশ্চাদংশের রক্ষা হেতুক ছিল, এবং রাজার চারি শত প্রধান অশ্ব উহাদের পশ্চাৎ যাইতে ছিল।

তথাহইতে এক শত বা এক শত বিংশতি পাদনিক্ষেপ স্থানান্তরে ডেরাইয়ের * মাতা সিসিগাম্বি * ও তাঁহার পত্নী ষ্টাটিরা * উভয়ে পৃথক্ সিংহাসনোপরি উপবিষ্টা হইয়া অশ্বারূঢ়া বহু স্ত্রী সমভিব্যাহারে গমন করিতেছিলেন। পরে রাজার সন্তানেরা আপনাদের শিক্ষকদের এবং কতক্ গুলিন খোজার সমভিব্যাহারে পঞ্চদশ রথে গমন করিতেছিলেন; খোজারা অদ্যাবধিও পূর্ব্ব অঞ্চলে অতিশয়

ব্যবস্থায্য আছে। রাজার তিন শত ষষ্টি জন উপস্ত্রী রাজ্ঞীদের ন্যায় বেশভূষা করিয়া উহাদের পশ্চাৎ ছিল; তৎপশ্চাৎ রাজধনবাহক তিন শত উষ্ট্র ও ছয় শত অশ্বতর অর্থাৎ খচর ছিল, ইহাদের রক্ষাহেতুক বহু ধনুর্দ্ধর ছিল। রাজসেনাপতিদের এবং কুলীন বর্গের স্ত্রী সকল রথোপরি তৎপশ্চাৎ যাইতেছিলেন, এবং তৎপরে কিঙ্কর সকল ও আহার্য্য দ্রব্য ব্যবসায়িরা এবং সৈন্যের অন্যং অনুসারিরা ছিল। সর্ব্ব শেষে সামান্য অস্ত্র বিশিষ্ট সৈন্য ও তাহাদের অধ্যক্ষ সকল ছিল; ইহার পরে আর কিছু ছিল না।

গর্ব্বি পারস রাজার এই প্রকার সমারোহ পূর্ব্বক গমনে নিজ সৈন্যেরা অতিশয় চমৎকৃত হইয়া প্রশংসা করিয়াছিল বটে, কিন্তু মাসিডনীয়েরা* তাঁহার যুদ্ধ বিদ্যার প্রতি অতিশয় ঘৃণা ও অবজ্ঞা করিয়া ঐ সকল ঐশ্বর্য্য হস্তগত করিতে অতিশয় ইচ্ছুক হইল।

আলেকসাণ্ডর* এবং ডেরাইয়* উভয়েই যুদ্ধ করণে সমান ব্যগ্র হইয়া পরস্পরের প্রতিকূলে যাত্রাতে কখন অগ্রসর কখন বা পশ্চাৎ গমন করিয়া শেষে ইসা† নগরের নিকটে উভয় সৈন্যের মিলন হইল।

ঐ নগরের নিকটে যে স্থানে রণ হইয়াছিল তাহার এক পার্শ্বে সমুদ্র ও অন্যদিকে পর্ব্বত ছিল। তন্মধ্যস্থ বৃহৎ রণ ক্ষেত্র, কেননা উভয় পক্ষীয় সৈন্যেরা অনায়াসে তথায় শিবির করিয়াছিল, বিশেষতঃ পূর্ব্বে কহা গিয়াছে যে পারস ভূপতির সৈন্য অসংখ্য। পিনার† নদী পর্ব্বত হইতে বহির্গত হইয়া ঐ স্থানের মধ্যভাগ দিয়া গমন করিয়া সমুদ্রে পতিত হইয়াছে, অতএব ঐ ক্ষেত্রের দুই অংশই সমান।

আলেক্সাণ্ডর* পশ্চাল্লেখ্যরূপে আপন সৈন্য শ্রেণীবদ্ধ করিয়াছিলেন। যথা পর্ব্বতনিকটে সৈন্যের দক্ষিণ পার্শ্বের অগ্রভাগে তিনি আর্জিরাস্পিডিদিগকে* স্থাপন করিলেন, নিকানর* তাহাদের সেনাপতি ছিলেন; তৎপরে সেনের* ব্যূহীকৃত সৈন্য, এবং তৎপশ্চাতে পর্ডিকের* সৈন্যব্যূহ রাখিলেন, পর্ডিকের* ব্যূহীকৃত সৈন্য মূল সৈন্যের মধ্যভাগ পর্য্যন্ত ছিল। বামপার্শ্বের অগ্রভাগে তিনি আমিণ্টের*ও তৎপশ্চাতে টলিমির* এবং সর্ব্বশেষে মিলেজরের* ব্যূহীকৃত সৈন্য দলস্থাপন করিলেন, ইহাতে স্পষ্ট বোধ হইতেছে যে বিখ্যাত মাসিডনীয় ফালেংক্স অর্থাৎ সৈন্য ব্যূহে পূর্ব্বোক্ত ছয় দল ছিল। ঐ ছয় দলের একং পৃথক্ অধ্যক্ষ ছিল, কিন্তু আলেক্সাণ্ডর* সর্ব্ব প্রধান সেনাপতি ছিলেন, সুতরাং তাবৎ সৈন্যের উপরেই তাঁহার কর্ত্তৃত্ব ছিল। অশ্বারূঢ়েরা সৈন্যের দুই পার্শ্বে ছিল। যথা আলেক্সাণ্ডরের* অধীন মাসিডনীয় ও থেসিলীয় অশ্বারূঢ়েরা দক্ষিণ পার্শ্বে এবং পার্মিনিয়ের* অধীন পিলোপনিসীয় ও অন্যং বন্ধুজাতীয় অশ্বারূঢ়েরা বামপার্শ্বে ছিল। এবং ডেরাইয় * যে সকল সৈন্য পর্ব্বতোপরি রাখিয়াছিলেন, তৎ প্রতিযোগার্থে আলেক্সাণ্ডর* আগ্রীয়দের* ও যে সকল সৈন্য গ্রীক † দেশহইতে তথায় সম্প্রতি পঁহুছিয়াছিল তাহাদিগকেও নিযুক্ত করিলেন, আটেল* আগ্রীয়দের* অধ্যক্ষ ছিলেন।

ডেরাইয়* এই রূপে আপন সৈন্য সকল শ্রেণীবদ্ধ করিয়াছিলেন। যথা আলেক্সাণ্ডর* যুদ্ধ ধারায় তাঁহার প্রতিকূলে আগমন করিতেছেন শুনিয়া তিনি ত্রিংশৎ সহস্র অশ্বারূঢ় ও বিংশতি সহস্র ধানুকি সৈন্যকে পিনের † নদী পার হইয়া যাইতে আজ্ঞা করিলেন। ডেরাইয়ের* ঐ আজ্ঞার তাৎপর্য্য এই যে ঐ সৈন্যের দ্বারা শত্রুরা শঙ্কিত থাকিবে, এবং

আপনিও কোন বাধা ব্যতিরেকে আপন সৈন্য শ্রেণীবদ্ধ করিতে পারিবেন। ডেরাইয় * ত্রিংশৎ সহস্র বেতনভোগি গ্রীক † সৈন্যকে নিজদলের মধ্যভাগে রাখিলেন, এবং তাহাদের উভয় পার্শ্বে ত্রিংশৎ সহস্র করিয়া ষষ্টি সহস্র পারস্ সৈন্য ছিল। ডেরাইয়ের * তাবৎ সৈন্যাপেক্ষায় ঐ বেতনভোগি গ্রীকেরা * শ্রেষ্ঠ ছিল, এবং তাহারা সাহসে ও সুশিক্ষায় মাসিডনীয়দের * হইতে কোন মতে ন্যূন ছিল না। রণ ভূমিতে স্থানসংক্ষেপ প্রযুক্ত ঐ পূর্ব্বোক্ত সৈন্যেরাই কেবল সম্মুখে রহিল, অতএব পার্শী সৈন্যেরা অধিক সংখ্যা প্রযুক্ত উহাদের পশ্চাতে ক্রমিক শ্রেণীবদ্ধ হইয়া বহুস্থান ব্যাপিয়া রহিয়াছিল; ডেরাইয়ের * সৈন্যের বামপার্শ্বে এবং আলেক্সাণ্ডরের * দক্ষিণ পার্শ্বে যে একটা পর্ব্বত ছিল তাহার উপর পারস ভূপতি বিংশতি সহস্র সৈন্য স্থাপন করিলেন, সেই পর্ব্বতের বক্রতা প্রযুক্ত ডেরাইয়ের * ঐ বিংশতি সহস্র সৈন্য কতক আলেক্সাণ্ডরের * অগ্রভাগে কতক বা পশ্চাৎভাগে ছিল।

ডেরাইয় * এই প্রকার আপন সৈন্য শ্রেণীবদ্ধ করিয়া তাহাদের অধ্যক্ষ সকল নিরূপিত করিয়া পারস্ রাজাদের রীত্যনুসারে আপনি মধ্যভাগে রহিলেন। তিনি পিনের † নদীর পূর্ব্ব তীরে থাকিতে মনস্থ করিলেন, কারণ যদ্যপি মাসিডনীয়েরা * ঐ নদী পার হইবার উদ্যম করে তবে পার হওন কালীন তিনি তাহাদিগকে আক্রমণ করিবেন, সুতরাং তাহাদের অগত্যা নদীর মধ্যস্থলে থাকিয়া অবশ্যই যুদ্ধ করিতে হইবে।

সে যাহাহউক, ডেরাইয়ের * এতাদৃশ প্রতিজ্ঞাতেও আলেক্সাণ্ডরের * সাহস ন্যূন বা তাঁহার আগমনে বাধা কোনমতে হইল না, যে হেতুক আলেক্সাণ্ডর * দুর্জ্জয় সাহস পূর্ব্বক নদীতীরে আগমন করিয়া অতিবেগে জলমধ্যে প্রবিষ্ট হইলেন; এবং পার্শীর *

বৃষ্টি ধারাবৎ তাঁহার প্রতি বাণ নিক্ষেপ করিয়াছিল বটে, তত্রাপি তিনি ঐ নদী অবিলম্বে পার হইয়া খড়্গহস্তে শত্রুদিগকে আক্রমণ করিলেন, তাহাতে তাহাদের মধ্যে শীঘ্র গোলো-যোগ উপস্থিত হইল। আলেক্‌সাণ্ডর* ডেরাইয়ের* সহিত স্বয়ং যুদ্ধ করিয়া তাঁহাকে স্বহস্তে বধ করিবার গৌরব প্রাপ্তহইতে নিতান্ত ইচ্ছুক হইয়া তাঁহাকে আক্রমণ কবিলেন, এমতকালে পারস ভূপতির ভ্রাতা অক্সাথ্রি* অশ্বা-রোহণে ডেরাইয়ের* রথের সম্মুখে দাঁড়াইলেন, তাহাতে ডেরাই-য়ের* প্রাণ রক্ষা হইল বটে, কিন্তু তদ্দারা তিনি ঐ যুদ্ধে পরাভূত হইলেন, যে হেতক ভূপতির রথের অশ্ব সকল এমত অস্থির হইল যে তাহাতে রথের যোঁযালি বেগে নড়িতে লাগিল, তাহাতে রাজার প্রায় ভূমি পতিত হইবার উপক্রম হইয়াছিল। ভূপতি আপনি জীবদ্দশায় শত্রুহস্তে পতিত হইবার লক্ষণ দেখিয়া রথহইতে লম্ফ প্রদান পূর্ব্বক ভূমিপতিত হইয়া অন্য এক রথে আরোহণ করিয়া পলায়নোন্মুখ হইলেন। ইহা দেখিয়া তাঁহার তাবৎ সৈন্যেরা স্বং অস্ত্র সকল ত্যাগ করিয়া অবিলম্বে পলায়ন করিল। এই যুদ্ধে আলেক্‌সাণ্ডর* আপন উরুদেশে এক সামান্য আঘাত প্রাপ্ত হইয়াছিলেন, কিন্তু তাহাতে কোন ভয়ের বিষয় হয় নাই।

আলেক্‌সাণ্ডরের* নিজদল ভুক্ত মাসিডনীয়েরা* ডেরাইয়ের* নিজ দল ভুক্ত পার্শীদগকে* অনায়াসে পরাভূত করিয়া-ছিল বটে, কিন্তু ডেরাইয়ের* বেতনভোগি গ্রীকদের* সহিত যে মাসিডনীয়েরা* যুদ্ধে প্রবৃত্ত হইয়াছিল তাহারা হঠাৎ ঐ রূপ জয়ী হইতে পারে নাই। পরে আলেক্‌সাণ্ডর* পলায়িত পার্শীদের* তাড়না করত অল্পদূর পর্য্যন্ত পশ্চাৎ২ গমন করিয়া পুনর্ব্বার সংগ্রামস্থলে আগমন পূর্ব্বক মহা-

পরাক্রমে গ্রীকদের* পার্শ্ব আক্রমণ করিয়া তাহাদিগকে সর্ব্বতো-ভাবে পরাজিত করিলেন, ইহাতে শত্রুরা আর কোন প্রকারে প্রতিযোগ না করিয়া সকলেই অবিলম্বে পলায়ন করিল। তাহা-দের কতক পার্শিয়ার † পথে গমন করিল, ও কতক বা নিবিড় বন ও পর্ব্বতমধ্যে প্রবিষ্ট হইল, এবং অবশিষ্ট অল্প সৈন্য আপনাদের শিবিরে পুনরাগমন করিল; কিন্তু ঐ শিবির ইহার কিয়ৎ কাল পূর্ব্বেই জয়ি সৈন্য অর্থাৎ মাসিডনীযেরা* অপহরণ করিয়া হস্তগত করিয়াছিল। এই যুদ্ধে পার্শীদের* ষষ্টি সহস্র পদাতিক ও দশ সহস্র অশ্বারূঢ় হত হয়, এবং এতদ্ভিন্ন চল্লিশ সহস্র লোক যুদ্ধে বদ্ধ হইয়াছিল, কিন্তু আলেক্সাণ্ডরের* সর্ব্ব-শুদ্ধা দুইশত অশীতি লোকমাত্র হত হয়।

ডেরাইয়* আপন বামপার্শ্বস্থ সৈন্য ছিন্নভিন্ন দেখিবামাত্রই রথোপরি সর্ব্বাগ্রে পলায়ন করিলেন, কিন্তু অসমান পথমধ্যে আসাতে আপন ধনু ও ঢাল এবং রাজবস্ত্র সকল ত্যাগ করত অশ্বারোহণ করিয়া পলায়ন করিলেন, এবং যদ্যপি ঐ পূর্ব্বোক্ত গ্রীকদের* পরাভূত করণ জন্য পলায়িত পার্শীদের* পশ্চাৎ গমনে ক্ষান্ত হইয়া আলেক্সাণ্ডরকে* ফিরিয়া না আসিতে হইত, তবে ডেরাইয়* জীবদ্দশায় তাঁহার হস্তে পথমধ্যে পতিত হইতেন।

পারস্ ভূপতির মাতা সিসিগাম্বি* ও তাঁহার স্ত্রী ও দুই কন্যা, ও এক শিশুবালক এবং অন্যান্য পারস্ নারী সকল শিবির মধ্যেই রহিয়াছিলেন; তাঁহার ঐ স্ত্রী তাঁহার সহোদরা ভগিনী। কিন্তু অন্য সকল লোক ও ভূপতির ধন ও সুখভোগ্য বস্তুর কিয়ৎ অংশ ডামাস্কে † রক্ষিত হইয়াছিল। অতএব জয়িরা শিবির-মধ্যে তিন সহস্র টেলেণ্ট মুদ্রা ভিন্ন আর কিছু পাইল না। কিন্তু পরে যখন পার্মিনিয়* ডামাসক † নগর অধিকার

করেন, তখন পারস্‌ রাজার তাবৎ ধন সম্পত্তি তাঁহার হস্তগত হইয়াছিল।

ঐ যুদ্ধের পর দিবাবসানে আলেক্‌সাণ্ডর* আপন প্রধানং সৈন্যদিগকে ভোজনার্থে নিমন্ত্রণ করিয়াছিলেন, এবং তিনি যুদ্ধে আঘাতী হইয়াও আপনি তাহাদের পরিবেসন করতঃ তাঁহাদিগের মধ্যে বসিয়া ভোজন করিয়াছিলেন। কিন্তু ঐ ভোজনোৎসব আরম্ভ হইবামাত্রেই তাঁহাদের আনন্দের ব্যাঘাত হইল, যে হেতুক নিকটস্থ এক শিবিরহইতে এমত শোক জনক ক্রন্দন ও বিলাপের কোলাহল হইয়া উঠিল যে তাহাতে তাঁহারা এই বোধ করিলেন যে ভয়ের কোন নূতন কারণ হইয়া থাকিবে। কিন্তু তাঁহাদের এই ভ্রম শীঘ্রই দূর হইল, কারণ তাঁহারা এই রূপ শুনিলেন যে এক জন খোজা ডেরাইয়ের* রাজবস্ত্র এক সৈন্যহস্তে দেখিয়া ভূপতি কাটা পড়িয়াছেন এই রূপ জ্ঞানে সেই প্রকার তাঁহার মাতা ও স্ত্রীকে কহাতে তাঁহারা তাঁহাকে মৃত জ্ঞানে আপনাদের শিবিরমধ্যে ঐরূপ বিলাপ করিতেছেন। ডেরাইয় * জীবিত আছেন এই সংবাদ তাঁহার পরিবারদিগকে স্পষ্ট রূপে জ্ঞাত করণ জন্য আলেক্‌সাণ্ডর * লিওনাট * নামক আপনার এক প্রধান সৈন্যকে তাঁহাদের শিবিরে প্রেরণ করিলেন, এবং তৎপরদিবসে তিনি আপনিই তথায় গমন করিয়া তাঁহাদের প্রবোধ ও সান্ত্বনার কারণ আপনার সাধ্যানুসারে চেষ্টা করিলেন; তিনি কহিলেন যে তোমাদের পূর্ব্বে যে মত অবস্থা ছিল তাহার কোন ত্রুটি হইবে না, এবং তোমরা ডেরাইয়ের * রাজবাটীতে যেমত সুখে ও আনন্দে বাস করিতা এইক্ষণেও সেই রূপ থাকিবা। অপর পারস ভূপতির শিশুপুত্র মাতার নিকট দণ্ডায়মান আছে দেখিয়া তিনি

তাহাকে আপন ক্রোড়ে লইলেন ; শিশুও শঙ্কা ব্যতিরেকে বাহুবিস্তীর্ণ করিয়া গেল। তাহার এই রূপ বিশ্বাসে আলেক- সাণ্ডরের * এমত কৃপা হইল যে তিনি সঙ্গি হিপিশ্চিয়নকে* কহিলেন যে এই শিশুর শীলতার কিঞ্চিৎঅংশ ডেরাইয়ের* থাকিলে অতিশয় সুখের বিষয় হইত। ডেরাইয়ের * স্ত্রী ঐ কালে পরম সুন্দরী ছিলেন বটে, কিন্তু ঐ স্ত্রী পাছে মনে করেন যে ইনি আমার সতীত্ব নষ্ট করিবেন, এই ভয় দূরী করণ হেতুক আলেক্সাণ্ডর * প্রতিজ্ঞা করিলেন, যে আমি কখন ঐ শিবিরে প্রবেশ করিব না। জয়ি রাজাদের এমত সুনীতি থাকা আবশ্যক, আলেক্সাণ্ডরের * এই রূপ সুনীতি প্রযুক্ত প্লুটাক * কহেন যে পারসরাজ্ঞীরা দেবালয়ে থাকিলে যে প্রকার দৃষ্টির অগোচর হইয়া নিরুদ্বেগে থাকিতেন শত্রুদের শিবিরে থাকিয়াও সেইরূপ ছিলেন।

আলেক্সাণ্ডর* সিসিগাম্বির* সহিত এমত সদ্ব্যবহার করিয়া ছিলেন যে তাঁহার আপন পুত্র ডেরাইয়* তাঁহাকে ইহাহইতে অধিক সম্মান করিতে পারেন নাই। পার্শীদের * যে সকল রাজ কুটুম্বেরা যুদ্ধে হত হইয়াছিল, তাহাদের নিয়মানুসারে অন্ত্যেষ্টি ক্রিয়া করণ জন্য মাসিডনীয়* ভূপতি সিসিগাম্বিকে * অনুমতি দিলেন, এবং ডেরাইয়ের * সভাস্থ কতক কুলীনের প্রতি তিনি যথার্থ ক্রোধ করিয়াছিলেন বটে তত্রাপি সিসিগাম্বির * প্রার্থনায় তাহাদিগকে ক্ষমা করিলেন। আলেক্সাণ্ডরের * পূর্ব্ব অসংখ্য জয়ে যে প্রকার সুখ্যাতি হইয়াছিল, পারস্ রাজ্ঞীর প্রতি ঐ মত ব্যবহার করণে তাঁহার ততোধিক সুখ্যাতি হইল। তিনি যুদ্ধে বন্দিদিগের প্রতি যে অতি- শয় দয়া প্রকাশ করিয়াছিলেন ও শক্তিমন্ত হইয়াছিলেন, সেই রূপ ব্যবহার করণ বীরদিগের গৌরবের দৃষ্টান্তস্থল হইয়াছে।

ইসা নগরে এই জয়ের পর অনেক জয় হইতে লাগিল। টাইয়র্া নগর ভিন্ন ফিনিশিয়াবা আর তাবৎ স্থান আলেক্সাণ্ডরের* অধীন হইল। ঐ সময়ে পার্শীদের* যুদ্ধ ডিঙ্গাধ্যক্ষ আরিষ্টডিম* সমুদ্রে পরাভূত হওয়াতে তাঁহার অনেক ডিঙ্গা শত্রুদের হস্তগত হইল। ডামাস্কা নগর যাহাতে পারস্ রাজার ধন সম্পত্তি ছিল তাহাও পার্মিনিযের* হস্তগত হইল। ঐ নগরস্থেরা পার্মিনিয়ের* আক্রমণ করণ কালে পরাক্রম পূর্ব্বক প্রতিযোগ করিতে পারিত, কিন্তু তাহার শাসনকর্ত্তার বিশ্বাসঘাতকতাদ্বারা কোন প্রকার প্রতিযোগ না করিয়া পার্মিনিয়ের* অধীন হইল। পার্শীদের* অসংখ্য ধন ও পাত্র এবং অন্যং দ্রব্য ভিন্ন পার্মিনিয় * ঐ নগরে ডেরাইয়ের* তিনশত ঊনত্রিংশৎ উপপত্নী ও বহু কর্ম্মকারক পাইয়াছিলেন। ঐ কর্ম্মকারকেরা ডেরাইয়ের * সুখভোগ্য বস্তু প্রস্তুত করিত।

ডেরাইয়* অশ্ব পৃষ্ঠে সমুদায় যামিনী যাপন করত প্রাতঃকালে সোকো উপস্থিত হইয়া অবশিষ্ট সৈন্য একত্র করিলেন। ডেরাইয়ের * পূর্ব্বোক্ত দুর্দ্দশা হওয়াতেও দর্প খর্ব্ব হয় নাই, তিনি আলেক্সাণ্ডরকে * বিনয় না করিয়া আত্ম অপেক্ষায় ক্ষুদ্রকে যাদৃশ লিপি প্রেরণ করে তাদৃশ এক লিপি প্রেরণ করিলেন। তাহার মর্ম্ম এই। যথা, আমার স্ত্রী ও মাতা এবং সন্তানদের উদ্ধারার্থে উপযুক্ত মূল্য লইয়া তাহাদের শীঘ্র মোচন করিয়া দিবা, এবং আমি রাজ্যের কারণ তোমার সহিত রীতি পূর্ব্বক অদ্বৈতরে তুল্য সৈন্য লইয়া যুদ্ধ করিব। ইহাতে আলেক্সাণ্ডর * এই উত্তর করিলেন, যে ব্যক্তিকে আমি পরাভূত করিয়াছি তাহার সহিত উত্তর প্রত্যুত্তর করিতে ঘৃণা করি, অতএব যদ্যপি তুমি

বিনয়ি ভাবে আমার সম্মুখে উপস্থিত হও, তবে কোন মূল্য ব্যতিরেকে তোমার স্ত্রীপুত্রাদি তোমাকে দিব; জয়ী হইয়া পরাভূত ব্যক্তির কি প্রকারে উপকার করিতে হয় তাহা আমি বিলক্ষণ মতে জ্ঞাত আছি।

এই কথায় ডেরাইয় * কোন মনোযোগ না করাতে আলেকসাণ্ডর * নিকটস্থ দেশ সকল আপন বশীভূত করণ জন্য গমন করিলেন। সাইডোনেরা রাজা ষ্ট্রাটো * ডেরাই-য়ের * পক্ষ হওনেচ্ছুক হইলেও সাইডোনিয়েরা * সর্ব্বাগ্রে আলেক্‌সাণ্ডরের * বশীভূত হইল। আলেক্‌সাণ্ডর * তথায় উপস্থিত হইয়া ষ্ট্রাটোকে * সিংহাসনচ্যুত করিয়া হিপি-শিচয়ন * নামক আপন এক প্রধান সৈন্যাধ্যক্ষকে কহিলেন যে সাইডোনিয়দের * মধ্যে তুমি যাহাকে উপযুক্ত জ্ঞান কর তাহাকেই রাজসিংহাসন প্রদান কর।

ইহাতে হিপিশিচয়ন * ঐ নগরের কোন মহৎ ও প্রধান কুলো-দ্ভব দুই ভ্রাতার নিকটে যাইয়া তাহাদিগকে রাজ মুকুট প্রদান করিতে বাঞ্ছা করিলেন, কিন্তু তাঁহারা ইহাতে স্বীকার না করিয়া কহিলেন যে আমাদের দেশের ব্যবস্থানুসারে রাজ বংশোদ্ভব না হইলে কোন ব্যক্তিই রাজসিংহাসন প্রাপ্ত হইতে পারে না। যে বস্তু প্রাপ্ত হইতে লোকসকলে যুদ্ধ ও কলহ করে, উহাঁদের তাহা অস্বীকার করণে হিপিশিচয়ন * চমৎকৃত হইয়া তাঁহাদিগকে পশ্চা-দ্বক্তব্য রূপে কহিলেন। যথা, হেমহৎ যুবদ্বয় তোমাদের এই রূপ মতি যেন চিরকাল থাকে; এবং রাজমুকুট গ্রহণ করণাপেক্ষায় তাহা পরিত্যাগ করায় যে অধিক সম্মান ইহা তোমরা বিলক্ষণ জ্ঞাত আছ এইক্ষণে রাজবংশোদ্ভব কেহ রাজা হইয়া পরে চিরকাল স্মরণ করেন যে তোমাদের হইতেই রাজসিংহাসন প্রাপ্ত হইয়াছেন এমত কোন ব্যক্তি আছে তাহা আমাকে কহ?

তাহাতে ভ্রাতৃদ্বয় উত্তর করিলেন, যে অনেকেই বহুকালে অত্যন্ত লোভ প্রযুক্ত ঐ পদ প্রাপ্ত হইতে আকাঙ্ক্ষিত হইয়া আলেক্সাণ্ডরের* প্রিয়পাত্রদের নিকট যাইয়া নানা প্রকার স্তব করিতেছেন, কিন্তু আবডোলনিয় * নামক এক ব্যক্তি রাজপরিবার সম্পর্কে অতি দূর, তিনিই রাজসিংহাসন পাইবার যোগ্য ব্যক্তি ; তাঁহা ব্যতিরেকে অধিক উপযুক্ত দেখি না, এবং ঐ ব্যক্তি এমত দরিদ্র যে নগরের অন্তঃপাতি এক উদ্যানে আপনার উপজীবিকার্থে স্বহস্তে পরিশ্রম করেন। সারল্যের ও সৌজন্যের কারণ লোকেরা প্রায় যে রূপ দরিদ্র হয় ঐ ব্যক্তি সেই রূপ দরিদ্র। তিনি সদা আপন কর্ম্ম করণে ব্যগ্র প্রযুক্ত আশিয়ার † এমত ঘোরতর সংগ্রামের বার্ত্তাও জ্ঞাত নহেন।

হিফিষ্টিয়ন্* তাঁহাদের কথায় সম্মত হওয়াতে ভ্রাতৃদ্বয়ে ঐ আবডোলনিয়ের * অনুসন্ধানার্থে গমন করিয়া দেখিলেন তিনি আপন উদ্যানে নিড়াইতেছেন। তাঁহারা উহাঁকে রাজস্বরূপে প্রণাম করাতে তিনি প্রথম তাহাদের প্রতি ক্ষণেক কাল স্থির দৃষ্টি করিয়া আপন অন্তঃকরণে অনুভব করিলেন যে ইহাঁরা আমাকে যথার্থে রাজ জ্ঞানে প্রণাম না করিয়া, ব্যঙ্গ করিতেছেন, এই নিমিত্তে তিনি তাঁহাদিগকে জিজ্ঞাসা করিলেন যে আমাকে এ প্রকার ব্যঙ্গ করিতে তোমাদের কি লজ্জা হয় না' তাঁহাদের প্রার্থনায় সম্মত না হইয়া তিনি তাহাতে আপত্তি করাতে তাঁহারা তাঁহাকে বলক্রমে স্নান করাইলেন এবং এক স্বর্ণ মণ্ডিত রাজবস্ত্র তাঁহার স্কন্ধে দিয়া তাঁহাকে পুনঃ২ কহিতে লাগিলেন, যে মহাশয়, আপনি এইক্ষণে সাইডনা নগরের

রাজা হইয়াছেন, ইহা কহিয়া তাঁহারা তাঁহাকে বাজ বাটীতে লইয়া গেলেন।

ঐ সমাচার অবিলম্বেই নগরমধ্যে প্রচার হওনে অনেকেই ইহাতে পরমাহ্লাদিত হইল, কিন্তু কেহ২ ইহাতে বৈরক্তি ভাব প্রকাশ করিয়াছিল। বিশেষতঃ নগরের ধনি ব্যক্তিরা আবডোলনীয়ের* পূর্ব্ব নীচ অবস্থাজন্য তাঁহাকে ঘৃণা করতঃ তাঁহার এতাদৃশ উচ্চ ও সম্ভ্রান্ত পদপ্রাপ্তিতে অতিশয় ক্রোধী হইলেন। আলেক্সাণ্ডর* ঐ নূতন রাজাকে আপন নিকটে আনাইয়া ক্ষণেক কাল মনোযোগ পূর্ব্বক তাঁহাকে নিরীক্ষণ করিয়া কহিলেন, যে অহে আবডোলনীয* তুমি যে রাজবংশীয় তাহা তোমাব ভাব ও ধারাদ্বারাই ব্যক্ত হইতেছে, তুমি কি প্রকারে দরিদ্রতা সহ্য করিয়াছিলা তাহা কহিলে আমি পরমাপ্যায়িত হইব। ইহাতে তিনি উত্তর করিলেন যে আমি দেবতাদেব নিকট এই প্রার্থনা করি যেন আমি যে রূপ সহিষ্ণুতাপূর্ব্বক দরিদ্রাবস্থায় ছিলাম সেই রূপ এই পদেও থাকি। পূর্ব্বে আমার যখন যাহা প্রয়োজন হইত তাহা আমার হস্তদ্বারাই সিদ্ধ হইত, এবং আমার কিছু সম্পত্তি ছিল না বটে, কিন্তু আমার কিছুর অভাবও ছিল না। তাঁহার এই উত্তরদ্বারা আলেকসাণ্ডর* তাঁহাকে অতি ধার্ম্মিক জ্ঞান করিয়া তাহাকে ষ্ট্রাটোর* ধন সম্পত্তি সকল প্রদান করিলেন, আর পারস্ জাতীযদের অপহৃত দ্রব্যের কিঞ্চিদংশ দিলেন, কেবল ইহাই নহে কিন্তু নিকটস্থ এক প্রদেশও তাঁহার রাজ্য সম্মিষ্ট করিয়া দিলেন।

পূর্ব্বে কহা গিয়াছে যে ফিনিশিয়ার† রাজধানী টাইয়র† নগর ভিন্ন আর তাবৎ অংশ আলেক্সাণ্ডরের*

অধীন হইয়াছিল। ঐ নগর সমুদায় বিষয়ে তাবৎ দেশাপেক্ষায় প্রধান ছিল, তদ্দ্বারা ঐ নগরস্থেরা তাবৎ জাতীয় হইতে কর পাইত। ঐ নগরবাসিদের এই এক প্রধান গর্ব্ব ছিল, যে তাহারাই প্রথমে নাবিকবিদ্যা সৃষ্টি করে, ও তাবৎ জাতীয়েরা ক্ষুদ্র ডিঙ্গা সকলদ্বারা বায়ু ও তরঙ্গের বিপরীতে সমুদ্র দিয়া গমন করিতে তাঁহাদের হইতেই শিখিয়াছে। টাইয়র্‌ নগর মেডিটরেনিয়ন্‌ অর্থাৎ ভূমধ্যস্থ সমুদ্রের পূর্ব্বতটে অতি উপযুক্ত স্থানে স্থাপিত ছিল ও তাহার ঘাট সকল অতি প্রশস্ত ও নির্ভয় এবং অতি সুগম ছিল; এবং নগরবাসিরা কর্ম্মিষ্ঠ ও পরিশ্রমী ও ধৈর্য্যাবলম্বী এবং বিদেশীয়দের প্রতি এমত দয়াশীল ছিল যে পৃথিবীর তাবৎ স্থানহইতে বাণিকেরা তথায় আগমন করিত। অতএব ইহাকে কোন বিশেষ জাতীয় নগর না কহিয়া বরং তাবজ্জাতীয় নগর ও তাহাদের বাণিজ্যের মধ্যস্থল ইহাই কহা যাইতে পারে।

আলেকসাণ্ডর্‌* বসন্ত ঋতুর আরম্ভ কালে গৌরব ও লভ্য জন্য টাইয়র্‌ নগর আপন হস্তগত করা অতি আবশ্যক ইহা নিশ্চয় করিলেন। মহাদ্বীপহইতে ক্রোশের ষষ্ঠাংশ অন্তরে সমুদ্রস্থ এক উপদ্বীপে ঐ নগর ছিল, তাহা একশত হস্ত ঊর্দ্ধ এক প্রাচীরদ্বারা রুদ্ধ, তচ্চতুর্দ্দিকে সমুদ্রবেষ্টিত ছিল। পূর্ব্বে টাইয়র্‌† বাসি কতক লোক অন্য এক স্থানে বসতি করিয়া কার্থিজীয়† নামে প্রসিদ্ধ হইয়াছিল, তাহারা আপনাদের আদি দেশের এই বিপদ কালে আশ্রয় দেওনে অঙ্গীকার করিল। তাহারা মহা পরাক্রমী ও সমুদ্রযুদ্ধ বিষয়ে সর্ব্ব হইতে শ্রেষ্ঠ ছিল। টির্‌ীয়েরা* এই সকল পূর্ব্বোক্ত কারণে ভরসান্বিত হইয়া আপনাদের সাধ্যক্রমে

ঐ নগর আলেক্‌সাণ্ডরকে* অর্পণ না করণের দৃঢ় প্রতিজ্ঞা করিয়াছিল; এই প্রতিজ্ঞা অনুচিত বটে কিন্তু মহৎ ছিল। কিন্তু পরে তাহারা এমত এক কুৎসিত কর্ম্ম করিল যে তাহারা ঐ মহৎ প্রতিজ্ঞার নিমিত্ত যে রূপ প্রশংসনীয় হইয়া ছিল তদ্রূপ এই কর্ম্মদ্বারা দুর্নাম গ্রস্ত হইল, কারণ আলেকসাণ্ডর* ঐ যুদ্ধাপেক্ষায় সন্ধিদ্বারা ঐ নগর আপন হস্তগত করিতে বাঞ্ছিত হইয়া তথায় দূত প্রেরণ করিলে নগরবাসিরা তাহাদের কোন নিবেদন শ্রবণ বা লাঘবতা স্বীকারে আলেক্‌সাণ্ডরের* কোপহইতে মুক্ত হইবার কোন চেষ্টা না করিয়া তাঁহার দূতদিগকে ছেদন করিয়া ঐ মৃতশব সকল নগর প্রাচীরের উপরহইতে সমুদ্র মধ্যে নিক্ষেপ করিল। তাহাদের এমত কদর্য্য অত্যাচার করাতে আলেক্‌সাণ্ডরের* যে কি রূপ ক্রোধ হইয়াছিল তাহা অনায়াসেই বোধ হইতে পারে। তিনি অবিলম্বে ঐ নগর আক্রমণ করণ পূর্ব্বক তাহা হস্তগত করিয়া সমভূমি করিতে দৃঢ় প্রতিজ্ঞা করিলেন।

টাইয়র্† নগর সমুদ্রদ্বারা মহাদ্বীপ হইতে পৃথক্ প্রযুক্ত আলেক্‌সাণ্ডর* তন্মধ্যভাগের সমুদ্র বন্ধন করিবার আবশ্যক বুঝিয়া অবিলম্বে আরম্ভ করাইলেন, এবং তাহার প্রায় সমাপ্তি হওন সময়ে শত্রুদের এক আগ্নেয় ডিঙ্গাদ্বারা ঐ সেতুর কাষ্ঠ সকল হঠাৎ দগ্ধ হইল, পরে তাহা পুনর্নির্ম্মাণ করণার্থে তাহার বাঁদ পূর্ব্বাপেক্ষায় শক্ত করিয়া নগরের নিকট পর্য্যন্ত লইয়া গিয়াছিলেন। এতৎকালে হঠাৎ এক প্রচণ্ড ঝড় উপস্থিত হওয়াতে কাষ্ঠের অধোভাগে যে সকল প্রস্তর ছিল তাহাতে জল প্রবিষ্ট হইয়া ক্রমে শিথিল হইয়া সমুদায় সমুদ্র মধ্যে পতিত হইল।

এতাদৃশ উদ্যোগ দুই বার ব্যর্থ হওয়াতে আলেক্সাণ্ডর* ভিন্ন ভাবতেরই উৎসাহ ভঙ্গ হইতে পারে, কিন্তু তাঁহার অজেয় সাহসকে ভয় দর্শাইতে বা তিনি যে কর্ম্ম দৃঢ় প্রতিজ্ঞা পূর্ব্বক আরম্ভ করিতেন তাহাহইতে ক্ষান্ত করিতে কাহারও সাধ্য ছিল না। তন্নিমিত্তে তিনি টাইয়র্ া নগর আক্রমণ সম্পন্ন করণার্থে সৈন্যদিগকে আপন অভিপ্রায়ে সম্মত করাইবার কারণ কহিলেন, যে পরমেশ্বর আমাদিগের পক্ষে আছেন, এবং আমাদিগের পরিশ্রমের জয়রূপ ফল অবশ্যই দিবেন। তাঁহার কথায় বিশ্বাস জন্মাইবার নিমিত্তে এই রূপ প্রচার করিলেন যে আপলো* দেবতা টিরীয়দের* এই দুর্দশা গ্রস্ত অবস্থায় পরিত্যাগ করিয়া যাইতে, প্রস্তুত হইয়াছেন, তজ্জন্য টিরীয়েরা* তাঁহাকে এক স্বর্ণ শৃঙ্খলদ্বারা বেদীপীঠে বন্ধন করিয়া রাখিয়াছে। এবং অন্য এক সময়ে ছল করিয়া কহিলেন যে মাসিডন্া দেশের রক্ষক দেবতা হর্কিউলি* আমার সম্মুখে প্রত্যক্ষ হইয়া গুরুতর আশা সকল প্রদান করিয়া টাইয়রা নগর হস্তগত করিতে আমাকে অনুমতি দিয়াছেন। এই সকল প্রবৃত্তিজনক কথাতে তাহাদের বিশ্বাস আর ও দৃঢ়তর হইল, যেহেতুক আচাযেরা গণিয়া কহিল যে তাহা তাবতেই পরমেশ্বরের অনুমত বটে। সুতরাং ইহাতে তাবৎ সৈন্যরাই প্রফুল্ল হইল এবং তাহাদের এমত জ্ঞান হইল যে তাহারা টাইয়রা নগরদ্বারে উপস্থিত হইয়াছে, অতএব তাহারা পূর্ব্বের ব্যর্থ পরিশ্রম সকল বিস্মৃত হইয়া পুনর্ব্বার অবিশ্রান্তে এক নূতন সেতু করিতে প্রবৃত্ত হইল।

শত্রুদের ডিঙ্গা সকল ঐ সেতুর কোন প্রকারে হিংসা করিতে না পারে এই অভিপ্রায়ে আলেক্সাণ্ডর* আপন ডিঙ্গা সকল প্রস্তুত করিয়া তদ্দ্বারা কেবল আপন

সেনাগণকে নিঃশঙ্ক করিলেন এমত নহে, কিন্তু শত্রুদের সহিতও যুদ্ধ করিতে চাহিলেন। সে যাহা হউক, টিরীয়েরা * ইহাতে অসম্মত হওয়া উচিত ভাবিয়া আপনাদের ডিঙ্গা সকল ঘাট মধ্যে লইয়া গেল।

সেই সময়ে আক্রমণকারিরা কোন বাধা না পাইয়া অবিশ্রান্ত পরিশ্রম পূর্ব্বক কর্ম্ম করাতে ঐ সেতু শীঘ্র সমাপ্ত হইয়া নগরের প্রাচীর পর্য্যন্ত গেল। পরে সেই নগরকে জল ও স্থল পথদ্বারা সর্ব্বতোভাবে আক্রমণ করা স্থির করিয়া ভূপতি আপন সকল ডিঙ্গাতে সৈন্য তুলিয়া শ্রেণীবন্ধ পূর্ব্বক দৃঢ় রজ্জুদ্বারা পরস্পর সংযোগ করিয়া তাহাদিগকে অর্দ্ধরাত্রে নগর প্রাচীর নিকটে চালাইয়া সাহস পূর্ব্বক আক্রমণ করিতে আজ্ঞা করিলেন। কিন্তু তিনি ঐ নগর আক্রমণ করেণ এমত কালে এক প্রচণ্ড ঝড় উপস্থিত হইয়া ডিঙ্গা সকলকে পৃথক্ করিয়া ছিন্ন ভিন্ন করিল, তাহাতে সে সকল নগরের প্রতি না যাইতে পারিয়া ফিরিয়া আসিতে বাধিত হইল।

টিরীয়েরা* আপনাদের সৌভাগ্যের এই চিহ্ন দেখিয়া পরমাহ্লাদিত হইল বটে, কিন্তু সে আহ্লাদ বহুকাল পর্য্যন্ত রহিল না, যেহেতুক তাহারা কার্থেজ্ নগরহইতে এই সংবাদ পাইল যে তন্নগরবাসিরা তাহাদিগকে কোন প্রকারে আশ্রয় দিতে পারিবে না, কেননা কার্থেজীয়দের * স্বদেশ সাইরেকুসদের * এক পরাক্রান্ত সৈন্যদ্বারা আক্রমিত হওয়াতে তাহারা অতিশয় ভীত হইয়াছিল। সুতরাং টিরীয়েরা * কেবল নিজশক্তি ও উপায়ে নির্ভর করিতে বাধিত হইয়া আপনাদের স্ত্রীলোক ও বালক সকলকে কার্থেজ্ নগরে প্রেরণ করত সাধ্যানুক্রমে স্বীয় নগর রক্ষা করিতে প্রস্তুত হইল; শত্রুরা ঐক্ষণে পূর্ব্বাপেক্ষায়

অধিক সাহসে টিরীয়দিগকে * আক্রমণ করিতে ছিল। টিরী-য়েরা * যে আপনাদের রক্ষা জন্য বহু উপায় করিয়াছিল, ইহা অবশ্যই সত্য বটে, এবং সে সময়ের যুদ্ধ নীতি সকল যে প্রকার বিশৃঙ্খল ছিল, তাহা বিবেচনা করিলে ঐ উপায় সকলকে অতি আশ্চর্য্য বোধ করিতে হয়। শত্রুরা টিরীয়দের * প্রতিকূলে যে সকল বাণ নিক্ষেপ করিয়াছিল, তাহা ঘূর্ণিত চক্রাস্ত্র সমূহদ্বারা কিয়ৎ ভগ্ন ও কতক অন্যদিকে পতিত হওয়াতে আপনারা রক্ষা পাইয়াছিল। আর শত্রুরা যে সকল প্রস্তর তাহাদের প্রতি নিক্ষেপ করিয়াছিল তাহার বেগন্যূন করিতে তাহারা কোমল বস্ত্র পূর্ণিত ভিত্তি ও পাইল ব্যবধান করিয়াছিল; ইহার ফল এই, যে ঐ সকল ভিত্তি ও পাইল কোমল বস্তুতে নির্মিত প্রযুক্ত প্রস্তর সকল অনায়াসে তন্মধ্যে প্রবিষ্ট হইতে লাগিল, সুতরাং তাহাদের শরীরে কোন আঘাত লাগিল না। শত্রু ডিঙ্গা তাহাদের নগর প্রাচীরের প্রতিকূলে আইলে তাহার বিনাশ হয় এই অভিপ্রায়ে তাহারা বৃহৎ২ কাষ্ঠোপরি কাস্তা এবং আঁকড়িয়া ধরিবার লৌহ অস্ত্র সকল স্থাপন করিয়া ও প্রস্তরাদি নিক্ষেপণার্থে এক প্রকার যন্ত্র স্থাপন করিয়া তদুপরি বাণের পরিবর্ত্তে ঐ পূর্ব্বোক্ত বৃহৎ২ কাষ্ঠ প্রভৃতি স্থাপন করিয়া শত্রুদের প্রতি নিঃক্ষেপ করিতে লাগিল ঐ কাষ্ঠের অতি গুরুত্ব প্রযুক্ত শত্রুদের কতক ডিঙ্গা চূর্ণায়মান ও কতক বা ঝুলান কাস্তাদ্বারা খণ্ড২ হইল। এই সকল উপায় ভিন্ন টিরীয়েরা * অপর এক উপায় করিয়াছিল যথা, রক্তবর্ণবৎ সুতপ্তপিত্তলের ঢাল সকলে উত্তপ্তবালুকা পূর্ণিত করিয়া প্রাচীরের উপরিভাগহইতে শত্রুদের প্রতি নিক্ষেপ করিয়াছিল। মাসিডোনীয়েরা * সর্ব্বাপেক্ষায় এই শেষোক্ত নাশক যন্ত্রে

অতিশয় ভীত হইয়াছিল, যেহেতুক তাহাদের যুদ্ধে শরীর রক্ষার্থে যে পরিচ্ছদ ছিল তাহার ছিদ্র মধ্যদিয়া ঐ উত্তপ্ত বালুকা মাংসস্পর্শ হইবামাত্রেই অস্থিমধ্যে এমত কঠিন রূপে সংলগ্ন হইত যে তাহা কোনমতে আকর্ষণ করা যাইত না। অতএব সৈন্যেরা ইহার অতিশয় যাতনাতে আপনাদের অস্ত্রাদি পরিত্যাগ করিয়া বস্ত্রাদি খণ্ড২ করতঃ উলঙ্গ হইলে টিরীয়েরা * অনায়াসে তাহাদিগকে অস্ত্রে বিদ্ধ করিতে লাগিল।

ঐ আক্রমণ বহুকাল স্থায়ি হওয়াতে টিরীয়দের * উপায় ও সাহস বৃদ্ধি হইতে লাগিল, জানিয়া আলেক্সাণ্ডর * শেষ উদ্যমে যাহা হয় তাহা ভাবিয়া তাহাদিগকে একেবারে সমুদ্র ও স্থলপথে আক্রমণ করিতে প্রতিজ্ঞা করিলেন। আলেক্সাণ্ডর * আপনি সেতুস্থিত সৈন্য মধ্যে অবস্থিতি করিয়া আপন ডিঙ্গা সকলকে সাহসি সেনার সহিত শ্রেণী বদ্ধে শত্রু ডিঙ্গা সকলের প্রতিকূলে গমন করিতে অনুমতি করিলেন, ইহার অভিপ্রায় এই যে শত্রুরা একেবারে নানা প্রকার বিপদ দেখিয়া ভয়ে মগ্ন হইবেক। অতএব এইক্ষণে সর্ব্বদিক্‌হইতে তুল্য ও অনিবারণীয় ক্রোধ ও পরাক্রমদ্বারা আক্রমণারম্ভ হইল। নগর প্রাচীরের কোন২ অংশ এক প্রকার মেষাকৃতি যন্ত্রদ্বারা ভগ্ন হইয়াছিল, ও যে২ স্থানে সেতু সকল ভগ্ন হইয়াছিল আর্জিরাস্পিডিরা * আড্মিট * নামক এক মহাপরাক্রান্ত অধ্যক্ষের সহিত গমন করিয়া সেই২ ভগ্ন স্থানোপরি দুর্জয় সাহস পূর্ব্বক অবিলম্বে আরোহণ করিল। কিন্তু ঐ আড্মিট * যে কালে আপন সৈন্যগণকে সাহস দিতে ছিলেন সেই সময়ে এক বর্ষাঘাতে তাঁহার প্রাণ বিয়োগ হইল।

আলেক্‌সাণ্ডর * আপনি সংগ্রামে উপস্থিত হইয়া অজেয় সাহস প্রকাশ করাতে তাঁহার সৈন্যগণের সাহস অতিশয় বৃদ্ধি হইল। তিনি সেতুস্থ এক অতিউচ্চ মঞ্চোপরি আরোহণ করিয়া এমত বিপদগ্রস্ত হইয়াছিলেন যে তাঁহার জীবদ্দশায় তত্তুল্য আপদ আর কোন কালেই হয় নাই; তাঁহার এতাদৃশ আপদগ্রস্ত হইবার কারণ এই, যে তিনি আপন রাজচিহ্ন ও ঐশ্বর্য্যশালি অস্ত্র সকলের দ্বারা তাঁহাকে সকলে প্রভেদ করিতে পারিয়া তাঁহার প্রতি বাণ বৃষ্টি করিতে লাগিল। ইহাতে ঐ সম্রাট অতি অদ্ভুত কীর্ত্তি করিয়াছিলেন; যথা শত্রুদের অনেক প্রাচীররক্ষকদিগকে স্বীয় বর্ষায় বিদ্ধ করিয়া তাহাদের নিকটে গিয়া নিজ অসি ও ঢালদ্বারা উভয় হস্তে কতককে সমুদ্রে নিক্ষেপ করিলেন ও কিয়ৎকে বা নগরমধ্যে তাড়াইয়া দিলেন। তিনি যে মঞ্চোপরি থাকিয়া সংগ্রাম করিতেছিলেন তাহা প্রায় ঊর্দ্ধে নগর প্রাচীরের তুল্য ছিল। অতএব আপনার প্রধান২ সৈন্যাধ্যক্ষের সহিত ঐ প্রাচীরোপরি আরোহণ করিয়া দুইটা উচ্চ দুর্গ ও তন্মধ্যস্থ স্থল সকল আপনি অধিকার করিলেন। মেষযন্ত্রদ্বারা তিনি প্রাচীরের অনেক স্থান ভগ্ন করিয়াছিলেন, ও তাঁহার ডিঙ্গা সকল টিরীযদের * ঘাটমধ্যে সকলে প্রবিষ্ট হইল, ও কতক মাসিডোনীয়েরা * টিরীয়দের* ত্যজ্য দুর্গ সকল অধিকার করিল। শত্রুরা নগরপ্রাচীর অধিকার করিয়াছে দেখিয়া টিরীয়েরা * আজিনরকে * আহ্বান করিয়া স্বায়ত্তস্থানে প্রস্থান করিয়া তথায় অবস্থিতি করিল; কিন্তু আলেক্‌সাণ্ডর * আত্মশরীর রক্ষক সৈন্যের সহিত আগমন করতঃ তাহাদের কতককে হত্যা করাতে অবশিষ্টেরা পলায়ন করিল। সেই সময়ে টাইয়রের। ঘাটের নিকটবর্ত্তি স্থল জয় হইলে

কোন প্রাণীও রক্ষা পাইল না; কেবল আলেক্সাণ্ডরের* সৈন্যস্থ মাসিডোনীয়দের* হস্তে যাহারা পতিত হইয়াছিল তাহারাই রক্ষা পাইল; যে হেতুক মাসিডোনীয়েরা* টিরীয়দেব* স্বদেশীয় জানিয়া গুপ্ত ভাবে তাহাদের ডিঙ্গা মধ্যে লইয়াগিয়াছিল। এই যুদ্ধে এত অসংখ্য প্রাণী নষ্ট হয় যে তাহা কথনে প্রায় বিশ্বাস হয় না। সমরে জয়ী হইয়াও ভূপতির কোপ শান্ত হইল না, যেহেতুক আক্রমণ সময়ে টিরীয়দের* প্রায় যে দুই সহস্র লোক বদ্ধ হইয়াছিল তাহাদিগকে তিনি সমুদ্রতটে গজালদ্বারা ক্রূশে বিদ্ধ করিতে আজ্ঞা করিলেন। সর্ব্ব শুদ্ধ ত্রিংশৎ সহস্র লোক যুদ্ধে বদ্ধ হইয়া সকলে নানা দেশে দাসরূপে বিক্রীত হইয়াছিল। যে টাইয়র† নগর বহু কাল পর্য্যন্ত সর্ব্ব দেশহইতে শ্রেষ্ঠ ছিল এবং যদ্দেশে দূরদেশস্থেরা বাণিজ্যবিদ্যা শিক্ষা করিয়াছিল তাহার এইরূপে বিনাশ হইল।

আলেক্সাণ্ডর* যে কালে টাইয়র† নগরাক্রমণে ব্যস্ত ছিলেন সেই সময়ে ডেয়াইয়* আলেক্সাণ্ডরকে* রাজ সম্বোধন করিয়া আত্মন্যূনতা স্বীকার পূর্ব্বক পুনর্ব্বার এক পত্র তাঁহার নিকটে প্রেরণ করিয়া আপন মাতার ও স্ত্রীর বন্ধন মুক্ত করিবার কারণ তাঁহাকে দশ সহস্র টেলণ্ট মুদ্রা দিতে স্বীকৃত হইলেন, এবং এতদ্ভিন্ন আর কহিলেন যে যদ্যপি তুমি আমার সহিত সন্ধি কর, তবে তুমি ইউফ্রেটি† নদী পর্য্যন্ত যে সকল প্রদেশ জয় করিয়াছ তাহা দিতে কোন আপত্তি করিব না, ও আমার কন্যা ষ্টাটিরাকে* তোমার সহিত বিবাহ দিব। যে কালে আলেক্সাণ্ডর* সভামধ্যে এই সকল লাভজনক পণের গ্রাহ্য বা অগ্রাহ্য করিবার জন্যে

বিবেচনা করিতেছিলেন, সেই সময়ে পার্মিনিও* কহিলেন যে আমি আলেক্সাণ্ডর* হইলে এই পণ সকল অবশ্যই গ্রাহ্য করিতাম। ইহাতে সম্রাট্ উত্তর করিলেন যে আমি যদ্যপি পার্মিনিও* হইতাম তবে আমিও তাহা গ্রাহ্য করিতাম। কিন্তু যে ব্যক্তিকে পরাজয় করিয়াছেন তাঁহার কোন কথায় স্বীকৃত হইতে অপমান বোধ করিয়া ও যাহা তিনি আপন জয়োপার্জ্জিত ধন বোধ করিয়াছিলেন তাহা অনুগ্রহস্বরূপে প্রাপ্ত হইতে অহংকার পূর্ব্বক অগ্রাহ্য করিলেন।

টাইয়র† নগর আক্রমণ কালীন যিরূসালম† বাসিরা তাঁহার সৈন্য সকলকে আহার দ্রব্য দেওনে অস্বীকার করাতে আলেক্সাণ্ডর* অতিশয় কুপিত হইয়া তাহাদের সমুচিত দণ্ড করিবার কারণ টাইয়র্† হইতে তথায় যাত্রা করিলেন; কিন্তু নগরবাসিদের নিকটহইতে কতক লোক জাডুয়া* নামক তাহাদের প্রধান পুরোহিতকে অগ্রে করিয়া আসাতে তাঁহার কোপ শান্ত হইল। ঐ পুরোহিতের শুক্লবস্ত্র পরিধান ও শিরে মুকুট ছিল, ঐ মুকুটের সম্মুখে পরমেশ্বরের নামাঙ্কিত ছিল। ঐ ব্যক্তি আসিবা মাত্রেই সম্রাট্ সম্মান পূর্ব্বক গাত্রোত্থান করতঃ তাহার শিরোপরি লিখিত পরমেশ্বরের নামের পূজা করিয়া ঐ ধার্ম্মিক পুরোহিতকে প্রণাম করিলেন। তাঁহার কতক প্রিয়পাত্রেরা জগৎ পূজিত যে ব্যক্তি তিনি যিহূদীয়দের* প্রধান ধর্ম্মাধ্যক্ষকে প্রণাম করিলেন দেখিয়া অতিশয় চমৎকৃত হওয়াতে ভূপতি তাহাদিগকে কহিলেন যে আমি ঐ ধর্ম্মাধ্যক্ষকে প্রণাম করি নাই কিন্তু পরমেশ্বরকে প্রণাম করিতেছি, কারণ যে কালে আমি মাসিডোনীয়াস্থ ডাইয়্† নগরে পার্শীদের* সহিত যুদ্ধ করিবার

নিমিত্ত নিতান্ত ইচ্ছুক হইয়া কি প্রকারে আশিয়া † জয় করিব ইহা ভাবিতেছিলাম, সেই কালে এই ব্যক্তি এই বেশে স্বপ্নে আমার সম্মুখে উপস্থিত হইয়া শঙ্কা পরিত্যাগ পূর্ব্বক সাহসে হেলস্পণ্ট † পার হইতে আজ্ঞা করিয়া দৃঢ়রূপে কহিলেন যে পরমেশ্বর স্বয়ং তোমার সৈন্যের অগ্রে গমন করিয়া তোমাকে পার্শীদের* যুদ্ধে জয়ী করিবেন। এই কথা যথার্থ বোধ হয় এমত করিয়া কহাতে তাঁহার সৈন্যেরা অবশ্যই আশ্বাস পাইয়াছিল, এবং তাহাদের এই দৃঢ় জ্ঞান হইল যে আলেক্সাণ্ডর* পরমেশ্বরের প্রেরিত ব্যক্তি।

যিরূসালম † হইতে আলেক্সাণ্ডর * গাজা † নগরে গমন করিয়া তথায় যেমত প্রতিযোগ পাইবার সম্ভাবনা ছিল তাহাহইতে দারুণ বাধা প্রাপ্ত হওয়াতে দুর্গরক্ষক দশ সহস্র লোককে হত করিয়াছিলেন। এতাদৃশ নিষ্ঠুরাচরণ করিয়াও শান্ত না হইয়া আকিলি * যেরূপ হেক্টরকে* ট্রয় † নগরের চতুর্দ্দিকে টানিয়াছিলেন তদনুরূপ করিবার নিমিত্ত তিনি গাজা দেশস্থ শাসনকর্ত্তা বিটির* গুল্ফদ্বয়ে ছিদ্র করিয়া রজ্জুদ্বারা তাঁহাকে আপন রথ পশ্চাতে বদ্ধ করিয়া গাজা † নগরের প্রাচীর বেষ্টন করিলেন। ঐ আকিলির * বিবরণ হোমরের * গ্রন্থ আছে; অতএব আলেক্সাণ্ডরের* হোমরের* গ্রন্থ পাঠ করায় অতি মন্দকার্য্য দর্শিয়াছিল, যেহেতুক আকিলির * অনুরূপ করণের চেষ্টায় তিনি তাঁহার যেং কুব্যবহার ছিল তাহাই গ্রহণ করিয়াছিলেন।

আলেক্সাণ্ডর * গাজায় † এক দল সৈন্য রাখিয়া ইজিপ্ট † দেশের প্রতিকূলে যাত্রা করিয়া কোন বাধা ব্যতিরেকে তাহা অধিকার করিলেন। এই স্থানে তিনি লিবিয়া † দেশের বালুকাময় মরুভূমিস্থ জুপিটর* দেবের মন্দির দেখিতে মনস্থ

করিলেন, তাহা ইজিপ্তের † প্রধান নগর মেম্‌ফি † হইতে দ্বাদশ দিবসের পথ। তিনি জুপিটরের * পুত্র এমত প্রচার করাইবার নিমিত্তে তথায় গমন করিয়াছিলেন। এই যত্ন তাঁহার বহুকাল পর্য্যন্ত ছিল, তথায় গমন কালীন তিনি আলেক্সাণ্ড্রিয়া † নগর স্থাপন করিলেন, তাহা অতি শীঘ্র বাণিজ্যবিষয়ে পৃথিবীর মধ্যে প্রধান নগর হইল। তিনি যে নিবিড় বন মধ্য দিয়া গমন করিয়াছিলেন তাহা অত্যন্ত ভয়ানক, এবং কবিরা কহেন যে যে স্থানে ঐ মন্দির স্থাপিত ছিল সে স্থান অতি মনোহর, নিবড়ারণ্যমধ্যে স্থাপিত হইয়াও দেবলোকের ন্যায় রম্য ছিল। পরে আলেক্‌সাণ্ডর * তথায় উপস্থিত হইয়া জুপিটরের * যজ্ঞবেদির সম্মুখে দণ্ডায়মান হইলে যাজক তাঁহার অভিপ্রায় বুঝিয়া কহিলেন যে তুমি জুপিটরের * পুত্র। ভূপতি এতাদৃশ সম্ভ্রম প্রাপ্ত হওয়াতে উল্লাসিত হইয়া যাজককে প্রশ্ন করিলেন যে আমার অভীষ্ট লাভ হইবে কি না? ইহাতে তিনি উত্তর করিলেন মহারাজ আপনি জগদাধিপতি হইবেন। অপর সম্রাট তাঁহাকে জিজ্ঞাসা করিলেন যে আমার পিতার হত্যা কারিরা প্রতিফল পাইয়াছে কি না? ইহাতে যাজক কহিলেন যে মহাশয়ের পিতা যে জুপিটর * তিনি অমর, অতএব তাঁহাকে হত্যা করিতে কাহারও শক্তি নাই; কিন্তু ফিলিপের * হত্যা কারিরা সকলেই উচ্ছিন্ন হইয়াছে।

এই সময়হইতে আলেক্সাণ্ডর * আপনি ভাবিতেন কিম্বা ইচ্ছা করিতেন যে লোকেরা তাঁহাকে জুপিটরের * পুত্র ভাবে। তিনি আপনাকে দেবকুলোদ্ভব জ্ঞানে মত্ত হইয়াও করুণা স্বভাব ও যুদ্ধ লব্ধ স্ত্রীগণের প্রতি দয়া পরিত্যাগ করেন নাই। তাহার প্রমাণ যথা, এই সময়ে

ডেরাইয়ের* পত্নী ষ্টাটিরা* প্রসববেদনায় পঞ্চত্ব পাইলে স্বামির নিকটে যেরূপ সম্মান ও সমারোহ পূর্ব্বক তাঁহার অন্ত্যেষ্টিক্রিয়া হইত আলেক্‌সাণ্ডর*ও সেই রূপ করিলেন। আলেক্‌সাণ্ডরের* শত্রুপত্নীর প্রতি সম্মান করাতে ডেরাইয়* এমত চমৎকৃত হইয়াছিলেন যে ঐ সংবাদ পাইবা মাত্রেই তিনি স্বর্গপথে দৃষ্টি করিয়া কহিলেন, যে হে দেবগণ, তোমরাই আমাদের রক্ষক ও তোমাদের আজ্ঞায় তাবৎ রাজ্যের শুভ ও অশুভ হয়, অতএব এইক্ষণে আমাকে এই আশীর্ব্বাদ কর যে আমার রাজ্যাভিষেক হওন কালে পারস রাজ্যকে যেরূপ ঐশ্বর্য্য বিশিষ্ট আমি পাইয়াছিলাম যেন সেইরূপ অবস্থায় তাহা পরিত্যাগ করিয়া আলেক্‌সাণ্ডরকে* দিয়া যাইতে পারি, তাহাতে আলেকসাণ্ডর* আমার স্ত্রীর প্রতি যেরূপ সম্মান করিয়াছেন তাহার উপযুক্ত প্রত্যুপকার হইবে। কিন্তু যদ্যপি ঐশ্বর্য্যবন্ত পারস্য রাজ্য নিতান্তই বিনষ্ট হয় তবে সাইরের* সিংহাসন আলেক‍সাণ্ডর* ভিন্ন অন্য কেহ যেন প্রাপ্ত না হয়েন।

সে যাহা হউক আলেক্‌সাণ্ডর* ডেরাইয়ের* মাতা ও স্ত্রীর প্রতি দয়া প্রকাশ করিয়াছিলেন বটে, কিন্তু তিনি পারস রাজার প্রতি অতিশয় নিষ্ঠুর ব্যবহার করিয়াছিলেন, যে হেতুক ডেরাইয়* সন্ধির কারণ তাঁহার নিকট যেং আবেদন করিয়াছিলেন তাহা সকলই তিনি অগ্রাহ্য করিলেন, সুতরাং পারসভূপতি সাধ্যানুসারে আপন রাজ্য রক্ষা করিবার অভিপ্রায়ে পুনর্ব্বার সৈন্য সংগ্রহ করিতে বাধিত হইলেন। এবং তদুদ্যোগে অতিশয় সাহস পূর্ব্বক পরিশ্রম করিয়া পূর্ব্বাপেক্ষায় প্রায় অর্দ্ধেক সৈন্য সংগ্রহ করিয়া আলেক্‌সাণ্ডরের* গমনে প্রতিযোগ করিতে যদি পারি এই অভি-

প্রায়ে তিনি টাইগ্রি† নদী তীরে গমন করিলেন। কিন্তু তাঁহার সে আশা বিফল হইল, যেহেতুক আলেক্সাণ্ডরের* গ্রানিক† নদী উত্তীর্ণ হইতে যেরূপ সহজ হইয়াছিল তদপেক্ষায় তিনি স্বচ্ছন্দে টাইগ্রি† নদী দ্রুত উত্তীর্ণ হইয়া শত্রুদের আগমন আশয়ে দুই দিবস পর্য্যন্ত তীরে অবস্থিতি করিলেন। কিন্তু ডেরাইয়† তাঁহার সহিত স্বেচ্ছায় যুদ্ধ করিতে প্রবৃত্ত হইবেন না নিশ্চয় করিয়া আপনি তাঁহার প্রতিকূলে গমন করিতে প্রতিজ্ঞা করিলেন। এই সময়ে এক চন্দ্রগ্রহণ হওয়াতে তাঁহার সৈন্যেরা অতি ভীত হইল, যেহেতুক তৎকালের লোকেরা গ্রহণের কারণ অজ্ঞাত প্রযুক্ত ভাবিত যে ইহা নিতান্ত দুর্দ্দশা সূচক। কিন্তু আলেক্সাণ্ডর* যুদ্ধ ও রাজনীতি বিষয়ে অতি সুবোধ প্রযুক্ত ইজিপ্ট† দেশীয় ভবিষ্যদ্বক্তাকে আনয়ন করিলে তাঁহারা কহিলেন যে ঐ গ্রহণ গ্রীকদের* কোন মন্দ সূচক নহে পার্শীদের*ই বিপদজনক। আলেক্সাণ্ডর* এই উপায়দ্বারা আপন সৈন্য গণকে নিঃশঙ্ক করিয়া তাহাদের সহিত শত্রু প্রতিকূলে যাত্রা করিলেন।

পরদিবস প্রভাতে আলেক্সাণ্ডর* শুনিলেন যে ডেরাইয়* দশ ক্রোশ অন্তরে আছেন, এবং তাহার কিছু কাল পরেই পারসভূপতির এক দূত তাঁহার নিকট আসিয়া পূর্ব্বাপেক্ষায় লভ্য দর্শাইয়া তাঁহার সহিত সন্ধি করিতে প্রার্থনা করিলেন। কিন্তু আলেক্সাণ্ডর* কোন মতে তাহা গ্রাহ্য না করিয়া মহা গর্ব্ব পূর্ব্বক কহিলেন যে পৃথিবীতে দুইসূর্য্য কিম্বা দুই ভূস্বামী থাকিতে পারে না। অতএব সন্ধি হওনের সকল আশা এই মতে শেষ হওয়াতে উভয় পক্ষীয়েরা তুল্য রূপে ক্রুদ্ধ ও গৌরবাকাংক্ষী হইয়া যুদ্ধোদ্যোগ করিতে লাগিল। ডেরাইয়* আর্ব্বেলা†

নগরের কিঞ্চিদ্দূরে গাঙ্গামিলা † গ্রামের মাঠে অবস্থিতি করিলেন। আর্ব্বেলা † নগরের সন্নিকটে এই যুদ্ধ হইয়াছিল, এই নিমিত্তে তাহাকে আর্ব্বেলার † যুদ্ধ বলা যায়।

আলেক্‌সাণ্ডর * পূর্ব্বোক্ত স্থানে ডেরাইয়ের * শিবির করণ বার্ত্তা জ্ঞাত হইয়া ক্রমিক গমন করিয়া শত্রুদের হইতে কতক ক্রোশ অন্তরে উপস্থিত হইলেন; পরে আপন সৈন্যের বিশ্রাম কারণ চারিদিবস তথায় অবস্থিতি করত পঞ্চদিবসের বৈকালে গমন করিলেন; ইহার অভিপ্রায় এই যে প্রাতঃকালে ডেরাইয়কে* আক্রমণ করিব; কিন্তু তত্রস্থ পর্ব্বতোপরি উপস্থিত হইয়া তথা হইতে ডেরাইয়ের* সৈন্য দেখিতে পাইয়া আলেক্‌সাণ্ডর* গমনে নিবৃত্ত হইলেন, এবং আপন প্রধান২ সৈন্যাধ্যক্ষ সকলকে তথায় একত্র করিয়া তাহাদের সহিত এই পরামর্শ করিলেন যে শত্রুদের সহিত এই ক্ষণেই সমরে প্রবৃত্ত হওয়া, বা এই স্থানে শিবির করা উচিত। কিছু কাল এই বিষয় বিতর্ক করণের পর শেষ বিষয় অর্থাৎ কিছু কাল অবস্থিতি করাই পরামর্শ সিদ্ধ হইল, যেহেতুক তদ্দ্বারা আলেক্‌সাণ্ডর * রণস্থল বিশেষমতে নিরীক্ষণ করিতে ও ডেরাইয়ের* কি প্রকার সৈন্য সকল শ্রেণীবদ্ধ হইয়াছে তাহাও জ্ঞাত হইতে পারিবেন। গ্রীক সৈন্যেরা যে শৃঙ্খলায় গমন করিতেছিল সেই মতই শিবির করিল, এবং আলেকসাণ্ডর * লঘু অস্ত্রধারি পদাতিক ও রাজ সৈন্য দলের সহিত রণভূমি প্রদক্ষিণ করিলেন।

পার্মিনিও* আলেক্‌সাণ্ডরকে* কহিলেন যে মহাশয়, শত্রুদিগকে অকস্মাৎ রাত্রিতে আক্রমণ করিলে অনায়াসে পরাজয় করিতে পারিবেন; কিন্তু ভূপতি ইহাতে উত্তর করিলেন, যে আমি এমত অন্যায় ও গুপ্তরূপে জয়ী হইতে ঘৃণা করি; দিবাভাগে সম্মুখ যুদ্ধ করিয়া তাহাদের পরাজয় করিতে প্রতিজ্ঞা করিয়াছি। যুদ্ধে জয়ী

হইবেন আলেক্সাণ্ডর * তাহা দৃঢ় জ্ঞানে এমত নিশ্চিন্ত ছিলেন যে অন্য২ রাত্রি অপেক্ষায় যুদ্ধ দিবসের পূর্ব্ব রাত্রিতে তিনি নির্বিঘ্নে নিদ্রা গিয়াছিলেন, অতএব পার্মিনিও * প্রভাতে তাঁহার নিদ্রাভঙ্গ করিয়া কহিলেন, মহাশয়ের যুদ্ধে জয় পরাজয়ের সন্দেহ থাকিতে তৎপূর্ব্ব রাত্রিতে আপনি নিশ্চিন্ত হইয়া কি রূপে নিদ্রাগত ছিলেন? ইহাতে ভূপতি উত্তর করিলেন, যে শত্রুরা স্বেচ্ছায় আমার হস্তগত হইতে আসিয়াছে দেখিয়া আমি নিশ্চিন্ত না হইয়া আর কি করিব? এই কথা কহিয়া তিনি অস্ত্র ধারণ পূর্ব্বক অশ্বারোহণে তাবৎ সৈন্যের নিকট গমন করিয়া দুর্জ্জয় সাহস পূর্ব্বক তাহাদিগকে বিনয় করিয়া যুদ্ধ করিতে কহিলেন, যে তোমরা পূর্ব্বাপেক্ষায় অধিক গৌরব ও সুখ্যাতি পাইতে সচেষ্ট হও।

উভয় পক্ষীয় সৈন্যদের পারগতানুসারে এই যুদ্ধের শেষ হইয়াছিল। আলেক্সাণ্ডরের * চত্বারিংশৎ সহস্র পদাতিক ও সপ্ত কিম্বা অষ্ট সহস্র অশ্বারূঢ় সৈন্য ছিল, কিন্তু তাহারা তৎকালে পৃথিবীতে অন্যাপেক্ষায় সুশিক্ষিত ও সাহসী। ডারাইয়ের * অসংখ্য সামান্য লোক ছিল বটে, কিন্তু তাহারা কোনমতে সৈন্যের উপযুক্ত নহে, তাহারা অব্যবস্থিত ও অশিক্ষিত, সুতরাং সামান্য সাহসও তাহাদের ছিল না। সে যাহাহউক, ডারাইয়ের * বেতনভোগি গ্রীকেরা * তাঁহার অন্য২ সৈন্যের ন্যায় নহে, যেহেতুক তাহারা আর২ বিষয়ের ন্যায় এই যুদ্ধেও আপনাদের পূর্ব্ব গৌরব ও সুখ্যাতিযোগ্য সাহস প্রকাশ করিয়াছিল। কিন্তু আলেক্সাণ্ডর * অজেয় মাসিডোনীয়দের * সহিত গমন করিলে বিশেষত অশাস্ত্রীয় বিশ্বাসজনক, লক্ষণ দর্শাইয়া তাহাদের স্বাভাবিক সাহস বৃদ্ধি করিলে

তাঁহার উৎসাহ ও কোপের প্রতিযোগ করিতে কেহ কোনমতে সক্ষম হয় নাই। সেই দৈবলক্ষণ এই, যে দারুণ যুদ্ধের সময়ে আবিষ্টাণ্ডর্ * নামক ভবিষ্যদ্বক্তা শ্বেত বস্ত্র পরিধান পূর্ব্বক লারেল বৃক্ষের এক শাখা হস্তে লইয়া ঐ ঘোরতর সমরস্থলে আগমন করিয়া রাজাজ্ঞানুসারে উচ্চৈঃস্বরে কহিতে লাগিলেন, যে জয়ের লক্ষণস্বরূপ আলেক্সাণ্ডরের * মস্তকোপরি উড্ডীয়মান এক গরুড় পক্ষী দেখিতেছি, এবং তিনি আপন অঙ্গুলি হেলাইয়া সৈন্যদিগকে কহিতে লাগিলেন, ঐ দেখ গরুড় উড়িতেছে। ইহাতে সৈন্যেরা তাঁহার কথায় বিশ্বাস করিয়া আপনারা ঐ পক্ষিকে না দেখিয়াও দেখিয়াছে অনুভব করিয়া ঐ আচার্য্যের কথানুসারে আপনাদিগকে নিশ্চয় জয়িজ্ঞানে পূর্ব্বাপেক্ষায় অধিক সাহস পূর্ব্বক আক্রমণারম্ভ করিয়া শত্রুদের সকলকেই অত্যল্পকালে পরাঙ্মুখ করিল।

এই যুদ্ধে আলেক্সাণ্ডর * সামান্য সেনার ন্যায় বিপদে মগ্ন হইয়াছিলেন। তিনি ডাবাইয়ের * ঘোটকরক্ষককে বর্ষায় বিদ্ধ করিলেন, এবং অনুমান হয় যে ঐ রাজা শীঘ্র পলায়ন না করিলে আলেক্সাণ্ডর * তাঁহাকেও আঘাতী বা হত করিতেন। আলেক্সাণ্ডর * বহুদূর পর্য্যন্ত পলায়িত পারস সৈন্যের পশ্চাৎ২ ধাবমান হইয়াছিলেন, কিন্তু পার্মিনিয়ের * সহায়তার কারণ তাঁহাকে শীঘ্রই পুনরাগমন করিতে হইল, যেহেতুক পার্মিনিও * বামপার্শ্বস্থ সৈন্যের সহিত যে সকল পারস্ অশ্বারূঢ় সৈন্যদিগকে প্রতিযোগ করিতেছিলেন তাহাদের পরাজয় করণে সক্ষম হয়েন নাই। সে যাহা হউক, তিনি আলেক্সাণ্ডরের * আগমনের পূর্ব্বেই তাহাদিগকে ছিন্ন ভিন্ন করিলেন, এবং আলেক্সাণ্ডর * পার্শ্বীদিগকে * রণস্থল পরি-

ত্যাগ করিতে দেখিয়া তাহাদের প্রায় তাবৎকেই হত করিলেন। অতএব পার্শীরা * এই প্রকারে সর্ব্বস্থানে পরাভূত হইয়া তাবতেই পরাঙ্মুখ হইলে মাসিডোনীয়েরা * অতিশয় সাহস ও কোপ পূর্ব্বক তাহাদের পশ্চাদ্গামী হইয়া বিস্তর হত্যা করিতে লাগিল। আলেক্সাণ্ডর * ডারাইয়ুকে * ধরেন্‌ঃ এমত আশায় তাঁহার পশ্চাৎং আর্বেলা † নগর পর্য্যন্ত অশ্বপৃষ্ঠে গমন করিয়াছিলেন; ফলতঃ তিনি প্রায় ধরিয়াছিলেন, যেহেতুক ডারাইয়ু * আরেলা † নগর পরিত্যাগ করিবা মাত্রেই তিনি তথায় উপস্থিত হইলেন। সে যাহাহউক, পারস্ * ভূপতি পলাইয়া আত্মজীবন রক্ষা করিলেন বটে, কিন্তু তাঁহাকে ধন সম্পত্তি সকল পরিত্যাগ করিয়া যাইতে হইল, সুতরাং সে সকল আলেক্সাণ্ডরের * হস্তগত হইল।

যে যুদ্ধঘটনায় আলেক্সাণ্ডর * আশিয়ার † অধিপতি হইয়াছিলেন, পূর্ব্বোক্ত রূপে তাহার শেষ হইল। ঐ সময়ে পার্শীদের * এত অসংখ্য সৈন্য বিনষ্ট হয় যে তাহা প্রায় অবিশ্বসনীয়। আরিয়ন্ * নামক বিবরণবক্তা কহেন, যে ঐ যুদ্ধে পার্শীদের * যে সকল লোক রণে বদ্ধ হয় তাহা ভিন্ন তাহাদের তিন লক্ষ লোক হত হইয়াছিল। তাহাদের অপেক্ষায় মাসিডনীয়দের * অনেক ন্যূন সৈন্য বিনষ্ট হয়; ঐ বিবরণবেত্তা কহেন যে তাহাদের এক সহস্র দুই শতের অধিক লোক হত হয় নাই, এবং ঐ বিনষ্ট ব্যক্তিদের মধ্যে অশ্বারূঢ়ই অধিক।

ডারাইয়ের * এমত ভয়ানকরূপে পরাভব হওয়াতে নিকটস্থ প্রদেশিরা এমত শঙ্কিত হইয়াছিল যে আলেক্সাণ্ডর * তাবৎ পর্শিয়া † দেশ অধিকার করিতে কিছু মাত্র

ব্যাঘাত প্রাপ্ত হয়েন নাই। বাবিলন্ † ও সিউসা † নগর আক্রমিত হইবার পূর্ব্বেই তাঁহার অধীন হইল, এবং ঐ উভয় নগরেই তিনি অসংখ্য ধনসম্পত্তি প্রাপ্ত হইলেন। পরে পারস্* ভূপতির মাতা ও পুত্রাদিকে সিউসা† নগরে রাখিয়া আপনি আকসাই * জাতীয়দের দেশে গমন করিয়া তথাকার শাসনকর্ত্তা মাডাথি * বর্ত্তৃক অল্প ব্যাঘাত প্রাপ্ত হইয়াছিলেন বটে, কিন্তু তিনি শীঘ্র তাঁহাকে পরাস্ত করিয়া ডারাইয়ের * মাতা সিস্‌গাম্বির * বিনয়ে তাঁহাকে ক্ষমা করিলেন; মাডাথির * রক্ষার্থে ডারাইয়ের * মাতার বিনয় করিবার কারণ এই, যে ঐ শাসনকর্ত্তা রাজ্ঞীর নৈকট্য কুটুম্ব ছিলেন। আকসাইদের * দেশহইতে ভূপতি অতিক্রান্ত পার্সিপোলিস † নামক পার্শিয়ার † রাজধানীতে যাত্রা করিলেন, কারণ তত্রস্থ অধ্যক্ষ টিরিডাটি * তাঁহাকে এই সমাচার পাঠাইয়া দিলেন, যে তদ্দেশস্থেরা ডারাইয়ের * ধনসম্পত্তি সকল আপনাদের হস্তগত করিতে উদ্যোগ করিতেছে। সে যাহাহউক আলেক্সাণ্ডর * তথায় পৌঁছিয়া তাহাদের আশা ভঙ্গ করিয়া যে সকল ধন তথায় ও অন্য২ দেশে প্রাপ্ত হইয়াছিলেন তাহা আপনার অত্যন্ত সাহসী ও উপযুক্ত লোকদিগকে বণ্টন করিয়া দিলেন।

সময় বিশেষে মনুষ্যকে কতদুঃখ সহ্য করিতে হয় তাহার এক আশ্চর্য্য প্রমাণ আলেক্সাণ্ডর * পার্সিপোলিতে † গমন কালীন দেখিয়াছিলেন। যথা চারি সহস্র গ্রীক লোক পূর্ব্বের এক যুদ্ধে বদ্ধ হইয়া পার্শীদের * হইতে অনেক যাতনা সহ্য করিয়াছিল; তাহাদের কেহ বা হস্তহীন ও কেহ বা পাদবিহীন এবং কেহ২ কর্ণ ও নাসিকাহীন, তাহাদের আকার ভূতের ন্যায় হইয়াছিল; অতএব তাহাদের বাক্‌শক্তি না থাকিলে তাহাদিগকে কেহ মনুষ্যবোধ করিত না। তাহারা

অতিশয় খেদপূর্ব্বক ভূপতিকে আপনাদের দুঃখমোচনার্থে বিনয় করিতে লাগিল, এবং তাহাদের এতাদৃশ দুঃখাবস্থা দর্শনে সম্রাট্ অশ্রুপাত করিয়া কহিলেন, তোমরা নিরাশ না হইয়া নিশ্চয় জ্ঞান কর যে পুনর্ব্বার স্বদেশে যাইয়া আপনাদের স্ত্রীপুত্রাদি দেখিতে পাইবা। কিন্তু সে স্থানে তাহাদের দুঃখ স্বাভাবিক বোধ হইয়াছিল, তৎপ্রযুক্ত তাহারা স্বেচ্ছায় তথায় অবস্থিতি করিতে চাহিল। আলেক্সাণ্ডর* তাহাদের দুঃখের বিমোচন কারণ যথেষ্ট ধনদান করিয়া তত্রস্থ শাসনকর্ত্তাকে তাহাদের সহিত সুশীলতা ও মর্য্যাদা পূর্ব্বক ব্যবহার করিতে আজ্ঞা করিলেন।

আলেক্সাণ্ডর * পর্সিপোলি † নগরে প্রবিষ্ট হইবা মাত্রেই বহু ধনসম্পত্তি প্রাপ্তিতে সন্তুষ্ট হইয়া নগরপ্রতিহিংসা করণে ক্ষান্ত হইতে মনস্থ করিয়াছিলেন এমত বোধ হয়; কিন্তু এক দিবস এক সাধারণ উৎসবে মদ্যপানে মত্ত হইলে পার্শীরা* তাবৎ গ্রীক† প্রদেশ বিশেষতঃ আথিনী † নগরে যে সকল নিষ্ঠুরাচরণ করিয়াছিল, তদ্বিষয়ে কথোপকথন হওয়াতে থাই * নামিকা এক আথিনীয় বারাঙ্গনা এই অবকাশ পাইয়া কহিলেন, যে যদ্যপি এতাদৃশ নিষ্ঠুরাচরণের কারণ পার্শীরা * সমুচিত দণ্ড না পায় তবে তাবৎ লোক গ্রীকদিগকে * অতি অধম ও ভীত জ্ঞান করিবে। ঐ বারাঙ্গনা আরও কহিলেন, যে বহুকষ্ট ও বহুকাল পর্য্যটন করিয়া আশিয়ায় † আমার আগমন করা অদ্য সফল হইল, যে হেতুক এইক্ষণে আমি পারস্* ভূপতির গর্ব্ব খর্ব্ব করিতে সক্ষম হইব; অতএব এইক্ষণে পর্সিপোলির † রাজবাটী বিনষ্ট করা অতিমহৎ কর্ম্ম ও আহ্লাদের বিষয়, এবং যে সর্ক্সি* আথিনী † নগর সমভূমি করিয়াছিলেন, তাহার রাজবাটী

দগ্ধ করিলে কি সম্মান ও আনন্দের বিষয় হইবে! বিশেষতঃ ইহাতে আমার পরম গৌরবের বিষয় হয়, কেননা ভবিষ্যৎকালে লোকেরা কহিবে যে গ্রীক † দেশস্থ গত সেনাপতিরা তাঁহাদের শত্রুকে যেরূপ শাস্তি দিয়াছেন তদপেক্ষায় অধিক দণ্ড তাহারা আলেকসাণ্ডরের * দলস্থ এক সামান্য স্ত্রীলোক অর্থাৎ আমাদ্বারা পাইয়াছে। থাইর* এই সকল কথাতে সকলেই তাঁহাকে প্রশংসা করিতে লাগিলেন, এবং ভূপতি উন্মত্ত ভাবে পুষ্পমুকুটে ভূষিত হইয়া গাত্রোত্থান পূর্ব্বক উল্কা হস্তে থাইর * অভিলাষ পূর্ণ করিতে গমন করিলেন। ইহাতে সভাস্থ তাবৎ লোক জয়২ শব্দে সম্রাটের পশ্চাদ্গামী হইয়া নৃত্য ও গান করিতে২ ঐ রাজবাটী বেষ্টন করিলেন। পরে ইহা দর্শনে তাবৎ মাসিডনীয়েরা* উল্কাহস্তে ধাবমান হইয়া সকল স্থানে অগ্নি সংযোগ করিল। সে যাহাহউক, আপনার এতাদৃশ উন্মত্ততায় শীঘ্রই খেদ জন্মিয়া আলেকসাণ্ডর* অগ্নি নির্ব্বাণ করিতে আজ্ঞা করিলেন, কিন্তু তৎক্ষণে অগ্নি প্রবল হওয়াতে তদ্বাক্য বিফল হইল।

ডারাইয়ু* পলায়ন করিয়া মিডিয়ার † রাজধানী একবেটেনায় † উপস্থিত হইলেন। এই রূপে তিনি শত্রুদের হস্তহইতে উত্তীর্ণ হইলেন বটে, কিন্তু নিজ বিশ্বাসঘাতক প্রজাদের কুমন্ত্রণায় মুক্ত হইতে পারেন নাই। তাঁহার অশ্বারূঢ় সেনাপতি নাবাজার্ন * ও বাকট্রিয়দের * অধ্যক্ষ বেস * উভয়ে মন্ত্রণাপূর্ব্বক এই স্থির করিয়াছিলেন, যে মাসিডনীয়েরা* নিকটস্থ হইলে ডারাইয়ুকে * ধরিয়া আলেকসাণ্ডরের * হস্তে সমর্পণ করিব, নতুবা সৌভাগ্যক্রমে পলায়ন করিতে পারিলে আপনাদের প্রভুকে নষ্ট করিয়া তাঁহার রাজ্যাপহরণ করিয়া পুনর্যুদ্ধারম্ভ করিব। তাহারা ডারাইয়ের *

বেতনভোগি গ্রীক সৈন্য ব্যতিরেকে তাঁহার আর সকল সৈন্যকে আপনাদের বশীভূত করিয়াছিল, কিন্তু ঐ গ্রীকেরা* পারস্* ভূপতির নিজপ্রজাদের এমত কদর্য্য বিশ্বাসঘাতক আচরণে ঘৃণা করত প্রাণপণ করিয়াও তাঁহার প্রাণ রক্ষা করিতে প্রস্তুত হইল। কিন্তু মহাত্মা ডারাইয়্* তাহা অস্বীকার করিয়া কহিলেন, যদ্যপি নিজ প্রজারাই আমার প্রাণ নষ্ট করিতে প্রস্তুত হইয়াছে, তবে বিদেশীয়দেরহইতে আমার বাঁচিবার আবশ্যক নাই। অতএব ঐ গ্রীকেরা* ডারাইয়ের* কোন উপকার করিতে পারিবে না বুঝিয়া আলেক্সাণ্ডরের* নিকটে গিয়া কহিল, যে আমাদের বিষয়ে তোমার যে ইচ্ছা তাহাই কর। এতাদৃশ সাহসে তিনি তাহাদিগকে কেবল ক্ষমা করিলেন এমত নহে কিন্তু তাহাদিগকে আপন সৈন্যদল ভুক্তও করিলেন।

ডারাইয়্* কোন প্রকার উপায় না পাইয়া অবশেষে ঐ কৃতঘ্ন ব্যক্তিদ্বয়কর্তৃক ধৃত হইলেন, তাহারা তাঁহাকে শৃঙ্খলে বদ্ধ করিয়া কিয়ৎকাল পর্য্যন্ত আপনাদের সঙ্গে লইয়া গেল। কিন্তু মাসিডনীয়েরা* অতি নিকটবর্ত্তী হইয়াছে দেখিয়া ও আপনারা আলেকসাণ্ডরের* সহিত কোন প্রকারে প্রণয় করিতে বা রাজ্যস্বামী হইয়া নিঃশঙ্কে থাকিতে পারিবে না বুঝিয়া অভাগ্যবান্ ডারাইয়কে* শৃঙ্খলহইতে মুক্ত করিয়া আপনাদের সহিত পলায়ন করিতে কহিল। কিন্তু তিনি তাহা অস্বীকারে পরমেশ্বরকে সাক্ষী করিয়া কহিলেন, হে ঈশ্বর! এই ব্যক্তিদ্বয় আমার যে প্রকার অপমান করিয়াছে তাহার প্রতিফল আপনিই দিবেন, আমি বরং আলেক্সাণ্ডরের* কৃপা যাচ্ঞা করিব, তথাপি এমত কৃতঘ্ন ব্যক্তিদের সহিত গমন করিব না। ডারাইয়ের* এইরূপ

বাক্যে ঐ দুষ্টেরা অত্যন্ত কুপিত হইয়া বর্শা ও তীরাঘাতে তাঁহাকে যন্ত্রণা দিয়া মৃতাবস্থায় ত্যাগ করিয়া আপনারা ভিন্ন ২ পথে পলায়ন করিল। পরে জয়ি মাসিডনীয়েরা* তথায় আগমন করিয়া দেখিল যে ডারাইয় * এক নির্জন স্থানে রথোপরি মৃতপ্রায় পতিত আছেন। তৎকালে তিনি কিছুপান করিতে চাহিলে পলিষ্ট্রাট * নামক এক জন মাসিডনীয় সেনা তাঁহাকে পানীয় দ্রব্য আনিয়া দিল। পারস্ রাজা এই দুঃখের সময়ে ঐ সেনাকে কহিলেন যে ওহে তোমার এতাদৃশ দয়ার কারণ পুংস্কার করিতে না পারিয়া আমি এইক্ষণে যৎপরোনাস্তি মনোদুঃখ পাইলাম; ইহাতে ডারাইয়ের * দয়ালু স্বভাব প্রকাশ হইল। এই সময়ে তাঁহার নিকটে এক জন যুদ্ধ লব্ধ বন্দি পারস ছিল, সে তৎকালে ঐ উভয়ের কথোপকথনের অর্থবোধকস্বরূপ হইল। ভূপতি পান করিয়া ঐ মাসিডনীয়ের * প্রতি দৃষ্টিপাতে কহিলেন যে আমার এই দুঃখাবস্থা হইয়াও এই ব্যক্তি আমার নিকটে আছে, আমার এই এক সান্ত্বনার বিষয়, কেননা এ আমার কথা বুঝিতে পারে, অতএব আমার শেষ উক্তি বিফল হইবে না। তিনি বিনয় পূর্ব্বক পালিষ্ট্রাটকে* কহিলেন যে তুমি আলেক্সাণ্ডরকে * কহিবা তিনি আমার প্রতি যে দয়া প্রকাশ করিয়াছেন তাহা আমি পরিশোধ করিতে পারিলাম না; তিনি আমার মাতা ও স্ত্রী এবং পুত্রাদির প্রতি যে দয়া প্রকাশ করিয়াছেন তাহার কারণ আমি অসংখ্য প্রণাম করি, যে হেতুক তিনি তাঁহাদের কেবল প্রাণ রক্ষা করিয়াছেন এমত নহে, কিন্তু তাঁহাদের পূর্ব্ব সুখাবস্থায় পুনঃস্থাপনও করিয়াছেন। আমি দেবতাদের নিকটে এই প্রার্থনা করি যে তাঁহারা আলেক্সাণ্ডরকে * জগৎপতি

করুন; এবং যে দুষ্টেরা আমার প্রাণ নষ্ট করিল তাহাদের প্রতিহিংসা কারণ তাঁহাকে বিনয় করার আবশ্যক নাই, কারণ এতাদৃশ দুষ্ট দমন রাজারই কর্ত্তব্য।

ইহার পর ডারাইয় * পালিষ্ট্রাটের * হস্ত ধরিয়া কহিলেন, ওহে আমি তোমাকে যেরূপে আপন হস্ত প্রদান করিলাম তুমিও আমার নামে সেই রূপে আলেক্সাণ্ডরকে* আপনার হস্ত প্রদান করিবা, আমি তাঁহার প্রতি আপন প্রেম ও কৃতজ্ঞতার আর কিছু চিহ্ন দিতে সক্ষম হইলাম না। এই প্রকার কহিয়া তিনি প্রাণত্যাগ করিলেন।

আলেক্সাণ্ডর * আগমন পূর্ব্বক ডারাইয়ের * মৃত শরীর দর্শন করিয়া শোকে মগ্ন হইয়া অশ্রুপাত করিলেন। পরে ঐ শব রক্ষার্থে তাহা মসলায় পরিপূর্ণ করিয়া এক ঐশ্বর্য্যশালি মৃতরক্ষিত সিন্দুকে স্থাপন করিয়া তাহা সিসিগম্বির* নিকট প্রেরণ করিলেন; তাহার অভিপ্রায় এই, যে পারস্ রাজাদের সমাধি যে রূপে হয় তিনিও আপন পুত্রের সমাধি সেই রূপে দিবেন। ইহার অল্পকাল পরেই আলেক্সাণ্ডর * ঐ বিশ্বাসঘাতক ও কৃতঘ্ন বেসেব * অনুসন্ধানার্থে গমন করিয়া তাহাকে ধরিয়া তাহার কর্ণদ্বয় ও ও নাসিকা ছেদন করিয়া তাহাকে এক্বাটনায়† ডারাইয়ের* মাতার নিকট প্রেরণ করিলেন, কারণ সিসিগম্বির * যে ইচ্ছা হইবে সেই রূপেই ঐ দুষ্টের দণ্ড করিবেন। পশ্চাৎ বক্তব্য রূপে তাহার হত্যা হইয়াছিল। যথা, অত্যন্ত বলদ্বারা চারিটি বৃক্ষ একদিকে নোঁয়াইয়া তাহার দুইটাতে ঐ দুরাত্মার দুই পদ ও অন্য দুইটাতে দুই হস্ত বন্ধন করিয়া ঐ চারিটা বৃক্ষ ছাড়িয়া দেওয়াতে তাহারা এমত বেগে স্ব২ স্থানে উঠিয়া গেল যে ঐ দুষ্টের এক২ অঙ্গ

এক২ বৃক্ষে রহিল, অতএব তাহার শরীর চারি অংশে বিভক্ত হইয়া প্রাণ বিয়োগ হইল।

কোন২ বিবরণবেত্তারা কহেন যে আমাজনদের* রাজ্ঞী থালেষ্টি* ঐ সময়ে আলেকসাণ্ডরের* সহিত সাক্ষাৎ করিতে আগমন করিয়াছিলেন। কিন্তু বিজ্ঞ ইতিহাসবেত্তারা ঐ বিষয় কেবল মিথ্যা গল্পস্বরূপ কহিয়া থাকেন।

আলেকসাণ্ডরের* সকল সদ্গুণের মধ্যে স্ত্রীলোকের প্রতি দয়া ও জিতেন্দ্রিয়েব কারণ তিনি অতি বিখ্যাত ছিলেন। তাহার আশ্চর্য্য প্রমাণ এই, যে এক পার্শী বন্দি স্ত্রীলোক এক দিবস এক সাধারণ ভোজস্থলে গান করিতেছিলেন, তাঁহার সলজ্জস্বভাবদ্বারা তিনি যে রাজবংশোদ্ভবা তাহা বুঝিয়া ভূপতি তাঁহাকে স্বাধীন করিয়া তাঁহার অপহৃত বিষয় প্রত্যর্পণ করিয়া তাঁহার স্বামি হিষ্টাষ্পিকে* তাঁহার সমর্পণার্থে অনুসন্ধান করিতে আজ্ঞা করিলেন।

আলেকসাণ্ডরের* মনের গৌরব ও মহত্ত্ব পশ্চাৎ বিষয়ে বিশেষরূপে ব্যক্ত হয়। যথা তিনি আপন লোকদিগকে এই রূপ সর্ব্বদা বুঝাইতেন যে তোমাদের বর্ত্তমান সম্পত্তি যদ্যপিও অতি অধিক হয়, তথাপি আমি যে সম্পত্তি ত্বরায় তোমাদিগকে দিব তদপেক্ষায় তোমাদের বর্ত্তমান বিষয় নিতান্ত সামান্য জানিবা। পরে তাঁহার সেনারা অপহৃত দ্রব্য সমূহের বহনভার প্রযুক্ত পূর্ব্ববৎ অনায়াসে দ্রুত গমনে অক্ষম হইয়াছে দেখিয়া তিনি নিতান্ত আবশ্যক দ্রব্যভিন্ন আর২ তাবৎ বস্তু এক প্রশস্ত মাঠে লইয়া দগ্ধ করিতে তাহাদিগকে আজ্ঞা দিলেন।

আমরা এই পর্য্যন্ত আলেকসাণ্ডরের* কেবল উমত্ত২ বিষয়ই লিখিলাম, কিন্তু এইক্ষণে তাহার গুণ ও দোষ উভয়ই লিখিব।

তাঁহার গুণ যেমত অধিক সেইমত দোষও অধিক ছিল, আর কোন ব্যক্তিতে দোষ ও গুণ সে রূপ মিশ্রিত ছিল না। তাঁহার বিপক্ষে যে এক মন্ত্রণা হইয়াছিল তাহা পার্মিনীয়ের* পুত্র ফাইলোটা* নামক তাঁহার প্রিয়পাত্র অবগত হইয়াও তাঁহাকে জ্ঞাত করেন নাই, এইরূপ শুনিয়া তিনি নিশ্চয় করিলেন যে ফাইলোটা* ঐ মন্ত্রণায় নিযুক্ত আছেন; অতএব তিনি তাঁহাকে এক প্রকার যন্ত্রদ্বারা পীড়া দিয়া পরে প্রস্তর মারিয়া হত্যা করিলেন। ঐ যন্ত্রণার সময়ে ফাইলোটা* আপনাকে দোষিরূপ স্বীকার করিয়া আপন সঙ্গী আর কএক জনের নাম ব্যক্ত করিলেন, তন্মধ্যে আপন পিতার নামও কহিয়াছিলেন। পার্মিনীয়* ঐ বিষয়ে নির্দোষ হইয়াও হত হইলেন। অতএব তাঁহাকে বধ করণে আলেক্সাণ্ডরের* অবিচার ও নিষ্ঠুরতা এবং কৃতঘ্নতা প্রকাশ হইয়াছিল, যেহেতুক বোধ হয় যে তাঁহার আরং সেনাপতি অপেক্ষায় পার্মিনীয়*ই জয়ের প্রধান হেতু ছিলেন।

এইং রূপ নিষ্ঠুর কর্ম্মে সেনারা রুষ্ট না হয় এই নিমিত্তে আলেক্সাণ্ডর* আরং জাতীয়কে অধীন করণের অভিপ্রায়ে যাত্রা করিয়া ব্রান্‌কাই* নামক জাতীয়দিগকে একেবারে বিনষ্ট করিলেন। তাহার এমত কোন বিশেষ কারণ ছিল না, কেবল এই যে তাহাদের পূর্ব্বপুরুষ কতক গুলিন গ্রীকেরা* এক মন্দিরের ধনসম্পত্তির রক্ষক হইয়াও তাহা বিশ্বাসঘাতকতা পূর্ব্বক হস্তান্তরে অর্পণ করিয়াছিলেন। সিথিয়দের* প্রতিকূল যুদ্ধে তাঁহার জয় হইয়াছিল কি না তাহা নিশ্চয়রূপে কহা যাইতে পারে না, যেহেতুক তদ্বিষয়ে নানা জনে নানা প্রকার মত প্রকাশ করেন। এরিয়ন্* ও কুইণ্ট কর্শিয়*

নামক ইতিহাসবেত্তাদ্বয় কহেন যে তিনি ঐ সাহসিক ও দুর্দ্দান্ত সিথিয়দিগকে* কোনক্রমেই বশীভূত করিতে পারেন নাই। বরং কর্শিয়* এমতও কহেন, যে সিথিয়েরা* গ্রীকদিগকে* সম্পূর্ণরূপে পরাভূত করিয়াছিল, এবং আলেক্সাণ্ডর* এই বিষয় গোপন করণার্থে এইরূপ প্রচার করিয়াছিলেন যে ঐ সংগ্রামহইতে পলায়িতদের মধ্যে ঐ পরাভবের বিষয় যিনি কিছু প্রকাশ করিবেন তাঁহার প্রাণদণ্ড হইবে। কর্শিয়* আরও কহেন, যে সিথিয়দের* দূতেরা আলেক্সাণ্ডরের* সম্মুখে আসিয়া সাহসপূর্ব্বক কহিয়াছিলেন, তুমি ছলক্রমে কহিয়া থাক যে অপহারকদিগের বিনাশ করণই কেবল তোমার প্রভিপ্রায়, কিন্তু তোমার সমান অপহারক আর কেহই নাই। সে যাহাহউক, বোধ হয় তিনি সাইরিপোলি † নামক নগর অধীন ও লুঠ করিয়া এবং জাক্সর্থি † নদী পার হইয়া ত্রিংশৎ সহস্র সৈন্যের এক দল সিথিয়দিগকে* পরাভূত করিয়াছিলেন; তাহারা পিট্রা অক্সিএনাই † নামক এক পর্ব্বতস্থ দুর্গমধ্যে ছিল। আলেক্সাণ্ডর* যেরূপ ভাবিয়াছিলেন তদপেক্ষায় তাহারা অধিক প্রতিজ্ঞা পূর্ব্বক বাধা দিয়াছিল, এই প্রযুক্ত তিনি উহাদের সামান্য লোকদিগকে দাস করিলেন, আর অধ্যক্ষগণকে ঐ পর্ব্বততলে ক্রুশে বদ্ধ করিলেন।

এইরূপে তিনি দেশের মধ্যভাগে গমন করিবার পথ পাইয়া প্রথমে বার্সেরিনা প্রদেশে ও তৎপরে মারাকানডায়া গমন করিয়া ক্লাইটকে* ঐ শেষোক্ত দেশের শাসনকর্ত্তা করিলেন। কিন্তু ঐ সাহসী ও যোগ্য সেনাপতি অল্পকাল পরেই পর্মিনিয়ের* ন্যায় দুরদৃষ্টগ্রস্ত হইলেন। যথা কোন দিবস এক ভোজে তিনি মদ্যপানে মত্ত হইয়া কহিয়াছিলেন

যে আলেক্সাণ্ডর* যে সকল কীর্ত্তি করিয়াছেন তাহা তাঁহার পিতা ফিলিপের* কীর্ত্তি হইতে বিস্তর ন্যূন। ভূপতিও মদ্যপানে মত্ত ছিলেন, এই নিমিত্ত তিনি ইহাতে অতিশয় কুপিত হইয়া এক বর্শা হস্তে করিয়া তদ্দারা ক্লাইটকে* আপন পদতলে হত্যা করিলেন। কিন্তু এই নিষ্ঠুর ও কুকর্ম্ম করিবা মাত্রেই তিনি অত্যন্ত শোকসাগরে মগ্ন হইয়া ক্লাইটের* মৃত শরীরের উপর পড়িলেন, এবং তাহাহইতে বর্শা টানিয়া লইয়া আপন বক্ষস্থলে বিদ্ধ করিতে উদ্যত হইয়াছিলেন, কিন্তু নিকটবর্ত্তি ব্যক্তিদের নিমিত্ত তাহা করিতে পারেন নাই। যাহাহউক তিনি কিছুকাল পর্য্যন্ত অত্যন্ত মনোদুঃখে ছিলেন, কিন্তু পরে সাম্য হইয়া কীর্ত্তি বর্দ্ধক ভ্রমণে যাত্রা করিয়া সেসি† দেশে প্রবেশ করিলেন, এবং আক্সোর্টি* নামক তথাকার এক রাজার সহিত সাক্ষাৎ হওয়াতে তিনি তাঁহার কন্যা রাকসেনাকে* বিবাহ করিলেন।

আলেক্সাণ্ডর* তাবৎ পারস প্রদেশ অধিকার করিয়া শেষে ভারতবর্ষ জয় করিতে প্রতিজ্ঞা করিলেন; এই দেশ যে পৃথিবীর মধ্যে অতিশয় ধনী ও আকাঙ্ক্ষাযোগ্য তাহা প্রাচীনেরা স্বীকার করিতেন এবং এ কালেও সকলে কহেন। ঐ দেশস্থ গঙ্গা নদীর উভয়পার্শ্বে যেমত এইক্ষণে হিন্দুরা বাস করে, পূর্ব্ব বাসিরাও প্রায় তদ্রূপ ছিল। তাহাদের মধ্যে সাত প্রকার জাতি ছিল, তাহারা পৃথক২ থাকিয়া পরস্পর বিবাহ করিতে পারিত না। আর এই প্রভেদ এমত দৃঢ়তর ছিল যে কেহ এক জাতি পরিত্যাগ করিয়া অন্য জাতিতে সংমিলিত হইতে পারিত না। প্রথম জাতি ধর্ম্ম রক্ষক অর্থাৎ ব্রাহ্মণ, দ্বিতীয় কৃষক, তৃতীয় গো মেষাদি পালক, চতুর্থ বণিক

ও নাবিক, পঞ্চম যোদ্ধা অর্থাৎ ক্ষত্রিয়, ষষ্ঠ বিচারাধ্যক্ষ, এবং সপ্তম রাজমন্ত্রীবর্গ।

আলেক্সাণ্ডর* ভারতবর্ষে প্রবেশ করিলে পর তত্রস্থ ক্ষুদ্র২ রাজাদের মধ্যে অনেকেই স্বেচ্ছাপূর্ব্বক তাঁহার অধীন হইলেন। পরে তিনি হেগোসা† নামক স্থান অধীন করিয়া এওর্ণা নামক এক পর্ব্বতস্থ দুর্গ আক্রমণ করিলেন। পূর্ব্বে এইরূপ কথিত ছিল যে সে দুর্গ অপ্রবেশ্য, এবং হর্কিউলি*ও তাহা লইতে পারেন নাই, কিন্তু তাহার রক্ষকেরা আলেক্সাণ্ডরের* গুরুতর যুদ্ধোদ্যোগ দর্শনে ভীত হইয়া সামান্য২ প্রতিযোগের পরেই তাহা তাঁহার হস্তে সমর্পিত করিল। ইহাতেই তাঁহার স্বাভাবিক গর্ব্ব অতিশয় বৃদ্ধি হইল, কেননা তাঁহার বংশের মহাবল পরাক্রান্ত আদি পুরুষ হর্কিউলি* যে দুর্গ অধিকার করিতে পারেন নাই তাহা তিনি অনায়াসেই হস্তগত করিলেন।

তথাহইতে তিনি ইণ্ড† অর্থাৎ সিন্ধু নদীর দিকে যাত্রা করিয়া হাইডেস্পি† নদীকূল পর্য্যন্ত গমন করিলেন; তৎকালীন যে২ প্রদেশ দিয়া গিয়াছিলেন সেই২ প্রদেশের তাবৎ রাজারাই তাঁহার অধীন হইয়াছিলেন; তন্মধ্যে আম্ফি* রাজা তাঁহার অধীন হইয়া উপঢৌকনস্বরূপে তাঁহাকে ষট্পঞ্চাশত্টা হস্তী দিয়াছিলেন। কেবল পর* নামক এক জন রাজা যুদ্ধ ব্যতিরেকে স্বাধীনতা ত্যাগ করিতে ঘৃণা করিয়াছিলেন; এই প্রযুক্ত আলেক্সাণ্ডর* তাঁহাকে অস্ত্রবলদ্বারা অধীন করিতে প্রতিজ্ঞা করিলেন। অতএব তাঁহাদের উভয়ে ঘোরতর সংগ্রাম উপস্থিত হইল, তাহাতে পর* আপন অদ্ভুত শরীর ও শক্তি এবং অসাধারণ ক্ষমতা প্রযুক্ত অতি সাহস পূর্ব্বক পারগ সেনাপতির ও বীরের

কর্ম্ম করিয়াছিলেন বটে, কিন্তু শেষে আলেক্‌সাণ্ডরের*ই জয় হইল। এই যুদ্ধে ভারতবর্ষীয়দের* বিংশতি সহস্র পদাতিক ও তিন সহস্র অশ্বারূঢ় সৈন্য হত হয়; কিন্তু মাসিডনীয়দের* দুই শত অশীতি জন পদাতিক এবং ত্রিশ কিম্বা চল্লিশ জন অশ্বারূঢ়ের অধিক নষ্ট হয় নাই।

সে যাহাহউক, আলেক্‌সাণ্ডর* পরের* আশ্চর্য্য ক্ষমতা দর্শনে চমৎকৃত হইয়া তিনি যুদ্ধে হত না হয়েন এই অভিপ্রায়ে তাঁহাকে সমরস্থলহইতে ফিরাইয়া আনিতে এক জন দূত প্রেরণ করিলেন; কিন্তু পর* প্রথমতঃ না শুনিয়া বহু যত্নের পর স্বীকার করিলেন। পরে তিনি আসিতে২ যত নিকটবর্ত্তী হইতে লাগিলেন ততই আলেক্‌সাণ্ডরের* অধিক চমৎকার হইতে লাগিল। তিনি পরকে* জিজ্ঞাসা করিলেন যে তোমার সহিত কিরূপ ব্যবহার করিলে তুমি তুষ্ট হও? পর* উত্তর করিলেন, আমি রাজা আমার সহিত রাজবৎ ব্যবহার করিলেই তুষ্ট হই। আলেক্‌সাণ্ডর* পুনর্ব্বার জিজ্ঞাসা করিলেন, তোমার আর কিছু প্রার্থনা নাই? তিনি প্রত্যুত্তর করিলেন না, আমি যে এক কথা কহিয়াছি তাহাতেই তাবৎ আছে। বোধ হয় দুঃখাবস্থায় পরের* স্বাভাবিক মাহাত্ম্য অধিক বৃদ্ধি হইয়াছিল, তাহা দর্শনে আশ্চর্য্য বোধ করিয়া আলেক্‌সাণ্ডর* তাঁহাকে কেবল স্বরাজ্যে পুনঃস্থাপন করিলেন এমত নহে, কিন্তু এতদ্ভিন্ন আর কএকটা প্রদেশও দিলেন, এবং যাবজ্জীবন তাঁহাকে অতিশয় সমাদর ও সম্মান করিয়াছিলেন। পর*ও মৃত্যুকাল পর্য্যন্ত তাঁহার প্রতি কৃতজ্ঞ ছিলেন। এই বিষয়ে আলেক্‌সাণ্ডর* কি পর* প্রশংসার অধিক যোগ্য তাহা নিশ্চয় কহা সুকঠিন।

যে স্থানে ঐ যুদ্ধ হইয়াছিল সেখানে আলেক্সাণ্ডর* একটা নগর নির্ম্মাণ করাইয়া আপন জয়ানুসারে তাহার নাম নিসিয়া† রাখিলেন, এবং যে স্থলে হাইডেস্পি† নদী পার হইয়াছিলেন সেই স্থানে আর একটা নগর স্থাপন করিয়া তাহার নাম বিউসিফেল† রাখিলেন। এই শেষ নগরের নাম বিউসিফেল† রাখনের কারণ এই যে বিউ-সিফেল† নামক তাঁহার অশ্ব কোন অস্ত্রাঘাত ব্যতিরেকে কেবল প্রাচীন হইয়া তথায় মরিয়াছিল।

পরকে* পরাভূত করিয়া তিনি ভারতবর্ষের মধ্যভাগে গমন করিলেন, এবং তথাকার লোকদের যুদ্ধ অভ্যাস ছিল না, এই প্রযুক্ত তিনি ঐ দেশ অনায়াসেই অধিকার করিলেন। এক স্থানে কতক গুলিন ব্রাহ্মণ ছিলেন, সেই স্থান দিয়া গমন করতঃ তাঁহার ইচ্ছা হইল যে তাঁহাদের সহিত ধর্ম্ম বিষয়ের কিঞ্চিৎ চর্চা করিয়া তাঁহাদের কি রূপ ধর্ম্ম তাহা জ্ঞাত হয়েন; কিন্তু তাঁহারা কাহারও নিকট আইসেন না শুনিয়াও আপনি তাঁহাদের নিকট গমন করিলে লাঘবতা হইবে ভাবিয়া তিনি অনিসিক্রিট* নামক পণ্ডিতকে তাঁহাদের নিকট প্রেরণ করিলেন। ঐ ব্যক্তি রাজধানীনগরের নিকটস্থ এক স্থানে পঞ্চদশ জন ব্রাহ্মণের দর্শন পাইলেন; তাঁহারা প্রাতঃকালাবধি সন্ধ্যা পর্য্যন্ত বিবস্ত্রে একাসনে দণ্ডায়মান থাকিয়া রাত্রিকালে নগরে গমন করিতেন। কালেন* নামক এক জন ব্রাহ্মণ যিনি ভারতবর্ষমধ্যে অতি প্রসিদ্ধ ও সর্ব্ব শ্রেষ্ঠ পণ্ডিত ছিলেন, অনসিক্রিট* প্রথমে তাঁহাকেই সম্বোধন করিয়া আপন আগমনের তাৎপর্য্য কহিলেন। ঐ ব্রাহ্মণ বিদ্যাব্যবসায়ানুসারে অতি কঠোর ব্যবহার করিতেন বটে, কিন্তু অত্যন্ত প্রাচীন বয়সেও রাজসভায় যাইবার লোভ ত্যাগ করিতে পারেন নাই। আর,

ঐ ব্রাহ্মণ অনিসিক্রিটের* বস্ত্র ও পাদুকা এক দৃষ্টে দেখিয়া হাস্য পূর্ব্বক এই কথা কহিয়াছিলেন, যে এইক্ষণে পৃথিবী যেরূপ ধূলীময় হইয়াছে পূর্ব্বকালে সেই রূপ যব ও গম শস্যময় ছিল। আর এইক্ষণে নদী সকলে কেবল জলধারা বহে, কিন্তু পূর্ব্বে তাহাতে দুগ্ধ ও মধু ও তৈল এবং সুরাস্রোত বহিত; কেবল মনুষ্যের পাপেই ঐ সকল সুখ বিনষ্ট হইয়াছে; এবং মনুষ্যের কৃতঘ্নতার শাস্তি দিবার নিমিত্তে জুপিটর নামক দেবরাজ মনুষ্য জাতিকে বহুকালের নিমিত্ত অতিকষ্টে পতিত করিয়াছিলেন, কিন্তু পরে তাহারা খেদ করিলে তিনি দয়াযুক্ত হইয়া তাহাদের পূর্ব্ব সুপ্রতুলাবস্থা পুনর্ব্বার দিয়াছেন, কিন্তু এইক্ষণের গতিকে বোধ হয় যে ক্রমে তাবৎ বিষয়ের পূর্ব্ববৎ পরিবর্ত্ত হইতেছে। ঐ ব্রাহ্মণের এই কথা শ্রবণে বোধ হয় যে বর্ত্তমান কালাপেক্ষায় পূর্ব্বে যে অধিক সুখাবস্থা ছিল তাহা অতি অসভ্য ও অশিক্ষিত জাতীয়েরাও স্বীকার করে।

মাণ্ডান* ও কলোডান* নামক দুইজন ব্রাহ্মণকে অনিসিক্রিট* আপন সম্ভিব্যাহারে আলেক্সাণ্ডরের* নিকট লইয়া যাইতে বিস্তর যত্ন করিয়া কহিয়াছিলেন, যে আলেক্সাণ্ডর* হইতে তোমাদের বিস্তর উপকার দর্শিবে। এই কথা মাণ্ডান* গর্ব্ব পূর্ব্বক হেয়জ্ঞান করিয়াছিলেন বটে, কিন্তু কলোডান* তাহা স্বীকার করিলেন। বাক* ও হর্কিউলি* যেমত যুদ্ধ করত পূর্ব্বদেশে প্রবেশ করিয়াছিলেন, আলেক্সাণ্ডরের*ও সেই মত আকাঙ্ক্ষা ছিল; অতএব তিনি প্রতিজ্ঞা করিলেন, যে জয় করা হয় নাই এমত জাতি যেপর্য্যন্ত আছে, আমি সেই পর্য্যন্ত গমন করিব। কিন্তু মাসিডনীয়েরা* ঐ ক্ষণে তাঁহার সহিত গমন করিতে চাহিল না, কেননা জয়লব্ধ সম্পত্তি পাইয়া তাহাদের লাভাকাঙ্ক্ষার এক প্রকার নিবৃত্তি হইয়াছিল,

এবং তাহারা পুনঃপুন যুদ্ধ করিয়া ক্লান্তও হইয়াছিল; কিন্তু বহুপ্রকার লওয়ানেতে তাহারা কেবল সিন্ধু নদীর তীরেং দক্ষিণ মুখে গমন পূর্ব্বক নিকটস্থ সমুদ্র পর্য্যন্ত যাইতে সম্মত হইল।

ঐ নদীতীর দিয়া গমনকালীন আলেক্সাণ্ডর* আপন প্রসিদ্ধ সাহসের এক আশ্চর্য্য প্রমাণ দেখাইয়াছিলেন। যথা পথিমধ্যে অক্সিড্রাসাই* ও মালি* জাতীয়দের রাজধানী আক্রমণ করিয়া একখান সিঁড়ীদ্বারা প্রথমে আপনিই প্রাচীরের উপরে উঠিলেন; ইহা দর্শনে তাঁহার সামন্তেরা ভীত হইয়া তাঁহার পশ্চাতে উঠিবার চেষ্টা করাতে সিঁড়ী ভাঙ্গিয়া গেল; সুতরাং তিনি একাকী প্রাচীরের উপর রহিলেন; পরে খড়্গহস্তে প্রাচীর-হইতে লম্ফ দিয়া শত্রুপরিপূর্ণ নগরমধ্যে পড়িয়া যে শত্রুরা তাঁহার নিকটে ছিল তাহাদিগকে তিনি অস্ত্রে তাড়াইয়া দিলেন, এবং তথাকার শাসনকর্ত্তা নিকটবর্ত্তী হইলে তাঁহাকে নষ্ট করিলেন। এইরূপে একটা নিকটস্থ বৃক্ষকে পশ্চাৎ করিয়া তিনি ঢালদ্বারা শত্রুদের তারৎবর্শা ও তীরহইতে আত্মরক্ষা করিয়া-ছিলেন। অতি সাহসিক শত্রুরাও তাঁহার নিকট আসিতে পারে নাই; শেষে এক জন ভারতবর্ষীয় লোকের দুই হস্ত পরিমিত দীর্ঘ এক তীর নিঃক্ষেপ করাতে তাঁহার বর্ম্ম মধ্য দিয়া দক্ষিণ পার্শ্বে বিদ্ধ হওয়াতে ঐ ক্ষতস্থানহইতে এতরক্ত নির্গত হইয়াছিল যে তিনি অস্ত্র শস্ত্র পরিত্যাগ পূর্ব্বক মৃত প্রায় হইয়া ভূমি-শয্যা করিলেন, ইহাতে ঐ শত্রু তাঁহাকে যথার্থ মৃতজ্ঞানে তাঁহার অস্ত্র ও পরিচ্ছদাদি লইতে আইল, কিন্তু আলেক্সাণ্ডর* কিঞ্চিৎ সবল হইয়া তৎক্ষণাৎ একখান ক্ষুদ্র খড়্গদ্বারা তাহার পাঁজর বিদ্ধ করিলেন। সেই সময়ে আলেক্সাণ্ডরের* কতক যোদ্ধা তাঁহার আশুয়ার্থ উপস্থিত হইয়া বাহিরের সৈন্যদের নগর-দ্বার ভগ্ন পূর্ব্বক ভিতরে আইসন পর্য্যন্ত আলেক্ণ্ডরের* চতুঃ

দিকে দাঁড়াইয়া তাঁহাকে রক্ষা করিয়াছিল, শেষে সকলে একত্র হইয়া নগরবাসিদের তাবৎকেই খড়্গদ্বারা নষ্ট করিল।

পূর্ব্বোক্ত আঘাতদ্বারা আলেকসাণ্ডরের* যে ক্ষত হইয়াছিল তাহা কএক দিবস পর শুষ্ক হইলে তিনি নদীর উভয় পার্শ্বস্থ দেশ সকলকে জয় করিতে লাগিলেন, শেষে নদীর দক্ষিণ সীমা পর্য্যন্ত গিয়া তিনি ইণ্ডিয়ন্† অর্থাৎ ভারত সাগরের অতিশয় জোয়ার বৃদ্ধি দর্শনে চমৎকৃত হইলেন, যেহেতুক মেডিটরেনিয়ন† অর্থাৎ ভূমধ্যস্থ সমুদ্রে তাদৃক্ কখনও দেখেন নাই; ঐ সমুদ্রস্থ জলের হ্রাসবৃদ্ধি হয় এমত কিছুই বোধ হয় না। সিন্ধু নদীর দক্ষিণ সীমা পর্য্যন্ত গমন করিয়াই তাঁহার যুদ্ধযাত্রা সমাপ্ত হইল, তথায় বিস্তৃত মহা সাগরের প্রতি দৃষ্টি করিয়া তিনি অশ্রুপাত পূর্ব্বক খেদ করিয়া কহিয়াছিলেন, হায়! আমার জয়ের নিমিত্ত ইহার পর আর দেশ নাই। এই প্রযুক্ত তিনি স্বদেশে পুনর্গমনের মনস্থ করিলেন, এবং নিয়ার্ক* নামক এক ব্যক্তিকে আপন ডিঙ্গা সকলের অধ্যক্ষ করিয়া ভারত মহাসাগরের তীর দিয়া পার্শী মোহানা পর্য্যন্ত যাইতে আজ্ঞা দিয়া আপনি স সৈন্যে বাবিলন্† নগরের প্রতি যাত্রা করিলেন।

বাবিলনের† প্রতি যাত্রায় তিনি যেৎ দেশ দিয়া প্রথমে গমন করিয়াছিলেন সে সকল স্থান অতিশয় দরিদ্র, ও তথায় আহার্য্য দ্রব্যের অপ্রাপ্তি প্রযুক্ত তাঁহার সৈন্যদের অতিশয় কষ্ট হইয়াছিল; কিন্তু গাড্রোশিয়া† নামক ঐ অঞ্চলের এক উর্ব্বরা ও ঐশ্বর্য্যশালি প্রদেশে উত্তীর্ণ হওয়াতে তাহারা তাবৎ প্রকার আবশ্যক দ্রব্য ও সুখভোগের সামগ্রী পাইয়া পরম সুখে উপভোগ করত তাবৎ প্রকার অপরিমিতাচরণ করিতে লাগিল। আলেকসাণ্ডর* বাকের* অনুরূপ করণের ইচ্ছায় আট অশ্বযুক্ত একটা চতুষ্কোণ মঞ্চের উপর দিবারাত্রি বসিয়া

ভ্রমণ করত ভোজন ও আমোদ প্রমোদ করিয়াছিলেন, এবং তাহার সৈন্যেরাও রাজ সম্মানোপযুক্ত অন্তরে থাকিয়া তদ্রূপ ব্যবহার করিত। তিনি যে ক্লিয়াণ্ডরকে * কতক প্রদেশের শাসনকর্ত্তাস্বরূপ রাখিয়া গিয়াছিলেন তিনি তাঁহার অসাক্ষাতে অতিশয় অন্যায় কর্ম্ম করিয়াছিলেন এইপ্রযুক্ত তাঁহাকে ঐ স্থানে হত্যা করিলেন। ঐ ব্যক্তি পার্মিনিয়ের* বিনাশের প্রধান কারণ, অতএব এইক্ষণে তাঁহার সেই দুর্দ্দশা হওয়াতে অতিশয় আহ্লাদের বিষয় হইল। এতদ্ভিন্ন ক্লিয়াণ্ডর * আপন দৌরাত্ম্যের কারণ যে ছয় শত সৈন্যকে নিযুক্ত করিয়াছিলেন আলেক্‌সাণ্ডর * তাহাদিগকেও হত্যা করিলেন।

বাবিলনের † প্রতি যাত্রা কালীন তিনি সাইরের * সমাধি দর্শনার্থে পাসার্গড়া † নামক নগরে বিলম্ব করিয়াছিলেন। ঐ সমাধির উপর এই নম্র বাক্য বিশেষ লেখা ছিল, যথা হে মনুষ্য, আমি পারস্ মহারাজ্যের সংস্থাপন করিয়াছি, আমার নাম সাইর * অতএব হে দর্শক, তুমি যে হও বা যে স্থানহইতে আইস কিন্তু এই স্থানে আমার শরীর অত্যল্প মৃত্তিকায় আচ্ছাদিত আছে, তাহার প্রতি দ্বেষ করিও না। এই স্থানে আর্সিনি * নামক এক জন পারস্ রাজা এই সমাধির দ্রব্য অপহরণ করিয়াছেন এইরূপ মিথ্যা অপবাদ হওয়াতে তাঁহার অতিশয় শাস্তি হইয়াছিল। আর এই স্থানে পূর্ব্বোক্ত কালানা * নামক ভারতবর্ষীয় পণ্ডিত পীড়াব্যতিরেক তিরাশী বৎসর বয়স্ক হইলে প্রাচীনাবস্থার আরম্ভ দেখিয়া পরমার্থবিষয়ে অনর্থক প্রত্যাশায় স্বেচ্ছাত আপন প্রাণ ত্যাগ করিবার প্রতিজ্ঞায় বন্ধু বান্ধবের নিকট বিদায় হইয়া একটা চিতা প্রস্তুত করাইলেন, এবং সাহস পূর্ব্বক তাহার উপর উঠিয়া আপন মুখ আচ্ছাদন পূর্ব্বক শয়নান্

বস্থায় স্থির হইয়া রহিলেন, পরে অগ্নি প্রজ্বলিত হইলে তাঁহার প্রাণ বিয়োগ হইল। তদ্দেশের ধার্ম্মিকেরা পরকালের মঙ্গল চিন্তায় প্রায় সকলেই তদ্রূপ ব্যবহার করিতেন।

পাসার্গড়া † হইতে আলেক্সাণ্ডর * সিউসাতে † গমন করিয়া ডারাইয়ের * ষ্টাটিরা * নামিকা জ্যেষ্ঠকন্যাকে বিবাহ করিলেন, আর ঐ স্ত্রীর কনিষ্ঠাকে হিফিষ্টিয়ন * নামক আপন প্রিয় পাত্রের সহিত বিবাহ দেওয়াইলেন, এবং প্রধান পারস্ বংশের অশীতি জন স্ত্রীকে আপন প্রধান ২ অশীতি জন অধ্যক্ষের সহিত বিবাহ দিলেন।

কিন্তু যেকালে আলেক্সাণ্ডর* পর্শিয়া† দেশেআমোদ প্রমোদ করিতে ছিলেন সেই সময় গ্রীকা দেশে এক বিবাদের সম্ভাবনা হইয়াছিল। যথা হার্পাল * নামক বাবিলনের † শাসনকর্ত্তা বিস্তর ধন সংগ্রহ করিয়া স্বাধীন হইবার আকাঙ্খায় আথিনী† নগরে যাইয়া তদ্দেশের পূর্ব্বোক্ত প্রসিদ্ধ ফোশিয়ন্* প্রভৃতি প্রধান ২ লোকদিগকে আপন স্বপক্ষ করণের চেষ্টা করিয়াছিলেন; কিন্তু ফোশিয়ন্* কালার ন্যায় হার্পালের* লোভ প্রদর্শনের কথা সকল শুনিলেন মাত্র, অর্থাৎ যেমত পূর্ব্বে ফিলিপ্* ও আলেক্সাণ্ডরের * লোভ প্রদর্শনে তুচ্ছ করিয়াছিলেন সেই মত এইক্ষণেও হার্পালের * বাক্য সকল তুচ্ছ করিলেন। যখন ফিলিপ্* তাঁহার কারণ বহুধন পাঠাইয়া কহিয়াছিলেন, যে যদ্যপি এই ধন আপনার কারণ না লও তথাপি তোমার পরিবারের নিমিত্ত অবশ্যই লইতে হইবে; তাহাতে তিনি এই উত্তর করিয়াছিলেন যে আমার সন্তানেরা যদ্যপি আমার সদৃশ হয়েন তবে যৎকিঞ্চিৎ ভূমির উপস্বত্ত্বে যেরূপ আমার চলিতেছে, সেই মত তাহাদেরও চলিবে, কিন্তু আমার সদৃশ না হইলে তাঁহাদের সুখভোগ ও আকাঙ্খা

বৃদ্ধি করিতে আমি ধন রাখিয়া যাইতে ইচ্ছা করি না। অপর আলেক্সাণ্ডর * তাঁহাকে দিবার নিমিত্ত দূতগণদ্বারা এক শত টেলেণ্ট মুদ্রা পাঠাইলে তিনি ঐ দূতগণকে জিজ্ঞাসা করিলেন যে তোমাদের প্রভু আর২ আথিনীয়-দিগের * কারণ কিঞ্চিৎ না পাঠাইয়া আমাকে এত অর্থ দিয়াছেন কেন ? তাহাতে তাঁহারা উত্তর করিলেন যে আমাদের প্রভু আথিনীব † মধ্যে তোমাকে সকলাপেক্ষায় অধিক নিষ্ঠ ও ধার্ম্মিক বলিয়া জানেন, এই প্রযুক্ত তোমাকেই পাঠাইয়াছেন। ইহা শুনিয়া ফোশিয়ন্* উত্তর করিলেন যদ্যপি আলেক্সাণ্ডর * আমাকে নিষ্ঠ ও ধার্ম্মিক জ্ঞান করেন তবে তিনি আমার এই সুনাম রক্ষা করিতে দিউন। হার্পাল* এইরূপে ফোশিয়নকে* স্বপক্ষ করিবার আশায় নিরাশ হইয়া পূর্ব্বোক্ত মনস্থ পরিত্যাগ করিতে বাধিত হইলেন।

এই গোলযোগ দমন হইতে না হইতেই তদপেক্ষায় দৃশ্যে অধিক ভয়জনক আর একটা বিরোধ উপস্থিত হইল। যথা আলেক্সাণ্ডর* এই আজ্ঞা প্রচার করিয়াছিলেন যে মাসিডনীয়দিগের * মধ্যে যাহারা প্রাচীন বয়স প্রযুক্ত যুদ্ধের ক্লেশ সহ্য করণে অক্ষম হইয়াছে, তাহাদের সকলকেই গ্রীকে † যাইতে হইবে। ইহাতে তাহারা অপমান ও অবিচার জ্ঞান করিয়া কলহ পূর্ব্বক সকলে একবাক্যে প্রার্থনা করিল যে আমাদিগকে একেবারে জন্মের মত বিদায় দিতে হইবে, যে হেতুক ভূপতি অতি নিষ্ঠুর, ও সাহসিক সেনাগণের প্রতি ঘৃণা পূর্ব্বক তাহাদের অদর্শনের চেষ্টা না করিয়া বিনাশের চেষ্টা পাইতেছেন। সে যাহা হউক, আলেক্সাণ্ডর* এই বিষয়ে আপন স্বাভাবিক সাহস ও প্রতিজ্ঞা পূর্ব্বক ব্যবহার করিয়াছিলেন। যথা তিনি বিচারাশন হইতে গাত্রোত্থান করিয়া প্রধান

বিরোধি গণের মধ্যে বেগে প্রবেশ পূর্ব্বক ত্রয়োদশ জনকে ধরিয়া তৎক্ষণাৎ তাহাদিগকে শাস্তি দিতে আজ্ঞা করিলেন। সেনারা তাঁহার সাহস দর্শনে শঙ্কায় বিরোধে ক্ষান্ত হইয়া অধোবদনে ক্ষমা প্রার্থনা করিল। আলেক্সাণ্ডর * কহিলেন তোমরা আমার নিকট বিদায় হইতে চাহিয়াছ, সে ভালই, কিন্তু তোমরা সর্ব্বত্র গিয়া এইরূপ ব্যক্ত কর যে তোমরা আপনাদের রাজাকে বিদেশীয়দের হস্তে সমর্পণ করিয়াছ, অতএব এই অবধি পার্শীরা * আমার রক্ষক হইল। এই অনুযোগের প্রকৃত ফল দর্শিল, যেহেতুক সেনারা তাহাতে অত্যন্ত দুঃখিত ও ভীত হইয়া তাঁহার ক্ষমা প্রার্থনা করিল, তিনিও শেষে তাহাদিগের প্রতি অক্রোধ হইলেন।

এই রূপ উপদ্রববিষয়ে নিঃশঙ্ক হইয়া আলেক্সাণ্ডর * আনন্দে দিবারাত্রি অপরিমিত মদ্যপান করিতে লাগিলেন। এই রূপ এক মত্ততাজনক ভোজে হিফিষ্টিয়নের * প্রাণ নষ্ট হইয়াছিল। ঐ ব্যক্তি আলেক্সাণ্ডরের * অতিশয় প্রিয়পাত্র ছিলেন, অতএব তাঁহার মরণে আলেক্সাণ্ডরের * এতাদৃশ শোকোপস্থিত হইয়াছিল যে কোনক্রমেই তাঁহার শোকের নিবারণ হয় নাই; বরং যে ব্যক্তি উহাঁর চিকিৎসা করিয়াছিলেন তাঁহাকে তিনি হত্যা করিলেন, পরে বাবিলনে † পঁহুছিয়া অতি আড়ম্বর পূর্ব্বক তাঁহার অন্ত্যেষ্টি ক্রিয়াদি করিলেন।

ঐ নগরের নিকটে যাইবার সময়ে আলেক্সাণ্ডরের * কএক বার অমঙ্গলসূচক লক্ষণ দর্শন হওনে কাল্ডীয়েরা * ভবিষ্যৎ কহিতে পারে এই ছলে তাঁহাকে ঐ নগর প্রবেশ বিষয়ে নিবৃত্ত করিতে চেষ্টা পাইয়াছিল। কিন্তু গ্রীক পণ্ডিতেরা

ঐ সকল ভাবি কথা অনর্থক কহিয়া তাঁহাকে আপন গৌরবানুসারে ব্যবহার করিতে পরামর্শ দিয়া কহিলেন, যে আপনকার প্রধান শক্তি প্রকাশ করিবার নিমিত্ত বাবিলন্† নগরই অতি উপযুক্ত স্থান, কেননা আপনি সংপ্রতি যেং জাতীয়দিগকে জয় করিয়াছেন তাহাদের দূতেরা সকলে তথায় আপনকার অপেক্ষায় আছেন। পরে তিনি অতিশয় আড়ম্বরে বাবিলন† নগরে প্রবেশ করিয়া রাজোচিত গৌরবানুসারে অথচ সমাদর ও প্রিয়বাক্যে ঐ দূতগণকে আজ্ঞা করিলেন।

আলেকসাণ্ডর* বাবিলন্† নগরকে আপন রাজ্যের রাজধানী করিবার মনস্থে তাহা সুশোভিত করণের চিন্তা করিতে লাগিলেন। কিন্তু তাঁহার আকাঙ্ক্ষা সর্ব্বতোভাবে পূর্ণ হওয়াতে বা এইক্ষণে এই রূপ সুখের কল্পনাতেও তিনি যথার্থ রূপে সুখী হইতে পারেন নাই। যেহেতুক হিফিষ্টিয়নের* মৃত্যু, ও ক্লাইটকে* হত্যা করণ, এবং পার্মিনিও* আর তাঁহার পুত্র ফাইলটের* প্রতি নিষ্ঠুরতা করণ, এই সকল বিষয় স্মরণে তাঁহার মনে এমত ব্যামোহ ও ঔদাস্য জন্মিয়াছিল যে তন্নিমিত্তে অতি প্রবল উপায়ের আবশ্যক জন্য তিনি মদ্যপান প্রভৃতি অপরিমিতাচরণ আরম্ভ করিলেন। এই প্রযুক্ত তিনি সর্ব্বদা ভোজের নিমন্ত্রণে গিয়া অপরিমিত মদ্যপান করিতেন। এক দিবস এক স্থানে নিমন্ত্রিত হইয়া তিনি মদ্যপানে তাবৎ রাত্রি যাপন করিয়াছিলেন, এবং পরদিবস আরএক নিমন্ত্রণ হওয়াতে তিনি তাহাও স্বীকার করিয়া অপরিমিত মদ্যপানে ভূমিশয্যা করিয়াছিলেন। তাহাতে পরিচারকেরা তাঁহাকে ঐ মৃতাবস্থায় রাজবাটীতে লইয়া গেল। পরে তাঁহার ক্রমিক পালাজ্বর হইতে লাগিল,

কিন্তু আরোগ্য হইবেন, এই আশায়ে তিনি ডিঙ্গাস্থ ও স্থল সৈন্য চালাইতে আজ্ঞা করিলেন। পরে তাঁহার স্বরভঙ্গ হইলে আরোগ্যের ভরসারহিত হইয়া তিনি আপন অঙ্গুরীয়ক পর্ডিকের * হস্তে দিয়া নিজ শরীর আমন্* দেবতার মন্দিরে লইয়া যাইতে আজ্ঞা করিলেন। অপর মৃত্যুযন্ত্রণা হইলে তিনি বনুইয়ে ভর দিয়া উঠিয়া সেনাদিগকে আপন হস্ত তুলিয়া দেওয়াতে তাহারা তাহা চুম্বন করণার্থে ধরিল। পরে তিনি নিজ রাজ্য কাহাকে দিতে চাহেন, এই রূপ প্রশ্ন করাতে উত্তর করিলেন, যে ব্যক্তি সর্ব্বাপেক্ষায় অধিক যোগ্য তাঁহাকে দিতে আমার ইচ্ছা। আর তাঁহাকে কোন সময় দেবতার ন্যায় সম্মান করা যাইবে, পর্ডিক * এইরূপ জিজ্ঞাসিলে তিনি উত্তর করিলেন, যে তোমরা যখন সুখী হইবা তখনই করিও। এই সকল বাক্য কহিয়া তিনি বত্রিশ বৎসর বয়ঃক্রমে ইহলোক পরিত্যাগ করিলেন; ইহার মধ্যে দ্বাদশ বৎসর রাজ্যশাসন করেন, তাহাতে তাঁহার যাদৃশ গৌরব ও সুখ্যাতি হইয়াছিল, তাদৃশ তাঁহার পূর্ব্বের বা পরের অন্য কোন রাজার হয় নাই।

তাঁহার গুণ ও চরিত্র এই২। যথা তিনি সাহসী ও সংগ্রামী ও জিতেন্দ্রিয় ছিলেন। তাঁহার জিতেন্দ্রিয়তা অতি আশ্চর্য্য বিষয় কেননা তিনি অল্প বয়স্ক ও উচ্চ পদ বিশিষ্ট ছিলেন। বিশেষতঃ তাহার পরীক্ষাযোগ্য অনেক বিষয় তাঁহাতে ঘটিয়াছিল। তাঁহার এই২ অসাধারণ গুণ বটে, কিন্তু ততোধিক দোষও ছিল, যেহেতুক তিনি অপরিমিতাচারী ও নিষ্ঠুর আর অহঙ্কৃত এবং অপরিতোষণীয় লোভী ছিলেন। সে যাহা হউক, সন্ধি ও সম্প্রীতির কৌশলে যুদ্ধের কৌশল কি পর্য্যন্ত

শিক্ষা ও বৃদ্ধি করায়, তাহা তাঁহার জয়দ্বারা সম্পূর্ণরূপে সপ্রমাণ হইতেছে। যেহেতুক আমরা এই ইতিহাসে দেখি যে কতক গুলিন ক্ষুদ্রং প্রদেশ সন্ধি ও সম্প্রীতিতে ঐক্য থাকিয়া কেবল সভ্যতার দ্বারাই পৃথিবীর অন্যান্যাংশ তাহাদের বিপক্ষ হইলেও সর্ব্বাপেক্ষায় প্রধান হইয়া উঠিল। আর ইহাও এক দৃষ্টান্তস্থল হইয়াছে, যে পশুবৎ শক্তি অপেক্ষায় জ্ঞানদ্বারা মনুষ্যগণ প্রধানহইতে পারে। আলেক্সাণ্ডরের * এক পুত্র ছিল, তাঁহার নাম হর্কিউলি *, তিনি বার্সিন * নামিকা আর্টাবাসের * কন্যা ও মেমননের * বিধবা স্ত্রীর গর্ভে জাত। আর লোকে এইরূপ প্রচারিত আছে যে তাঁহার মৃত্যুকালীন রক্সানা* ও ষ্টাটিরা * নাম্নী তাঁহার দুই রাণী গর্ভবতী ছিলেন।

১৫ অধ্যায়।

থিবি রাজ্যের ধ্বংস হওনাবধি আণ্টিপেটরের* মৃত্যু পর্য্যন্ত গ্রীকো যে সকল ব্যাপার হইয়াছিল তাহার বিবরণ।

আমরা গ্রীকেরা বিষয়ে আর কিঞ্চিৎ লিখিতে প্রবৃত্ত হইতেছি, সে বিবরণের সহিত আলেক্সাণ্ডরের * যুদ্ধযাত্রার অনেক বিষয়ে কোন সম্পর্ক নাই, কেবল এই সম্পর্ক আছে যে গ্রীকেরা * ঐ যুদ্ধে প্রবৃত্ত হইয়াছিল। গ্রীকা রাজ্যস্থদের সাধারণ সভায় আলেকসাণ্ডরকে * পার্শীদিগের* বিপক্ষ সৈন্যাধ্যক্ষের স্বরূপে নিযুক্ত হওনে কেবল লাসিডিমনীয়েরাই * অসম্মত হইয়াছিল, যেহেতুক তাহারা যে তীক্ষ্ণ বুদ্ধির নিমিত্ত সম্মানিত তদ্দ্বারা তাহারা ভাবিজ্ঞাত হইয়াছিল যে যদ্যপি আলেক্সাণ্ডর * একবার পূর্ব্বদেশ জয় করিতে পারেন তবে গ্রীকদের যে যৎকিঞ্চিৎ স্বাধীনতা

অবশিষ্ট আছে তাহাও তিনি শীঘ্র শেষ করিবেন। অতএব তাঁহার অভিপ্রায়ে বাধা জন্মাইতে সাধ্যানুসারে যত্ন করিবার নিমিত্ত তাহারা পারস্ রাজার সহিত এক যুক্তি করিল, এবং এজি * নামক তাহাদের অতি সাহসিক ও উদ্যোগি রাজাও এই বিষয়ে এমত যত্নবান্ হইয়াছিলেন যে গ্রীকেরা অনেক রাজ্যকে মাসিডনের † বিপক্ষে ঐ যুক্তিতে একত্র করিয়াছিলেন। এই এজি * রাজা আর্কিডেমের * পুত্র ও প্রসিদ্ধ এজিসিলাব* পৌত্র ছিলেন। পরে ঐ কএক একত্রিত রাজ্যহইতে বিংশতি সহস্র পদাতিক ও দুই সহস্র অশ্বারূঢ় সৈন্য সংগ্রহ করিয়া তিনি মিগালপলি † নামক নগর আক্রমণ করিলেন; যেহেতু পিলপনিসা দেশের মধ্যে কেবল ঐ নগর আলেকসাণ্ডরের * অধীন হইয়াছিল। আলেক্সাণ্ডরের * প্রতিনিধিস্বরূপে মাসিডন † দেশাধ্যক্ষ আন্টিপেটর * গ্রীকদের * সৈন্যের দ্বিগুণ সংখ্যক সৈন্য লইয়া এজির * প্রতিযোগ করণার্থে যাত্রা করিলেন। এজি * যুদ্ধে বিরত না হওয়াতে এক দারুণ সংগ্রাম উপস্থিত হইল, ইহাতে মাসিডনীযেরা* জয়ী হয় বটে, কিন্তু তাহাতে তাহাদের তিন সহস্র পাঁচশত উৎকৃষ্ট সেনা হত হইয়াছিল। গ্রীকদেরও এতাদৃশ লোক হত হইয়াছিল; তন্মধ্যে স্পার্টারা † এজি * রাজারও প্রাণবিয়োগ হয়। তিনি পূর্ব্বকালের মধ্যে এক জন প্রধানরূপে গণিত ছিলেন; তিনি যাদৃশ ধার্ম্মিক ছিলেন তাঁহার মৃত্যু কালেও তাদৃশ গৌরব হইয়াছিল। যথা তিনি সংগ্রাম করতঃ অনেক অস্ত্রাঘাত পাইলে পর তাঁহার সেনাগণ তাঁহাকে স্কন্ধে করিয়া পলায়ন করিতে চেষ্টা করিয়াছিল, কিন্তু পাছে তাহারা শত্রুকর্ত্তৃক বেষ্টিত হয় এই আশঙ্কায় তিনি তাহাদিগকে

কহিলেন, যে তোমরা আমাকে ত্যাগ করিয়া পলায়নদ্বারা আপনাদের প্রাণ রক্ষা কর, কারণ তোমরা জীবিত থাকিলে পরে স্বদেশরক্ষার চেষ্টা করিতে পারিবা। তাঁহার আজ্ঞা প্রমাণে তাহারা তাঁহাকে রাখিয়া গেল, এবং তিনি হাটুগাড়িয়া সংগ্রাম করতঃ মাসিডনীয়দের* অনেককে হত করিয়া আপনি শত্রুদের এক জনকর্তৃক বর্শায় বিদ্ধ হইয়া প্রাণত্যাগ করিলেন।

এজিস* মৃত্যুর পরে স্পার্টায়† যাঁহারা রাজা হইয়াছিলেন তাহাদের শাসনসময়ে বর্ণন যোগ্য অধিক ঘটন হয় নাই। ইউডিমিড* নামক এজিস* পুত্র নিজ পিতৃসিংহাসনে অভিষিক্ত হইলেন; এবং স্পার্টা† প্রদেশের পক্ষে মঙ্গলের বিষয় এই যে তাঁহার পিতা যেমন সংগ্রামী তিনি সেই মত সন্ধির প্রতিরত ছিলেন, তাহার প্রমাণ এই। যে স্পার্টীয়েরা* এজিস* মৃত্যুতে উন্মান্বিত হইয়া যুদ্ধদ্বারা মাসিডনীয়দের* প্রতি হিংসা করণোদ্যত হইলেও তিনি তাহাদের ক্রোধ শান্তি করিলেন। যখন এক জন নগরবাসী তাঁহাকে জিজ্ঞাসা করিল যে তোমার প্রজাগণ যুদ্ধের নিমিত্ত এত ব্যগ্র হইয়াছে, তবে তুমি কিনিমিত্ত বিরত হও? তাহাতে তিনি উত্তর করিলেন যে আমি প্রজাগণকে জানাইতে চাহি যে যাহা তাহারা বাঞ্ছা করিতেছে তাহাতে তাহাদের মন্দ ঘটিবে। এবং আর এক ব্যক্তি তাঁহার নিকটে পার্শীদের* প্রতিকূলে জয়কীর্ত্তি বর্ণনা করত তাঁহার পূর্ব্ব পুরুষদের প্রশংসা করিয়া মাসিডনে† পুনর্ব্বার যুদ্ধ করণের আবশ্যকতা দর্শাইলে ইউডিমিড* কহিলেন, যে তুমি কি এক সহস্র মেষের সহিত ও পঞ্চাশত্ নেক্‌ডিয়া ব্যাঘ্রের সহিত যুদ্ধ করণ তুল্য জ্ঞান কর? তিনি এক দিবস হঠাৎ সিনো

ক্রাটি* নামক পণ্ডিতের চতুষ্পাঠীতে উপস্থিত হইয়া ঐ প্রাচীন ব্যক্তির কি ব্যবসায় জিজ্ঞাসা করাতে নিকটস্থদের কর্ত্তৃক শুনিলেন যে ঐ জ্ঞানি ব্যক্তি ধর্ম্মান্বেষণ করিয়া থাকেন; তাহাতে তিনি এই কহিলেন যে তিনি এতাদৃশ প্রাচীনাবস্থায় ধর্ম্মান্বেষণ করিয়া কোন কালে তাহা উপার্জ্জন বা ব্যবহার করিবেন। এবং থিবি † প্রদেশবহির্ভূত লোক ভিন্ন গ্রীকেরা অন্য সকল প্রদেশবহির্ভূত লোকদের স্বদেশে পুনরাগমনের বিষয় যখন আলেক্সাণ্ডর * অলিম্পিক ক্রীডায় উৎসব করিয়াছিলেন তখন ইউডিমিড * থিবীয়দের* প্রতি সম্বোধন পূর্ব্বক কহিয়াছিলেন যে ইহা তোমাদের পক্ষে অতি দুঃখের বিষয় বটে· কিন্তু অতি সম্মানেরও বিষয়, যেহেতুক তাবৎ গ্রীকদের * মধ্যে আলেক্সাণ্ডর * কেবল তোমাদিগকেই ভয় করেন।

আন্টিপেটর * পিলোপনিসের † বিরোধ শান্ত করিয়া এবং ঐ বিরোধের প্রধান কারণ যে পূর্ব্বোক্ত এজি * রাজা তাঁহাকে বধ করিয়া, যে ২ ব্যক্তিহইতে তাঁহার প্রভু আলেক্সাণ্ডরের * শক্তি স্থাপনে বাধা জন্মিবার সম্ভাবনা ছিল তাহাদিগকে বিনাশ করিতে প্রতিজ্ঞা করিলেন। প্রথমতঃ ডিমাস্থান * নামক প্রসিদ্ধ বক্তার বিরুদ্ধে মনস্থির করিয়া তাঁহার স্বদেশী- য়েরা তাঁহাকে যাহাতে দেশের অহিতকারিস্বরূপ জ্ঞান করে এমত চেষ্টা করিতে লাগিলেন। পূর্ব্বেই কথিত হইয়াছে যে হার্পাল * উৎকোচদ্বারা ফোসিয়নকে * বশীভূত করিতে পারেন নাই, কিন্তু ডিমাস্থিনিকে * তদ্দ্বারা বশীভূত করি- য়াছিলেন এইরূপ কথিত আছে, যেহেতুক এইক্ষণে তাঁ- হার এই অপবাদ প্রকাশ হইল যে তিনি উৎকোচস্বরূপ এক স্বর্ণপাত্র ও বিংশতি টেলেণ্ট মুদ্রা গ্রহণ করিয়াছেন।

ফলতঃ যখন মাসিডনীয়দের* মধ্যে এক দোষি ব্যক্তি আ-থিনীয়দের* আশ্রয় যাচঞা করিয়াছিল তখন এই বিষয়ে ডিমাস্থিনির* অভিপ্রায় জিজ্ঞাসা কবিলে, তিনি গলদেশে কএক খান পটী বান্দিয়া উপস্থিত হইলেন। অনুমান হয় যে তাঁহার যথার্থ কফ হওয়াতে তিনি এতাদৃশ পটী ধারণ করিয়া ছিলেন; কিন্তু তাঁহার শত্রুরা তাহা মিথ্যা কহিয়াছিল, এবং এক ধূর্ত্তব্যক্তি বিদ্রূপ কবিয়া কহিল যে ডিমাস্থিনির* গলায় স্বর্ণের ব্যথা হইয়াছে। সে যাহাহউক এরিওপেগ† বিচারস্থানে পরীক্ষিত হওয়াতে অযথার্থ বেতন গ্রহণ বিষয়ে তাঁহার দোষ নিশ্চয় হইল, এবং তন্নিমিত্ত পঞ্চাশ টেলেণ্ট মুদ্রা দণ্ড দিতে তাহাকে আজ্ঞা হইল; কিন্তু তিনি ঐ দণ্ড দেওনে অক্ষম হওয়াতে দেশান্তরে দূরীকৃত হইলেন। প্রাচীন কালের প্লুটার্ক* ও পাসানিয়* নামক দুই জন প্রধান ইতিহাসবেত্তা ডিমাস্থিনিকে* ঐ অপবাদে নির্দ্দোষ সপ্রমাণ করেন।

গ্রীক†দেশের মধ্যে প্রায় এক ব্যক্তি অর্থাৎ ডিমাস্থিনি* ভিন্ন অন্য কাহারও হইতে মাসিডনের† বিপদ ঘটিবার আশঙ্কা ছিল না, তাঁহাকে আণ্টিপেটর† পূর্ব্বোক্তরূপ দূর করিলে পর গ্রীকেরা অধীনত্ব স্বীকার করণে সম্মত হয় কি না তাহা আলে-ক্‌সাণ্ডর* পরীক্ষা করিতে প্রতিজ্ঞা করিলেন। এই অভিপ্রায়ে তিনি অলিম্পিক্ উৎসবে প্রচার করিলেন যে গ্রীক† দেশস্থ যাহারা নিতান্ত দুষ্কর্ম্মে দোষী হইয়া দেশবহির্ভূত হইয়াছে তদ্ভিন্ন লঘুতর দোষে যাহারা দূরীকৃত হইয়াছে তাহারা সকলেই স্ব২ নগরে পুনঃস্থাপিত হইতে পারিবে; ইহাতে যদ্যপি কোন নগরস্থেরা উহাদিগকে পুনর্গ্রহণ করণে আপত্তি করে, তবে তাহাদিগকে তদ্বিষয়ে অস্ত্রবলদ্বারা সম্মত করাণ-

যাইবে। এতাদৃশ আজ্ঞা প্রচার করণের উচিত কাল হয় নাই, আরও কিয়ৎকাল বিলম্ব করিলে ফল দর্শিতে পারিত, কারণ যদ্যপিও নানাবিধ দৌরাত্ম্যদ্বারা লোকদের মনের ক্ষীণতা জন্মিয়াছিল, তথাপি তাহারা আলেক্সাণ্ডরের* আজ্ঞাবহ হইল না; যেহেতুক তদ্দ্বারা তাহাদের কেবল স্বাধীনতা নষ্ট হইবার সম্ভাবনা ছিল এমত নহে, কিন্তু তাহাদের নিয়মিত রাজ্যেরও ধ্বংস হইতে পারিত। এই প্রযুক্ত তাহারা সাহস পূর্ব্বক প্রতিযোগ করিবার উদ্যোগ করিল, বিশেষতঃ লিয়স্থিনি* নামক আথিনীয় সৈন্যাধ্যক্ষ একত্রিত সেনাদের সহিত সংযোগ করাতে তাহারা আন্টিপেটরের* সহিত অনায়াসে যুদ্ধ করিতে উপযুক্ত হইল।

এই সময়ে আলেক্সাণ্ডরের* মৃত্যু সংবাদ গ্রীক† দেশে আসাতে বিরুদ্ধাচারিদের আরো সাহসবৃদ্ধি হইয়াছিল। এই সময়ে ডিমাস্থিনির* স্বদেশপ্রেমার্থ ও বক্তৃতাদ্বারা গ্রীকের† নানা প্রদেশ মাসিডনীয়দের* বিপক্ষে একত্র হইতে পারিবে, এইরূপ ভাবিয়া গ্রীকেরা* তাঁহাকে পুনরাহ্বান করিল। পাইথিয়* নামক আলেক্সাণ্ডরের* বশীভূত এক ব্যক্তি এই বিষয়ে ডিমাস্থিনির* প্রতিবাদী হইয়া কহিয়াছিলেন যে আথিনীয়েরা* গর্দ্দভের দুগ্ধের ন্যায়, কারণ গর্দ্দভের দুগ্ধ কোন বাটীতে আনিলে যেমত তত্রস্থ লোকদের রোগের হেতু হয়, সেইমত আমরা নিশ্চয়রূপে কহিতে পারি যে আথিনীয়েরা* যে নগরে আইসে সেই নগরেরই উৎপাত ঘটে, তাহাতে ডিমাস্থিনি* উত্তর করিলেন যে গর্দ্দভের দুগ্ধে যেরূপ রোগের শান্তিও হয় সেইরূপ আথিনীয়দের* সুপরামর্শে বিপদগ্রস্ত প্রদেশ সকলের ভয় দূর হয়।

আন্টিপেটরের * সৈন্যসংখ্যা গ্রীকদের * অপেক্ষায় ন্যূন ছিল বটে, তথাপি তিনি তাহাদের সহিত সাহস পূর্ব্বক যুদ্ধে প্রবৃত্ত হইলেন, কিন্তু পরাভূত হইয়া তিনি থেসিলি † প্রদেশের লেমিয়া † নগরে আশ্রয় লইয়া নূতন সৈন্যের আইসন পর্য্যন্ত তথায় বদ্ধ থাকিতে প্রতিজ্ঞা করিলেন। এই যুদ্ধে জয় হওয়াতে আথিনীয়েরা * এমত গর্ব্বিত হইয়াছিল যে তাহাদের মধ্যে কেহ২ মাসিডনীয়দের* প্রতিকূলে প্রকাশিতরূপে যুদ্ধ করিতে প্রসঙ্গ করিয়াছিল, কিন্তু ফোসিয়ন্ * তাহাদিগকে তদ্বিষয়ে অক্ষম বুঝিয়া নিবৃত্ত করিয়াছিলেন। এক জন প্রধান নগরবাসী ফোসিয়নকে * জিজ্ঞাসা করিয়াছিলেন যে যুদ্ধ করিতে তুমি কোন সময় উপযুক্ত জ্ঞান কর? তাহাতে তিনি এই উত্তর করিয়াছিলেন, যে যখন যুব ব্যক্তিরা যথাবিধি ব্যবহার করিবে ও ধনি ব্যক্তিরা দান করণে স্বচ্ছন্দ হইবেন এবং বক্তারা রাজ্যের হিতৈষী হইবেন তখনই যুদ্ধ করিবার উপযুক্ত কাল হইবে।

আন্টিপেটর* যে নূতন সৈন্য পাইবার আশা করিয়াছিলেন তাহা অল্পকালের মধ্যেই আসিয়া উপস্থিত হইল; ইহাতে শত্রুদের অপেক্ষায় আপনাকে অধিক শক্তিমন্ত জ্ঞানে তিনি তাহাদের অনুসন্ধানে যাত্রা করিলেন, এবং থেসালি † প্রদেশস্থ ক্রনন † নামক নগরের নিকটে তাহাদের সাক্ষাৎ পাইয়া তিনি তাহাদিগকে সম্পূর্ণরূপে পরাভূত করিলেন। আথিনীয়েরা * এই উপদ্রবের আদি ও প্রধান প্রবর্ত্তক হইয়াছিল, এই প্রযুক্ত গ্রীকের † অন্যান্য প্রদেশস্থদের অপেক্ষায় তাহাদের উপরই অধিক ক্রুদ্ধ হইয়া আন্টিপেটর* তাহাদের সহিত আর কোন নিয়মে সন্ধি করিতে চাহিলেন না, কেবল

এই নিয়মে সম্মত হইলেন যে ডিমাস্থিনিকে * আমার হস্তে সমর্পণ করিতে হইবে, এবং আথিনি † নগরে আমার সৈন্য রাখিতে হইবে।

ডিমাস্থিনি * আণ্টিপেটরের * অত্যন্ত ক্রোধ জানিতে পারিয়া কালারিয়া † নামক নিকটস্থ এক ক্ষুদ্র উপদ্বীপে পলায়ন পূর্ব্বক তত্রস্থ নেপ্‌টিউন্ * দেবতার মন্দিরে আশ্রয় লইলেন। আর্কিয় * নামক এক জন ক্রীডক আণ্টিপেটরের * আজ্ঞা প্রমাণ ঐ উপদ্বীপে তাঁহার পশ্চাৎ গমন করিয়া তাঁহাকে পুনরাগমন করাওনে লওয়াইতে বহুতর চেষ্টা করিয়াছিলেন, এবং কহিয়াছিলেন যে আণ্টিপেটর * তোমার প্রতি দয়া প্রকাশ করিবেন। কিন্তু আর্কিয় * যেমত আণ্টিপেটরের * চরিত্র জানিতেন তদপেক্ষায় ডিমাস্থিনি * অধিক জানিতেন, এই প্রযুক্ত তিনি কহিলেন যে অহে আর্কিয * তোমার ক্রীড়া করণে যেমত আমার অধিক শ্রদ্ধা হয় নাই তোমার মধ্যস্থতায়ও আমার সেইরূপ অধিক শ্রদ্ধা হইবে না। পরে আর্কিয় * তদ্বিষয়ে অত্যন্ত ব্যগ্র হওযাতে তিনি নিজ পরিবারের নিকট এক পত্র লিখিবার ছলে মন্দিরের ভিতরে যাইতে অনুমতি চাহিলেন; এবং লিখিবার স্থানে যাইযা অতিশয় চিন্তার সময় তাঁহার যে রূপ লেখনী চর্ব্বণ করিবার স্বভাব ছিল সেইরূপ একটা বিষাক্ত লেখনী মুখের ভিতর লইয়া চর্ব্বণ কবিতে লাগিলেন। ঐ বিষ তাঁহার সর্ব্বশরীরে ব্যাপিলে পর তিনি ঐ কাব্য কারকের প্রতি ফিরিয়া কহিলেন যে অহে মহাশয়, কাব্যের মধ্যে যে রূপ ক্রিয়নের * দৃষ্টান্ত পাওয়া যায় সেই রূপ আপনি আমার শব মৃত্তিকাস্থ না করিয়া নিক্ষেপ করিবেন। তিনি তাঁহাকে আরও কহিলেন যে মন্দিরের ভিতরে আমার মৃত্যু হইলে তাহা

অপবিত্র হইবে, অতএব আপনি আমাকে দ্বারের বাহিরে ধরিয়া থাকুন, কিন্তু যজ্ঞবেদির নিকট দিয়া আসিতে২ই তাঁহার প্রাণত্যাগ হইল।

ঐ প্রধান ব্যক্তি ও এজির * মৃত্যু হওয়াতেই আণ্টিপেটর * আথিনীতে † ও অন্য২ রাজ্যে দৃঢ়রূপে আপন শক্তি স্থাপন করিলেন, এবং ঐ শক্তির কোমল ব্যবহারদ্বারা লোকদেরও এমত প্রিয়পাত্র হইয়াছিলেন, যে তাহারা তাঁহাকে সম্মান করিয়া গ্রীকেরা পিতা ও রক্ষাকর্ত্তাস্বরূপ উপাধি দিল। কিন্তু ইটোলিয়েরা * তাঁহাকে এতাদৃশ সম্মান করে নাই; যেহেতুক পূর্ব্বে সন্ধির সময় তাহাদের প্রতি যে সকল নিয়ম উক্ত হয় তাহাতে তাহারা অত্যন্ত অতুষ্ট হইয়া এই প্রতিজ্ঞা করিয়াছিল, যে হয় আমরা উত্তম নিয়মে সন্ধি করিব নতুবা যুদ্ধদ্বারা সর্ব্বনাশ স্বীকার করিব। এই অভিপ্রায়ে তাহারা অনেক সৈন্য একত্র করিয়া মাসিডন † রাজ্য আক্রমণ করিল। প্রথমে তাহাদের কিঞ্চিৎ লাভ দর্শিয়াছিল, অর্থাৎ পর্ডিক * নামক এক ব্যক্তি মাসিডনীয়দের * আশিয়াস্থ † রাজ্য আক্রমণ করণের মনস্থ করিয়াছিলেন এই প্রযুক্ত আণ্টিপেটর * নিজ রাজ্যের রক্ষা পরিত্যাগ পূর্ব্বক পর্ডিককে * দমন করণার্থে আশিয়ায † যাইতে বাধিত হওয়াতে ইটলিয়েরা * এই সাবকাশে মাসিডন † রাজ্য আক্রমণ করিয়া প্রথমে কিঞ্চিৎ সৌভাগ্যান্বিত হইয়াছিল, কিন্তু অবশেষে তাহারা পরাভূত হইয়া অধীনত্ব স্বীকার করিল।

আণ্টিপেটরের * ব্যবহারে গ্রীকেরা অন্য২ প্রদেশস্থেরা যাদৃশ রুষ্ট হইয়াছিল আথিনীয়েরা * তাদৃশ হয় নাই বটে, তথাপি বিশেষতঃ মাসিডনীয়দের * সম্পর্কীয় সৈন্য তাহা-

দের নগরের শাস্তাস্বরূপ বাস করণে তাহারা অত্যন্ত লাঘবতা জ্ঞান করিয়া উহাদের দাসত্বহইতে মুক্ত হইতে বাঞ্ছা করিতে লাগিল। প্রথমতঃ তাহারা ফোসিয়কে* নিবেদন কবিল যে তোমাকে আমাদের স্বাধীনতার নিমিত্তে আণ্টি-পটবকে* লওয়াইতে হইবে, কিন্তু ঐ দেশপ্রিয় ব্যক্তি তাহাতে অসম্মত হইলেন, কেননা তিনি জানিতেন যে তাঁহার স্বদেশীয়েরা এমত দুর্ব্বল হইয়াছে যে তাহারা আত্মশক্তিদ্বারা স্বদেশ রক্ষা কবিতে পারিবে না। এই প্রযুক্ত তাহাবা পূর্ব্বোক্ত মাসিডনীয় সৈন্য আথিনীহইতে অন্তর কবাইবার নিমিত্ত ডিমাডি* নামক বক্তাকে আণ্টিপেটবের* নিকট প্রেরণ কবিল। আমরা পূর্ব্বেই কহিয়াছি যে এই ডিমাডি* ডিমাস্থিনির* শত্রু ছিলেন; তাঁহাব কিঞ্চিৎ যোগ্যতা ছিল বটে কিন্তু তিনি তদপেক্ষায় অহঙ্কৃত ও অত্যন্ত অর্থপ্রিয় ছিলেন। আণ্টিপেটর* কহিতেন যে আথিনীতে* আমাব দুই জন বন্ধু আছে এক জন ফোসিয় * তিনি উপকার করিয়া কখনও প্রত্যুপকাব স্বীকাব করেন না, অন্য জন ডিমাডি* তিনি ধন পাইয়া সন্তুষ্ট হয়েন না; আণ্টিপেটরই* ডিমাডিকে* দান প্রদানে ক্লান্ত হইয়াছিলেন। ডিমাডি* পর্ডিকের* নিকট অধিক প্রাপ্তির আশা করিয়াছিলেন তাহা আমরা নিশ্চয় রূপে কহিতে পারি না; কেবল এতাবন্মাত্র কহা যাইতে পারে যে ডিমাডি* ঐ পর্ডিকের* সহিত যুক্তি করিয়া কহিয়াছিলেন যে আপনি আসিয়া মাসিডনা ও গ্রীক্‌রাজ্য অধিকার করুন্। তিনি পর্ডিককে* এই বিষয়ে যেং পত্র লিখিয়াছিলেন তন্মধ্যে একখান পাওয়া গিয়াছিল, তাহাতে আণ্টিপেটরের* নাম সঙ্কেত করিয়া এই লিখেন

যে এইক্ষণে গ্রীক† ও মাসিডন† রাজ্য এক পুরাতন ভগ্ন খুঁটির অবলম্বনে আছে, অতএব আপনি আসিয়া ঐ রাজ্যদ্বয়ের রক্ষাকর্ত্তা হউন। যে সময় ডিমাডি* ও তাঁহার পুত্র পূর্ব্বোক্ত মাসিডনীয় সৈন্য আথিনীহইতে অন্তর করাইবার চেষ্টা করাইতেছিলেন সেই সময় ঐ গুপ্ত পত্র প্রকাশ হইয়াছিল; অতএব আণ্টিপেটর* তৎক্ষণাৎ ডিমাডির* পুত্রকে তাঁহার সম্মুখে হত্যা করিলেন, এবং ইহার পরক্ষণেই ডিমাডি*ও ঐ দুর্দ্দশাগ্রস্ত হইলেন।

ইহার পর আণ্টিপেটর* বহুকাল জীবিত ছিলেন না। তিনি একে বৃদ্ধ হইয়াছিলেন, তাহাতে অতিশয় মানসীব্যথা সহকারিণী হইয়া তাঁহার জীবন সংশয়যোগ্য এক দারুণ রোগ জন্মাইল। পরে মৃত্যুকাল উপস্থিত হইলে তিনি আপন সম্ভ্রান্ত নামোপযুক্ত কীর্ত্তি করিয়াছিলেন। যথা তিনি নিজ পরিবার অপেক্ষায় রাজ্যের অধিক মঙ্গলাকাঙ্ক্ষী হইয়া পলিপর্ক* নামক আলেক্সাণ্ডরের* ইউরপীয় জ্যেষ্ঠাধ্যক্ষকে মাসিডন† ও গ্রীক† রাজ্যের অধিপতি করিয়া নিজ পুত্র কাসাণ্ডরকে* কেবল এক সহস্র সৈন্যের অধ্যক্ষ করিলেন। এতাদৃশ মহৎ ও নিরাকাঙ্ক্ষি ব্যবহারের নিমিত্ত পূর্ব্বে তাঁহার যে সম্ভ্রম ছিল তাহা আরও বৃদ্ধি হইল। অতএব তাঁহার স্বদেশীয়েরা তাঁহার মৃত্যুকে সাধারণ ও অনিবার্য্য ক্ষতিস্বরূপ জ্ঞান করিয়াছিল।

১৬ অধ্যায়।

আলেক্সাণ্ডরের* মৃত্যু হওনাবধি আণ্টিগনের* মৃত্যু পর্য্যন্ত আশিয়ায়† যেং ঘটনা হইয়াছিল তাহার বিবরণ।

আলেক্সাণ্ডর* আত্ম মৃত্যুকালীন কহিয়া গিয়াছিলেন যে সকলহইতে যে ব্যক্তি অধিক যোগ্য তিনিই

আমার রাজ্যাধিকারী হইবেন, ইহাতে তাঁহার প্রাধান২ অধ্যক্ষদের মধ্যে যুদ্ধ হইবার সম্ভাবনা ছিল, যেহেতুক তাঁহারা প্রত্যেকেই আপন২কে রাজপদের উপযুক্ত জ্ঞান করিতেন; কিন্তু ভাগ্যক্রমে তাহাদের আকাঙ্খা পরস্পর হইতেই শান্ত হইল। অতএব তাঁহারা সকলে রাজা হইবার চেষ্টায় ক্ষান্ত হইয়া একমনে আর্ডিয়ু* অথবা ফিলিপ্ আর্ডিয়ু* নামক আলেক্সাণ্ডরের* যে এক সহোদর ছিলেন তাঁহার মস্তকে রাজমুকুট দিলেন। ঐ রাজা অতিশয় অল্পবুদ্ধি ছিলেন, আর এইরূপও কথিত আছে যে তিনি অত্যন্ত পাগল ছিলেন, এবং অনুমান হয় যে তিনি উন্মত্ততা প্রযুক্তই অনায়াসে রাজপদ পাইয়াছিলেন, ফিলিপের* সন্তান ছিলেন সে নিমিত্ত নহে।

হর্কিউলি* নামক আলেক্সাণ্ডরের* এক পুত্র ছিলেন, কিন্তু তাঁহার মাতা বার্শিনী* কোন রাজ বংশীয়া ছিলেন না এই প্রযুক্ত তাঁহার রাজ্যাধিকার জন্মিল না। রক্সানা* নামিকা আলেক্সাণ্ডরের* আর এক রাণী সেই কালীন গর্ব্ববতী ছিলেন, সেই গর্ব্ভে যদ্যপি পুত্র সন্তান জন্মে তবে সেই পুত্র রাজ শক্তির কিঞ্চিদংশ পাইবেন এইরূপ স্থির হইল। পরে রক্সানা* রাণী এক পুত্র সন্তানই প্রসবিয়া তাঁহার নাম আলেক্সাণ্ডর* রাখিলেন, এবং তদবধি রাজ্যের এক রাজার পরিবর্ত্তে দুই রাজা হইল। ইহার কিয়ৎকাল পরে তিন জন রাজা হইবার সম্ভাবনা হইয়াছিল, যেহেতুক ষ্টাটিরা* নাম্নী আলেক্সাণ্ডরের* আর এক রাণীও সেই সময় গর্ব্ভিণী ছিলেন। কিন্তু রক্সানা* অতিশয় নিষ্ঠুরতা ও লোভ প্রযুক্ত ষ্টাটিরাকে* গোপনে নষ্ট করিয়া ঐ আশঙ্কা দূর করিলেন। এই মত পরেও তিনি আপন ভগিনী

ও হিফেষ্টিয়নের * স্ত্রী পারিসাটিকে * বিধবা কালীন নষ্ট করিয়াছিলেন।

হিফেষ্টিয়নের * মৃত্যুর পর পর্ডিক * আলেক্‌সাণ্ডরের * অত্যন্তপ্রিয় পাত্র হওয়াতে আলেক্‌সাণ্ডর * আপন মরণকালে তাঁহাকেই রাজমুদ্রা দিয়াছিলেন। এইক্ষণে ঐ পর্ডিক * হইতে পূর্ব্বোক্ত রাজপরিবর্ত্তনাদি নানা বিষয় ঘটিতে লাগিল, কারণ রাজ্য বিষয়ক শক্তির প্রকাশ বণ্টন সময়ে আপনি নিজদেশস্থ সৈন্যের অধ্যক্ষতা পদ প্রাপ্তেই তুষ্ট ছিলেন বটে, কিন্তু ফলতঃ রাজ্যের তাবৎ প্রদেশের শাসনকর্ত্তাপেক্ষায় তাঁহার অধিক শক্তি ছিল। ঐ শাসনকর্ত্তাদিগের মধ্যে এইং রূপ রাজ্য বণ্টন হইয়াছিল, যথা আণ্টিপেটর * ও ক্রেটির * এই দুই জনে মাসিডন † এবং গ্রীক রাজ্য পাইয়াছিলেন। লাইসিমাক * কর্সানিদিগের * রাজ্যে ও থ্রেস † প্রদেশে শাসনকর্ত্তা হইয়াছিলেন। ইউমিনির * অংশে পাফ্লাগোনিয়া † ও কাপাডসিয়া † দেশদ্বয় পড়িয়াছিল, ও টালমি * ইজিপ্ট † অর্থাৎ মিসরদেশ পাইয়াছিলেন, এবং আণ্টিগন * বড় উপাধি বিশিষ্ট ফ্রিজিয়া † ও লিসিয়া † এবং পাম্ফিলিয়া † দেশের শাসনকর্ত্তা হইয়াছিলেন।

আলেকসাণ্ডরের * সৈন্যাধ্যক্ষেরা কেহ রাজশক্তি লইতে পারেন নাই বটে, তথাপি তাঁহাদের প্রত্যেকেই এমত পরাক্রান্ত হইয়াছিলেন যে তাঁহারা বহুকাল অধীন প্রজার ন্যায় শান্ত হইয়া রহিলেন না। অতএব অল্পকালের মধ্যেই এক আত্ম যুদ্ধ আরম্ভ হইল, তাহাতে রাজ্যের মধ্যে তিন পক্ষের ন্যূন ছিল না। যথা এক পক্ষের কর্ত্তা পর্ডিক *, এবং ইউমিনি * তৎরক্ষক হইয়াছিলেন, ও টালমি * দ্বিতীয় দলপতি

এবং আণ্টিপেটর * ও ক্রেটি * তাঁহার সহায় হইয়াছিলেন, এবং তৃতীয়দল কেবল আণ্টিগন * হইতে হইয়াছিল। আর এই শেষোক্তদল পূর্ব্ব দুইটা অপেক্ষায় অধিক বিপদজনক হইয়াছিল। এই সকল দলের বিবাদ হইতে যে২ ঘটনা হইয়াছিল সে সকল এই সংক্ষেপ পুস্তকে বর্ণনা হইতে পারে না, আর যদ্যপি লিখা যায় তথাপি তাহা বড় মনোরম হইবে না; অতএব বিশেষ২ বৃত্তান্তই লিখা ভাল।

টালমি * ইজিপ্ট † দেশে যে উপদ্রব ও বিরোধ তুলিয়াছিলেন তাহা দমন করিবার নিমিত্ত পর্ডিক * অনেক সৈন্য লইয়া ঐ দেশে গমন করিলে নিজ সেনাগণহইতেই হত হইলেন। আণ্টিপেটর * ও কতক সৈন্য সংগ্রহ করিয়া তন্মধ্যে দুই দল করিলেন এবং ক্রাটিরকে * এক দলের অধ্যক্ষতা ভার দিয়া কহিলেন যে তুমি ইউমিনির * কার্য্যোপক্রম সাবধানে দৃষ্টি করিবা, আর আপনি অন্য দল লইয়া টালমির * আশ্রয়ার্থ সিলিসিয়া † প্রদেশে যাত্রা করিলেন। এই সাবকাশে ইউমিনি * ক্রাটিরকে * আক্রমণ করিয়া তাঁহাকে কেবল পরাভূত করিলেন এমত নহে কিন্তু যুদ্ধে নষ্ট করিয়াছিলেন। ক্রাটিরের * মৃত্যু প্রযুক্ত আণ্টিপেটরের * যে দুঃখ হইয়াছিল তাহার মধ্যে এই সন্তোষের বিষয় রহিল যে সকলে ঐক্য হইয়া পর্ডিকের * পদে তাঁহাকে রাজাদের রক্ষকস্বরূপে নিযুক্ত করিলেন। এই পদপ্রাপ্তে আণ্টিপেটর * মাসিডন † দেশ পুনর্ব্বার দর্শন করিবার আবশ্যকতা বুঝিয়া ইউমিনির * সহিত যুদ্ধ করিবার ভার আণ্টিগন *, ও নিজপুত্র কাসাণ্ডরকে * দিলেন; কিন্তু আণ্টিগন * অদ্ভুত সাহসী ও উদ্যোগী ছিলেন, অতএব পাছে তিনি কোন

বিভ্রাট ঘটান এই আশঙ্কায় আপন পুত্র কাসাণ্ডরকে * সাবধান করিয়া গেলেন।

আণ্টিগন * সংগ্রামে অতিশয় ক্ষমতাপন্ন ছিলেন বটে কিন্তু তাঁহার প্রতিযোগী ইউমিনি* তাঁহা হইতে তদ্বিষয়ে প্রায় ন্যূন ছিলেন না। তাঁহাদের উভয়ের মধ্যে এক যুদ্ধ আরম্ভ হইল, এবং ইউমিনি * আপন অধ্যক্ষদের বিশ্বাসঘাতকতা প্রযুক্ত পরাভূত হইয়াছিলেন বটে, তথাপি তাঁহার এমন যোগ্যতা ছিল যে অত্যল্প অবশিষ্ট সৈন্য লইয়া তিনি নোরা † নামক দুর্গে আশ্রয় লইয়া কেবল শস্য ও লবণ আর জল আহার উপলক্ষ করিয়া ক্রমিক এক বৎসর ঐ স্থান রক্ষা করিয়াছিলেন, শেষে শত্রুরা আক্রমণে ক্ষান্ত হইতে বাধিত হইল।

আণ্টিপেটর * মাসিডনে † পুনরাগমন করিবার পরেই পরলোক গমন করিলেন, আর আমরা পূর্ব্বেই কহিয়াছি যে তিনি পলিপর্ককে * আপন উত্তরাধিকারিস্বরূপ মনোনীত করিয়াছিলেন, পলিপর্ক* অতিশয় অল্প বুদ্ধি ও মিথ্যা গৌরবাকাঙ্ক্ষী ছিলেন। এইক্ষণে তিনি অলিম্পিয়কে * মাসিডনে † পুনরাহ্বান করিয়া আপন অজ্ঞানতা প্রকাশ করিলেন, কেননা আণ্টিপেটর *বিবেচনা পূর্ব্বক ঐ স্ত্রীকে দূর অন্তরে রাখিয়াছিলেন। ঐ স্ত্রীর যে প্রকার নিষ্ঠুর ও প্রতিহিংসক স্বভাব ছিল এবং যন্নিমিত্তে তিনি অতিশয় দুর্নামগ্রস্তা ও দুঃখিতা হইয়াছিলেন এই ক্ষণে সেরূপ স্বভাব প্রকাশ করেন নাই, বরং অত্যন্ত রাজনীতি জ্ঞান ও বিবেচনা দেখাইয়াছিলেন। তাঁহার পরামর্শানুসারে ইউমিনি * পূর্ব্বদেশের নিমিত্তে সৈন্যাধ্যক্ষ স্বরূপ নিযুক্ত হইয়া আণ্টিগনের * প্রতিকূলে যাত্রা করিবার আজ্ঞা

পাইলেন, যে হেতুক আণ্টিগনের* শক্তি দিনেং বৃদ্ধি হইতেছিল। ইউমিনি* এই কর্ম্ম সম্পন্ন করণে অতিশয় যোগ্যতা প্রকাশ করিয়া সিদ্ধি করিয়াছিলেন; যথা আণ্টিগন* অপেক্ষায় তাঁহার সৈন্যসংখ্যা ন্যূন ছিল বটে, কিন্তু ক্রমে ঐ শত্রুপক্ষীয় কতক প্রধানং অধ্যক্ষদিগকে ও আর্জিরেস্পিডি* নামে বিশিষ্ট এক দল মাসিডন† দেশস্থ ক্লেশসহ পুরাতন সৈন্যকে স্বপক্ষ করিয়াছিলেন। ঐ সৈন্যদলের আর্জিরেস্পিডি* নাম হওনের হেতু এই যে তাহারা রৌপ্যের ঢাল ধারণ করিত। আলেক্সাণ্ডর* তাহাদের অদ্ভুত সাহস দর্শনে তুষ্ট হইয়া ঐ রূপার ঢাল তাহাদিগকে দান করিয়াছিলেন। এইং রূপ নানা উপায়দ্বারা তিনি ক্রমিক তিন বৎসর পর্য্যন্ত আণ্টিগনের* মনস্থের ব্যাঘাত করিয়াছিলেন। পরে আণ্টিগন* শীতকালে এক উত্তম সযোগ পাইয়া অকস্মাৎ তাঁহার শিবির আক্রমণ করিয়া কেবল তাঁহার সেনাদিগকে পরাজয় করিয়াছিলেন এমত নহে, কিন্তু তাঁহাকেও বন্ধি করিয়া তৎক্ষণাৎ হত করিলেন।

এইক্ষণে আণ্টিগন* ঐ শত্রুর ভয়হইতে মুক্ত হইয়া আপন অভীষ্টসিদ্ধি করণের চেষ্টা করিতে লাগিলেন। ঐ সকল মনস্থ তিনি বহুকাল পর্য্যন্ত করিয়াছিলেন বটে, কিন্তু এই পর্য্যন্ত কখন সাহস করিয়া ব্যক্ত করেন নাই। তিনি প্রথমে বাবিলনে† যাইয়া সেই নগর অক্লেশে অধিকৃত করিলেন, যে হেতুক সিলুক* নামক তৎশাসনকর্ত্তা ইজিপ্ট† দেশে পলায়ন করিয়া টালমির* আশ্রয় লইয়াছিলেন, তৎপরে তিনি সিলাসিরিয়া†ও ফিনিশিয়া† নামক প্রদেশদ্বয় আক্রমণ করিয়া অধীন করিলেন, এবং এক বৎসরের মধ্যে পাঁচশত খান ডিঙ্গা প্রস্তুত

করিয়া তিনি টাইএর † নগর আক্রমণ করিয়া তাহার ধ্বংস করিলেন।

এই কালে টালমি * ও লাইসিমেক* ও সিলুক * এবং কাসাণ্ডর * এই চারিজনে ঐক্য হইয়া আণ্টিগনকে* দমন করিবার নিমিত্ত এক যুক্তি করিয়াছিলেন। তদনুসারে টালমি* অনেক সৈন্যের সহিত গাজায় † যাইয়া আণ্টিগনের† পুত্র ডিমিট্রিয়ুকে* আক্রমণ করিয়া পরাভূত করিলেন, সে সময় ডিমিট্রিয়ু* অধ্যক্ষতার ভার লইয়াছিলেন, কারণ তাঁহার পিতা তৎকালে উপস্থিত ছিলেন না; কিন্তু ডিমিট্রিয়ু* টালমির* এক জন অধ্যক্ষকে আক্রমণ করিয়া পরাভূত করণদ্বারা আপন পূর্ব্ব সম্ভ্রম শীঘ্রই পুনঃপ্রাপ্ত হইলেন। সে যাহা হউক টালমি* গাজায় † জয়ী হইয়া সিলুককে* কতক গুলিন সৈন্য দিয়াছিলেন তাহা লইয়া সিলুক* বাবিলনে† পুনগমন পূর্ব্বক তাহা অধিকার করিয়া মৃত্যুকাল পর্য্যন্ত শাসন করিয়াছিলেন।

আণ্টিগন* ও টালমি* ও লাইসিমেক* এবং কাসাণ্ডর* কিয়ৎ কাল স্বাধীন রাজাদের ন্যায় কর্ত্তৃত্ব করিয়াছিলেন বটে, তথাপি আলেক্‌সাণ্ডর* নামক মাসিডনের† যুবরাজকে বাহ্যে সাধারণ স্বামিস্বরূপ মান্য করিতেন; কিন্তু এইরূপ প্রবঞ্চিত ব্যবহার কেবল লোকদিগকে ভুলাইবার নিমিত্তে। এইক্ষণে ঐ ছলের অনাবশ্যকতা বুঝিয়া তাঁহারা সকলে ঐ ছদ্মবেশ পরিত্যাগ পূর্ব্বক যথার্থ রূপে প্রকাশিত হইলেন, অর্থাৎ আণ্টিগন* এবং তাঁহার পুত্র সিরিয়া † দেশের রাজা হইলেন; ও ইজিপ্ট† দেশ টালমির* রাজ্য হইল, আর কাসাণ্ডর* মাসিডন† দেশাধিপতি হইলেন, এবং লাইসিমেক* ও সিল্ক* স্ব২ প্রদেশের সাম্রাজ্য পদপ্রাপ্ত হইলেন।

ঐ কএক জনের যে২ রূপ চঞ্চল ও আকাঙ্খাযুক্ত স্বভাব ছিল তাহাতে বহুকাল পর্য্যন্ত তাঁহাদের মধ্যে পরস্পর সম্প্রীতি রহিল না। সিরিয়ার † রাজারা ইজিপ্ট দেশ অধিকার করিবার মানসে তাহা আক্রমণ করিলেন, কিন্তু সে আশা বিফল হইল। তৎপরে তাঁহারা রোড্স † উপদ্বীপ আক্রমণ করিলেন, এবং যে ডিমিট্রিয় * আক্রমণদ্বারা সর্ব্বদা নগর অধিকার করণে পলিয়র্সিটি * উপাধি পাইয়াছিলেন, তিনি এই বিষয়ে বহু পরিশ্রম করিয়াছিলেন বটে, তথাপি তাহাতে তাঁহাকে শেষে ক্ষান্ত হইতে হইয়াছিল। এই বিষয়ে ক্ষান্ত হইবার কারণ তিনি এক প্রকৃত ছল পাইয়াছিলেন, অর্থাৎ তৎকালে কাসাণ্ডরের * আথিনী † নগর আক্রমণ করাতে আথিনীয়েরা * তাঁহার উপদ্রবহইতে মুক্ত হইবার কারণ বিনয় পূর্ব্বক তাঁহাকে আহ্বান করিয়াছিল। ডিমিট্রিয় * তাহাদের প্রার্থনা রক্ষা করিলেন, অতএব কাসাণ্ডরকে * কেবল আথিনীর * আক্রমণ পরিত্যাগ করিতে হইয়াছিল তাহা নহে, কিন্তু আর তিনি ত্বরায় মাসিডনে † প্রস্থান করিতে বাধিত হইয়াছিলেন।

এই সময়ে * সিরিয় রাজাদের শক্তি এমত বৃদ্ধি হইয়াছিল যে নিকটস্থ তাবৎ প্রদেশস্থেরা স্ব২ রাজ্যের স্বাধীনতার কারণ ভীত হইয়া তাঁহাদের বিরুদ্ধে এক যুক্তি করিল। সেই যুক্তিতে বিশেষতঃ মাসিডনীয়েরা * ও থ্রেসীযেরা * এবং ইজিপ্সিয়েরা * একত্র হইয়া প্রায় চৌয়াত্তর সহস্র সংখ্যক এক দল সৈন্য সংগ্রহ করিয়াছিল। সিরিয়ার † রাজারাও তদপেক্ষায় অধিক সৈন্যের সহিত অবিলম্বে তাহাদের প্রতিকূলে আসাতে ফ্রিজিয়ার † প্রদেশস্থ ইজিপ্স † নামক এক ক্ষুদ্র নগরের সন্নিকটে সংগ্রামোপস্থিত হইল, তাহাতে উভয়পক্ষীয়েরাই অতিশয় বীরত্ব প্রকাশ করিয়া-

ছিল, কিন্তু কিয়ৎকাল পর্য্যন্ত দারুণ যুদ্ধ হওয়ার পর সিরিয়েরা* শেষে সর্ব্বতোভাবে পরাভূত হইল, এবং তাহাদের রাজা আন্টিগন*ও রণস্থানে হত হইলেন। আর ডিমিট্রিয়ু* নয় সহস্র সৈন্য লইয়া পলায়ন করিলেন।

১৭ অধ্যায়।

আন্টিপেটরের* মৃত্যু অবধি ফিলিপের* বংশের সম্পূর্ণরূপে উচ্ছিন্ন হওন পর্য্যন্ত মাসিডনা ও গ্রীকা দেশে যে সকল ঘটনা হইয়াছিল তাহার বিবরণ।

পূর্ব্বেই কহা গিয়াছে যে কাসাণ্ডর* মাসিডনের† রাজসিংহাসনাপহরণ করিয়াছিলেন। তিনি যে রূপে ঐ মর্য্যাদা প্রাপ্ত হয়েন তাহার কিঞ্চিৎ বিবরণ এই স্থানে লিখা কর্ত্তব্য। যথা পলিপর্কন্* অলিম্পিয়কে* পুনরাহ্বান করিয়া যুবরাজের প্রতিপালন ভার ও রাজ্য সম্পর্কীয় পরামর্শের ভার দেওয়াতে কাসাণ্ডর* অত্যন্ত ভীত হইয়া আপন বন্ধুগণের সহিত এমত উপায় সকল স্থির করিতে লাগিলেন যে তাহাতে ঐ স্ত্রীর ক্রোধে তাঁহাদের কোন মন্দ ঘটিতে না পারে। বিশেষতঃ তিনি বিলক্ষণ জানিতেন যে তাঁহার পিতার উপর ঐ স্ত্রীর অতিশয় দ্বেষ ছিল, এবং তাঁহার সন্তানদেরও তাঁহার সম্পর্কীয় তাবতেরই উপর সেইরূপ দ্বেষ আছে।

অলিম্পিয়ের* পরামর্শদ্বারা পলিপর্কন্* প্রথমে যেং উপায় স্থির করিয়াছিলেন তন্মধ্যে এই একটা। যথা আন্টিপেটর* লোকপ্রভুত্বের পরিবর্ত্তে যে কুলীনপ্রভুত্ব রাজ্য সংস্থাপন করিয়াছিলেন, তাহার লোপ করিয়া গ্রীকেরা তাবৎ প্রদেশে সেই লোক প্রভুত্ব রাজ্য পুনঃস্থাপন করিতে তিনি এক আজ্ঞা প্রচার করিলেন। এতাদৃশ আজ্ঞা করণের দৃশ্য কারণ এই যে লোকেরা তদ্দারা পূর্ব্বাপেক্ষায় অধিক শক্তি

ও স্বাধীনতা ভোগ করিতে পারিবেন, কিন্তু তাঁহার যথার্থ অভিপ্রায় এই, যে আণ্টিপেটর* যে সকল শাসনকর্ত্তাকে নিযুক্ত করিয়াছিলেন তাঁহারা পদ্যচ্যুত হইলে কাসাণ্ডরের* প্রতিপত্তি হ্রাস হইবে। নগরবাসিদের মধ্যে যাহারা সুবোধ তাঁহারা অনায়াসেই ঐ চাতুরী বুঝিতে পারিলেন, কিন্তু ইতর লোকেরা অপ্রজ্ঞতা প্রযুক্ত তাহা বুঝিতে না পারিয়া এই প্রচার করিল যে যাঁহারা পলিপর্কনের* পর্ব্বোক্ত আজ্ঞালঙ্ঘন করিবেন তাঁহাদিগকে সমুচিত প্রতিফল দেওয়া যাইবে। পরে তাহাদের দুর্ব্বুদ্ধি হেতুক যাঁহারা নষ্ট হয়েন তন্মধ্যে বিশেষতঃ ধার্ম্মিক ফোসিয়ন্* এক জন। এই মিথ্যাপবাদের পরীক্ষার নিমিত্ত তাঁহাকে উপস্থিত করা গেলে তিনি জিজ্ঞাসা করিলেন যে যেমত নিয়মিত ব্যবস্থা আছে তদনুসারে আমার পরীক্ষা হইবে কি না? লোকেরা উত্তর করিল হাঁ। পরে তিনি প্রত্যুত্তর করিলেন যে আমাদের যে সকল কথা ব্যক্ত আছে তাহা তোমরা যদ্যপি শুবণ না কর তবে আমাদের বিচার ব্যবস্থানুসারে কিরূপে হইতে পারে? তথাপি লোকেরা তাঁহাকে আত্মরক্ষার নিমিত্ত কোন কথা কহিতে দিল না দেখিয়া তিনি উচ্চৈঃস্বরে কহিলেন যে অহে আথিনীয়েরা* তোমরা আমাকে যে দোষের অপবাদ দিতেছ তাহা আমি স্বীকার করিলাম ও তন্নিমিত্ত ব্যবস্থানুসারে যে দণ্ডাজ্ঞা হইবে তাহাও স্বীকার করিব, কিন্তু এই সকল ব্যক্তি কি অপরাধ করিয়াছে যে তাহাদিগকেও তোমরা আমার তুল্য পীড়া দিতেছ? লোকেরা উগ্র হইয়া কহিল যে তাহারা তোমার সঙ্গী অতএব তাহাদের দোষ নিশ্চয় করিতে অন্য কোন প্রমাণের আবশ্যকতা নাই, তৎপরে এই আজ্ঞা প্রচার হইল যে ফোসিয়ন্* প্রভৃতি কএক জনের প্রাণ দণ্ড করা যাইবে। যখন

ফোসিয়নকে* বধ স্থানে লইয়া যায়, তখন তাহার এক বন্ধু তাঁহাকে কহিলেন যে তোমার পুত্রের প্রতি যদি কোন আজ্ঞা করিবার বিষয় থাকে তবে কহিয়া যাও। তিনি মৃদুরূপে উত্তর করিলেন যে আথিনীয়েরা* আমার প্রতি যে রূপ কুব্যবহার করিলেন তাহা যেন আমার পুত্র বিস্মৃত হয়েন, অর্থাৎ যেন তৎপ্রতিহিংসার চেষ্টা না করেন।

তাঁহার শত্রুগণ তাঁহার মৃত্যুতেও নিবৃত্ত হইলেন না, বরং আরও আজ্ঞা করিলেন যে তাঁহার মৃতশরীর আথিনীয়া অধিকারহইতে বহিষ্কৃত করিতে হইবে, এবং তাঁহার চিতা দাহনের নিমিত্ত কেহ অগ্নি আনয়ন করিলে তাহার দণ্ড করা যাইবে। কনোপিয়ন্* নামক এক ব্যক্তি ঐ শব লইয়া ইলিউসিনার † কিঞ্চিৎ অন্তরে গেলেন এবং তথায় মিগেরীয় এক স্ত্রী লোকের নিকট কিঞ্চিৎ অগ্নি লইয়া তাহা জ্বালাইলেন। মিগেরীয় এক প্রাচীনস্ত্রী তৎকালে উপস্থিত ছিলেন, তিনি ঐ অভাগ্যবান্ বক্তার নাম স্মরণার্থে তথায় একটা সামান্য স্তম্ভ নির্ম্মাণ করিলেন, এবং চিতাবশিষ্ট কিঞ্চিৎ ভস্ম অতি যত্নপূর্ব্বক একত্র করিয়া নিজগৃহের উনানের নীচে পুঁতিয়া রাখিলেন। আর গৃহদেবতার উদ্দেশে এই স্তব করিলেন যে আপনারা এই স্থান রক্ষা করিতেছেন, আপনাদের হস্তে ফোসিয়নের* অপূর্ব্ব ভস্ম সমর্পণ করিতেছি, আর এই প্রার্থনা করি যে আপনারা তাহা রক্ষা করুন, পরে যখন আথিনীয়দের* জ্ঞান হইবে, তখন সেই ভস্ম তাঁহার পূর্ব্বপুরুষের কবরমধ্যে রাখিতে দিবেন।

ইহার অল্পকাল পরেই ঐ ধার্ম্মিক বিজ্ঞ স্ত্রীর প্রার্থনা পূর্ণা হইল। পূর্ব্বের ন্যায় আথিনীয়দের* ক্রোধ শান্ত হইয়া সত্যের প্রতি দৃষ্টি হইতে লাগিল, অর্থাৎ ফোসিয়নের* শ্রেষ্ঠতম

পরামর্শে দেশের যে২ উপকার দর্শিয়াছিল তাহার ক্রমে স্মরণ হইয়া তাহারা এই আশ্চর্য্য বোধ করিল যে হায়! আমরা কি কুকর্ম্ম করিয়াছি। অতএব এইক্ষণে তাহারা ফোসিয়নের* এক পিত্তল প্রতিমা নির্ম্মাণ করিতে আজ্ঞা করিল, ও রাজ্যের ব্যয়হইতে তাহার পূর্ব্বোক্ত ভস্ম আথিনীতে† আনাইল, এবং তাঁহার তাবৎ অপবাদকদিগকে হত্যা করিতে আজ্ঞা করিল। আগ্ননিডি* নামক ফোসিয়নের* প্রধানাপবাদক হত হইলেন। ইপিকুর* ও ডিমফিল* পলায়ন করিলেও ফোসিয়নের* পুত্র তাঁহাদের পশ্চাৎ গমন করিয়া আপন পিতৃ বিয়োগের প্রতিহিংসা করিয়াছিলেন।

পলিপর্কন্* এইরূপে ফোসিয়নের* শত্রুতাহইতে মুক্ত হইয়া আপনি রাজ্য পরিবর্ত্তনের বিষয়ে যে আজ্ঞা করিয়াছিলেন তাহা সম্পন্ন করণে নানা প্রকার নিষ্ঠুরতা প্রকাশ করিতে লাগিলেন, অর্থাৎ কেহ তাঁহার ইচ্ছার বিপরীতাচরণ করিলেই তাহার প্রাণ দণ্ড করিতেন। অলিম্পিয়*ও বর্ত্তমান প্রতিযোগের এবং ভবিষ্যৎ আশঙ্কার কোন সম্ভাবনা না দেখিয়া আপন দ্বেষ ও ঘৃণার পাত্রদিগের উপর ক্রোধ প্রকাশ করিতে লাগিলেন। ফিলিপের* উপস্ত্রীর গর্ভজ পুত্রআরিডিয় * রাজাও ঐ দুর্গতিতে পড়িয়াছিলেন। যথা ঐ স্ত্রীলোক পূর্ব্বেই কোন পানীয় দ্রব্য দিয়া তাঁহার জ্ঞান লোপ করিয়াছিলেন, এইক্ষণে তাঁহার ও ইউরিডাইক* নামক তাঁহার রাণীরও প্রাণ নষ্ট করিলেন। ইউরিডাইক* আরিডিয়ের* ভাগিনেয়ী ও ফিলিপের* দৌহিত্রী ছিলেন। তাঁহাদের প্রতি অলিম্পিয়ের* এতাদৃশ নির্দ্দয়তা করণের এই কারণ, যে তাঁহারা তাঁহার মাসিডনে† পুনরাগমন করণে অমত করিয়াছিলেন কেবল ইহাই নহে আর ও তাহারা তন্নিবারণের নিমিত্ত কতক সৈন্য

সংগ্রহ করিয়াছিলেন, কিন্তু সেই সকল সৈন্যদ্বারা পরিত্যজ্য হইয়া তাঁহারা উভয়েই কারাবদ্ধ হইয়াছিলেন। আরিডিয়স* অলিম্পিয়স* কর্তৃক কতক গুলিন থ্রেসীয়দ্বারা তৎক্ষণাৎ কারাগারেই হত হইলেন; তৎপরে অলিম্পিয়স* এক দূতের হস্তে এক ছুরিকা ও রজ্জু এবং এক বাটী বিষ দিয়া তাঁহার রাণীকে কহিয়া পাঠাইলেন যে এই তিনের মধ্যে যাহা ইচ্ছা তাহাদ্বারা তোমাকে মরিতে হইবে। ঐ দূত উপস্থিত হওয়াতে ইউরিডাইক* কোন প্রকারে উদ্বিগ্ন না হইয়া দেবতাদের নাম স্মরণ করতঃ কহিলেন যেন অলিম্পিয়সকেও* এই রূপ উপঢৌকন পাইতে হয়, পরে রজ্জুদ্বারা শ্বাস বদ্ধ করিয়া প্রাণ ত্যাগ করিলেন। ইহার কিয়ৎকাল পূর্ব্বে ইউরিডাইকের* মাতা সাইনেন্*ও ঐ প্রতিহিংসক স্ত্রীলোকের ধূর্ত্ততায় হত হইয়াছিলেন।

অলিম্পিয়স* এত প্রাণিবধ করণেও নিবৃত্ত না হইয়া নাইকেনর* নামক কাসাণ্ডরের* ভ্রাতাকে হত করিলেন; আর আইওল* নামক কাসাণ্ডরের* অন্য এক সহোদরের মৃত শরীর যাহা বহুকাল পর্য্যন্ত কবরমধ্যে ছিল তাহা এইক্ষণে তোলাইয়া রাজপথে রাখাইয়া দিলেন। এতদ্ভিন্ন মাসিডনীয়ারা প্রধান কুলোদ্ভব শতেক লোককে কাসাণ্ডরের* পক্ষ জ্ঞানে নষ্ট করিলেন। অলিম্পিয়সের* কাসাণ্ডরকে* ঘৃণা বা ভয় করিবার যথার্থ কারণ ছিল বটে, তথাপি সে স্ত্রী যে মত নিষ্ঠুর ছিলেন সেই মত যদি চতুর ও সুবোধ হইতেন তবে কাসাণ্ডরের* ক্রোধ বৃদ্ধি না করিয়া বরং শান্ত করণের চেষ্টা পাইতেন।

কাসাণ্ডর* ইউরপেরা কোন সৈন্যদ্বারা অলিম্পিয়স* ও পলিপর্কনের* সহিত যুদ্ধ করিতে আপনাকে অযোগ্য জানিয়া আশিয়াস্থ আণ্টিগনের* আশ্রয় যাচ্ঞা করিলেন, এবং তাঁহা হইতে

কতক গুলিন সৈন্য পাইয়া তিনি আথিনীতে † গমন করিলেন, তথাকার শাসনকর্ত্তা নাইকেনর * যিনি সাহস পূর্ব্বক পলিপর্কনের * পূর্ব্বোক্ত আজ্ঞায় বাধা দিয়াছিলেন, তিনি এইক্ষণে কাসাণ্ডরকে* পাইয়া আহ্লাদ পূর্ব্বক গ্রহণ করিলেন। এই রূপে তাঁহাদের উভয়ের সৈন্য মিলিত হওয়াতে তাঁহারা পলিপর্কন্* ও অলিম্পিয়কে* বাইজন্‌সিয়মেরা নিকট সমুদ্রযুদ্ধে পরাভূত করিলেন, এবং তাহাদের স্থলস্থ তাবৎ উদ্যোগ ব্যর্থ করিলেন।

যাহাহউক সে কালের প্রধান২ লোকেরা শক্তি প্রাপ্তে যে রূপ মত্ত হইতেন কাসাণ্ডর *ও সেইরূপ হইয়াছিলেন, কারণ তিনি শক্তির নিমিত্ত ন্যায়ান্যায় ও সদসৎ এবং কৃতজ্ঞতা বা কৃতঘ্নতা কিছুই বিবেচনা করিতেন না। তাহার প্রমাণ এই। যখন নাইকেনর* নিজ হিতান্বেষণ অর্থাৎ অটিকা † প্রদেশের রাজত্ব পাইবার চেষ্টা করিতেছেন শুনিয়া তিনি কোন কথা কহিবার ছলে তাঁহাকে এক নিজন বাটীর ভিতর লইয়া গিয়া পূর্ব্ব প্রস্তুত কএক জন গুপ্ত ঘাতকদ্বারা তাঁহাকে হত করিলেন।

এই নিষ্ঠুর কর্ম্মের প্রতিকার করণার্থে তিনি এক অত্যুত্তম ব্যক্তিকে নাইকেনরের * উত্তরাধিকারিস্বরূপ নিযুক্ত করিলেন। সে ব্যক্তির নাম ডিমিট্রিয় ফেলিরিয়* তিনি থিয়ফ্রেষ্ট* নামক পণ্ডিতের প্রসিদ্ধ শিষ্য ছিলেন। ডিমিট্রিয়ের* তিন প্রধান গুণ ছিল। যথা তিনি বিজ্ঞান শাস্ত্রে পণ্ডিত ও বক্তা এবং ধার্ম্মিক ছিলেন। সিসিরো* তাঁহার বক্তৃতার বিষয়ে বিস্তর প্রশংসা করেন কিন্তু ইহাও কহেন যে গ্রীকের † মধ্যে তিনিই প্রথমে পূর্ব্ব কালের সাহসিক ও অনিবার্য্য বক্তৃতা পরিবর্ত্ত করিয়া মৃদু ও করুণাযুক্ত বক্তৃতার সৃষ্টি করিয়াছেন,

এবং তিনি অনুভব করেন যে দুরন্ত তরঙ্গময় শ্রোত অপেক্ষায় যেমত সমান শ্রোতের শক্তি ন্যূন, পূর্ব্ব কালের বক্তৃতা-হইতে ডিমিট্রিয়ের* বক্তৃতা সেই মত ন্যূন। সে যাহাহউক ডিমিট্রিয় * প্রজাগণের হিতার্থে মনোযোগ পূর্ব্বক এমত সূক্ষ্ম বিচারে আপন কর্ম্ম ভার সম্পন্ন করিয়াছিলেন যে আথিনীয়েরা* তাঁহার সম্মান নিমিত্তে প্রায় তিন শত প্রতিমূর্ত্তি নির্ম্মাণ করিয়াছিল, তাহার মধ্যে অনেক মূর্ত্তিই অশ্বারূঢ়।

কাসাণ্ডরের* সহিত পলিপর্কন* ও অলিম্প্রিয়ের* যে বিরোধ হইতেছিল শীঘ্র তাহার শেষ হইবার উপক্রম হইতে লাগিল। কাসাণ্ডর* আপন সৈন্যের মধ্যে দুই দল করিলেন, এক দলের অধ্যক্ষতার ভার কালাকে * দিয়া পলিপর্কনের * বিরুদ্ধে যাইতে কহিলেন, সে সময় পলিপর্কনের* সৈন্য অলিম্প্রিয়ের * সৈন্যহইতে পৃথক্ হইয়াছিল। আর অন্য দল লইয়া কাসাণ্ডর* আপনি অলিম্প্রিয়ের * পশ্চাৎ ধাবমান হইলেন। সে স্ত্রীলোক প্রথমে মাসিডোনীয়-দিগকে* আপন পক্ষ করিতে বহুতর চেষ্টা করিয়া শেষে পিড্না † নামক এক সুরক্ষিত নগরমধ্যে আশ্রয় লইতে বাধিত হইলেন। তথায় কাসাণ্ডর* তাঁহাকে তৎক্ষণাৎ আক্রমণ করিলেন, তাহাতে আহার অভাব জন্য অত্যন্ত কষ্ট হওয়াতে তিনি সসৈন্যে অধীনত্ব স্বীকার করিতে বাধিত হইলেন। অধীন হইবার সময় তিনি আপন প্রাণ রক্ষার নির্ব্বন্ধ করিতে যত্ন করিয়াছিলেন বটে, কিন্তু যাহা-দিগকে তিনি পূর্ব্বে হত্যা করিয়াছিলেন তাহাদের অন্তরঙ্গেরা তাঁহাকে বধ করণের পণ করাতে কাসাণ্ডর * ছল পূর্ব্বক কহিলেন যে যদ্ধের ব্যবস্থাতেই কেবল ঐ নির্ব্বন্ধ

হইতে পারে, কিন্তু রাজ্যের ব্যবস্থাতে কিরূপ হয় তাহাও স্থির করিতে হয়; এই রূপ কহিয়া তাঁহাকে দেশের বিচারপতিদের হস্তে সমর্পণ করিলেন। যাহাদিগকে তিনি পূর্ব্বে হত করিয়াছিলেন তাহাদের বন্ধু বান্ধব সকলে একত্র হইয়া লোকদের সমাজে তাহার অপবাদ দিলেন, অতএব তাহারা তাঁহার কোন কথা শ্রবণ না করিয়া তাঁহার দোষ নিশ্চয় করিল। পরে তাহাকে আথিনীতো লইয়া যাইবার নিমিত্ত কাসাণ্ডর* এক খান ডিঙ্গা দিতে চাহিয়াছিলেন কিন্তু তিনি তাহা স্বীকার না করিয়া কহিলেন, যে আমার যাহা বক্তব্য আছে তাহা আমি মাসিডোনীয়দের* সম্মুখে কহিব. কারণ আমি যেং কর্ম্ম করিয়াছি তন্নিমিত্ত ভাবিত নহি। কিন্তু কাসাণ্ডর* তাঁহার ঐ প্রার্থনায় সম্মত না হইয়া তাঁহাকে বধ করিবার নিমিত্ত দুই শত সেনা প্রেরণ করিলেন। সেনারা কারাগারে প্রবেশ পূর্ব্বক তাঁহার প্রতপ্ত মূর্ত্তি দর্শনে ভীত ও চমৎকৃত হওয়া প্রভুর আজ্ঞা পালনে অসমর্থ হইল, কিন্তু যাঁহারা সেই স্ত্রীর কোপানলে হত হইয়াছিলেন তাঁহাদের অন্তরঙ্গেরা ধাবমান হইয়া তাঁহার মস্তকচ্ছেদন করিলেন। এই রূপ কথিত আছে যে অলিম্প্রিয়* মৃত্যু কালীন অত্যন্ত সাহস প্রকাশ করিয়াছিলেন। অলিম্প্রিয় * কাসাণ্ডরের * ভ্রাতা আইয়লের * শবের যে রূপ অবস্থা করিয়াছিলেন তাহার প্রতিফল দিবার কারণ কাসাণ্ডর * ও কিয়ৎকাল পর্য্যন্ত অলিম্প্রিয়ের * শরীরের সমাধি দেন নাই। আর আমরা পূর্ব্বেই কহিয়াছি যে রক্সানা* ও তাঁহার পুত্র ইহার পরেই নষ্ট হইয়াছিলেন, এবং বার্শাইনীর* গর্ভজাত হকিউলি* নামক আলেক্সাণ্ডরের* আর এক পুত্র ঐ রূপ দুর্দশা প্রাপ্ত হইয়াছিলেন।

আলেক্‌সাণ্ডরের* মৃত্যুর পর অষ্টাবিংশতি বৎসরও গত হয় নাই ইহার মধ্যে তাঁহার বংশের তাবতেই নষ্ট হইয়াছিলেন; অতএব তিনি ও তাঁহার পিতা কত প্রকার যুক্তিদ্বারা ও আপনারা নানা প্রকার বিপদ সম্বরণ পূর্ব্বক এবং বিস্তর রক্ত পাত করিয়া যে রাজ্যোপার্জন করিয়াছিলেন তাহার কিয়দংশ ভোগ করিবার নিমিত্ত তাঁহাদের বংশের এক জনও জীবিত রহিলেন না। অতএব মাসিডনেরা† রাজবংশীয়দের যে আকাঙ্খায় ইউরোপ† ও আশিয় † এবং আফ্রিকা দেশ উচ্ছিন্ন হইয়াছিল তাহার এইং রূপ ফল দর্শিল।

১৮ অধ্যায়।

ফিলিপের* বংশ বিনষ্ট হওনাবধি মাসিডনীয়দের* ও আর্কিয়দের* কর্তৃক ইটোলিয়দের* বিপক্ষে মন্ত্রণা হওন পর্য্যন্ত গ্রীকো ও মাসিডন† দেশে যে সকল উপপ্লব হয় তাহার বিবরণ।

কাসাণ্ডর* মাসিডনেরা† রাজসিংহাসন প্রাপ্ত হইয়াছিলেন বটে, কিন্তু তাহাতে যে সুখের আশা করিয়াছিলেন তাহা ভোগ করিতে পারেন নাই। পলিপর্কন* ও তাঁহার পুত্র আলেক্‌সাণ্ডর* গ্রীক† দেশে তাঁহার বিপক্ষে মন্ত্রণা করিয়াছেন জ্ঞাত হইয়া তাহা দমনের নিমিত্ত তিনি বিওশিয়া† নগরে সৈন্যের সহিত গমন করিয়া কেবল তাঁহাদের তাবৎ পরিকল্পনা ধ্বংস করিয়াছিলেন এমত নহে, কিন্তু আরও থিবি† নগর যাহা বিংশতি বৎসর পূর্ব্বে আলেক্‌সাণ্ডর* কর্তৃক উচ্ছিন্ন হইয়াছিল তাহা পুনর্নির্ম্মাণ করিলেন। ইহার পর তিনি বহুকাল জীবিত ছিলেন না, তিনি আণ্টিপেটর* ও আলেক্‌সাণ্ডর* নামক দুই পুত্র রাখিয়া মরিয়াছিলেন। পরে রাজসিং

হাসন প্রাপ্ত হইবার কারণ সহোদরের মধ্যে যেরূপ বিবাদ ঘটিয়া থাকে সেই রূপ বিবাদ হইতেলাগিল। আলেকসাণ্ডর* ঐ অভিপ্রায়ে দিমিট্রিয়পলিয়র্সিটি* নামক এক ব্যক্তিকে সহায় করিয়াছিলেন, কিন্তু ঐ ব্যক্তি আলেক্‌সাণ্ডরকে* আশ্রয় দিবার ছলে কৌশলদ্বারা নষ্ট করিয়া আপনি সিংহাসনাক্রমণ করিলেন। কিন্তু তিনিও তাহা ভোগ করিতে পারেন নাই, কারণ লাইসিমাক* ও ইপাইরের † রাজা পির* এই দুই জনে মন্ত্রণা করিয়া তাঁহাকে দূর করিয়াছিলেন; পরে লাইসিমাক* কতক যুদ্ধবলে কতক বা ধূর্ত্ততাদ্বারা আপনি একা মাসিডনের † রাজা হইয়াছিলেন। কিন্তু তিনিও রাজা হইয়া বহুকাল ছিলেন না, যেহেতুক সিলিউক* নামক বাবিলনের † রাজার সহিত যুদ্ধে তাঁহার সৈন্য পরাজিত হইয়া আপনি হত হইয়াছিলেন। সিলিউক* এইরূপ জয়ী হইয়া আপন পুত্র আণ্টিয়কসকে* আশিয়ার † স্বীয় রাজ্যের ভারাপণ পূর্ব্বক আপনি জন্মস্থান মাসিডন্ † দেশে জীবনের অবশিষ্ট কাল স্বচ্ছন্দে ক্ষেপণ করিবার কারণ আইলেন। কিন্তু সাতমাস পরেই তিনি কাসাণ্ডরের* ভ্রাতা বজ্রাজক উপাধি বিশিষ্ট টালমিসিরান* কর্ত্তৃক হত হইয়াছিলেন। টালমিসিরান* ঐ দুষ্কর্ম্ম করণানন্তর আরও এক কুক্রিয়া করিয়াছিলেন। যথা লাইসিমাকের* স্ত্রীকে আপনার সহিত বিবাহদ্বারা হস্তগত করিয়া তাঁহার পুত্রগণকে নষ্ট করিলেন, এবং ঐ স্ত্রীকে দেশান্তর করিয়া সামথ্রেস্ † উপদ্বীপে পাঠাইলেন।

এমত মহাপাপ সকলের শাস্তি তিনি শীঘ্রই পাইলেন। যথা তাঁহার বলদ্বারা প্রাপ্ত মাসিডনা রাজ্য গাল † দেশের লোকেরা অকস্মাৎ আক্রমণ করতঃ তাঁহার সৈন্যসকলকে পরাভূত করিয়া তাঁহার মস্তকচ্ছেদন করিল, এবং তাঁহার মুণ্ড একটা দণ্ডের

অগভাগে সংলগ্ন করিয়া জয়োৎসব করতঃ আপনাদের সৈন্যের মধ্য দিয়া লইয়া গেল।

সে যাহা হউক, শেষে মিলিত গ্রীক† প্রদেশস্থদের কর্তৃক ঐ অসভ্য জাতীয়দের আগমন রোধ হইল, উহারা থর্ম্মাপিলি† নামক মোহানাদ্বারা গ্রীক† প্রদেশে প্রবেশ করণার্থ অনেক বার চেষ্টা করিয়াছিল বটে কিন্তু সর্ব্বদাই বিস্তর ক্ষতি প্রাপ্ত হইয়া তাড়িত হইয়াছিল। শেষে ইটা* পর্ব্বত দিয়া গ্রীকেরা ভিতরে যাইতে একপথ পাইয়া ডেল্‌ফের† মন্দির অপহরণ করিবার মনস্থে সেইদিগে যাত্রা করিল, কিন্তু ঐ পবিত্র নগরের লোকেরা পরমার্থ বিষয়ে উদ্বিগ্ন হওয়া উন্মত্তরূপে নগরহইতে নির্গত হইয়া অসভ্য আক্রমণকারিদের উপর পড়াতে তাহারা আতঙ্কযুক্ত হইয়া পলায়ন করিল। পরে এই জয়েতেও ক্ষান্ত না হইয়া গ্রীকেরা* সমস্ত দিন ও রাত্রি গালদের* পশ্চাৎ২ ধাবমান হওয়াছিল এবং প্রচণ্ডবায়ু ও অতিশয় শীত তাহাদের কোপের সহায় হওয়াতে গালদের* অনেকেই খড়্গে অথবা কালকাঠনো নষ্ট হইল, ও তাহার অধ্যক্ষ ব্রেন* অস্ত্রাঘাতের জ্বালা সহ্য করিতে না পারিয়া এবং ধর্ম্ম বিষয়ে ভীত হইয়া প্রাণ ত্যাগ করিয়াছিলেন। পরজীবিরা একত্র হইয়া এতাদৃশ নাশ্যদেশহইতে পলাইবার চেষ্টা করিয়াছিল, কিন্তু পলায়নসময়ে নানা জাতীয়েরা তাহাদিগকে বিনষ্ট করিয়াছিল, অতএব মাসিডন† হইতে গ্রীকদেশে যাহারা আসিয়াছিল তাহাদের এক জনও জীবদ্দশায় স্বদেশে যাইতে পারে নাই। জষ্টিন্* কহেন যে তাহারা সকলেই বিনষ্ট হইয়াছিল, কিন্তু অন্যান্য ইতিহাসবেত্তারা কহেন যে কতক গুলিন অবশিষ্ট লোক থ্রেসে† এবং আশিয়ায়† পলায়ন করিয়াছিল।

ডেলফিয়েরা* গালদিগকে দূর করিবার নিমিত্ত কেবল সাহসেই নির্ভর করিয়াছিল এমত নহে, কিন্তু তাহারা উহাদের বিপক্ষে দুইটা বঞ্চক ফলদায়ক উপায়ও করিয়াছিল। তাহার একটা এই, যথা নিকটস্থ তাবৎ গ্রামবাসিদিগকে আপন২ গৃহে মদ্য ও নানা প্রকার ভক্ষ্যদ্রব্য সঞ্চয় করিয়া বাসস্থান ত্যাগ করিতে হইবে এই দৈববাণী হইয়াছে তাহারা এইরূপ প্রচার করিল। ইহাতে এই ফলদর্শিল যে গালেরা* অন্যান্য অসভ্য জাতীয়দের ন্যায় স্বাভাবিক অতিশয় পেটুক ছিল, এবং বহুকাল পর্যন্ত অনাহারে থাকাতে অতিশয় ক্ষুধিত ও হইয়াছিল, সুতরাং ঐ সকল সুখাদ্য পাইয়া অপরিমিত আহার করিল। তাহাদের শক্তিই জয়ের প্রধান কারণ ছিল, তাহা ঐ অপরিমিত আহারে হ্রাস হইল। দ্বিতীয় উপায় এই যে ডেল্ফাই নগরের সন্নিকটে পার্নেস† নামক পর্ব্বতের অনেক কোটর মধ্যে ডেলফাইরা* কতক গুলিন লোক রাখিয়া ক্ষণেং তাহাদিগকে চীৎকার ও ভয়ঙ্কর শব্দ করিতে আজ্ঞা করিল। ঐ সকল শব্দের কারণ না দেখিতে পাইয়া গালেরা* অতিশয় ভয়যুক্ত হইয়া ভাবিল যে ঐ শব্দ মনুষ্যকর্তৃক নহে, বরং কোন অদ্ভুত জীবহইতে তাহার উৎপত্তি হইতেছে, এবং শত্রুদিগকে মনুষ্যাপেক্ষায় প্রধান জ্ঞান করিয়া আক্রমিত হইতে না হইতেই তাহারা পলায়ন করিল। এইরূপ কথিত আছে যে গালজাতীয়দের যে তিনলক্ষ লোক নূতন বাসস্থানের অনুসন্ধানে স্বদেশ পরিত্যাগ করিয়া আসিয়াছিল ইহারা তাহাদেরই একাংশ। তাহারা গ্রীক দেশে পরাজিত হয় বটে, কিন্তু তাহারা পরে সাহসে রুমা নগর লুঠিয়া লইয়াছিল।

টালমিসিরানের* মৃত্যুর পর ডিমিট্রিয়পার্লয়র্সিটির* পুত্র আণ্টিগন* মাসিডন† দেশের রাজসিংহাসন প্রাপ্ত

হইলে ইপাইরের* রাজা পির* তাঁহাকে সিংহাসনচ্যুত করিয়া আপনি রাজা হইয়াছিলেন, কিন্তু পিরের* মৃত্যুর পর আণ্টিগন* পুনর্ব্বার নিজ পদ প্রাপ্ত হইলেন। এই দুই রাজার শাসনকালীন কোন আশ্চর্য্য ঘটনা হয় নাই, কেবল এই যে পির* যিনি ঐ সময়ে অতিশয় যোদ্ধা ছিলেন ও হানিবাল* যাঁহাকে অতি পারগসেনাপতি রূপে গণ্য করিতেন তিনি স্পার্টার † স্বাধীনতা নষ্ট করণের চেষ্টায় পরাক্রান্ত সৈন্যের সহিত ঐ নগরের দ্বার পর্য্যন্ত আসিয়াছিলেন; ইহাতে তন্নগরস্থেরা স্ত্রী লোকদিগকে কোন নিঃশঙ্ক স্থানে প্রেরণ করিবার মনস্থ করিয়াছিল। কিন্তু আর্কিডামিয়া* নামক এক স্ত্রী স্পার্টার † স্ত্রী সমূহকর্তৃক প্রেরিত হওয়াতে খড়্গহস্ত হইয়া সেনেট † নামক মহাসভায় প্রবেশ করতঃ আপনার ও তাবৎ স্পার্টীয় স্ত্রীদের মত পশ্চাৎ লিখিতব্যরূপে প্রকাশ করিলেন। যথা হে স্পার্টাবাসিরা, তোমরা এমত ভাবিও না যে আমরা স্বদেশ বিনাশের পর প্রাণ ধারণ করিব, অতএব তোমারা আমাদের পলায়নের বিষয় চিন্তা না করিয়া বরং আমরা কি করিব তাহা চিন্তা কর। ইহাতে সকল স্পার্টাবাসিরা এমত দুর্জয় সাহস পূর্ব্বক যুদ্ধ করিয়াছিল যে পির* তাহাদের নগর নষ্ট করিতে বিস্তর চেষ্টা করিয়াছিলেন বটে কিন্তু তাঁহাকে শেষে পলায়ন করিতে হইয়াছিল। আর ঐ পলায়ন কালীন তাঁহার পশ্চাৎ২ স্পার্টীয়েরা* ধাবমান হইয়া টালমি* নামক তাঁহার পুত্র যিনি সৈন্যের পশ্চাদংশ লইয়া পলায়ন করিতেছিলেন তাঁহাকে তাহারা হত করিয়াছিল। ইহার পরেই যখন পির* আর্গ † নগর ঐরূপ আক্রমণ করিয়াছিলেন তখন তিনিও হত হইয়াছিলেন।

আণ্টিগন* পুনর্ব্বার রাজা হইলে গালদের* এক দল সৈন্য মাসিডন† দেশ পুনরাক্রমণ করাতে তিনি তাহাদিগকে পরাস্ত করিলেন; এবং এই জয়ে হৃষ্টচিত্ত ও স্পর্দ্ধিত হইয়া তাবৎ গ্রীক† দেশ বশীভূত করিবার মনস্থ করিতে লাগিলেন। তাঁহার ঐ মনস্থ এমন সফল হইয়াছিল যে আথিনীয়দিগকে* অধীন করিয়া তিনি তাহাদিগের দমনের নিমিত্তে এক দল মাসিডনীয় সৈন্য তাহাদের দেশে রাখিয়াছিলেন; এবং বোধ হয় যে তাঁহার মৃত্যু না হইলে তিনি গ্রীকের† আর২ প্রদেশও ঐ রূপ অধীন করিতে পারিতেন। তাঁহার মৃত্যুর পর তাঁহার পুত্র ডিমিট্রিয়* রাজা হইলেন, এবং ডিমিট্রিয়ের* মৃত্যুর পর আণ্টিগন* নামক তাঁহার এক জ্ঞাতি ঐ রাজসিংহাসন পাইয়াছিলেন। এই রাজদ্বয়ের শাসনকালীন কোন আশ্চর্য্য ঘটনা হয় নাই।

ঐ সময়ে আকিয়া† নামক সাধারণাধিকৃত দেশ অতিশয় শক্তিমন্ত হইতে লাগিল, তৎপ্রদেশস্থ সকলের পরস্পর আত্মবিবাদে, বিশেষতঃ মাসিডনীয়* রাজাদের দৌরাত্ম্যে গ্রীক† দেশের যে স্বাধীনতা নষ্ট হইয়াছিল তাহা পুনরুদ্ধার করিতে আকিয়েরা* পণ করিল। এই সাধারণাধিকার হওনের প্রথম বৃত্তান্ত এই, যে দ্বাদশ নগরের লোকেরা স্ব২ রক্ষার্থে একত্র হইয়া পরস্পর সম্প্রীতি করিয়াছিল। ঐ দ্বাদশ নগরস্থ লোকদের অন্য দেশীয়দের সহিত মিত্রতা ও শত্রুতা করণে ঐক্য ছিল, ও তাহাদের মুদ্রা ও পরিমাণ ও ব্যবস্থা এবং বিচারাধ্যক্ষ একই ছিল। ঐ সম্মিলিত নগরস্থদের মতাধিক্যানুসারে বিচারপতিরা বৎসর২ নিযুক্ত হইতেন। আবশ্যক হইলে বৎসরের মধ্যে দুই বার কিম্বা ততোধিক এক সাধারণ সভা হইত, তাহাতে

ঐ পূর্ব্বোক্ত সকল নগরহইতে প্রতিনিধিগণ আসিয়া রাজ্যের ব্যবস্থা ও শাসন বিষয়ে বিবেচনা করিতেন। ঐ বিচারাধ্যক্ষেরা রাজ্যশাসনের পূর্ণ ভারপ্রাপ্ত ছিলেন। দ্বিতীয়তঃ তাঁহাদিগকে আকিয়া† দেশের সেনাপতিও কহা যাইত। তাঁহারা সৈন্যের অধ্যক্ষতা করিতেন এবং সাধারণ সভাতেও সভাপতি হইতেন। ঐ বিচারপতিরা প্রথমে দুই জন করিয়া নিযুক্ত হইতেন কিন্তু সকল রাজ্যস্থ নগরীয় লোকদের ভিন্ন২ মত হওয়াতে এক জন মাত্র নিযুক্ত হইতেন। ডিমিয়র্জাই† নামক এক পরামর্শের সভা ছিল তাহাতে দশ জন সভ্য থাকিতেন, এহারা সেনাপতিকে পরামর্শ দিতেন, এবং কোন বিষয় সাধারণ সভায় প্রসঙ্গ হইবার পূর্ব্বে তাহা বিবেচনা করিয়া নিজমতানুসারে গ্রাহ্য বা অগ্রাহ্য করিতেন, ঐ ডিমিয়র্জ্জই† সভ্যদের শক্তি প্রাচীন স্কাটলণ্ড† রাজ্যের অধিপদের তুল্য ছিল। ঐ প্রধানাধ্যক্ষ ভিন্ন সাধারণাধিকারের রীত্যনুসারে প্রত্যেক নগরেও এক২ সমাজ আর এক২ পরামর্শসভা এবং এক২ জন অধ্যক্ষ ছিল। তাবৎ জাতীয় বিবরণের মধ্যে দেশের ব্যবস্থাই প্রধান লিখিতব্যবিষয়, কিন্তু আকিয়ার† ব্যবস্থা কি রূপ ছিল তাহা আমরা বিশেষ রূপে জ্ঞাত নহি, সে যাহা হউক তাহাদের যে কএক ব্যবস্থা এইক্ষণে প্রকাশিত আছে তাহাতে তাহাদের রাজনীতি জ্ঞান শ্রেষ্ঠ ছিল এমত স্থির করা যাইতে পারে।

আকিয়া† দেশের নিয়ম সকল এই২, যথা যদ্যপি আকিয়াদের সম্পর্কীয় কোন ব্যক্তি কিম্বা নগর সাধারণ রাজ্যের বা স্বনামে কোন রাজা বা জাতি হইতে কোন প্রকার পারিতোষিক গ্রহণ করে তবে সেই ব্যক্তিকে বা নগরকে ঐ সাধারণাধিকারহইতে পৃথক করা যাইবে। আর ঐ

মিলিত রাজ্যের কোন অংশী তাবতের মত ব্যতিরেকে কোন স্থানে দূত প্রেরণ করিতে কিম্বা কোন রাজ্যের বা জাতীয়ের সহিত বন্ধুতা করিতে পারিবে না। সাধারণাধিকারস্থ সকলের মত ঐক্য না হইলে কোন রাজা বা দেশ বা নগর ঐ রাজ্যে সংযুক্ত হইতেপাইত না এবং কোন বিদেশীয় রাজা আপন প্রার্থনীয় বিষয় আকিয়ার† সৈন্যাধ্যক্ষকে এবং ডিমিয়র্জাই† নামক সভ্য সকলকে লিপিদ্বারা জ্ঞাত না করিলে এবং সে বিষয় বিবেচ্য তাঁহারা এমত না কহিলে কেবল তাঁহার প্রার্থনায়ই আকিয়ার† সাধারণ সভ্যদিগকে একত্র করা যাইত না। সভ্যদিগকে যখন যে বিষয়ের কারণ আহ্বান করা যাইত তখন তাঁহাদিগকে কেবল সেই বিষয়ই বিবেচনা করিতে হইত। কোন ব্যক্তি কোন বিষয় প্রসঙ্গ করিতে প্রার্থনা করিলে পরদিবস তাহা বিবেচিত হইবাব নিমিত্ত তাহাকে পূর্ব্বে সকল বিতর্কের কিছু সংক্ষেপে লিখিয়া দিতে হইত, এবং উর্দ্ধসংখ্যায় তিনদিবসের মধ্যে সকল বিষয় সম্পূর্ণরূপে নির্দ্ধার্য্য করিতে হইত।

আকিয়ার† এই সম্প্রীতি স্বাধীনতা রক্ষার পক্ষে এমত উত্তম ছিল, যে নিকটস্থ প্রায় তাবৎ রাজ্যস্থেরাই ঐ সন্ধিতে সংযোগ করিল; কিন্তু মাসিডন† রাজ্যের পরাক্রম গ্রীকের† অন্যান্য রাজ্যাপেক্ষায় বৃদ্ধি হওযাতে অনেকেই ঐ সন্ধি পরিত্যাগ পূর্ব্বক মাসিডনের† অধীন হইয়াছিল। সে যাহাহউক সিশিয়ন্† নিবাসি আবেট* নামক এক ব্যক্তির সাহস এবং প্রাগল্ভ্যদ্বারা তাহারা ঐ দাসত্বহইতে শীঘ্র উদ্ধৃত হইয়াছিল। ঐ ব্যক্তি প্রথমে নিকক্লি* নামক সিশিয়ন্† দেশের রাজার দৌরাত্ম্যহইতে ঐ দেশ মুক্ত করণ জন্য সর্ব্ব সম্মতিতে আকিয়ার† সেনাপতিত্ব পদে অভিষিক্ত হই-

লেন। পরে তিনি ক্রমে২ সকল দস্যুকে পরাজিত করিয়া শেষে গ্রীকেরা তাবৎরাজ্য পূর্ব্ববৎ স্বাধীন করিলেন। কিন্তু এমত সুখের বিষয় বহুকাল রহিল না, কেননা যে সকল লোকের স্বাধীনতার প্রতি প্রেমদ্বারা ঐ সম্প্রীতি প্রথমে উৎপন্ন হইয়াছিল তাহাদেরই লোভ ও ঈর্ষাদ্বারা তাহার বিনাশ হইল।

১৯ অধ্যায়।

আকিয়দের* বিপক্ষে ইটোলিয়দের* ও স্পার্টীয়দের* কর্তৃক মন্ত্রণা হওনাবধি আণ্টিয়ক* নামক সিরিয়ার রাজ-কর্তৃক গ্রীক+ দেশ আক্রমিত হওন পর্য্যন্তের বিবরণ।

আকিয়েরা* গ্রীকা দেশের অন্যান্য প্রদেশাপেক্ষায় প্রধান হইয়াছে দেখিয়া ইটোলিয়েরাই* প্রথমে দ্বেষ করিতে লাগিল, এবং বহুপরিশ্রম পূর্ব্বক স্পার্টীয়দের*ও তাহাদের প্রতি ঐরূপ দ্বেষ জন্মাইল। স্পার্টীয়দের* পূর্ব্বরীতি চরিত্র ঐক্ষণে একেবারে পরিবর্ত্ত হইয়াছিল। যথা তাহারা পূর্ব্বে দরিদ্রাবস্থায় ও কায়িক কঠিন ব্যবহারে সন্তুষ্ট ছিল, কিন্তু ঐক্ষণে তৎপরিবর্ত্তে তাহারা ধন ও সুখপ্রেমী হইয়াছিল। আর পূর্ব্বে যে সকল ভূমির সমানাংশ তাবতে ভোগ করিত এইক্ষণে সে সকল ভূমি কতক গুলিন গোষ্ঠীতে হস্তগত করিয়া অতিশয় সুখসম্পত্তি ভোগ করিতে লাগিল, কিন্তু আর সকলে অশেষ দুঃখ পাইতেছিল। এজি* নামক তাহাদের এক জন অতি ধার্ম্মিক রাজা লাইকর্গ* কৃত মাঠ ও ভূমি সম্বন্ধীয় ব্যবস্থা সকল পুনঃস্থাপন করণের চেষ্টা পাওয়াতে দেশস্থদের দ্বারা হত হইয়াছিলেন। কিন্তু ক্লিয়মিনি * নামক তাঁহার উত্তরাধিকারী ভাগ্যক্রমে লোকদের স্নেহপাইয়া বাধায় বাধা দিতে সক্ষম হইয়া শেষে ঐ সকল ব্যবস্থা স্থাপন

করিয়া দিলেন। তাঁহার এতাদৃশ লোকপ্রিয় হওনের কারণ এই, যে তিনি অস্ত্রবলদ্বারা আকিয়দের * অনেক নগরের অধিকার করিয়াছিলেন; আর লিউক্‌ট্রা † ও হিকাটাম্বিয়ন্ † নামক দুই স্থানে যে দুই স্থির যুদ্ধ হইয়াছিল তাহাতেও তিনি তাহাদের সৈন্যদিগকে পরাভূত করিয়াছিলেন।

ক্লিয়মিনি * অকারণে আকিয়দের * সহিত যুদ্ধ করিয়াছিল এই প্রযুক্ত আরেট * ক্রোধান্বিত হইয়া আণ্টিগান * নামক মাসিডনের † রাজার আশ্রয় লইলেন, এবং ঐ রাজা তাঁহার যাচ্ঞা পূর্ণ করণে সম্মত হয়েন এই অভিপ্রায়ে তিনি উহার সহিত এইং কএক নিয়ম স্থির করিলেন। যথা কোরিন্থের † দুর্গ তোমার হস্তে সমর্পণ করা যাইবে, আর আকিয়া † আদি মিলিত রাজ্য সকলের কর্ত্তা তুমি থাকিবা, অতএব তৎসম্পর্কীয় পরামর্শাদি তাবৎ বিষয়ই তোমার মতে চলিবে, ও আকিয়ার † ব্যয়হইতে তোমার সৈন্য সকলের ভরণ পোষণাদি হইবে, আর তোমার সম্মতি ব্যতিরেকে কোন স্থানান্তরে দূত বা পত্র প্রেরণ করা যাইবে না, তোমার মতভিন্ন কোন নগর বা রাজ্য অথবা জাতি আকিয়ার † সম্প্রীতিতে সংযোগ করিতে পারিবে না। এইং রূপ নিয়ম স্থির হওয়াতে স্পষ্ট বোধ হইতেছে যে তদ্দ্বারা আকিয়ার স্বাধীনতার একেবারে শেষ হইয়াছিল, এবং তদবধি সে দেশের যথাথ রাজা আণ্টিগানই * হইয়াছিলেন।

ক্লিয়ামিনি * আকিয়দিগকে * আক্রমণ করিয়াছিলেন তাহাতে লোকেরা যাদৃশ অতুষ্ট হইয়াছিল তদপেক্ষায় আরেটের * এই সন্ধি বরণজন্য তাহারা অধিক অতুষ্ট হইল। ফলতঃ গ্রীকেরা প্রায় তাবৎ রাজ্যস্থেরা আরেটকে * পরিত্যাগ

করিয়া কেবল ক্লিয়মিনিকেই* আপনাদের স্বাধীনতার রক্ষাকর্ত্তা জ্ঞানে প্রেম করিতে লাগিল। কিন্তু আণ্টিগন* একে অতি যোগ্য সেনাপতি তাহে তাঁহার ক্লিয়মিনি* অপেক্ষায় অধিক উপায়ও ছিল, অতএব কৌশলদ্বারা তাঁহাকে যুদ্ধে নিযুক্ত করাইয়া কেবল সম্পূর্ণরূপে পরাভব করিলেন এমত নহে, কিন্তু আর ও তাঁহাকে ইজিপ্ট দেশে পলায়ন করিতে বাধিত করিলেন, পরে সে দেশের লোকেরা তাঁহাকে রাজ্যের মন্দকারিস্বরূপ সন্দেহ করিয়া নিষ্ঠুররূপে নষ্ট করিল।

ইহার অল্পকাল পরে আণ্টিগনের*ও মৃত্যু হওয়াতে ফিলিপ* নামক ডিমিট্রিয়ের* পুত্র তাঁহার উত্তরাধিকারী হইলেন। ঐ ডিমিট্রিযর* পর ফিলপ* নামে আর কোন ব্যক্তি মাসিডনের রাজা হয় নাই। আণ্টিগনের* ন্যায় ফিলিপ*ও আকিয়দিগকে* আশ্রয় দিতে প্রতিজ্ঞা করিয়া ইটোলিয়া দেশে সংগ্রাম আরম্ভ করিয়া তথাকার অনেক দুর্গ নষ্ট করিলেন। তাঁহার স্বাভাবিক বিলক্ষণ ধৈর্য্য ছিল ও অপরিমিত লোভ ছিল না বটে কিন্তু তৎকালে হানিবাল* রোমীয়দের* সহিত যুদ্ধ করিতে ছিলেন তাঁহার সহিত যোগ করিয়া তিনি একাকী তাবৎ গ্রীক† অধিকৃত করিতে বাঞ্ছা করিলেন। তদনুসারে তিনি ঐ কার্থেজিয়* সেনাপতির নিকট আপন দূত প্রেরণ করিয়া তাঁহার সহিত এই২ নিয়মে সন্ধি স্থির করিলেন। যথা হানিবালের* ইটালি দেশ জয় করিবার নিমিত্ত ফিলিপকে* ডিঙ্গা ও সৈন্য দিতে হইবে, ও তৎপরে হানিবাল* ইপাইরো যাইয়া ঐ দেশের তাবৎখণ্ড জয় করিলে পর যে২ অংশ মাসিডনের† সন্নিকট হইবে ও যাহা ফিলিপের* প্রয়োজন হইবে তাহা তাঁহার হস্তে সমর্পিত করিবেন। ফিলিপ*যাহা

স্বীকার করিয়া ছিলেন তাহাই করিলেন, অর্থাৎ তিনি অনেক ডিঙ্গার সহিত আইওনিয়না মোহনায় প্রবিষ্ট হইয়া ইপা- ইরা দেশস্থ সমুদ্রতীরবর্ত্তি ওবিকনা নামক নগর অধিকার করি- লেন, কিন্তু পরে রোমীয়দের* কর্ত্তৃক আক্রমিত ও পরাভূত হ- ইয়া লজ্জায় স্বদেশে পুনর্গমন করিতে বাধিত হইলেন।

রোমীয়েরা*হানিবালের* সহিত যুদ্ধ করণে যে রূপ ব্যস্ত ছিল তাহাতে তাহারা মাসিডনে যাইয়া যুদ্ধ করিবার মত স্থির করিতে পারে নাই বটে, কিন্তু ফিলিপকে* যুদ্ধে প্রবৃত্ত রাখিবার নিমিত্ত গ্রীক দেশস্থ তাঁহার শত্রুদিগকে তাঁহাকে আক্রমণ করিতে সাহস দিয়াছিল। এই নিমিত্ত তাহারা ইটোলিয়দের* সহিত এক সন্ধি করিয়াছিল তাহার প্রধান নিয়ম এই২। যথা ইটো- লিয় দিগকে* অবিলম্বে ফিলিপের* সহিত স্থলপথে যুদ্ধারম্ভ করিতে হইবে, তাহাতে রোমীয়েরাও বিংশতি খান ডিঙ্গা দিবেন, ও ইটোলিরা অন্তঃপাতি দেশ অবধি কার্শাইরা পর্য্যন্ত যে সকল নগর বা বাটী কিম্বা রাজ্যের জয় হইবে তাহা ইটো- লিয়দের * অধিকৃত হইবে; কিন্তু অন্যান্য প্রকার অপহৃত দ্রব্য সকল রোমীয়েরা* পাইবে। এই সন্ধির মধ্যে স্পার্টীয়েরা * ও ইলিয়না প্রভৃতি আর কএক রাজ্যস্থেরা মিলিত হইয়া ছিল। যুদ্ধের আরম্ভেই জাসিন্থা নামক উপদ্বীপের জয় হয়, এবং রোমীয়েরা* সত্য পালন পূর্ব্বক তাহা ইটোলিয়দের* রাজ্যে সংযুক্ত করিয়া দিল। এই সকল ব্যাপার খ্রীষ্ট* জন্মের প্রায় দুই শত আট বৎসর পূর্ব্বে ঘটিয়াছিল।

রোমীয়েরা* এই রূপে গ্রীকে প্রবেশ করিতে ছিদ্র পাইয়া অতিঅল্প কালের মধ্যেই ঐ প্রসিদ্ধ দেশের সর্ব্বত্রে আপনাদের শক্তি স্থাপন করিল। তাহাদের স্বাভাবিক চতুরতানুসারে তাহারা নানা প্রদেশীয় অধ্যক্ষদের ক্ষীণ প্রত্যয় ও বিবাদ ও

সম্মানাকাংক্ষা এবং লোভহইতে আপনাদের লভ্য দর্শাইতে চেষ্টা পাইতে লাগিল; আর শক্তিমন্তদের বিপক্ষে দুর্বলদিগকে আশ্রয় দিতে লাগিল যে তদ্দ্বারা সকলেই দুর্ব্বল হইলে তাহারা সকলকে জয় করিতে পারিবে।

এই কালে ফিলিপ্* ও ইটোলিয়দের* সহিত তুল্য সাহসে ও তুল্য জয়ে যুদ্ধ হইতেছিল, কিন্তু শেষে ফিলিপ* আপন রাজ্যের এক উপদ্রব নিবারণার্থে স্বদেশে পুনর্গমন করিতে বাধিত হইলেন। যাহাহউক আকিয়েরা* ঐ মহাপরাক্রান্ত ফিলিপ্* রাজার আশ্রয়ে বঞ্চিত হইল বটে তথাপি আপনাদের শত্রুদিগকে প্রতিযোগ করিতে সক্ষম ছিল। ফিলিপের* তাবৎ গ্রীকা অধীন করণের মনস্থে আরেট* ব্যাঘাত জন্মাইয়াছিলেন, সেই নিমিত্ত ফিলিপ* তাঁহাকে বিষদ্বারা নষ্ট করিলে ফিলপিমেন* আকিয়দের* অধ্যক্ষ হইলেন। আকিয়েরা* ইটোলিয়া † ও ইলিস † প্রদেশ দ্বয়ের সৈন্যদিগকেও এক মহাযুদ্ধে পরাভূত করিয়াছিল, কিন্তু ক্রমিক ছয় বৎসর পর্য্যন্ত ঐ যুদ্ধ হইলে রোমীয়দের* ও ফিলিপের* সহিত এক সন্ধি স্থির হওয়াতে তাহার শেষ হইল।

কিন্তু ঐ সন্ধি বহুকাল রহিল না, যে হেতুক ফিলিপ্* ইজিপ্ট দেশীয় রাজার অধিকার ও গ্রীকের † নানারাজ্যাক্রমণ করাতে সেনেট নামক রুমীয় মহাসভায় তাঁহার নামে অভিযোগ হইল, তাহাতে ঐ সভ্যেরা তৎক্ষণাৎ এক দূত প্রেরণ পূর্ব্বক রুম রাজ্যের নামে তাঁহাকে ঐ সকল যুদ্ধে নিবৃত্ত হইতে ও মধ্যস্থ মানিয়া বিবাদ নিষ্পত্তি করিতে আজ্ঞা করিয়া পাঠাইলেন। এই বিষয়ে মার্ক ইমিলিয় * নামক এক ব্যক্তি দূত হইয়া রোমীয়ের* স্বাভাবিক দৃঢ়তা ও সম্ভ্রমানুসারে আপন

দৌত্যক্রিয়া সম্পন্ন করিয়াছিলেন। ফিলিপ্* তাঁহাকে এই রূপ সম্বোধন করিয়াছিলেন যে অহে মার্ক* তুমি যুবা সুতরাং অবিজ্ঞ, ও তুমি সুশ্রী ও সুন্দরাঙ্গ এবং বিশেষতঃ তুমি রোমীয় প্রযুক্তই তোমার এমত গর্ব্ব। আমি বাঞ্ছা করি যে রোমীয়েরা সন্ধির নিয়ম সকল পালন করেন, কিন্তু যদ্যপি তাঁহাদের পুনর্ব্বার যুদ্ধ করিতে নিতান্ত মন থাকে তবে ঈশ্বরেচ্ছায় আমারও এমত ভরসা আছে যে রোমীয়দের* ন্যায় আমিও মাসিডনীয় নামের অনুরাগ বৃদ্ধি করিব। খ্রীষ্ট* জন্মের প্রায় একশত নিরানব্বই বৎসর পূর্ব্বে এই সকল ঘটনা হইয়াছিল।

রোমীয়দের* যেরূপ অনিবার্য্য শক্তি তদপেক্ষায় তাহাদের দূতেরা যে অধিক গর্ব্বের কথা কহে নাই তাহা ফিলিপ* শীঘ্র জানিতে পারিলেন, কারণ টাইটকুইন্টফ্লেমিনিয়* নামক এক জন রোমীয় অধ্যক্ষ তাঁহার প্রতিকূলে যুদ্ধ করিয়া অল্প কালের মধ্যে তাঁহাকে এমত দুর্দশাপন্ন করিয়াছিলেন যে তিনি পশ্চাল্লিখিতব্য নিয়মে সন্ধি করিতে বাধিত হইলেন। যথা আশিয়ায়াও ইউরোপো গ্রীকদের যে সকল নগর আছে তাহা স্বাধীন হইয়া স্বং ব্যবস্থামতে শাসন করিবে, ও ফিলিপের* অধিকারে যত গ্রীক জাতীয় লোক থাকিবে তাহাদিগকে আগত ইস্থ্মিয়ন্ মেলার পূর্ব্বে তাঁহাকে রোমীয়দের হস্তে সমর্পণ করিতে হইবে, এবং গ্রীকা কিম্বা আশিয়ার্ মধ্যে তাঁহার অধিকারস্থ তাবৎ স্থানহইতে তাঁহার সৈন্য সকল বাহির করিয়া লইতে হইবে; ও যে সকল বন্দী ও স্বদেশ পরিত্যাগি লোক তাঁহার নিকটে আছে তাহাদিগকে পরিত্যাগ করিতে হইবে, ও পাঁচ খান ক্ষুদ্র ডিঙ্গা ও ষোল দাঁড়ের নিজ ডিঙ্গা ভিন্ন আর তাবৎ প্রকার বিভূষিত ডিঙ্গা সকল রোমীয়-

দের* হস্তে দিতে হইবে, আর তাঁহাকে এক সহস্র টেলেণ্ট মুদ্রা রোমীদিগকে* দিতে হইবে, তাহার অর্দ্ধেক তৎকালীনই দিতে হইবে, আর অর্দ্ধেক পঞ্চাশ করিয়া দশবৎসরে পরিশোধ করিতে হইবে, এবং এই সকল নিয়মের প্রতিভূর নিমিত্ত ডিমিট্রিয় * নামক তাঁহার পুত্র প্রভৃতি কতক লোককে বন্ধক রাখিতে হইবে। খ্রীষ্ট* জন্মের এক শত নিরানব্বই বৎসর পূর্ব্বে এই ঘটনা হইয়াছিল।

২০ অধ্যায়।

আণ্টিঅকের * গ্রীক + দেশ আক্রমণ করণাবধি ঐ দেশ রোমীয়দের * অধিকারস্থ হওন পর্য্যন্তের বিবরণ।

রোমীয়েরা* ফিলিপের * সহিত সন্ধি করিয়া গ্রীকদের * পূর্ব্ব স্বাধীনতা পুনঃস্থাপন করিল বাহ্যে এই রূপ দর্শাইয়াছিল বটে, কিন্তু তাহাদের সে মন নহে বরং তাহাদিগকে আপনাদের অধীন করণের মনস্থ ছিল। অতএব গ্রীকদিগকে* অধীন করা উচিত কি না তাহা বিবেচনীয় হয় নাই, কিন্তু তাহারা কাহাদের অধীন হইবে ইহাই বিবেচনার বিষয় হইয়াছিল। এইরূপ বিবেচনায় রোমীয়রা* ও সঙ্গত ভাবিয়াছিল যে গ্রীকদিগকে* অধীন করণে আমাদের অপেক্ষায় অন্য কেহ যোগ্য নাই, এই প্রযুক্ত তাহারা গ্রীকা দেশে পুনর্ব্বার যুদ্ধ করিবার সঙ্গত ছল অন্বেষণ করিতে লাগিল, এবং সেই ছল তাহারা সিরিয়া† দেশের রাজা আণ্টিয়ক*কর্ত্তৃক শীঘ্র প্রাপ্ত হইল। যথা ঐ রাজা আপন অধিকার রক্ষা করণের ছলে গ্রীক† দেশ আক্রমণ করাতে রোমীয়েরা সাধারণ স্বাধীনতা রক্ষা করণ ছলে তাঁহার প্রতিযোগী হইয়া কেবল তাঁহার সৈন্য পরাভব করিয়াছিল এমত নহে কিন্তু আরও

তাঁহাকে আশিয়া † দেশস্থ নিজ অধিকারে পলায়ন করিতে বাধিত করিয়াছিল। ইটোলিয়েরা*ও পূর্ব্বে রোমীয়দের* সহিত বন্ধুস্বরূপ ব্যবহার পূর্ব্বক সহযোগে যুদ্ধ করিয়াছিল বটে, কিন্তু এইক্ষণে তাহাদিগকে প্রভু বলিয়া মানন সহ্য করিতে পারিল না, অতএব তাহারা গ্রীক † দেশ অধিকার করিতে না পারে এমত চেষ্টা করিতে লাগিল। কিন্তু কানসল্* উপাধি বিশিষ্ট আসিলিয়ুগ্লাব্রিয়* নামক রোমীয় আমিন ইটোলিয়দের* শক্তি এমত খর্ব্ব করিয়াছিলেন, যে রোমীয়েরা* যে নিয়মে সন্ধি করিতে চাহিল তাহাতেই তাহারা সম্মত হইল, এবং রোম † রাজ্যে বশীভূত থাকিবারও স্বীকার করিল।

আকীয়েরা* যে গ্রীক † দেশে রোমীয়দের* রাজ্য স্থাপনে বাধা জন্মাইতে চেষ্টা পাইয়াছিল তাহাও বিফল হইল। মাসিডনের † রাজা সাহস পূর্ব্বক রোমীয়* দিগকে যুদ্ধে প্রতিযোগ করিয়াছিলেন, তাহাতে আকিয়েরা* তাঁহার সাহায্য করিয়াছিল এই রূপ এক মিথ্যা অপবাদের উত্তর দিবার নিমিত্ত তাহাদের এক সহস্রেরও অধিক প্রধান ২ লোক রোম † নগরে প্রেরিত হইয়াছিল। ঐ মাসিডনীয় রাজার নাম পর্সিয়* আর তিনি ফিলিপের* পুত্র ও উত্তরাধিকারী ছিলেন। তিনি রোমীয়দের* কর্তৃক এক মহা যুদ্ধে কেবল পরাভূত হইয়াছিলেন এমত নহে কিন্তু আর ও রোমীয়েরা* তাঁহাকে বদ্ধ করিয়া রোমের এক পাতাল ঘরের মধ্যে নিক্ষেপ করিয়াছিল, তথায় তিনি অনাহারে প্রাণ পরিত্যাগ করিয়াছিলেন। আলেক্সাণ্ডর* নামক তাঁহার এক পুত্র মাত্র তাঁহার মৃত্যুর পর জীবিত ছিল, তিনি রোমীয়দের* এক বিচারকর্ত্তার নিকট মুহুরী হইয়াছিলেন। মাসিডন † দেশ

ও গ্রীকের † নানা প্রদেশও অতি শীঘ্রই রোম রাজ্যের অন্তর্গত হইল। খ্রীষ্ট জন্মের প্রায় এক শত তেষট্টি বৎসর পূর্ব্বে এই সকল ব্যাপার ঘটিয়াছিল।

ঐ সময়ের পর গ্রীক † দেশে অধিক প্রধান ঘটনা হয় নাই, এবং যাহাও ঘটিয়াছিল তাহা যথার্থমতে রোমের † ইতিহাসে লিখিতে হয়। অতএব সে সকল বিষয় এই ইতিহাসে আর অধিক না লিখিয়া সমাপ্তে কেবল এই মাত্র লিখিতব্য আছে, যে গ্রীকেরা* স্বাধীন জাতিস্বরূপ অগণ্য হইয়া এবং তজ্জন্য যে দুঃখ তাহাতে মগ্ন হইয়াও তাহাদের পূর্ব্বকালের প্রসিদ্ধ প্রধান বুদ্ধির ও সুবিচক্ষণতার ও উপস্থিত রচনাশক্তির এবং তীক্ষ্ণ বিচার শক্তির কিছুই লাঘব হয় নাই; বরং তাহাদের গুণেই অর্দ্ধ সভ্য জয়িদের অর্থাৎ রোমীয়দের* অসভ্যতা দূর হইয়াছিল। পশ্চিম দেশীয় রাজ্য ধ্বংস হইলে পর পৃথিবীর আর২ তাবৎ জাতীয়েরা ক্রমে অজ্ঞানতায় ও অসভ্যতায় মগ্ন হইয়াছিল, কিন্তু গ্রীকেরাই * কেবল নিরন্তর চর্চ্চার দ্বারা শিল্পবিদ্যা ও শাস্ত্রের বৃদ্ধি করিয়াছিল; এবং তুর্কীরা * কানেষ্টাণ্টিনোপল † নগর অধিকার করিলে পর তাহারা ঐ সকল বিদ্যা সহ ইটালি † দেশে যাইয়া চর্চ্চা করিয়াছিল তাহাতেই চিরকাল মনুষ্যবর্গের জ্ঞানোদয় হইয়া আসিতেছে।

সমাপ্তশ্চায়ং গ্রন্থঃ।